

# বাংলার মুসলমানদের ইতিহাস

[প্রথম ও দ্বিতীয় ভাগ]



আব্বাস আলী খান

বাংলাদেশ ইসলামিক সেন্টার ঢাকা

THE RESERVE OF THE PROPERTY OF

### সূচীপত্ৰ

গ্রন্থকারের কথা 1 ৯ প্রথম অধ্যায় বাংগায় মুসলমানদের আগমন 1 ১৩

বিভায় অধ্যায়
বিভায়ীর বেশে মুসলমান ॥ ২০
বাংলার মুসলমানদের রাজনৈতিক প্রতিষ্ঠা ॥ ২১
বাংলার স্বাধীন সুলভানগণ ॥ ২৫
বাজা গণেশ ॥ ২৬
ইলিয়াস শাহী বংশ ॥ ২৭
হিন্দুজাতির পুনরুপান ॥ ৩০
গণেশের বংশ ॥ ৩৫
ইলিয়াস শাহী বংশের পুনরুপান ॥ ৩৫
বাংলার মসনদে হাবশী সুলভান ॥ ৩৫
হোসেন শাহ ॥ ৩৬
প্রীচৈতন্য ॥ ৪১
হোসেন শাহী বংশ ॥ ৪৭

তৃতীয় অধ্যায়
ইন্ট ইভিয়া কোম্পানীর বাংলায় আগমন ॥ ৫০
মীর জুমলা থেকে সিরাজনৌলা ॥ ৫১
নবাব শায়েন্তা খান ॥ ৫১
ফিদা খান ও যুবরাজ মুহাম্মদ আজম ॥ ৫১
সুবাদার ইরাহীম খান ॥ ৫২
সুবাদার আজিমুশ্পান ॥ ৫৩
মূর্শিদ কুলী খান ॥ ৫৪
সরফরাজ খান ॥ ৫৫
আলীবর্দী খান ॥ ৫৫
শিরাজনৌলা ॥ ৫৫
শিরাজনৌলা ॥ ৫৬

#### চতুৰ্থ অধ্যায়

বাংলার মুসলিম শাসন বিলুপ্তির পটভূমি ৷ ৫৭
মুসলমানদের ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা ৷ ৫৯
বাংলার পতনের রাজনৈতিক কারণ ৷ ৭০
বাংলায় ইঞ্জেলের রাজনৈতিক ক্ষমতা লাভের উচ্চাভিলায ৷ ৭৮
ফল্তায় ইংরেজগণ ৷ ৫৩

#### পঞ্চম অধ্যায়

ইংরেজদের আঠমণ ও নবাবের পরাজয় 1 ৮৬ সিরাজদৌলার পতনের পর বাংগার রাজনৈতিক অবস্থা 1 ৯৪

#### यष्ठं व्यथाश

মুসলিম সমাজের দুর্দশা ॥ ৯৭
নবাব ॥ ১০১
সম্ভান্ত বা উচ্চপ্রেণীর মুসলমান ॥ ১০১
নিম্নপ্রেণীর মুসলমান ॥ কৃষক ও তাঁতী ॥ ১০৫
তাঁতী ॥ ১০৮
হিন্দু-মুসলিম সম্পর্ক ॥ ধর্ম ও সংস্কৃতি ॥ ১১১
সাম্প্রদায়িক সংঘর্ম ॥ ১১৬

#### नस्य वधारा

মুসলমানদের ঐতিহ্যবাহী শিক্ষা-দীক্ষা 1 ১৪০ ইংরেজদের আগমনের পর 1 ১৪৪ খৃঠান মিশনারী ও ইংরেজী শিক্ষার সূচনা 1 ১৫০ বাংলার মুসলমান ও বোধনকৃত নতুন বাংলাভাষা 1 ১৮০ আধুনিক বাংলা সাহিত্য ও সাম্প্রদায়িকতা 1 ১৮৮

#### অষ্টম অধ্যায়

আধুনিক বাংলা সাহিত্য ও মুসলমান 🗈 ১৯১ উনবিংশ শতকে মুসলমান ঃ মুসলমান চরম অগ্নি পরীক্ষাত্র মুখৈ 🗈 ১৯৩ ফকীর আন্দোলন 🗈 ১৯৪

#### নবম অধ্যায় ফারায়েজী আন্দোলন 1 ১৯৯

দশম অধ্যায়
শহীদ তিত্মীর 1 ২০৭
কোলকাতায় অমিদারদের ষড়যন্ত্র সভা 1 ২২১
আলেকজাভার রিপোর্ট ও তার প্রতিক্রিয়া 1 ২২৯

#### একাদশ অধ্যায়

সাইয়েদ আহমদ শহীদের জিহাদী আন্দোলন । ২৯৩
মুহাদ্দ বিন আবদুল ওয়াব্হাব ॥ ২৩৪
শাহ ওয়ালিউল্লাহ (র) ॥ ২৪২
শাহ আবদুল আ্যীয (র) ॥ ২৪৪
শাহ ওয়ালিউল্লার বংশতাদিকা ॥ ২৪৫
সাইয়েদ আহমদ শহীদ ॥ ২৪৫
বালাকোট বিপর্যারের কারণ ॥ ২৫৫
বালাকোট বিপর্যারের পর ॥ ২৭০
মঙলানা বেলায়েত আলী ॥ ২৭০
বিপ্লবী আহমদুল্লাহ ॥ ২৭৩
মঙলানা ইহাহ্ইয়া আলী ॥ ২৭৯
মঙলানা ইযাহুইয়া আলী ॥ ২৭৯
স্কী নুর মুহাদ্দ নিযামপুরী ॥ ২৮৪

#### হাদশ অধ্যায়

বৃটিশ ভারতের প্রথম আঘাদী সংগ্রাম 🛭 ২৮৫

#### जसाम् वधार

সারে সাইয়েদ আহমদ খান ॥ ৩০৪ বংগভংগ ॥ ৩০৬ আর্য সমাজ ॥ ৩০৭ ভারতীয় জাতীয় কংগ্রেস ॥ ৩০৯ বালগংগাধর তিলক ॥ ৩০৯

#### চতুৰ্দশ অধ্যায়

বংগভংগ রদ ও তার প্রতিক্রিয়া । ৩৩৫

#### পঞ্চদশ অধ্যায়

উনিশ শ' ছয় থেকে ছত্রিশ 1 ৩৪৪

বেলাফত আন্দোলন 1 ৩৪৭
হিজরত আন্দোলন 1 ৩৫০
মোপ্লা বিদ্রোহ 1 ৩৫৩
ইসলাম ও মুসলমানদের উপর সুপরিকল্পিত হামলা 1 ৩৫৯
সংগঠন আন্দোলন 1 ৩৬১
মুসলিম অধ্যুবিত অঞ্চলের স্বাতন্ত্র দাবী 1 ৩৬২
সর্বদলীয় সম্মেলন 1 ৩৬২
মুহামদ আলী জিল্লাহর ঐতিহাসিক চৌদ্দ দফা 1 ৩৬৩
সাইমন কমিশন 1 ৩৬৪
বিতীয় গোলটেবিল বৈঠক 1 ৩৬৬
তৃতীয় গোলটেবিল বৈঠক 1 ৩৬৬
পুনাচুক্তি 1 ৩৬৭
ভারত শাসন আইন 1 ৩৬৮

### দ্বিতীয় ভাগ

প্রথম অধ্যার 1 ৩৭০
ভারত শাসন আইন, ১৯৩৫ 1 ৩৭১
প্রাদেশিক পরিষদ নির্বাচন 1 ৩৭২
রক্ষাকবচ প্রশ্নে অচলাবস্থা সৃষ্টি 1 ৩৭৪
নির্বাচনের ফলাফল 1 ৩৭৬
বাংলা 1 ৩৭৬
পাঞ্জাব 1 ৩৮০
সিন্ধু 1 ৩৮১
ভাসাম 1 ৩৮১

### ষিতীয় অধ্যায়

প্রদেশগুলোতে কংগ্রেস মন্ত্রীসভা 1 ৩৮৩ কংগ্রেস শাসন এবং মুসলমান 1 ৩৮৮

ভূতীর অধ্যায় মুসলিম লীগ-কংগ্রেস আলোচনা । ৩৯৯ চতুর্থ অধ্যায় পাকিস্তান আন্দোলন ॥ ৪০৪

পঞ্চম অধ্যার পাকিস্তানের আদর্শিক ভিত্তি ॥ ৪১৩

ষষ্ঠ অধ্যায় পাকিস্তান আন্দোলনের বিরোধিতা ৷ ৪৩০

সপ্তম অধ্যায়

বৃটিশ সরকারের আগন্ট প্রস্তাব । ৪৩৩

অষ্ট্রম অধ্যায় ক্রিপুস মিশন 1 885

নবম ঋধ্যায় গুয়াভেল পরিকল্পনা ১৯৪৫ । ৪৫৪

দশম অধ্যায় কেবিনেট মিশন পরিকল্পনা ॥ ৪৫৯

একাদশ অধ্যায় ডাইরেই আকশন 1 ৪৬৬

ষাদশ অধ্যায় একজেকিউটিভ কাউন্সিলে লীগের যোগদান ॥ ৪৭২

ত্রয়োদশ অধ্যায় গণপরিষদ 1 ৪৮০

চতুর্দশ অধ্যায় মাউন্টব্যাটেন মিশন ॥ ৪৮৩

পঞ্চদশ অধ্যায় ক্ষমতা হস্তান্তরের প্রক্রিয়া ॥ ৪৯১

বর্চনশ অধ্যায় উপসংহার 1 ৫০০

### গ্রন্থকারের কথা

প্রায় দেড় যুগ পূর্বে বাংলার মুসলমানদের ইতিহাস লেখার দায়িত্ব আমার উপর অপিত হয়। কথা ছিল বাংলায় মুসলমানদের প্রথম আগমন থেকে ১৯৪৭ সালে তারত বিভাগ পর্যন্ত এ সুদীর্ঘ কালের ইতিহাস লেখার। তবে বিশেষতাবে বলা হয় যে, ইংরেজদের শাসন ক্ষমতা হস্তগত করার পর মুসলমানদের প্রতি বৃটিশ সরকার ও হিন্দুদের আচরণ কেমন ছিল তা যেন নির্ভরযোগ্য তথ্যাদিসহ ইতিহাসে উল্লেখ করি। Government of India Act-1935 পর্যন্ত ইতিহাস লেখার পর আর কলম ধরার ফুরসৎ মোটেই পাইনি। সম্প্রতি কয়েক বছরের প্রমণ্ড চেষ্টা সাধনায় ইতিহাস লেখার কাজ সমাপ্ত করতে পেরেছি বলে আল্লাহ ভা'য়ালার অসংখ্য শুকরিয়া জানাই।

এ ইতিহাসের কোথাও কণামাত্র অসত্য, স্বকপোলকন্ধিত অথবা অতিরক্তিত উক্তি করিনি। অনেকের কাছে তিক্ত হতে পারে, কিন্তু আগাগোড়া সত্য ঘটনাই শিপিবদ্ধ করার চেষ্টা করেছি।

আমি ইতিহাসের একজন একনিষ্ঠ ছাত্র ছিলাম বলে তথন থেকেই সত্য ইতিহাস জানা ও লেখার প্রবণতা মনের মধ্যে সৃষ্টি হয়েছিল। রংপুর কারমাইকেল কলেজের বিএ চতুর্থ প্রেণীর ছাত্র থাকাকালে আকবর ও আওরংজেবের উপরে ইংরেজীতে এক গবেষণামূলক প্রবন্ধ রচনা করি। কিছু বিরোধিতা ও বাধা সত্ত্বেও প্রবন্ধটি কলেজ ম্যাগাজিনে প্রকাশিত হয়।

শিক্ষা জীবন শেষ করার পর সরকারী ও বেসরকারী চাকুরীতে জীবনের পাঁটপটি বছর কেটে যায়। ইতিহাসের উপর কোন গবেষণামূলক কাজ করার সুযোগ থেকে একেবারে বঞ্চিত হই। বরঞ্চ ইতিহাসই ভূলে যেতে থাকি। দেড় যুগ পূর্বে আমার উপর অর্পিত দায়িত্ব পালন করতে গিয়ে নতুন করে ইতিহাস চর্চার সুযোগ হয়েছে। ইতিহাস একটা জাতির মধ্যে জীবনীশক্তি সঞ্চার করে। কোন জাতিকে ধাংস করতে হলে তার অতীত ইতিহাস তুলিয়ে দিতে হবে অথবা বিকৃত করে পেশ করতে হবে। একজন তথাকথিত মুসলমান যদি ইসলাম সম্পর্কে সঠিক ধারণা লাতের সুযোগ না পায় এবং তার জাতির অতীত ইতিহাস সম্পর্কে অজ্ঞ থাকে, তাহলে তার মুখ থেকে এমন সব মুসলিম ও ইসলাম বিরোধী কথা বেরুবে যেসব কথা একজন অমুসলমান মুখ থেকে বের করতে অনেক সাতপাঁচ ভাববে। এ ধরনের হস্তীমূর্খ মুসলমানের সংখ্যা ক্রমশঃ বাড়ছে এবং মুসলমানদের জাতশক্তশুণ তাদেরকে ফুলের মালা দিয়ে বরণ করছে।

মুসলিম জাতিসন্তার অন্তিত্ব বন্ধা করতে হলে তাদের সঠিক অতীত ইতিহাসের সাথে ইসলামেরও সঠিক জ্ঞান ও ধারণা নতুন প্রজন্মের মধ্যে পরিবেশনের ব্যাপক উদ্যোগ গ্রহণ একেবারে অপরিহার্য। বাংলার মুসলমানদের ইতিহাসে প্রসংগক্রমে ইসলামের মূলনীতি সংক্ষেপে আলোচনা করা হয়েছে। আধিপত্য ও সম্প্রসারণবাদী শক্তির পক্ষ থেকে সাংস্কৃতিক আগ্রাসন রুখতে হলে ইতিহাসের পর্যালোচনা ও ইসলামী সংস্কৃতির মর্মকথা সর্বস্তরে তুলে ধরতে হবে।

মুসলমানী জীবনটাই এক চিরন্তন সংগ্রামী জীবন। সংগ্রাম বিমুখতার ইসলামে কোন স্থান নেই। তাই ইসলাম ও মুসলিম বিরোধী শক্তির বিরুদ্ধে সংগ্রামে জ্ঞাগামীর ভূমিকা পালন করতে হবে। নতুবা জাতিকে শক্তর নির্যাতনের যাঁতাকলে নিম্পেষিত হরে ধুঁকে ধুঁকে মরতে হবে।

'বাংলার মুসলমানদের ইতিহাসে' প্রায় দু'শ' বছর থাবত মুসলমানদের প্রতি হিল্পুদের উৎপীড়ন অবিচারের কাহিনী বর্ণিত হয়েছে। অতীতের কথা কেউ কেউ মনগড়া মনে করতে পারেন। বর্তমান সময়ে তারতে কি হছে তা কি তাঁরা দেখছেন না? সেখানে প্রতিনিয়ত সংঘটিত লোমহর্ষক দাংগায় যে মুসলমানদেরকে নির্মূল করা হছে তা কি তাঁদের চোখে পড়েনা? সম্প্রতি বোষাইয়ে সংঘটিত দাংগার জন্য যে বিচার বিতাগীয় তদন্ত কমিশন গঠিত হয়েছিল, তার রায় প্রকাশিত হয়েছে। কমিশনের রায়ে দাংগাকারিদের সহযোগিতা করার জন্য পুলিশকে দায়ী করা হয়েছে। রাজ্য সরকার ও

প্রধানমন্ত্রীর বৈষম্যমূলক আচরণেরও সমালোচনা করা হয়েছে। এরপর উগ্র মুসলিম বিছেবীদের দেশ তারতে মুসলমানদের জানমালের নিরাপন্তা কোথায়? ভবিষ্যতে হয়তো এসবের সঠিক ইতিহাস প্রণীত হবে।

পরম পরিতাপের বিষয় এই যে, একটা সুপরিকঞ্জিত ষড়যন্ত্রের অংশ হিসাবে 
ক্রাতির নতুন প্রজন্মকে তাদের অতীত ইতিহাস সম্পর্কে একেবারে অভ্য রাখা 
হয়েছে। এ ষড়যন্ত্রের ভৃত বিভাগোন্তর কালের পাকিস্তানী শাসকদের ঘাড়েও 
শক্ত করে চেপে বসেছিল। পাকিস্তান কি কারণে হয়েছিল, এর আদর্শিক পটভূমি 
কি ছিল, কেন সুদীর্ঘ সাত বছর নিরঙ্গস ও আপোষহীনভাবে পাকিস্তান আন্দোলন 
করা হলো, কেন লক্ষ লক্ষ নারী-পুরুষ-শিশু খুনের দরিয়া সাঁতার দিয়ে 
পাকিস্তানে আশ্রয় নিয়েছিল, তার কোন কিছুই নতুন প্রজন্মকে জানানো 
হয়নি।

আমাকে ১৯৫২ সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত হাই স্কুলের প্রধান শিক্ষকের দায়িত্ব পালন করতে হয়। তখনকার পাঠ্য ইতিহাসে পাকিস্তান আন্দোলনের ইতিহাসের কোন উল্লেখ ছিলনা। যার ফলে পাকিস্তানের চিত্ আরও নানা কারণে দুর্বল হতে থাকে। পাকিস্তান ও তার শাসকদের প্রতি জনগণের অসন্তোষ ও ক্ষোত বাড়তে থাকে যার পরিণামে পাকিস্তানের পূর্বাঞ্চল বিচ্ছিত্র হয়ে স্বাধীন বাংগাদেশ নামে আত্তপ্রকাশ করে।

অত্র ইতিহাসটিতে মুসলিম জাতির গৌরবময় অতীত ইতিহাসের দিকে নতুন
প্রজনাের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। মুসলিম জাতির ইতিহাস কালের কোন এক
বিশেষ সময় থেকে শুরু হয়ে কোন এক বিশেষ সময়ে গিয়ে শেষ হয়নি। এ
ইতিহাসের সূচনা দুনিয়ায় প্রথম মানুষ হয়রত আদম (আ) এর আগমন থেকে।
ভখন থেকে আজ পর্যন্ত এ ইতিহাস অবিচ্ছিত্রতাবে চলে এসেছে সময়, কাল ও
পরিবেশ পরিস্থিতির চড়াই—উৎরাই অতিক্রম করে এবং চলতে থাকবে যতােদিন
দুনিয়া বিদ্যমান থাকবে। মুসলমানদেরকে অতীত ইতিহাস থেকে শিক্ষা গ্রহণ
করেই সামনে অগ্রসর হতে হবে।

এ ইতিহাস লেখার জন্য বহু খ্যাতনামা ঐতিহাসিকের গ্রন্থ থেকে মালমশলা সংগ্রহ করেছি। তার জন্য তাঁদের সকলের নিকটে চির কৃতজ্ঞ রইলাম। অতঃপর বাংগাদেশ ইসলামিক সেন্টার গ্রন্থখানার প্রকাশনার দায়িত্ব নিয়েছেন বলে এর ভাইরেক্টর আমার পরম প্রদ্ধের বন্ধু অধ্যাপক এ কে এম নাজির আহমদ সাহেবকে জ্ঞানাই আমার অশেষ আন্তরিক কৃতজ্ঞতা।

শ্রন্ধের পাঠকবৃন্দ এ গ্রন্থ থেকে কিছু শিক্ষা ও ইসলামী প্রেরণা লাভ করতে পারলে আমার কয়েক বছরের অধ্যবসায় ও শ্রম সার্থক হয়েছে মনে করব। আল্লাহ তায়ালা এ গ্রন্থখানা কবৃল করন্দ্র- আমীন।

ঢাকা, ১৫ই জমাদিউল আউয়াল ১৭ই কার্তিক পয়লা নতেম্বর ১৯৯৩ সাল।

গ্রন্থকার

# বাংলার মুসলমানদের ইতিহাস প্রথম অধ্যায়

### গাংশায় মুসলমানদের আগমন

বাংগায় সর্বপ্রথম মুসলমানদের আগমন কখন হয়েছিল, তার সন তারিখ নিধারণ করা বড়োই দুঃসাধ্য কাজ। প্রাচীন ইতিহাসের ইতন্ততঃ বিক্ষিপ্ত স্তুপ থেকে তা উদ্ধার করা বড়ো কষ্টসাধ্য কাজ সন্দেহ নেই। তবুও ইতিহাসবেস্তাদের এ কাজে মনোযোগ দেয়া বাস্থ্যনীয় মনে করি।

তৎকালীন তারত উপমহাদেশে বহির্জগত থেকে যেসব মুসলমান আগমন করেছিলেন, তাদেরকে দৃই শ্রেণীতে তাগ করা যায়। এক শ্রেণীর মুসলমান ব্যবসা—বাণিজ্য বাপদেশে তারতের বিভিন্ন অঞ্চলে আগমন করে ইসলামের সুমহান বাণী প্রচার করেন। কতিপয় অলী দরবেশ ফকীর শুধুমাত্র ইসলামের দাওয়াত ও তবলিগের জন্যে আগমন করেন এবং এ মহান কাজে সারা জীবন অতিবাহিত করে এখানেই দেহত্যাগ করেন।

আর এক শ্রেণীর মুসলমান এসেছিলেন—বিজয়ীর বেশে দেশজরের অভিযানে।
তীনের বিজয়ের ফলে এ দেশের মুসলমানদের রাজনৈতিক প্রতিষ্ঠা লাভ হয়।
বলা বাহল্য ৭১২ খৃষ্টাব্দে ভারতের সিদ্ধু প্রদেশে সর্বপ্রথম মুহাম্মন বিন কাসিম
আগমন করেন বিজয়ীর বেশে এবং এটা ছিল ইসলামের বিরাট রাজনৈতিক
বিজয়। তাঁর বিজয় সিদ্ধুপ্রদেশ পর্যন্তই সীমিত থাকেনি। বরঞ্চ তা বিস্তার লাভ
করে পাঞ্জাবের মূলতান পর্যন্ত। আমরা যথাস্থানে তার বর্ণনা সরিবেশিত করব।

অপরদিকে বাংলায় মুসলমানদের আগমন দূর অতীতের কোন এক শুভক্ষণে হয়ে থাকলেও তাদের রাজনৈতিক প্রতিষ্ঠা লাভ হয়েছিল—হিজরী ৬০০ সালে অর্থাৎ ১২০৩ খৃষ্টাব্দে। তৎকালীন ভারত সম্রাট কৃত্বৃন্দীন আইবেকের সময়ে মুহাম্মদ বিন বখতিয়ার খিল্জী, বলতে গেলে অলৌকিকভাবে, বাংলায় তাঁর রাজনৈতিক প্রতিষ্ঠা লাভ করেন। মুসলমানদের এ উভয় রাজনৈতিক বিজয়ের বিস্তারিত বিবরণ ইতিহাসের পৃষ্ঠায় লিপিবদ্ধ আছে। কিন্তু এসবের অনেক পূর্বেই যে এ দেশে ইসলামের বীজ বপন করা হয়েছিল এবং সে উপ্ত বীজ

অংকুরিত হয়ে পরবর্তীকালে তা যে একটি মহীরুহের আকার ধারণ করেছিল, তাও এক ধ্রুব সত্য—কিন্তু তার সময়কাল নির্ধারণটাই হলো আসল কাজ যা ইতিহাসের প্রতিটি অনুসন্ধিৎসু ছাত্রের জন্যে একান্ত বাঙ্কনীয়। আসুন ঐতিহাসিক দিকচক্রবাল থেকে কোন দিগদর্শনের সন্ধান পাওয়া যায় কিনা তা একবার চেষ্টা করে দেখা যাক।

ইসপামের আবির্তাবের পূর্বে আরববাসী শুধু বর্বর, কলহপ্রিয় ও রক্তপিপাস্
জাতিই ছিল না। বরঞ্চ তাদের মধ্যে যারা ছিল অভিজাত ও বিশুশালী, তারা
জীবিকার্জনের জন্যে ব্যবসা–বাণিজ্য করতো। মরুময় দেশে জীবন ধারণের জন্যে
খাদ্য এবং অন্যান্য নিতা প্রয়োজনীয় দ্রব্যাদি সংগ্রহের উদ্দেশ্যে তাদেরকে
আবহমান কাল থেকেই ব্যবসা–বাণিজ্য করতে হতো। যে বণিক দল হযরত
ইউসুফকে (আ) কৃপ থেকে উদ্ধার করে মিলরের জনৈক অভিজাত বংশীয়
রাজকর্মচারীর কাছে বিক্রয় করে, তারা ছিল আরববাসী। অতএব আরববাসীদের
ব্যবসার পেশা ছিল অত্যন্ত প্রাচীন এবং বিস্তৃত ছিল দেশ–দেশান্তর পর্যন্ত।

স্থাপথ জলপথ উতয় পথেই আরবগণ তাদের ব্যবসা পরিচালনা করতো।
উটের সাহায্যে স্থাপথে এবং নৌযানের সাহায্যে তারা বাণিজ্য-ব্যপদেশে দেশ
থেকে দেশান্তরে ভ্রমণ করতো। প্রাক ইসলামী যুগেই তারা একনিকে সম্দ্র পথে
আবিসিনিয়া এবং অপরদিকে স্দৃর প্রাচ্য চীন পর্যন্ত তাদের ব্যবসার ক্ষেত্র
সম্প্রসারিত করেছিল। আরব থেকে স্দৃর চীনের মাঝপথে তাদের কয়েকটি
ঘীটিও ছিল। এ পথে তাদের প্রথম ঘীটি ছিল মালাবার। মালাবার মাদ্রাজ প্রদেশের
সম্প্রতীরবর্তী একটি জেলা। তৌগোলিক দিক দিয়ে সম্পূর্ণ উপদ্বীপটিকে
মালাবার নামে অভিহিত করা হয়। আরব তৌগোলিকগণের অনুলিখনে একে
মালিবার ( ) ১৯৯০ ) বলা হয়েছে।

মওলানা আকরাম খী তাঁর 'মুসলেম বংগের সামাজিক ইতিহাস' গ্রন্থে বলেনঃ

"আধুনিক গ্রীকদিগের মলি (MALI) শব্দে বর্তমান মালাবার নামের উপ্তেখ
দেখা যায়। কিন্তু সম্পূর্ণ 'মালাবার' নাম আরববাসী কর্তৃক প্রদন্ত হয় বিশ্বকোষ
সম্পাদকের এই সিদ্ধান্তটা খুবই সংগত। আমাদের মতে মালাবার, আরবী তাবার
শব্দ মলয় + আবার = মালাবার। আরবী অনুলিখনে ও ১ দ মলয় + আবার।
মলয় মূলতঃ একটি পর্বতের নাম, আবার অর্থ কুপপুঞ্জ, জলাশয়। আরবরা

নাদেশকে মা'বারও সংক্র বিশিয়া থাকেন। উহার অর্থ, অভিক্রম করিয়া থালায়ার মূল, পারঘাট। আজকালকার ভূগোলে পূর্বঘাট ও পশ্চিমঘাট। যেহেত্ আরব বিশিক ও নাবিকরা এই ঘাট দৃইটি পার হইয়া মাদ্রাজেও হেজাজ প্রদেশে থালায়াত করিতেন, এবং মিশর হইতে চীনদেশে ও পথিপার্যস্থ অন্যান্য নগরে বন্ধরে গমনাগমন করিতেন, এই জন্য ভাহারা এই দেশকে মা'বার বিশিয়া উল্লেখ করিতেন। এই নাম দৃইটি হইতে ইহাও জানা যাইতেছে, এই দেশের সহিত ভাহাদের পরিচয় অতি পূরাতন এবং সমন্ধ ছিল অতি ঘনিষ্ঠ।" (মৃসলেম বংগের সামাজিক ইতিহাস, পৃঃ ৪৭–৪৮)।

নবী মুহামদ মুস্তাফার (সা) দুনিয়ায় আগমনের বহুকাল পূর্বে বহুসংখ্যক আনব বলিক এদেশে (মালাবারে) আগমন করেছিলেন। তারা হরহামেশা এ পথ লিয়ে অর্থাৎ মালাবারের উপর দিয়ে চট্টপ্রাম এবং সেখান থেকে সিলেট ও কামরাশ হয়ে চীন দেশে যাতায়াত করতেন। এতাবে বাংলার চট্টগ্রাম এবং আবকালীন আসামের সিলেটও তাদের যাতায়াতের ঘাটি হিসাবে ব্যবহৃত হতো। এর খেকে স্পষ্টই প্রতীয়মান হয় যে, প্রাক ইসলামী যুগেই মালাবার, চট্টগ্রাম, বিলেট প্রভৃতি স্থানে আরবদের বসতি গড়ে উঠেছিল।

গৃত্তীয় ষষ্ঠ শতাব্দীর শেষতাগে নবী মুস্তাফা (সা) আরবের মকা নগরে অন্যাহণ করেন এবং চপ্লিশ বৎসর বয়সে অর্থাৎ সন্তম শতাব্দীর প্রারম্ভে দ্বীন দ্বালামের প্রচার কার্য শুরু করেন। তাঁর প্রচার আন্দোলন ছিল অত্যন্ত বিপ্রবাত্মক। বা বিপ্রবের চেউ আরব বণিকদের মাধ্যমে মালাবার, চট্টগ্রাম, সিগেট ও চিনাদেশেও—যে পৌছেছিল, তা না বক্তেও চলে। নবী মুহাম্মদের (সা) বিপ্রবী আন্দোলনের যেমন চরম বিরোধিতা করেছে এক দল, তেমনি এ আন্দোলনকে মঙ্গোণে প্রহণও করেছে এক দল। মালাবারের আরববাসীগণ খ্ব সম্ভব হিজরী গণের প্রারম্ভেই ইসলাম গ্রহণ করেছিলেন। এটাও এক ঐতিহাসিক সত্য যে, গলম শতক পর্যন্ত গ্রশির্মা ও আফ্রিকায় ইসলামের বাণী প্রচারিত হয়েছিল আরব বাণিকদের দ্বারাই।

মাশাবারে যেসব আরব মুহাজির ইসশাম গ্রহণ করার পর স্থায়ীভাবে বসবাস করে তারা মোপ্লা নামে পরিচিত। ছোটো বড়ো নৌকার সাহায্যে মাছ ধরা এবং মাশ ও যাত্রী বহন করা ছিল তাদের জীবিকার্জনের প্রধান পেশা। অনেক সময়ে তাদেরকে জীবিকার্জন ও অন্যান্য প্রয়োজন পূরণের জন্যে তারত মহাসাগর পাড়ি দিয়ে তারব দেশে যাতায়াত করতে হতো। এতাবেই তারা ইসলামের বিপ্রবী দাওয়াতের সংস্পর্শে এসেছিল।

মোপুলাদের সম্পর্কে পরবর্তী কোন এক অধ্যায়ে আলোচনার বাসনা রইলো। এখানে, তাদের সম্পর্কে শুধু এতটুকু বলে রাখতে চাই যে, তারা ছিল অত্যন্ত কর্মঠ ও অধ্যবসায়ী। সুলর ও বলিষ্ঠ দেহের অধিকারী ছিল তারা। সাহসিকতায় এরা চিরপ্রসিদ্ধ। এরা দাড়ি রাখে এবং মাথায় টুপি পরিধান করে, এদের মধ্যে অনেকেই ধীবর জাতীয় এবং ধীবরদের মধ্যে ইসলামের বাণী প্রচার করা ছিল এদের প্রধান কাজ।

মালাবারের অনারব অধিবাসীদের মধ্যেও ধীরে ধীরে ইসলামের প্রভাব পরিলক্ষিত হয়। সেকালে ভারতে বৌদ্ধ এবং জৈন মতাবলহীদের উপরে হিন্দু ব্রাহ্মণ্যবাদের নিষ্ঠুর ও জমান্ষিক নির্যাতন চলছিল। এসব নির্যাতন উৎপীড়নের মূবে মুসলমান সাধুপুরুষের সাহচর্য ও সারিধ্য তাদেরকে ইসলামের প্রতি আকৃষ্ট করে।

মালাবারের অনারব অধিবাসীদের মধ্যে ইসলামের দ্রুত বিস্তার লাভের প্রধান কারণ মালাবারের স্থানীয় রাজার ইসলাম গ্রহণ। মালাবার-রাজের ইসলাম গ্রহণের চমকপ্রদ কাহিনী বর্ণিত আছে।

মধলানা আকরাম খী তীর পূর্ব বর্ণিত গ্রন্থে বলেন ঃ

শহিন্দু সমাজের প্রাচীন শাস্ত্রে ও সাহিত্যে মালাবার সহছে কিছু কিছু উল্লেখ দেখা যায়। বিশ্বকোষের সম্পাদক মহাশয় তাহার অনেকগুলি উদ্ধৃত করিয়াছেন। সেগুলির অধিকাংশই মহাভারত ও পুরাণাদি পুস্তক হইতে উদ্ধৃত পরস্তরামের কীৰ্তিকলাপ সম্বন্ধে কতকগুলি উদ্ভুট উপকথা ছাড়া আর কিছুই নহে। তবে এই কোষকার নিজে মালাবারের হিন্দুরাজা সমস্কে একটা বিশেষ ঘটনার উল্লেখ করিয়াছেন। তিনি বলিতেছেন ঃ পুরাবৃত্ত পাঠে জানা যায় যে, চেরর রাজ্যের শেব রাজা চেরুমল পেরুমল ইচ্ছাপূর্বক সিংহাসন পরিত্যাগ করিয়া মুসলমান ধর্ম গ্রহণ অতিলাষে মঞ্জা নগরীতে গমন করেন—(বিশ্বকোষ-১৪ঃ২৩৪)।

শেখ যয়নৃদ্দিন কৃত তোহ্ফাতুল মুজাহেদীন প্স্তকেও একজন রাজার মকা গমন, তাঁহার হযরত রসূলে করীমের খেদমতে উপস্থিত হওয়া এবং স্বেচ্ছায় ইসলাম গ্রহণের বিবরণ প্রদন্ত হইয়াছে। . . . . তাহার এই বর্ণনা হইতে জানা যাইতেছে যে, মালাবারের রাজা–যে মঞ্চায় সফর করিয়াছিলেন এবং হযরতের বেদমতে উপস্থিত হইয়া তাঁহার নিকট ইসলামের বয়জাত গ্রহণ করিয়াছিলেন, স্থানীয় মুসলমানদিগের মধ্যে ইহাই মশহুর ছিল।"

মণ্ডলানা তার উক্ত গ্রন্থে আরও মন্তব্য করেন ঃ

**"স্থানকালাদির খুটিনাটি বিষয়ে মততেদ থাকিলেও এবং সেগুলিকে অবিশ্বাস্য** বলিয়া গৃহীত হইলেও রাজার মঞ্জায় যাওয়ার, হ্যরতের খেদমতে উপস্থিত হওয়ার এবং কিছকাল মক্কায় অবস্থান করার পর দেশে ফিরিয়া আসার জন্য সফর করার বিবরণকে ভিত্তিহীন বলিয়া উড়াইয়া দেওয়ার কোন কারণ নাই। মুসলমান অমুসলমান নির্বিশেষে একটা দেশের সমস্ত অধিবাসী আবহমান কাল হইতে যে ঐতিহাকে সমবেতভাবে বহন করিয়া আসিতেছে তাহাকে অনৈতিহাসিক ও ভিত্তিহীন বলিয়া উড়াইয়া দেওয়া কোনও মতে বিবেচিত ুইতে পারে না। এই প্রসংগে বিশেষভাবে বিবেচা হইতেছে বিশ্বকোষের বিবরণটি। কোষকার বলিতেছেন ঃ 'পুরাবৃত্ত পাঠে জানা যায় যে, চেরর (মালাবার) রাজ্যের শেষ রাজা চেরুমল পেরুমল ইচ্ছাপূর্বক সিংহাসন পরিত্যাগ করিয়া মুসলমান ধর্ম গ্রহণাতিলাবে মকা নগরীতে গমন করেন।' সূতরাং মালাবার রাজ্যের রাজার স্বতঃপ্রবৃত্ত হইয়া সিংহাসন ত্যাগ করা এবং হযরতের দিকট উপস্থিত হইয়া ইসলাম ধর্মে দীকা গ্রহণ করার বিবরণকে ভিত্তিহীন নশিয়া উডাইয়া দেওয়া আদৌ সংগত হইতে পারে না।" (মুসলেম বংগের শামাজিক ইতিহাস।

এখন শেখ যয়নুদ্দীন প্রণীত তোহফাতুল মুজাহেদীন গ্রন্থের বিবরণ, বিশ্বকোষের বিবরণ, মালাবারের মুসলমান অমুসলমান নির্বিশেষে সকল পবিবাসীর আবহমান কালের ঐতিহ্য অনুযায়ী রাজার ইসলাম গ্রহণ ব্যাপারটি মত্য বলে গ্রহণ করতে দ্বিধাসংকোচ থাকার কথা নয়। কিন্তু তথাপি একটি প্রশ্ন মনের মধ্যে রয়ে যায়। তা হচ্ছে এই যে, এত বড়ো একটি ঘটনা হাদীসের কোন মহে বর্ণিত হয়নি কেন? অবশ্য শেখ যয়নূদীন তাঁর বিবরণে কতিপয় রাবীর উল্লেখ করেছেন। কিন্তু হাদীসবেস্তাদের মতে তা' সন্দেহমুক্ত নয়' বলে উল্লেখ জ্যা হয়েছে। আসল ব্যাপারটি তাহলে কি ছিল? ঘটনাটিকে একেবারে ভিত্তিহীন বলে গ্রহণ করলে হাদীসগ্রন্থে তার উল্লেখের কোন প্রশ্নই আসে না। কিন্তু এমন হওয়াটাও আক্রর্যের কিছু নয় যে, মালাবারের আরব মুহাজিরগণ যেমন হিজরী লগম সনে দলে দলে ইসলাম গ্রহণ করেন, সম্ভবতঃ মালাবারের রাজা সিংহাসন ত্যাগ করতঃ এসব আরব মুহাজিরগণের সংগে ইসলাম গ্রহণ করেন।
সিংহাসন ত্যাগের পর তাঁর পরিচয় গোপন করাটাও অসম্বব কিছু নয়—আর
এই কারণেই হয়তো তাঁর ইসলাম গ্রহণ সাহাবায়ে কেরামের মধ্যে কোন
কৌতৃহলের উদ্রেক করেনি। তথাপি তোহ্ফাতুল মুজাহেদীনের গ্রন্থকার কতিপয়
হাদীসের ও রাবীর উল্লেখ করেছেন।

মালাবারের আরব মুহাজিরগণের এবং স্থানীয় রাজার ইসলাম গ্রহণের পর স্থানীয় মালাবারবাসীগণও ইসলামের প্রতি আকৃষ্ট হয় এবং তারা দলে দলে ইসলামে দীক্ষিত হয়। তারপর মালাবারে পরপর দশটি মসজিদ নির্মিত হয়। প্রথম মসজিদ পেরুমলের রাজধানী কর্ণকোর (কোড়ঙ্গনুর) বা ক্রাঙ্গানুরে নির্মাণ করেন মালেক ইব্নে দীনার। এতাবে ত্রিবাংকোরের অন্তর্গত কওলাম বা কোল্লমে, ভিল্লি পর্বতে, দক্ষিণ কানাডার অন্তর্গত কুর্কবে, মঙ্গলোর নগরে, ধর্মপত্তন নগরে, চালিয়াম নগরে, সুরুকুন্তপুরমে, পন্থারিণীতে এবং কঞ্জরকোটে মসজিদ নির্মিত হয়।

"বিশ্বকোষ প্রণেতা বলেন ঃ মসজিদ প্রতিষ্ঠার সংগে সংগেই যে এদেশে মুসলমান প্রতাব বিস্তৃত হইয়াছিল, তাহাতে কোন সন্দেহ নেই। এই সকল মসজিদের ব্যয়তার বহনের জনা অনেক সম্পত্তিও প্রদন্ত হইয়াছিল। . . . এ সময়ে উপকূলবাসী মুসলমানগণের এবং ইসলাম ধর্মে দীক্ষিত দেশীয় অধিবাসীদিগের সংখ্যায় পরিবৃদ্ধি হইয়াছিল। ক্রমে তাহারা রাজ্য–মধ্যে প্রতাব সম্পন্ন হইয়া উঠে।" (মুসলেম বংগের সামাজিক ইতিহাস)

উপরের আলোচনায় এ সত্য প্রকট হয়ে যায় যে, খৃস্টীয় সপ্তম শতকেই ভারতের মালাবার মৃসলমানদের একটি শক্তিশালী কেন্দ্র হিসাবে গড়ে উঠেছিল। তাদের ছিল না কোন রাজনৈতিক লক্ষ্য। ব্যবসা–বাণিজ্য ও ইসলামের প্রচার ও প্রসার ছিল একমাত্র উদ্দেশ্য।

মালাবারের পরেই মুসলিম ত্বারব মুহাজিরদের বাণিজ্য পথের ত্বন্যান্য মনথিল্
চট্টগ্রাম ও সিলেটের কথা ত্বাসে। মালাবারে ত্বারব মুহাজিরদের স্থায়ী বসবাসের
পর তাদের ত্বনেকেই চট্টগ্রাম বন্দরে ব্যবসার ক্ষেত্র তৈরী করে এবং এখানেও
তাদের ত্বল্পবিস্তর বসতি গড়ে উঠে। এটাই ছিল ত্বতান্ত স্বাচাবিক। এখন প্রশ্ন
হচ্ছে এই যে, মালাবারে যেমন প্রথম হিজরী শতকেই ইসলাম লানা বেধৈছিল,
চট্টগ্রামে ইসলাম প্রচার কি সমসাময়িক কালেই হয়েছিল, না তার ত্বনেক পরে।
এ সম্পর্কে কোন নির্ভরযোগ্য তথ্য পরিবেশন করা সম্ভবপর নয়। তবে খৃত্বীয়

শ্বষ্টম–নবম শতকে আরবের মুসলমান বণিকদের চট্টগ্রামের সাথে যে খনিষ্ঠ যোগাযোগ স্থাপিত হয়েছিল তা নির্তয়ে বলা যেতে পারে।

ডাইর আবদুল করিম তাঁর 'চট্টগ্রামের ইতিহাস' গ্রন্থে বলেন ঃ . . . খৃন্টীয় এইম/নবম শতাব্দীতে চট্টগ্রামের সংগে আরবীয় মুসলমান বণিকদের যোগাযোগ ছিল। পরবর্তীকালে চট্টগ্রামে আরব ব্যবসায়ীদের আনা—গোনার আরও প্রমাণ পাওয়া যায়। আরব বণিকেরা চট্টগ্রামে স্বাধীন রাজ্যগঠন না করলেও আরবদের যোগাযোগের ফলে চট্টগ্রামের সংস্কৃতিতে তাদের প্রতাব এখনও পরিলক্ষিত হয়। চট্টগ্রামী ভাষায় ক্রিয়াপদের পূর্বে না' সূচক শব্দ ব্যবহারও আরবী ভাষার প্রভাবের ফল। অনেক চট্টগ্রামী পরিবার আরব বংশসম্ভূত বলে দাবী করে। চট্টগ্রামী লোকের মুখাবয়ব আরবদের অনুরূপ বলেও অনেকে মনে করেন। তাছাড়া চট্টগ্রামের করেকটি এলাকা যেমন, আলকরণ, সূলুক বহর (সূলুক-উল-বহর), বাকালিয়া ইত্যাদি এখনও আরবী নাম বহন করে। আগেই বলা হয়েছে যে, কোন কোন পভিত মনে করেন যে, আরবী শব্দ শৎ (বছীপ) এবং গঙ্গা (গঙ্গ) থেকেই চট্টগ্রাম নামের উৎপত্তি হয়। (য়ন্তারী বঙ্গা ভিন্তিষ্ট গেজেটিয়ার, চট্টগ্রাম প্রং-১)।

চট্টগ্রামে কয়েক শতাব্দী যাবত মুসলমান বসবাস করলেও তারা কোন নাজনৈতিক প্রতিষ্ঠা লাভ করেননি। তাদের কাজ ছিল ব্যবসা—বাণিজ্য ও ইসলাম নাজনে মুহামদ বিন বখতিয়ার খিলজী কর্তৃক বাংলায় মুসলমান শাসন কায়েমের মনেক পরে সোনার গাঁয়ের স্বাধীন সূলতান ফখরন্দীন মুবারক শাহ (১৩৩৮— মি৯ খুঃ) সর্বপ্রথম চট্টগ্রাম জয় করে তা মুসলিম শাসনের অন্তর্ভুক্ত করেন।

### দ্বিতীয় অখ্যায়

# বিজয়ীর বেশে মুসলমান

সাধারণভাবে এ কথা সর্বন্ধন বিদিত যে, মুহাম্বদ বিন কাসিম সিন্ধুরাজ দাহিরের বিরুদ্ধে যুদ্ধ পরিচালনা করে সিন্ধু প্রদেশে ইসলামের বিজয়-পতাকা উভ্জীন করেন। কিন্তু প্রকৃতপক্ষে সিন্ধু প্রদেশ পর্যন্ত মার্রারক অভিযান পরিচালনার কাজ বহু পূর্ব থেকেই শুরু হয়। হিজরী প্রথম শতকের মাঝামাঝি সময়ে সিন্ধু অভিযানের সূচনা হয়। মুহাম্বল বিন কাসিমের সিন্ধু বিজয়ের পূর্বে কয়েকবার সিন্ধু প্রদেশের বিরুদ্ধে মুসলমানদের যুদ্ধ সংঘটিত হয়। কিন্তু মুহাম্বল বিন কাসিমের পূর্বে মুসলমানগণ এখানে কোন স্থায়ী প্রভাব প্রতিষ্ঠিত করার চেষ্টা করেননি। সিন্ধুরাজের সহায়ভায় জলদস্য কর্তৃক মুসলিম বণিকগণ বার বার পৃষ্ঠিত হওয়ার কারণে ভাদের বিরুদ্ধে যুদ্ধ করতে হয়। যুদ্ধে ভাদেরকে পরাজিত করে লৃষ্ঠিত দ্রব্যাদির পুনরুদ্ধার ও বন্দী বণিকদের মুক্ত করার পর মুসলমানগণ স্বদেশে প্রভ্যাবর্তন করেন।

পঞ্চদশ হিজরীতে হযরত ওমরের (রা) খেলাফত আমলে উস্মান ইবনে আবুল আবী সাকাফী বাহরাইন ও ওমানের গতর্ণর নিযুক্ত হন। উসমান আপন তাই হাকামকে বাহরাইনে রেখে নিজে ওমান চলে যান। সেখান থেকে তিনি একটি সেনাবাহিনী তারত সীমান্তে প্রেরণ করেন। উক্ত অভিযানের পর পুনরায় তিনি তার ভ্রাতা মুগীরাকে সেনাবাহিনীসহ দেবল (বর্তমান করাচী) অভিমুখে প্রেরণ করেন। মুগীরা সিন্ধুর জলদস্যু ও তাদের সহায়ক শক্তিকে পরাজিত করে স্থদেশ প্রত্যাবর্তন করেন।

হ্যরত জালীর (রা) খেলাফতের সময় ৩৯ হিজরীর প্রারম্ভে হারীস ইবনে মুররা আবৃদী সিন্ধু সীমান্তে অভিযান পরিচালনা করে জয়ী হন। বহু শক্রুসেনা বন্দী করেন এবং প্রচুর পণীমতের মাল হস্তগত করেন।

আমীর মুয়াবিয়ার (রা) শাসনামলে মুহাল্লাব ইবনে জাবু সুক্রা সিন্ধুর সীমান্ত জাক্রমণ করেন এবং মূলতান ও কাবুলের মধ্যবর্তী স্থান বারা ও আহ্ওয়ান্ধ পর্যন্ত জ্ঞাসর হন। থালক। ওয়ালিদের শাসনামলে হাজ্জাজ বিন ইউসুক ইরাকের গভর্ণর নিযুক্ত থাল তিনি সিদ্ধু অভিযানের উদ্দেশ্যে মুহাম্মদ ইবনে হাঙ্কুন নসিরী, উবায়দুপ্রাহ । বানে নবহান এবং বুদায়েল ইবনে তোহ্ফা বজ্জীকে পর পর প্রেরণ করেন। অবংশের ৯৩ হিজরীতে মুহামদ বিন কাসিম জ্বল ও স্থপ উভয় পথে অভিযান লাগিদেলনা করে সিদ্ধু জয় করেন।

দ্বাশদ বিল কাসিম কর্তৃক চ্ডান্তভাবে সিন্ধু প্রদেশ বিজিত হবার বহু পূর্বে পানাধন ভারতের পশ্চিমাঞ্চলে ইসলাম প্রচার ও জারী করা হয়েছিল। তার দায়াল এই যে, রাজা লাহির যুদ্ধে নিহত হওয়ার পর সমগ্র সিন্ধু প্রদেশ দাসানালনের করতলগত হয়। সেখানে শাসন শৃংখলা প্রতিষ্ঠিত করার পর দ্বাশদ বিন কাসিম সম্মুখের নিকে অভিযান পরিচালনা করেন। পূরাতন গালগাবাদ জয় করার পর সম্মুখের অগ্রসর হওয়া কালে তাকে গাল্যাালারবাসীদের সম্মুখীন হতে হয়। আশ্চর্যের বিষয় এই যে, আক্রান্ত লালগাবাদ অধিবাসী ছিল মুসলমান। বভাবতঃই তাদের সাথে একটা মিটমাট লার গর অন্যানা বহু স্থান জয় করে মুহাম্মল বিন কাসিম পাঞ্জাবের মূলতান গারক স্থানে উপনীত হন। মূলতানও তাঁর করতলগত হয়।

# বাংশার মুসলমানদের রাজনৈতিক প্রতিষ্ঠা

আলিক ইখ্তিয়ার উন্দীন মুহামদ বশ্তিয়ার কর্তৃক বাংলা বিশ্বরের ফলে এ
দেশে মুসলমানদের সর্বপ্রথম রাজনৈতিক প্রতিষ্ঠা লাভ হয়। এ সময় থেকে
দ্বামান অব্যাহত গতিতে তারতের পশ্চিমাঞ্চল, আফগানিস্তান, ইরান, আরব ও
দ্বামা থেকে অসংখ্য মুসলমান বাংলায় আগমন করতে থাকেন। অধিকাংশ
দাবাজনেন সৈনিক হিসাবে, অবশিষ্টাংশ ব্যবসা–বাণিজ্য, ইসলাম প্রচার ও
আলা গ্রহণের উন্দেশ্যে। এতাবে বাংলায় মুসলমানদের সংখ্যা হয়ে গড়ছিল
দেশবধ্যান।

বর্ণাখন বিন বশ্তিয়ারের বাংলা বিজয় ছিল এক অতি বিশ্বয়কর ব্যাপার।

ত্যাপতে গোলে এ মানুষটিই এক ঐতিহাসিক বিশ্বয়। তিনি ছিলেন তুর্কজানের

বাণ্ল বংশসভৃত। তাই তার বংশ পরিচয়ের জন্যে তার নামের শেষে খাল্জী বা

বিলালী শব্দ যুক্ত করা হয়। তার পূর্ব পুরুষদের আবাসত্মি ছিল সীজানের পূর্ব

বিলাল প্রবৃত্তি গারামসীর অথবা দাশ্তে মার্গো। ইবতিয়ার উন্দীন মুহামদ

বখৃতিয়ার খাল্জী জীবিকা জর্জনের উদ্দেশ্যে জন্যত্মি ত্যাগ করে গঞ্জনী এবং জতঃপর তারতের বাদাউনে জাগমন করেন। তাঁর দেহ ছিল বর্ব ও হস্তদ্বয় অম্বাতাবিক রকমের দীর্ঘ। সম্ভবতঃ এ কারণেই গজ্জনী ও দিল্লীর সামারিক বাহিলীতে তাঁর চাকুরীর আবেদন গৃহীত হয়ন। কিন্তু তাঁর মধ্যে হে অসীম সাহসিকতা ও দৃঃসাহসিক জতিখান পরিচালনার যোগাতা ছিল তা বুঝতে পেরে বাদাউনের সিপাহসালার তাঁকে সেনাবাহিনীতে নিযুক্ত করেন। এখান থেকেই তাঁর তাগ্যোক্রয়ন শুরু হয়। তিরোঁরী বা তরাইনের যুক্তের পর বখৃতিয়ারের চাচা, মুহাম্মদ—ই—মাহমুদ নাগাওরীর শাসনকর্তা জালী নাগাওরীর নিকট থেকে ক্ষমতী বা কষ্টমতীর অধিকার লাভ করেন। তাঁর মৃত্যুর পর বখৃতিয়ার তার অধিকার লাভ করেন। তাঁর মৃত্যুর পর বখৃতিয়ার তার অধিকার লাভ করেন। কিছুকাল পর তিনি অযোধ্যার মালিক মুয়াজ্জম হিসামউন্দীনের নিকট গমন করেন। এ সময়ে তিনি অথ ও অক্তশপ্রাদি সংগ্রহ করেছিলেন বলে মালিক হিসামউন্দীন তাঁকে দৃ'টি ব্রাম উপটোকন স্বরূপ দান করেন। গ্রাম দৃটি কারো মতে ভগবং ও ডাইলি, কারো মতে সহলন্ড ও সহিলী অথবা কম্পিলা ও পতিয়ালি ছিল। গোলাম হোসেন সলিমীর 'রিয়াযুস্ সালাতীনে' এ গ্রাম দৃটির নাম বলা হয়েছে ক্ষালা ও বেতালি।

এখান থেকে মুহাখান বখ্তিয়ার বিহারের দিকে অগ্রসর হয়ে কয়েকস্থানের ত্থামী বা প্রধানদেরকে পরাজিত করে প্রচূর মালে গণীমত হস্তগত করেন। তার দ্বারা তিনি বহু অপ্ন ও অস্ত্রশস্ত্রাদি সংগ্রহ করতে থাকেন। তাঁর বীরত্বের খ্যাতিও চারদিকে ছড়িয়ে পড়তে থাকে। যোর, গজনী, খোরাসান প্রভৃতি অঞ্চলে বার বার বিদ্রোহ, যুদ্ধবিগ্রহ ও রক্তপাত সংঘটিত হতে থাকায় তথাকার বহুসংখ্যক অধিবাসী দেশত্যাগ করে তারতে আগমন করে তাগ্যের অবেষণে খ্রাফেরা করতে থাকে। বখ্তিয়ারের সুনাম সুখ্যাতি প্রবণ করে তারা দলে ললে তাঁর সেনাবাহিনীতে যোগদান করে। এতাবে বখ্তিয়ার হয়ে ওঠেন প্রবণ শক্তিশালী।

তৎকালীন দিল্লীর সুলতান কুত্বউদ্দীন আইবেক বখৃতিয়ারের অসীম বীরত্বের কথা জানতে পেরে তাঁর সন্মানের জন্যে 'খিলাত' প্রেরণ করেন এবং এতে করে বখৃতিয়ারের পক্তি ও সাহস বহুগুণে বেড়ে যায়। তারপর তিনি সমগ্র বিহার প্রদেশে তাঁর আধিপত্য বিস্তার করতে সক্ষম হন। অতঃপর তাঁর অতিযান বাংলার দিকে পরিচালিত হয় এবং ১২০৩ খৃষ্টাব্দে বাংলার রাঢ় ও বরিন্দ অঞ্চল অধিকার করেন।

নাংলা আক্রমণকালে এর শাসক ছিলেন রায় লক্ষণ সেন। রাজধানী ছিল নান্যা। রাজধানীসহ এ অঞ্চলটিকে লক্ষণাবতী বলা হতো। 'ভাবাকাতে নান্যা'তে এ সম্পর্কে এক মন্ধার কাহিনী বিবৃত হয়েছে।

াশি দরবারের গণক ব্রাক্ষণের দল এক তবিষ্যদ্বাণী করে বলেন যে, এ দেশ আচনেই তুর্কী মুসলমানদের হস্তগত হবে। দেশ আক্রান্ত হলে রাজাকে বশাতা গালার করতে হবে। জন্মধায় দেশবাসীকে প্রচুর রক্তপাত ও লাস্থ্যুনার সমুখীন মান হবে।

ালে বান্ধা-পভিতগণকে জিজাসা করেন যে, প্রাচীন ধর্মগ্রন্থে এহেন । লান্য অভিযানকারীর কোন চিহ্ন বর্ণনা করা হয়েছে কিনা, যা দেখে তাকে আলম্ময়ে চিনতে পারা যায়। তাঁরা বলেন যে, সে তুর্কী সেনা সোজা দভায়মান লগে তাঁর হস্তদ্বর হাঁটু পর্যন্ত দস্কিত হবে। রাজা রায় লক্ষণ সেন এ ব্যাপারে লামানি চালাবার জন্যে একদল বিশ্বন্ত লোক নিযুক্ত করেন। তাঁরা জনুসন্থানের লামানেক বলেন যে, মুহাত্মন বর্গতিয়ারের মধ্যে উপরোক্ত চিহ্ন বিদ্যামান। লামকে মুহাত্মন বর্গতিয়ারের দৃঃসাহসিক অভিযান ও তাঁর জয়য়য়য়য়লরা কারো লাক ছিল না। ব্রাহ্মণ পভিতগণ, সত্মানী ও জ্ঞানী-গুণী, ভৃষামী ও প্রধান গান বাজি দেশ-পরিত্যাপ করে জগরাথ, কামরূপ এবং জন্যান্য নিরাপন স্থানে লামা এহণ করেন। রাজা তখনো তাঁর রাজধানী পরিত্যাপ করা সমীটান মনে বনানি। হঠাৎ এক সময় মুহাত্মন বর্গতিয়ার নদিয়া আক্রমণ করে রাজধানীতে বেশ করলে, রাজা রাজ-প্রাসাদের পত্যন্থার দিয়ে পলায়ন করে বিক্রমপুরে লাম গাহণ করেন। এতাবে সময় লক্ষ্মণাবতী বর্গতিয়ারের করতলগত হয়—াব্যায়ে গাপার এই যে, মাত্র সতেরো জন অধ্যরেহিসহ মুহাত্মন বর্থতিয়ার নামা। আক্রমণ ও জয় করেন।

অতঃপর তাঁর অতিযান বিস্তার লাভ করে এবং নবদ্বীপ ও গৌড় তাঁর
কার্যনাথ হয়। 'তারিখে ফেরেশতা'য় বর্ণিত আছে যে, মুহামদ বখৃতিয়ার
নাংলাদেশে রংপুর নামে এক নতুন রাজ্বধানী নির্মাণ করেন। এর থেকে বুঝতে
নানা যায় যে, বাংলার শুধু পূর্বাঞ্চল ব্যতীত সমগ্র রাঢ় ও বরেন্দ্র অঞ্চল অর্থাৎ
নাতম ও উত্তর বংগ তাঁর শাসনাধীন হয়েছিল। রায় লক্ষণ সেন বিক্রমপুরে অপ্রস্তর
নাত্রধ করলেও তাঁর পন্চাদানুসরণ বখৃতিয়ার করেননি। যার ফলে বাংলার
নুধাঞ্চল ছিল তাঁর শাসনের বাইরে। এক শতাব্দীকাল পর ১৩৩০ খুস্টাব্দে

মুহামদ তোগলোক শাহ পূর্বাঞ্চল জয় করেন এবং সাতগাঁও ও সোনারগাঁও-এ যথাক্রমে রাজধানী স্থাপন করেন।

যাহোক, মৃহামদ বর্থতিয়ারের বাংলা বিজয়ের ফলে বহিরাগত মুসলমান দলে দলে এ দেশে বসতিস্থাপন করেন। ব্যবসা বাণিজ্ঞা, সেনাবাহিনীতে চাকুরী ও অন্যান্য নানাবিধ উপায়ে জীবিকার্জনের নিমিত্ত অসংখ্য মুসলমান এ দেশে আগমন করেন এবং এ আগমনের গতিধারা অক্যাহতভাবে চলতে থাকে অষ্টাদশ শতাব্দীর মাঝামাঝি পর্যন্ত।

মুখামদ বখতিয়ার খিলঞ্জীর বাংলা বিজয়ের পর থেকে ১৭৫৭ খৃষ্টাব্দে পলাশী প্রান্তরে মুসলিম রাজ্যের পতন পর্যন্ত পাঁচ শত চুয়ার বংসরে একশত একজন বা ততোধিক শাসক বাংলায় শাসন পরিচালনা করেন।

বাংলার মুসলিম শাসনকে কয়েক ভাগে ভাগ করা যায় ঃ

বাংলা-	খিগজীদের অধীনে—	1200-1229	78
বাংলা-	मिन्नीत वशीरन-	5229-5085	मुह
বাংশা-	ইপিয়াস শাহী বংশের অধীনে প্রথম ধারা৷—	7085-7870	न् व
বাংশা–	গনেশ জালাল উন্দীনের অধীনে—	7878-7887	78
বাংলা-	ইলিয়াস শাহী বংশের অধীনে (দিতীয় ধারা)—	7887-7824	चृ:
	হাবশী শাসনাধীন বাংগা—	2884-1890	श्रुव
	হসেনশাহী বংশের অধীনে বাংলা—	1890-1601	चुं:
	পাঠানদের অধীনে (শের শাহ ও সূর বংশ) বাংলা—	2608-2608	चुः
	কররাণী বংশের অধীনে বাংলা—	2000-2096	40
	মোগল শাসনাধীন বাংলা—	2096-2909	षुः

সাড়ে পাঁচশত বৎসরাধিক কাল যাঁরা বাংলার মসনলে সমাসীন ছিলেন, তাঁদের মধ্যে কিছুসংখ্যক এমন ছিলেন যাঁরা আপন বাহুবলে বাংলার সিংহাসনে আরোহণ করে দিল্লীর সম্রাটের অনুমোদন লাভ করেন। কিছুসংখ্যক শাসক ছিলেন সম্পূর্ণ স্বাধীন। আর অবশিষ্টাংশ দিল্লীর দরবার থেকে নিয়োগপত্র লাভ করে গভর্ণর অথবা নাজিয় হিসাবে বাংলা শাসন করেন।

মুসলমানগণ বিজ্ঞার বেশে এ দেশে আগমন করার পর এ দেশকে তাঁরা মনেপ্রাণে ভালোবাসেন, এ দেশকে স্থায়ী আবাসভূমি হিসাবে গ্রহণ করেন এবং া দেশের অমুসলিম অধিবাসীর সাথে মিলে মিশে বাস করতে চেয়েছেন। শাসক বিসাবে শাসিতের উপরে কোন অন্যায়—অবিচার তাঁরা করেননি। জনসাধারণও তাঁদের শাসন মেনে নিয়েছিল। মুহাম্মন বৰতিয়ার বাংলা বিজয়ের পর আভাত্তরীণ আইনশৃংখলা প্রতিষ্ঠিত করেন। তিনি মুসলমানদের জন্যে দেশের বিভিন্ন স্থানে মসজিদ ও মাল্রাসা স্থাপন করলেও অমুসলিমদের প্রতি উদার নীতি অবলয়ন করেন। তিনি ইছা করলে পলাতক লক্ষণসেনের পশ্চামানুসরণ করে তাকে গারাজিও করতে পারতেন। কিন্তু সে কথা তিনি মনে আদৌ স্থান দেননি। বদুনাথ সরকার তাঁর 'বাংলার ইতিহাসে' বলেন ও

"....কিন্তু তিনি রক্তপিপাসু ছিলেন না। নরহত্যা ও প্রদ্ধাপীড়ন তিনি পছল করণ্ডেন না। দেশে এক ধরনের জায়গীর প্রথা বা সামন্ততান্ত্রিক সরকার কায়েমের ছাপ্রা জাত্যন্তরীণ প্রশাসন ও সামরিক প্রধানদের সন্তুষ্টি সাধন কর্মানেন।"...

- (History of Bengal Vol. II, Muslim period p. 9)

নাংগ্যন্ত শাসনকর্ত	দিল্লীর সমসাময়িক সম্রাট	
ध्याला - ७ चृः	মুহামদ বখডিয়ার খিলজী	কৃত্ব উদ্দীন আইবেব
1年10年11年	মালিক ইচ্ছনীন মুহামন শিরীন বিলঞ্জী	À
hanle-50 मृष्ट	হসাম উন্দীন ইওয়ান	J.
१११०-१० मृह	পাদী মদান (সৃগতান খালাউদ্দীন বিগল্পী)	à la
1419-२१वृह	সৃশতান গিয়াস উদ্দীন–ইওয়ান্ধ খিলজী	ন্ধারাম শাহ।কৃত্বউদ্দীন স্বাইবেকের পুত্র)।

### াংশার স্বাধীন সুলতানগণ

শম্য বাংলার প্রথম স্বাধীন সুলতান ছিলেন শামসউদ্দীন ইলিয়াস শাহ। অবশ্য আ। বিরুদ্ধে দিল্লী সমুটি ফিরোজশাহ তোগলোক যুদ্ধধাত্রা করে ব্যর্থ মনোরথ মনে প্রত্যাবর্তন করেন। ১৩৫৮ বৃষ্টান্দে ইলিয়াস শাহের পুত্র সিকান্দার শাহ মানোর স্বাধীন সুলতান হিসাবে সিংহাসনে আরোহণ করে দিল্লীর সমাটের প্রীতি আন্তানর উদ্দেশ্যে পঞ্চাশটি হাতী উপটোকন স্বরূপ দিল্লী প্রেরণ করেন। এ সময় থেকে ১৪০৯ খৃষ্টাব্দ পর্যন্ত বাঁরা বাংলার সিংহাসনে অধিষ্ঠিত ছিলেন তাঁরা হলেন—

নিকালার শাহ (১ম)	१००४-३१ र्वः
গিয়াস উদ্দীন আজম শাহ	१७११ -१५ री
সাইফুলীন হামজা শাহ	१०११-१८०१ रीः
শামসৃদ্দীন	7808-7809 4:

#### রাজা গণেশ

পঞ্চদশ শতকের প্রারম্ভে বাংলায় হিন্দুজাতির পুনরম্থান আন্দোলন শুরু হয়। মুহামদ বখতিয়ারের বাংলা বিজয়ের পর হতে চতুর্দশ শতকের শেষ অবধি মুসলমান শাসকণণ কখনো দিল্লী সুলতানের নিযুক্ত গতর্ণর হিসাবে, কখনো পাধীন সুলতান হিসাবে এবং কখনো উপঢৌকনাদির মাধ্যমে দিল্লী দরবারকে প্রীত ও সম্ভুষ্ট রেখে বাংলার শাসনকার্য পরিচালনা করেন। এ দুই শতকের ইতিহাস আলোচনা করলে দেখা যায়—মুসলমানগণ নিশ্চিন্ত মনে শান্তিতে রাজতু করতে পারেননি। তাঁদের মধ্যে আত্মকলহ ও বলপূর্বক ক্ষমতা দখলের প্রবল আকাংখাই ছিল সে শান্তি বিনষ্টের কারণ। কিন্তু তাই বলে মুসলমান শাসকগণ কর্তৃক হিন্দুজাতি দলন ও প্রজাপীড়ন হয়নি কখনো। ফলে জাতি-ধর্ম নির্বিশেষে প্রঞ্জাগণ সুখ-শান্তি ও জানমালের পূর্ণ নিরাগন্তা লাভ করেছিল। বখতিয়ার থিলজীর পূর্বে এদেশে বহু স্বাধীন হিন্দু রাজা বাস করতেন। মুসলিম শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর তা তাঁরা মনে প্রাণে মেনে না নিলেও মুসলমানদের সাথে সংঘর্ষে আসা সমীচীন মনে করেননি। তার দৃটি মাত্র কারণ হতে পারে। প্রথম কারণ এই যে, বাংলার রাজনৈতিক ক্ষমতা ছিল মুসলমানদের হাতে এবং বর্থতিয়ারের পর থেকে ক্রমাগত বহির্দেশ থেকে অসংখ্য মুসলমান বাংলায় আসতে থাকে। মুসলিম ধর্ম প্রচারক খলী ও দরবেশগণ এদেশে আগমন করতঃ ইসলামের সুমহান বাণী, ইসলামের সাম্য ও ভ্রাতৃত্ব প্রচার করতে থাকেন। ফলে ব্রাহ্মণ্যবাদের দ্বারা নিস্পেষিত হিন্দু জনসাধারণ ইসলামের প্রতি আকৃষ্ট হতে থাকে। তথাপি এখানকার বর্ণাহিন্দুরা মুসলমান শাসকদের আভ্যন্তরীণ দুর্বলতা ও আত্মকলহের সুযোগে বিদ্রোহ ঘোষণা করতে পারতো। কিন্তু তা করেনি। তার কারণও আছে।

খিত্রীয় কারণ এই যে, তারা এক দীর্ঘ পরিকল্পনার তিন্তিতে কান্ধ করে ।।।

আনি । তা হলো মুসলিম শাসকদের বিরাগতাজন না হয়ে বরঞ্চ শাসন কার্যের বিলি । স্তরে এরা নিজেদের স্থান করে নিয়ে কোন এক মুহুর্তে আত্মপ্রকাশ করে। অপ্রাদশ শতাব্দীর মধ্যতাগে তারা তাদের এ পরিকল্পনায় পূর্ণ সাফল্য গাত করেছিল। তবে সে সময়ে নিজেরা ক্ষমতালাত না করে মুসলিম শাসন বিল্ ও করে ইংরেজদের হাতে ক্ষমতা তুলে দিয়ে পরিতৃত্তি লাভ করেছিল। পঞ্জদশ শংককর প্রারম্ভে তাদের সাফল্য স্থায়ী না হলেও এ ছিল তাদের দীর্ঘ মেয়াদী গারিক্রনার প্রথম প্রকাশ।

থা সময়ে বাংগার একজন হিন্দু জমিদার প্রবদ পরাক্রান্ত হয়ে উঠেন। ফার্সি

াবার নিবিত ইতিহাসে তার নাম 'কান্স্' বলা হয়েছে। কান্স্ প্রকৃতপক্ষে

কমে' অথবা 'গণেশ' ছিল। তিনি গিয়াসউদ্দিন আজম শাহের রাজত্বকালে রাজস্ব

লাখন বিভাগের অধিকর্তা হয়েছিলেন। 'রিয়াযুস্ সালাতীনে'র বর্ণনা অনুসারে

গণেশ শামসুদ্দীন ইলিয়াসের পৌত্র গিয়াসউদ্দীন আজম শাহকে হত্যা করেন।

নহাপর গিয়াসউদ্দিনের পৌত্র শামসুদ্দীনকেও তিনি হত্যা করে গৌড় ও বাংলার

লিয়োগনে আরোহণ করেন।

बिन्याम भाशी वश्म

শামসৃদ্দীন ইলিয়াস শাহ (১৩৩৯-৫৮ খৃঃ)

সিকালার শাহ (১৩৫৮-৮৯ খৃঃ)

গিয়াস উন্দীন আক্রম শাহ (১৩৮৯-৯৬ খৃঃ)

সাইফউন্দীন হামজা শাহ (১৩৯৬-১৪০৬ খৃঃ)

শামণুদান (১৪০৬-১৪০১ খৃঃ) শাহাবুদীন বায়েজিদ শাহ (১৪০৯-১৪ খৃঃ)

াক্সান (Blockman) বলেন যে, গণেশ নিজে সিংহাসনে আরোহণ আনান। তবে তিনি শামসুন্দীনকে হত্যা করে তাঁর ভ্রাতা শাহাবৃদ্দীন বাম্রেজিদ আহমে ক্রীড়াপুত্তলিকা স্বরূপ রেখে স্বয়ং রাজদন্ড পরিচালনা করতেন। আবাদানাস বন্দ্যোপাধ্যায় তাঁর বাংলার ইতিহাস, দ্বিতীয় খন্ডে ১৪০৯–১৪১৪ ৰুঃ পর্যন্ত বাংগার সিংহাসনে দু'জন শাসনকর্তার নাম উল্লেখ করেছেন। যথা, শাহাবৃদ্দীন বায়েজিদ শাহ ও গণেশ।

রাজা গণেশ বাঙালী বরেন্দ্র বান্ধণ ছিলেন। উত্তর বংগের (দিনাজপুর)
ভার্টুরিয়া পরগণার শক্তিশালী রাজা গণেশ তার নিজস্ব একটি সেনাবাহিনী
রাখতেন। দুর্ধর্ব মংগল গোত্র থেকে তিনি তার সৈন্য সংগ্রহ করতেন। তার
প্রভাব প্রতিপত্তির কারণে তাকে বাংলার সুলতানের অধীনে চাকুরীতে নিযুক্ত
করা হয় এবং ক্রমশঃ তিনি রাজ্যের খাজাঞ্চিখানার একচ্ছত্র মালিক মোখতার
সোহেব–ই–ইখতিয়ার–ই–মুল্ক ও মাল) হয়ে পড়েন। এ পদমর্যাদার কৃতজ্ঞতা
প্রত্রপ এক গভীর বড়বন্ধের মাধ্যমে তিনি প্রথমে গিয়াস উদ্দীন আজম শাহকে
হত্যা করেন এবং কয়েক বংসর পর শামসুদ্দীন শাহকে হত্যা করে বাংগার
সিংহাসনে আরোহণ করেন।

গণেশের বাংলার সিংহাসনে আরোহণ দীর্ঘদিনের পরিকল্পনা ও গভীর বড়যন্ত্রের ফল। গণেশ ও তাঁর সমমনা হিন্দু সামন্তবর্গ বাংলার মুসলমানদের শাসন মনে প্রাণে মেনে নিতে পারেননি। যদিও বিগত দুই শতকের ইতিহাসে মুসলিম শাসকর্গণ কর্তৃক অমুসলমানদের প্রতি কোনপ্রকার উৎপীড়নের নজির পাওয়া যায়না, তথাপি মুসলিম শাসনকে তারা হিন্দুজাতির জন্যে চরম জবমাননাকর মনে করতেন। তাই গণেশ সিংহাসনে আরোহণ করার গর মুসলিম দলনে আত্মনিয়োগ করেন। এতাবে মুসলমানদের প্রতি তাঁর বহদিনের পুঞ্জিত্ত আক্রোশের বহিঃপ্রকাশ ঘটে।

বুকানন হ্যামিন্টন কর্তৃক লিখিত দিনাজপুর বিবরণীতে আছে বে, জনৈক শায়খ বদরে ইসলাম এবং তদীয় পুত্র ফয়জে ইসলাম গণেশকে অবনত মন্তকে সালাম না করার কারণে তিনি উভয়কে হত্যা করেন। শুধু তাই ৸য়, বছ মুসলমান অলী দরবেশ, মনীষী, পভিত ও শাস্ত্রবিদকে গণেশ নির্মমতাবে হত্যা করেন। একদা শায়খ মুঈনুলীন আরাসের পিতা শায়খ বদরুল ইসলাম বিধর্মী রাজা গণেশকে সালাম না করার কারণে তিনি অত্যন্ত কুদ্ধ হন। অতঃপর একদিন তিনি উক্ত শায়খকে দরবারে তলব করেন। তাঁর কামরায় প্রবেশের দরজা এমন সংকীর্ণ ও থব করে তৈরী করা হয় বে, প্রবেশকারীকে উপ্ত হয়ে প্রবেশ করেতে হয়। শায়খ রাজার অভিপ্রায় বুঝতে পেরে প্রথমে তাঁর দু'খানি পা কামরার ভিতরে রাখেন এবং মস্তক অবনত না করেই প্রবেশ করেন। কারণ, ইসলামের

নির্দেশ অনুযায়ী কোন মুসলমানই আল্লাহ ব্যতীত আর কারো সামনে মন্তক ধননত করতে পারেন না। রাজা গণেশ তাঁকে তৎক্ষণাৎ হত্যা করেন এবং দ্যানা আলমগণকে একটি নৌকায় করে নদী–গভে নিয়জ্জিত করে মারেন।

মৃসলিম নিধনের এ লোমহর্ষক কাহিনী প্রবণ করে শায়র্য নূরে কুতুবে আলম
নথাংত হন এবং জৌনপুরের গভর্ণর সূলতান ইব্রাহিম শার্কীকে বাংলায় আগমন
নগতঃ ইসলাম ধর্ম রক্ষার জন্যে আবেদন জানান। সূলতান ইব্রাহিম বিরাট
নার্যনীসহ বাংলা অভিমুখে যাত্রা করে সরাই ফিরোজপুরে শিবির স্থাপন করেন।
নাজা গণেশ জানতে পেরে ভীত সক্রম্ভ হয়ে কুতুবে আলমের শরণাপর হন।
নগবে আলম বলেন, তিনি এ শর্তে সূলতান ইরাহিমকে প্রত্যাবর্তনের পরামর্শ
নিকে পারেন, বিদ গণেশ ইসলাম গ্রহণ করেন। গণেশ স্বীকৃত হলেও তার স্ত্রী
নিকে বাধা দান করেন। অবশেষে তার পুত্র যদুকে ইসলামে দীক্ষিত করে
নথেশের স্থলে তাকে সিংহাসন ছেড়ে দেয়ার জন্যে বলা হয়। গণেশ এ কথায়
বাব্দর হন। যদুর মুসলমানী নাম জালালউন্দীন রেখে তাঁকে বাংলার সূলতান বলে
নোধণা করা হয়।

দৃশতান ইব্রাহিম অত্যন্ত ক্ষুপ্ন মনে প্রত্যাবর্তন করেন। তাঁর প্রত্যাবর্তনের
দর্যোগ পাওয়া মাত্র গণেশ জালালউদ্দীনের নিকট থেকে সিংহাসন পুনরুদ্ধার
করেন। সরলচেতা কুতুবে আলম গণেশের ধূর্তুমি বুঝতে পারেননি। তাই পুত্রকে
দেশাম ধর্মে দীক্ষিত করতে চাইলে পিতার নরহত্যার অপরাধ ক্ষমা করেন।

গণেশ সিংহাসন প্নরুদ্ধার করার পর সূবর্ণধেনু অনুষ্ঠানের মাধ্যমে ধর্মচ্যুত

শারা শুদ্ধিকরণ ক্রিয়া সম্পাদন করেন। অর্থাৎ একটি নির্মিত সূবর্ণধেনুর মুখের

শা দিয়ে প্রবেশ করে তার মল ত্যাগের দ্বার দিয়ে হিন্দু শাস্ত্রের বিশেষ ধর্মীয়

শামনিতে বহির্গত হওয়াই হলো শুদ্ধিকরণ পদ্ধতি।

ন শুদ্ধিকরণ অনুষ্ঠানের পর গণেশ দেশ থেকে মুসলমানদের মূলোৎপাটনের লাগ শুরু করেন। তিনি পূর্বের চেয়ে অধিকতর হিংস্তার সাথে মুসলিম নিধনকার্য চালাতে থাকেন। তিনি কুত্বে আলমের পুত্র শায়ধ আনওয়ার ও পৌত্র লাগে আহিদকে বন্দী অবস্থায় সোনারগাঁও পাঠিয়ে দেন। অতঃপর তাঁদের পিতা–পিতামহের ধনসম্পদের সন্ধান দেশ্রার জন্যে তাঁদেরকে বিভিন্ন ধরনের ক্রিটিনের শিকার করা হয়। পরে শায়ধ আনওয়ারকে হত্যা করা হয়। গার্মনিতাবে গণেশ সাত বৎসর যাবত বাংলায় এক বিভীবিকার রাজত্ কায়েম

করেন এবং মুসলমানদের জীবন অতিষ্ঠ করে তোলেন। গণেশের মৃত্যুর পর পুনরায় জালালউদ্দীন (যদু) সিংহাসনে আরোহণ করেন।

## হিন্দুজাতির পুনরুখান

রাখালদাস বন্দ্যোপাধ্যায় তাঁর বাংলার ইতিহাস ২য় থকে লিখেছেন, "গণেশ নব প্রতিষ্ঠিত রাজ্যে হিন্দু ধর্মের প্রাধান্য স্থাপনের চেষ্টা করিয়াছিলেন। সূবর্ণধেনু প্রত ছারা যদুর প্রায়ণিত ক্যবস্থা তাহার কিঞ্চিৎ প্রমাণাতাস মাত্র। রাজা গণেশের সময় হইতে গৌড়ে ও বংগে সংস্কৃত চর্চা আরম্ভ হইয়াছিল। সংস্কৃত ভাষায় প্রস্থ রচনাও আরম্ভ হইয়াছিল এবং বাংলা ভাষার উন্নতির সূচনা হইয়াছিল। এই সকল কারণের জন্য গণেশ বাংলার ইতিহাসে, ভারতের ইতিহাসে ও ভারতীয় সাহিত্যের ইতিহাসে উচ্চাসন লাভ করিয়াছিলেন।" (উক্ত প্রস্থ, পৃঃ ১৩৫ – ৩৬)

গণেশের জ্যেষ্ঠ পুত্র মুসলমান হয়েছিলেন। তাঁর মুসলমান হওয়ার প্রকৃত কারণ কি ছিল তা অবশ্য বলা কঠিন। তবে একজন প্রবল প্রতাপানিত ব্রাঞ্চা হিন্দুরাজার পুত্র মুসলমান হয়েছিলেন—মুসলিম বিছেষী ঐতিহাসিক একে হিন্দুজাতির পক্ষে চরম অবমাননাকর মনে করে অনেক কল্লিত কাহিনী রচনা করেছেন।

রাখালদাস তাঁর উক্ত ইতিহাসে বলেন, "বরেন্দ্রত্মিতে প্রচলিত প্রবাদ জনুসারে যদু ইলিয়াস শাহের বংশজাতা কোন সম্রান্ত মুসলমান রমণীর রূপে মোহিত হইয়া স্বধর্ম বিসর্জন দিয়াছিলেন।"

রাখালদাস স্বজাতির গ্রানি অপর ধর্মাবলমীর উপর চাপিয়ে বলেন-

"ঐতিহাসিক স্টুয়ার্ট (Stewart) অনুমান করেন যে, যদু বা জালাগউন্দীন গণেশের মুসলমান উপপত্নীর গর্ভজাত পুত্র।"

কিভাবে মুসলিম জাতির ইতিহাস কলংকিত করা হয়েছে, উপরের বর্ণনা তাঁর এক জ্বত দৃষ্টান্ত।

এ এক অনস্বীকার্য সত্য যে, তৎকালে মুসলমানদের নৈতিক অধঃপতন এতথানি হয়নি যে, মুসলমান রমণীগণ তথন বেশ্যাবৃত্তি শুরু করেছে অথবা কোন অমুসলমানের স্বামীত্ব গ্রহণ করেছে। অথবা বর্তমান কালের মতো মুসলমান রমণীগণ বেশর্দায় পর-পুরুষের সামনে চলাফেরা করতো যার ফলে গণেশপুত্র যদু কোন সুন্দরী মুসলমান যুবতীর প্রেমাসক্ত হয়ে তাঁর পাণি গ্রহণের জালা সুসল্মান হয়েছে। ইতিহাস একথার সাক্ষ্যদান করে যে, সে সময়ে সলে দলে মুসল্মান ফকীর দর্শবেশ এদেশে ইসলামের মহান বাণী প্রচার করতেন লবং জীদের জানকে শাসনকার্যেও অংশগ্রহণ করেছেন। শাসকগণের উপর ছিল জীদের বিনাম জনাব।

গানিশার আমলের কথাই ধরা থাক। বিখ্যাত অলী নৃরে কৃত্বে আলম, তাঁর

লামার আনক্ষার গণেশের সমসাময়িক লোক। তাঁদের প্রতাব শুধু বাংলার

থলপথান ল লামক্ষার উপরেই ছিলনা, বরঞ্চ অযোধ্যার গভর্ণর সুলতান ইরাহিম

লা বি আলকে ছিল। যার উল্লেখ উপরে করা হয়েছে। তাঁদের জাচার জাচরপ,

ক ছিলি ত জাংগের বুখনিঃ মৃত ইসলামের অমিয় বাণী প্রবণ করে বহু হিন্দু

লা ব পর্মান্তর ইমলাম গ্রহণ করে আদের মধ্যে গণেশপুত্র যদু একজন।

লা লাগের ক্ষাবালি লভাব বিভামান পাকা সত্তেও মুসলমান নারী বেশ্যাবৃত্তি

ক্ষাবাল লাগের উপলব্ধী হবে, অথবা বল্পাহীনতাবে চলাফেরার

লা হিন্দু প্রেয়াসক হবে, বা বাকোবারে ক্ষানার অতীত। জতএব

ক্ষাব্য ব্যালয় বাব্য দ্রাকিস্থিক্য। বিজের প্রানি অপরের ঘাড়ে

কাট বিজ্ঞা বিশেষকাৰে উল্লেখা। তা হপো এই যে, মুসলমান এদেশে বিভাগি কোপে: গুলাকতার্থ বাইলাগত নিজয়ী মুসলমানদের মধ্যে ছিল শা আসুতি (Superiority Complex)। সম্ভ্রান্ত মুসলমান বলতে গুলল্যানকেই বুবাজা তাদের কোন রমণী হিন্দুর স্বামীতু গ্রহণ ব চিত্রাল প্রত্যাত।

াৰ বা কথা থাকে এটা যে, নিম্ন শ্রেণীর হিন্দুজাতির ইসলাম গ্রহণের পর
কান এথণা গ্রেণনে অমীজে নাণ করেছে, এটাও ছিল অবাস্তব। কারণ
লগ এখাণ এনং উত্থ গ্রাহ্মণ্যবাদের ধারক–বাহক। যে হিন্দু ইসলাম
লগ এটা ও শ্রেছ হয়েছে তীদের ঘরে বিবাহ করা গ্রেণের পক্ষে ছিল
শীয় ব্যাশার। স্বত্তধন এসব কাহিনী–যে অলীক কল্পনাপ্রসূত মাত্র,

া বংগন, যদু নাজাগোভে মুসলমান হয়েছিলেন। আমাদের মতে বান দেব গায় গুৰুশা সুগভান ইন্নাথিয় শাকীর অক্রেমণ থেকে আত্মরন্ধার জন্যে গণেশ তদীয় পুত্রকে নৃরে কৃত্বে আলমের হস্তে ইসলাম গ্রহণের জন্যে সমর্পণ করেন। যদুর ইসলাম গ্রহণ এবং তাঁকে সুলতান হিসাবে ঘোষণা করার পর সুলতান ইব্রাহিম শাকী বাংলা আক্রমণ না করে প্রত্যাবর্তন করেন। তাঁর সঙ্গে সঙ্গেই গণেশ পুনরায় যদুকে জপসারিত করে নিজে সিংহাসনে পুনঃ আরোহণ করেন। তারপর হিন্দুমতে যদুর প্রায়ণ্ডিন্ত করা হয়। গণেশ প্রবল পরাক্রমসহ সাত বংসর রাজত্ব করেন। তাঁকে কোনক্রমেই সিংহাসনচ্যুত করা যায়নি। যদু যদি শুধুমত্রে রাজ্যলোতেই ইসলাম গ্রহণ করে। থাকতেন, তাহলে তাঁর প্রায়ণ্ডিন্ত পুরণধেনুর শুক্তিকরণের পর নির্বিদ্বে হিন্দু হিসাবে পিতার সিংহাসনে আরোহণ করেতে পারতেন। কিন্তু যদু ইসলাম ত্যাগ করেননি।

অতঃপর মানুবের মধ্যে থাকে একটি বিবেক যার দারা সত্য ও মিথ্যাকে উপলব্ধি করতে পারা যায়। তার সাথে মানুষের মধ্যে থাকে একটা নৈতিক অনুভূতি। গণেশের যোগ্যতা ও কর্মক্ষমতা দেখে বাংলার সুলতান তাঁকে রাজ্যের সর্বোচ্চ পদে নিযুক্ত করেন।

কিন্তু বড়বন্ত্র ও হত্যাকান্ডের মাধ্যমে তিনি বাংলার সিংহাসন দখল করেন।
প্রথমতঃ তিনি প্রত্র প্রতি বিশ্বাসখাতকতা প্রদর্শন করেন এবং কতঃপর নিরীহ
মুসলমানদের হত্যাবন্ধ শুরু করেন। বিন্তু তথাপি তাঁর পুত্র ইসলাম প্রহণের
কারণে তাঁর সমস্ত জপরাধ ক্ষমা করেন নূরে কুতুবে আলমা শায়খ নূরে কুতুবে
আলমের আচরণ, ইসলামের সহনশীলতা ও উদারতার প্রতি অবশ্য খদু মুদ্ধ হয়ে
ধাকবেন। পিতার বিশ্বাসঘাতকতা, কৃতঘুতা ও নিষ্টুরতা অবশ্য কবশ্যই
যদুসেনের মনের গভীরে দাগ কেটে থাকবে। উপরস্তু, কামেল অলীর সংস্পর্শে
যদুর অন্তর সত্য সত্যই ইসলামের নূরে উদ্ভাসিত হয়েছিল। এটাই আমাদের
ধারণা। তা মোটেই অযৌক্তিকও নয়এবং অসম্ভবত নয়।

এবন মুসলিম বিষেধী ঐতিহাসিকগণের মতে, যদু যখন ইসলামে অবিচলিত ছিলেন, তখন তাঁকে নানাভাবে কলংকিত করতেই হবে। প্রথমতঃ তাঁকে একজন মুসলমান উপপত্নীর সন্তান বলা হয়েছে। অর্থাৎ তাঁদের বক্তবা এই'বে, আসলে তিনি হিন্দুই ছিলেন না ছিলেন জারজ (१) সন্তান।

রাখালদাস বন্দ্যোপাধ্যায় তাঁর ইতিহাসে এ সময়ের একটি চমকপ্রদ কাহিনী বর্ণনা করেছেন। তিনি তাঁর ইতিহাসের (বাংলার ইতিহাস ২য় খন্ড) ১৩৭ পৃষ্ঠায় বলেন— শ্বনেশ অথবা গদ থায়া করিতে পারেন নাই, অথবা করিতে ভরসা করেন নাট আন বাকজন বাকজী হিন্দুরাজা কর্তৃক তাহা স্বচ্ছলে সম্পানিত হইয়াছিল। ভাষান নাম দল্লামনি দেব।"

অবংশর তিনি উক্ত প্রস্তার ১৩৯ পৃষ্ঠায় উক্ত কথার পুনরাবৃত্তি করে বলেন—
অধ্যাপ অথবা বাদু বাহা করিছে পারেন নাই, আর্যাবর্তে কোনও হিন্দু রাজা
বাহা করিছে পারেন নাই, ডাহাই সাধন করিয়াছিলেন বলিয়া দন্জমর্দন দেব ও
ব্যাহ্য দেবের নাম ইডিহাসে চিত্রজনশীর পাকিবে।"

মজার ব্যাবার হজে এই যে, সংগ্রা-খনু কি করতে পারেননি, আর ব্যক্তবর্গন দেব কি করেছেন দার কোন উল্লেখ ই তার গ্রন্থে নেই।

त गुजार्स आह यपुनाच अवकात बर्जन

In this very year we find coins with Bengali lettering issued from Patelua and Chatgaon by a King named Mahendra Dev—taxetly resembling those of Danujmardan Dev. He was most probably the sounger son of Ganesh, who has remained a Hindu and to a bear his elder brother Jadusen Jalaluddin had offered to leave the paternal throne in case he was not permitted to embrace from Mahendra was evidently set up on the throne by Hindu minesters just after the death of Ganesh . . . I believe that Iahandra (then not more than 12 years old) was a mere puppet to the bands of a selfish ministerial faction . . . The attempt of the happands trous shortlived and ended in their speedy defeat, as

াজি ব বংসারেই পাজুয়া ও চাউগাঁও থেকে বাংলা অক্ষরে মহেন্দ্র দেবের

ক্ষান্তির হ্যা আবনা দেখতে পাই। এগুলো দেখতে অবিকল দনুজমর্দন দেবের

ক্ষান্ত্রা। পুর সভার তিনি ছিলেন গণেশের কনিষ্ঠ পুত্র। তিনি হিন্দুই রয়ে

ক্ষান্ত্রা। পুর সভার তিনি ছিলেন গণেশের কনিষ্ঠ পুত্র। তিনি হিন্দুই রয়ে

ক্ষান্ত্রা। পুর সভার তিনি জালালউদ্দীন তাকে বলেছিলেন যে, যদি তাকে

ক্ষান্ত্রা। বাবে বিদ্যানা হয় তাহলে যেন পিতার সিংহাসন ছেড়ে দেন। গণেশের

ক্ষান্ত্রা। বাবে বলেই বিশ্ব মন্ত্রীবর্গ মহেন্দ্রকে সিংহাসনে অধিষ্ঠিত করেন। আমার

বিশ্বাস মহেন্দ্র (যার বয়স বার বছরের বেণী ছিলনা) একটা স্বার্থান্দ্র মন্ত্রীচন্ট্রের কাষ্ঠপুত্তলিকা ছিলেন মাত্র। এ সকল মন্ত্রীবর্গের রাজা বানাবার প্রচেষ্ট্র। বেশীনিন চলতে পারেনি এবং জচিরেই তাঁদের পরাজয় ঘটেছে। কারণ এই একটি বছর ১৪১৮ খৃষ্টাব্দের পর মহেন্দ্রের নামে স্বার কোন মুদ্রা স্বংকিত হয়নি।"

যদুনাথ সরকার আরও বলেন-

"Ganesh placed his son, a lad of twelve only, under protective watch in his harem and ruled in his own account under the proud title of Danujmardan Dev.

"গণেশ তাঁর বার বৎসর বয়স্ক পুত্রকে হারেমের মধ্যে প্রতিরক্ষামূলক পাহারায় রেখে স্বয়ং গৌরবজনক 'দনুজমর্দন দেব' উপাধি ধারণ করে ইস্ছামতো শাসন চালান।"

এর থেকে বুঝা গেল গণেশই আসলে ছিলেন ননুজমর্দন দেব। অথবা দনুজমর্দন ছিল তাঁর উপাধি যা তিনি তাঁর জন্যে এবং পোটা হিন্দুজাতির জন্যে গৌরবজনক মনে করতেন।

রাখালদাস এখানেই ভূল করেছেন। তিনি দনুজমর্দনকে তির ব্যক্তি মনে করে তাঁর অসীম গুণগান গেয়েছেন।

এবন আসুন, আমরা দেখি দন্জমর্দন শব্দের অর্থ কি। দন্জমর্দন শব্দের অর্থ 'দৈত্যদলন'। উর্গ হিন্দুত্বের প্রতিষ্ঠাকামী গণেশ মুসলমান ও মুসলিম শাসন কিছুতেই বরদাশত করতে পারেননি। তাঁর একান্ত বাসনা ছিল মুসলমানদেরকে বাংলাদেশ থেকে নিশ্চিক্ত করে দিয়ে উর্গ হিন্দুরাজ কায়েম করা। বহিরাগত মুসলমানদেরকে গণেশের ন্যায় হিন্দুগণ 'যবন—মেছ্র' মনে করতেন। কিছু মুসলমানগণ হিন্দুদের তুলনায় শারীরিক গঠন ও শৌর্যবীর্যে বলিষ্ঠতর ছিলেন। তাই তাঁদেরকে যবন ও মেছ্র দৈত্যের মতো মনে করা হতো। এই দৈতা স্বরূপ যবন ও মেছ্রদের দলন ও নিধনই ছিল গণেশের ব্রত। ইব্রাহিম শার্কীর স্বদেশ প্রত্যাবর্তনের পর গণেশ পূর্ব থেকে শতগুণে এ দলন ও নিধন কার্য চালিয়েছেন। দলুজমর্দনের মুসলিম নিধন কার্যকলাপের উল্কুসিত প্রশংসা করে রাখালদাস বলেছেন, "আর্যাবর্তে কোনও হিন্দু রাজা যাহা করিতে পারেন নাই তাহাই সাধন করিয়াছিলেন বলিয়া দনুজমর্দন দেব ও মহেন্দ্র দেবের নাম ইতিহাসে চিরম্বরণীয় থাকিবে।"

গণোশা গৃথান পর পরই তার নিযুক্ত হিন্দু মন্ত্রীবর্গ তাঁর বার বৎসর বয়স্ক

কর মহেন্দকে সিংহাসনে অধিষ্ঠিত করে গণেশেরই পদাংক অনুসরণে

কাল্যি দলন কার্য অন্যাহত রাখেন। তাই দনুজমর্দন গণেশ ও তদীয় পুত্র

দহেন্দর বিল্যাকশাশে আনন্দে গদগদ হয়ে রাখালবাবু তাঁদের উচ্ছুসিত প্রশংসা

ক্রান্ত্রণ। বিল্যু মহেন্দের শাসন ছিল অন্ধ দিনের জন্যে।

HEREMA REM

## গগেৰ দন্জমৰ্দন

মহান্ত করা ও লাশাসম্পান মুহামান শাহ (১৪১৪–৩১ খৃঃ) মহেন্ত্র

## Rings with author systems

াৰৰে ৰে, গংগৰ ধাৰ্মাস লাখা বংকো দু'জন সুগতানকে আৰু বংগৰ কোন ৰামনুন্দীৰ আংখদ বাংকে হত্যা আৰু বংগৰ বংগাৰ মুখ্যৰ পুৰুষ সাঠঠিত হয়।

ান কটেবৰ নাম (১৪৮৩-৮০ নীয়) বিজ্ঞান বাহু বিজ্ঞান নাম (১৪৫৮-৮৫ নীয়) বিজ্ঞান বাহু (১৪৮৭ নীয়)

### বাংলার খলনলে হাবশী সুপতান

াৰত আবিসিনিয়ানাসীপণ বাংলায় আগমন করতে থাকে। বাররাক দুদ্দ শাহ জাদেরকে বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে নিয়োগ করেন। এদের আহমে ফথেহ শাহ জাদেরকে দমন করার চেষ্টা করলে তিনি নিহত বিক্রে হারশী সুশতান শাহন্ধাদা বাররাক নামে সিংহাসনে আরোহণ সুলতান শাহজালা বাররাক (১৪৮৬-৮৭ খৃঃ)
সাইফুলীন ফিরোজ শাহ (১৪৮৭-৯০ খৃঃ)
নাসীরক্ষীন মাহমুদ শাহ (১৪৯০-৯১ খৃঃ)
শামসুন্দীন মুজাফফর শাহ (১৪৯১-৯৩ খৃঃ)
আলাউন্দীন হোসেন শাহ (১৪৯৩-১৫১৯ খৃঃ)

উপরে বর্ণিত চতুর্থ হাবশী সুগতান শামসৃদ্দীন মুজাফফর শাহ, হোসেন নামে এক অজ্ঞাত কুলপীল ব্যক্তিকে তাঁর সরকারের অধীনে চাকুরীতে নিযুক্ত করেন। ক্রমশঃ তাঁর পদোন্নতি হতে থাকে এবং অবশেবে মুজাফফর শাহের প্রধানমন্ত্রীর পদে তিনি বরিত হন। পরবর্তীকালে নানান বড়যন্ত্রের মাধ্যমে প্রধানমন্ত্রী হোসেন আপন প্রত্কে নিহত করে বাংলার সিংহাসন অধিকার করেন। তিনি বাংলার ইতিহাসে আলাউদ্দীন হোসেন শাহ শরীফ মন্ধী নামে পরিচিত। পরে তিনি 'থলিফাতুল্লাহ' উপাধিও ধারণ করেন।

#### হোসেন শাহ

ইতিহাসের এক অতি বিশ্বর এ হোসেন শাহ। তাঁর পঞ্চমুখ প্রশংসায় বিরাট বিরাট গ্রন্থ লিখিত হয়েছে। কিন্তু বর্তমান কালে ইতিহাসের অনুসন্ধিৎসু ছাত্রের মনে তাঁর সম্পর্কে বিভিন্ন প্রশ্ন জাগে। সেসব জবাব ইতিহাস থেকে খুঁজে বের করতে হবে।

মঙলানা আকরাম খী তাঁর 'মুসলেম বংগের সামাজিক ইতিহাস' গ্রন্থে হোসেন শাহের আলোচনা করতে গিয়ে বলেন—

"সূলতান হোসেন শাহ নামে পরিচিত এই তদ্রলোকটির জাতি, ধর্ম, পূর্বাসন এবং তাঁহার উপাধি সহস্কে কোন নির্ভরযোগ্য প্রমাণ বহু অনুসন্ধান সম্ভেও আমরা এ পর্যন্ত খুঁজিয়া পাই নাই।"

প্রকৃতপক্ষে তার সম্পর্কে কিছু ইতিহাস, কিছু কিংবদন্তী এবং কিছু অলীক কাহিনীর ন্ধণার্থিচুড়ি তৈরী হয়ে আছে।

স্যার যদুনাথ সরকার তার 'দি হিষ্ট্রী অব বেঙল'-এ বলেন-

"প্রায় সব ঐতিহাসিক বিবরণে তাঁকে একজন আরব বলে উল্লেখ করা হয়েছে। তিনি তাঁর পিতাসহ বাংলায় এসে বসবাস করতে থাকেন। তাঁর প্রথম জীবনের ঘটনাবলী বহু লোককাহিনী ও উপাখ্যানের বিষয়কমূ হয়ে পড়েছে। তার অধিকাংশের ঘটনাকেন্দ্র হচ্ছে মূর্শিদাবাদ জেলার জংগীপুর মহকুমার একটি গ্রাম ধাকে বলা হয়— 'একজানি চাঁদপাড়া'। বেশ কিছু প্রাচীন ভগ্নাবশেষ আছে এ গ্রামে। জনশ্রুতি ও শিলালিপি অনুযায়ী এগুলোকে হোসেন শাহের আমলের বলা হথ্যে থাকে।" (উক্ত গ্রন্থ, ২য় থক্ত ১৪২–৪৩)

তাঁর সম্পর্কে আরও প্রবাদ প্রচলিত আছে যে, সাইয়েদ আশরাফ তাঁর দুই
পুএসহ গৌড় যাবার কালে চাঁদপাড়া নামে একটি রাঢ় গ্রামে স্থানীয় মুসলমান
কানীর গৃহে আতিপ্য গ্রহণ করেন। কাজী অতিথির বংশ পরিচয় জানতে পেরে
কার কনিষ্ঠ পুত্র হোসেনের সাথে আপন কন্যার বিয়ে দেন। অতঃপর বিদ্যাশিক্ষা
করার পর হোসেন গৌড়ে হাবলী সূলতান মুজাফফর শাহের অধীনে একটি
গামান্য চাকুরী গ্রহণ করেন। এ ধরনের কাহিনী সলিম লিপিবদ্ধ করেন একটি
লোমী প্রতিকার বরাত দিয়ে।

এ ধরনের গন্ধও তীর সম্পর্কে প্রচলিত আছে যে, বাল্যকালে হোসেন একজন স্থানীয় রান্ধণের অধীনে রাখালের চাকুরী করতেন। এ বালক তবিষ্যতে এক বিরাট ব্যক্তি হবে এক্সপ অলৌকিক লক্ষণ তাঁর মধ্যে দেখতে পেয়ে উক্ত নান্ধণ তাঁকে গৌডে নিয়ে যান।

পরবর্তীকালে হোসেন বাংপার সুলতান হলে সেই ব্রাহ্মণকে মাত্র এক আনা আজনার বিনিময়ে চাঁদপাড়া গ্রাম দান করেন। এ গলটি হবহ হাসান গাংগু নাম্মনীর বাদ্যজীবনের কাহিনীর অনুরূপ। তবে বিনা বিচারে একে সত্য বলে গাংগ করা যেতে পারে না। সামান্য ব্যক্তি থেকে কেউ একটি রাজ্যের মালিক গোখাখার হয়ে বসলে তার সম্পর্কে নানান ধরনের আজগুবি কাহিনী তৈরী করা আরা গাকে। হোসেন শাহ সম্পর্কেও তা–ই হয়েছিল বলে আমাদের ধারণা।

কোন কোন ঐতিহাসিক বলেন, হোমেনের পিতা সাইয়েদ আশরাফ মকার
নাম ছিলেন। কিন্তু দীর্ঘকাল তিরমিজে বাস করেন। বুকানন হ্যামিন্টন বলেন,
নালেন রংপুর জেলার অধিবাসী ছিলেন বলেও জনপ্রুতি আছে। গোবিন্দগঞ্জ
নালে বােল মাইল দূরে অবস্থিত দেবনগর গ্রামে তাঁর জন্ম। কোন কোন
নিমানিক আবার তাঁকে গৌড়ের সুলতান ইব্রাহীম শাহের প্রপৌত্র বলেও
নােল কারিছেন। অতএব দেখা যাছেছ তাঁর বংশপরিচয় ও জন্মস্থান নিয়ে
না বালিকদের মধ্যেও যথেষ্ট মতানৈকা রয়েছে।

শাল্যানিকগণের কেউ কেউ বলেন, তিনি শুধু আরবই ছিলেন না, ছিলেন

সাইয়েদ বংশীয়। তারপর কিছুটা কম্বনার রং দিয়ে হোসেনের বংশমর্যানা রঞ্জিত করার চেষ্টা করে বলা হয়েছে যে, তাঁর পিতা সাইয়েদ আপরাফ ছিলেন মন্ধার শরীফ। তাগা অনেষণের জন্যে তিনি তাঁর দুই পুত্রসহ বাংলায় আগমন করেন।

এখন অতি ন্যায়সংগততাবেই প্রশ্ন জাগে যে, হোসেনের পিতা মঞ্চার শরীফ হওয়াতো দ্রের কথা, মোটেই আরববাসী ছিলেন কিনা। হোসেনের সাইয়েদ হওয়া কেন, মুলসমান হওয়াটাও সন্দেহমুক্ত নয় বলে মনে করার যথেষ্ট কারণ আছে। ক্ষমতায় অধিষ্ঠিত হওয়ার পর তাঁর আচরণ ও কার্যকলাপই তার সাক্ষ্য দান করে।

প্রথমতঃ তাঁর বংশ পরিচয়ের কথাই ধরা যাক। তাঁর পিতা সাইয়েদ আশরাফ
মক্কার অধিবাসী ও শরীফ ছিলেন—এর কোন নির্তরযোগ্য প্রমাণ ইতিহাস থেকে
পাওয়া যায় না। উপরস্তু মক্কার শরীফ তাঁর দুই পুত্রসহ তাগ্য অবেষণের জন্যে
বাংলায় আগমন করেন, এ এক অলীক কল্পনা মাত্র। তিনি কি কোন কারণে
শরীফের পদমর্যাদা থেকে অপসারিত হয়ে স্থাবর অস্থাবর সম্পদ থেকে বঞ্চিত
হয়েছিলেন যার জন্যে তাঁকে বাংলায় আসতে হয়েছিল অল বল্লের অনুসন্ধানে?
কেউ কেউ আবার তাঁকে তিরমিজের অধিবাসীও বলেছেন। তাহলে কোন্টাকে
সত্য বলে গ্রহণ করা যাবে?

উল্লেখ্য যে, মকার শরীফ ছিলেন সেকালে হেজাজের সর্বময় কর্তা, একছ্জ্র বাদশাহ, বিপুল ঐশ্বর্যের মালিক, অতুলনীয় রাজ্প্রাসাদের তোগদখলকারী। ইতিহাসে এমন কোন তথ্য খুঁজে পাওয়া যায় না যে, মকার কোন শরীফ কোন কালে তাঁর মসনদ ত্যাগ করে তাগ্যোন্নয়নের জন্যে স্ত্রীপ্রসহ বাংলায় এসে অপরের অপ্রেয়প্রার্থী হয়েছেন। সম্ভবতঃ সূচত্র ও প্রতারক হোসেন নিজকে সাইয়েদ বংশীয় ও শরীফপুত্র বলে পরিচয় নিয়ে মুসলমানদের ভক্তিশ্রদ্ধা আকর্ষণ করেছিলেন।

তারপর মজার ব্যাপার এই যে, সিংহাসন লাভের পর হোসেন চাঁদপাড়া গ্রামের কাজী সাহেবকে (তাঁর শ্বন্তর), মতান্তরে তাঁর বাল্যজীবনের প্রভু জনৈক ব্রাহ্মণ ঠাকুরকে মাত্র একজানা রাজস্বের বিনিময়ে গোটা গ্রাম দান করলেন, পরে সেগ্রাম বা মৌজা 'একজানি চাঁদপাড়া' নামে অভিহিত হয়। কিন্তু হতভাগ্য পিতা ও জ্যেষ্ঠ ভ্রাতার অন সংস্থানের কোন ব্যবস্থা হোসেন করেছেন কিনা, তাঁর বিবরণ ইতিহাসে কোথাও নেই।

ভারপর আবার শব্দা করন্দ, হোসেনের কথিত পিতা সাইয়েদ আশরাফ মর্শিদাবাদের জংগীপুর মহত্মার চাঁদপুর গ্রামের জনৈক কাজীর বাডীতে আশ্রয় পুহুণ করেন। কাজী সাহেব সাইয়েদ বংশীয় লোক দেখে তাড়াতাড়ি হোসেনকে তীর কন্যা দান করে বসেন। জাবার একথা সমানভাবে প্রচলিত আছে যে, হোসেন চাদপাড়া গ্রামের জনৈক ব্রাহ্মণের অধীনে রাখালের চাকুরী করেন। এ সময়ে একদিন কোন গুরুতর অপরাধে ব্রাহ্মণ তাঁকে বেদম বেত্রাঘাত করেন। আবার কথনো হোসেনকে বলা হচ্ছে রংপুর জেলার দেবনগর গ্রামের অধিবাসী। এসব ানপরীতমুখী বিবরণ থেকে একথাই সুস্পষ্ট হয়ে উঠে যে, হোসেন প্রকৃতপক্ষে ।।। লেন অজ্ঞাত কুলশীল। একজন অজ্ঞাত কুলশীলের স্বার্থের স্বাতিরে সুযোগ বুঝে মুসলমান না হলেও মুসলমান বলে পরিচয় দেয়াটাও আচর্যের কিছু নয়। মোটকথা ষড়যন্ত্র ও প্রতারণার মাধ্যমে বাংলার মসনদে অধিষ্ঠিত হওয়ার পর গাঁর বংশ পরিচয় ও বাল্যজীবন সম্পর্কে নানান কল্পিত কাহিনী রচনা করা হয়। ক্রানাবিলাসী গল্পকারগণ হয়তো হোসেনের কথিত পিতার কোন সমাধি াাবিঙার করে তৎপার্থে হোসেন কর্তৃক বিরাট মসঞ্চিদ ও মাদ্রাসা স্থাপনের উল্লেখ করতে পারতেন, কিন্তু তাঁরা বাংলার পরম পরাক্রমশালী বাদশাহ ্রোসেনের কাহিনী রচনায় এত মশগুল ছিলেন যে, হততাগ্য পিতা ও ভ্রাতার কথা তাঁরা বেমালুম তুলে গেছেন।

কিভাবে হোসেন ক্ষমতা লাভ করেন এবং ক্ষমতা লাভের পর তাঁর ক্ষাৰ্য-ফলাপ কি ছিল তারও বিশদ আলোচনা করে দেখা যাক।

াবদী শাসক মূজাফফর শাহ হোসেনকৈ প্রথমতঃ সামান্য চাকুরীতে নিযুক্ত

শবেন। অতঃপর প্রথম বৃদ্ধি বলে হোসেন তাঁর প্রতুকে প্রীত ও সভুই করে

নানেধে প্রধানমন্ত্রীত্বের পদ লাভ করেন। সুচতুর হোসেন বুঝতে পেরেছিলেন

নান্দী শাসকগণ বাংলার লোকের কাছে ছিলেন অনভিপ্রেত। অতএব আপন

তে সেনাবাহিনী, অমাত্যবর্গ ও জনসাধারণের কাছে অধিকতর অপ্রিয় করে

শবে হোসেন স্বয়ং ক্ষমতা দখলের ষড়যন্ত্রে লিঙ হন। তিনি তাঁর প্রভু মূজাফ্ডর

নামকে নানাভাবে কুপরামর্শ দিতে থাকেন।

াংখালদাস বন্দ্যোপাধ্যায় বলেন— "সৈয়ন হোসেন শরীফ মন্ধী মুজাফ্ফর

শানো তবির ও প্রধান কর্মচারী নিযুক্ত হইয়াছিলেন। তাঁহার পরামর্শ অনুসারে

শান্ধণা শাহ সৈনিকদিগের বেতন হ্রাস করিয়া অর্থ সঞ্জয়ে মনঃসংযোগ

শান্ধিশেন।" বোংলার ইতিহাস, ২য় খন্ত পৃঃ ১৮৭)।

রিয়াব্স সালাতীন ও তারিখে ফেরেশতায় বলা হয়েছে যে, হোসেন উজির হওয়ার পর জনসাধারণের সাথে সদ্বাবহার করতে থাকেন। সঙ্গে সঙ্গে তাদেরকে একথাও বলতে থাকেন যে, মুজাফ্ফর শাহ অত্যন্ত নীচ প্রকৃতির লোক এবং বাদশাহ হওয়ার সম্পূর্ণ অনুপর্যুক্ত। হোসেন শাহের পরামর্শে মুজাফ্ফর শাহ অবাজ্বিত কাজ করতেন। ফলে হোসেন তাঁকে জনসাধারণের কাছে লোবী ও হয় প্রতিপত্ন করার সুযোগ পেতেন। এতাবে তিনি সেনাবাহিনী, আমীর–ওমরা ও জনগণকে মুজাফ্ফর শাহের বিরুদ্ধে কিঙ করে তোলেন। অবশেষে তাঁর নেতৃত্বে এক বিরাট বাহিনী মুজাফ্ফর শাহের বিরুদ্ধে ফ্রিঙ করে চোলেন। অবশেষে তাঁর নেতৃত্বে এক বিরাট বাহিনী মুজাফ্ফর শাহের বিরুদ্ধে ব্যুদ্ধে লিঙ হয়। ঐতিহাসিকগণ বলেন, যুদ্ধে উভয়পক্ষের এক লক্ষ বিশ হাজার সৈন্য নিহত হয়। সেকালে এতবড় রক্তক্ষরী যুদ্ধ পৃথিবীর অন্য কোথাও হয়েছে বলে জানা যায় না।

যুদ্ধে মুদ্ধায়্কর শাহ নিহত হন। কেউ বলেন, হোসেন প্রাসাদ রক্ষীকে হাত করার পর প্রাসাদের অভ্যন্তরে প্রবেশ করে শহন্তে আদন প্রভুকে হত্যা করেন।

মওলানা আকরাম খাঁ তাঁর 'মুসলেম বংগের সামাঞ্জিক ইতিহাস' এন্থে বিশ্বকোষের বরাত দিয়ে বলেন,

"সকল প্রেণীর মুসলমান সামন্ত এবং হিন্দুরাজগণ তাঁহাকেই (সৈয়দ হোসেন) রাজ সিংহাসনের উপযুক্ত পাত্র বিবেচনা করিয়া রাজপদে অভিবিক্ত করেন। তিনিও তাঁহাদের মনোরঞ্জনার্থ নির্দিষ্ট সময়মত গৌড় রাজধানী পূঠনের আদেশ দেন। ঐ সময়ে গৌড় নগরে অনেক ধনশালী হিন্দু প্রজা সর্বস্বান্ত হইয়াছিলেন।"

মজার ব্যাপার এই যে, হোসেনেরই আদেশে যারা পুঠন করেছিল, তাদেরকে আবার হোসেনের আদেশেই হত্যা করা হয়। এদের সংখ্যা ছিল বার হাজারেরও বেশী। হোসেন তাঁর আপন হীনস্বার্থ চরিতার্থ করার জন্যে লক্ষ লক্ষ পোকের রক্তে নিজের হাত রঞ্জিত করেন। হয়তো লুষ্ঠনের আদেশ কিছু সংখ্যক মুসলমান হত্যার বাহানা মাত্র।

এত গণহত্যার পর, যার মধ্যে ছিল সেনাবাহিনীর লোক, আমীর ওমরা, অমাত্যবর্গ, জ্ঞানীগুণী প্রতৃতি, হোসেনের বিরুদ্ধে টু শব্দ করার আর কেউ রইলো না। ফলে তিনি হয়ে পড়েন দেশের সর্বময় কণ্ডা।

সাইয়েদ হোসেন মন্ধী (?) সিংহাসন লাভের পর কোন্ ভূমিকা পালন করেন তা পাঠকগণের কৌতৃহল সঞ্চার না করে পারবে না। রাজপদে অধিষ্ঠিত হওয়ার পর তিনি তাঁর মন্ত্রীপরিষদ নতুন করে ঢেলে সাজালেন। তাঁর উজির ও প্রধান কর্মকর্তা হলেন— গোপীনাথ বসু ওরফে পুরন্দর থান, রাজ চিকিৎসক মুকুন্দ দাস, প্রধান দেহরক্ষী কেশব ছব্রী, টাকশাল প্রধান অনুপ। নানা শাস্ত্র বিশারদ ও বৈঞ্চব চূড়ামলী শ্রীরূপ ও সনাতনও তাঁর মন্ত্রী হলেন। স্যার যদুনাথ সরকার বৈশ্বব দেখকদের বরাত দিয়ে বলেন যে, প্রীচৈতন্য যে অবতার ছিলেন, হোসেন শাহ তা মন্প্রোণে বিশ্বাস করতেন। চৈতন্য গৌড় নগরে আগমন করলে হোসেন তাঁর প্রতি বিশেষ শ্রদ্ধা নিবেদন করেন এবং রাজকর্মচারীগণের প্রতি ফরমান জারী করেন যেন প্রতু চৈতন্যকে শ্রদ্ধা নিবেদন করা হয় ও তাঁর ইচ্ছামত যন্ত্রত্ত্র প্রমণের সুযোগ—সুবিধা করে দেয়া হয়।

শ্রদ্ধের আকরাম খাঁ তার উপরোক্ত গ্রন্থের ৯৮ পৃষ্ঠার বলেন ঃ

"হিন্দু লেখকগণের মতে হোসেন শাহের সিংহাসন আরোহণের পর হইতে গৌড় দেশে 'রামরাজ্য' আরম্ভ হইয়া গেল। মাননীয় দীনেশচন্দ্র সেন মহাশয় এ বিষয়ের ভূমিকা হিসাবে বলিতেছেন ঃ মুসলমান ইরান, ভুরান প্রভৃতি স্থান হইতেই আসুন না কেন, এদেশে আসিয়া সম্পূর্ণ বাঙালী হইয়া পড়িলেন। মসঞ্জিদের পার্শে দেব মন্দিরের ঘন্টা বাজিতে লাগিল, মহরম, ঈদ, শবে বরাত প্রভৃতির পার্শে দুর্গোৎসব, রাম, দোল উৎসব চলিতে লাগিল। . . . এহেন পরিস্থিতির মধ্যে সুলতান হোসেনের অভ্যুদয় ঘটিল। তিনি রাজকীয় ঝামেলা হইতে মুক্ত হইয়া খ্ব সম্ভব সর্বপ্রথমে চৈতন্যদেবের খেদমতে উপস্থিত হইলেন এবং তাঁহার ভক্ত প্রেণীভ্ক্ত হইয়া গেলেন। 'চৈতন্য চরিতামৃতে' লিখিত আছে থে, ইনি (হোসেন) শ্রীচৈতন্যের একজন ভক্ত হইয়াছিলেন।"

সূগতান হোসেন ও গ্রীচৈতন্য ছিলেন সমসাময়িক এবং চৈতন্যের সাথে হোসেনের গতীর সম্পর্ক এক ঐতিহাসিক সত্য। অতএব গ্রীচৈতন্যের কিঞ্জিৎ আপোচনা এখানে অপ্রাসংগিক হবেনা নিকয়।

### मीटिएना

গ্রী চৈতন্যকে বৈক্ষব সমাজ প্রীকৃষ্ণের অবতার রূপে, এমনকি স্বয়ং না-কৃষ্ণরূপে মনে প্রাণে বিশ্বাস করে। গোটা হিন্দু সমাজের মধ্যে প্রীচৈতন্য এক নব ভাগরণ সৃষ্টি করেন।

স্যার যদুনাথ সরকার বলেন ঃ

\* . . . এ এমন এক সময় যখন প্রতু গৌরাংগের প্রতীক স্বরূপ বাংগালীর

মনের পূর্ণ বিকাশ ঘটে। তাঁর প্রেম ও ক্ষমান্ত বালী সমগ্র ভারতকে বিমোহিত করে। বাংগালীর হৃদয়মন সকল বন্ধন ছিত্র করে রাধাকৃষ্ণের গাঁলা গাঁতিকার ধারা সম্মোহিত হয়। বৈশ্বর ধর্মের জাবেগ জনুত্তিতে, কাবো, গানে, সামাজিক সহনশীলতা এবং ধর্মীয় জনুরাগে মনের উদ্ধাস পরবর্তী দেড় শতাব্দী যাবত অব্যাহত গতিতে চলে। এ হিন্দু রেনেসাঁ এবং হোসেন শাহী বংশ ওতপ্রোত জড়িত। এ যুগে বৈক্ষব ধর্মের এবং বাংলা সাহিত্যের যে উন্নতি অর্মগতি হয়েছিল তা জনুধাবন করতে গেলে গৌত্তর মুসলমান প্রত্র উদার ও সংস্কৃতি সম্পন্ন শাসকের কথা অবশাই মনে পড়ে।"

(যদুনাথ সরকার, দি হিষ্ট্রী জব বেঙ্ক, ২য় খণ্ড পৃঃ ১৪৭।

প্রকৃতপক্ষে চৈতনোর আবির্তাবের উদ্দেশ্য কি ছিল, তা তাঁর নিজের কথায় আমরা সুস্পষ্টরূপে জানতে পারি। চৈতনা চরিতামৃত আদি লীলা, ১২০ পৃষ্ঠায় তিনি দ্বার্থহীন ভাষায় বলেন-

> "পাষতি সংহারিতে মোর এই অবতার। পাষতি সংহারি তক্তি করিমু প্রচার।"

এখন বুঝা গেল পাষ্ঠি সংহার করাই তাঁর জীবনের আসল লক্ষ্য। ইতিহাস আলোচনা করলে জানা যায়, মুসলমানগণ বাংলা অধিকার করার সময় বৌদ্ধ মতবাদ দেশ থেকে বিলুগু হয়েছিল। নিম্নশ্রেণীর হিন্দুদের যে বিপুলসংখ্যক লোক এদেশে বাস করতো, ব্রাহ্মণগণ তাঁদেরকে ধর্মের অপ্রয়ে আনতে জন্বীকার করেন। তার ফলে তারা বৈষ্ণৰ সমাজে প্রবেশ করতে থাকে। তাহলে এদেশে হিন্দু, বৈষ্ণব সমাজ ও মুসলমান ব্যতীত সে সময়ে আর কোন ধর্মাবলগীর অন্তিত্ ছিল না। তাহলে পারতি ছিল কারা যাদের সংহারের জন্যে চৈতন্যের আবির্তাব হয়েছিল?

মওলানা আকরাম খী তাঁর উপরে বর্ণিত প্রন্থে বলেন ঃ

"মনুর যতে বিভিন্ন ধর্মাবলয় অহিন্দু মাত্রই এই পর্যমেভ্রুন্ত সেরল বাংলা অভিধান)। আভিধানিক সুবল চন্দ্র মিত্র ভীহার Beng-Eng Dictionary তে পাষভি শন্দের অর্থে বলিতেছেন— "Not conforming himself to the tenets of Vedas: Atheistic, Jaina or Buddha, a non-Hindu— বেদ অমান্যকারী, অন্য বর্ণের চিহ্নধারী এবং অহিন্দু— পাষভির এই ভিনটি বিশেষণ সর্বত্র প্রদন্ত হইয়াছে।"

এখন পাষ্ঠি বলতে থে একমাত্র মুসলমাননেরকেই বুঝায়, তাতে আর সন্দেহের অবকাশ রইলো না।

এখন প্রশ্ন হচ্ছে এই যে, সত্য সত্যই-কি চৈতন্য পাষতি তথা

মৃসলমানদেরকে এদেশ থেকে উচ্ছেদ করতে পেরেছিলেন? আপাতঃ গৃষ্টিতে দেখা

যায়, চৈতন্যের সমসাময়িক সুলতান হোসেন শাহের পরেও এদেশে কয়েক
শতানী পর্যন্ত মুসলিম শাসন প্রতিষ্ঠিত ছিল। কিছু হোসেন শাহ কর্তৃক চৈতন্যের
শিষ্যত্ব গ্রহণ ও বৈক্ষব সমাজ প্রতিষ্ঠায় তার সাহায্য সহযোগিতার হার।

মুসলমানদের জাকীদাহ বিশ্বাসের মধ্যে শির্ক বিদয়াতের যে আবর্জনা জমে

উঠেছিল তা–ই পরবর্তী যুগে মুসলিম সমাজের জধঃপতনের কারণ হয়।

'মুদলেম বংগের দামাজিক ইতিহাদ' গ্রন্থ প্রণেতা বলেন—

"প্রকৃত কথা এই যে, বৌদ্ধ সমাজ ও বৌদ্ধ ধর্মকে তাহাদের মাতৃত্মি হইতে সমূলে উৎখাত করার পর তাহাদের নেকনজর পড়িয়াছিল মুসলমান সমাজের উপর। তাই যুগপৎতাবে তাহারা চেটা করিতে লাগিলেন 'যবন' রাজাদিগকে রাজনৈতিক কৌটিলাের মাধামে বিধ্বন্ত ও বিপর্যন্ত করিয়া ফেলিতে। পক্ষান্তরে ধর্মের নামে একটা মাহজাল বিস্তার করিয়া মুসলমান সমাজকে আত্মবিশৃত ও সম্মোহিত করিয়া রাখিতে। পূর্বে বলিয়াছি, ইহাই তৎকালের অবতার ও তাঁহার তক্ত ও সহকারীদের চরম ও পরম উদ্দেশ্য।"

সত্য নারায়ণের পূজা পদ্ধতির উল্লেখ হিন্দু পুরাণে আছে। হিন্দুর প্রায় প্রতি
যরে ঘরে এই পূজার অনুষ্ঠান হয়ে থাকে। কিন্তু মুসলমানকে দিয়ে এ সতা
নারায়ণের পূজা কিছুতেই সম্ভব ছিল না। তাই হিন্দু মুসলমানের বিতেদ
মিটাবার মহান (१) উদ্দেশ্যে সূলতান হোসেন সত্যপীরের প্রতিষ্ঠা ও তার পূজা
পদ্ধতির প্রবর্তন করেন। প্রকৃতপক্ষে সত্যপীরের দরগাহ প্রতিষ্ঠা, সত্যপীরের
নামে মানং ও শিবি বিতরণ, ঢাক-ঢোলের বাদ্য-বাজনাসহ সত্যপীরের দরগায়
অনুষ্ঠানাদি পালন প্রকৃতপক্ষে সত্যনারায়ণ পূজারই মুসলিম সংস্করণ যার প্রবর্তক
ছিলেন হোসেন শাহ। এসব কারণেই হোসেন শাহকে অবতার বলে মান্য করে
হিন্দু সমাজ।

নৃপতি হসেন শাহ হয়ে মহামতি। পঞ্চম গৌড়েতে যার পরম সুখ্যাতি।। অন্ত্রশক্তে সুপক্তিত মহিমা অপার। কলিকালে হবু যেন কৃষ্ণ অবতার।। ('বংগভাষা ও সাহিত্য' দীনেশ চন্দ্র সেন)। দীনেশ চন্দ্র সেন তাঁর 'বংগভাষা ও সাহিত্যে' বলেন ঃ

"কবীন্দ্র পরমেশ্বর ইহাকে (হোসেন শাহ) কৃষ্ণের অবতার বলিয়া বর্ণনা করিয়াছেন।... চৈতন্য ভরিতামৃত ও চৈতন্য ভাগবতে দৃষ্ট হয়, তিনি চৈতন্যপ্রভূকে ঈশরের অবতার বলিয়া খীকার করিয়াছিলেন।... যে গুণে আকবর ভারত ইতিহাসের কণ্ঠে কণ্ঠহার হইয়া আছেন, সেই গুণে হোসেন শাহ বংগের ইতিহাসে উল্কুল রত্ব বলিয়া গণ্য হইবেন।"

হিশুদের সাধারণ ধর্ম বিশ্বাস অনুযায়ী চৈতনা প্রীকৃষ্ণের অবতার। অথবা শয়ং প্রীকৃষ্ণ। এজন্যে তাঁর ভক্তবৃন্দ অতি মারাত্মকতাবে কৃষ্ণলীলায় আকৃষ্ট হয়ে পড়ে। ধর্মের নামে বৈষ্ণব—বৈষ্ণবীদের মধ্যে যে অতি জবনা ধরনের যৌন আনাচার চলে, তা পুরাণে বর্ণিত প্রীকৃষ্ণের যৌন আবেদনমূলক প্রেমলীলার পরিপূর্ণ অনুকরণ। এসবের পূর্ণ বিবরণ বহু হিন্দু শাস্ত্র গ্রন্থে দেখা যায়। বৈষ্ণব ধর্মের প্রচার ও প্রসারের ফলে হিন্দু সমাজের মধ্যে যৌন অনাচারের মাধ্যমে যে সর্বনাশটা হয়েছে তা হিন্দু সমাজের চিন্তাশীল ব্যক্তিগণ শ্বীকার করেন। পরম পরিতাপের বিষয় এই যে, বাংলার একজন শক্তিশালী মুসলিম শাসক হোসেন শাহের এ বৈষ্ণব ধর্মের প্রতি অনুরাগের কারণে মুসলিম বাংলার লক্ষ লক্ষ লোকও এ সমস্ত নোওরা ও অন্থীল আচার অনুষ্ঠানকে তাদের জীবনের আদর্শরূপে গ্রহণ করে মুসলিম সমাজকে অভিশপ্ত ও অধঃপতিত করেছে। এতাবেই খ্রীচৈতন্য পাষতি সংহারে পূর্ণ সফলতা অর্জন করেছেন বল্লে অত্যক্তি হবে না।

এখানে আমরা রাখাদদাস বলোপাধ্যারের উক্তির পুনরাবৃত্তি করে তার মধ্যে কিছু সংশোধনীসহ বলতে চাই—

'দন্জমর্দন দেব-গণেশ যাহা করিতে পারেন নাই, আর্যাবর্তের কোনও হিন্দু রাজা যাহা করিতে পারেন নাই তাহাই সাধন করিয়াছিলেন বলিয়া সুলতান হোসেন শাহের নাম ইতিহাসে চিরশ্বরণীয় থাকিবে।"

এত আপোচনার পর এখন হোসেন শাহের বংশ ও জাতিধর্ম সহক্ষে সন্দেহ অধিকতর ঘনীভূত হচ্ছে। হতে পারে যে, হোসেন শাহ আদৌ মুসলমান ছিলেন না। একজন সাইয়েদ বংশীয় মুসলমান হিসাবে পরিচয় দিয়ে মুসলমানদের ভক্তি শ্রদ্ধা আকর্ষণ করে প্রতারণার মাধ্যমে ক্রমণঃ উচ্চতম ক্ষমতায় অধিষ্ঠিত হন।
অথবা বাংপারই অজ্ঞাত কুলনীল হিন্দু অথবা মুসলমান কোন নিরাপ্রয় বালককে
মূলিনাবাদের চাঁদলাভা গ্রামের জনৈক ব্রাহ্মণ আপ্রয় দান করে রাখালের কাজে
নিযুক্ত করেন। উক্ত ব্রাহ্মণ এ বালকের মধ্যে এক বিরাট প্রতিতা দেখতে পান
এবং 'পাষতি সংহার নিমিত্ত' তাঁকে প্রশিক্ষণ দিয়ে মুজাফ্ফর শাহের দরবারে
অন্নসংস্থানের অজুহাতে প্রেরণ করেন। এখানেই সাইয়েদ ও মন্ধী বলে তাঁর
পরিচয় দেয়া হয়। মুজাফ্ফর শাহের অনুয়হে তাঁর ভাগ্যের দ্রুত পরিবর্তন ত্রয়
হয়। তাঁর গোটা জীবন, তাঁর সম্পর্কে ঐতিহাসিকদের পরস্পর বিরোধী বিবরণ,
তাঁর পরবর্তীকালের ধর্মবিশ্বাস, কার্মকলাপ ও জাচার—আচরণ, অসংখ্য
প্রতিভাবান মুসলমান হত্যা করে হিন্দু ও বৈক্কব সমাজের লোকদের দ্বারা তাঁর
মন্ত্রীসভা ও রাজদেরবারের শোভাবর্ধন, প্রভৃতি লক্ষ্য করার পর তাঁর জাতিধর্ম
সম্পর্কে উপরোক্ত ধারণা গোষণ করণে কি ভূল হবে?

মোটকথা, হোসেন শাহ মুসলমানই হন, আর হা—ই হন, অসংখ্য অগণিত মুসলমান সৈন্য, আমীর ভমরা ও সম্রান্ত মুসলমানদের হত্যার পর শক্তিশালী হিন্দু সামন্ত প্রভুদের তৃষ্টি সাধন করে মুসলিম সমাজের কোন্ সর্বনাশটা করেছেন, তা চিন্তা করার অবকাশ তাঁর ছিল কোথার? ইতিহাসের বিভিন্ন সময়কালে এমনি এক একজন মুসলমানকে কার্চপুত্তলিকা সাজিয়ে ইসলাম বৈরীগণ তাঁদের অতীষ্ট সিদ্ধ করেছেন। সেজন্যে অমুসলিম ঐতিহাসিক ও সাহিত্যিকগণকে আমরা হোসেন শাহের প্রশংসায় পঞ্চমুখ দেখতে পাই।

তাঁর জামলে বাংলা তাষার মাধ্যমে হিলু জাতির রেনেসাঁ জান্দোলন জোরদার হয়েছিল। বাংলা গ্রন্থ প্রণেতা মালাধর বসু, বিপ্রদাস, বিজয়গুঙ এবং যশোরাজ খান তাঁদের সাহিত্যে হোসেন শাহের উদ্ধুসিত প্রশংসাসহ কৃতজ্ঞতা জ্ঞাপন করেছেন। মালাধর বসু ভাগবতের দশম ও একাদশ স্কন্ধ বাংলায় অনুবাদ করেন। তিনি শ্রীকৃফ্কের প্রণয়লীলা বিষয়ক 'শ্রীকৃফ্ক বিজয়' নামক একখানি বাংলা মহাকাব্য রচনা করেন। হোসেন প্রীত হয়ে তাঁকে 'গুণরাজ খান' উপাধিতে ভূষিত করেন। তিনিবলেন—

"নিৰ্গুণ অধম মৃক্তি নাহি কোন ধাম গৌড়েশ্বর দিল নাম গুণরাজ খান।"

মালাধর বসুর ভাতা গোপীনাথ বসু ওরফে পুরন্দর খান গ্রীকৃঞ্চের প্রণয়লীলা

বিষয়ে কৃষ্ণমংগল নামক একখানি মহাকাব্য রচনা করেন। ব্রাহ্মণ বিপ্রদাস মনসামংগল কাব্য রচনা করেন। পরাগল খাঁকে হোসেন শাহ চট্টগ্রামে বিরাট ভূসম্পত্তি দান করেন।

গ্রসব গ্রন্থাদি ও মহাকাব্য রচনায় হোসেন শাহ ও তাঁর পুত্র নসরৎ শাহের সাহায্য সহযোগিতা ছিল বলে মুসলিম সমাজে তার বিরাট প্রভাব পরিলক্ষিত হয়।

উপরে বর্ণিত বিপ্রদাস রচিত মনসামংগদ কাব্য মুসদমানদের ধর্মীয় বিখাসের উপর এতথানি প্রভাব বিস্তার করে যে পরবর্তীকালে মুসদিম সমাজে মনসাপূজা প্রচলিত হয়। পাঠকগণের অবগতির জন্যে মওলানা আকরাম খাঁ'র গ্রন্থের কিঞ্চিৎ এখানে সন্নিবেশিত করছি।


"মহাভারত ও দেবী ভাগবতে আমরা মনসার অর্থনিক বিবরণ দেখিতে পাই।
তাহার জন্মবৃত্তন্ত সম্পর্কে মততেদ থাকিলেও আমরা তাহাকে শিবের কন্যা
বিশিরা ধরিয়া লইতে পারি। ভাষার শালীনতা রক্ষা করিয়া মনসার কাহিনী বর্ণনা
করা সম্ভব নহে। মোদ্দাকথা, জন্মের পর মৃহুর্তেই তিনি পরিপূর্ণ যৌবনবতী
ইইয়া উঠেন এবং নিব বা মহাদেব তাঁহাকে স্বগৃহে লইয়া যান। শিবের পত্নী চন্তী
বা দুর্গা যে কারণেই হউক তাঁহাকে দেখা মাত্র আক্রোম্পে ফাটিয়া পড়েন। ফদে
দুই দেবীর মধ্যে যে সংঘর্ব বাধে তাহাতে মনসা তাঁহার একটি চক্ষু হারান।
মনসা দুর্গার প্রতি ক্রোধে ক্ষিপ্ত হইয়া উঠিলেন। শিবও তাঁহার রোষ হইতে বাদ
পড়িলেন না। সোপ নাচানো বর্ণনা এখানে আমরা বাদ দিতেছি— মনসা কিরু
সাপের দেবী হিসাবে পূজিত হন)। মনসা প্রতিজ্ঞা করিলেন যে তাঁহার এই
অপমানের প্রতিশোধ না লইয়া ছাড়িবেন না। তাঁহার সহচরী নেত্রবর্তীর সহিত
পরামর্শ করিয়া তিনি শিব ও দুর্গা—ভক্তদের মনসা পূজায় বাধ্য করিবেন বিলয়া
স্থির করিলেন। এই উদ্দেশ্য লইয়া বাংলাদেশে তিনি এক বিশেষ রূপে আবির্তৃত
হইলেন এবং জতি অন্বার্যানে ধীরে ধীরে রাখাল, জেলে ও গরীব মুসলমাননের
তাহার পূজায় প্রবৃত্ত করিতে সমর্থ হইলেন। বাংলা সাহিত্যের কথা—১৬ পূঞাঁ)

চাঁদ সওদাগরের স্ত্রী একজন মনসাভক্ত নারী ছিলেন। কিন্তু তাঁহার স্বামী কোনক্রমেই মনসার পূজা করিতে রাজী হইলেন না। রাগাঝিত হইয়া মনসা তাঁহাকে নানা বিপদ ও ক্ষয়ক্ষতির মধ্যে ফেলিতে লাগিলেন। কিন্তু সাতটি সন্তান ও প্রচুর ধনসম্পদসহ তাঁহার সমৃদয় জাহাজ সমৃদ্রে নিমজ্জিত হওয়া সম্বেও সওদাগর নিজের মতে অটল রহিলেন। অবশেষে কঠোর সভর্কতা সংপ্রেও তাঁহার একমাত্র জীবিত পুত্র লবিন্দর সর্পায়াতে নিহত হয় এবং লখিলরের দ্রী বেহলা তাহার প্রণাঢ় ভক্তি ও মনসার দয়ায় তাহাকে পুনজীবিত করিতে সক্ষম হয়। চাঁদ সওদাগরের হারানো সকল পুত্র ও ধনৈশ্বর্য পুনরায় তাঁহাকে ফিরাইয়া দেওয়া হয়। এই মনসা পূজা এবং ইহার সহিত সম্পর্কযুক্ত বেহলার তাসান বিংশতি শতাব্দীর প্রথম পাদ পর্যন্ত যশোহর, খুলনা ও চরিশ পরগণা প্রভৃতি অঞ্চলের ম্পলমানদের মধ্যে প্রচলিত ছিল।" (মুসলেম বংগের সামাজিক ইতিহাস-পৃঃ ৭৮-৭৯)

গুধু দক্ষিণ বংগেরই নয় বাংলার প্রায় সকল অঞ্চলের একপ্রেণীর মুসলমান উপরোক্ত শির্ক ও কুফরী ধারণা পোষণ করে গ্রামে গ্রামে বেহলার ভাসান বা ভাসান যাত্রা উৎসাহ উন্যুম সহকারে অনুষ্ঠিত করতো।

এখন আমরা স্পষ্টই দেখতে পাই যে, হোসেন শাহ ও তাঁর বংশধরগণের সাহায্যে কিতাবে পৌতুলিকতার বিষবাস্প মুসলমানদের ধর্মীয় বিশাসকে সংক্রমিত করেছিল। যার ফলে পরবর্তীকালে হিন্দু মুসলমান সমাঞ্জ ও সংস্কৃতিকে এক ও অভিন্ন করার হাস্যকর প্রচেষ্টা চলেছে।

### হোসেন শাহী বংশ



বাংলার ইতিহাস আলোচনা করলে জানা যায় যে, সর্বপ্রথম হোসেন শাহী আমলেই মুসলমানদের আচার—আচরণ ও ধর্ম বিশ্বাসে পৌত্তলিকতার অনুপ্রবেশ ঘটেছিল। শ্রীটেতনা ও বৈশ্বব সমাজের বিরাট প্রভাব যে মুসলমানদের ধর্মবিশ্বাস কল্যিত করেছিল তাতে সন্দেহ নেই। হোসেন শাহ কর্তৃক লক্ষ লক্ষ সম্রান্ত মুসলমান আমীর—ওমরা, ধার্মিক ও লীর—অলী নিহত হওয়ায় এবং হোসেন শাহের স্বয়ং শ্রীটৈতনাের শিষাত্ব গ্রহণ করার কারণে মুসলিম সমাজে পৌত্তলিক তাবধারার অনুপ্রবেশ সহজতর হয়েছিল।

"Some of the influential Muslims used to worship the snake goddess, Manasa, out of fear for snake bite. It is probably the result of the Hindu influence on the Muslims. Nasrat Shah constructed a building in order to preserve therein the Qadam Rasul or the footprint of the Prophet. But the preservation of the Prophet's footprint does not find support in Orthodox Islam . . " (Husain Shahi Bengal, M.R. Tarafdar, p. 164, 166, 167, 89-91)

"কোন কোন প্রতাবশালী মুসলমান মনসা দেবীর পূজা করতো সর্পদংশনের তয়ে। এ ছিল সম্ববতঃ মুসলমানদের উপর হিন্দু প্রতাবের ফল। নসরৎ শাহ (হোসেন শাহের পুত্র) কদম রস্ল বা নবীর পদচিহ্ন রক্ষণের জন্যে একটি অট্রালিকা নির্মাণ করেন। নবীর পদচিহ্নের প্রতি শ্রদ্ধা নিবেদন সত্যিকার ইসলাম সমর্থন করেন।"

ডাঃ জেমস্ ওয়াইজ বলেন, গয়ার ব্রাঞ্চণগণ তীর্থ যাত্রীদেরকে বিস্কৃপদ (বিষ্ণুর পদচিহ্ন) দেখিয়ে প্রচুর রোজগার করে। তাদের অনুকরণে মুসলমান সমাজে কদম রস্পের পূজার প্রচলন শুরু হয় হোসেন শাহী বাংলায়।

হোসেন শাহী বংশ পঁয়তাল্লিশ বৎসর বাংলার শাসন পরিচালন করার পর আর তাদের কোন সন্ধান পাওয়া যায়নি। তারপর শের শাহ, সুর ও কররাণী বংশ ১৫৭৫ খৃষ্টাব্দ পর্যন্ত মার্সনদে অধিষ্ঠিত থাকে। অতঃপর দিল্লীর মোণশ সাম্রাজ্যের অধীনে নিযুক্ত গভর্গরগণ বাংলার শাসনকার্য পরিচালনা করতে থাকেন। তবে ১৬০৫ খৃষ্টাব্দে বাদশাহ আকবরের মৃত্যুর পর আহাঙ্গীর কর্তৃক মানসিংহ থিতীয়বারের জন্যে বাংলার গভর্গর নিযুক্ত হওয়ার পূর্ব পর্যন্ত শান্তির সঙ্গে বাংলার শাসনকার্য পরিচালনা সন্তব হয়নি। বাংলার মোগল আধিপত্য বার বার প্রতিহত ও বিপন্ন হয়। মানসিংহের পর জাহাঙ্গীর কৃত্বউদ্দীন খান কোকাকে বাংলার স্বাদার নিযুক্ত করেন। ১৬০৭ খৃষ্টাব্দে জাহাঙ্গীর কৃলী খান এবং ১৬৩৯ সাল পর্যন্ত জারও নয়জন বাংলার স্বাদার গভর্গর হিসাবে শাসন পরিচালনা করেন। ১৬৩৯ সালে যুবরাজ সূজা বাংলার গভর্গর নিযুক্ত হওয়ার পর সর্বপ্রথম ইংরেজগণ ব্যবসামীর বেশে বাংলায় আগমন করে এবং ১৭৫৭ সালে

ভারা চিন্নতন্তে মুখলিম শাসনের মূলোৎপাটন করে বাংলা বিহারের হর্তাকর্তা বিধাতা হয়ে শড়ে।

যুবরাজ মুহামদ সূজার পর ১৭৫৭ সাল পর্যন্ত যারা বাংলার মসনদে অধিষ্ঠিত ছিপেন জীয়া হলেন ঃ

যুবরাজ মুহাখদ সুঞা—১৬৩৯-৩০ খৃঃ
মুরাজ্বাম খান মীর জুমলা—১৬৬৩-৬৬৩ খৃঃ
দিলির খান-দাউদ খান—১৬৬৩-৬৬খৃঃ
শারেন্তা খান (মুমতাজ মহলের প্রাতা)—১৬৬৪-৭৮ খৃঃ
ফিদা খান জাজম খান কোকা—১৬৭৮ খৃঃ
মুবরাজ মুহাখদ জাজম—১৬৭৮-৭৯ খৃঃ
খানে জাহান—১৬৮৮-৮৯খৃঃ
ইরাহিম খান—১৬৮৮-৮৯খৃঃ
ইরাহিম খান—১৬৮৮-৮৯খৃঃ
মুবরাজ আজীম উন্দীন—১৬৯৮-১৭১৭খৃঃ
মুবরাজ আজীম উন্দীন—১৬৯৮-১৭১৭খৃঃ
মুবরাজ আজীম উন্দীন—১৬৯৮-১৭১৭খৃঃ
মুবরাজ আন—১৭১৭-২৭খঃ
সুবরাজ বান—১৭১৪-৪০খঃ
সরফরাজ বান—১৭৪৮-৪০খুঃ
সরফরাজ বান—১৭৪৮-৫৭খুঃ

# তৃতীয় অধ্যায়

## ইফ ইতিয়া কোম্পানীর বাংলায় আগমন

যে ইস্ট ইন্ডিয়া কোম্পানীর অধীনে ইংরেজগণ শতাধিক বৎসরের ঐকান্তিক প্রচেষ্টা ও সাধ্য সাধনায় ব্যবসায়ী থেকে শাসকে পরিণত হয়েছিল, সাড়ে পাঁচশত বৎসরব্যাপী প্রতিষ্ঠিত মুসলিম শাসনের মূলোৎপাটন করে এ দেশবাসীকে গোলামীর শৃংখলে আবদ্ধ করেছিল, তাদের এ দেশে আগমন ও পরবর্তী কার্যকলাণ আমাদের ভালো করে জেনে রাখা দরকার।

ষোড়শ শতান্দীর শেষ ভাগে (১৫১৯ খৃঃ) কতিপয় ব্যবসায়ীর সম্মিণিত প্রচেষ্টায় লন্ডনে ইস্ট ইন্ডিয়া কোম্পানীর জন্ম হয়। রাণী এলিজাবেথের অনুযোদনক্রমে তারা ভারতের সাথে ব্যবসা শুরু করে। ১৬১২ খৃষ্টাব্দে বাদশাহ জাহাঙ্গীরের নিকট থেকে সনদ লাভ করে এ কোম্পানী সর্বপ্রথম সুরাট বন্দরে তাদের বাণিজ্যকৃঠি স্থাপন করে।

প্রথম প্রথম তাদেরকে বুব ঘাত প্রতিঘাতের তিতর দিয়ে চলতে হয় বলে ব্যবসা বাণিছো বেশী সুবিধা করতে পারে না। ১৬৪৪ সালে বাদশাহ শাহজাহান দাক্ষিণাতের অবস্থানকালে তাঁর কন্যা আগুনে দক্ষিত্ত হয়। তার টিকিৎসার জন্যে সুরাটের ইংরেজ-কৃঠির অধ্যক্ষ কর্তৃক প্রেরিত সুদক্ষ সার্জন ভাঃ গ্যাব্রিল বাউটন তাকে নিরাময় করেন। তাঁর প্রতি বাদশাহ শাহজাহান অত্যন্ত মুদ্ধ হয়ে পড়েন এবং বাউটনের অনুরোধে ইংরেজ বণিকগণ বাংলায় বিনা শুদ্ধে বাণিজ্য করার অধিকার লাভ করে। ১৬৪৪ সালে ভারা যখন বাদশাহর ফরমানসহ বাংলায় উপস্থিত হয়, তখন বাংলা বিহার উড়িফার সুবাদার ছিলেন যুবরাজ মুহামন শাহস্কা।

কোম্পানীর পরম সৌভাগ্যই বলতে হবে যে, শাহ সুজার পরিবারের জনৈক সদস্যের চিকিৎসার ভার ভাঃ বাউটনের উপর অপিত হয় এবং এখানেও তিনি চিকিৎসায় সুনাম অর্জন করেন। অতএব শাহ সুজা মাত্র তিন হাজার টাকা সালামীর বিনিময়ে ইংরেজদেরকে বাংলায় অবাধ বাণিজ্যের সুযোগ দান করেন। বাদশাহ শাহজাহান ও ভদীয় পুত্র ইংরেজদের প্রতি যে চরম উদারভা প্রদর্শন করেছিলেন সেই উদারতা ও অনুগ্রহ প্রদর্শনকে অকৃতজ্ঞ ইংরেজ বণিকগণ গানবর্তীকালে মোগল সাম্রাজ্যের ও বাংলা বিহারের স্বাধীনতার মৃত্যুপরোদ্ধানা হিসাবে নানহার করে।

শাই সুদ্ধার ফরমানবলে ইংরেজ বণিকগণ হুগলীতে তাদের বাণিজ্যকৃঠি
ছাল্ডা করে এবং গাঁচনায় এজেনি স্থাপন করে।

# ৰীত ব্যুমলা খেকে সিরাজনৌলা

শার গুলার পর আতরংজেবের সেনাপতি মীর জুমলা বাংলার সুবাদার নিযুক্ত
বা বিচাৰণ মীর জুমলা ইংরেঞ্জনের গতিবিধির প্রতি তিক্ক দৃষ্টি রাখতেন।
বা বাচনা থেকে বর্গলীগামী কয়েকথানি মাল বোঝাই নৌকা মীর জুমলা
বাব বা বাবিধান এইবের জন্য হর্গলীর ইংরেজ কুঠিয়াল জনৈক
বাব বাজার নৌকা আটন করে পণাদ্রব্যাদি হস্তগত করে। তার এ
বা বাজার নৌকা আটন করে পণাদ্রব্যাদি হস্তগত করে। তার এ
বা বাজার বালার কুঠি অধিকার করার আদেশ জারী করেন।
বাবে বাজির নৌকা বা মালপর মালিককে ফেরৎ দিয়ে মীর

### HER HICKORY WIN

মান প্রশান পর শামেরা খান বাংগার নবাব সুবাদার পদে নিযুক্ত হন।
শামেরা খাদের করের ইংরেজগণ সর্বার সক্রের গাকতো। তাদের ঔক্তাের জন্য
শামেরা খান পূর্ববর্তী ফর্মানগুলি বাতিল করে দেন। তারা তাদের আচরণের
করের করার প্রতিশ্রুতি দিলে পূর্বতন
করার প্রতিশ্রুতি দিলে পূর্বতন
করার প্রতিশ্রুতি দিলে পূর্বতন
করার প্রতিশ্রুতি দিলে পূর্বতন

# জিলা খাব ও যুবৰাজ মুহামদ আজম

শাদেশা খানের পর ফিদা খান ও সম্রাট আওরংজেবের পূত্র যুবরাজ মুহাখদ বাজ্য পর পর বাংলার সুবাদার নিযুক্ত হন। ১৬৭৮ সালে মুহাখদ আজম পুরাদার নিযুক্ত হওয়ার পর কোম্পানী তাদের হীনস্বার্থ সিদ্ধির জন্যে মুহাখদ বাজ্যবে একুশ হাজার টাকা ঘুষ প্রদান করে। সম্রাট আওরংজেব তা জানতে পেরে তাকে পদচ্যত করে পুনরায় শায়েন্তা খানকে বাংলায় প্রেরণ করেন। এ সময়ে ইংরেজদের ঔদ্বত্য চরমে পৌছে। সাকবর নামক জনৈক ব্যক্তি সমাটের বিরুদ্ধে ষ্যভযন্ত্রে লিপ্ত হয় এবং ইংরেজগণ তাকে অক্সশস্ত্র দিয়ে সাহায্য করে॥ শায়েন্তা খান এ ষড়যন্ত্র জানতে পেরে পাটনা কৃঠির অধিনায়ক মিঃ পিকককে কারারুদ্ধ করেন। কোম্পানীর ব্যবসা শ্বতিগ্রন্ত হওয়ায় গভন থেকে ক্যাপ্টেন নিকশসনের নেতৃত্বে কয়েকখানি যুদ্ধ জাহাজ তারতে প্রেরণ করা হয় এবং চট্টপ্রাম অধিকারের নির্দেশ দেয়া হয়। কিন্তু ক্যাপ্টেন নিকলসন বিফল মনোরথ হন। ইংরেজদের এহেন দরতিসন্ধির জন্যে নবাব শায়েন্তা খান তাদেরকে সূতানটি থেকে বিতাড়িত করেন। ১৬৮৭ সালে কাশিমবাজার কৃঠির প্রধান জব চার্ণক নবাব প্রদন্ত সকল শর্ত স্বীকার করে নিলে পুনরায় তাদেরকে ব্যবসার অনুমতি দেয়া হয়। নবাৰ বৰ্তৃক প্ৰদন্ত শৰ্ভগুলি জব চাৰ্ণক কৰ্তৃক মেনে নেয়ার কথা ইংলভে পৌছলে কোম্পানীর কর্মকর্তাগণ এটাকে অব্যাননাকর মনে করে। অতঃপর তারা ক্যাণ্টেন হীথ নামক একজন দুর্নান্ত নাবিকের পরিচালনাধীনে 'ডিফেন' নামক একটি রণতরী বিভিন্ন জ্যাশন্ত্রে সজ্জিত করে ভারতে প্রেরণ করে। হীথ সূতানটি পৌছে যোগলদের বিরুদ্ধে যুদ্ধের উদ্দেশ্যে কোম্পানীর লোকজনসহ বালেশ্বর গমন করে। এখানে তারা জনগণের উপর অমানুষিক অত্যাচার করে এবং তাদের সর্বস্ব শুষ্ঠন করে। অতঃপর হীণ্ বাশেশ্বর থেকে চট্টগ্রাম গমন করে আরাকান রাজের সাহায্য প্রার্থনা করে। এখানেও সে ব্যর্থ হয় এবং নিরাশ হয়ে মাদ্রাজ চলে যায়। তাদের এসব দুরতিসন্ধি ও বড়যন্ত জানতে পেরে বাদশাহ আওরংজের ইংরেজদের মসলিপট্রম ও ডিজেগাপট্রমের বাণিজ্য কৃঠিসমূহ বাজেয়াপ্ত করেন। এভাবে কোম্পানী তাদের দুঙ্গতির জনো চরম বিপর্যয়ের সমুখীন হয়।

# সুবাদার ইবাহীম খান

শারেন্তা থানের পর জ্ঞাদিনের জন্যে থানে জাহান বাংলার সুবাদার হন এবং ১৬৮৯ সালে ইব্রাহীম খান বাংলা, বিহার ও উড়িষ্যার সুবাদার নিযুক্ত হন। এ দেশে কবেসা বাণিজ্যের প্রসারকল্পে কোম্পানীর বিষয়টি পুনর্বিবেচনা করা হয়। জতঃপর উড়িষ্যার বন্দী ইংরেজদেরকে মৃক্তিদান করে জব চার্ণককে পুনরায় বাংলায় বাণিজ্যকৃঠি স্থাপনের অনুমতি দেয়া হয়। জব চার্ণক পশায়ন করে মাদ্রাজ

গ্রন্থান করছিল। ধূর্ত জব চার্ণক অনুমতি পাওয়া মত্রে ১৬৯১ সালে ইংরেজ বিশ্বকদেরকে নিয়ে বাংলায় প্রত্যাবর্তন করে এবং কোলকাতা নগরীর পঙ্জন করে নিজেদেরকে এমনতাবে সূপ্রতিষ্ঠিত করে যে, এর সৃদ্ধপ্রসারী ফলস্বরূপ ১৯৪৭ দাস পর্যন্ত ইংরেজগণ বাংলা তথা সমগ্র ভারতত্মিতে তাদের আধিপত্য ও গায়াজাবাদ অক্ষর রাখে।

এ সময়ে ইংরেজদের বিরুদ্ধে একটি গুরুতর অভিযোগ উথাপিত হয়।
কলপ্তান্টিনোপলের শায়পুল ইসলাম বাদশাহ আওরংজেবকে জানান যে,
হংরেজরা তারত থেকে যে বিপুল পরিমাণ যবক্ষার সংগ্রহ করে তা ইউরোপে
নখানী করা হয় এবং তাই দিয়ে গোলাবারন্দ তৈরী করে মুসলমানদের বিরুদ্ধে
কবার করা হয়। আওরংজেব যবক্ষার ক্রয় নিবিদ্ধ করে দেন। কিছু গোপনে
ভারা যবক্ষার পাচার করতে থাকে। অতঃপর ইউরোপীয়দের সাথে ব্যবসা নিবিদ্ধ
করে বাদশাহ আওরংজেব এক ফরমান জারী করেন। হুগলী কৃঠির অধ্যক্ষ
বাংলার সুবাদারের কৃপাপ্রার্থী হলে তিনি এ নিষেধান্ডার কঠোরতা হ্রাস করে
দেন।

## পুৰাদার আজিমুশ্শান

ইরাহীম থানের অযোগ্যতার কারণে সমাট আওরংজেব তাঁর স্থলে স্বীয় পৌত্র অঞ্চিমুশ্শানকে বাংগার সুবাদার নিযুক্ত করেন।

আজিমূপ্শান ছিলেন অত্যন্ত জারামপ্রিয় ও অর্থলোজী। তার সুযোগে ইংরেজগণ গৌকে প্রভূত পরিমাণে উপটৌকনাদি নজর দিয়ে সুতানটি বাণিজাকৃঠি সুরক্ষিত করার অনুমতি লাভ করে। তারপর পুনরায় ষোল হাজার টাকা নজরানা ও মূলাবান উপহারাদি দিয়ে সুতানটি, গোবিন্দপুর ও কলিকাভা গ্রাম তিনটি লাভ করো।

১৭০৭ সালে আভরংজেবের মৃত্যুর পর আজিমৃশ্পানের পিতা বাহাদুর শাহ
নিট্রীর সিংহাসনে আরোহণ করেন। ফলে পুনরায় আজিমৃশ্পান বাংলা, বিহার ও
উড়িস্থার স্বাদার নিযুক্ত হন। অযোগ্য, অকর্মণ্য ও আরামপ্রিয় স্বাদারকে রাজস্থ
সংক্রান্ত ব্যাপারে সাহায্য করার জন্যে মূর্শিদ কৃদী খানকে দেওয়ান নিযুক্ত করে
বাংলায় পাঠানো হয়।

# মুর্শিদ কুলী খান

বাহানুর শাহের মৃত্যুর পর সিংহাসন শান্তের জন্য প্রতিন্ধন্তা করতে গিয়ে ফরোখিনার কর্তৃক আজিমুশ্দান নিহত হন এবং ফরোখিনার মূর্ণিদ কুলী খানকেই বাংলার সুবাদার নিযুক্ত করেন। মূর্ণিদ কুলী খান ইংরেজদের হাতের পূতৃদ সাজার অথবা অর্থদারা বশীত্ত হবার পাত্র ছিলেন না। অতএব তাঁর কাছ থেকে অবৈধ স্যোগ সুবিধা লাতে ইংরেজগণ ব্যথ হয়। অবস্থা বেগতিক দেখে তারা সম্রাটের নিকট একটি প্রতিনিধিদল প্রেরণ করে। তাদের মধ্যে হ্যামিন্টন নামে একজন সুদক্ষ চিকিৎসক ছিল। বাংলার সুবাদার ছিলেন ইংরেজদের প্রতিবিরাগতাজন। তাঁর মতের বিরুদ্ধে কিছু করতে সম্রাট ছিলেন নারাজ। কিন্তু এখানে একটি প্রেমঘটিত নাটকের সূত্রপাত হয় খার ফলে ইংরেজদের ভাগ্য হয় অত্যন্ত স্থাসর।

উদয়পুরের মহারাণা অজিৎ সিংহের এক পর্ম রূপসী কন্যার প্রেমাসক হয়ে পড়েন যুবক সম্রাট ফরোখনিয়ার। বিবাহ স্থিরীকৃত হওয়ার পর হঠাৎ তিনি তয়ানক রোগে আক্রান্ত হন। বিবাহ অনিনিষ্টকালের জন্যে স্থানিত হয়ে য়য়। কোন চিকিৎসারই কোন ফল হয় ন। অবশেষে সম্রাট হ্যামিন্টনের চিকিৎসারীন হন। তাঁর চিকিৎসায় সম্পূর্ণ আরোগ্য লাতের পর মহারাণার কন্যার সাথে বিবাহ সম্পন্ন হয়।

প্রিয়তমাকে লাভ করার পর সম্রাট ফরোখশিয়ার ডাঃ হ্যামিন্টনের প্রতি
জত্যন্ত মৃদ্ধ হয়ে পড়েন এবং ইংরেজ বণিকদিগকে কোলকাতার দক্ষিণে হগলী
নদীর উভয় তীরবর্তী জাটত্রিশটি গ্রাম লান করেন। তার নামমাত্র বার্ষিক খাজনা
নির্ধারিত হয় মাত্র জাট হাজার একশ' একুশ টাকা। সম্রাটের নিকটে এতকিছু
লাভ করার পরও মূর্শিন ঝুলী খানের ভয়ে তারা বিশেষ কোন সুবিধা করতে
পারেনি।

### সুজাউদ্দীন

১৭২৫ সালে মূর্শিদ ক্লীর মৃত্যুর পর তাঁর জামাতা সুজাউদ্দীন বাংলা, বিহার ও উড়িষ্যার সুবাদারের পদ ব্লংকৃত করেন। তাঁর জামলে ইংরেজরা ব্যবসা– বাণিজ্যে বিশেষ উন্নতি করে এবং তাদের ঔদ্ধত্যও বহুগুণে বেড়ে যায়। হুগলীর ফৌজদার একবার ন্যায়সংগত কারণে ইংরেজদের একটি মাল বোরাই নৌকা আটক করেন। একপা জানতে পেরে ইংরেজরা একনল সৈন্য পাঠিছে প্রহরীপের কাছ থেকে নৌকা কেড়ে নিয়ে যায়। তাদের এ ঔদ্ধত্যের জন্যে সুবাদার ভাগেরকে শান্তিদানের কথা চিন্তা করছিলেন। কোম্পানীর ধূর্ত কৃঠিয়াল তা লানতে পেরে তাড়াতাড়ি অপরাধ স্বীকার করে মোটা রকমের জরিমানা দিয়ে ক্ষমাপ্রার্থী হয়। এতাবে তারা রক্ষা পায়।

#### সরফরাজ খান

স্লাউন্দীনের মৃত্যুর পর তাঁর পুত্র সরফরান্ধ খান সুবাধার নিযুক্ত হন। নাদির গাহের ভারত অক্রমণ তাঁর সময়ে হয়েছিল।

### व्यामीवर्जी थान

সরফরাজ খান ছিলেন জযোগ্য ও দুর্বগচিত। তাঁর সেনাপতি আদীবর্দী খানের সংগে সংঘর্ষে নিহত হন এবং আদীবর্দী খান ১৭৪১ সালে বাংগার সুবাদার হন।

জালীবদী খানের সময় বার বার বাংলার উপর আক্রমণ চলে বর্গী দস্যুদের। গ্রাদের দৌরান্ত্র্য থেকে দেশকে রক্ষার জন্যে তিনি কয়েকবার ইংরেজ ও অন্যান্য বিদেশী বণিকদের কাছ থেকে মোটা অংকের অর্থ আদায় করেন। দেশের আর্থিক উরতিকল্পে তিনি ব্যবসা বাণিজ্যে উৎসাহ দান করতেন।

বহ সতর্কতামূলক ব্যবস্থা অবলয়ন করা সম্বেও বর্গীদসূরো একবার প্রবেশ করে লুঠতরাজ ও হত্যাকান্ড চালায়। জলপথে আগমনকারী বর্গীদসূরদের দমন করার জনো আলীবলী খান ইংরেজদের সাহায্য সহযোগিতার প্রয়োজনবোধ করছিলেন। কারণ নৌশক্তি কলতে বাংলার কিছুই ছিলনা। পক্ষান্তরে ইংরেজদের ছিল শক্তিশালী নৌবহর। আলীবর্দীর প্রধান সেনাপতি একবার ইংরেজদের মতো ক্রেমবর্ধমান এক অশুভ শক্তিকে দেশ থেকে বিতাড়িত করার পরামর্শ দেন। তদ্তরে বৃদ্ধ আলীবর্দী বলেন যে, একদিকে বর্গীরা স্থলপথে আগুন জ্বালাবে যা নির্বাপিত করার ক্যান্ডা বাংলার নেই। আলীবর্দীর বার্ধক্য এবং পরিস্থিতির নাজুকতার সুযোগ নিয়ে ইংরেজরা পাকাপোক্ত হয়ে বলে এ দেশে রাজনৈতিক প্রতিষ্ঠালাভের পরিকল্পনা গ্রহণ করে, যার পরিসমাপ্তি ঘটে পনেরো বৎসর পরে ১৭৫৭ খৃষ্টাবদে।

### সিরাজদৌলা

সতেরোশত ছাপ্লার খৃষ্টাব্দে সুদীর্ঘকাল শধ্যাশায়ী থাকার পর আলীবদী মৃত্যুবরণ করেন এবং সিরাজন্দৌলা তার উত্তরাধিকারী হন। তার সিংহাসন অরোহণের পর আলীবদী—কন্যা ঘেসেটি বেগম ও তার অপর দৌহিত্র পৃথিয়ার শাসনকর্তা শওকত হুং—এর সকল যভ্যন্ত তিনি দক্ষতার সাথে থানচাল করে দেন। আলীবদী খানের মৃত্যুর পর সিরাজন্দৌলার সিংহাসন আরোহণ করার সাথে সাথেই ঘেসেটি বেগম বিশ হাজার সৈন্যকে তার দলে ভিড়াতে সক্ষম হন এবং মুর্শিদাবাদ অভিমুখে রওয়ানা হন। সিরাজন্দৌলা ক্ষিপ্রতার সাথে ঘেসেটি বেগমের সৈন্যবাহিনীকে পরাজিত করেন ও বেগমকে রাজপ্রাসাদে বন্দী করেন। অপরাদিকে শওকত হুং নিজেকে বাংগার সুথাদার বলে ঘোষণা করলে যুদ্ধে সিরাজন্দৌলা কর্তৃক নিহত হন।

খেসেটি বেগম ও শওকত জং-এর বিদ্রোহে নওয়াজেশ মুহাম্মদের দেওয়ান রাজবহুত ইম্বন যোগাঞ্চিল। সিরাজন্দৌলা তা জানতে পেত্রে রাজবল্পতের কাছে হিসাবপত্র তশব করেন। ঢাকরে শাসনকর্তা নওয়াজেশ মুহান্দরে অধীনে দেওয়ান হিসাবে রাজস্ব আদায়ের ভার ভার উপরে ছিল। আদায়কত বিপুল পরিমাণ অর্থ আত্যসাৎ করেছিল বলে হিসাব দিতে অপারগ হওয়ায় নবাব সিরাজনৌলা রাজবল্পতের ঢাকাস্থ ধনসম্পদ খাটক করার খাদেশ জারী করেন। অবস্থা খেণতিক দেখে রাজভন্নতের পুত্র কৃষ্ণবল্লভ আদায়কৃত রাজস্ব ভ অবৈধভাবে অর্জিত যাবতীয় ধনসম্পদসহ গঙ্গাস্ত্রানের ভান করে পালিয়ে গিয়ে ১৭৫৬ সালে কোলবাতায় ইংরেজদের অপ্রয়গ্রহণ করে। সিরাজন্দৌলা ধনরত্বসহ পলাতক কৃষ্ণবল্লতকে তাঁর হাতে অর্পণ করার জন্যে কোলকাতার গতর্ণর মিঃ ছেককে আদেশ করেন। ভারতের তৎকালীন প্রেষ্ঠ ধনকবের ও রাজ্যের মধ্যে অতি প্রভাবশালী হিন্দুপ্রধান মাহতাব চাঁদ প্রমূখ অন্যান্য হিন্দু বণিক ও বেনিয়াদের পরামর্শে দ্রেক সিরাজন্দৌলার আদেশ পালন করতে স্বস্বীকার করে। তারণর অকৃতক্ত ক্ষমতালিকু ইংরেজগণ ও তাদের দাগাল হিন্দু প্রধানগণ সিরাজন্দৌলাকে ক্ষমতাচ্যত করে চিরদিনের জন্যে মুসলিম শাসন বিলুপ্ত করার যে বড়যন্ত্রজাল বিভার করে তা চূড়ান্তভাবে কার্যকর হয়— পলাশীর ময়দানে। পলাশীর যুদ্ধ, তার পটভূমি ও সিরাজন্দৌলার পতন সম্পর্কে আলোচনার পূর্বে আমাদের জানা নরকার তৎকালে বাংলার মুসলমানদের ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা কি ছিল।

৫৬ বাংগার মুসপমানদের ইতিহাস

### চতুৰ্থ অধ্যায়

বাংলার মুসলিম শাসন বিলুপ্তির পশ্চাৎ পটভূমি

একথা অস্বীকার করার উপায় নেই যে, মোগণ সাগ্রাজ্যের অধঃপতনের পর ভারতীয় মুসলমানদের জীবনে নেমে এসেছিল চরম দুর্যোগ। নামেমাত্র একটি কেন্দ্রীয় শাসন দিল্লীতে অবশিষ্ট থাকলেও তা ছিল অত্যন্ত দুর্বল যার সুযোগে বিভিন্ন স্থানে মুসলমান শাসকগণ একপ্রকার স্বাধীনতা ভোগ করছিলেন। তাঁরা তাদের এ স্বাধীনতা ককুর রাখার জন্যে সংখ্যাগরিষ্ঠ হিন্দু জনসাধারণ, জমিদার-জায়গীরদার ও ধনিক-বণিক শ্রেণীর সমুষ্টি সাধদের অপ্রাণ ডেষ্টা করেন। কলে তাঁরা হয়ে পড়েছিলেন স্বভাবতঃই হীনমন্যতার শিকার। সূযোগ সদ্মানী বিজিত জাতি এ সুযোগে মুসলমানদের ধর্মবিধাস ও তামান্দ্রনিক ক্ষেত্রে অনুপ্রবেশের সাহস পায়। বাংলা ও সংস্কৃত ভাষায় হিন্দু ধর্মশান্তের অনুবাদ, গ্রাচার ও প্রসার, প্রীচৈতনোর বৈষ্ণব ধর্ম প্রবর্তন, বৈষ্ণব সমাজের নোও্যা, অশ্লীল া যৌন উত্তেশনামূলক কিয়াকলাপ মুসলমান সমাজকৈ অধ্য পতলের অভগ তলে নিমন্ত্ৰিত কৰে দেয়। পঞ্জক সমূৰ সমৱে প্ৰাক্তি কৰাৰ উপায় না বাকলে ভার বর্মবিশাস ও সাংক্ষতিক ক্ষেত্রে লাধান্য বিজ্ঞা করতে পারশে তাকে महरणा विशासिक करो प्राया व्यावहरूत लेन्द्र निर्मय करड बार्लाह मुहजूह বিশ্বালী পালের করের শতাদীর পুরিস্তৃত বিশ্বোতের প্রতিশোধ প্রভাবেই ক্ষিত্রতা তপরত্ব মানিবলৈ বিভিন্ন স্তরে তারা মুসলিম জাতির অধঃপতন ্বাক্ত করে আলো প্রার্থ সাধনের জন্যে তাদেরই একান্ত মনঃপুত নামধারী লক্ষা পুরুলনানকে নির্বাচন করে ক্মন্তায় অধিষ্ঠিত করেছে। এই ভারত প্রাপ্ত বার্ল জানা জানা জানা জানের স্বার্ণ বোলআনা পূরণ করতে সক্ষম হয়েছে। আরু নামে বিল্যামী স্থান আর্কীনাধ্র মধ্যে কৃষ্ণর ও পৌত্তলিকভার অনুপ্রবেশ লব। ব্রুবিট সংক্রটিন উপর হিন্দুঞ্জাতির প্রাথন। মুসলমানদেরকে তাদের থানা । । গোনামে শর্নিণত করেছে। তার এতি স্বাভাবিক পরিণাম যা হবার তাই RETROR I

ার বা, আল, মধ্রিক তাঁর প্রস্তে মন্তব্য করেন ঃ

"This long years of association with a non-Muslim people

বাংলার মুসলমানদের ইতিহাস ৫৭

who far outnumbered them, cut off from original home of Islam, and living with half converts from Hinduism, the Muslims had greatly deviated from the original faith and had become Indianised. This deviation from the faith apart, the Indian Muslims in adopting the caste system of the Hindus, had given a disastrous blow to the Islamic conception of brotherhood and equality in which their strength had rested in the past and presented thus in the 19th century the picture of a disrupted society, degenerate and weakened by division and sub-division to a degree, it seemed, beyond the possibility of repair. No wonder, Sir Mohammad Iqbal said, surely we have out-Hindued the Hindu himself,-we are suffering from a double caste system-religious easte system, sectarian and social easte system-which we have either learned or inherited from the Hindus. This is one of the quiet ways in which the conquered nation revenged themselves on their conquerors." (British Policy and the Muslims in Bengal - A. R. Mallick)

—"মুসলমানগণ ইসলামের মূল উৎসকেন্দ্র থেকে বিচ্ছিন্ন হয়ে তারতের আধা ধর্মান্তরিত মুসলমানসহ সংখ্যাগরিষ্ঠ অমুসলমানদের সাথে বহু বৎসর যাবত একত্রে বসবাস করে মূল ধর্মবিশ্বাস থেকে সরে পড়েছিল এবং হয়ে পড়েছিল তারতীয়। অধিকন্তু এই তারতীয় মুসলমানগণ হিন্দুদের বর্ণপ্রথা অবলয়ন করে—অতীতে যে ইসলামী ভ্রাভৃত্ব ও সাম্যের মধ্যে তাদের শক্তি নিহিত ছিল— তার প্রতি চরম আঘাত হানে। ফলে উনবিংশ শতাব্দীতে তারা বহু তাগে বিভক্ত, ছিন্নতিন্ন ও অধঃপতিত জাতি হিসাবে চিত্রিত হয়, যার সংশোধনের কোন উপায় থাকে না। তাই স্যার মুহামদ ইকবালের এ উক্তিতে বিষয়ের কিছু নেই ঃ নিশ্চিতরূপে আমরা হিন্দুদেরকে ছাড়িয়ে গেছি। আমরা দ্বিগুণ বর্ণপ্রথার রোগে আক্রোন্ত—ধর্মীয় বর্ণপ্রথা, ফের্কা—উপফের্কা এবং সামাজিক বর্ণপ্রথা, যা আমরা শিক্ষা করেছি, অথবা হিন্দুদের কাছ থেকে উন্তরাধিকারসূত্রে পেয়েছি। যেসব নীরব পছায় বিজিতগণ বিজেতাদের প্রতিশোধ গ্রহণ করে থাকে, এ হলো তার একটি।"

এ এক অনস্বীকার্য সত্য যে, বাংলা তথা ভারতের হিন্দুজাতি মুসলিম শাসন কিছুতেই মেনে নিতে পারেনি। তাই তারা মুসলিম সংহতি সমূলে ধ্বংস করার জন্যে শতাব্দীর পর শতাব্দী ধরে নীরবে কাজ করে গেছে। তাদের প্রচেষ্টায় তারা পরিপূর্ণ সাফল্য অর্জন করেছে। মুসলমানদেরকে ইসলামের মৌলিক বিশ্বাস থেকে বিচ্ছিন্ন করেছে ও তাদের তাহুজিব তামান্দুনে পৌত্তলিকতার কলুষ কালিমা শেপন করেছে। তাদেরকে হিন্দুধর্মে ধর্মান্তরিত না করে হিন্দু ভাবাপন্ন মুসলমান বানিয়ে তাদের দ্বারা হিন্দুস্বার্থ চরিতার্থ করা যে অতিসহজ্ব এ তত্তক্তান তাদের ভালো করেই জানা ছিল এবং এ কাজে তারা সাফল্য অর্জন করেছে পুরাপরি।

# মুসলমানদের ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা

বাংলার মুসলমানদের অধঃপতন কোন কোন পথে নেমে এসেছিল এবং গাংগমঞ্চের জন্তরাল থেকে কোন অশুত শক্তি ইন্ধন যোগাছিল, তা সম্যক উপলব্ধি করতে হলে আমাদের জানতে হবে তৎকালে তাদের ধর্মবিশ্বাস, সমাজ শু সংস্কৃতি কতবানি বিকৃত হয়ে পড়েছিল।

প্রকৃতপক্ষে বাংলার মুসলমানদের জাকীদাহ বিশ্বাস, সমাজ ও সংস্কৃতিতে শৌওলিকতার জনুপ্রবেশ ঘটেছিল বাংলার শাসনকর্তা জালাউদ্দীন হোসেন শাহের সময় থেকে। হিন্দু রেনেসাঁ আন্দোলনের ধারক ও বাহকদের হারা পরিপূর্ণ ও পরিবেটিত মন্ত্রীসভার হারা পরিচালিত হোসেন শাহ প্রীটেডনের প্রতি জাকৃষ্ট হয়ে তাঁর শিখ্যত্ব গ্রহণ করেছিলেন। ঐতিহাসিকগণের বর্ণিত এ কথা সত্য হল অঙঃপর হোসেন শাহের ভৌহিদের প্রতি বিশ্বাস কর্ভটুকু ছিল তা সহজেই অনুময়। তাঁরই পৃষ্ঠপোষকতায় বৈক্ষববাদের প্রবল প্লাবন বাংলার মানব সমাজকে ভাসিয়ে নিয়ে গিয়েছিল। নিয়শ্রেণীর হিন্দু থেকে ধর্মান্তরিত মুসলমানকে সহজেই আকৃষ্ট ও প্রভাবিত করেছিল হিন্দু তান্ত্রিকদের প্রপামানকে সহজেই আকৃষ্ট ও প্রভাবিত করেছিল হিন্দু তান্ত্রিকদের প্রপামানকে সহজেই আকৃষ্ট ও প্রভাবিত করেছিল হিন্দু তান্ত্রিকদের প্রপামানকা অনুষ্ঠান ও জ্বহান, বৈক্ষবদের প্রেমলীলা প্রভৃতি। এসব আচার অনুষ্ঠান ও প্রেমলীলা হিন্দু সমাজের পবিত্রতা, ক্রচিবোধ ও নৈতিক জনুত্তি বহুলাংশে বিনম্ভ করলেও নিজের নাক কেটে অপরের যাত্রা ভংগের এ জন্ত্র দ্যানাই মুসলমানের ধর্ম ও তামান্দ্রনকে ক্ষত—বিক্ষত করা হয়েছে। মুসলমানদের ধর্মবিশ্বাসে ঘুণ ধরিয়েছিল এ সময়ের মুসলিম নামধারী কবি—সাহিত্যিকগল

যাদেরকে কাষ্ঠপুত্তলিকা হিসাবে ব্যবহার করেছিলেন, বাংলা ভাষার উন্নয়নের নামে প্রকৃতপক্ষে হিন্দু রেনেসাঁ আন্দোলনের ধ্বজাবাহীগণ। দ্বিতীয় যুগের হিন্দু কবিগণকে আদর্শ হিসাবে গ্রহণ করে এসব মুসলিম কবিগণ হিন্দু দেব-দেবীর প্রুতিমূলক কবিতা, পদাবলী ও সাহিত্য রচনায় প্রবৃত্ত হয়। তারা প্রীকৃষ্ণের প্রণয়লীলা, যৌন আবেদনমূলক কীর্তন, মনসার ভাসান সংগীত, দুর্গা ও গঙ্গার গুরুত্র ও হিন্দুদের পৌরাণিক কাহিনী অবলয়নে বহু পৃথিপুক্তক রচনা করে।

শেখ ফয়বুলাহ 'গোরক্ষ বিজয়' নামক একখানি মহাকাব্য রচনা করে বাংলার নাথ দম্প্রদায় ও কোলকাতা কালীমন্দির প্রতিষ্ঠাতা গোরক্ষ নাথ ও তার নাথ মতবাদের জুতি কীর্তন করে। জাফর খান অথবা দরাফ খান হিন্দুধর্মের প্রতি জনুরক্ত হয়ে সংস্কৃত ভাষায় গন্ধান্তোত্র রচনা করে— (বন্ধাভাষা ও সাহিত্য ঃ দীনেশ চন্দ্র সেন)। অনুরূপভাবে আবদুস শুকুর ও সৈয়দ সুলতান শৈব ও তান্ত্রিক মতবাদে আকৃষ্ট হয়ে সাহিত্য রচনা করে। (গোলাম রসুল কর্তৃক প্রকাশিত শুকুর মাহমুদের পীচালি ক্রইব্য)

কবি আগাউল ও মীর্জা হাফেজ যথাক্রমে শিব ও কালীর শুবস্তুতি বর্ণনা করে কবিতা রচনা করে (বঙ্গভাষা ও সাহিত্য ঃ দীনেশ চন্দ্র সেন)। সৈরদ সুলতান নবী বংশের তালিকায় ব্রক্ষা, বিষ্ণু, শিব এবং কৃষ্ণকে সন্ধিবেশিত করে—(ব্রিটিশ পলিসি ও বাংলার মুসলমান ঃ এ জার মল্লিক)। হোসেন শাহের আমলে সত্য নারায়ণকে সত্যপীর নাম দিয়ে মুসলমানগণ পূজা শুরু করে। পূর্বে তা উল্লেখ করা হয়েছে।

উপরোক্ত কবি-সাহিত্যিকগণের ধর্মমত ও জীবনবৃত্তান্ত সম্পর্কে কিছু জানবার উপায় নেই। সাহিত্যক্ষেত্রে শুধু তাদের নাম পাওয়া যায়। হয়তো তারা ধর্মান্তরিত মুসলমানের ঘরে জন্মগ্রহণ করেছে মাত্র এবং পরিপূর্ণ হিন্দু পরিবেশে তাদের জীবন গড়ে উঠেছে। অথবা মুসলমান থেকে ধর্মান্তরিত হয়ে হরিদাসের ন্যায় মুরতাদ হয়ে গেছে। তবে তাদের কবিতা, সাহিত্য, পাঁচালী, সংগীত প্রভৃতি তৎকালীন মুসলিম সমাজ ও সংস্কৃতির উপর প্রভাব বিস্তার করেছে।

পরবর্তীকালে ইসলাম-বৈরীগণ বাদশাহ আকবরকে তাদের জতীষ্ট সাধনে ব্যবহার করতে সক্ষম হয়েছে। জ্যপুরের রাজা বিহারীমলের সুন্দরী রূপসী কল্যা যোধবাই আকবরের মহিথী হিসাবে মোগল হারেমের শোতাবর্ধন করে। আকবরের একাধিক হিন্দু পত্রী ছিল বলে জানা যায়। তৎকালে হিন্দু রাজাগণ আক্বরের কাছে তাদের কন্যা সম্প্রদান করে তাঁকে তাঁদের স্বার্থে ব্যবহার করেছেন। এসব হিন্দু পত্মীগণকে রাজপ্রাসাদের মধ্যে মৃতিপূজা ও যাবতীয় ধর্মীয় অনুষ্ঠান পালনের পূর্ণ স্বাধীনতা দেয়া হয়। মুসলমান মোগল বাদশাহের শাহী মহল মৃতিপূজা ও অগ্নিপূজার মন্দিরে পরিগত হয়। এতাবে আকবরের উপরে শুধূ হিন্দু মহিষীগণই নয়, হিন্দু ধর্মেরও বিরাট প্রভাব পড়েছিল। এসব মহিষীর গর্তে ফেসব সন্তান জন্মগ্রহণ করে এহেন পরিবেশে জ্ঞানচক্ষু বুলেছে, পালিত—বর্ধিত হয়েছে, তাদের মনমানসিকতার উপরে পৌন্তলিকতার প্রত্যক্ষ প্রভাব কতনানিছিল তা অনুমান করা কঠিন নয়। এর স্বাভাবিক পরিণাম হিসাবে জ্ঞামরা দেখতে পাই, হিন্দু মহিষীর গর্ভজাত সম্রাট জাহাঙ্গীর দেওয়ালী পূজা করতেন এবং শিবরাত্রিতে ব্রাহ্মণ পভিত ও যোগীদেরকে তাঁর সাথে একরে নৈশভোজেনিমন্তিত করতেন। তাঁর শাসনের অষ্টম বৎসরে আকবরের সমাধি সৌধ সেকেন্দ্রার হিন্দু মতানুসারে পিতার প্রান্ধ অনুষ্ঠান পালন করেন।

শাহজাহান পুত্র দারা শিকোহ তাঁর রচিত গ্রন্থ 'মাজমাউল বাহুরাইনে' হিন্দুধর্ম ও ইসলামের মধ্যে সমন্বয় সাধনের চেষ্টা করেছেন।

অষ্টাদশ শতাব্দীর মধ্যভাগে আলীবদী খানের আতৃশুর শাহামত জংগ এবং দাওলাত জং মতিবিল রাজপ্রাসাদে সাতদিন ধরে হোলিপূজার অনুষ্ঠান পালন করেন। এ অনুষ্ঠানে আবির ও কুমক্ম স্থূপীকৃত করা হয়। মীর জাফরও শহরের গণ্যমান্য ব্যক্তিসহ হোলির অনুষ্ঠানে যোগদান করতেন। কথিত আছে যে, মীর জাফর মৃত্যুকালে কীরিটেশ্বরী দেবীর পদোদক (মূর্তি ধোয়া পানি) পান করেন। ('ব্রিটিশ পলিসি ও বাংলার মৃসলমান' ঃ এ আর মল্লিক; 'মুসলেম বংগের সামাজিক ইতিহাস' ঃ মওলানা আকরাম খী)

হোলি বলতে গেলে শ্রীকৃষ্ণের দোল উৎসব। শ্রীকৃষ্ণের অবতার শ্রীচৈতন্য বৈষ্ণববাদ প্রতিষ্ঠিত করেন। তাদের পূজা জনুষ্ঠানের মধ্যে শ্রীকৃষ্ণের দোলউৎসব জন্যতম। জভএব বৈষ্ণববাদের প্রভাব যে মুসলিম সমাজের মূলে তথন প্রবেশ করেছিল, উপরের বর্ণনায় তা স্পষ্ট বৃষ্ণতে পারা যায়।

মুসলিম সমাজের এহেন ধর্মীয় অধঃপতনের কারণ নির্ণয় করতে গিয়ে ঐতিহাসিকগণ বলেন যে, মুসলিম সমাজে পৌত্তলিক ভাবধারা অনুপ্রবেশের প্রধানতম কারণ হলো ভারতীয় নও-মুসলিমদের পৌত্তলিক থেকে অর্ধমুসলমান, (Half-Conversion) হওয়া। অর্থাৎ একজন পৌত্তলিক ইসলামকে না বুঝেই মুসলমান হয়। অতঃপর তার কোন ইসলামী প্রশিক্ষণের ব্যবস্থা হয়নি। হয়নি তার চিন্তাধারার পরিগুদ্ধি। পৌন্তলিকতার অসারতা ও তার বিপরীত ইসলামের সত্যতা ও সৌন্দর্য সম্পর্কে জানলাতের সুযোগ তার হয়নি। ইসলামী পরিবেশের মধ্যে জীবনযাপন করে আচার—আচরণ, স্বতাব—চরিত্র ও মনমানসিকতার পরিবর্তন ও সংশোধন হয়নি। তাই এ ধরনের মুসলমান হিন্দুর দুর্গোৎসবের অনুকরণে মহররমের অনুষ্ঠান পালন, দেওয়ালী—কালী পূজার অনুকরণে শবে বরাতে আলোকসক্তা ও বাজীপোড়ানো প্রভৃতির মাধ্যমে হয়তো কিছুটা আনল লাভের চেটা করে। আকবর, জাহাঙ্গীর ও বাংলার পরবর্তী শাসকগণ প্রকাশ্যে হিন্দু পূজার অনুষ্ঠানে যোগদান করতে হিধাবোধ করেননি।

ঐতিহাসিক এম. গ্রাসিন ডি ট্যাসিন বলেন, মহররমের তাজিয়া ঋবিকল হিন্দু দুর্গাপুজার অনুকরণ। দুর্গোৎসব যেমন দশ দিন ধরে চলে এবং শেষ দিন ঢাক—ঢোল বাদাবাজনাসহ পূজারিগণ প্রতিমাসহ মিছিল করতঃ তাকে নদী অথবা পুতুরে বিসর্জন দেয়, মুসলমানগণও অনুরূপতাবে দশ দিন ধরে মহররমের উৎসব পালন করে। শেষ দিন দুর্গা বিসর্জনের ন্যায় ঢাক—ঢোল বাজিয়ে মিছিল করে তাজিয়া পানিতে বিসর্জন দেয়া হয়।

ডাঃ জেমস্ ওয়াইজ মহররম উৎসবকে হিন্দুদের রথযাত্রা উৎসবের অনুরূপ বলে বর্ণনা করেছেন। মিসেস্ এইছ আলী বলেন, দীর্ঘদিন হিন্দুদের সংস্পর্শে থেকে মুসলমানগণ তাদের ধর্মীয় উৎসবগুলিকে হিন্দুদের অনুকরণে মিছিলের আকারে বাহ্যিক জাক—জমকপূর্ণ করে তুলেছে। ইউরোপীয়দের ন্যায় বিদেশী মুসলমানগণ বাংলার মুসলমানদের এ ধরনের ধর্মীয় উৎসবাদিকে ইসলামের বিকৃতকরণ ও অপবিত্রকরণ মনে করেছেন। (বৃটিশ পলিসি ও বাংলার মুসলমান ঃ এ আর মন্ত্রিক)।

ইসলাম ও মুসলমানদের এহেন পতন যুগে পীরপূজা ও কবরপূজার ব্যাধি মুসলমান সমাজে ছড়িয়ে পড়ে। ঐতিহাসিক এম. টি. টিটাসের মতে এ কুসংস্কার আফগানিস্তান, পারস্য ও ইরাক থেকে আমলানী করা হয়। হিলুদের প্রাচীন গুরুদ-চেলা পদ্ধতি এবং স্থানীয় বহু দেব-দেবীর পূজায় তাদের অদম্য বিশাস মুসলিম সমাজকে এ কুসংস্কারে লিঞ্জ হতে প্রেরণা যোগায়। তিনি বলেন, ইসলামের বাধ্যতামূলক ধর্মীয় আচার অনুষ্ঠান অপেক্ষা বহুগুণ উৎসাহ উদ্যম সহকারে তারা পীরপূজা করে। অতীতে যে সকল অলীদরবেশ ইসলামের মহান

নানী প্রচার করে গেছেন, পরবর্তীকালে জন্ধ মুসলমান তাঁদেরই কবরকে পূজার জেন্দ্র বানিয়েছে।

একমান্ত বাংলায় যেসব অগীদরবেশের কবরে মুসলমানগণ তাদের মনস্কামনা পুরবের জন্য ফুলশিণি ও নজর–নিয়াজ দিত, তার সংখ্যা তাঃ ক্রেমস ওয়াইজ নিয়ন্ত্রপ বলেন ঃ

সিলেটের শাহ জালাল, পাঁচ পাঁর, মুন্নাশাহ দরবেশ, সোনার গাঁয়ের খোন্দকার মূহাত্মদ ইউসৃফ, মীরপুরের শাহ জালী বাগদালী, চট্টগ্রামের পাঁর বদর, ঢাকার শাহ জালাল এবং বিক্রমপুরের আদম শহীদ। চট্টগ্রামে বায়েজিদ বুজামীর দরগাহ বলে কথিত, হয়তো একেবারে কন্ধিত একটি দরগাহ আছে তা সম্ভবতঃ ডাঃ জেমস ওয়াইজের পরবর্তীকালে আবিষ্কৃত হয়েছে।

বাংলা বিহারে এ ধরনের বহু দরগার উল্লেখ—ব্রক্ম্যানেরগ্রন্থে আছে।

সোনার গাঁয়ের হিন্দু মুসলমান উভয়ে পৃজাপার্বণ করতো বলে কথিত আছে।
কৃষক তালো ধান্য—ফসল লাভ করলে কয়েক আটি ধান নরগায় দিয়ে আসতো।
সকল প্রকার ব্যাধি ও বিপদ আপদ থেকে রক্ষা পাওয়ার জন্যে দরগায় চাউল ও
বাভাসা দেয়া হতো।

ঢাকা শহরের পূর্বে শীতলক্ষ্যা নদীর তীরে একটি দরগায় কালো রঙ্গের একটি প্রস্তর রাখা ছিল যাকে বলা হতো কদম রসূল দেবীর (সা) পদচিহা। অদ্যাবধি তা বিদ্যমান আছে বলে বলা হয়। ডাঃ জেমস ওয়াইজ বলেন, গয়ার ব্রাহ্মণগণ তীর্থযাত্রীদেরকে বিষ্ণুপদ (বিষ্ণুর পদচিহণ) দেখিয়ে প্রচুর অর্থ রোজগার করে। অনুরপ্রতাবে দরগার মৃতাওয়াল্রী গ্রামের অঞ্জ ও বিশ্বাসপ্রবর্ণ লোকদেরকে কদমরসূল দেখিয়ে প্রচুর অর্থ উপার্জন করে।

আজমীরে খাজা মুঈনউদ্দীন চিশতীর (রহ) মাজারের গিলাফ সরিয়ে বেহেশতের দরজা (१) দেখিয়ে মাজারের দালালগণ জিয়ারতকারীদের নিকট থেকে প্রচুর অর্থ রোজগার করে।

এ ধরনের অসংখ্য অগণিত কবর ও দরগাহ বাংলাদেশ, ভারত, পাকিস্তানে বিদ্যমান আছে, যেখানে আজো এক শ্রেণীর মুসলমান পূজাপার্বণ তথা শিরক বিদ্যাত করে থাকে।

মুসলিম সমাজ ও সংস্কৃতিতে পৌত্তলিকতা ও বিধর্মী তাবধারার অনুপ্রবেশ যতটুকু অবশিষ্ট ছিল, তা পরিপূর্ণ করে দেয় এক শ্রেণীর ভন্ড পীর-ফকীরের

বাংগার মুসদমানদের ইতিহাস ৬৩

দল। এমনকি ধর্মের নামে তারা বৈষ্ণব ও বামাচারী তান্ত্রিকদের অনুকরণে যৌন জনাচারের আমদানীও করে। মুসলমান নামে তারা যে মত ও পথ অবলহন করে তার উৎস থেছেতু বাংলার বৈষ্ণববাদ, সেঞ্জন্যে বৈষ্ণবদের আচার অনুষ্ঠান ও রীতিনীতির কিঞ্চিৎ উল্লেখ এখানে প্রয়োজন মনে করি। মওলানা আকরাম খা তার 'মুসলেম বঙ্গের সামাজিক ইতিহাস' গ্রন্থে এ সম্পর্কে বিশদ আলোচনা করেছেন। তার গ্রন্থ থেকে কিঞ্চিৎ পাঠকগণকে পরিবেশন করছি।

"চৈতন্যদেব হইতেছেন বাংলার বৈষ্ণবদের চৈতন্য সম্প্রদায়ের পৃঞ্জিত দেবতা।
হিল্পদের পাধারণ বিশ্বাস জনুযায়ী চৈতন্য শ্রীকৃঞ্জের একজন অবভার অথবা
পরিপূর্ণ অথেই স্বয়ং শ্রীকৃঞ্জ। এই কারণেই তাঁহার ভক্তগণ, তাঁহার মৃত্যুর পর
তাঁহার সত্তা হইতে মানুষ চৈতন্যকে বাদ নিয়া তাঁহাকে সম্পূর্ণরূপে কৃঞ্জচৈতন্য
উরীত করে এবং অতি মারাজ্বকভাবে কৃঞ্জের প্রমলীলার প্রতি আকৃষ্ট হইয়া
পড়ে। ধর্মের নামে নেড়া–নেড়া তথা মুন্ডিত কেশ বৈষ্ণব–বৈষ্ণবীদের মধ্যে যে
জখন্য যৌন অনাচারের প্রোত বহিয়া চলে, তাহা পুরাণে বর্ণিত প্রাকৃত্তের যৌন
আবেদমূলক প্রণয়লীলার পুনরাকৃত্তি বা প্রতিক্রপ ব্যতীত কিছুই নহে।

তান্ত্রিক দ্বার্থহীন তাবায় নির্দেশনা দিতেছেন যে, কলিকালে বের্তমান যুগে।
মদ্যপান শুধু নিদ্ধই নহে বরং অপরিহার্যান্ডাবে তাহা অত্যন্ত প্রয়োজনীয়। সত্য,
ব্রেতা ও দাপর যুগে মদ্যপানের রীতি প্রচলিত ছিল, তেমনি এই কলি যুগেও
বর্ণধর্ম নির্বিশেষে তোমরা ইহা পান করিবেন (মহানির্বাণতন্ত্র, ৪র্থ উল্লাস, ৫৬
শং প্রোক্)।'

'মহাদেব গোরীকে বলিতেছেন ঃ পাথরে বীজ বপন করিলে তাহার অংকুরিত হওয়া যেমন অসম্বন, পঞ্চতত্ত্ব ব্যতীত পূজা উপাসনাও তেমনি নিক্ষল। অধিকত্ত্ব পঞ্চতত্ত্ব ব্যতীত পূজা উপাসনা করিলে পূজারীকে নানা বিপদ আপদ ও বাধা বিপত্তির সম্ম্বীন হইতে হয়— মেহানির্বাণতন্ত্ব, ৫ম উল্লাস, ২৩-২৪ প্রোক)।'

মহাদেবের নিজমুখে এ পঞ্চতত্ত্ব রহস্যের ব্যাখ্যা প্রবণ করিতে আমরা পাঠকগণকে আমন্ত্রণ স্থানাইতেছিঃ

'হে আদ্যে, শক্তিপূলা পদ্ধতিতে অপরিহার্য্য করণীয় হিসেবে মদ্যপান মাংস, মৎস্য ও মুদ্রাভক্ষণ এবং সংগমের নির্দেশ দেয়া যাইতেছে।'

মেদাং মাংসং ততো মৎস্যং মৈপুনে মেরচ শক্তিপুলা বিবাবাদো পক্ততত্ত্বং প্রকৃতিতম—মহানির্বাণতন্ত্র, ৫ম উল্লাস, ২২ প্লোক।) "আর্থ সমাজের প্রতিষ্ঠাতা স্বামী নয়ানন্দ বামাচারী তান্ত্রিকদের এই পূজা
পদ্ধতি সম্পর্কে লিখিতেছেন ঃ বামাচারীগণ বেদবিরুদ্ধ এই সকল মহা অধর্মের
কার্যকে পরম ধর্মরূপে গ্রহণ করিয়াছে। মদ্য, মাংস, মৎস্য, মূলা ও যৌন
সংগ্রমের এক বিশ্বাদ মিশ্রণকে তাহারা বাজ্নীয় বিলয়া মনে করে। পঞ্চতত্ত্ব
আর্থাৎ যৌন সংগ্রমের ব্যাপারে প্রত্যেক পুরুষ নিজেকে শিব ও প্রত্যেক নারীকে
পার্বতী কর্মনা করিয়া এবং প্রত্যেক নারী নিজেকে পার্বতী ও প্রত্যেক পুরুষকে
পিব কন্ধনা করিয়া এবং প্রত্যেক নারী নিজেকে পার্বতী ও প্রত্যেক পুরুষকে
পিব কন্ধনা করিয়া. . মন্ত্র উচ্চারণ করিয়া ধর্মীয় অনুষ্ঠান হিসাবেই সংগ্রম
লিপ্ত হইতে পারে। স্বত্বতী স্ত্রীলোকের সহিত সংগ্রম শাস্ত্রে নিধিদ্ধ আছে। কিজ্
শামাচারীগণ তাহাদিগকে অর্থাৎ রঞ্জন্মণা স্ত্রীলোকদিগকে অতি পবিত্র জ্ঞান
করে . . . ।

"বামাচারীদের শাব্র রুদ্রমংগণতত্ত্বে বলা হইয়াছে ঃ রঞ্জপার সহিত সংগ্রম
পূর্কুরে স্নানভূপ্য, চন্ডালী সংগ্রম কালীযাত্রার ভূল্য, চর্মকারিনীর সহিত সংগ্রম
প্র শ্বাপে সানের ভূণ্য, রঞ্জনী সংগ্রম মধুরা যাত্রার ভূল্য এবং ব্যাধ কন্যার সহিত
সংগ্রম অযোধ্যা তীর্ধ পর্যানের ভূল্য।"

"খখন বামাচারীরা তৈরবী চক্রে নির্বিচারে জবাধে যৌনসভোগের জন্য মিলিত নরনারীদের একটি চক্র) মিলিত হয়, তখন ব্রাহ্মণ—চভালের কোন তেদ প্রাক্রেনা। একদল নরনারী জন্যলাকের জগয় একটি নির্জনস্থানে মিলিত হয়য়া তেরবীচক্র নামে একটি চক্র রচনা করিয়া উপবেশন করে অথবা দভায়মান হয়। এই কামৃকদের সকল প্রুষ একজন স্থীলোককে বাছিয়া লয়য়া তাহাকে বিবম্ন করিয়া তাহার পূজা করে। অনুরূপ সকল নারী একজন পুরুষকে বাছিয়া বাইর করে এবং তাহাকে উলগে করিয়া পূজা করে। পূজাপর্ব শেব হওয়ার পর তরুপ্রয় এবং তাহাকে উলগে করিয়া পূজা করে। পূজাপর্ব শেব হওয়ার পর তরুপর এবং তাহাকে উলগে করিয়া পূজা করে। পূজাপর্ব শেব হওয়ার পর তরুপর ধর্মানের সকল বস্ত্র ছুড়য়া ফেলিয়া তাহারা সম্পূর্ণ উলংগ হইয়া পড়ে এবং মাহাকে যাহার ইছ্যা তাহার সহিত এবং যতজনের সংগে সন্তব ততজনের সংগে জবাধ যৌন সংগমে মাতিয়া উঠে— যৌন সংগী যদি মাতা, ভয়ি অথবা কন্যাও হয় তাহাতেও তাহাদের কিছু যায় আসেনা। বামাচারীদের তন্ত্রশাম্রে এইরপ বিধান করা হইয়াছে যে, একমাত্র মাতা ব্যতীত যৌন সংগম হইতে অবশাই জন্য কোন নারীকে বাদ দিবেনা এবং কন্যা হউক অথবা ভয়ি হউক আর সকল নারীর সংগেই যৌন কার্য করিবে। জ্ঞান সংকলনীতন্ত্র ঃ মাতৃং

বাংলার মুসদমানদের ইতিহাস ৬৫

যোনিং পরিতাজা বিহারেং সর্বযোনীযু।—এসব বৈষ্ণবতান্ত্রিক বামাচারীদের আরও এত জঘন্য অশ্লীল ক্রিয়াকলাপ আছে যে তা তাষায় বাক্ত করা সম্ভব নয়।" – (মুসলেম বংগের সামাজিক ইতিহাস, মওলানা আকরাম খাঁ।)

উপরে বর্ণিত জঘনা ও লোরো পরিবেশের প্রভাবে বাংগার তৎকালীন মুসলিম
সমাজ ধর্মীয় ও নৈতিক অধংপতন এবং সামাজিক ও তামান্দৃনিক বিশৃংখলার
এক অতি শোচনীয় তরে নেমে আসে। এ অধংপতনের চিত্র পাঠক সমাজে
পরিসফুট করে তৃলে ধরতে হলে এখানে মুসলমান নামধারী মারফতী বা নেড়ার
পীর—ফকীরদের সাধন পদ্ধতির উল্লেখ প্রয়োজন। এ তড ফকীরের দল বিভিন্ন
সম্প্রদায় ও উপসম্প্রদায়ে বিভক্ত ছিল। যথা আউল, বাউল, কর্তাভজা, সহজিরা
প্রভৃতি। এগুলি হচ্ছে হিশু বৈশ্বর ও চৈতনা সম্প্রদায়ের মুসলিম সংস্করণ যাতে
করে সাধারণ অজ মুসলমানদেরকে বিপথগামী করা যায়।

এদের মধ্যে বাউল সম্প্রদায় মনে হয় সর্বাপেক্ষা জঘন্য ও যৌনপুরণ। মদ্য পান, নারীপুরুষে অবাধ ফৌনক্রিয়া এদের সকল সম্প্রদায়েরই সাধনপদ্ধতির মধ্যে অনিবার্যরূপে শামিল। তবে বাউলগণ উপরে বর্ণিত তান্ত্রিক বামাচারীদের ন্যায় ফৌনসংগমকে ফৌনপূজা বা প্রকৃতি পূজা রূপে জান করে। তাদের এ ফৌনপূজার মধ্যে 'চারিচন্দ্র ভেদ' নামে একটি অনুষ্ঠান পালন করতে হয়। একে তারা একটি অনিবার্য পবিত্র অনুষ্ঠান মনে করে। তাদের মতে মানুষ এ চারিচন্দ্র বা মানব দেহের নির্যাস যথা রক্ত, বীর্য, মল ও মৃত্র পিতার অভকোষ ও মাতার গর্ত থেকে লাভ করে থাকে। অতএব এ চারিচন্দ্র বাইরে নিক্ষেপ না করে দেহে ধারণ করা কর্তব্য। বাউল বা নেড়ার ফ্রকীরগণ এ চারিচন্দ্র সাধনের সাথে 'পঞ্চরস সাধন'ও করে থাকে। পঞ্চরস হক্ষে তাদের তাষায় কালো সাদা লাল হলুদ ও মূর্শিদবাক্য। এ চারবর্ণ যথাক্রমে মদ, বীর্য, রক্ষঃ ও মলের অর্থজ্ঞাপক। আপন স্ত্রী অথবা পরস্ত্রীর সাথে সংগমের পর তারা মূর্শিদবাক্য পালনে এ চারবর্ণের পদার্থ ভঞ্চণ করে থাকে।

শ্রন্থের মওলানা আকরাম খাঁ তাঁর উপরে বর্ণিত গ্রন্থে এসব বাউলদের সম্পর্কে বলেন ঃ

"কোরআন মজিদের বিভিন্ন শব্দ ও মূলতত্ত্বের যে ব্যাখ্যা এই সমস্ত শয়তান নেড়ার ফকীরের দল দিয়াছে, তাহাও অদ্ভুত। 'হাওলে কাওসার' বলিতে তাহারা বেহেশতী সঞ্জীবনী সুধার পরিবর্তে স্ত্রীলোকের রজঃ বা ঋতুসাব বুঝে। যে পুলালছাততে এ খূণ্য ফকীরের দল বীর্য পান করে, তাহার সূচনায় বীজ মে আনার নামানালাহ, মায়াযাল্লাহ) অর্থাৎ বীর্ষে আল্লাহ অবস্থান করেন— এই আরো নিম্নামলাহা শব্দ উচ্চারণ করে থাকে।....

ার মুসলিম তিক্ষোপজীবী নেড়ার ফকীরের দলের পুরোহিত বা পীরেরা

বিষ্ণা কর্তৃক গোপিনীদের বন্ধ হরপের অনুরূপ এক অতিনয়ের অনুষ্ঠান করিয়া

বিষয় বিষয় বিষয় বিষয় বিষয় বিষয় করিছে আনে, তখন প্রায়ের সকল

বিষয় বিষয় উত্তম বসনে সজ্জিত হইয়া, বৃলাবনের গোপিনীদের অনুকরণে

বিষয়ি গৃহকক্ষে পীরের সহিত মিলিত হয়া নাটকের প্রথম অংকে এই সকল

বিয়োক বৃত্যগীত শুরু করে। নিম্নে এই সখীসংগীতের গদারূপ প্রদন্ত হইল ঃ

ত্র দিদি যদি শ্রীকৃক্ষকে তালোবাদিতে চাও,
ন্ধার আত্মপ্রতারণা না করিয়া শীদ্র সাদ,
দেখ, প্রেমের দেবতা স্থাদিয়াছে।
শাবি তোল, তাহার প্রতি তাকাও
তারু আদিয়াছে তোমাদের উদ্ধারের জন্য
নামন গুরু আর কোথাও পাইবে না।
থা, গুরুর বাহাতে সূত্র
ভাহা করিতে লক্ষ্য করিও না-।

'গানটি গীত হইলে পর এ সমন্ত নারী তাহাদের গাত্রাবরণ খুলিয়া ফেলিরা, দা । ভলংগ হইয়া পড়ে এবং খুরিয়া খুরিয়া আনলে নৃত্য করিতে গাতে। পীর গগানে কৃষ্ণের ত্মিকায় অবতীর্ণ হয় এবং শ্রীকৃষ্ণ যেমন গোপিনীদের বস্তু হয়ণ করিয়া থুলেন, সেও তদুপ এই সমন্ত উলংগ নারীর পানাতাক বস্ত্র তুলিয়া লইয়া গৃহের একটি উচু তাকে রক্ষা করে। এই পীর—ক্ষোনা থেহেতু বাশী নাই, তাই সে নিম্নোক্ততাবে মুখে গান গাহিয়াই এইসব গানগা রমণীনিগকে যৌনতাবে উদ্বেজিত করিয়া তোলে ঃ

'হে যুবতীগণ। তোমানের মোক্ষের পথা ভক্তকুলের পুরোহিতকে অর্থস্থরণ গেহদান কর।'

কোনরূপ সংকোচ বোধ না করিয়া পীরের যৌন লালসা পরিভৃঙ করাই ছয়দের প্রধান ধর্মীয় কর্তব্য, ভাহা বলাই বাহলা।" (মুসলেম বংগের সামাজিক টিঙ্কাস) যৌনক্রিয়া, আনন্দদায়ক ও সুথকর কন্তু সন্দেহ নেই। কিন্তু মানুষ অবৈধ যৌনসংগমে ভীত শংকিত হয়, লজ্জাসংকোচ অনুভব করে— পাপের ভয়ে, ধর্মের ভয়ে। কিন্তু ধর্ম স্বয়ং যদি ঘোষণা করে যে, এ কাজ পাপের নয়, পুণার এবং এতেই মোক্ষলাভ হয়ে থাকে, ভাহপে মানুষ এ পথে আকৃষ্ট হবে না কেনং একপ্রেণীর লম্পট পাপাচারী লোক ধর্মের নামে এভাবে অক্তমূর্থ মানুষকে ফাঁদে ফেলে প্রভাৱিত ও বিপথগামী করেছে।

উপরে বর্ণিত ভড পীর-ফকীর দলের আরও বহু অপকীতি ও অগ্রীল ক্রিয়াকান্ড আছে। দুষ্টান্ত স্বরূপ উপরে কিঞ্চিৎ জালোচনা করা হলো। এর থেকে তৎকালীন মুসলিয় সমাজের ধর্মীয় ও নৈতিক অধঃপতন পাঠকবর্গ উপলব্ধি করতে পারবেন সন্দেহ নেই। যদিও গোটা মুসলিম সমাজের ঋধঃপতন এতটা হয়েছিল না, কিন্তু সমাজে পৌন্তলিক ও বৈষ্ণব মতবাদের প্রবল বন্যা-যে মুসলমানদের ধর্মীয় অনুভৃতিকে ভাসিয়ে নিয়ে তাদের সাথে একাকার করে দিচ্ছিল, তা প্রতিরোধ করার ক্ষমতা মুসলিম সমাজের ছিল না। কারণ, তৎকালীন মুসলিম শাসকদের প্রত্যক্ষ বা পরোক্ষ সমর্থন ছিল পৌন্তলিকতাবাদ ও বৈঞ্চববাদের প্রতি। উনবিংশ শতাব্দীর প্রথম ভাগে এসবের বিরুদ্ধে তীব প্রতিরোধ-প্রাচীর গড়ে তলেছিল সাইয়েদ আহমদ শহীদের (রহ) ইসলামী আন্দোলন, ইতিহাসে যার ভ্রম্ভ নাম দেয়া হয়েছে 'ওহাবী আন্দোলণ'। যথাস্থানে সে আলোচনা আসবে। সাইয়েদ তিত্মীর এবং হাজী শরিয়তুল্লাহও ওসবের বিরুদ্ধে সংগ্রাম করেছেন। তথাপি ওসব গোমরাহী ও পথন্রইতার বিষক্রিয়া বিংশতি শতাব্দীর প্রথম কয়েক দশক পর্যন্ত মুসলিম সমাজের একটা অংশকে জর্জরিত করে রেখেছিল। এ কথার প্রমাণ পাওয়া যায় ঈসায়ী ১৯১১ সালের আদমশুমারীর রিপোর্টে। এ রিপোর্টে বলা হয় যে, লোক গণনার সময় এমন কিছু সম্প্রদায়ের দেখা পাওয়া গেছে, যারা নিজেরা স্বীকারোক্তি করেছে যে, তারা হিন্দুও নয় এবং মুসলমানও নয়। বরঞ্চ উভয়ের সংমিপ্রণ। (Census of India Report, 1911 A.D.)

কিন্তু কিছু সংখ্যক মুসলমানের পৌস্তলিক ভাবধারার রস এখনো সঞ্জীবিত রেখেছে বাংলা ভাষার কতিপয় বৈক্ষববাদ ভক্ত ও পৌস্তলিক ভাবাপার মুসলিম কবি। ভক্ত কবি লাল মামুদ তাদের মধ্যে অন্যতম। তিনি বৈক্ষববাদের প্রতি এতটা বিশ্বাসী হয়ে পড়েন যে, একটি বট বৃক্তমূলে তুলসী বৃক্ত স্থাপন করে ায়িত্বত সেবা–পূজা করতে থাকেন। যেদিন গোস্বামীপ্রভূ লালুর আশ্রমে উপস্থিত নে, সেদিন নিশ্লোক্ত গান গেয়ে প্রভূকে শ্রদ্ধা নিবেদন করেন।

দয়াদ হরি কই জামার আমি পড়েছি তব কারাগারে, আমায় কে করে উদ্ধার। শত দোষের দোষী বলে, জন্ম দিলে যবন কুলে বিফলে গেল দিন আমার।

জারপর আসে কবি লালন শাহের কথা। তাঁর কয়েকটি গান নিমে প্রদন্ত থলোঃ 'পার কর, চাঁদ গৌর আমায়,বেলা ডুবিল

আমার হেলায় হেলায় অবহেলায় দিনত বয়ে গেল।
আছে তব নদীর পাড়ি
নিতাই চাঁদ কান্ডারী। ....
ও চাঁদ গৌর হদি পাই, ও চাঁদ গৌর হে,
কুলে দিয়ে ছাই
ফকীর লালন বলে শ্রীচরণের দাসী হইব।

র্টগরে কবি লাল মামুদ আক্ষেপ করে বলেন ধে, মুসলমানের ঘরে জন্মগ্রহণ বাবে তীর জীবন বিফল হলো। লালন শাহ বলেন, গৌর নিতাইকে পেলে ব্যালয়ানী ত্যাগ করে তীর শ্রীচরণের সেবায় রত হবেন।

লালন শাহের কৃষ্ণপ্রেম সম্পর্কীয় গান ঃ

পৃষ্ণপ্রেম করব বলে, ঘুরে বেড়াই জনমভরে

সে প্রেম করব বলে বোলখানা

এক রতির সাধ মিটল নারে।

গ্রাধারাণীর ঋণের দায়

গৌর এসেছে নদিয়ায়

नृन्नावरनत कानाई बात वनाई

লৈদে এসে নাম ধরেছে গৌর আর নিতাই।

জুণালম সমাজের একশ্রেণীর পৌত্তলিকমনা লোক লালন শাহের মতবাদকে
সুমালম সমাজে সঞ্জীবিত রাধার চেষ্টায় আছে।

মুসলিম সমাজের এহেন অধঃপতনের কারণ বর্ণনা করে ঐতিহাসিকগণ মন্তব্য করেন ঃ

"পৃথিবীর জন্যান্য বিজয়ী জাতিসমূহ যেমন বিজিত জাতির ঘারা প্রতাবিত হয়েছে তেমন তারতীয় মুসলমানগণও বিজিত হিন্দুজাতির ঘারা বিশেষতাবে প্রভাবিত হয়েছেন। আচার—আচরণ, জীবনের দৃষ্টিভংগী এবং এমনকি বিশ্বাসের দিক দিয়েও এ প্রভাব এবনো সুস্পষ্ট। ইসলাম ও হিন্দুধর্মের মধ্যে ক্রিয়া প্রতিক্রিয়া গোটা মুসলিম শাসন আমলে চলেছে। বিভিন্ন সময়ে এ ক্রিয়া—প্রতিক্রিয়ার বেগ মুসলিম শাসকদের উলারনীতির ফলে বর্ধিত হয়েছে। তার ফলস্বরূপ উনবিংশ শতাব্দীর প্রারম্ভে তারতে ইসলাম এমন এক রূপ ধারণ করে যার জলে ইসলামী রেনেসী আম্পোলন মাধাচাড়া দিয়ে উঠেছে। তারতীয় মুসলমানগণ, বিশেষ করে বাংলা ও বিহারের মুসলমান তাঁদের ধর্মবিশ্বাসের সাথে এমন সব কৃফরী আচার—আচরণ অবলহন করেছে, তা ছিল অন্যান্য নেশের মুসলমানদের মধ্যে বিরল। বাংলা–বিহারে মুসলমানদের সংখ্যা ছিল যেমন বিরাট, তানের রীতিনীতি ও আচার—আচরণও ছিল তেমনি ধর্মহীন ও নীতি বিগহিত।"— ('ব্রিটিশ পলিসি ও বাংলার মুসলমান'ঃ এ আর মল্লিক)।

"ভারতীয় ইসলামের মধ্যে অনৈসলামিক রীতিপদ্ধতি অনুপ্রবেশের কারণ হঞ্ছে এই যে, অমুসলমানদের ধর্মান্তরগ্রহণ ছিল অপূর্ণ।" ('ভারতের ইতিহাস' – ইলিয়ট ও ডাউসন) বোড়ল শতান্দী প্রেকে অষ্টাদল শতান্দীর প্রথমার্ধ পর্যন্ত বাংলার মুসলমানদের ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থার এক চিত্র উপরে বর্ণনা করা হলো। তৌহিদের অনুসারী মুসলমান যখন এমনি বিকৃতির বেড়াজালে আবদ্ধ এবং তখন ভিতর ও বাইর খেকে যে বিরুদ্ধে শক্তি ভাদেরকে পরাভূত ও নিশ্চিহ্ন করার জন্যে সাঁড়ালি আক্রমণ চালায়, সে আক্রমণ প্রতিহত করার কোন প্রাণশক্তি তখন বিদ্যমান ছিল না। যাদের মাত্র সতেরো জন এককালে বাংলার উপরে রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠিত করেছিল, কয়েক শতান্দী পরে ভাদের লক্ষ্ক জন মিলেও সে রাজনৈতিক প্রতিষ্ঠা রক্ষা করতে পারলো না।

### বাংলার পতনের রাজনৈতিক কারণ

অষ্টানশ শতাব্দীর পঞ্চম দশকে নবাব সিরাজন্দৌলার পরাজয় ও বাংলার পতন কোন একটি বিচ্ছিত্র ঘটনার ফল নয়। যেসব রাজনৈতিক ঘটনাপুঞ্জের ফল স্বরূপ লনান্দর বিয়োগান্ত নাটকের সমান্তি ঘটে, তা সত্যানুসন্ধিৎসু পঠিকবর্গের অবশ্য তেনে রাখা উচিত। প্রকৃতপক্ষে মোলন সাম্রাজ্যের পতন গোটা উপমহাদেশে দুসনিম শাসনের পতন ভেকে জানে। ১৭০৭ খৃষ্টাব্দে বাদশাহ্ জাওরংজেবের দুখার পর থেকে ১৭৫৭ খৃষ্টাব্দে সংঘটিত পলাশীর যুদ্ধ পর্যন্ত পকাশ বৎসরে কাশক্ষে সাত জন নিল্লীর সিংহাসনে আরোহণ করেন। কিন্তু তালের মধ্যে কারো থ যোগাতা ছিল না যে পতনোনুখ সাম্রাজ্যকে রক্ষা করেন। অবশ্য কভিন্তা আনবেচক ঐতিহাসিক জাওরংজেবকে মোগল সাম্রাজ্যের অংসের জন্যে দায়ী করেন। ইতিহাসের পৃংখানুপুংখ যাচাই-পর্যাগোচনা করলে এ সত্যটি সুস্পর্ট থেয়ে উঠে যে, ধ্বংসের বীজ বহু প্রেই স্বয়ং বাদশাহ আকবর কর্তৃক বপন করা রয়েছিল এবং তা ধীরে ধীরে একটি বিরাট বিশাল মহীরুহের আকার ধারণ করাছিল। আওরংজেব সারাজীবন ব্যাপী তাঁর সর্বশক্তি দিয়ে সে ধ্বংসকে ঠেকিয়ে রোখছিলেন। তাঁর উন্তরাধিকারীগণ যদি তাঁর মতো শক্তিশালী ও বিচক্ষণ মতেন— তাহলে সম্বর্তঃ ভারতের ইতিহাস অন্যভাবে রন্তিত হতো। প্রস্কের জাননাম খাঁ তাঁর 'মুসলেম বংগের সামান্তিক ইতিহাস' প্রস্তে মন্তব্য করেন ঃ

"ঋাকবরের রাজত্বকালের সকল অপকর্মের পরিণাম ভোগ তাঁহার মৃত্যুর লাখেই শেষ হইয়া ষায় নাই। মোগল সামাজ্যের অন্তিত্বের শেষ মৃত্যুর পর্যন্ত গাঁঝার সকল উত্তরাধিকারীকে জীবনের যথাসর্বস্থ দিয়া এই অপকর্মের ফল লোগ করিতে হইয়াছিল। তারতের দশ কোটি মুসলমান আরু পর্যন্ত আকবরের ঋশকর্মের দরুন কতিপূরণের জবশিষ্ট উত্তরাধিকার দায়িত্ব হইতে অব্যাহতি পায় লাই। মুসলমান পাঠকদের নিকট এই উত্তরাধিকারের প্রকৃতি সম্পর্কে বিস্তারিত কোন আলোচনার প্রয়োজন আছে বলিয়া আমরা মনে করিনা।"

াপতে গেলে আকবর ছিলেন নিরক্ষর অথবা অতি অন্ন শিক্ষিত। পনেরোধাল বংসর বয়সে তিনি সিংহাসন লাভ করেন। একটি নিরক্ষর বালক যুবরাজের
লক্ষে শত্রু পরিবেষ্টিত দিল্লীর রাজশাসন পরিচালনা কিছুতেই সন্তব হতো না,
দি অতি বিচক্ষণ ও পারদর্শী বাইরাম থান, প্রধানমন্ত্রী হিসাবে তাঁকে
লাভিত্রেক সাহায্য না করতেন। সং সংসর্গ লাভের জভাবে আকবর বিরাট
লামাজ্য গাভের পর স্বভাবতঃই ভোগ বিলাস, উছুংখলতা ও নৈতিক
লয়ংশতনের মধ্যে নিমজ্জিত হন। বাইরাম খান তাঁকে সকল প্রকার চেটা করেও

সুপথে আনতে পারেননি। মদ্যপান ও তার স্বাভাবিক আনুষংগিক পাপাচার এবং তাঁর জাপাতীত রাজনৈতিক সাফল্য তাঁর চরিত্র গঠন বা সংগোধনের কোন সুমোগই দেয়নি। কিন্তু ভার এই ব্যাধিগ্রস্ত প্রভিভা তাঁর ভবিদ্যাৎ বংশধর ও মুসনিম জাতির কোন কল্যাণ সাধন করার পরিবর্তে অকল্যাণ ও ধ্বংমের বীজ বাইন করে গেছে। মুসলমানদের তামান্দ্রনিক ও রাজনৈতিক জীবনের সকল শক্তি নিরণেক করে গেছে। মুসলমানদের তামান্দ্রনিক ও রাজনৈতিক জীবনের সকল শক্তি নিরণেক করে দিয়ে তাদেরকে অপরের রাজনৈতিক ও মানসিক গোলামে পরিণত করার জন্যে ভারতের হিন্দু মানসিকতা নীরবে ও অব্যাহত গতিতে যে কাজ করে যাছিল, আকবরের তীক্ষ্ব অধাচ অসুস্থ প্রতিভা তার পূর্ণ সহায়ক হয়েছে। তারতে তাঁর রাজনৈতিক শক্তি অক্ষুর রাখার জন্যে আকবর হিন্দুদের সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়েই ক্ষান্ত হননি, বরক্ষ তাদের মনজুইর জন্যে 'খীনে এলাই' নামে এক উদ্ভাই ধর্মীয় মতবাদ প্রতিষ্ঠার মাধ্যমে মুসলমানদের ধর্ম ও তামান্দ্রনকে ধ্বংস করার অপ্রাণ চেষ্টা করেছেন। আকবরনামায় এর বিস্তারিত বিবরণ দেখতে পাভয়া যায়।

মজার ব্যাপার এই যে, বিভিন্ন রাজনৈতিক ও ব্যক্তিগত স্বার্থের প্রয়োজনে আকবরের জীবনের বৃহত্তম স্বপ্রসাধ। এই স্বক্যোগকজিত 'দ্বীনে এলাইী' হিন্দু জাতিকে যোটেই আকৃষ্ট করতে পারেনি। একমাত্র বীরবল ব্যতীত কেউ এ নবধর্মমত গ্রহণে সম্মত হলনি। তাঁর দরবারের নবরত্বের মধ্যে জন্যতম রত্বাবলী মানসিংহ ও তোদ্রমল এ ধর্মমত প্রত্যাখ্যান করেছেন। আকবর কঠে জপ্রাক্ষমাশা জড়িত করে চন্দন গঠিত দেহে হিন্দু সন্যাসীর বেশে দরবারে উপস্থিত হলে হিন্দুগড়িত ও সভাসদগণ 'দিল্লীধরো' বা 'জগতীবরো' ধ্বনিতে আকাশ বাভাস মুখরিত বরতেন এবং ভারতের একপ্রান্ত থেকে কপর প্রান্ত পর্যন্ত সে ধ্বনি প্রতিধানিত করে তাঁর প্রতি কৃত্রিম আনুগত্য প্রদর্শন ও প্রদ্ধা নিবেদন করেণেও তাঁর উদ্ভেট ধর্মের প্রতি কণামাত্র আনুগত্য প্রকাশ করেননি। অতএব কোন এক চরম অন্তত শক্তি তথুমাত্র মুসলমানদের তৌহিদী আন্দাহে বিশ্বাস ও ইসলামী তামান্দ্রন ধ্বংসের জন্যে আকবরের প্রতিভাকে ব্যবহার করেছে, তা বিবেক সম্পন্ন ব্যক্তিমাত্রই সহজে উপলব্ধি করতে পারেন। কিছু আকবর তাঁর জীবনের স্বপুসাধ বান্তবায়িত করতে চরমতাবে ব্যর্থ হন।

এ তো গেল তার জীবনের একদিক। তার রাজনৈতিক জীবনেও এসেছিল চরম ব্যর্থতা ও নৈরাশ্যের প্লানি।

আক্রর ভারতের তদানীত্তন পাঠানশক্তি তথা দুধর্ষ মুসলিম সামরিক শক্তি ধ্বংস করেছিলেন। এ বিধনত সামরিক শক্তির বিকল্প কোন মুসলিম শক্তি গড়ে ডোলা তো দ্রের কথা, যা অবশিষ্ট ছিল তাও দুর্বল ও নিঃশেষ করে ফেলেন। গাইরাম খান, আহসান খান, মুয়াজ্জম খান প্রভৃতির হত্যাকান্ডের মধ্যে আক্রবরের এ ধ্বংসাত্তক নীতির প্রকাশ পাত্যা যায়। এমনকি বহিরাগত বিভিন্ন সমাধ্য মসলিম পরিবারের বিরুদ্ধেও তিনি দমনমূলক ব্যবস্থা অর্থাছন করেন। এখনিভাবে শত্ৰুত্ৰ ইংগিতে তিনি আপন গৃহ স্বহস্তে আগুন লাগিয়ে ভদ্মীভূত করেন। মোগদ সাম্রান্ডোর ভবিষাৎ বিপদের সময় কান্ধে লাগতে পারে এরূপ গুরুজ শক্তি ও প্রতিভাকে ধ্বংস করে দেয়ার ফলে তিনি ভয়ে বিহুল হয়ে পড়েন। ত্তিনি লক্ষ্য করেছিলেন যে, পাচাত্যের খৃষ্টান জাতিগুলি লুত তাদের গ্রামনৈতিক ক্ষমতা বিস্তার করে চলেছিল এবং তালের অণ্ডত তৎপরতার তেউ মোগল সাম্রাজ্যের সীমান্তে এসে আঘাত করছিল। যে ইসলামের প্রাণশক্তি এসব ভংগরতা সাফলোর সাথে ক্রুখে দীড়াতে পারতো, তা আগেই ধ্যংস করেছেন। ঋণএব খুষ্টানদের রাজনৈতিক স্বার্থের সাথে অসমানকর সন্ধি স্থাপনে এবং তাদের ধর্মের প্রতি সম্রদ্ধ আনুগতা করেও মোগল সাম্রান্দ্রের ধ্বংসের পথ রুদ্ধ ক্রতে পারলেন না।

বৈদেশিক বিধর্মী শক্তির ন্যায় দেশের জভান্তরেও যে হিন্দুশক্তি দ্রুত 
মাণাচাড়া দিয়ে উঠছিল, ভাও আকবরের দৃষ্টির অগোচর ছিল না। কিন্তু 
রাজনৈতিক দিক দিয়ে তিনি হয়ে পড়েছিলেন ভারতের হিন্দুশক্তির উপর সম্পূর্ণ 
নির্তরশীল। অভএব তাদেরকে তৃষ্ট করার বিভিন্ন গথ অবলয়ন করেন। হিন্দু 
নারীপণকে মহিষীরূপে শাহীমহলে এনে তথায় মূর্তিপূজা ও অগ্নিপূজার নিয়মিত 
অনুষ্ঠান করেও মোগল সাম্রাজ্যকে ধ্বংসের হাত থেকে বাঁচাতে পারলেন না। 
সর্বশক্তিমান সন্তা পৃথিবী ও আকাশমন্তলীর খোলাকে পরিত্যাগ করে অন্যান্য 
বিভিন্ন খোদার আশ্রয়প্রার্থী হয়েও কোন লাভ হলোনা।

ইসলাম ধর্মকে পুরাপুরি পৌন্তলিকতার ছাঁচে ঢেলে এবং হিন্দুধর্ম অন্ধুর রেবে 'দ্বীনে এলাহী' নামে নতুন এক ধর্মের ছায়াতলে ভারতের হিন্দু মুসলমানকে একজাতি বানাবার হাস্যকর পরিকল্পনাও তার বার্ধ হয়। কিন্তু এ ব্যাপারে তিনি যে মনমানসিকতার সৃষ্টি করে অন্তত উত্তরাধিকার রেবে গেলেন তা তাধু তার সুযোগ্য পুত্র জাহাদীরই আঁকড়ে ধরেননি বরঞ্চ বিংশতি শতান্দীর

শেষার্ধেও এক প্রেণীর মুসলমান সে উত্তরাধিকার দারা লালিত পালিত হচ্ছেন। মুসলিম ধর্মীয়, জাতীয় ও সাংস্কৃতিক অধঃপতনের এ এক চরম বেদনাদায়ক নিদর্শন সন্দেহ নেই।

জাহাঙ্গীর মোগল সাম্রাজ্য ধ্বংস ত্বরানিত করেন। ১৬০৯ বৃষ্টাব্দে ক্যাপেন হকিল অগ্রায় আগমন করলে তাকে রাজকীয় সম্বর্ধনা জ্ঞাপন করা হয়। সম্রাট জাহাঙ্গীর তাকে ঘনিষ্ঠ সহচর হিসাবে গ্রহণ করেন, খেতাব ও বৃত্তিদল করেন। বিবাহ করে ভারতে বদবাস করার ইচ্ছা পোষণ করলে শাহী মহলের একজন থেতাংগী তরুণীর সাথে বিবাহের প্রস্তাব দেন।

শাহী মহলে খৃষ্টধর্মের এতখানি প্রতাব প্রতিষ্ঠিত হয়েছিল যে, কয়েকজন শাহজালা খৃষ্টধর্মে নীক্ষিত হন এবং হকিন্দের নেতৃত্বে জন্যান্য খৃষ্টান প্রধাসীদের সাথে পরনশ জন জন্মারাই পরিবাষ্টিত মিছিল সহকারে গীর্জায় গমন করতেন। জাহালীর তাঁর ইউরোপীয় বন্ধুবাদ্ধবসহ সারারাত্রি শাহী মহলে মদাপানে বিভার হয়ে থাকতেন। মোগদ সায়াজ্যের সমাধি রচনার কাজ আকরর নিজেই করেছিলেন, তা আগেই বলা হয়েছে। জতঃপর তাঁর আদর্শহীন মদাপায়ী পুত্র জাহালীর, স্যার টমাস রো ও তাঁর উপদেষ্টা ও গুরু স্কচতুর ক্টনীতিবিদ রেভারেজ ই. ফেবী মিলে এ সমাধি রচনার কাজ ত্বাঝিত করেন। টমাস রো তাসের বিভিন্ন দাবী দাওয়া মঞ্জুর করে নিতে জাহালীরকে সম্মত করেন। সুরাটে প্রতান্তি কারখানাটির দারা ইংরেজগণ শুধু বাণিজ্যিক সুবিধা লাতেরই সুযোগ পায়নি, বরগুর এ কারখানাটি তাদের একটি শক্তিশালী সামরিক ঘাঁটিতে পরিণত হয়। শাহী সনদের শর্ত অনুযায়ী শুধু সুরাটেই নয়, মোগল সায়াজ্যের জন্মান্য স্থানেও, য়থা জায়া, আহমদাবাদ ও বুচে ইংরেজদের কারখানা তথা সামরিক ঘাঁটি গড়ে উঠে। এতাবে জাকবর ও জাহালীর মোগদ সায়াজ্যের জতান্তরে খাদ খনন করে দুরদেশ থেকে সর্ব্যাসী কুলীর আমদানি করেন।

একদিকে বিদেশী শক্তি ইংরেজ ভারতে উড়ে এসে জুড়ে বসলো, অপরাদিকে ভারতের হিন্দুশক্তিও প্রবল হয়ে উঠলো। রাজপুত এবং মারাঠা শক্তি মোগল সাম্রাজ্যের পরম শক্ত হয়ে দাঁড়াগো। আকবর যে মুসলিম শক্তির হাংস সাধন করেছিলেন, জাওরংজেব পাদৃশাহ্ব গাজী সেই লুগ্ধ শক্তির পুনরুদ্ধারের জন্যে আজীবন সংগ্রাম করেন। মারাঠা ও রাজপুত শক্তি দমনে তাঁকে দীর্ঘদিন ধরে ব্যতিব্যস্ত থাকতে হয়। তাঁর পর যদি তাঁর উত্তরাধিকারীগণ শক্তিশালী ও বিচক্ষণ

হতেন, তাহলে হয়তো পতনোনাথ সাম্রাজ্যকে রক্ষা করা যেতো। কিছু পরম পরিতাপের বিষয় এই যে, তাঁর মৃত্যুর পর থেকে জারম্ভ করে পলাশীর যুক্ত পর্যন্ত খারাই দিল্লীর সিংহাসন অলংকৃত করেছিলেন, তাঁরা ছিলেন শাসন কার্য পরিচালনায় অযোগ্য, বিলাসী ও অনুরদর্শী।

একণা এখানে বিশেষতাবে উল্লেখ্য যে, অনুসলিম ঐতিহাসিকগণ যোগণ সামাক্ষের অধঃপতনের জন্যে একমাত্র আওরংজেবকেই দায়ী করেন। বাংলার হোসেন শাহ ও স্মাট জাকবরের উচ্চ প্রশংসায় যতটা তারা পঞ্জমুখ, ততটা শাওরংজেবের চরিত্রে কলংক লেপনে তাঁরা ছিলেন সোচার। তাঁকে চরম হিন্দু নিধেষী বলে চিত্রিত করা হয়েছে এবং বলা হয়েছে যে, তাঁর জনুসত হিন্দু পার্থের পরিপত্নী শাসননীতি এবং বিশেষ করে জিজিয়া প্রথার পুনংপ্রবর্তন ভারতের হিন্দুলাভিকে মোগলদের শত্রুতা সাধনে বাধ্য করে। কিন্তু এ অভিযোগগুলি নিছক কল্পনাপ্রসূত ও দুরভিসন্ধিমূলক। ইতিহাস থেকে এর কোন প্রমান পেশ করা যাবে না। সভা কথা নলতে গেলে, রাজপুত এবং মারটোগণ ভারতের মুসলিম শাসনকে কিছুতেই মনে প্রাণে মেনে নিতে পারেনি। তালের ঞ্জেবর্ধমান শক্তি ও শত্রুতার মনোভাব লক্ষ্য করে আকবর তাদেরকে তুই করার জন্যে অভিশয় উদারনীতি অবলহন করেও ব্যর্থ হয়েছেন। শিবাজীর নেতৃত্বে মারাঠাগণ আওরংজেবের চরম বিরোধিতা করেন। তিনি জিজিয়া কর প্রবর্তিত করার এক বৎসর পূর্বে, ১৬৭৯ খুস্টাব্দে শিবাজী মৃত্যুবরণ করে<del>ন।</del> জডএব জিজিয়া করই হিনুজাতির বিরোধিতার কারণ ছিল, একথা মোটেই নামসংগত নয়।

একথা খনখীকার্য থে, ওৎকালীন ভারতের ইতিহাস খাঁরা লিখেছিলেন তাঁরা
সকলেই বলতে গেলে ছিলেন মুসলমান। তাই সে সময়ের প্রকৃত ইতিহাস জানতে
হলে অধ্যয়নের প্রয়োজন হবে বাদাউনী, আকবরনামা, কাফীখান, তারিথে
ফেরেশতা, মা'য়ানিরে আলমখারী প্রভৃতি। কিন্তু ইউরোপীয় খুস্টান
প্রতিহাসিকগণ ইতিহাসের বহ ঘটনাকে বিকৃত করে পেশ করেছেন।
পরবর্তীকালে অর্থপৃথিবী জুড়ে তাঁদের সাম্রাজা কিন্তার লাভ করেছিল। সর্বত্র
তাঁদের সাম্রাজ্য জুড়ে রাষ্ট্রভাষা হিসাবে প্রচলিত ছিল ইংরেজী ভাষা। এ ইংরেজী
ভাষার মাধ্যমে রাজনৈতিক ক্ষমতার ছত্রছায়ায় মুসলমাননের ইতিহাসের এক
বিকৃত ও কল্পিত রূপ তাঁরা তুলে ধরেছেন ইংরেজী ভাষার ইতিহাসের ছত্রদের

শামনে। তারতে ইংরেজনের দু'শ বছরের শাসনকালে এ বিকৃত ও ভান্ত ইতিহাস ছাত্রদের মনমন্তিকে বদ্ধমূল করে দেয়া হয়েছিল।

এ বিবৃতকরণের কারণও ছিল। বাদশাহ আওরংগছেবের কথাই ধরা যাক। বাদশাহ আকরর ও জাহাঙ্গীর কর্তৃক ইংরেজদেরকে অন্যায়ভাবে অভিমান্ত্রায় প্রপ্রম দানের ফলে যোগদ সামাজের বিরুদ্ধে তারা একটা শক্তি হিসাবে গড়ে উঠছিল। বাদশাহ আওরংগজেব তা ব্যতে পেরেছিলেন। তার আমলে বাংলার মীর জ্মলা ভ নবাব শায়েস্তা খান বার বার ইংরেজদের ঔষতা দমিত ও প্রশমিত করেছেন। ব্যবসায় দুর্নীতি, চোরাচাগান, যোগগ সাম্রাজ্যের বিরুদ্ধে যভ্যপ্র প্রস্তৃতির কারণে তাদেরতে বার বার শান্তিও দেয়া হয়েছে, তাদের কৃঠি বাজেরাগু করা হয়েছে। শেষ পর্যন্ত এক পর্যায়ে বাদশাহ আওরংগজেব ইউরোপীয়দের সাথে তাদের সকল ব্যবসা নিষিদ্ধ করে এক ফরমান জারী করেন। ত্বাকবর যে মুসপিম সামরিক শক্তি ध्वःत्र कরে মোগল সামাজাকে শক্তর মুখে ঠেলে দিয়েছিলেন, বাদশাহ আওরংগজেব সেই মুসলিম সামরিক শক্তি পুনর্গঠনে আজীবন চেটা করেন। খৃষ্টান ও হিলুজাতির কাছে উপরোক্ত কারণে আওরংগঞ্জের ছিলেন দোষী। তাই তাঁর শাসনকালকে কলংকময় করে চিত্রিত করতে এবং তাঁর নানাবিধ কুৎসা রটনা করতে তাঁরা তৎপর হয়ে উঠেন। অমুসলিম ঐতিহাসিকগণ স্বার্থ প্রণোদিত হয়ে আলমগীর আওরংগজেবের চরিত্রে ঘেসব কলংক আরোপ করেছেন, ইতিহাসের নির্তরযোগ্য প্রমাণাদির দারা তার সবটাই খতন করেছেন শিবলী নো'মানী ভাঁর "আওরংগজেব জালমগাঁর পর এক নজর" গ্রন্থে। এ সংক্ষিপ্ত অবচ তথ্যবহন গ্রন্থখানিতে তিনি আওরংগজেবের বিরুদ্ধে উথাপিত অভিযোগগুলির সমৃচিত জবাব দিয়েছেন।

জতএব ইতিহাসের দৃষ্টিকোণ থেকে একথা দ্বিধাহীন চিন্তে বলা থেতে পারে যে, আওরংগজেবের বিরুদ্ধে আরোপিত অভিযোগের মধ্যে সত্যতার লেশমাত্র নেই। মোগল সাম্রাজ্যের পতনের জন্যে তাঁকে কণামাত্র দায়ী করা যেতে পারে না। প্রকৃত ব্যাপার এই যে, আকবর কর্তৃক দুর্ধর্ব মুসলিম সেনাবাহিনীর বিশোপ সাধনের পর তারতের হিন্দু মারাঠা রাজপুতদের উপর তাঁর নির্তরশীলতা, বৈদেশিক ও বিধর্মী ইংরেজদের ব্যবসার নামে রাজনৈতিক শক্তি সঞ্চয়, মুসলিম শাসন উৎথাতের জন্যে হিন্দু ও ইংরেজদের মধ্যে অন্তত আঁতাত এবং তার সাথে মুসলমানদের ধর্মীয় ও সাংস্কৃতিক অধঃপতন প্রভৃতি বাংলা তথা ভারত থেকে

মুসলিম শাসনের বিলোপ সাধন করেছিল। এ অবস্থার পরিপ্রেক্ষিতে অমেরা দেখি বিভাবে পদাশী ক্ষেত্রে বাংলা–বিহারের স্বাধীনতা সূর্য জ্জমিত হয়ে ইংরেজ শাসনের গোডাপত্তন করে।

ভারতের বিভিন্ন স্থানে ইংরেজদের ব্যবসাকেন্দ্র গড়ে ডোলার পিছনে বিরাট গাঞ্জনৈতিক অতিসন্ধি প্রভায়িত ছিল। ব্যবসা বাণিজ্ঞ করতে এসে একটা বিরাট <u>সাম্রাজ্যের মালিক মোখতার হয়ে পড়া কোন আক্ষিক বা অলৌকিক ঘটনার</u> ঞ্চন নয়। পঞ্চদশ ও যোড়শ শতাধীতে তৌগলিক আবিকারের ফলে অন্তর্জাতিক ব্যবসার পথ উন্তক্ত হয় এবং ইউরোপীয় জাতিগুলির মধ্যে পারস্পরিক প্রপনিবেশিক ও বাণিজ্যিক প্রতিযোগিতা-প্রতিধন্তিতা শুরু হয়। ফলে আমেরিকার স্পেন সাম্রাজ্য, মশলার দ্বীপে ওপন্দাজ সাম্রাজ্য, দক্ষিণ পূর্ব এশিয়াম ফরাসী সাম্রাক্ত্য এবং দক্ষিণ এশিয়াম ব্রিটিশ সাম্রাক্ত্য স্থাপিত হয়। সম্ভানন শতাব্দীর শেষভাগে ইংলভের ইস্ট ইভিয়া কোম্পানী ভারতে জ্ঞাগতির দীতি (Forward Policy) অবলয়ন করে এবং যেসব বাণিজ্যিক এলাকায় তাদের প্রতিনিধিগণ বাস করতো তারা একটা রাজনৈতিক শক্তিতে পরিণত হোক এ ছিল তাদের একান্ত বাসনা। ১৬৮২ খুক্টব্দে ইংরেজগণ ওললান্সদের নিকটে ইলোনেশিয়ায় মার খেয়ে সেখন থেকে পাততাড়ি গুটায়। পর বংসর (১৬৮৩ খৃঃ) ইংলভের রাজদরবার থেকে ইস্ট ইভিয়া কোম্পানীকে যে সনন দান করা হয় তার বলে তারা ভারতের যেকোন শাসকের বিরুদ্ধে যুদ্ধ, সন্ধি করতে অথবা যেকোন চুক্তিতে আবদ্ধ হতে পারতো। দিতীয় জেম্স কর্তৃক প্রনন্ত মনদে তাদেরকে অধিকতর ক্ষমতা দান করা হয়। এর ফলে তারা ১৬৮৬ শৃষ্টাব্দে মোগলদের বিরুদ্ধে যুদ্ধ ছোষণা করে পরাজয় বরণ করে। পূর্বে উল্লেখ তরা হয়েছে যে, ক্যাণ্টেন হীথের নেতৃত্বে 'ডিফেন্স' নামক রণতরী জ্ঞাশত্রে সক্তিত করে তারতে পাঠানো হয়। হীধ্ সূতানটি থেকে যুদ্ধের জন্যে অগ্রসর হয়ে ব্যর্গভার সমুখীন হয়। এর ফলে কোম্পানীর ভিরেষ্টরগণ কিছুটা লমে গেলেও ভারতে অবস্থানকারী প্রতিনিধিগণ নতুন উৎসাহ উদ্যুমে কাঞ্চ করে যায়। তাদের দৃষ্টি এবার ফরাসী বণিকদের উপর নিবদ্ধ হয়। ফরাসীদের প্রধান ব্যবসাকেন্দ্র ছিল পভিচেরী এবং তার অধীনে মুসলিপট্রম, কারিকল, মাহে, সুরাট প্রভৃতি স্থানে তাদের কারখানা প্রতিষ্ঠিত ছিল। পঞ্চান্তরে ইংরেজদের বাণিজ্ঞিক হেড কোয়ার্টার ছিল মাদ্রান্ধে এবং তার অধীনে বোষাই ও কলকাডায়, তালের গুরুত্বপূর্ণ কারথানা ছিল। এদের মধ্যে গুরু হয় তীব্র প্রতিধন্দ্রিতা এবং শেষ পর্যন্ত তা যুদ্ধের আকার ধারণ করে। ফরাসীগণ তাদের মনোনীত ব্যক্তি মুজাফফর জং ও চান্দা সাহেবকে যথাক্রমে হায়দরাবান ও কর্ণেটিকের সিংহাসন লাতে সাহায্য করে। ১৭৫১ খৃষ্টাব্দে রবার্ট ক্লাইত ক্লাটকের রাজধানী আরকট দখল করে। এতাবে ইংরেজ অত্যন্ত শক্তিশালী হয়ে উঠে।

## বাংলায়া ইংরেজদের রাজনৈতিক ক্ষমতালাভের উচ্চাতিলায

বাংলায় রাজনৈতিক উচ্চাভিলাষ চরিভার্থ করার উদ্দেশো ইংরেজগণ কোশকাতায় দুর্গ নির্মাণের কাঞ্জ ব্যাপকভাবে চালাভে থাকে। বাংলার নবাব জানীবৰ্নী খান তখন অত্যন্ত বয়োবৃদ্ধ ও দুৰ্বল হয়ে পড়েছিলেন এবং এই দুৰ্বলতার স্যোগে সূচত্র ইংরেজগণ তাদের দুর্গ নির্মাণের কাম দ্রুতভার পাথে করে যাচ্ছিল। আর তাদের এ কাজে সাহস ও উৎসাহ যোগাচ্ছিল বাংলার হিন্দু শেঠ ও বেনিয়া শ্রেণী। সঙ্গল শতাব্দীর শেষ ভাগ থেকে অষ্টান্দ শতাব্দীর হিতীয় পাদ পর্যন্ত বাংলায় ইংরেজনের যে ব্যবসা দানা বেধৈ উঠেছিল, তার দালাল ও কৰ্মচারী হিসাবে কাজ ক'রে একপ্রেণীর হিন্দু প্রভূত অর্থশালী ও প্রভাবশালী হয়ে পড়েছিল। উপরস্তু তারা নবাব আমলে রাজস্ব প্রশাসনের বিভিন্ন দায়িতুশীল পদেও অধিষ্ঠিত ছিল। সুনী মহাজনী ও ব্যাংক ব্যবসার মাধ্যমেও ভারা অর্থনীতি ক্ষেত্রে ছিল সুপ্রতিষ্ঠিত। তারা মুসলিম শাসন মনে প্রাণে মেনে নিতে পারেনি। এর বিরুদ্ধে প্রকাশা বিদ্যোহের সাহসও তালের ছিলনা এবং এটাকে তারা অবস্থার প্রেক্ষিতে সংগতত মনে করতোনা। তাই মুসলিম শাসনের অবসান ঘটাতে হলে ইংরেজদের সাহায়। সহযোগিতা ব্যতীত গতান্তর ছিলনা। ইংরেজরা এ সুবর্ণ সুষোগ ভালেভাবেই গ্রহণ করে। প্রশাসন ও অর্থনীতি ক্ষেত্রে হিন্দুদের এডটা প্রভাব হয়ে পড়েছিল যে, তারা হয়ে পড়েছিল বাংলার নবাবদের ভাগ্যবিধাতা (Kingmakers)। ১৭২৭ খরীবে মূর্শিনবাদী খানের মৃত্যুর পর তাঁর পৌত্র সরফরাজ খানকে উন্তরাধিকার মনোনীত করা হলে হিন্দু প্রধানগণ বাধা দান করে। কারণ তাঁকে তারা তাদের স্বার্থের পরিপদ্ধী মনে করতো। তারা সরফরাজ খানের পিতা সুজাউন্দীনকে সিংহাসনে প্রতিষ্ঠিত করে। তাঁর শাসন কালে (১৭২৭-৩৯ খুঃ) এ সকল হিন্দু শেঠ বেনিয়াগণ প্রকৃতপক্ষে প্রাসাদ ষড়যন্ত্রের প্রধান উদ্যোক্তা হয়ে পড়ে। তাদের দলপতি আগম চাঁদ ও জগতপেঠ হয়ে পড়েছিল দেশের প্রকৃত শাসক (De facto ruler)।

পুঞাউন্দীনের মৃত্যুর পর এ বড়যন্ত্রকারী দলটি উড়িয়ার নায়েব নবাব আশীবদী খানকে বাংলার সিংহাসন লাভে সাহায্য করে। তার আমলে প্রাসাদ যন্তবন্ধ চরমে পৌছে। এ অবস্থার সুযোগে মারাঠাগণ বার বার বাংশার উপর চড়াও করে। বেগতিক দেখে জালীবর্লী খান এসব প্রাসাদ ষভ্যন্তকারীদের উপর সম্পূর্ণ নির্ভাৱশীল হয়ে পড়েন। তিনি তাদেরতে বিতির গুরুত্বপূর্ণ পদে নিযুক্ত করেন। ফলে রায় দর্গত রায়, মাহতাব রায়, শ্বরূপ চীদ, রাজা জানকী রায়, রাজা রাম নারায়ণ, রাজা মানিক চীন প্রভৃতির নেতৃত্বে এ নলটি খতান্ত শক্তিশালী হয়ে পড়ে। মর্শিদকলী খানের পর সম্রান্ত মুসলিম রাজকর্মচারীর সংখ্যা ক্রমশঃ হ্রাস পেতে পেতে শন্যের কোঠায় পৌছে এবং এ সময়ে কার্যতঃ তানেরকে যথনিকার অন্তরালে নিক্ষেপ করা হয়। জগতশেঠ–মামিকটাদ দলটি শুধু নবাবের অধীনে কতিপয় গুরুত্বপূর্ণ পদ লাতেই সমুষ্ট ছিল না। এ সময়ে সারা ভারতে হিন্দুজাতির পুনর্জাগরণের প্রাণকুন্যা প্রবাহিত হচ্ছিল। মার্য্যো এবং শিখদের ন্যায় ভারা কোন সামবিক শক্তিতে আন্তর্জকাশ করতে পারেনি যার দ্বারা তারা রাজনৈতিক ক্ষমতা লাভ করতে পারতো। খতএব ইস্ট ইন্ডিয়া কোম্পানীর সংগে যোগসাজসে মুস্পিম শাসনের অবসান ঘটাতে পারলেই মুস্পিম শাসকদের বিরুদ্ধে তাদের প্রতিহিংসার বহি নির্বাপিত হয়।

জগৎশেঠ-মানিকটাল চক্রের নেতৃত্বে বাংগার হিন্দুজাতির দু'টি লক্ষ্য ছিল।
একটিরাজনৈতিক—জপরটি অর্থনৈতিক। বাংগার শাসন পরিবর্তন বা হস্তান্তরের
হারা তালের রাজনৈতিক স্বার্থ চরিতার্থকরণ এবং ইস্ট ইন্ডিয়া কোম্পানীকে
রাজনৈতিক ক্ষমতায় অধিষ্ঠিত করে অর্থনৈতিক সুযোগ সূবিধা লাভ। এ দু'টি
পক্ষ্যে উপনীত হওয়ার জন্যে কোম্পানীর সংগে মৈত্রীবন্ধ হতে ভারা ছিল
সপাপ্রস্তুত ও প্রক্যন্ত আগ্রহশীল।

পক্ষান্তরে ইস্ট ইভিয়া কোম্পানীও তাদের ব্যবসায় প্রসায় ও উন্নতিকদ্ধে হিন্দুদের কাছে কৃতঞ্জতা পাশে থাবদ্ধ ছিল। কারণ, তাদের ব্যবসা বাণিজা হিন্দুদালাল গোমতা ও ঠিকালারলের সাহায্য ব্যতীত কিছুতেই চলতে পারতো না। উপরস্তু ১৭৩৬–৪০ কৃষ্টাব্দ পর্যন্ত কোলকাতায় তাদের যুলধন বিনিয়োগে ৫২ জন স্থানীয় বাণিকের অংশ ছিল এবং তারা সকলেই হিন্দু। কাণিমবাজারের কারখানা স্থাপনে ২৫ জন হিন্দু বাণিকের সাথে ছিল তারা সংস্থিট। শুধু ঢাকায়তাদের ১২ জন অংশীদারের মধ্যে দুম্জন ছিল মাত্র মুসলমান। (সিরাজাউদ্দৌপার পতন—ডঃ মোহর আলী।

কোলকাতা ফোর্ট উইলিয়ম দুর্গের সামরিক ইঞ্জিনিয়ার বুংর্লণ স্কটের নিকট লিখিত এক পত্রে চার্লস্ এফ, নোবল বলেন যে,—হিন্দু রাজাগণ ও অধিবাসীবৃন্দ মুসলিম শাসনের প্রতি ছিল অতান্ত বিক্ষুন্ধ। এ শাসনের অবসান কিতাবে ঘটানো যায়—এ ছিল তাপের গোপন অভিনাব। ইংরেজদের দ্বারা কোন বিপ্লব সংঘটন সম্ভব হলে তারা তাপের সাথে যোগদান করবে বলে অভিমত প্রকাশ করে।

নোবল বলেন,— "উমিটাদ আমাদের বিরাট কাঞে লাগবে বলে আমি মনে করি। হিন্দু রাজা ও জনসাধারণের উপর পুরোহিত নিমু পৌসাই—এর যথেষ্ট প্রভাব আছে। বিরাট সংখ্যার সশস্ত্র একটি দল তার একান্ত জনুগত। সন্যাসী দলকেও আমরা আমাদের কাজে লাগাতে পারি। নিমু গোসাই—এর দ্বারা এ কাজ হবে বলে আমার বিশ্বাস আছে।"

নিমু গোসাই কর্ণেল স্কটকে দেশের পরিস্থিতির গুরুত্বপূর্ণ থবরাখবর ও পরামর্শ দিত এবং বলতো যে— দরকার হলে ইংরেজদের সাহায্যে সে মাত্র চার দিনের মধ্যে এক হাজার সশস্ত্র লোক হাজির করতে পারবে। সিরাজ্ঞউদ্দৌলার পতন—ডঃ যোহর আলী, পৃঃ ১১)

মনে রাখতে হবে হে, হিন্দু জাতির পুনর্জাগরণ আন্দোলনের ফলে বাংলায় সন্যাসী আন্দোলনের নামে গোপনে একটি সশস্ত্র দলগঠন করা হয়েছিল এবং তারাও মুসলিম শাসন অবসানে সহায়ক হয়েছিল। রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্যে ফোর্ট উইলিয়ম কাউলিল কোলকাতায় দুর্গা নির্মাণের কাজ সমাপ্ত করে। অপরদিকে বাংলার নবাবের নিকটে যে জমিদারী ইস্ট ইন্ডিয়া কোম্পানী লাভ করে তার উপরে সার্বভৌম অধিকারও তারা প্রতিষ্ঠিত করে। দেশের আইনে অপরাধীগণ শান্তি এড়াবার জন্যে কোম্পানীর জমিদারীর অধীনে অপ্রথম গাভ করতে থাকে। এ সকল অপরাধী সকলেই ছিল হিন্দু। চোরাচালানের অপরাধে দোর্ষী রামকৃষ্ণ শেঠ নামক জনৈক ব্যবসায়ীকে কোম্পানী অপ্রেয় দান করে এবং নবাবের হাতে তাকে সমর্পণ করার নির্দেশ কোম্পানী অপ্রান্য করে। এমনি নবাবের অরও বহু অইনসমত নির্দেশ তারা লংখন করে। তাছাড়া তারা ব্যবসা সংক্রান্ত বহু ছক্তি লংখন করে।

ইংরেজদের ষড়যন্ত্র, কুকর্ম ও হীন আচরণ নবাব আলীবদীর জানা ছিলনা তা নয়। তবে শয়্যাশায়ী মরণোন্ধুৰ নবাবের কিছু করার ক্ষমতা ছিলনা। তার ভাবী। উন্ধায়িকানী সিরাজনেলা ইংরেজদের যড়যন্ত বানচাল করতে চেয়েছিলেন বলে তিনি তালের বিরাগতাজন হয়ে পড়েন। আলীবদীর পর দু'জন বাংলার সিংহাসনের দাবীদার হয়ে পড়েন। আলীবদীর বিধবা কন্যা ঘেসেটি বেগম এবং পূর্ণিয়ার নবার শওকত জং। ইংরেজগণ খেসেটি বেগমের দাবী সমর্থন করে। বেগম ও তার দেওয়ান রাজবল্লত তালের যাবতীয় ধনসম্পদ নিরাপদে সঞ্চিত করার জন্যে কোলকাতায় কোম্পানীর তত্ত্বাবধানে রাখেন। রাজবল্লত আত্মসাংকৃত সরকারী এর্থ তিয়ার শক্ষ টাকাসহ তার পুর্র কৃষ্ণবল্লতকে কোম্পানীর অপ্রয়ে প্রেরণ করে। কৃষ্ণবল্লতকে আশ্রয় দিয়ে ইংরেজগণ নবাবের সংগ্রে চরম বিশ্বাসঘাতকতা করে এবং ঘেসেটি বেগমকে বিশ হাজার সৈনাসহ সিরাজের বিরুদ্ধে যুদ্ধযারার জন্যে উদুদ্ধ ক'রে তারা রাষ্ট্রপ্রোহিতার কান্ধ করে। এ সবক্ষিছুই জানার পর সিরাজ তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলহন না করে পার্যম্পরিক আলোচনার মাধ্যমে অগ্রসর হন। কিন্তু তাঁর কোন কথায় কর্ণপাত করতে ইংরেজগণ প্রস্তুত ছিলনা।

জনৈক ইংরেজ কারখানার মালিক William Tooke বলেন যে, প্রাচ্যের প্রাচীন প্রণা জনুষায়ী নতুন রাজাভিযেকের পর বিদেশী নাগরিকাণ বিভিন্ন উপটোকনাদিসহ নতুন বাদশাহ বা নবাবের সাথে সাক্ষাৎ করে থাকে। কিন্তু এই প্রথমবার তারা এ প্রণা সংঘন করে। তিনি আরও বলেন, কৃষ্ণবক্তকে জাপ্রয় দান এবং তাকে নবাবের হাতে সমর্পণ করতে অস্বীকৃতি এটাই প্রমাণ করে, যে, সিরাজন্দৌলার রাজনৈতিক শক্রের সাথে ইস্ট ইভিয়া কোম্পানীর গভীর যোগসাজস ছিল যার জন্যে তারা এতটা উদ্ধতা দেখাতে সাহস করে। (হিলের ইভিহাস, ১ম খন্ড ও সিরাজন্টদৌলার পতন – ডঃ মোহর আলী)

হঠি ইভিয়া কোম্পানীর ফোর্ট উইলিয়াম কাউপিলের ঔদ্ধত্যপূর্ণ আচরণ বাংলা সরকারের একটি প্রতিদ্বন্ধী সরকারের অনুরূপ। সিরাধ্যমৌলা তাদের সাথে একটা মামাংসায় উপনীত হওয়ার সকল প্রকার চেষ্টা করে বার্থ হন। অতঃপর কিনি ভাগেনকে দেশ থেকে বিভাড়িত করার সিদ্ধান্ত করেন। তিনি এ ব্যাপারে জ্পানী কনেক প্রভাবশালী ব্যবসায়ী খাজা ওয়াজেনকে যে পত্র দেন (১লা জুন, ১৭৫৬) গার মুর্ম নিয়েরপ ঃ

শ্রধানত বিনটি কারণে ইংরেজদেরকে এ দেশে আর থাকার অনুমতি দেয়া। কেতে সালোনা। প্রথম করিব এই যে, তারা দেশের আইন দংঘন ক'রে কোলঝাতায় একটি সৃদৃঢ় দৃগ নির্মাণ করেছে। দ্বিতীয়তঃ তারা খ্যবসার চুক্তি তংগ করে অসদৃপায় অবলম্বন করেছে এবং বাবসা—কর ফাঁকি দিয়ে সরকারের প্রত্ত আর্থিক ক্ষতি সাধন করেছে। তৃতীয়তঃ একজন সরকারী তহবিদ আত্মসাৎকারীকে আপ্রয় দিয়ে তারা রাষ্ট্রদোহিতার অপরাধ করেছে।

তেসরা জুন সিরাজদৌলা কাশিমবাজারস্থ ইংরেজদের কারখানা দখল করে একটা মীমাংসায় উপনীত হওয়ার জন্যে চাপ দেন। কারখানা দখলের পর তিনি একটা উদারতা প্রদর্শন করেন যে, কারখানাটি তালাবদ্ধ করে কড়া পাহারার ব্যবস্থা করেন যাতে করে তা লৃষ্ঠিত হতে না পারে। উইলিয়ম ওয়াট্স্ এবং ম্যাথু কপেট ছিলেন এ কারখানার পরিচালক এবং তাঁরাই উপরোক্ত মন্তব্য করেন—(হিলের ইতিহাস, দ্বিতীয় খন্ড)

কাশিমবাজার কারখানার সমুদয় কর্মচারীকে সিরাজ মুক্ত করে দেন। শুধুমাত্র ওয়াটস এবং কলেটকে সাথে করে কোলকাতা অভিমুখে যাত্রা করেন। যাত্রার পূর্বে তিনি ফোর্ট উইপিয়ম কাউন্সিলকে একটা শান্তিপূর্ণ মীমাংসায় স্বাসার জন্যে বার বার পত্র শিখেন। কিন্তু তারা মোটেই কর্ণপাত করেনা। বরঞ্চ একটা সংঘর্ষে লিপ্ত হওয়ার জনো তারা সদাপ্রস্তুত থাকে। দান্ধিণাত্য থেকে সামরিক সাহায্য লাভের পর তাদের সাহস অনেকখানি বেড়ে যায়। নবাবের কোলকাতা পৌছবার এক সভাহ পূর্বে হণালী নদীর নিমভাগে অবস্থিত থানা দুর্গ এবং হণালী ও কোলকাতার মধ্যকর্তী সুখ সাগর দখলের জন্যে ড্রেক সৈন্য প্রেরণ করে। নবাব কর্তৃক প্রেরিত অগ্রবর্তী দল উভয়স্থানে ইংরেজদের আক্রমণ প্রতিহত করে। ১৬ই জুন ত্রিশ হাজার সৈন্যসহ সিরাজ ফোর্ট উইলিয়ামের ধারপ্রান্তে উপনীত হন। দু'দিন ধরে যুদ্ধের পর ডেুক ভার মূল সেনাবাহিনীসহ ফলতায় পলায়ন করে। পলায়নের भृतिधात काना इन**छारानाक युद्ध निरांशिक द्वांशा इस এ**वर वना इस रा— পরনিন সেও যেন তার মৃষ্ঠিমেয় সৈন্যসহ ফলতায় অপ্রয় গ্রহণ করে। কিন্তু, হলওয়েল নবাবের সৈন্যের কাছে আত্মসমর্পণ করতে বাধ্য হয়। হাউস অব কমপের সিলেষ্ট কমিটির সামনে উইলিয়ম টুক্ (William Tooke) যে সাক্ষা দান করে তাতে বলা হয় যে, আন্তসমর্পণকারী ইংরেজ সৈন্যদের প্রতি কোন প্রকার দুর্ব্যবহার করা হয়নি। (হিলের ইতিহাস ১ম খন্ড)। রাত্রি বেলায় প্রচুর মদ্যপানের পর কিছু সংখ্যক ইংরেজ সৈন্য হিংসাতাক কার্যকলাপ শুরু করলে ভাদেরকে ১৮ x ১৪ মাপের একটি কক্ষে আবদ্ধ রাখা হয়। অবাধ্য ও দূর্বিনীত

শৈশ্যদের আবদ্ধ রাখার উদ্দেশ্যেই কঞ্চটি তাদেরই বারা নির্মিত হয়েছিল; চল্লিশ থেকে বাট জনকে এতে আবদ্ধ রাখা হয়। যুদ্ধে অত্যধিক পরিপ্রান্ত হওয়ার কারণে জন বিশেক সৈন্য প্রাণত্যাগ করে। এ ঘটনাকে অতিমান্ত্রায় অতিরঞ্জিত করে ইতিহাসের পৃষ্ঠায় স্থান দেয়া হয়েছে। এ কাল্পনিক ঘটনাকে অরণীয় করে রাখার জন্য বিজয়ী শাসকগণ হলওয়েল মনুমেন্ট নামক একটি স্থৃতিভদ্ধ কোলকাতায় ডাল্হাউসি স্বোয়ারে স্থাপন করে। এ স্তম্ভটি নবাব সিরাজন্দৌলার কাল্পনিক কলকে—কালিমা বহন করে বিংশতি শতান্দীর প্রথমার্থ পর্যন্ত বিলয়েন থাকে। উদ্দেশ্যমূলক ও নিছক বিদ্বেষাত্মক প্রচারণার উৎস এ স্তম্ভটি তীব্র প্রতিবাদের মুখে ১৯৬৭ সালের পূর্বেই তেঙে দেয়া হয়।

যাহোক, হলওয়েল এবং জন্য তিন ব্যক্তি ব্যতীত জন্যান্য সকলের মুক্তি দেয়া হয়। ২৪শে জুন মানিক চাঁদকে কোলকাতার শাসনকার্যে নিয়োজিত করে সিরাজন্দৌলা হলওয়েল ও তার তিনঞ্জন সাধীসহ মুর্শিদাবাদ প্রত্যাবর্তন করেন। ২৬শে জুন অবশিষ্ট ইংরেজ সৈন্যগণ কোলকাতা থেকে ফলতা গমন করে।

৩০শে জুন সিরাজ্বলৌলা ফোর্ট সেন্টজর্জের গতর্ণর জর্জ পিগৃট্কে পত্র লিখেন। তার মর্ম ছিল এই যে, ইংরেজগণ যদি একটা শান্তিপূর্ণ মীমাংসায় উপনীত হয় এবং রাজনৈতিক ক্ষমতালাতের উক্তাতিলায় পরিত্যাগ করে ব্যবসার শর্তাবলী মেনে চলতে থাকে, তাহলে তাদেরকে বাংলায় ব্যবসার পূর্ণ সুযোগ দেয়া হবে।

## শল্ভায় ইংরেজগণ

সিরাজনৌলা জান্তরিকতার সাথে চেয়েছিলেন ইংরেজনের সংগে একটা নাায়সংগত মীমাংসায় উপনীত হতে। কিন্তু তাদের মনোভাব ছিল সম্পূর্ণ বিপরীত। ফল্তায় বসে স্থানীয় হিন্দু প্রধানদের সাথে যে বড়যন্ত্র জাল বিস্তার করা ইচ্ছিল তার থেকে তাদের মনোভাব বাক্ত হয়।

মাদ্রাজ থেকে যে সামরিক সাহায্য চাওয়া হয়েছিল, রজার দ্রেক তার
প্রকীক্ষায় দিন গুণতে থাকে। এদিকে নবাবকে প্রভারিত করার উদ্দেশ্যে ৬ই
পুলাই একটা মীমাংসার জন্যে তারা কথাবার্তা গুরু করে। কিন্তু এর মধ্যে ছিলনা
কোন অন্তরিকতা। মাদ্রাজ থেকে সামরিক সাহায্য এলেই তারা পুনরায় শক্তি
পরীক্ষায় লেগে যাবে। এ ব্যাপারে স্থানীয় প্রধানগণ ও বণিকপ্রেণী সকল প্রকারে
ইংরেজদেরকে উৎসাহিত করতে থাকে। বিশেষ করে খাজা ওয়াজেদের প্রধান

সহকারী শিব বাবু নামক জনৈক প্রভাবশালী ব্যক্তি সর্বদা ইংরেজদেরকে একথা বলতে থাকে যে, নবাব সিরাজনৌলা আর ভাদেরকে কিছুতে ব্যবসার সুযোগ সবিধা দিবার পত্রে নন। কোলকাতায় পরাজ্য বরণ করার পর কোন মীমাংসায় উপনীত হওয়া তাদের জন্যে কিছুতেই সম্মানজনক নয়। গোবিন্দরাম নামে অন্য একটি লোক সিরাজন্দৌলার কোলকাতা অভিযানের সময় পথে বৃক্ষ উৎপাটন করে রেখে বাধার সৃষ্টি করেছিল। সে এখন ইংরেজদের পক্ষে গোপন তথ্য সরবারাহের কাজ শুরু করে। কোলকাতার শাসনতার যে মানিকচাঁদের উপর অর্পিত হয়েছিল, সে বিশ্বাসঘাতকতা করে ফলতার অবস্থিত ইংরেজদের সর্বপ্রকারে সাহায়া করতে থাকে। সে নবাবের কাছে এ ধরনের বিভান্তিকর তথা পেশ করতে থাকে যে ইংরেজরা একটা শান্তিপূর্ণ মীমাংসায় জাসার জন্যে লালায়িত। জন্ম সৈন্য নিয়ে কিছ করা যাবেনা চিন্তা করে মেজর কিলপ্যাটিক ত্মাপাততঃ যুদ্ধে পিঙ হওয়া থেকে বিরত থাকে এবং মাদ্রাজ থেকে বৃহত্তর সামরিক সাহায্য ও নৌবহর তলব করে। ১৭৫৬ সালের ১৫ই আগন্ত কিল্প্যাট্টিক নবাৰকে জানায় যে, তারা তার অনুগ্রহপ্রার্থী। অপরদিকে ইংরেজদেরকে সর্বতোভাবে সাহায্য করার জন্য মানিক চীদ, জগতপেঠ ও অন্যান্য হিন্দু প্রধানদেরকে অনুরোধ করে পত্র লিখে।

মানিক চাঁদের মিথ্যা আশ্বাসবাণীতে নবাব বিভ্রান্ত হন এবং বলেন যে, ইংরেজরা যুদ্ধ করতে না চাইলে তাদেরকে ব্যবসায় সকল প্রকার সুযোগ সৃবিধা দেয়া হবে। নবাবের বলতে গেলে নৌশক্তি বলে কিছুই ছিলনা। বিদেশী বণিকদেরকে বাংলার তৃথন্ড থেকে বিতাড়িত করে দিলেও, সমুদ্র উপকূল থেকে তাদেরকে বিতাড়িত করার ক্ষমতা নবাবের ছিলনা। ইংরেজগণ এর পূর্ণ সুযোগ গ্রহণ করে। ইংত্রিজগণ এর পূর্ণ সুযোগ গ্রহণ করে। ইংত্রিজগণ সামানে নতুন এক বিপদ দেখা দেয়। পূর্ণিয়ার শওকত জং মোগল সম্রাটের নিকট থেকে এক ফরমান লাভ করতে সমর্থ হয়— যার বলে তাকে বাংলা, বিহার ও উড়িয়ার সুবাদার নিযুক্ত করা হয়। ইংরেজগণ শওকত জং–এর পক্ষ অবলয়ন করে তার বিজ্বরের আশা পোষণ করছিল। কিন্তু ৬ই আগস্টের যুদ্ধে শওকত জং নিহত হওয়ায় তাদের সে আশা আপাততঃ ধূলিসাৎ হয়ে যায়।

আগষ্টের মাঝামাঝি দ্রেক এবং কিল্প্যাটিক কর্তৃক কোলকাতার পতন সম্পর্কে দিখিত পত্রের জবাবে যথেষ্ট পরিয়াণে সামরিক সাহায্য ইংলভ থেকে মাল্রাঞ্চ এসে পৌছে। সেপ্টেশ্বরে কোম্পানীর দুটি জাহাজ চেষ্টারফিন্ড্ ও ধ্যালপোল মাল্রাঞ্চ পৌছে যায়। অক্টোবরে ফোর্ট সেপ্ট জর্জ কাউলিল রবার্ট রুমাইত এবং এডমিরাল ওয়াটসনের নেতৃত্বে একটি সামরিক অভিযান বাংলায় প্রেরপের সিদ্ধান্ত করে। বাংলায় পৌছাবার পরপরই প্রচন্ড বৃদ্ধ শুরু করার জন্যে রূপেল ক্লাইভকে নির্দেশ দেয়া হয়। ফোর্ট সেন্ট জর্জ কাউন্সিলের পক্ষ থেকে চাকা, পুর্ণিয়া এবং কটকের ডিপুর্টি নবাবদেরকে রুমাইতের সাথে সহযোগিতা করার অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়। অপরদিকে ইংরেজদের উপর নির্মাতন করা হয়েছে বলে ক্ষোন্ড প্রকাশ করে নবাবকেও পত্র দেয়া হয়। উক্ত কাউনিগের গভর্গর জর্জ নির্গতির পত্রে বলা হয় ঃ আমি একজন শক্তিশালী সর্দার পাঠাছি যার নাম ক্লাইভ। সৈন্য ও পদাতিক বাহিনীসহ সে যাছে এবং আমার স্থলে শাসন চালাবে। আমালের যে ক্ষতি করা হয়েছে তার সন্তোবজনক ক্ষতিপূরণ দিতে হবে। আপনি নিশ্চয় জেনে থাকবেন যে, আমরা যুদ্ধে সর্বত্রই জয়ী হয়েছি। (হিলের ইভিহাস, ১ম খন্ড)

এ পরের মর্ম পরিকার যে, মীমাংসার জার কোন পথ রইলোনা। ১৫ই ভিসেরর ক্লাইত্ ফল্তায় পৌছে। মানিকটাদ কোম্পানীর প্রতি যে বন্ধুত্বপূর্ণ জাচরণ ও সাহায়। সহযোগিতা করে, তার জন্যে তাকে ধন্যবাদ জানিয়ে সেইদিনই ক্লাইত তাকে পত্র লিখে। ক্লাইতের নিরাপদে পৌছার জানন্দ প্রকাশ করে মানিকটাদ পত্রের জবাব দান করে। সে আরও জানায় যে, সে কোম্পানীর যথাসাধ্য খেদমতে আত্মনিয়োগ করবে। উপরত্ত্ব গোপন তথ্য আদান প্রদানের জন্যে সে রাধাকৃষ্ণ নামক এক ব্যক্তিকে ক্লাইতের নিকটে প্রেরণ করে। বাংগার বিরুদ্ধে বাংগালীর এর চেয়ে অধিকতর বিশ্বাসহাতকতা আর কি হতে পারে।

#### পথ্যম অধ্যায়

### ইংরেজদের আক্রমণ ও নবাবের পরাজয়

উনত্রিশে ভিসেধর ক্লাইতের রণতরী হগলী নদী দিয়ে অগ্রসর হয়ে বন্ধবন্ধ দখল করে। তার চার দিন আগে ক্লাইত মানিকচাঁদের মাধ্যমে নবাবকে যে পত্র লিখে তাতে বলা হয়, নবাব আমাদের যে ক্ষতি করেছেন, আমরা এসেছি তার ক্ষতিপুরণ আদায়ের জন্যে, আমরা ক্ষমপ্রার্থী হয়ে আসিনি তার কাছে। আমাদের দাবী আদায়ের জন্যে আমাদের সেনাবাহিনীই যথেষ্ট। মানিকচাঁদ পত্রখানি নবাবকে দিয়েছিল কিলা জালা যায়নি। হয়তো দেয়নি। দিলে নবাব নিশ্চয়ই সতর্কতামূলক ব্যবস্থা অবলহন করতেন। মানিকচাঁদ সর্বদা নবাবকে বিশ্রান্ত রেখেছে। তার ফলে বিনা বাধায় ক্লাইত ৩১শে ডিসেয়র থানা ফোর্ট এবং ১লা জানুয়ারী, ১৭৫৭ ফোর্ট উইলিয়ম দুর্গ পুনরুদ্ধার করে। মানিকচাঁদ ইছ্যে করলে নবাবের বিরাট দৈনা বাহিনীর সাহায়ে ইংরেজদের আক্রমণ সহজেই প্রতিহত করতে পারতো। সে তার কোন চেষ্টাই করেনি। কারণ ইংরেজদের দ্বারা তার এবং তার জাতির অভিলায পূর্ণ হতে দেখে সে আনন্দলাতই করিছিল। এমনকি এ সকল স্থান ইংরেজ—কর্তৃক অধিকৃত হওয়ার সংবাদটুকু পর্যন্ত সে নবাবকে দেয়া প্রয়োজন বোধ করেনি।

ইরেজদের হাতে বলতে পেলে, ফোর্ট উইলিয়ম দুর্গ তুলে নিয়ে সে হর্গলী গমন করে এবং হর্গলী ইংরেজদের হাতে তুলে দেয়ার জন্যে পরিবেশ সৃষ্টি করতে থাকে। ক্লাইত হর্গলীতে তার নামে লিখিত পত্রে অনুরোধ জানায় যে, পূর্বের মতো সে যেন এখানেও বন্ধুত্বের পরিচয় দেয়। দু'নিন পর হর্গলী আক্রমণ করে ক্লাইত সহজেই তা হস্তগত করে। ইংরেজ কর্তৃক এতসব গুরুত্বপূর্ণ গাঁটি অধিকৃত হস্তয়ার পর মানিকচীল নবাবকে জানায় যে, ইংরেজদের মনোভাবের পরিবর্তন হয়েছে। হর্গলী অধিকারের পর ইংরেজ সৈন্যগণ সমগ্র শহরে দুটতরাজ অগ্নিসংযোগ ও ধ্বংসাত্মক ত্রিকাকলাপের দারা বিরাট সন্ত্রাস সৃষ্টি করে।

হণলীর পতন ও ধ্বংসলীদার সংবাদ পাওয়া মাত্র সিরাজন্দৌলা বিরাট বাহিনীসহ ২০শে জানুয়ারী হগলীর উপকণ্ঠে হাজির হন। ইংরেজগণ তখন তড়িংগতিতে হুগলী থেকে পলায়ন করে কোলকাতায় আশ্রয় গ্রহণ করে। নবাব সিরাজনৌলা একটা মীমাংসায় উপনীত হওয়ার জন্যে তানেরকে বার বার জনুরোধ জানান। অনেক আলাপ আলোচনার পর ৯ই ফেব্রুয়ারী নবাব ও ইংরেজদের মধ্যে একটি সন্ধিচ্ঠি স্বাক্ষরিত হয়। ইতিহাসে তা জালীনগরের সন্ধি বলে ব্যাত। এ সন্ধি জনুযায়ী ১৭১৭ সালের ফরমান মৃতাবেক সকল গ্রাম ইংরেজদেরকে ফেরত দিতে হবে। তাদের পণ্যদ্রব্যাদি করমুক্ত হবে এবং তারা কোলকাতা অধিকতর সুরক্ষিত করতে পারবে। উপরস্থ সেবানে তারা একটা নিজস্ব টাকশাল নির্মাণ করতে পারবে।

সিরাজদৌলাকে এ ধরনের অসন্ধানজনক চুক্তিতে স্বাক্ষর করতে হয়েছিল। তার প্রথম কারণ হলো মানিক চাঁদের মতো তাঁর অতি নির্ভরযোগ্য লোকদের চরম বিশ্বাসঘাতকতা। হিতীয়তঃ আহমদ শাহ আবদালীর ভারত আক্রমণ এবং বাংলা অতিযানের সম্ভাবনা।

অপরদিকে ধূর্ত ক্লাইতের নিকটে এ সন্ধি ছিল একটা সাময়িক প্রয়োজন মাত্র। ইংরেজরা একই সাথে প্রয়োজনবোধ করেছিল নবাবকে ক্ষমতাচ্যুত করার এবং ফরাসীদেরকে বাংলা থেকে বিতাড়িত করার। এতদুদেশো ক্লাইত ওয়াট্স্ এবং উমিচানকে সিরাজনৌশার কাছে পাঠিয়ে দেয় এ কথা বলার জন্যে যে, ভারা ফরাসী অধিকৃত শহর চন্দরনগর অধিকার করতে চায় এবং তার জন্যে নবাবকে সাহায্য করতে হবে। এ ছিল তালের এক বিরাট রণকৌশল (Strategy)। নবাব ভীষণ সমস্যার সমুখীন হন। তিনি তার রাজ্যমধ্যে সর্বদা বিদেশী বণিকদের ব্যাপারে নিরপেঞ্চ নীতি অবলয়ন করে জাসছিলেন। এ নীতি কি করে তংগ করতে পারেন? কিন্তু মুশবিল হচ্ছে এই যে, ইংরেঞ্চদের সাহায্য না করলে তারা এটাকে তাদের প্রতি শক্রতা এবং ফরাসীদের প্রতি মিত্রতা পোষণের অতিযোগ করবে। শেষ পর্যন্ত তিনি নিরপেক্ষ নীতিতেই অবিচল থাকার সিদ্ধান্ত করেন। তদনুযায়ী তিনি সেনাপতি নন্দকুমারকে নির্দেশ দেন যে, ইংরেজরা যদি চন্দরনগর জাক্রমণ করে তাহলে ফরাসীদের সাহায্য করতে হবে। অনুরূপতাবে ফরাসীরা যদি ইংরেজদেরকে অক্রমণ করে তাহলে ইংরেজদেরকে সাহায্য করতে হবে। ক্লাইভ নশ-বারো হাজার টাকা উৎকোচ দিয়ে নন্দকুমারকে হাত করে। সে একই পদ্বায় নবাবের গোয়েন্দা বিভাগের প্রধানকেও বশ করে। এভাবে ক্লাইত চারদিকে উৎকোচ ও বিশ্বাসঘাতকতার এমন এক জাল বিস্তার করে যে, সিরাজনৌলা কোন বিষয়েই লৃঢ়তা প্রদর্শন করতে পারেন না। উপরস্ত হিন্দু শেঠ

ও বেনিয়াগণ এবং তাঁর নিমকহারাম কর্মচারীগণ, যারা মনে প্রাণে মুস্পিম শাসনের অবসান কামনা করে আসছিল, সিরাজন্দৌলাকে হরহামেশা কুলরামপথি দিতে থাকে। তারা বলে যে, ইংরেজদেরকে কিছুতেই রুপ্ট করা চলবে না। ওদিকে আহমদ শাহ জাবদালীর বিহার সীমান্তে উপনীত হওয়ার মিথা সংবাদ দিয়ে বাংলা–বিহার রক্ষার উদ্দেশ্যে বিরাট সেনাবাহিনী সেদিকে প্রেপ্রণ করার কুণরামর্শ দেয়। এভাবে ইংরেজদের অর্গ্রগতির পথ সুগম করে দেয়া হয়।

ইতিমধ্যে ৫ই মার্চ ইংগন্ড থেকে সৈন্যসামন্তসহ একটি নতুন জাহাজ 'কায়ারল্যান্ড' কোলকাতা এসে পৌছায়। ৮ই মার্চ ক্লাইত চন্দরনগর অবরোধ করে। নবাব রায়দূর্গত রাম এবং মীর কাফরের অধীনে একটি সেনাবাহিনী চন্দরনগর অভিমুখে প্রেরণ করেন। কিন্তু তাদের পৌছাবার পূর্বেই করাসীগণ আন্তসমর্পণ করে বসে। তারা চন্দরনগর ছেড়ে যেতে এবং বাংলায় অবস্থিত তাদের সকল কারখানা এড্মিরাল ওয়াট্যন এবং নবাবের হাতে তুলে দিয়ে যেতে রাজী হয়। অতঃপর বাংলায় তৃবন্ত থেকে ফরাসীদের মৃলোচ্ছেদ করার জন্যে ক্লাইত নবাবের কাছে দাবী জানায়। উপক্রত্ব পাটনা পর্যন্ত করার জন্যে ক্লাইত নবাবের কাছে দাবী জানায়। উপক্রত্ব পাটনা পর্যন্ত করায় জন্যে ক্লাইত নবাবের কাছে দাবী জানায়। উপক্রত্ব পাটনা পর্যন্ত ফরাসীদের শতাছাবনের উদ্দেশ্যে কোম্পানীর দু' হাজার সৈনা ছলপথে অগ্রসর হওয়ার জন্যে নবাবের অনুমতি প্রার্থনা করে। নবাব এ অন্যায় অনুরোধ প্রত্যাখ্যান করে। এতে ফরাসীদের সাহায়্য করা হয়েছে বলে নবাবের প্রতি অভিযোগ আরোপ করা হয়। ফোর্ট উইলিয়ম কাউন্দিল কমিটি ২৩শে এপ্রিল নবাবকে ক্ষমতাচ্যুত করার প্রস্তাব প্রহণ করে। তারা আরও ভিত্তিহীন অভিযোগ করে যে, নবাব আলীনগরের ছক্তি ভংগ করেছেন।

নবাবকে ক্ষমতাচ্যুত করার উদ্দেশ্যে ক্লাইভ পাকাপোক্ত ষড়যন্ত্র করে,
সিরাজেরই তথাকথিত আপন লোক রামদুর্গত রাম, উমিচান ও জগৎশেঠ
ভ্রাতৃবৃদ্ধের সাথে। তাদেরই পরামর্শে নবাবের বখনী (বেতনদাতা কর্মচারী) মীর
জাফরকে নবাবের স্থলাতিষিক্ত মনোনীত করা হয়। ইংরেজ ও মীর জাফরের
মধ্যেও সকল বিষয়ে চ্ডান্ত সিদ্ধান্ত হয়ে যায়। শুধু উমিচান একটু অসুবিধার সৃষ্টি
করে। সে নবাবের যাবতীয় ধন—সম্পদের শতকরা পাঁচ ভাগ দাবী করে বসে।
অন্যথায় সকল বড়যন্ত্র ফাঁস করে দেয়ার হমকি দেয়। ক্লাইভ উমিচানকে খুনী
করার জন্যে ওয়াটসনের জাল স্বাক্ষরসহ এক দলিল তৈরী করে। মীর জাফরের
সংগে সম্পাদিত চুক্তিতে সে আলীনগরের চুক্তির সকল শর্ত পুরাপুরি পালন

করতে বাধ্য থাকবে বলে স্বীভৃত হয়। উপরস্তু সে স্বীভৃত হয় ক্ষতিপূরণ বাবদ কোম্পানীকে দিতে হবে এক কোটি টাকা, ইউরোপীয়ানদেরকে পঞ্চাশ লক্ষ, হিন্দু প্রধানদেরকে বিশ লক্ষ এবং আরমেনিয়ানদেরকে সাত লক্ষ টাকা। কোলকাতা এবং তার দক্ষিণে সমুদয় এলাকা চির্রদিনের জন্যে কোম্পানীকে ছেডে দিতে হবে।

সূচতুর ক্লাইভ নবাবের সন্দেহ নিরসনের জন্যে চলরনগর থেকে সৈন্য অপসারণ করে। মীর জাফর পরিকল্পিত বিপ্লব ত্বরানিত করার জন্যে ক্লাইভকে অতিরিক্ত বায়াত্র লক্ষ্ণ টাকা পুরস্কার স্বব্ধণ দিতে সন্মত হয়।

আহমদ শাহ আবদালীর ভারত ত্যাগের পর সিরাজনৌলা মীর জাফরকে একটি দেনাবাহিনীসহ পলালী প্রান্তরে ইংরেজদের প্রতিহত করার আদেশ করেন যদি তারা ফরাসীদের অনুসরণে উত্তরদিকে অগ্রসর হয়। ক্লাইত সিরাজনৌলাকে জানায় যে, যেহেতু আপীনগর চুক্তি পালনে বার্থ হয়েছেন, সেহেতু বাপারটির পর্যালাচনার জন্যে মীর জাফর, জলংশেঠ, রায়দুর্লত রাম, মীর মদন এবং মোহনলালকে দায়িত্ব দেয়া হোক। কিন্তু ওদিকে সংগে সংগে ক্লাইত মূর্শিদাবাদ অতিমুখে তার সৈন্য প্রেরণ করে। সিরাজ পলাশীর প্রান্তরে ইংরেজ সৈন্যদের সম্মুখীন হন। নবাবের সৈন্য পরিচালনার ভার ছিল মীর জাফর, রায়দুর্লত রাম প্রভৃতির উপর। তারা চরম মৃহুর্তে সৈন্য পরিচালনা থেকে বিরত থাকে। ফলে ক্লাইত মুদ্ধ না করেও অয়লাত করে। হতভাগা সিরাজ যুদ্ধের ময়দান থেকে পলায়ন করেন,কিন্তু পথিমধ্যে মীর জাফরপুত্র মীরন তাকে হত্যা করে। এভাবে পলাশীর বেদনাদায়ক রাজনৈতিক নাটকের যবনিকাপাত হয়।

পলাশী যুদ্ধের পটভূমির বিশদ বিবরণ থেকে কয়েকটি বিষয় সুস্পষ্টভাবে প্রমাণিত হয়।

এক, বাংশার ক্ষমিদার প্রধান, ধনিক বণিক ও বেনিয়া গোষ্ঠী দেশের স্বাধীনতার বিনিময়ে হগেও মুসলিম শাসনের অবসানকরে ইংরেজনের সংগে ষড়যন্তে লিঙ হয়।

দুই, ইংরেজগণ হিন্দুপ্রধানদের মনোভাব বৃথতে পেরে তাদের রাজনৈতিক স্বার্থ হাসিশের জন্যে হিন্দুদেরকে পুরাপুরি ব্যবহার করে।

তিন, নবাবের সকল দায়িত্বপূর্ণ পদে যারা অধিষ্ঠিত ছিল তারা সকলেই ছিল হিন্দু এবং তাদের উপরেই তাঁকে পুরাপুরি নির্ভর করতে হতো। কিন্তু যাদের উপরে তিনি নির্তর করতেন তারাই তাঁর পতনের জন্যে কড়যন্ত্রে লিঙ ছিশ।

চার, পলাশীর যুদ্ধকে যুদ্ধ বলা যায় না। এ ছিল যুদ্ধের প্রহসন। ইংরেজদের চেয়েনবাবের সৈন্যসংখ্যাছিল অনেক গুণ বেশী। নবাবের সৈন্যবাহিনীযুদ্ধ করলে ইংরেজ সৈন্য নিচিহ্ন হয়ে যেতো এবং ইতিহাস জন্যভাবে লিখিত হতো। অথবা সিরাজদৌলা যদি স্বয়ং যুদ্ধ পরিচালনা করতেন, তাহলেও তাঁকে পরাজয় বরণ করতে হতো না।

পাঁচ, ইংরেজদের আচরণ ছিল জাগাগোড়া শঠতাপূর্ণ এবং হিন্দুদের সাহায্যে প্রবঞ্চনা, প্রভারণা, মিথ্যা ও দুর্নীতির মাধ্যমে এক বিরাট বড়যন্ত জ্বাল বিস্তার করে তারা সিরাজন্দৌলাকে ফাঁদে আবদ্ধ করে।

ছয়. যাদেরকে সিরাঞ্চ দেশপ্রেমিক ও তার শুভাকাংখী মনে করেছিলেন—
তারা যে দেশের স্বাধীনতা বিক্রয় করে তাদের হীনস্বার্থ চরিতার্থ করবে, একথা
বুঝতে না পারা তার মারাজ্যক ভুল হয়েছে। অথবা বুঝতে পেরেও তার করার
কিছুই ছিল না। তার এবং তার পূর্ববর্তী শাসকদের দ্বারা দুধ-কলা দিয়ে পোষিত,
বর্ধিত ও পালিত কালসর্প অবশেষে তাঁকেই দংশন করে জীবনের সীলা সাংগ
করলো।

## পলাশীর মর্মন্তুদ নাটকের পর

প্লাশী প্রান্তরে সিরাজনৌলার পরাজয় শুধুমাত্র এক ব্যক্তির পরাজয় নয়।
বাংলা–বিহার তথা গোটা ভারত উপমহাদেশের পরাজয়। এ পরাজয় দার
উন্মোচন করে দেয় ভারতের উপরে ব্রিটিশ ঔপনিবেশিক প্রত্ত্ত্বর। শুধু তাই নয়।
এ পরাজয় সিরাজনৌলার নয়, বাংলা বিহারের নয়, ভারতেরও নয়, এ পরাজয়
এশিয়ার ইউরোপের কাছে, প্রাচ্যের প্রতীচ্যের কাছে। পরবর্তী ধারাবাহিক
ঘটনাপুঞ্জ এ কথারই সাক্ষ্য দান করে। নিদেনপক্ষে ভারত উপমহাদেশের উপরে
ব্রিটিশ আধিপত্য ও প্রভুত্ব চলেছিল একশ' নরুই বছর ধরে।

পলাশীর এ বেদনাদায়ক রাজনৈতিক নাটকের পরিচালক কে বা কারা ছিল, বাংলা–বিহার তথা তারত উপমহাদেশের গলায় দু'শ' বছরের জন্যে পরাধীনতার শৃংখল কে বা কারা পরিয়ে দিয়েছিল, ইতিহাস তাদেরকে খুঁজে বের করতে ভোলেনি। অতীব ঘূণিত বড়স্কা, বিশ্বাসঘাতকতা, উৎকোচের মাধ্যমে মন্তক ক্রয় এবং কার্নানিক অতিযোগের ভিত্তিতে প্রতিশোধ গ্রহণের হিংস্ত নীতি অবলয়নে, যুদ্ধশ্বে অন্ত্র পরিচালনা না করেই, ক্লাইত ও তার গোত্র-গোষ্ঠী সিরাজনৌলাকে পরান্ধিত ও নিহত করে এ দেশে তালের আধিপতা প্রতিষ্ঠায় কৃতকার্য হয়েছিল।

সিত্রাজনৌলার পতনের কারণ নির্ণয় করতে গিয়ে ইতিহাসকে বিকৃত করা হ'য়েছে। ১৭৫৭ সালের পর যাদের বিজয় নিনাদ প্রায় দু'শ' বছর পর্যন্ত ভারত তথা এশিয়ার বিশাপ ভ্রতে ধ্বনিত প্রতিধানিত হক্ষিল এবং এ বিজয় লাতে সহায়ক শক্তি হিসেবে যাদের সক্রিয় ভূমিকা ছিল, ভাদেরই মনোপৃত ও মনগড়া ইতিহাসে সিরাজলীলাকেই দায়ী করার হাস্যকর চেষ্টা করা হয়েছে। কিন্তু সত্যিকার ইতিহাস কি ভাই?

বিরাট মোগল সাম্রাজ্য ছিন্ন তিন্ন হ'য়ে পড়েছিল— তারতের বিভিন্ন স্থানে স্বাধীন আধা স্বাধীন শাসক মাথাচাড়া দিয়ে উঠেছিল। মারাঠাপক্তি উত্তর ও মধ্য তারতকে গ্রাস করার পরিকল্পনা নিয়ে সম্পুথে প্রয়সর হচ্ছিল। কিন্তু আহমদ শাহ আবদালী পানি পথের তৃতীয় মুদ্ধে (১৭৬১) তাদের শক্তি চুর্গ বিচুর্গ করে স্থদেশ প্রত্যাবর্তন করেন। বাদশাহ আকবর তারতের দুর্যর্থ মুসলিম সামরিক শক্তির বিনাশ সাধন করেছিলেন। বিকল্প কোন সামরিক শক্তি গঠিত হ'তে পারেনি। নৌশক্তি বলতে মুসলমানদের কিছুই ছিলনা বল্লেও চলে। ইংরেজ বিকলণ এদেশে এসেছিল বিবিধ উদ্দেশ্য নিয়ে। ব্যবসা—বাণিজ্যের নামে রাজনৈতিক প্রাধান্য প্রতিষ্ঠার উদ্দেশ্যে স্থানে স্থানে দুর্গ নিয়াণ, নৌবহর—স্থাপন, প্রদেশ থেকে সৈন্যবাহিনী আমদানী প্রভৃতির দারা ক্রমশঃ শক্তিশালী হ'য়ে উঠেছিল। তাদের এ উদ্দেশ্য সাধনে সর্বতোভাবে সাহায্য সহযোগিতা করেছিল—বাংলার দেশপ্রেমিক (१) বাংগালী হিন্দু ধনিক বিক প্রেণী।

বাংলায় মুর্শিনকুশী খার সময় থেকে সকল প্রশাসনক্ষেত্র থেকে মুসলমানদেরকে অপসারিত করে তথায় বাংলার হিন্দুদের জন্যে স্থান করে দেরা হয়েছিল। এ ছিল অতীব স্থানেশ্রীতি ও একদেশদর্শী উদারতার ফল। যদিও পরবর্তীকালে তার মাশুল দিতে হয়েছে কড়ায় গভায়। আলীবর্দীর সময় থেকে ভারাই হ'য়ে পড়ে রাজ্যের সর্বেসর্বা। বাংলার মসনদ লাত ছিল তালেরই কুপার উপরে একান্ত নির্তরশীল। তারা ছিল বাংলার রাজস্তরী (King-Makers)।

সিরাজনৌলা নবাব আলীবদীর স্থাতিবিক্ত মনোনীত হওয়ার সময় জগৎশেঠ আত্তবৃন্দ, মানিক চাঁদ, দুর্গত রাম প্রতৃতি এমন শক্তিশালী ছিল যে, তাদের বিরাগতাজন হয়ে ঋমতায় টিকে থাকা সিরাজের পঞ্চে ছিল অসম্ভব ব্যাপার।
কিন্তু এসব শক্তিশালী রাজকর্মচারীবৃন্দ রাজকোষ ধারা লালিত-পালিত হওয়া
সংগ্রেও প্রত্ব প্রতি কণামাত্র কৃতজ্ঞতা প্রকাশের মনোতাব পোষণ করেনি। তারা
সর্বদা সিরাজকে কৃপরামর্শ দিয়েই ক্ষান্ত হয়নি, বরক্ষ ভিতরে ভিতরে
ক্যোম্পানীর সাথে একাজুতাই পোষণ করেছে। তারা আপ্রাণ চেষ্টা করেছে
সিরাজের পতনের মাধ্যমে মুসলিম শাসনের অবসান ঘটিয়ে এদেশে ইংরেজ
শাসন পত্তন করতে।

সিরাজনৌগা শুধু একজন দেশপ্রেমিকই ছিলেন না। তিনি একজন অত্যন্ত সাহসী বীরপুরুষও ছিলেন। ক্ষমতা গ্রহণের পরপরই তিনি যেরপ ক্ষিপ্রতার সাথে খেসেটি বেগম ও শপ্তকত ন্ধং-এর বিদ্রোহ দমন করেন, তাতে তাঁর সৎসাহস ও বিচক্ষণতারই পরিচয় পাওয়া যায়। কয়েকবার ইংরেজদের সাথে সংঘর্ষেও তার বিজয় সূচিত হয়। আলম চাঁদ, জগৎশেঠ প্রভৃতি হিন্দু প্রধানগণ যদি চরম বিশ্বাসঘাতকভার ভূমিকা পালন না করতো, তাহলে বাংলার ইতিহাস অন্যভাবে লিখিত হতো। মীর জাফরের তুমিকাও কম নিন্দনীয় নয়। কিন্তু পলাশী নাটকের সবচেয়ে ঘণিত ও অভিশপ্ত ব্যক্তি করা হয়েছে তাকে। কোলকাতা কোট উইলিয়মের থুদ্ধে ইংরেজদেরকে শোচনীয়ভাবে পরাজিত করার পর নবাব সিরাজনৌলা কোপকাতা শাসনের তার অর্পণ করেন মানিক চালের উপর। মানিক চাঁদ ইংরেম্বদেরকে কোলকাতা ও হণলীতে পুনঃপ্রতিষ্ঠিত করে। নবাবকে ক্ষমতাচ্যুত করার বড়যন্ত্র পাকাপোক্ত হয় রায় দুর্লত রাম, উমিচাঁদ ও জনংশেঠ ভ্রাত্বন্দের পরামর্শে। এ কাজের জন্যে মীর জাফরকে বেছে নেয়া হয় শিখভী হিসাবে অথবা 'শো বয়' হিসাবে। এদেরই ষড়যন্ত্রের শিকার হয়ে পড়েছিল মীর জাঞ্চর। মীর জাফর যে দোষী ছিল, তাতে সন্দেহ নেই। কিন্তু এ হীন খড়যন্ত্রে তার অংশ কতটুকুই বা ছিল। বড়োজোর এক আনা। কিন্তু তার দুর্ভাগ্যের পরিহাসই বলতে হবে যে, ইতিহাসে তার চেয়ে দ্বণিত ব্যক্তি স্বার কেউ নেই। তাই সকল সময়ে বিশ্বাসখাতক ব্যক্তির নামের পূর্বে 'মীর জাফর' শব্দটি বিশেষণকাপ বাৰম্ভ হয়৷

দেশপ্রেমিক সিরাজদ্বৌলা বাংলা বিহারের স্বাধীনতা বিদেশী শক্তির হস্তে বিক্রয় না করার জন্যে মীর জাফরসহ হিন্দু প্রধানগণের কাছে বার বার আকুল আবেদন জানান। কিন্তু তাঁর সকল নিবেদন আবেদন জরণ্যে - রোদনে পরিণত হয়। বিশ্বাসঘাতকের দল ডাদের বহুদিনের পুঞ্জিভ্ড আক্রেনগের প্রতিশোধ গ্রহণ করে দেশের স্বাধীনতার বিনিময়ে। এতেও তাদের প্রতিহিংসা পুরাপুরি চরিতার্থ হয়নি। সিরাজন্দৌলাকে পৈশাচিকভাবে হত্যা করেই তারা তাদের প্রতিহিংসার প্রজ্জ্বনিত অগ্নি নির্বাপিত করে।

সিরাজদৌশাকে ধরাপৃষ্ঠ থেকে জপসারিত করে জন্য কাউকে বাংগার মসনদে অধিষ্ঠিত করা— ইংব্রেজদের উদ্দেশ্য ছিল না। তারা চেয়েছিল এদেশে তাদের রাজনৈতিক আধিশত্য প্রতিষ্ঠা করতে। মীর জাফরকে তারা কাষ্ঠ-পুঞ্জলিকবিৎ গণিতে প্রতিষ্ঠিত করে। মীর জাফর তাদের ক্রমবর্ধমান জন্যায় দাবী মিটাতে সক্ষম হয়নি বলে তাকেও জবশেষে সরে দট্টাতে হয়। হিন্দু প্রধানদের নিকটে তথু সিরাজদৌশাই অপ্রিয় ছিলেন না। যদি তাই হতো, তাহলে তাঁর স্থলে তাদেরই মনোনীত ব্যক্তি মীর জাফর এবং তারপর তাদেরই মনোনীত মীর কাসিম তাদের অপ্রিয় হতো না। তাদের একাত কামনার বস্তু ছিল মুসলিম শাসনের অবসান। তাই নিজের দেশের স্বাধীনতা জলাঞ্জলি দিয়ে মুসলিম শাসনের পরিবর্তে বিদেশী শাসনের শৃংখল স্বেজয়ার গলায় পরিধান করতে তারা ইতন্ততঃ করেনি। মীর জাফরের পর মীর কাসিম আন্তরিকভাবে চেয়েছিলেন দেশের প্রশাসন ব্যবস্থার প্রভৃত উত্রতি সাধন করতে এবং তার সংগে অর্থনৈতিক স্থিতিশীলতা পুনঃপ্রতিষ্ঠিত করতে। বিচ্পু তিনিও ইংব্রেজদের অন্যা কুধার খোরাক যোগাতে পারেননি বলে বাংগার রাজনৈতিক জংগন থেকে তাঁকেও বিদায় নিতে হয়। (থিল, যদুনাথ সরকার; ম্যালিসন, ডঃ মোহর অালী)

বাংলা বিহার তথা ভারতে ব্রিটিশ রান্ধ প্রতিষ্ঠিত হওয়ার পর দৃ'শ' বছরে এ দেশের জনগণের ভাগ্যে যা হবার তাই হয়েছে। অবশা কিছু বৈষয়িক মংগল সাধিত হলেও পরাধীনতার অভিশাপ, লাল্কনা—অপমান জাতিকে জর্জারিত করেছে। সিরাজদৌলার পতনের অব্যবহিত পরে এ অঞ্চলের অধিবাসীদের বিশেষ করে মুসলমানদের উপরে যে শোষণ নিম্পেষণ চলেছিল তার নজির ইতিহাসে বিরল। দুর্ভিক, মহামারী, দারিপ্ত, দেশকে গ্রাস করে ফেলে। এ সম্পর্কে বিশদ আলোচনা হয়েছে পরবর্তী অধ্যায়ে।

## সিরাজদৌলার পতনের পর বাংলার অর্থনৈতিক অবস্থা

পলাশী ও বকসারের যুদ্ধের পর বাংলার স্বাধীনতা সম্পূর্ণরূপে বিলুপ্ত হয়।
১৭৬৫ খৃষ্টান্দে নিশ্লীর নামমাত্র মোপল সদ্রাট দ্বিতীয় জালমলীর ইন্ট ইন্ডিয়া
কোম্পানীকে বাংলা, বিহার ও উড়িয়ার লেওয়ানী মঞ্জুর করার পর এ অঞ্চলের
উপরে তাদের আইনগত অধিকার সুপ্রতিষ্ঠিত হয়। অতঃপর অর্থনৈতিক দিক
দিয়ে বাংলার যে চিত্র ফুটে উঠে তা অতান্ত বেদনাদায়ক ও নৈরাশ্যজনক। পলাশী
যুদ্ধের পর মীর জাক্ষর প্রতৃতি নামমাত্র নবাব থাকলেও সামরিক শক্তির নিয়ন্তা
ছিল ইন্ট ইন্ডিয়া কোম্পানী। ১৭৬৫ সালের পর দেশের অর্থনীতিও সম্পূর্ণ
তাদেরই নিয়ন্ত্রণাধীন হয়ে পড়ে। ফলে বাংলার মুসলিম সমাজ ক্ষতিগ্রন্ত হয়েছিল
সর্বাপেক্ষা ও সর্বদিক দিয়ে।

সিরাজন্দৌলাকে ক্ষমতাচ্যুত করার জন্যে উমিচাদ—মীর জাফরের সাথে কোশানীর যে বড়যন্ত্রমূলক চ্ক্তি সম্পাদিত হয়, তার অর্থনৈতিক দাবী পূরণ করতে গিয়ে বাংলার রাজকোষ শৃন্য হয়ে পড়ে। পূর্বে বলা হয়েছে যে, এ চ্ক্তির শর্ত জনুযায়ী কোম্পানীকৈ ভ্রা কতিপূরণ বাবদ দিতে হয়একশ শক্ষ টাকা। ইউরোপীয়দেরকে পঞ্চাদ লক্ষ, হিন্দু প্রধানকে বিল লক্ষ এবং আরমেনীয়দেরকে সাত লক্ষ টাকা। বিপ্লব তুরানিত করার জন্যে চ্ক্তি স্বাক্ষরিত হবার পূর্বেই ক্লাইতকে দিতে হয় বায়ার লক্ষ টাকা (Fall of Sirajinddowla- Dr. Mohar Ali)।

মীর জাফরের ত্য়া নবাব হিসাবে বাংলার মসনদে আরোহণ করার পর কোম্পানীর নাবী উন্তরোন্তর বাড়তে থাকে। মীর জাফর, তাদেরকে প্রীত ও সভুষ্ট রাখতে বাধ্য হয়। রাজস্ব বিভাগ কোম্পানীর পরিচাগনাধীন হওয়ার পর কর্তৃপক্ষকে সন্তুষ্ট রাখার জন্যে হিন্দু ও ইংরেজ আলায়কারীগণ অতিমাত্রায় শোষণ নিম্পেরণের মাধ্যমে রাজস্ব আলায় ক'রে কোম্পানীর রাজকোষ পূর্ণ করতে থাকে। ইতিপূর্বে প্রজাদের নিকট থেকে আলায়কৃত সকল অর্থ দেশের জনগণের মধ্যে তাদেরই জন্যে ব্যয়িত হতো। তখন থেকে ইংলভের ব্যাংকে ও ব্যবসা কেন্দ্রগুলিতে স্থানান্তরিত হতে থাকে।

১৭৭৬ সালের দূর্ভিক্ষে বাংলার এক তৃতীয়াংশ লোক প্রাণত্যাগ করে। কিন্তু রাজস্ব আদায়ের বেলায় কোন প্রকার জনুকম্পা প্রদর্শিত হয়নি। দুর্ভিক্ষ যথন চরম আকার ধারণ করে, তখন পূর্বের বৎসরের তুলনার ছর লক্ষ্য টাকা অধিক রাজ্ব আনার করা হয়, বাংলা ও বিহার থেকে পরবর্তী বছর অতিরিক্ত টোন্দ লক্ষ্য টাকা আনার করা হয়। মানব সন্তানেরা যখন ক্ষ্যা—তুব্ঞা ও মৃত্যু যন্ত্রণার আর্তনাদ করছিল, তখন তাদের রক্ত পোবণ করে পোনচিক উল্লাসে নৃত্যু করছিল ইংরেজ ও তাদের রাজস্ব আনায়কারীলণ। এসব রাজস্ব আনায়কারী ছিল কোলকাতার হিন্দু বেনিয়াগণ, সুনী মহাজন ও ব্যবসায়ীগণ। মানবতার প্রতি এর চেয়ে অধিক নির্মাতা ও পোনাচিকতা আর কি হতে পারে? (Baden Powel- Land system etc.— British Policy & the Muslims in Bengal— A. R. Mallick)।

আর এক খূপিত পস্থায় এদেশের অর্থসম্পদ লুন্ঠন করা হতো। কোম্পানী এবং তাদের কর্মচারীপণ যাকে খূপী তাকে নবাবের পদে অধিষ্ঠিত করতে পারতো এবং যাকে খূপী তাকে ক্ষমডাচ্যুত করতো। ১৭৫৭ থেকে ১৭৬৫ সাল পর্যন্ত মাত্র আট-ন' বছরে এ ব্যাপারে কোম্পানী ও তার দেশী-বিদেশী কর্মচারীদের পকেটে যায় কমপক্ষে ৬২,৬১,১৬৫ পাউভ। প্রত্যেক নবাব কোম্পানীকে বিভিন্ন বাণিজ্যিক সুযোগ-সুবিধা দানের পরও বহু মূল্যবান উপটোকনাদি দিয়ে সম্বুষ্ট রাখতো।

আবদুল মন্তদুদ বলেন ঃ

পলাশী যুদ্ধের প্রাঞ্চালে বড়যন্ত্রকারী দল কী মহামূল্য দিয়ে ব্রিটিশ রাজদন্ত এ দেশবাসীর জন্য ক্রয় করেছিল, তার সঠিক খতিয়ান আজও নির্ণীত হয়নি। হওয়া সম্বব নয়। কারণ— কেবল লিখিত বিবরণ থেকে তার কিছুটা পরিমাণ জ্ঞাত হওয়া সম্বব। কিছু হিসাবের বাইরে যে বিপুল অর্থ সাগর পারে চালান হয়ে গেছে, কিতাবে তার পরিযাপ করা যাবে?

ব্রিটিশ আমলে বাংলার অর্থনীতি মানেই হলো— সুপরিকল্পিত শোষণের মর্মান্ডেনী ইতিহাস। ঐতিহাসিকরা মোটামোটি হিসাব করে বলেছেন, ১৭৫৭ থেকে ১৭৮০ শর্ষন্ত মাত্র তেইশ বছরে বাংলা থেকে ইংলন্ডে চালান গেছে প্রায় তিন কোটি আশি লক্ষ পাউন্ত অর্থাৎ সমকালীন মূল্যের ঘাট কোটি টাকা। কিন্তু ১৯০০ সালের মূল্যমানের তিনশো কোটি টাকা। (I.O. Miller, quoted by Misra, p. 15)।

মার্শিদারাদের থায়াঞ্চিখানা থেকে পাওয়া গেল পনর লক্ষ পাউন্ডের টাকা, অবশ্য বছমুলা মণিমাণিক। দিয়ে। ক্ষতিপুরণ হিসেবে ব্রিটিশ স্থলসেনা ও নৌসেনা পেলো চার লক্ষ পাউন্ড: সিলেষ্ট কমিটির ছয়জন সদস্য পেলেন নয় লক্ষ পাউন্ড; কাউন্সিল মেম্বররা পেলেন প্রত্যেকে পঞ্জাপ থেকে আশি হান্ধার পাউণ্ড: আর খোন ক্লাইভ পেলেন দু'লক্ষ চৌত্রিশ হাজার পাউগু, তাছাড়া ত্রিশ হাজার পাউভ বার্ষিক আয়ের জমিদারীসহ বাদশাহ প্রদন্ত উপাধি 'সাবাত জং'। অবশ্য পলাশী বিজয়ী ক্লাইভের ভাষায় 'তিনি এতো সংযম দেখিয়ে নিজেই আন্চর'। মীর কাসিম দিয়েছেন নগদ দু'লক্ষ পাউন্ড কাউন্সিলের সাহায্যের জনো। মীর জাফর নন্দন নজমন্দৌলা দিয়েছেন এক লক্ষ উনচল্লিশ হাজার পাউড। এছাড়া সাধারণ সৈনিক, কৃঠিয়াল ইংরেজ কত লক্ষ মুদ্রা আত্মাৎ করেছে, বলা দুঃসাধা। বিখ্যাত জরিপবিদ জেমস রেনেল ১৭৬৪ সালে বাইশ বছর বয়সে বার্ষিক হাজার গাউন্ডে নিযুক্ত হন, এবং ১৭৭৭ সালে বিগাত ফিরে যান ত্রিশ থেকে চল্লিশ হান্ধার পাউড আত্মসাৎ করে। এ থেকেই অনুমেয়, কোম্পানীর কর্মচারীরা কী পরিমাণ অর্থ আত্মসাৎ করতেন। তারা এ দেশে কোম্পানী রাজ্যের প্রতিত্ হিসেবে এবং চাকুরী থেকে অবসর গ্রহণের পর হোমে প্রত্যাগত হয়ে এরপ রাজসিক হালে বাস করতেন যে, তাঁরা 'ইডিয়ান নেবাবস' ব্রপে আখ্যাত হতেন। ... ক্লাইভ নিজেই স্বীকার করেছেন, "আমি কেবল স্বীকার করতে পারি, এমন অরাজকতা বিশৃংখলা, উৎকোচ গ্রহণ, দুর্নীতি ও বলপূর্বক ধনাপহরণের পশিব চিত্র বাংলাদেশ ছাড়া অন্য কোথাও দৃষ্ট হয়নি।" জথচ নির্লজ্জ ক্লাইভই এ শোষণ যজ্জের প্রধান পুরোহিত ছিলেন। মেধ্যবিত্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর, व्यावमृत २७न्म, पृः ७०-७२॥

## यर्छ ज्यशाश

मूर्गणिय नयां जात पूर्वना

ইস্ট ইন্ডিয়া কোম্পানী কর্তৃক বাংলার স্বাধীনতা বিনষ্ট হওয়ার পর মুসলিম সমাজের যে সীমাহীন দুর্দশা হয়েছিল, তা নিমের ঘালোচনায় সুস্পন্ট হবে।

পলাশী যুদ্ধের পূর্বে সামরিক ও বেসামরিক চাকুরীক্ষেত্রে সম্রাপ্ত মুসলমানদের প্রাধান্য ছিল। কোম্পানী ক্ষমতা হস্তগত করার পর প্রশাসনিক পুনর্বিন্যান্সের প্রথম ধাপেই মুসলিম সেনাবাহিনী তেঙে দেয়া হয়। তার ফলে কিছু উচ্চপ্রেণীর কর্মচারীই বেকার হয়ে পড়েনি, বরঞ্চ হাজার হাজার নিমবেতনতৃত্ব কর্মচারীও কর্মচ্যুত হয়ে পড়ে। ফলে, লক্ষ লক্ষ মানুষকে বেকারত্ব ও দারিদ্রের মুখে ঠেলে দেয়া হয়।

বিতীয়তঃ দেশের গোটা রাজস্ব বিভাগকে ইংলভের পদ্বতিতে পুনর্গঠিত করার ফলে বহুসংখ্যক মুসলমান কর্মচ্যুত হয়। সরকারের ভূমি রাজস্ব নীতি অনুযায়ী বহু মুসলমান জমিদার তাদের জমিদারী থেকে উদ্দেল হয়। ১৭৯৩ সালে গ্রাম্য পুলিশ প্রথা রহিতকরণের ফলেও হাজার হাজার মুসলমান বেকার হয়ে পড়ে। এভাবে এ দেশে ব্রিটিশ শাসন প্রতিষ্ঠিত হওয়ার ফলে উচ্চশ্রেণীর মুসলমান শুধু সরকারী চাকুরী থেকেই বঞ্চিত হয়নি, জীবিকার্জনের অন্যান্য সুযোগ—সুবিধা থেকেও তারা বঞ্চিত হয়।

নিক্রেণীর মুসলমানদের পেশা ছিল সাধারণতঃ কৃষি ও তাঁওশিল। অষ্টাদশ শতাব্দীর তৃতীয় পাদ থেকে মানচেন্টারের মিলজাত বস্ত্রাদি প্রচুর পরিমাণে আমদানীর ফলে, বাংলার তাঁতশিল ধ্বংস হয় এবং লক্ষ লক্ষ তাঁতীও ধ্বংসের সমুখীন হয়। তারপর শুধু কৃষির উপর নির্ভর করে জীবন যাপন করা তাদের জন্যে দুঃসাধ্য হয়ে পড়ে।

কোপানী এ দেশে আগমনের পর থেকেই কোলকাতার হিন্দু বেনিয়াগণ তাদের অধীনে চাক্রী-বাক্রী করে অত্যন্ত সমৃদ্ধ হয়ে পড়ে। তাদেরকে বলা হতো 'গোমন্তা'। পলাণী বৃদ্ধের পর নতুন রাজনৈতিক পরিস্থিতিতে এদের হয়েছিল পোয়াবারো। কোম্পানীর একচেটিয়া লবণ ব্যবসায় এবং আত্যন্তরীণ অন্যান্য ব্যবসা-বাণিছ্যে এসব গোমন্তাগণ শুরুত্বপূর্ণ ভূমিকা পালন ক'রে প্রভূত অর্থ উপার্জন করে। কিন্তু এতদ্বেশীয় ব্যবসা ধ্বংস করে জনগণকে চরম,
দুর্থশাপ্রস্ত ক'রে ফেলে। কোম্পানীর দেশী–বিদেশী কর্মচারীগণ ইংলভ থেকে
আমদানীকৃত দুর্বাদি অত্যধিক উচ্চমূল্যে থরিদ করতে এবং দেশের উৎপত্র
প্রবাদি অতি অন্ধ্যুল্যে বিক্রয় করতে জনসাধারণকে বাধ্য করে। তাদের
উৎপীড়ন–নির্ধাতনের বিবরণ দিতে হলে একটি স্বতন্ত্র গ্রন্থ রচনার প্রয়োজন।
কোম্পানীর অত্যাচার–উৎপীড়নে পূর্ণ সহায়তা করে বাংলার হিন্দু কর্মচারীগণ।
১৭৮৬ সালে কালীচরণ নামে জনৈক গোমন্তার জুলুম–নিম্পেষণে গ্রিপুরা
অঞ্চলকে ধ্বংসের মুখে ঠেলে দেয়ার অপরাধে তাকে সেখান থেকে অপসারিত
ক'রে চট্টগ্রামের জমিদারের নিকট থেকে জন্যায়তাবে ত্রিশ হালার টাকা
আদায় করে। লভ কর্ণগুয়ালিসের নিকট থেকে জন্যায়তাবে ত্রিশ হালার টাকা
আদায় করে। লভ কর্ণগুয়ালিসের নিকটে বিষয়টি উপস্থাপিত করলে, চট্টগ্রামের
রাজস্ব কন্ট্রোলার মিঃ বার্ড বলেন, কালীচরণকে চাকুরী থেকে জপসারিত ক'রে
তার স্থলে তার গোমন্তা জয় নারায়ণ গোসাই–এর হস্তক্ষেপের ফলে বিষয়টির
এখানেই যবনিকাপাত হয় এবং কালীচরণ তার পদে সসম্মানে বহলে থাকে।

এ একটি ঘটনা থেকে অনুমান করা যায় যে, কোম্পানীর হিন্দু কর্মচারীগণ গ্রামবাংলার ধ্বংস সাধনে কোন্ সর্বনাশা ভূমিকা পালন করেছিল। জনৈক ইংরেজ মন্তব্য করেন : ইংরেজ ও তালের আইন—কানুন যে একটিমাত্র শ্রেণীকে ধ্বংসের মৃথ থেকে রক্ষা করেছিল তা হলো, তালের অধীনে নিযুক্ত এতকেশীয় গোমন্তা— লালাল প্রতিনিধিগণ। এসব লোক পংগপালের মতো খেভাবে দুল্ডগতিতে গ্রামবাংলাকে গ্রাস করতে থাকে তাতে করে তারা তারতের অন্ধিত্বের মূলেই আঘাত করছিল।—(Muinuddin Ahmad Khan, Muslim Struggle for Freedom in Bengal, pp. 8) ।

ইংরেজনের পলিসি ছিল, যানের সাহায্যে তারা এ দেশের স্বাধীনতা হরণ ক'রে এখানে রাজনৈতিক প্রতৃত্ব লাভ করেছে, তানেরকে সমাজের সর্বন্ধরে প্রতিষ্ঠিত ক'রে মুসলমাননেরকে একেবারে উৎখাত করা, যাতে ক'রে ভবিষ্যতে তারা আর কখনো স্বাধীনতা ফিরে পাবার কোন শক্তি অর্জন করতে না পারে। হ্যাস্টিংসের ভ্মি ইজারাদান নীতি ও কর্ণওয়ালিসের চিরস্থায়ী বন্দোবস্তের ফলে হিন্দুরা মুসলমান জমিলারদের স্থান দখল করে।

াকতে ভূমি ইঞারাদানের নীতি কার্যকর হওয়ার কারণে প্রাচীন সম্রান্ত মুসলিম লামিদারাপণ হঠাৎ সর্বোক্ত মূল্য নগদ পরিশোধ করতে অপারগ হয়। পকার্যরে বিলু বোনয়া প্রেণী, সুনী মহাজন, ব্যাংকার ও হিলু ধনিক—বণিক প্রেণী এ সুবর্গ গ্রোল প্রহণ করে। প্রাচীন জমিদারীর অধিকাংশ চিরস্থায়ী বন্দোবন্তের ফলে মান্য ধনিক—বণিকদের কাছে অচিরেই হস্তান্তরিত হয়। চিরস্থায়ী বন্দোবন্তের ফলে মান্য ধনিক—বণিকদের কাছে অচিরেই হস্তান্তরিত হয়। চিরস্থায়ী বন্দোবন্তের ফলে মান্য ধনিক—বণিকদের কাছে অচিরেই হস্তান্তরিত হয়। চিরস্থায়ী বন্দোবন্তের লগানিক উদ্দেশা ছিল মুসলমান জমিদারদের অধীনে নিযুক্ত হিলু নায়েব—গ্রান্যোধারার প্রত্তির স্বীকৃতি দান। ১৮৪৪ সালের Calcutta Review-তে যে জগা প্রকাণিত হয় ভাতে বলা হয় এক জজন জমিদারীর মধ্যে, যাদের অধিদারীর পরিধি ছিল একটি ক'রে জেলার সমান, মাত্র দু'টি পূর্বতন অধিদারদের দথলে রয়ে যায় এবং অবশিষ্ট হস্তগত হয় প্রাচীন জমিদারদের বিশেষ হয়, যারা হয়ে পড়েছিল নতুন বিদেশী প্রভূদের একান্ত জনুগত ও বিশ্বলোজ্যক।

হান্টার তাঁর The Indian Mussalmans প্রস্তে বলেন ঃ যেসব হিন্দু কর আলামকারীলণ ঐ সময় পর্যন্ত নিমুপদের চাকুরীতে নিযুক্ত ছিল, নয়া ব্যবস্থার নিশোলতে তারা জমিদার প্রেলীতে উরীত হয়। নয়া ব্যবস্থা তাদেরকে জমির উপর আলিকানা অধিকার এবং সম্পদ আহরপের সুযোগ—স্বিধা প্রদান করে। অওচ দালমানেরা নিজেদের শাসনামলে এ সুযোগ স্বিধাগুলো একচেটিয়াতাবে ভোগ করেছে। —(Hunter, The Indian Mussalmans:অনুবাদ আনিস্ক্রামান, পৃঃ

নুগণিম শাসনামলে আইন ছিল যে, জমিদারগণ সমাজবিরোধী, নুষ্ট্তকারী 
ব দুস্যু-তঙ্করের প্রতি কড়া নজর রাখবে। ধরা পড়লে পৃষ্ঠিত দুব্যাদিসহ 
জাদেরকে সরকারের নিকটে সমর্পণ করবে। ১৭৭২ সালে কোম্পানী এ আইন 
রাহিও করে। ফলে, নতুন জমিদারগণ দুস্যু-তঙ্করকে ধরিয়ে দেয়ার পরিবর্তে 
আদের প্রতিশাসন করে পৃষ্ঠিত দ্রব্যাদির অংশীদার হতে আকে। এটা জনুমান 
বারতে কট হাবার কথা নয় যে, এসব দুস্যু-তঙ্কর কারা ছিল, এবং কারা ছিল 
রামনাংগার পৃষ্ঠিত হততাগ্যের দল। ১৯৪৪ সালে Calcutta Review—তে 
প্রকাশিত তথ্যে বলা হয় যে, এসব নতুন জমিদারগণ দুস্যু-তঙ্করদেরকে 
রাহিশালন করতো ধন অর্জনের উদ্দেশ্যে। ১৭৯৯ সালে প্রকাশিত ঢাকা—

দ্ধালালপুরের ম্যাজিস্টেটের রিপোর্টেও এসব দৃষ্ঠতি সত্য বলে স্বীকার করা হয়।

—(Muinuddin Ahmad Khan— Muslim Struggle for Freedom in India— pp. 1(h)

চিরস্থায়ী বশোবন্ত মুদলমান জমিদারদের উৎথাত ক'রে শুধুমাত্র এক নতুন জমিদার শ্রেণীরই পত্তন করেনি, নতুনতার্বে জমির থাজনা নির্ধারণেরও পূর্ব অধিকার তাদেরকে দেয়া হয়। এ ব্যাপারে তারা চরম স্বেচ্ছাচারিতার পরিচয় দেয়। এদব জমিদার দরকারী রাজবের আকারে অতি উচ্চহারে ঠিকাদার তথা পত্তনীদারদের নিকটে তাদের জমিদারীর তার্ম্বর্ণণ করতো। তারা আবার চড়া থাজনার বিনিময়ে নিমপত্তনীদারদের উপর ছায়িত্ব অর্পণ করতো। অতএব দরকারের ঘরে যে রাজস্ব থেতো, তার চতুর্ভ্রণ— দশগুণ প্রজাদের নিকটে জার-জবরদন্তি করে আদায় করতো। বলতে গোলে, এ নতুন জমিদার শ্রেণী রায়তদের জীবন-মরণের মালিক—মোখতার হয়ে পড়েছিল।

ফরিদপুর জেলার ম্যাজিস্ট্রেট আপিস থেকে এমন কিছু সর্কারী নথিপত্র পাওয়া যায়, যার থেকে এ তথ্য প্রকাশিত হয় যে, অন্ততঃপক্ষে তেইপ প্রকার 'জন্যায় ও অবৈধ' আবওয়াব রায়তদের নিকট থেকে আলায় করা হতো। বুকানন্ বলেন, "রায়তদেরকে বাড়ী থেকে ধরে এনে কয়েকদিন পর্যন্ত আবদ্ধ রেখে মারপিট করে বাজনা আদায় করা তো এক সাধারণ ব্যাপার ছিল। উপরস্থ নিরক্ষর প্রজাদের নিকট থেকে জাল রাসিদ দিয়ে জমিদারের কর্মচারীগণ ধাজনা আদায় করে আত্মসাৎ করতো।" (M. Martin— The History, Antiquities, Topography & Statistics of Eastern India, London-1838, Vol. 11).

হিন্দু জমিদারদের অমানুষিক অত্যাচার কাহিনী, তিতুমীরের জমিদার বিরোধী আনোলন যথাস্থানে আলোচিত হবে।

সামত্রিকভাবে বাংলার মুসলিম সমাজের অবস্থা উনবিংশ শতাব্দীর প্রথম দিকে কেমন ছিল, তার একটা নিশুন্ত চিত্র অংকন করতে হলে জানতে হবে এ সমাজের তিনটি প্রধান উপাদান বা অংগ অংশে কোন্ অবস্থা বিরাজ করছিল। সমাজের সে তিনটি অংগ অংশ হলো—নবাব, উক্তপ্রেণী ও কৃষক সম্প্রদায়।

#### 5া নবাব

শলাশী যুজের পর বাংলার নবাব হয়ে শভ়েছিলেন কোম্পানীর হাতের পুতৃত।
।বিশ পরগণা, বর্ধমান, মেদিনীপুর ও চট্টপ্রাম কোম্পানীকে ছেড়ে দিতে

যোগিল। দেশের অভ্যন্তরে ব্যবসা—বাণিজ্যে তাদেরকে একচেটিয়া অধিকার দেয়া

যা। উপরন্তু কোম্পানী ও তাদের সাদা—কাপো কর্মচারীদেরকে মোটা

দেটোকনাদি দিতে হতো। মীর জাফর যেসব উপটোকনাদি দিয়েছিল,
কোম্পানীর ১৭৭২ সালের সিলেট কমিটির হিসাব অনুযায়ী তার মৃল্য ছিল বার

শক্ষ পঞ্চাশ হাজার পাউঙ। ১৭৬৫ সালের পর নবাবকে বার্ষিক ভাতা দেয়া হয়

য়ঙ,৮৬,০০০ টাকা। ১৭৭০ সালে তা খ্রাস করে করা হয় ব্যত্রিশ লক্ষ এবং
১৭৭২ সালে মাত্র ধোল শক্ষ টাকা। পূর্বে নবাবগণ তাদের অধীনে বহ
স্পলমানকে চাকুরীতে নিয়োজিত করতেন। সম্রান্ত পরিবারসমূহকে প্রচুর

আর্থিক সাহায্য, জায়গীর প্রভৃতি দান করতেন। তা সব বন্ধ হয়ে য়াওয়ার ফলে

তারা চরম দুর্দশাপ্রন্ত হয়ে পড়েন। কিছু সংখ্যক বাংলাদেশ পরিত্যাণ করে অন্যত্র

চলে যান তাদের ভাগ্যানেষদেবর জল্যে এবং অবশিষ্ট দারিদ্রে নিম্পেষিত হতে

আত্রন্তি

# ২। সম্ভান্ত বা উচ্চশ্রেণীর মুসলমান

সম্রাপ্ত মুসলমানগণ বিজয়ীর বেশে অথবা নুঃসাহসী ভাগানেষী হিসাবে বিভিন্ন সময়ে এ দেশে আগমন করেন। অতঃপর এ দেশকে তাঁরা মনেপ্রাণে ভাগোবেসে এটাকেই তাঁদের চিরদিনের আবাসভ্মিরূপে গ্রহণ করেন। বিজয়ী হিসাবে স্বভাবতঃই তাঁরা সরকারের বিভিন্ন উচ্চপদে অধিষ্ঠিত হওয়ার অধিকার রাখতেন। হান্টার বলেন, একটি সম্রান্ত মুসলমান পরিবার তিনটি প্রধান সূত্র থেকে সম্পদ আহরণ করতো— সামরিক বিভাগের নেতৃত্ব, রাজস্ব আদায় এবং বিচার বিভাগ ও প্রশাসন ক্ষেত্রে চাকুরী।

প্রথম সূত্রটি, বলতে গেলে, ছিল তাদের একেবারে একচেটিয়া। মীর জাফর
বয়ং আশি হাজার সৈন্য চাকুরী থেকে অপসারিত করে। নজমুন্দৌলা তার আপন
মর্থাদা রক্ষার্থে যে পরিমাণসংখ্যক সৈন্যের প্রয়োজন হতো তাই রাখতে পারতো।
ফলে, বাংলা বিহারের কয়েক লক্ষ মুসলমান বেকারত্ব ও দারিদ্রো নিম্পেষিত
হতে থাকে।

হান্টার বলেন, জীবিকার্জনের সৃত্তপ্তলির প্রথমটি হচ্ছে, সেনাবাহিনী। সেখানে মুনগমানদের প্রবেশাধিকার রুদ্ধ হ'য়ে যায়। কোন সম্রান্ত মুনগম পরিবারের সন্তান আর আমাদের সেনাবাহিনীতে প্রবেশ করতে পারে না। যদিও কদাচিৎ জামাদের সামরিক প্রয়োজনের জন্যে তাদেরকে কোন স্থান দেয়া হতো, তার দ্বারা তার অর্থোপার্জনের কোন সুযোগই থাকতো না।

তাদের অর্থ উপার্ঞ্চনের দিতীয় সূত্র ছিল—রাজস্ব আদারের গুরুত্বপূর্ণ পদ। কিন্তু উপরে বর্ণিত হ'য়েছে কিভাবে নিম্নপদস্থ হিন্দু রাজস্ব আদায়কারীগণ কোম্পানীর অনুগ্রহে এক লাকে মুসলমানদের ক্রমিদারীর মালিক হ'য়ে বনে।

পর্ড মেট্কাফ্ ১৮২০ সালে মন্তব্য করেন ঃ দেশের জমি-জমা প্রকৃত মালিকের নিকট থেকে কেড়ে নিয়ে একশ্রেণীর বাবুদের নিকটে হস্তান্তরিত করা হয়—যারা উৎকোচ ও চরম দুর্নীতির মাধ্যমে ধনশালী হয়ে পড়েছিল। এ এমন এক তথ্যবহ নির্বাতনমূপক নীতির ভিত্তিতে করা হয় যার দৃষ্টান্ত জগতে বিরল।

—(E. Thompson : The life of Charls Lord Metcalfe; A.R. Mallick : British Policy and the Muslims of Bengal).

উনবিংশ শতাব্দীর পূর্বেই রাজধ বিতাগের উচ্চপদে অধিষ্ঠিত মুসলমান কর্মচারী ও ভূমির প্রকৃত মালিকের স্থান অধিকার করে বসে ইংরেজ ও হিলুগণ।

আবহমান কাল থেকে ভারতের মুসলমান শাসকগণ জনগণের শিক্ষা বিস্তারকল্পে মুসলিম মনীবীদেরকে জায়গীর, তমঘা, আয়মা, মদদে-মায়াশ প্রভৃতি নামে লাখেরাজ ভূ-সম্পত্তি লান করতেন। বুকাননের মতে একমাত্র বিহার ও পাটনা জেলায় একুশ প্রকারের লাখেরাজ ভূমি দান করা হয়েছিল বিভিন্ন ব্যক্তি ও প্রতিষ্ঠানকে। ইংরেজ আমলে নানান অজুহাতে এসব লাখেরাজলারকে তাদের মালিকানা থেকে উচ্ছেদ করা হয়। দৃষ্টান্ত স্বরূপ বলা যেতে পারে যে, বর্থমানের স্পেশাল ডিপুটি কলেষ্টর মিঃ টেইলার একদিনে ৪২৯ জন লাখেরাজলারের বিরুদ্ধে তাদের অনুপস্থিতিতে রায়া দান করেন।

ইংরেজ সরকারের Tribunals of Resumption – এর অধীনে লাখেরাজ সম্পত্তি সরকারের পুনর্দখলে নেয়া হয়। চট্টগ্রাম বোর্ড অব রেতেনিউ – এর জনৈক অফিসার নিম্নোক্ত মন্তব্য করেন ঃ সরকারের নিয়তের প্রতি লাখেরাজদারগণ সন্দিশ্ধ হ'য়ে পড়লে তাতে বিশ্বয়ের কিছুই থাকবে না। এটা অত্যন্ত স্বাভাবিক। ১৪৮৬৩টি মামলার মধ্যে সব কয়টিতেই পাখেরাজদারদের অনুপস্থিতিতে দারকারের পক্ষে সিদ্ধান্ত গৃহীত হয়। এ তিক্ত অভিজ্ঞতার পর Tribunals of Resumption—এর প্রতি তাপের আস্থাহীন হবারই কথা (Comment by Smith on Harvey's Report of 19th June 1840; A.R. Mallick: British Policy and the Muslims of Bengal).

মুসলমান লাখেরাজদারদের ন্যায় ত্মির মালিকানা থেকে উচ্ছেদ করার জন্যে নানাবিধ হীনপত্বা অবলম্বন করা হতো এবং ইংরেজ কর্মচারীদের মধ্যে এ ন্যাপারে এক বিছেষদৃষ্ট মানসিকতা বিরাজ করতো। লাখেরাজদারদের সনদ লোজেন্টী না করার কারণে বহু লাখেরাজ বাজেয়াপ্ত করা হয়। জেলার কালেকটরগণ ইচ্ছা করেই সময় মতো সনদ রেজেন্টী করতে গড়িমসি করতো। দার জন্যে চেষ্টা করেও লাখেরাজনারগণ সনদ রেজেন্টী করাতে পারতেন না।

ার্ট্রগামে লাখেরাজদারদের কোটে হাজির হবার জন্যে কোন নোটিশই দেয়া
ছারো না। জনেকক্ষেত্রে এমনও দেখা গেছে যে, মামলায় ডিক্রী জারী হবার বহু
লুবেই সম্পত্তি অন্যত্র পদ্তন করা হয়েছে। ১৮২৮ থেকে ১৮৫১ সাল পর্যন্ত
সমর্যকালের মধ্যে সমগ্র বাংলা বিহারে লাখেরাজনারদের মিথ্যা তথ্য সংগ্রহের
আন্যে চর, ত্য়া সাক্ষী ও রিজাম্পন অফিসার পংগপালের মতো চারদিকে
ছাড়াও পড়ে এবং মুসলমানদেরকে মামলায় জড়িত করে। এসব মামলায় সরকার
ছাড়াও তৃতীয় একটি পক্ষ বিরাট লাতবান হয়। যারা মিথ্যা সাক্ষ্যদান করে এবং
থানা সরকারী কর্মচারীদের কাছে কাল্লনিক তথ্য সরবরাহ করে—তারা প্রভূত
অর্থ উপার্জন করে। পক্ষান্তরে, মুসলিম উচ্চপ্রেণী ও মধ্যকিন্ত শ্রেণী ধ্বংসপ্রান্ত
রয়। লাখেরান্ত সম্পত্তি বাজেয়াপ্ত হওয়ার ফলে বহু পিক্ষা প্রতিষ্ঠানও বন্ধ
হ'মে যায়।

পভিত জওয়াহেরলাল নেহরু বলেন ঃ

ইংরেজরা বাংলায় প্রতিষ্ঠিত হওয়ার পর সেখানে বহু 'মুয়াফী' অর্থাৎ
লাখেরাজ ভ্-সম্পত্তির অন্তিত্ব ছিল। তাদের অনেক ছিল ব্যক্তিগত, কিন্তু
অধিকাংশই ছিল শিক্ষায়তনগুলির ব্যয় নির্বাহের উল্লেশ্যে ওয়াকৃদ্কৃত। প্রায়
শানল প্রাইমারী স্কুল, মকতব এবং বহু উন্ধশিক্ষার প্রতিষ্ঠান এসব 'মুয়াফীর'
আয় নির্ভর ছিল। ইস্ট ইন্ডিয়া কোম্পানী বিলাতে তাদের অংশীদারগণকে মুনাফা

দেয়ার জন্যে তাড়াতাভ়ি টাকা তোলার প্রয়োজনবোধ করে। কারণ কোম্পানীর ডিরেটরগণ এজন্যে খুব চাপ দিচ্ছিল। তখন এক সুপরিকম্বিত উপারে 'মুয়াফী'র ভ্-সম্পত্তি বাজেয়াপ্ত করার নীতি গৃহীত হয়। এসব ভ্-সম্পত্তির সপক্ষে কঠিন সাক্ষ্যপ্রমাণ পেশ করার হতুম জারী করা হয়।

কিন্তু পুরানো সনদগুলি ও সংখ্রিষ্ট দলিলপত্র ইতিমধ্যে হয় কোখাও হারিয়ে গেছে, নয় পোকায় খেয়ে ফেলেছে। ক্ষতএব প্রায় সকল 'মুয়াফী' বা লাখেরাজ সম্পত্তি বাজেরাঙ করা হলো। বহু বনেদী ভূম্যাধিকারী স্বত্বচূত হলেন। বহু কুল কলেজের আরের উৎস বন্ধ হয়ে গেল। এতাবে বহু জমি সরকারের খাস দখলে আসে অর বহু বনেদী বংশ উৎথাত হয়ে বায়। এ পর্যন্ত যেসব শিক্ষা প্রতিষ্ঠান উপরোক্ত 'মুয়াফী'র আয় নির্ভর ছিল, সেগুলি বন্ধ হ'য়ে গেল। বহু সংখ্যক শিক্ষক গু শিক্ষা বিভাগীয় কর্মচারী বেকার হ'য়ে গভূলেন। —(Pandit Jawaherlal Nehru: The Discovery of India, pp.376-77)

উচ্চ ও সম্রান্ত প্রেণীর মুসলমানদের জীবিকার্জনের তৃতীয় অবলহন ছিল সরকারের অধীনে চাকুরী বিচার ও প্রশাসনিক বিভাগগুলিতে। কোম্পানী দেওয়ানী পাতের পরও প্রায় পঞ্চাশ বছর যাবত তাঁরা চাকুরীতে বহাপ ছিলেন। কারণ তথন পর্যন্ত সরকারী তাষা ছিল ফারসী। কিন্তু হঠাৎ আক্ষিকতাবে ফারসীর পরিবর্তে ইংরেজীকে সরকারী তাষা করা হয়। মুসলমানগণ তার জন্যে পূর্ব থেকে মোটেইপ্রস্তুত ছিলেন না। ১৮৩২ সালে সিলেষ্ট কমিটির সামনে ক্যান্টেন টি ম্যাকাম প্রস্তাব পেশ করেন যে, ক্রমশঃ ইংরেজী ভাষার প্রচলন করা হোক এবং মুসলমান কর্মচারীদেরকে অন্ততঃ পাঁচ/ছ'বছরের অবকাশ দিয়ে নোটিশ দেয়া হোক। হন্ট্ ম্যাকেঞ্জীও অনুরূপ প্রস্তাব পেশ করেন। তিনি বলেন, জেলাগুলিতে ক্রমশঃ এবং পর পর ইংরেজীর প্রচলন করা হোক। কিন্তু সহসা সর্বত্রে এ পরিবর্তন সাধিত হওয়ার ফলে হাজার হাজার মুসলমান কর্মচারী চাকুরী থেকে অপসারিত হন যাদের জীবিকা সম্পূর্ণরূপে নির্ভর করতো একমাত্র চাকুরীর উপর। ১৮২৯ সালে সবরকম শিক্ষার বাহন হিসাবে স্থল-কলেজে ইংরেজী ভাষা শিক্ষা দেয়া শুরু হয়। ১৮৩৭ সালের ১লা এপ্রিল থেকে (তৎকালীন আর্থিক বৎসরের প্রথম দিন) সহসা সরকারী ভাষা হিসাবে ইংরেজীর প্রবর্তন হয়।

হান্টার সাহেবও এসব সত্য শ্বীকার করে বিদুপ করে বলেছেন ঃ

"এখন কেবলমাত্র জেলখানায় দ্'একটা অধঃগুন চাকুরী ছাড়া আর কোথাও তারতের এই সাবেক প্রত্রা ঠাই পাচ্ছে না। বিভিন্ন অফিসে কেরানীর চাকুরীতে, আদালতের দায়িত্বশীল পদে, এমনকি পুলিশ সার্তিসের উর্ধাতন পদগুলিতে সরকারী স্থলের উৎসাহী হিন্দু যুধকদেরকে নিযুক্ত করা হচ্ছে।"

এ পরিবর্তনের ফলে হিন্দু সম্প্রদায় পূর্ণ স্ফল তেলা করে। বিভিন্ন কলেজ থেকে ইংরেজী ভাষা শিক্ষা করে তারা সর্বত্ত সরকারী চাকুরীতে একচেটিয়া অধিকার লাভ করে। পক্ষান্তরে রাজনৈতিক অংগনে পট পরিবর্তনের ফলে সম্রান্ত ম্সলমান পরিবারসমূহ জীবিকার্জনের সকল স্যোগ-সৃবিধা থেকে বঞ্চিত হ'য়ে দারিদ্রা, অনাহার ও ধাংসের মুখে নিক্ষিপ্ত হয়।

## ৩। নিম্নশ্রেণীর মুসলমান ঃ কৃষক ও তাঁতী

চিরস্থায়ী বন্দোবন্তের ফলে কৃষককুলের যে চরম দুর্নশা হ'য়েছিল তার বিঞ্চিত আতাস উপরে দেয়া হয়েছে। একথারও উল্লেখ করা হয়েছে যে, জমিদার এবং প্রকৃত কৃষকদের মধ্যে আরও দৃটি গুর বিরাজ করতো। যথা পজনীদার ও উপপত্তনীদার। জমিদারের প্রাপ্ত খাজনার কয়েকগুণ বেলী এ দুই প্রেণীর মাধ্যমে য়ায়তদের কাছ থেকে আদায় করা হতো এবং তাতে করে রায়ত বা কৃষকদের শোষণ—নিশ্লেষণের কোন সীমা থাকতো না। জমিদার—পজনীদারদের উৎপীড়নে তাদের জীবন দুর্বিষহ হয়ে পড়তো। বাধ্য হয়ে তাদেরকে হিন্দু মহাজনদের য়ায়ত্ব হতে হতো। শতকরা ৩৭ টাকা থেকে ৬০ টাকা পর্যন্ত হারে সুদে তাদেরকে টাকা কর্ম করতে হতো। উপরস্থ তাদের গরা-মহিষ মহাজনের কাছে বন্ধক রাখতে হতো। জতাবের দরক্ষ মহাজনের কাছে অগ্রম কোন শস্য গ্রহণ করতে হলে তার বিশুণ পরিশোধ করতে হতো। আবার উৎপার ফসল য়েহেতু মহাজনের বাড়ীতেই তুলতে হতো, এখানেও তাদেরকে প্রতারিত করা হতো। মোটকথা হতভাগা কৃষকদের জীবন নিয়ে এসব জমিদার মহাজনরা ছিনিমিনি খেলে আনক্ষ উপতোগ করতো।

কৃষকদের এহেন দুঃখ-দুর্দশার কোন প্রতিকারের উপায়ও ছিল না। কারণ তা ছিল অত্যন্ত ব্যয়সাপেন্দ। উপরস্তু জমিদার ও তাদের দালাদগণ উৎকোচ ও নানাবিধ দুর্নীতির মাধ্যমে মামলার খরচ কয়েকগুণে বাড়িয়ে দিও। পরিণাম ফল এই হতো যে, জমিলার মহাজন তাদেরকে তিটেমাটি ও জমিজমা থেকে উচ্ছেদ করে পথের তিখারীতে পরিণত করতো।

কৃষক সম্প্রদায় ধান ও অন্যান্য শস্যাদি উৎপরের সাথে নাথে নীপচাষও করতো। এই নীলচাষের প্রচলন এদেশে বহু জাগে থেকেই ছিল। সপ্তদশ শতাব্দীর মাঝামাঝি ভারত থেকে নীল রং সর্বপ্রথম ইউরোপে রগ্বানী হয়। ব্রিটিশ তাদের আমেরিকান ও পশ্চিম ভারতীয় উপনিবেশগুলিতে নীলচাম্বের ব্যবস্থা করে। এগুলি তাদের হাতছাড়া হয়ে যাবার পর বাংলা প্রধান নীল সরবরাহকারী দেশে পরিণত হয়। ১৮০৫ সালে বাংলায় নীলচাষের পরিমাণ ছিল ৬৪,৮০৩ মণ এবং ১৮৪৩ সালে তার পরিমাণ হ'য়ে পড়ে ছিগুণ। বাংলা, বিহার এবং বিশেষ করে ঢাকা, ফরিনপুর, রাজশাহী, পাবনা, নদিয়া, মৃশিদাবাদ প্রভৃতি মুসলিম অধ্যুষিত জেলাগুলিতে মষ্টাদশ শতাব্দীর মধাভাগে ব্রিটিশের তত্মবধানে ব্যাপক আকারে নীলচার করা হয়। কিন্তু বিদেশী শাসকগণ নীলের এমন নিম্নমূল্য বেঁধে দেয় যে, চাষীদের বিখাপ্রতি সাত টাকা ক'রে লোকসান হয় যা ছিল বিখাপ্রতি থাজনার সাতগুণ। তথাপি চারীদেরকে নীলচায়ে বাধ্য করা হতো। বাংলার নীলচারীদের উপরে শাসকদের অমানুষিক অত্যাচার উৎপীড়নের মর্মন্তুদ ও পোমহর্ষক কাহিনী ইতিহাসে লিপিবদ্ধ আছে। ক্ষমতা মদমন্ত শাসক ও তাদের দালালদের মানবতাবোধ সম্পূর্ণ লোপ পেয়েছিল। নতুবা তাদের নিম্পেষণের দরুন কৃষক সমাজের জাবাল-বৃদ্ধ-বনিতার মর্মন্তুদ হাহাকারে বাংলার আকাশ বাতাস विषीर्थ হতा ना।

দরিত্র ও দৃঃস্থ কৃষকণণ বেঁচে থাকার জন্যে নীলচাযের মাধ্যমে কিছু অর্থ উপার্জনের আশা করতো। তাদের দারিদ্রা ও অসহায়তার সুযোগে ইংরেজ নীলকরগণ কৃষকদের স্বার্থের পরিপন্থী বিভিন্ন চুক্তিতে আবদ্ধ হ'তে তাদেরকে বাধ্য করতো। তাদের হালের গুরু-মহিষ ধরে নিয়ে বেঁধে রাখতো এবং মারের চোটে কৃষকদেরকে নীলকরদের ইঙ্গানুযায়ী চুক্তিতে স্বাক্ষর করতে বাধ্য করতো। অনেক সময় অনিজ্বক কৃষকদের ঘরে আগুন লাগিয়ে দিত। এতেও সমত করতে না পারলে জাল চুক্তিনামার বলে তাদের জমাজমি জবরদখল ক'রে নীলকরগণ তাদের কর্মচারীদের হারা সেসব জমিতে নীলচাষ করাতো। কখনো কথনো অত্যাচারী জমিদার তার প্রজাকে শান্তি দেবার জন্যে তার কাছ থেকে

জাম কেড়ে লিয়ে নীলকরদেরকে দিয়ে দিত। একবার আশ্পী ইডেন নীল কমিশনের সামনে ১৮৬০ সালে সাক্ষ্যদানকালে বলেন যে, বিভিন্ন ফৌজলারী রেকর্ড থেকে জানা যায় যে, উনপঞ্চাশটি ঘটনা এমন ঘটেছে, যেখানে নীলকরগণ দাংগা, হত্যা, অগ্নিসংযোগ, ডাকাতি, লৃটতরাজ এবং বলপূর্বক অশহরণ প্রভৃতি গুরুতর অপরাধে জড়িত থাকে। তার বহু বংসর পূর্বে জনৈক ম্যাজিস্টেট একজন খৃষ্টান মিশনারীর সামনে মন্তব্য করেন যে, মানুষের রক্তে রাজত হওয়া ব্যতীত একবাক্স নীলও ইংলভে প্রেরিড হয় না। (১৮৬১ সালের নীল কমিশন রিলোট এবং ক্যালকাটা খৃষ্টান অবজার্ভার, নতেয়র, ১৮৫৫ সাল)।

নীল চাষীদের দৃঃখ-দুর্দশার কোন প্রতিকারের উপায় ছিল না। চৌকিদারদফাদারের সামনে চাষীদের উপর নিষ্ঠুরভাবে নির্যাতন করা হলেও
চৌকিদারদের ঘৃণাক্ষরেও দেকথা প্রকাশ করার সাধ্য ছিল না। একবার নিষ্ঠুর
নীলকরগণ একটি গ্রামে অগ্নিসংযোগ করলে তা নির্বাপিত করার জন্যে এক
ব্যক্তি চীৎকার ক'রে লোকজন জড়ো করে। তার জন্যে তাকে নিষ্ঠুরতাবে প্রহার
করে আহত অবস্থায় একটি অন্ধকার কামরায় চার মাস আটক রাখা হয়।
গুদিকে আবার নীলকরগণ পুলিশকে মোটা ঘুষ দিয়ে বশ করে রাখতো। নৌল
ক্মিশন রিপোর্ট ১৮৬১)।

হততাগ্য অসহায় কৃষকগণ ম্যাজিস্টেটের নিকট থেকে কোন প্রকারের প্রতিকার ও লায় বিচারের আশা করতে পারতো না। উক্ত নীল কমিশন রিপোর্টে বলা হয়েছে যে, সাদা চামড়ার ম্যাজিস্টেটগণ আপন দেশবাসীদের পক্ষই অবলয়ন করতো। ফৌজদারী আইন-কানুন এমনতাবে তৈরী করা হয়েছিল যে, ইংরেজ এজাকে শান্তি দেয়া ছিল অসম্ভব ব্যাপার। একজন দরিপ্র প্রজা সুদ্র প্রত্যন্ত এলাকার তার স্ত্রী-পুত্র-পরিজনকে ফেলে কোলকাতায় গিয়ে মামলা দায়ের করার সাহস রাখতো না। কারণ তার অনুপস্থিতিতে তার স্ত্রী-পুত্র-পরিজনের জানমাল ইযাৎ-আবরু নীলকরদের দ্বারা বিনম্ভ হতো। মুসলিম সংখ্যাগরিষ্ঠ অফলগুলিতে অধিক পরিমাণে নীলচাষ করা হতো। ফলে নিমপ্রেশীর মুসলমান নীলকরদের চরম নির্যাতন-নিপীড়নের সার্বক্ষণিক শিকারে পরিণত ছিল।

কৃষক শ্রেণীর মতো এদেশে তাঁতী শ্রেণীও চরম দুর্দশাঞ্চত হয়। বাংলাবিহারের লক্ষ লক্ষ মুদলমান তাঁতশিল্প হারা তাদের জীবিকা নির্বাহ করতো।
উনবিংশতি শতাব্দী শেষ হবার পূর্বেই লাভজনক ব্যবসা হিসাবে তাঁত শিল্পর
মৃত্যু ঘটেছিল। তথালি উপায়ান্তর না থাকায় যেসব মুদলমান তথন পর্যন্ত
তাঁতশিল্প আঁকড়ে ধরে ছিল, ১৮৯১ সালের আদমশুমারী অনুযায়ী তাদের সংখ্যা
বিহার প্রদেশ ও বাংলার ক্ষেকটি জেলায় ছিল ৭,৭১,২৩৭। নদিয়া, দিনাজপুর,
রংপুর, বগুড়া, জলপাইগুড়ি, নোয়াখালী, ত্রিপুরা ও চট্টগ্রামের তাঁতীগণ ছিল এ
সংখ্যার বাইরে। অতএব কোম্পানী আমলের প্রথমদিকে সমগ্র বাংলা ও বিহারে
মুদলমান তাঁতীর সংখ্যা অন্ততঃপক্ষে উপরোক্ত সংখ্যার যে দশগুণ ছিল তা বিনা
দিখায় বলা যেতে পারে। এসব তাঁতী ব্যবসায়ীদের কিতাবে সর্বনাশ করা
হয়েছিল, তার কিঞ্চিৎ বিবরণ নিমে প্রনন্ত হলো।

ইস্ট ইভিয়া কোম্পানী এদেশে আগমনের পূর্বে এদেশের তাঁতশিল্প চরম উৎকর্ষ সাধন করেছিল। প্রতিটি জেলায় বিশিষ্ট ধরনের অতি উৎকৃষ্ট তাঁতবন্ত্র নির্মিত হতো। চাহিদা মেটাবার জন্যে প্রচুর পরিমাণে কার্পান আমদানী করা হতো। এসব তাঁতশিল্প থেকে মোটা ও মিহি উভয় প্রকারের বস্ত্র তৈরী হতো। ভারত ছিল মোটা বস্ত্রের বাজার এবং সৃষ্ণ ও অতিসৃষ্ণ বস্ত্র ইউরোপের বিভিন্ন স্থানে রঞ্জনী করা হতো। মুসশমান শাসকদের সাহায্য সহযোগিতা ও পৃষ্ঠপোষ্কতায় ঢাকার রেশমজাত অতিসৃক্ষ 'মসলিন' বন্ত্র দু'শতালী ব্যাপী ইউরোপীয় বাজারে বিরাট আকর্ষণ সৃষ্টি করেছিল। মোটা বন্ধ হোক, অথবা অতিসূত্র রেশমী বস্ত্র উভয় বস্ত্রই ছিল মুসলমান তাঁতশিলীদের বিরাট অবদান। উইলিয়াম বোল্ট নামক জনৈক ইংরেজ বণিক, কোম্পানী কর্তৃক তাঁতীদের উপর অকথ্য নির্যাতনের বিবরণ দিতে গিয়ে বদেন, সকল ব্যবসা–বাণিজ্য ছিল কোম্পানীর একচেটিয়া অধিকার। ইংরেজ এবং তাদের অধীনস্থ হিন্দু বেনিয়া ও গোমন্তাগণ আপন বুশী হেয়াল মতো কাপড়ের দর বেঁধে দিয়ে সে দরে নির্দিষ্ট পরিমাণের বস্ত্র সরবরাহ করতে তাঁতীদেরকে বাধ্য করতো। নীলকরদের মতো তাঁতীদের স্বার্থ-বিরোধী চুক্তিতে স্বাক্ষর করতেও তাদেরকে বাধ্য করা হতো। নির্দিষ্ট কোয়ালিটির বক্স নির্দিষ্ট পরিমাণে তাদেরই বেঁধে দেয়া দরে নির্দিষ্ট সময়ের মধ্যে সরবরাহ করতে তাঁতীদেরকে বাধ্য করা হতো—গুসব চুক্তি বলে। ভাদের বেঁধে দেয়া দর আবার বাজার দর থেকে শতকরা পনেরো থেকে চল্লিশ ভাগ কম হতো। কোম্পানী ও তার অত্যাচারী দাদাদদের মনজুষ্টি সাধন করতে না পারলে তাঁতীদেরকে বেত্রাঘাত করা হতো। এ যেন জ্যান্ত চামড়া খুলে মানুষের মাংস ভক্ষণ করা। আদিম যুগে অরণ্য নিবাসী অসভ্য বর্বর মানুষ প্রয়োজনবাধে নরনারীর মাংসে ক্ষুধা নিবৃত্তি করতো বলে গুনা যায়। কিন্তু তাদের চেয়ে এসব তথাকথিত সভ্য ইংরেজ ও তাদের দাদাদগণ কোন্ দিক নিয়ে উৎকৃষ্টতর ছিল।

পরবর্তীকালে কোম্পানীর ভিরেষ্টরগণ বাংলার বস্ত্রশিল্পে চরম আঘাত হানে।
তারা বাংলা থেকে তৈরী বস্ত্র ইংলভে আমদানী না করে কাঁচামাল হিসেবে
কার্পাস ও রেশম আমদানী করতে থাকে। অতঃপর তারা সুপারিশ করে যে,
রেশমী বস্ত্রের কারিকরগণকে নিজেদের তাঁতে কাজ করার পরিবর্তে কোম্পানীর
নিজর কলকারখানায় কাজ করতে বাধ্য করা হোক। পরিণামে এ শিক্ষপ্রধান
দেশটি ইংলভের বন্ধ নির্মাতাদের কাঁচামালের বাজারে পরিণত হয়। ১৭৮৯
সালের পর থেকে ঢাকার সৃষ্ম রেশমী বস্ত্রের রপ্তানী ব্রাস পেতে থাকে। ১৭৯৯
সালে ওধুমাত্র ঢাকা থেকে বক্স রপ্তানী হয়েছিল ১২ শক্ষ টাকার। সেকালের বার
লক্ষকে এখনকার টাকার মৃশ্যমানে অনায়াসে বার কোটি বলা থেতে পারে।
১৮১৩ সালে রপ্তানী হ্রাস পেয়ে গাঁড়ায় সাড়ে তিন লক্ষ টাকায়। ১৮১৭ সালে
ঢাকার উৎপর বস্ত্রের রপ্তানী একেবারে বন্ধ হয়ে যায়।

মোটকথা বাংলা বিহারের বস্ত্রশিক্ষ ধ্বংস করে উপার্জনহীন ভাঁতী সম্প্রদারের রক্তমাংসে গড়ে উঠে মানচেন্টারের বস্ত্রশিক্ষ। ক্রমে রগুনীকারী দেশ আমদানীকৃত মালের বাজারে পরিণত হয়। ১৭৮৬ থেকে ১৭৯০ সাল পর্যন্ত এদেশে বার্ষিক বস্ত্র আমদানী হতো বার লক্ষ পাউন্ড মূল্যের। ১৮০৯ সালে তার পরিমাণ দাঁড়ায় এক কোটি চৌরাশি লক্ষ পাউন্ড মূল্যের। ব্রিটিশের নীতিই ছিল গারে থারে এদেশের তাঁতী সম্প্রদারকে নির্মূল করা, যারা ছিল প্রায়ই মুসলমান। (খাবদুল মওদৃদ ঃ মধ্যবিস্ত সমাজের বিকাশ)।

তাতীদের দুঃখ-দুর্দশার করুণ চিত্র একৈছেন পশুত জওয়াহেরলাল নেহরু ার The Discovery of India মাছে। তিনি বলেন, এসব তাঁতীদের পুরানো শেশা একেবারে বন্ধ হয়ে গেল। নতুন কোন পেশার দ্বার উন্মুক্ত ছিল না। উন্মুক্ত ভিল শুধু মৃত্যুর দ্বার। মৃত্যুবরণ করলো লক্ষ লক্ষ। লর্ভ বেন্টিংক ১৮৩৪ সালের রিপোটে বলেন, তাদের দুঃখ-সুর্দশার ভূগনা নেই বাণিজ্যের ইতিহাসে। ভারতের পথছাট পূর্ণ হয়েছে তাঁতীদের অস্থিতে। —(Pandit Nehru: The Discovery of India, p. 352)।

মোটকথা, পলাশীর যুদ্ধে এদেশের স্বাধীনতা ও সার্বভৌমত্ব বিদেশী
সাম্রাঞ্চাবাণীদের হাতে তুলে দেয়ার পর খেকে একশত বছরের সঠিক ইতিহাস
ও বিভিন্ন তথ্যাবলী থেকে একথা সুস্পষ্ট হয় যে, এ সময়কালের ইতিহাস
বাংলার মুসলমানদের শোষণ, পৃষ্ঠন, নির্বাতন-নিম্পেষণ, প্রতারণা-প্রবক্তনা ও
হত্যাযজের ইতিহাস। আর এ কাঞ্চে ইন্ধন যুগিয়েছে, সর্বপ্রকারে সাহায্য
সহযোগিতা করেছে কোম্পানী সরকারের জনুয়হণুষ্ট দেশীয় 'বাবুদের' দল।
দেশের প্রতি বিশ্বাসঘাতকতার মূল্যও তারা পাত করে পূর্ণমাত্রায়। আর তা হলো
এই যে, দেশের সম্পন্ম জমিদারী, জোতদারী প্রকৃত মালিকের কাছ থেকে কেড়ে
নিয়ে এসব 'বাবুদের' দেয়া হয়েছে চিরকালের জন্যে পুত্র-পৌত্রানিক্রমে ভোগের
জন্যে। আর এরা অগাধ ধন-ঐশ্বর্যের মালিক হ'য়ে পড়ে উৎকোচ ও দুর্নীতির
মাধ্যমে। —(Ē. Thompson: The life of Charles Lord Metcalfe; A.
R. Mallick: British Policy & the Muslims of Bengal).

শোষণ-নিম্পেষণের মর্মান্তিক দৃষ্টান্ত হলো এই যে, 'ছিয়ান্ডরের মনন্ডরে' বাংলার লোক মরেছে তিনতাগের একতাগ, চরম অবনতি ঘটেছে চাষবাসের। কিন্তু ওয়ারেন হেন্তিংস হিসাব কষে ও কড়া চাপে নির্ধারিত রাজ্বেরও বেশী টাকা আদায় করেছেন মুমূর্যু কৃষকদের কাছ থেকে; রাজ্বের শতকরা একতাগও দৃতিক প্রপীড়িত জনসাধারণের দৃঃখ মোচনের জন্যে থরচ করেননি। বরঞ্চ বাখরগঞ্জ জেলার ৩৩,৯১৩ মণ চাউল বিক্রয় ক'রে ৬৭,৫৯৩ টাকা মুনাফা লৃটেছেন। ঢাকার ৪০,০০০ মণ চাউল বাঁকীপুরের সেনানিবাসে গুদামজাত করেছেন, বলেছেন আবদুল মওদুদ তাঁর 'মধ্যবিশু সমাজের বিকাশ' প্রস্থে (পৃঃ ৬৩)।

আবদুল মওদুদ আরও বলেন, যে তাজমহলকে স্থপতিরা পৃথিবীর বুকে স্থাপতা শিল্পের প্রেষ্ঠতম নিদর্শন হিসাবে উল্লেখ করেন, যার নির্মাণকর্মে ২৩ কোটি ডলার রায়িত হয়েছিল এবং যার পরিকল্পনা মানস দর্বপ্রেষ্ঠ বিশ্ববিজয়ীর মানসকেও প্লান করে লজ্জা দেয়, সেই তাজমহলটিকে তেঙে তার মাল–মসলা আত্মসাং করার জন্যে তারতে অন্যতম পরম দয়াল ও কল্যাণসাধক বড়লাট বিসাবে নশিও লওঁ বেন্টিংক একবার একজন হিন্দু কন্টাষ্টরকে মাত্র দেড় লক্ষ্ণ দিলারে বিক্রেয় করারও চুক্তি করেছিলেন। (The Round the World Traveller, Loreng: p. 379)। ওয়ারেন হেস্টিংল দেওয়ান—ই—খাসের ফ্রামমখানাটি উপড়ে নিয়ে বিলাতে চতুর্থ জর্জকে উপহার পাঠিয়েছিলেন এবং লার্ড বেন্টিংক প্রাসাদটির অন্যান্য অংশ বিক্রেয় করে ভারতের রাজস্ব বৃদ্ধি করেছিলেন (India: Chirol—p. 54: The Story of Civilization, Our Oriental Heritage by Will Durant, pp. 609-10)।

লমনি, মহামৃত্য পৃঠিত 'কোহিন্র' এখনো ইংলন্ডের শাহীমহলের শোভা বর্ণন করছে। এহেন পৃঠনকার্ধের মারা শিক্ষা-দীক্ষা ও সভ্যতা-ভব্যতায় বর্বিত ইংরোজদের চরম হীন প্রবৃত্তির পরিচয় পাওয়া যায়।

লাডমন্ড বার্ক সন্তিই নির্মম উক্তি করেছেন ঃ আমাদের আজ যদি ভারত আড়তে ২য়, তাহলে ওরাংওটাং বা বাঘের চেয়ে কোন ভালো জানোয়ারের আনিকারে যে এদেশ ছিল তার প্রমাণ করবার কিছুই থাকবে না। (আবদুল মধ্যদুদ ঃ মধ্যবিত্ত সমাজের বিকাশ, পুঃ ৬৪)।

কোপানীর শাসন আমল সমাপ্তির পূর্বক্ষণে জন ব্রাইট বলেছিলেন, "ভারতের নিরাই জনগণের উপর এক শ' বছরের ইতিহাস হলো অকথা অপরাধসমূহের ইতিহাস (Oxford History of India: p. 680).

# িৰু মুসলিম সম্পৰ্ক ঃ ধৰ্ম ও সংস্কৃতি

মৃশলমানরা, মধ্যযুগের প্রারম্ভকাল থেকে আরব, তুরস্ক, ইরান—তুরান, আন গানিস্তান প্রতৃতি দেশ থেকে বাংলা তথা তারত উপমহাদেশে আগমন করে। তথা তারত উপমহাদেশে আগমন করে। তথা তারত উপমহাদেশে আগমন করে। তথা তার এ দেশকে তারা তালোবেসেছে মনে—প্রাণে, তাদের চিরন্তন আবাসতৃমি বিশানে গ্রহণ করেছে এ দেশকে এবং শতাব্দীর পর শতাব্দী ধরে এ দেশের ছিলান সাথে পাশাপাশি বসবাস করে এসেছে। কিন্তু ঐতিহাসিক নির্মম সত্য এই যে, হাজার বছরেরত বেশী কাল হিন্দু—মুসলমান একত্রে পাশাপাশি বাস করে, লক্ষী আকাশের নীচে একই আবহাওয়ায় পালিত বর্ধিত হয়েও এ দু'টি জাতি যে তথা আকাশের নীচে একই আবহাওয়ায় পালিত বর্ধিত হয়েও এ দু'টি জাতি যে তথা আকাশের নীচে একই আবহাওয়ায় পালিত বর্ধিত হয়েও এ দু'টি জাতি যে তথা আকাশের নীচে একই আবহাওয়ায় পালিত বর্ধিত হয়েও এ দু'টি জাতি যে তথা আকাশিল গড়ে উঠতে পারেনি। অবশা এ সুলীর্ঘকালের মধ্যে তারা উত্যে কথানা কথনো মিলেমিশে কাজ—কর্ম করেনি, একে অপরের সুখ—দুঃখের

অংশীদার হয়নি, তা নয়। তবে তা বিশেষ স্থান, কাল ও ক্ষেত্র বিশেষে জাতি হিসাবে নয়, প্রতিবেশী হিসাবে। সেও আবার সাময়িকভাবে। তাদের মধ্যে সৌহার্দ ও একাস্তাতার স্থায়ী শিকড় বদ্ধমূল হতে পারেনি কথনো।

এই যে পাশাপাশি বসবাস করেও উভয়ের মধ্যে দূরত্ অব্দুগ্ন রইলো এর কারণ বর্ণনা করতে গিয়ে ডক্টর রমেশ চন্দ্র মন্ত্রুমদার বলেন ৪

এই দুই সম্প্রদায়ের ধর্মবিশ্বাস ও সমাজবিধান সম্পূর্ণ বিপরীত 
। ইপুরা বাংলা সাহিত্যের প্রেরণা পায় সংস্কৃত থেকে জার মুসলমানরা পায় জারবী— ফারসী (একে। মুসলমানদের ধর্মের গৌড়ামি যেখন ইন্পুদেরকে তাদের প্রতি বিমুখ করেছিল, ইন্পুদের সামাজিক গৌড়ামিও মুসলমানদেরকে তাদের প্রতি সেরূপ বিরূপ করেছিল। 
। ইন্পুরা থাতে মুসলমান সমাজের দিকে বিন্দুমার সহানুভৃতি দেখাতে না পারে, তার জন্যে হিন্দু সমাজের নেতাগণ কঠোর বিধানের বাবহা করেছিলেন। (র্মেশ চন্দ্র মঞ্মদার ঃ বাংলাদেশের ইতিহাস মধাযুগ, পৃঃ ২৪১–৪৩ ও ৩৩৪–৫০)।

উভয় সম্প্রদায়ের মধ্যে যে ব্যবধান, তা দুরীভূত হয়ে আত্মিক সম্পর্ক গড়ে না উঠার কারণ বর্ণনা করেছেন কবি রবীন্দ্রনাথ ঠাকুর। তিনি বলেন ঃ

"সকলের চেয়ে গভীর জাত্মীয়তার ধারা নাড়ীতে বয়, মুখের কথায় বয় না।
ধারা নিজেদের এক মহাজাত বলে কল্পনা করেন, তাঁদের মধ্যে নাড়ীর মিলনের
পথ ধর্মের শাসনে চিরদিনের জন্য যদি অবরন্ধ থাকে, তাহলে তাঁদের মিলন
কথনই প্রাণের মিলন হবে না। — বিবীন্দ্র রচনাবলী (শতবার্ষিকী সংস্করণ),
১৩'শ খন্ড- পঃ ৩০৮)

জতএব দেখা যাছে এই যে পার্থক্য এবং দূরত্ব এ শুধু বাহ্যিক ও কৃত্রিম নয়। এর গভীর মূলে রয়েছে উভয়ের পৃথক পৃথক ও বিপরীতমুখী ধর্মবিশ্বাস ও সংস্কৃতি। ভারতের এককালীন বড়লাট লর্ড লিনপিথগোর শাসনতান্ত্রিক উপদেষ্টা H. V. Hodson ভারতের হিন্দু–মুসলমান দু'টি জাভি সম্পর্কে যে মন্তব্য করেন, তা এখানে উদ্বৃত করা যেতে পারে। তিনি বলেন ঃ

বৃদ্ধে এবানে বিরাট দু'টি সম্প্রদায় আছে যারা বসবাস করে একই দেশে, বৃদতে গেলে একই আমে, একই সুৰ-দুঃখের অংশীদার হয়ে এবং একই সরকারের অধীনে। মূল জাতির দিক দিয়ে আলাদাও নয়। কারণ অধিকাংশ ভারতীয় মুসলমান তাদের প্রতিবেশী হিন্দুর উর্ধ্বতন পূর্ব প্রুষ্থদেরই

বংশসঞ্ত। তথাপি পৃথক ও স্বতন্ত্ব। শুধুমাত্র ধর্মীয় বিধাস ও রীতি—পদ্ধতির দিক পিয়েই স্বতন্ত্র নয়, বরক্ষ জীবনের সামগ্রিক বিধান ও মানসিক নৃষ্টিতংগীর দিক পিয়েও স্বতন্ত্ব। প্রত্যেক দল বা সম্প্রদায় স্থায়ী বংশতিন্তিক। না তাদের মধ্যে । শারম্পরিক বিবাহের প্রচলন আছে, আর না মিলেমিশে একাকার হয়ে যাওয়ার দখাবনা।"—(H. V. Hodson The Great Divide, p. 10)।

বাংলা তথা ভারত উপমহাদেশে হিন্দু ও মুসলমান আবহমানকাল থেকে ভাদের ঘর্মীয় ও সাংস্কৃতিক স্বাতন্ত্রা অন্দুর রেখে চলেছে। ডট্টর রমেশ চলু মঞ্মদার বলেন ঃ

"মুসলমানেরা মধ্যযুগের আরম্ভ হইতে শেষ পর্যন্ত স্থানবিশেষে ১৩০০ ইতে ৭০০ বৎসর হিন্দুর সংগে পাশাপাশি বাস করিয়াও ঠিক পূর্বের মতো पाट्याः - अष्टेम भजापीत पात्राक मुजनमारनता यथन जिन्नुराम क्या कतिया ভারতে প্রথম বসতি স্থাপন করে, তখনও হিন্দু-মুসলমানের মধ্যে যে মৌলিক শ্রভেদগুলি ছিল, সহস্র বর্ষের পরেও এক ভাষার পার্থকা ছাড়া ঠিক সেইরূপই ছিল। · · বর্তমান শতাব্দীর প্রথম হইতে আমাদের দেশে একটি মতবাদ প্রচলিত হইয়াছে যে, মধ্যযুগে হিন্দু ও মুসলমান সংস্কৃতির মিপ্রণের ফলে উভয়েই সাতন্ত্রা হারাইয়াছে। এবং এমন একটি নতুন সংস্কৃতি গঠিত হইয়াছে যাহা হিন্দু সংস্কৃতি নহে, ইসদামীয় সংস্কৃতি নহে— ভারতীয় সংস্কৃতি। উনবিংশ শতাব্দীর প্রথমতাপে রাজা রামমোহন রায়, হারিকানাথ ঠাকুর প্রভৃতি এবং শেষভাগে ব্যান্সচন্দ্র চট্টোপাধ্যায় প্রভৃতি বাংলার তদানীন্তর প্রেষ্ঠ নায়কগণ ইহার ঠিক নিপরীত মতই পোষণ করিতেন এবং উনবিংশ শতাব্দীর বাংলা সাহিত্য এই নিপরীত মতেরই সমর্থন করে। • • ১২০০ খৃষ্টাব্দে হিন্দুসমাজ ও হিন্দুধর্ম ধাহা ছিল, আর ১৮০০ খৃষ্টাব্দে হিলুধর্ম ও সমাজ যাহা হইয়াছিল, এই দুয়ের ুলনা করিলেই সভ্যতা প্রমাণিত হইবে। —রেমেশ চন্দ্র মজুমদার ঃ বাংলাদেশের ইতিহাস মধ্যযুগ, পৃঃ ২৪২-৪৩ ও ৩৩৪-৫০)।

মুসলমান ভারতে জাসার পর হতে সহস্রাধিক বৎসর হিন্দুদের সাথে বসবাস করার পর উভয়ে মিলে এক জাতি গঠনের পারিবর্তে উভয়ের স্বাতন্ত্রা অধিকতর সূম্পন্ট ও সৃদৃঢ় হয়েছে। কে, এম, পারিকর তাঁর Survey of India History গ্রন্থে মন্তব্য করেন ঃ "ভারতে একটি ধর্ম হিসাবে ইসলাম প্রবর্তনের প্রধান গামাজিক পরিণামফল দাঁড়ালো এই যে, সমাজ দেহকে খাড়াভাবে দৃ'ভাগে বিভক্ত করা হলো। তের শতকের পূর্বে হিন্দু সমাজে যেসব বিভাগ দেখা দিয়াছিল, সেগুলির প্রকৃতি ছিল কিছুটা আনুত্তিক। তবন বৌদ্ধর্মর, জৈনধর্ম সমাজদেহে তেমন সামপ্রিক বিচ্ছিন্নতা ঘটাতে পারেন। হিন্দুধর্মের পক্ষে এসব উপধর্মগুলিকে হজম করা সম্ভব ছিল এবং কালেতদ্রে এরা হিন্দুধর্মের পরিসীমার মধ্যে আপন আপন আঞ্চলিক আবাস গড়ে নিয়েছিল। পক্ষান্তরে ইসলাম তারতীয় সমাজকে আগাগোড়া স্পষ্ট দু'ভাগে বিভক্ত করে। এবং আলকের দিনের তারায় আমানের নিকট যা দুই জাতিত্ব বলে পরিচিত হয়েছে, তা সেই প্রথম দিনেই জন্মগ্রহণ করে। এরপর থেকে একই ভিন্তির উপর দু'টি সমান্তরাল সমাজ খাড়াভাবে বিভক্ত অবস্থায় বিরাজ করতে থাকে। জীবনখাপনের প্রতিটি ক্ষেত্রেই দু'টি সমান্ত প্রথম বিরাজ করতে থাকে। জীবনখাপনের প্রতিটি ক্ষেত্রেই দু'টি সমান্ত প্রথম সমান্তিক সম্পর্ক সম্পর্ক সমন্ত বা জীবনের ক্ষেত্রে আদান—প্রদান রইলো না। অবশ্য হিলুত্ব থেকে ইসলামে ধর্মান্তরকরণ অবিরাম চলতে থাকলো। কিছু সংগে সংগে নতুন মতবাদ ও সম্প্রদায়ের উত্তর এবং নতুন প্রতিরাধ্যুলক নিরাপন্তার মনোভাব সৃষ্টি হলো। ফলে হিলু সমাজদেহ ক্রমশঃ অধিকতর শক্তিশালী হয়ে দেখা দিল।"

রবীস্থনাথ ঠাকুর প্রতিষ্ঠিত বিশ্বতারতীর শিক্ষাপ্রাপ্ত পণ্ডিতপ্রবর ভক্টর সৈয়দ মুক্তবা আলী যে নির্মম সত্যউদ্ভি করেছেন, তা পাঠকবর্গকে পরিবেশন করা যেতে পারে। তিনি বর্গেনঃ

"বড় দর্শন নির্মাতা আর্য মনীয়ীগণের ঐতিহ্যগবিত পুত্র-পৌত্রেরা মুসলমান আগমনের পর শত শত বৎসর ধরে আপন আপন চতুম্পাঠীতে দর্শনচর্চা করলেন, কিবু পার্শবর্তী গ্রামের মাদ্রাসায় শত শত বৎসর ধরে যে আরবীতে গ্লাতো থেকে করে নির-গ্লাতনিজম তথা কিন্দী, ফারারী, বু-আলী সিনা, আলগাজ্জালী, আবু রুশ্দ ইত্যাদি মনীয়ীগণের দর্শনচর্চা হলো, তার কোন সন্ধানই পোলেন না। এবং মুসলমান মঙলানাও কম গাফলতি করলেন সন্ধানই পোলেন না। এবং মুসলমান মঙলানাও কম গাফলতি করলেন না— তিনি একবারের তরেও সন্ধান করলেন না, পাশের চতুম্পাঠীতে কিসের চর্চা হছে। . . ঐতিতন্য নাকি ইসলামের সংগে পরিচিত ছিলেন . . . কিছু চৈতন্যদেব উত্যা ধর্মের শাস্ত্রীয় সক্ষেলন করার চেষ্টা করেছিলেন বলে আমাদের জানা নেই। তার জীবনের প্রধান উদ্দেশ্য ছিল হিন্দুধর্মের সংগঠন ও সংস্কার এবং তাকে ধ্বংসের পথ থেকে নব-যৌবনের পথে নিয়ে যাওয়ার। · · মুসলমান যে

আন-নিঞান, ধর্ম-দর্শন এনেছিলেন এবং পরবর্তী যুগে বিশেষ করে মোগল

থানলে আকবর থেকে আভরংজেব পর্যন্ত মংগোল জর্জারিত ইরান-ত্রান থেকে।

থানথ সহস্ত সহস্ত কবি-পভিত-ধর্মজ্ঞ-দার্শনিক এ দেশে এসে মোগল

বাদ্যমতার আপন আপন কবিত্-পাভিত্য উজ্জাভ করে দিলেন, তার থেকে এ

থেশের হিন্দু ধর্মশাস্ত্রজ্ঞ গভিত দার্শনিকেরা কণামাত্র লাতবান হননি · · · হিন্দু

গাতিতের সংগে তানের কোনও যোগসূত্র স্থাপিত হয়নি।" —(বড়বাবু, সৈয়দ

ব্যাণতবা আলী)।

শেশামী ভৌহিদের চিন্তচাঞ্চল্যকর বিপ্লবী বাণী, প্রষ্টা সমীপে সর্বস্থ নিবেদন,
শেশামের বিশ্বতাতৃত্ব ও প্রেম, তার সাম্যের বাণী ও স্বিচার, তার গণতাত্ত্বিক
লাগা মানুষের মনে যে আবেদন—পূলক সৃষ্টি করে তা ছিল অপ্রতিরোধ্য। ফলে
দণে দলে হিল্পণ ইসলামের সৃশীতল ছায়ায়, আপ্রয় এহণ করতে থাকে। তারপর
লিপ্রথমির কাজ হলো আত্মরক্ষার। ইসলামের বাণীর মুখে আত্মরক্ষা তেমন
লয়েও ছিলনা। তাই ভারতের এখানে সেখানে ধর্ম সমন্বর ও ঐক্যের বাণী
লচানিত ও প্রতিশ্বনিত হয়েছে যুগে যুগে—রামানল, একলব্য, দাদু, নানক
লাল প্রতৃতি সাধক—প্রচারকদের আবির্তাবে। ইসলামের অহৈতবাদকে ভিত্তি
লগে তারা হিল্পুর্মের সংস্কার করতে চেয়েছেন ইসলাম থেকে আত্মরক্ষার
দেশো। অথবা ইসলাম ধর্মে হিল্পুত্বের প্রতাব ও অনুপ্রবেশ ঘটিয়ে বৌদ্ধ ও
লেন্দর্মের মতো ইসলামকে সর্বপ্রাসী হিল্পুত্বের মুখে ঠেলে দেয়ার প্রচেটা
লগেছেন মত্রে।

।। সম্পর্কে আবদুল মণ্ডদূদ বলেন ঃ

"এ আন্দোলনগুলি জবশ্য বিশ শতকের রাজনীতিক্ষেত্রে ব্রাহ্মণ্যবাদীদের প্রচুর
দুণোল—সুবিধায় আসে এবং 'জাতীয়তাবাদী' নামাংকিত করে হিন্দু
নামানীতিকেরাই এক ভারতীয় সংস্কৃতির ধুয়া ভোলে, তাছাড়া অনতিকাল মধ্যে
এখালো ইসলাম ও দন্ডধর মুসলিম শক্তিকে বাধা দেবার ও সম্বর হলে
বিত্যাভিত করবার সক্রিয় প্রয়াসে লিপ্ত হয়ে উঠে। তখন তাদের রাজনীতিক
ভামিকা ও রাষ্ট্রীক প্রয়োজন এসব সমন্বয় সাধনার বুলি স্পষ্ট হয়ে উঠে। (আবদুল
মবদ্দ র মধ্যবিক্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর, পৃঃ ২৫)।

খাবদুল মণ্ডদূদ, আহমদ শরীফ প্রণীত 'মুসলিম পদ সাহিত্য' (সাহিত্য শাবদা, বর্ষা সংখ্যা, ১৩৬৭)–এর বরাত দিয়ে বলেন ঃ "শিখ বা বৈষ্ণব আন্দোগনে যে এ উদ্দেশ্য স্পষ্ট হয়ে উঠেছিল—তার বহু প্রমাণ আছে। রষ্ট্রীক প্রয়োজনে বাদশাহ আকবর থেকে গান্ধীর কাল পর্যন্ত সমন্বয় সাধনের পথ অব্যাহত ছিল। এ পথে গান্ধীর 'রামধূন' সংগীত ও নজক্রণের কয়েকটি কবিতাকে শেষ প্রয়াস বলে ধরে নেয়া যেতে পারে।"

অতঃপর তিনি বলেন, প্রকৃতপক্ষে এগুলো ছিল সর্বগ্রাসলোডী ব্রাহ্মণাবাদী হিন্দুত্বের অভিনব প্রয়াস—এ পথেই জ্জগরের মতো ইসলামকে লীন করার প্রাণান্ত প্রচেষ্টা। রাষ্ট্রীক প্রয়োজনে এ ধর্মসমন্ত্র ও সংস্কৃতির ঐক্যের মহামন্ত্র অতীতে উদ্গীত হয়েছিল এবং এখনও হয়ে থাকে। (আবদুল মওদুদ–ঐ–
শৃঃ২৫)।

উপরের সংক্ষিপ্ত আলোচনায় এ সত্যাটি সুস্পন্ত হয়েছে যে, নিছক রাজনৈতিক কারণে সম্রাট আকবর থেকে আরম্ভ করে বিংশতি শতাব্দীর দ্বিতীয় পাদ পর্যন্ত হিন্দু-মুসলমানের সমন্বয়ে জগাবিচুড়ি তৈরী করে এক তারতীয় জাতি ও সংস্কৃতি অপবা এক বাঙালী জাতি ও সংস্কৃতি বলে চালাবার যে হাস্যকর প্রচেষ্টা চালানো হয়েছে, তা জাল ও অচল মূলার মতো সত্যানিষ্ঠদের দ্বারা প্রত্যাখ্যাত হয়েছে। কারণ তা ছিল অস্বাভাবিক, অবান্তর ও অসম্বব।

## সাম্প্ৰদায়িক সংঘৰ্ষ

বাংলা তথা ভারত উপমহাদেশের দু'টি বৃহৎ জাতি হিন্দু ও মুসলমান দু'টি বৃহৎ জাতি হিন্দু ও মুসলমান দু'টি বৃত্ত ধর্মবিশ্বাস ও সংস্কৃতির ধারক বাহক—এ দিবালোকের মতোই সুস্পষ্ট। কিন্তু প্রশ্ন হক্ষে এই বে, দু'টি শ্বতন্ত ধর্মবিশাসী একই দেশে মিলেমিশে, শান্তিতে ও নির্বিবাদে বসবাস করতে পারলোনা কেন। পৃথক ধর্মবিশাসী হওয়া সম্ভেও তাদের সদ্ভাব, সৌহার্ল ও মধুর সম্পর্ক গড়ে উঠতে পারেনি কেন? এর জনো দায়ী কে? তারা কি উভয়ে না কোন একটি দল? এর সঠিক জ্বাব ইতিহাসের পৃষ্ঠা থেকে খুঁজে বের' করতে বিশেষ বেগ পেতে হবেনা নিশ্ব।

হিন্দু-মুসলমানের বিরোধ ও সংঘর্ষের মূল কারণ যে প্রধানতঃ রাজনৈতিক ভাতে সন্দেহ নেই। এ রাজনৈতিক উদ্দেশ্য হাসিলের জন্যে ধর্মের নামে বজাতিকে ভাক দেয়া হয়েছে, প্রতিপক্ষকে ধর্ম বিনষ্টকারী পরবাপহরণকারী বলে আব্যায়িত করা হয়েছে। প্রতিপক্ষকে বিদেশী-হানাদার, নরহন্তা, নারী ধর্ষণকারী, প্রতিমা ও মন্দির ধ্বংসকারী বলে চিত্রিত করে স্বঞ্চাতির মধ্যে ধর্মীয় উন্যাদনা সৃষ্টি করা হয়েছে।

পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, এ উপমহাদেশে হিন্দুশাসনের পরিবর্তে যে মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয়েছিল তা হিন্দুজাতি মনেপ্রাণে মেনে নিতে পারেনি। এটম শতকের পর থেকে পরবর্তী কয়েক শতক পর্যন্ত মুসলিম সামরিক শক্তির, বদতে গেলে যৌবন-জোয়ার জলতরংগ দেশদেশন্তর ব্যাপী প্রাবন এনে দিচ্ছিল। এ অপ্রতিহত শক্তির মুখে তারতীয় রাজনৈতিক শক্তি টিকে থাকতে পারেনি বলে মুসলিম শাসন প্রতিহত করা সম্ভব হয়নি। কিন্তু তাই বলে এ দেশের বিঞ্জিত হিন্দুগণ হত রাজ্যের জন্য দৃঃখ-জপমানে-লজ্জায় মুসলিম শাসন অন্তর দিয়ে মেনেও নিতে পারেনি। তাদের অন্তরাত্মা বিক্ষোতে ফেটে পড়ছিল। বহু শতকের পঞ্জিত্ত বিক্ষোত ও প্রতিহিংসার বহিন্র বিসেফারণ ঘটেছিল মধ্যভারতে রাজপুত, মারাঠা, শিখদের বিদ্রোহের মাধ্যমে এবং তা সার্থক হয়েছিল ১৭৫৭ সালে সিরাজদৌপার পতনে। ভারপর থেকে উনবিংশ শতকের শেষ পর্যন্ত দেড শতাব্দী যাবত মুসলমানদের জীবনে নেমে এসেছিল চরম দূর্নিন। হিন্দু ও ইংরেজদের সমিলিত শক্তি দিয়ে তাদেরকে ধরাপৃষ্ঠ থেকে উৎখাত করার সর্বপ্রকার প্রচেষ্টা ও কৌশল অবলম্বন করা হয়। এ সময়কালে হিন্দুজাতি ইংরেজদের ভ্রাসী প্রশংসা ও বিগত মুসলিম শাসন ও শাসকদের বিরুদ্ধে অকথ্য কুৎসা রটনা করেছে। বাংলা সাহিত্য ও কবিতা ইসলাম ও মুসলমানদের কামনিক কুৎসা রটনায় ভরপুর হয়ে আছে। কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত, রংগলাল বন্দোপাধ্যায়, হেমচন্দ্র বন্দোপাধ্যায়, নবীনচন্দ্র এবং সাহিত্যিক ও ঔপন্যাসিক বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় থেকে শুক্র করে ছোটো-বড়ো সকল হিন্দু কবি সাহিত্যিকগণ ব্রত হিসেবে গ্রহণ করেন ইসলাম ও মুসলমানদের চরিত্রে কলংক আরোপ করাকে। অনেকের ধারণা মুসলমানদের চরিত্র বিকৃতকরণের ব্যাপারে শারণ্ডন্দ্র চট্টোপাধ্যায় সকলের পিছনে, কিন্তু তথাপি তাঁর কলমও কম বিয়োদগার করেন।

তারত উপমহাদেশে হিন্দু মুসলমানের মিলনের জন্য কম চেষ্টা—সাধনা হয়ন।

এ ধরনের মিলনের প্রচেষ্টা যথন চলছিল সে সময়ে শরংবাবুর লিখনী

মুসলমানদের খোঁচা দিতে ভূল করলো না, তিনি তাঁর "দিন কয়েকের ত্রমণ
কাহিনী" শীর্ষক প্রবন্ধের এক স্থানে বলেন—

শংধ্য সৃদম্পন হইরা গেল। সবাই বাহিরে জাসিয়া হাঁজ ছাড়িয়া বলিতে লাগিল— যাক বাঁচা গেল। সবাই বাহিরে জাসিয়া হাঁজ ছাড়িয়া বলিতে লাগিল— যাক বাঁচা গেল, চিন্তা আর নাই। নেতারা হিন্দু—মুসলমান সমসাার সমাধান করিয়া দিলেন, এবার শুধু কাজ, শুধু দেশোদ্ধার। প্রতিনিধিরা ছুটি পাইয়া মুখে দলে দলে টাঙ্গা, একা এবং মোটর ভাড়া করিয়া প্রাচীন কীর্তিজ্ঞ সকল দেখিতে ছুটিলেন। সে ত আর এক আধটা নয়, জনেক। সংগে গাইড, হাতে কাগজ—পেলিল—কোন্ কোন্ মসজিদ করটা হিন্দু মন্দির ভাঙ্গিয়া তৈয়ার হইয়াছে, কোন্ ভারপ্তপের কতখানি হিন্দু ও কতখানি মোসলেম, কোন্ বিগ্রহের কেবে নাক এবং কান কাতিয়াছে ইত্যাদির বহু তথ্য ঘুরিয়া ঘুরিয়া সংগ্রহ করিয়া ফিরিতে লাগিলেন। অবশেষে গ্রান্ড দেহে দিনের শেষে গাছতলায় বিসয়া পড়িয়া অনেকেরই দীর্ঘ নিঃখাসের সহিত মুখ দিয়া বাহির হইয়া আসিতে লাগিল— 'উঃ হিন্দু—মোসলেম ইউনিটি।"—(বিজ্ঞলী ২৫ আছিন, ১৩৩০)।

চট্টোপাধ্যায় মহাশয় আরও বলেন,

ইংরেজের আর যাহাই দোব থাক,—যে মন্দিরের প্রতি তাহার বিশ্বাস নাই তাহারও হুড়া ভাঙে না, যে বিপ্রহের সে পূজা করে না, তাহারও নাক কান কাটিয়া দেয় না। অভএব যে কোন দেবায়তনের মাথার নিকে চাহিলেই বুঝা যায় ইহার বয়স কত। স্বামীজী দেখাইয়া দিলেন—'ওটি অমুক জিউর মন্দির—সমটি আওরাংজেব ধ্বংস করিয়াছেন, ওটি অমুক জিউর মন্দির—অমুক বাদশাহ ভূমিসাৎ করিয়াছেন, ওটি অমুক দেবায়তন ভাঙিয়া মসজিদ তৈয়ার হইয়াছে। ওখানে আর কেন যাইবে, আসল বিগ্রহ নাই, নতুন গড়াইয়া রাখা হইয়াছে। (ইংরেজ কর্তৃক), ইত্যাদির পুণ্যময় করিয়া অসিলাম।

—(বিজ্লী, ২৩ কার্তিক, ১৩৩০ সাল)

একই কলমের দারা ইংরেজদের প্রশংসাসহ পূষ্পবর্ষণ করা হচ্ছে এবং অতীতের মুসলমান শাসকদের মৃতপাত করা হচ্ছে। শুধু তাই নয়, হিন্দুমন্দির ভাঙার কথা শুরণ করিয়ে দিয়ে হিন্দুদের ধর্মীয় উন্মাদনা সৃষ্টি করে মুসলমানদের বিরুদ্ধে তাদেরকে ক্ষিপ্ত করে তোলা হচ্ছে। তাহলে বলতে হবে হিন্দু—মুসলিম মিলনের প্রচেষ্টা প্রহসন মাত্র, তার মধ্যে ঐকান্তিকতার লেশমাত্র নেই।

কবি হেমচন্দ্র বন্দোপাধায়ে ইংরেজ প্রভুর উচ্চুসিত প্রশংসায় গেরে উঠলেন—
"না থাকিলে এ ইংরাজ
ভারত অরণ্য আজ– কে শেখাতো, কে দেখাতো
কে বা পথে লয়ে যেতো
যে পথ অনেক দিন করেছ বর্জন।"
— (শতাব্দী পরিক্রমা, ডঃ হাসান জামান সম্পাদিত, পুঃ ২৮৪)

উনবিংশ শতকের প্রথম পাদে হিন্দু জমিদার ও কোম্পানী শাসনের দ্বারা বাংলার মুসলমান নির্যাতিত, নিম্পেষিত ও জর্জারিত হচ্ছিল এবং তার প্রতিবাদে বাংলায় ফারায়েজী আন্দোলন ও সাইয়েদ তিত্মীরের আলোলন প্রচন্ত আকার ধারণ করে। পরবর্তীকাশে সাইয়েদ আহমদ শহীদের জিহাদী আন্দোদন সারা ভারতে এক আলোড়নের সৃষ্ট করে। অতঃপর ভারতের প্রথম আযাদী আন্দোলন শুরু হয় ১৮৫৭ সালে। এ সমস্ত আন্দোলন ব্যর্থতায় পর্যবসিত হওয়ার ফলে ভারতীয় মুসলমান ইংরেজদের কোপানলে পড়ে কোনু অসহনীয় জীবন যাপন ব্রছিল, তা যথাস্থানে আলোচনা করা হবে। জেল, ফাসী, খ্রীপান্তর, স্থাবর-অস্থাবর সম্পদ বাজেয়াপ্তকরণ এবং ইংরেজ কর্তৃক জন্যান্য নানাবিধ অমানুষিক-পৈশাচিক অত্যাচারে মুসলিম সমাজদেহ যখন জ্জারিত, সে সময়ে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় লিখনীর নির্মম আঘাত শুরু করেন মুসলিম জাতির জর্জারিত দেহের উপর। তিনি তার আনন্দমঠ, রাজসিংহ , দুর্গেশনন্দিনী, দেবী চৌধুরী প্রভৃতি উপন্যাসগুলিতে মুসলমানদের বিরুদ্ধে যে বিষোদগার করেছেন, তাতে পাঠকের শরীর রোমাঞ্চিত হবারই কথা। তার সাহিত্যের মাধ্যমে মুসলমানদের বিরুদ্ধে বিদ্বেষ সৃষ্টি এবং তাঁর বর্ণনামতে মুসলমান কর্তৃক 'হিন্দু মন্দির ধ্বংস', 'হিন্দু নারী ধর্ষণ' প্রতৃতি উক্তির দ্বারা হিন্দুলাতির প্রতিহিংসা বহ্নি প্রজ্জ্বলিত করার সার্থক চেষ্টা করা হয়েছে। ১৮৯৮ সালে মুসলিম এডুকেশান সোসাইটি অধিবেশনে নবাব নবাব আলী চৌধুরীর উদ্যোগে বাংলা সাহিত্যে মুসলমানদের বিরুদ্ধে বিদেষ প্রচারণার তীব্র প্রতিবাদ করে প্রস্তাব গৃহীত হয়। প্রস্তাবটি ইংরেজী ভাষায় প্রকাশিত করে হিন্দু পত্র–পত্রিকায় প্রকাশের জন্যে দেয়া হয়। কোন পত্রিকায় তা ছাপা হয়নি, শুধুমত্ত্র 'ভারতী' পত্রিকায় বিদ্রপাত্মক মন্তব্য করা হয়। - (Bengali Muslim Public Opinion

as reflected in the Bengali Press-1901-30: Mustafa Nural Islam, pp. 141-42).

সাহিত্যের মাধ্যমে বন্ধিমচন্দ্রের মুসলিম বিধেষ প্রচারণার দৃষ্টান্ত স্বরূপ কিছু উদ্বৃতি নিমে প্রদন্ত হলোঃ

"রাজপুত্রী বলিলেন—আমি এই জালমগীর বাদশাহের চিত্রখানি মাটিতে রাখিতেছি সবাই উহার মুখে এক একটি বাঁ পায়ের নাতি মার। কার নাতিতে উহার নাক তাঙ্গে দেখি।" —[রাজসিংহ (১ম খন্ড) দ্বিতীয় পরিক্ষেদ চিত্রদলন]।

"উরঙ্গজেবের দুই তগিনী—জাহানারা ও রওপনারা। জাহানারা শাহজাহাঁর বাদশাহাঁর প্রধান সহায়। তিনি পিতার বিশেষ হিতৈষিণী ছিলেন। কিন্তু তিনি যে পরিমাণে এ সকল গুণবিশিষ্টা ছিলেন, ততোধিক পরিমাণে ইন্দ্রিয় পরায়ণা ছিলেন। ইন্দ্রিয় পরিতৃত্তির জন্য জসংখ্য লোক তাঁহার জনুগতির পাত্র ছিল। সেই সকল লোকের মধ্যে ইউরোপীয় পর্যটকেরা এমন এক ব্যক্তির নাম করেন যে, তাহা লিখিয়া লেখনী কলুবিত করিতে পারিলাম না।" –রোজসিংহ, ২য় খন্ড, দিতীয় পরিজেদ ঃ জেবউরিসা।।

"ঔরঙ্গ জেবের তিন কন্যা। · · · জ্যেষ্ঠা জেব-উন্নিসা বিবাহ করিলেন না।
পিতৃত্বসাদিগের ন্যায় বসন্তের ভ্রমরের মত পুশে-পুশে মধু পান করিয়া
বেড়াইতে লাগিলেন।" — রোজসিংহ, ২য় খন্ড দিতীয় পরিচ্ছেদ ঃ
জেব-উন্নিসা)।

সতীসাধ্বী পুণাবতী মুসলিম রমণীদের চরিত্রে কতখানি কলংক আরোপ করা হয়েছে তা ইতিহাসের ছাত্র মাত্রই স্থাকার করবেন। বঙ্কিমচন্দ্র 'লেখনী কলুষিত করিতে পারিলাম না' —বলে খেদ প্রকাশ করেছেন। কিন্তু একজন পোকের নিছক মুসলিম বিদেষের কারণে, বিবেক ও রুচি কতখানি বিকৃত ও ব্যাধিক্রস্ত হলে কোন কন্তঃপুরবাসিনী পর্দানশীল সতীসাধ্বী হীনদার খোলাতীরু মুসলিম রমণীর চরিত্র তিনি এমনতাবে কলংকিত করতে পারেন, তা পাঠকের বুঝতে বাকী থাকার কথা নয়।

পুণাবতী জ্বে-উন্নিসার চরিত্র অধিকতর জ্বদান্তাবে চিত্রিত করতে বঙ্কিম
ক্রণামাত্র দ্বিধাবোধ করেননি। না করবারই কথা। মুসলমানের প্রতি অন্ধ বিদ্বেষে
বিবেক ও ক্রচিবোধ হারিয়ে তিনি নানা প্রলাপ বকেছেন। 'রাজসিংহ' উপন্যাসটির
আগাগোড়া বাদশাহ আওরংজেব-আলমগ্রীর ও তাঁর বিদুষী কন্যা জ্বেব-উন্নিসার

চরিত্র শ্বঘন্যব্রূপে বিকৃত করে বঙ্কিমচন্দ্র তার মনের সাধ মিটিয়েছেন।

'দুর্গেশনন্দিনী' গ্রন্থে জ্যাৎসিংহের সাথে আয়েশা নায়ী এক কল্পিতা মুসলিম মহিলার অবৈধ প্রণয় কাহিনী বর্ণিত হয়েছে। সার হদুনাথ সরকার 'দুর্গেশনন্দিনী' সম্পর্কে বলেন : "বঙ্গিমচন্দ্রের 'দুর্গেশনন্দিনী' তে সত্য ইতিহাস কতটুকু আছে? মানসিংহ, জ্বগৎসিংহ, কুব্দু বা, খালা ইসা, উসমান—ইহারা সকলেই ঐতিহাসিক পুরুষ · · ইহা তির 'দুর্গেশনন্দিনী'র আর সব কথা কাল্পনিক। ভারোমার আয়েশা, তিলোন্তমা, বিমলা সকলেই কাল্পনিক। · এগুলি আসিয়াছে ঐতিহাসিক নামজাদা একজন ঘোর কাল্পনিক সাহেবের লেখা হইতে, তিনি কাল্ডান আলেকজান্ডার ভাও (Alexander Dow)। এই সাহেবটি ফিরিশ্রার রিচিত হিন্দুখানের ইতিহাস ইংরাজীতে প্রায়শঃ অনুবাদ করিয়া দিতেছেন বলিয়া এবং নিজ প্রস্থের নামপত্রে ফিরিশ্তার নাম সংযোগ করিয়া নিয়া জপর্যান্ত মেকী কথা চালাইয়াছেন, যাহা ফিরিশ্তাতো লেখেন নাই, এমনকি, কোনও পারসিক লেখকের পক্ষে সেরূপ সম্ভব ছিল না।" —(বঙ্গিম রচনাবলী, ষষ্ঠ প্রকাশ, ১৩৮২ (উপন্যাস প্রসংগ) পঃ ২৯–৩০।।

একথা সত্য যে, মুসলমানদের ইতিহাস ও চরিত্র বিকৃতকরণে ইংরেন্ধ এবং হিন্দু উভয়েই বাকপট্টা প্রদর্শন করেছেন। তবে এ ব্যাপারে কে কতথানি অপ্রণামী তা বলা কঠিন।

'আনলমঠে' বিষ্কিমচল্র মুসলিম শাসনের বিরুদ্ধে বিবোদগার করে বলছেন ঃ
"দেখ যত দেশ আছে মগধ, মিথিলা, কাশী, কাঞ্জী, দিল্লী, কাশীরি, কোল্
দেশের অমন দুর্দশা, কোন্ দেশে মানুব বেতে না পেয়ে ঘাস বায় ? কাঁটা বায় ?
উইমাটি বায় ? বনের পতা বায় ? কোন্ দেশে মানুব শিয়াল—কুকুর ঝায় , য়ড়া
ঝায় ? কোন্ দেশের মানুবের সিল্পুকে টাকা রাখিয়া সোয়াজি নাই , কিংহাসনে
শালগ্রাম রাখিয়া সোয়াজি নাই , ঘরে ঝি—বউ রাখিয়া সোয়াজি নাই , ঝি—বউরের
পেটে ছেলে রাখিয়া সোয়াজি নাই ? পেট চিরে ছেলে বার করে। 
আমাদের
মুসলমান রাজা রক্ষা করে কই ? ধর্ম গেল, জাতি গেল, মান গেল, কুল গেল,
এখন ত প্রাণ পর্যন্ত যায়। এ নেশাখোর নেড়েদের না তাড়াইলে আর কি হিলুর
হিলুয়ানী থাকে?"—('আনলমঠ', প্রথম খন্ড, দশম পরিছেদ্য)।

বঙ্কিমচন্দ্র ও তাঁর মন্ত্রশিষ্যগণ তাঁদের সাহিত্যে, কবিতায়, প্রবন্ধে মুসলমানদের নামের গূর্বে 'নেড়ে', 'পাতি নেড়ে', শ্লেষ্ঠ' প্রভৃতি বিশেষণ ব্যবহার

না করে লেখনী ধারণ করা গাপ মলে করতেন। 'দুর্গেশনন্দিনী'তে জগৎসিংহ ও কৃষিত আয়েশাকে পরস্পর প্রণয়াবদ্ধরূপে দেখানো হয়েছে। তবুও আয়েশাকে যবনী বলে আত্মতৃত্তি লাভ করা হয়েছে। দ্বাবিংশতিতম পরিচ্ছেদ সমান্তিতে বলা হয়েছে, 'আয়েশা হবনী হইয়াও তিলোন্তমা আর জগৎসিংহের অধিক সেহবশত সহচরীবর্গের সহিত দুর্গান্তঃপুরবাসিনী হইলেন।"

আল্লাহ, কোরআন শ্রীফ ও পাঁচ ওয়াক্ত নামান্ধকে উপহাস করে 'আনন্দমঠে'র চতুর্থ খন্ড, পঞ্চমে পরিচ্ছেদে বলা হয়েছে—

মুসলমানেরা বলিতে গাগিল, "আপ্লা—আকবর! এতনা রোজের পর কোরভান শরীফ বেবাক কি ঝুটা হলো? মোরা যে পাঁচ ওয়াক্ত নামান্ত করি, তা এই তেলককাটা হিদুর দল ফতে করতে নারলাম?"

বিপিন চন্দ্র পাল 'আনন্দমঠ' সম্পর্কে মন্তব্য করেন ঃ

"জানলমঠে তিনি দেশমাতৃকাকে মহাবিক্ষর বা নারায়ণের অংশে স্থাপন করিয়া আমাদের দেশপ্রীতি ও স্বদেশ সেবাব্রতকে সাধারণ মানবপ্রীতি এবং বিশ্বমানবের সেবার সঙ্গে মিলাইয়া দিয়াছেন। মহাবিক্ষুকে বা নারায়ণকে বা বিশ্বমানবকে ছাড়িয়া দেশমাতৃকার পূজা হয় না। এ কপাটা আনলমঠের একটা অতি প্রধান কথা।"—(নবযুগের বাংলা সাহিতা, পৃঃ ১০১)

রমেশচন্দ্র দশু 'ইনসাইক্লোপেডিয়া ব্রিটেনিকা'র বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় শীর্ষক প্রবন্ধে (১১শ' সংস্করণ, ষষ্ঠ খন্ড, পৃঃ ১১০) বলেন ঃ

"আনন্দমঠের' সারকথা হলো ব্রিটিশ শাসন ও ব্রিটিশ শিক্ষা পদ্ধতি গ্রহণ করে উৎপীড়নমূলক মুসলিম শাসনের জবসান ঘটানো। · · শীঘ্রই হোক আর বিলয়েই হোক, ভারতে একটি হিন্দুরাজ্য স্থাপনের আদর্শে 'আনন্দমঠ' উন্দীঙ।"

মোটকথা, বঙ্কিমচন্দ্র 'আনন্দমঠ' লিখে একদিকে মুসলমান জাতির বিরুদ্ধে তার স্বজাতিকে ক্ষিপ্ত করে তুলেছেন এবং 'বন্দেমাতরম' সংগীতের মাধ্যমে ধর্মের নামে—দেবা দেশমাতৃকার নামে হিন্দুজাতির মধ্যে পুনর্জাগরণের প্রেরণা সৃষ্টি করেছেন। এ পুনর্জাগরণ সম্ভব মুসলিম দলনে এবং ব্রিটিশ শাসনকে এদেশে স্বাগতঃ জানিরে এবং সুপ্রতিষ্ঠিত করে—এ তাবধারা আনন্দমঠের ছত্রে প্রবাহিত। 'আনন্দমঠের' বন্দেমাতরম' মন্ত্রের সার্থক বহিঃপ্রকাশ ঘটেছিল বিংশ শতাব্দীর প্রারখে বংগভংগ রদ আন্দোলনে।

বংগভংগ ও বংগভংগ বিরোধী আন্দোপন যথাস্থানে আলোচিত হবে। তবে এখানে 'বন্দেয়াতরয়ের' ভাবাদর্শে যে সন্ত্রাসবাদ জন্মপাত করেছিল তার কিঞিৎ আভাস দিয়ে রাখি।

আবদুল মণ্ডদূদ বলেন ঃ

সদ্রাসবাদ বাংলার মাটিতে আসন খুঁজে পায়নি উনিশ শতকে এবং ভদুলোকদের সহানুভূতিও লাভ করেনি। ১৯০৩ সালের পূর্বে বারীল্রকুমার ঘোষ লভন থেকে কোলকাভায় প্রভ্যাগমন করে উত্তেজনা বৃদ্ধির চেষ্টা করেন, কিন্তু কোন সহানুভূতি পাননি।

িবিষ্ণ হ'রে তিনি বরোপায় বড়পাদা অরবিন্দ ঘোষের নিকট গমন করেন। অরবিন্দপ্ত ইংলন্ডে উচ্চশিক্ষিত। তিনি তখন গায়কোয়াড় কলেজের ভাইস প্রেসিডেন্ট ছিলেন। বারীন্দ্র বরোদায় বসে অনুধাবন করেন, রাজনীতিকে ধর্মের সঙ্গে একাঙ্গীভ্ত না করলে কেবল রাজনৈতিক আলোলনে কাজ হবে না। এ জন্যে তিনি গীতাপাঠের সঙ্গে রাজনীতির পাঠ দেবার উদ্দেশ্যে 'অনুশীলন সমিতি'র পরিকল্পনা করেন ও উপযুক্ত সময়ের অপেক্ষা করতে থাকেন।

"সুযোগ মিললো ১৯০৪ সালে। তথন বাংলা বিভাগ পরিকল্পনা জোরদার হয়েছে এবং 'ভদুগোক' হিন্দু সম্প্রদার-সর্বনাশের আভাসে দিশেহারা হয়ে পড়েছেন। বারীন্দ্র কোলকাতায় এলেন ১৯০৪ সালে, অরবিন্দ এসে যোগ দিলেন ১৯০৫ সালে। বাংলা বিভাগ কার্যকর হলো, বাঙালী হিন্দু শিক্ষিত সম্প্রদায় বিক্ষোতে ফেটে পড়লো। 'বংগমাতার' অংগজ্ছেদ বলে বিভাগটার ধর্মীয় রূপ দেয়া হলো এবং সমগ্র হিন্দু বাংলা আন্দোলনে মেতে উঠলো।" —াআবদুলমওদুদঃ মধ্যবিক্ত সমাজের বিকাশঃ সংস্কৃতির রূপান্তর, পুঃ ২০২)।

'আনলমঠের' বন্দেমাতরম মন্ত্রে দীক্ষা গ্রহণ করেই বাংলার মাটিতে সম্ত্রাসবাদ জন্মলাত করে। অরবিন্দ যোবের স্বীকৃতিই তার প্রমাণ। ১৯০৭ সালের ১৬ই এপ্রিল বন্ধিমচন্দ্রের অবদানের কথা উল্লেখ করে তিনি ইংরেজীতে একটি প্রবন্ধ দিখেন। তার থেকে কিঞ্চিত উদ্ধৃতি নিমে দেয়া হলো ঃ

"The earlier Bankim was only a poet and stylist—the later Bankim was a saint and a nation-builder".

অর্থাৎ, 'প্রথম দিককার বঙ্কিম একজন কবি ও শিল্পী—শেষ দিককার বঙ্কিম—শ্বষি ও জাতি গঠনকারী।'

তিনি আরও বলেন—

"It was thirty two years ago that Bankim wrote his great song... The Mantra had been given and in a Single Day a whole people had been converted to the religion of patriotism. The mother had revealed herself... A great nation which has had that vision can never again be placed under the foot of the conqueror".

অর্থাৎ "বাক্রিশ বছর আগে বন্ধিম তাঁর বিখ্যাত 'বন্দেমাতরম' সংগীত রচনা করেছিলেন। মন্ত্র ফুঁকে দেয়া হলো, আর একদিনেই গোটা জাতি দেশমাতৃকার ধর্মে দীক্ষিত হ'য়ে গেল। দেশমাতা আত্মপ্রকাশ করলেন · · · সেই স্বপুসাধ পোষণ করতো যে এক বিরাট জাতি, সে আর বিজেতার পদতলে পুষ্ঠিত হবে না।" —্ব্রী যোগেশচন্দ্র বাগল—বিশ্বিম রচনাবলী প্রস্থের তৃমিকায় বন্ধিম পরিচিঠি লেখক), পুঃ ২৫–২৬।।

বৃদ্ধিয় সাহিত্যের মাধ্যমে মুসলিম সমাজের প্রতি বিষোদণীরণের বিরুদ্ধে বিংশতি শতকের প্রথম পাদে মুসলিম পত্র-পত্রিকায় তীব্র প্রতিবাদ ও বিক্ষোত প্রকাশিত হয়েছে। কৈন্তু কোন ফল হয়নি। বরঞ্চ হিন্দুদের পক্ষ থেকে সন্ত্রাসবাদ ও হিংস্রতা ক্রমশঃ বেড়েই চশছিল। কোলকাতা থেকে প্রকাশিত মাসিক পত্রিকা ইসলাম প্রচার-প্রর বাংলা ১৩১৪ সালের জ্যৈষ্ঠ সংখ্যায় (১৯০৭ খৃঃ) নিমের চাঞ্চল্যকর সংবাদ প্রকাশিত হয় ঃ

"ইংরেজ এবং মুসলমানদের উৎখাত করার সংকল্প নিয়ে সর্বশ্রেণীর হিলুদেরকে— উচ্চশিক্ষিত থেকে স্কুলের ছাত্র পর্যন্ত—লাঠিখেলা ও কৃত্তি শিক্ষার জন্যে দলে তর্তি করা হচ্ছে। তাদের তয়াবহ গতিবিধি সারা বাংলায় বিশ্রোহের আগুন জ্বালিয়েছে। এসব ঠগেরা কৃমিল্লায় একজন মুসলমানকে হত্যা করেছে, জামালপুরে দু'জনকে জবাই করেছে এবং হিলু ও মুসলমান ফকীর—সন্যাসীর ছ্মাবেশে সারা বাংলায় আতংক ছড়াচ্ছে। মৌলভীর ছ্মাবেশে তারা হিলুদের লুগুন করার, হিলু বিধবাদের বিবাহ করার, এবং হিলু নারী ধর্ষণের জন্যে মুসলমানদেরকে প্ররোচিত করছে এই বলে যে, এ ব্যাপারে সরকার এবং ঢাকার নব্যবের কাছ থেকে নিশ্চিত সাহায্য পাওয়া ষাবে।

'ইসলাম প্রচারকের' সেই সংখ্যায় স্নারও সংবাদ পরিবেশিত হয় যে, পাঞ্জাবে হিন্দুদের সন্ত্রাসবাদী তৎপরতা এবং বিশেষ করে আর্যসমাজী কংগ্রেসী টাউটদের ভৎপরতার বিরুদ্ধে মুসলিম সমিতিগুলার পক্ষ থেকে প্রতিবাদ সভা জনুষ্ঠিত হচ্ছে। তাঁরা দ্বর্থহীন ভাষায় ঘোষণা করছেন যে, এসব হিন্দু সন্ত্রাসবাদ ও ধরাজকতার সাথে মুসলমানদের কোনই সংস্তব সম্বন্ধ নেই।

এ অধ্যায়ে আমাদের আলোচা বিষয়বন্ধু 'সাম্প্রলায়িক সংঘর্ষ'। এ সাম্প্রদায়িক সংঘর্ষের মূল উৎস ছিল বন্ধিম সাহিত্য। বন্ধিম সাহিত্যে মূললমাননেরকে 'যবন', 'স্লেছ্ক', 'নেড়ে', 'পাতি নেড়ে' প্রভৃতি ইতর ভাষায় আখ্যায়িত করে এ যবন ও মেছে নিধন হিন্দুলাতির ব্রত ও পূণ্যকর্ম হিসাবে দেখানো হয়েছে। 'বন্দেমাতরম' মন্ত্র এ যবন নিধনে তাদেরকে প্রেরণা যোগায়। কিন্তু বিংশতি শতাধীর প্রথম পাদে একদিকে যখন হিন্দু—মূসলিম মিলনের গান হচ্ছিল সারা দেশে, তখন হিন্দু—মুসলিমের যুক্ত বৈঠক ও সতাসমিতিতে অনিবার্যরূপে গাওয়া হতো 'বন্দেমাতরম' সংগীত। মুসলমানদের বহু আপত্তি ও প্রতিবাদ সত্ত্বেও তারা নিবৃত্ত হননি।

মাসিক পত্রিকা 'শরিয়তে ইসলাম' বাংলা ১৩৩৫ সালের জ্ম্মহারণ সংখ্যায়
(১৯২৮ খৃঃ) হিন্দু-মুসলমানের যৌধ সভায় 'বন্দেমাতরম' সংগীত বন্ধ করার
দাবী জানিয়ে সম্পাদকীয় প্রবন্ধ লেখেন। The Mussalman-এর সম্পাদক
মৌলতী মজিবর রহমান কংগ্রেসের জাতীয় কমিটির নিকটে সভাসমিতিতে
'বন্দেমাতরম' নিষিদ্ধ করার জনুরোধ জানিয়ে একটি প্রস্তাব পেশ করেন। কিন্তু
এতেও কোনই ফল হয়নি।

হিন্দু—মুস্পিম সংঘর্ষের আর একটি কারণ হলো মসজিদের সামনে হিন্দুদের বাদ্যযন্ত ব্যবহার এবং হিন্দু জমিদারীর অধীনে ও হিন্দু সংখ্যাগরিষ্ঠ এলাকায় মুসলমানদের গো–কোরবানীতে বাধা দান। এ নিয়ে বহু বাদ—প্রতিবাদেও কোন লাভ হয়নি।

মুসলিম ভারতের উপরে চরম আঘাত হানে আর্থ সমাজীদের 'শুদ্ধি' ও 'সংগঠন' আন্দোলন। এ আন্দোলনের অন্যতম নেতা লালা হরদয়াল কর্তৃক প্রদন্ত বিবৃতিতে বলা হয়, যা ১৯২৫ সালের ২৫শে জুলাই Times of India-তে প্রকাশিত হয় ঃ

"হয় মুসলমানদেরকে হিন্দুধর্ম গ্রহণ করতে হবে, নত্বা জীবন ও মানসম্মানসহ ভারত পরিত্যাগ করতে হবে।" জার্য সমাজের স্বামী প্রদ্ধানদের প্রধান শিষ্য সত্যদেব একই সময়ে ঘোষণা করেন ঃ "আমরা শক্তি জ্ঞান করার পর মুসলমানদের নিকটে এ শর্তগুলি পেশ করব, 'কোরআনকে আর ঐশী গ্রন্থ হিসাবে মানা চলবে না, মুহাম্মনকে খোদার নবী বলে খীকার করা চলবে না, মুসলমানী জনুষ্ঠান পর্বাদি পরিত্যাগ করে হিন্দু পর্ব পালন করতে হবে। মুসলমানী নাম পরিত্যাগ করে রাম্মীন, কৃষ্ণধান, ইত্যাদি নাম রাখতে হবে। আরবী ভাষায় উপাসনার পরিবর্তে হিন্দী ভাষায় উপাসনা করতে হবে।" A History of the Freedom Movement পৃঃ ২৬২ থেকে গৃহীত। —(Mustafa Nurul Islam: Bengali Muslim Public Opinion as reflected in the Bengali Press 1901-1930, p. 125)।

রাজনৈতিক হাংগামার প্রথম সূত্রপাত হয়েছিল বোদ্ধাইরে যখন হিন্দুনেতা বালগন্ধার তিলক লৃটি হিন্দু ধর্মীয় উৎসবকে প্রাধান্য দিয়ে হিন্দু জনমত ক্ষিপ্ত ও উত্তেজিত করতে থাকেন। এ দৃটি উৎসবের একটি হলো 'গণেশের' গৃজা আর দ্বিতীয়টি 'শিবাজী' উৎসব। স্কৃণ কলেজের যুবকদের সামরিক শিক্ষা দিয়ে, এ দৃটি উৎসবকে কেন্দ্র করে, হিন্দু ক্ষাত্র শক্তিকে জাগ্রত করা হয়। তিলক শিবাজী উৎসবে পৌরহিত্যকালে তগবল্গীতার উদ্বৃতি দিয়ে ঘোষণা করেন যে, আত্রকারণে না হলে, জাতি বা দেশমাতার কারণে গুরু ও আত্রীয় হত্যায় কোন পাপ হয় না। তার শিক্ষায় স্কুল কলেজের ছাত্র শিক্ষক উন্দীপ্ত ও উত্তেজিত হয়ে গুপ্ত সমিতি গঠন করতে থাকে হিংসাত্রক কার্যক্ষাণের জন্যে।

বংগবংগের পর ১৯০৬ সালে এ আন্দোপন হঠাৎ জারদার হয়ে উঠে এবং সারা তারতব্যাপী 'শিবাজী উৎসব' পাসন করে হিন্দুধর্ম পুনরস্ক্রীবনের চেষ্টা হতে থাকে। এ উৎসবে সক্ষ প্রখ্যাত হিন্দু সমাজনেতা, রাজনীতিবিদ, কবি সাহিত্যিক সানন্দে যোগদান করেন। কবি রবীন্দ্রনাথ 'শিবাজী উৎসব' লিখে হিন্দুধর্মের পুনরস্ক্রীবন আন্দোলনে প্রত্যক্ষ যোগদান করেন। তিনি 'শুতশঞ্জানাদে জয়তু শিবাজী' উচ্চারণ করে এ 'ধ্যানমন্ত্রে' দীক্ষা গ্রহণ করেন ঃ

> ধ্যজা করি উড়াইব বৈরাগীর উত্তরী বসন— দরিদ্রের বল। 'এক ধর্ম রাজ্য হবে এ ভারতে' এ মহাবচন করিব সমল।

(Indian Sedition Committee Report, 1918, p. 2; B.B. Misra: the Indian Middle class: Their growth, আবদুল মন্তদ্দ ঃ মধ্যবিত্ত সমাজের বিকাশ দুইবা)।

বাংলা তথা সারা তারতে রাজনীতি ও হিন্দুধর্মের পুনরক্জীবন আন্দোলন একাকার হয়ে গেল। ধর্মীয় উন্মন্ততা রাজনীতির আবহাওয়াকে করলো বিষাক্ত ও কলুষিত এবং ফলে চারনিকে শুরু হলো হিন্দু—মুসলিম বিরোধ ও সংঘর্ষ। একে অপরের রক্তে হতে রঞ্জিত করতে লাগলো।

খেলাফত আন্দোলন চলাকালে সামরিকতাবে হলেও হিন্দু-মুসলিম সম্পর্কের উরতি সাধিত হয়েছিল। কিন্তু এ সময়ে হিন্দুজাতি একরকম বলতে গেলে 'মুসলিম আতংকের' ব্যাধিতে আক্রান্ত হয়েছিল। এ ব্যাধি ছড়াচ্ছিলেন প্রধানতঃ বিপিনচন্দ্র পাল, পভিত মদনমোহন মালবা, লালা লাজপং রায় এবং স্বামী শ্রদ্ধানন্দ। এ চার ব্যক্তি ছিলেন 'গুদ্ধি সংগঠন' আন্দোলনের উদ্যোক্তা, এবং কংগ্রেসের জাতীয় রাজনীতিতে হিন্দুত্বের প্রাধান্য প্রতিষ্ঠায় ঐদের অবদান ছিল সর্বাধিক। উপরস্তু এরা সারা তারতে দেবনাগরী অক্ষরে হিন্দীতায়া প্রবর্তনেরও জ্যোবদার ওকালতি করেন।

রিয়াজুন্দীন আহমদ ও মওলানা মনিরুজ্জামান ইসলামাবাদী সম্পাদিত কোলকাতার সাপ্তাহিক পত্রিকা 'সুলতানে' ১৯২৩ সালের জ্যৈষ্ঠ মাসে 'রবীবাবুর আতংক' শীর্ষক সম্পাদকীয়তে আক্ষেপ করে বলা হয় ঃ

"রবীন্দ্র ঠাকুর পর্যন্ত এ ব্যাধিতে আক্রান্ত বলে আমরা দুঃখিত। তাঁকে এরূপ বলতে শুনা গেছে, 'ভারতে স্বায়ন্ত্রশাসন প্রতিষ্ঠিত হলে মুসলিম শাসন কায়েম হবে। সেজন্যে হিন্দুদের মারাত্মক ভুল হবে—বেলাফত আন্দোলনে যোগ দেয়া। মহাত্মা গান্ধীকে মুসলমানেরা পুতুলে পরিণত করেছে। তুরন্ধ ও বেলাফতের সাথে হিন্দুরার্থের কোনই সংস্তব নেই।"

উপসংহারে 'সুলতান' বলেন, "অবশ্য রবীন্তনাথকে আমরা একজন কবি, খ্যাতনামা কবি, বিশ্ববিখ্যাত কবি হিসাবে মানি . . . কিন্তু তিনি রাজনীতিক নন · . . তারতে মুসপিম শাসনের করিত আতংকে তিনি আতংকিত।" —(Mustafa Nurul Islam : Bengali Muslim Public Opinion as reflected in the Bengali press 1901-1930, pp. 147-48)।

বলতে গেলে, বেলাফত আন্দোলনে কংগ্রেসের যোগদানে ঐকান্তিকতা ছিলনা মোটেই, মুসলমানেরা মনে করেছিল এবার হয়তো হিন্দু-মুসলমানের বিরোধের অবসান ঘটবে। কিন্তু তা হয়নি। এস কে মন্তুমনার তার 'জিল্লাহ ও গান্ধী' গ্রন্থে বলেন ঃ

"থেলাঞ্চত আন্দোলনকালে হিন্দু—মুসলিম ঐক্য কোন জোরদার বৃনিয়াদের 
উপর প্রতিষ্ঠিত হয়নি। মুসলমানদের কাছে এটা ছিল একটা ধর্মীয় আন্দোলন, 
তারত স্বাধীন করার কোন চিন্তা এতে ছিলনা। পক্ষান্তরে গান্ধী এটাকে গ্রহণ 
করেছিলেন নিন্ধ উদ্দেশ্য হাসিপের প্রধান হাতিয়ার হিসাবে। গান্ধীন্ধী বলছিলেন, 
'আমি বিশ্বাস করি খেলাঞ্চত আমাদের পু'জনের নিকটে কেন্দ্রীয় বিষয় ছিল—
মণ্ডলানা মুহাত্মদ আলীর নিকট এটা তার ধর্ম। আর আমার নিকট হচ্ছে, 
খেলাঞ্চতের জনে। শ্রীবন বিসর্জন দিয়ে গো–নিরাপত্তা নিন্চিত ও নির্তয় করছি। 
অর্থাৎ আমার ধর্মকে মুসলমানের ছুরিকা থেকে রক্ষা করছি।'

'ধর্ম' বলতে এখানে গান্ধীজী যে 'গোধর্মই বৃত্তিয়েছেন, তা না বললেও চলে। মুসলমানের ছুরিকা থেকে 'গোধর্ম' বা গোজাতিকে রক্ষা করার অর্থ হলো তারতত্মিতে মুসলমানের গো–কোরবানী চিরতরে বন্ধ করা।

১৮৭০ সাল থেকে ১৮৯৩ সাল পর্যন্ত হিন্দু-মুসলমানে যত দাংগা হয়েছে তার খতিয়ান বিবেচনা করলে জানা যাবে যে এসবের প্রভাক্ষ কারণ (Immediate cause) হচ্ছে এই যে, প্রথম চার বছর হিন্দুর দুর্গাপুজা আর মসলমানের কোরবানী একই সময়ে, বলতে গেলে, একই দিনে হতো। কথা যদি এই হতো যে, ঠিক আছে, উভয়ে উভয়ের উৎসব পালন করুক— হিন্দুরা দুর্গাপুজা করুক, মুসলমান কোরবানী করুক। কিন্তু তা নয়। মুসলমানরা গো কোরবানী করতেই পারবে না। আর হিন্দু দুর্গাপুদ্ধা ত করবেই। বরঞ্চ বিসর্জনের নিনে মসজিদের সামনে নিয়ে ঢাক-ঢোল পিটিয়ে বাজনা বাজিয়ে মিছিল করে যাবে। ফলে দাংগা হাংগামা ত অনিবার্য। গায়ে পড়ে উত্তেজনা সৃষ্টি করে, দাংগা–হাংগামা বাধিয়ে মসলমানকে খুনী আসামীর কাঠগভায় দাঁড করিয়ে রায় भिया হবে- "वावा, এখন জানমাল ও মান-সন্মান নিয়ে যে দেশ থেকে এসেছিলে, সেখানে চলে যাও।" এসব পূর্ব পরিকল্পনা অনুযায়ী করা হচ্ছিল, এ কথা মনে করার সংগত কারণও আছে। পরবর্তীকালে আর্য সমাজীরা এবং হিল মহাসভার নেতাগণ এ কথাই বারবার বলেছেন। বৃদ্ধিম 'আনন্দমঠে' বন্দেমাতরম মরে দীক্ষা দিয়েছিলেন 'যবন-ক্লেছ' নিধনযজ্ঞের তার এদের কথা হলো 'ইত্যাযজ্জের পরে যারা তোমরা বেঁচে আছু ভারত ভ্যাগ কর।'

পরিক্ষিত দাংগা–হাংগামায় হিন্দুপক্ষ সমর্থনের বড়ো সাধ ইংরেজনেরওছিল। কারণ উনবিংশতি শতাব্দীর শেষ পর্যন্ত মুসলমান ছিল তাদের চোখের বালি।
১৮৮০ সাপে জন্ ব্রাইট লভনে ইভিয়ান কমিটি নামে একটি সমিতি গঠন
করেন এবং পঞ্চাশ জন ইংরেজ এম পিকে এর সভ্য করেন। ১৮৮৫ সাপে
আপেন ইউম তারতীয় কংগ্রেস গঠন করেন। ইউম বাংলা প্রাদেশিক সিভিল
সার্ভিনের অবসরপ্রাপ্ত অফিসার। তিনজন ইংরেজ এই কংগ্রেসের সভাপতি হন
এবং তাঁরাই ইংলভে কংগ্রেসের প্রচারকার্য চালিয়ে কংগ্রেসকে একটি জনপ্রিয়
প্রতিষ্ঠান হিসাবে ইংলভবাসীয় কাছে পরিচিত করেন। ১৮৮৮ সালে চার্লস
রাড্ল কংগ্রেসের সার্বক্ষণিক বেতনভুক কর্মচারী নিযুক্ত হন। লভনে কংগ্রেসের
প্রচারকার্যে নিয়োজিত হন উইপিয়ম ডিগ্রী। কংগ্রেসের প্রচারকার্যে ১৮৮৯ সালে
ব্যয়িত হয় ২৫০০ পাউভ। ভিগ্রী প্রচার করতেন, কংগ্রেসে ভারতের লব জাতি,
সম্প্রদায় ও প্রণীর একমান্ত মুখপাত্র। এমনকি মুসলমানেরও।

হিন্দু-মুসলিম দাংগায় তারতভূমি যখন রক্তরঞ্জিত হচ্ছিল, সে সমগ্রে মুসলমানদের পক্ষে কথা বলার না কোন ব্যক্তি, আর না কোন প্রতিষ্ঠান ছিল। কিন্তু ব্রিটেনের ইন্ডিয়া কমিটি কংগ্রেসকেই সমর্থন করে বলতো,—"ভারতে সাম্প্রদায়িক প্রীতি অক্ষুপ্র আছে।"

বিটেনের ১৯০৫ সালের নির্বাচনে ভারতফেরত বেশ কিছুসংখ্যক অবসরপ্রাপ্ত আই সিএস অফিসার হাউস অব কমন্সের সদস্য হন। তারা ইন্ডিয়ান পার্গামেন্টারী কমিটি গঠন করেন। স্যার হেনরী কটন ছিলেন তার একজন সনস্য। বিটিশ পার্গামেন্ট ভারতীয়দের আশা আকাংখা ভূলে ধরার নায়িত্ব পাগনে গৌরব বোধ করেন ভিনি। তিনি প্রচার করতেন, "জাতি ধর্ম নির্বিশেষে সকল ভারতীয় এক জাতীয়তায় গৌরব বোধ করে।" লাহোর, কার্ণাগ প্রভৃতি স্থানে যখন প্রচন্ত সাম্প্রদায়িক দাংগা চলছিল এবং বংগভংগ বিরোধী আলোলনে হিন্দু সন্ত্রাসবাদীরা পৃঠতরাজ বারা বিভীষিকা সৃষ্টি করছিল, তখন হেন্রী কটন বগতেন, "মুসলমানদের স্বার্থ হিন্দু সংবাদপত্র ছাড়া অন্য কোথাও সমর্থিত হয় না।" বংগভংগ রদের ব্যাপারে হিন্দুদের দোসর ইংরেজ সাহেবদের আচরণ কিছিল তা পূর্ববর্তী অধ্যায়ে জালোচিত হয়েছে।

উপরে বলা হয়েছে যে, বেলাফত আলোলনের মাধ্যমে হিন্দু-মুসলিম মিলনের প্রচেষ্টা করা হয়েছে। কিন্তু বংগভংগের পর বাংলা তথা সারা তারতে হিন্দুজাতির মানসিকতা যেতাবে সৃশ্পষ্ট হয়ে ধরা পড়েছে, তারপর— খেলাফত আন্দোলনে তার উপরে যে একটা কৃত্রিম প্রলেপ নেবার চেষ্টা করা হয়েছিল তাও ব্যর্থতায় পর্যবসিত হয়েছে। এ সময়ের সবচেয়ে মর্মন্তুন ও লোমহর্যক ঘটনা হলো মুসলিম মোপ্লা সম্প্রদায়ের উপর অমানৃষিক ও পৈশাচিক নির্যাতন নিম্পেষণের।

এ সম্পর্কে পরম্পর বিরোধী সংবাদ ভারতের পত্র-পত্রিকায় প্রকাশিত হতে থাকে। হিন্দু পত্র-পত্রিকা ও নেতৃবৃন্দ, বিশেষ করে হিন্দু মহাসতা ও আর্য সমাজের নেতাগণ প্রকৃত ঘটনাকে অতিমাত্রায় অতিরঞ্জিত করে হিন্দুতারতকে মুসলমানদের বিরুদ্ধে ক্ষিপ্ত করে তোপেন। ফলে বিভিন্ন স্থানে হিন্দু-মুসলিম দাংগা-হাংগামার সূত্রপাত হয়। ১৯২২ সালে অমৃতসর থেকে 'দান্তানে জুলুম্' নামে পৃত্তিকা প্রকাশিত হয়। সাহারানপুর থেকে 'মালাবার কি খুনী দান্তান' নামে আর একটি পৃত্তিকা প্রকাশিত হয়। এ পৃত্তিকা দু'টির অধিকাংশ সংবাদ অতিরঞ্জিত, কল্পিত ও অনিভর্রযোগ্য সূত্রে গৃহীত।

প্রথম পৃত্তিকায় যেসব তথ্য প্রকাশিত হয় তার সারাংশ হচ্ছে ঃ

মালাবারের সশস্ত্র মোপ্লা সম্প্রদায় হত্যা, লুষ্ঠন, নারী ধর্ষণ, বলপূর্বক হিন্দুদের ইসলাম ধর্মে ধর্মান্তরকরণ প্রভৃতি কাজে লিঙ রয়েছে। বলা হয়েছে যে, একজন পূরুব হিন্দুকে প্রথমতঃ তারা গোসল করিয়ে দেয়। তারপর মুসলমানী কায়দায় তার চুল কেটে দেয়া হয়, অতঃপর মুসলমানী কালেমা পভৃতে বাধ্য করা হয়। মেয়েদেরকে মোপ্লাদের পোষাক পরিয়ে দেয়ার পর কান ছিদ্র করে ইয়ারিং পরিয়ে দেয়া হয়।

বিতীয় পৃত্তিকায় বলা হয় যে, মালাবারের মুসলমানরা হিলুদেরকে খেলাফত আন্দোলনে যোগদান করতে এবং মুসলমান হতে বাধ্য করছে। সমত না হলে তাকে যরে আবদ্ধ করে তার মুখে গরুর গোশত গুঁজে দেয়া হয়। তার আপনজন ও আত্মীয় স্বজনকে তার চোখের সামনে মারধর করা হয়। এতেও মুসলমান হতে রাজী না হলে, তাকে হত্যা করে খন্ড বিখন্ড করে কুপের মধ্যে নিক্ষেপ করা হয় এবং তার বাড়ীঘর জ্বালিয়ে দেয়া হয়। মন্দির ধ্বংস করা হছে, প্রতিমা চুর্ণ বিচুর্ণ করা হছে। হিলু সন্যাসীদেরকে গরুর কাঁচা চামড়া পরিধান করতে বাধ্য করা হছে। —(A. Hamid Muslim Separatismin India, pp. 158-159): দেজানে জ্বন্ম— সেক্রেটারী, মালাবার হিলু সহায়ক সতা, অমৃতশহর, ১৯২২।

ি শুলাতির কাছে এই বলে উদান্ত আহবান জানানো হতোঃ

"হিন্দুলাতি কামাত হও। তোমাদের নিদ্রা তোমাদের মৃত্যু ভেকে আনবে।
আতাকারা জন্যে বন্ধপরিকর হও। তোমাদের দুর্বপতা তোমাদেরকে ধ্বংস
আ(ব) পাইতে জীবন যাপন অপেক্ষা মৃত্যু শতগুণে শ্রেয়। 'তোমাদের তাইয়ের
দুয়খ দুর্নশা তোমাদের নিজেদেরই।" —(A, Hamid Muslim Separatism in India, p. 159, সাস্তানে জুল্ম, ঐ)।

রাকৃত ঘটনা জানার জন্যে কেন্দ্রীয় খেলাফত সংগঠনের পক্ষ থেকে গঠিত একটি কমিটির উপর দায়িত্ব অর্পণ করা হয়। এ কমিটি সরেজমিনে তদন্ত করে যে নিপোর্ট পেশ করে তার সারাংশ নিমন্ত্রপ ঃ

সরকারী ঘোষণায় যে মালাবারের ঘটনাবলীকে 'সরকারের বিরুদ্ধে বিদ্রোহ' নঙ্গে আখ্যায়িত করা হয়, তা সঠিক নয়। অবস্থা স্বাভাবিক এবং বিদ্রোহের িজ্মাত্র নেই। তারতের জন্যান্য স্থানের মুসলমানের ন্যায় মোপলাগণও থেলাফত ছাপোলনে যোগদান করে। কিন্তু স্থানীয় কর্তৃপক্ষ এ আন্দোলন দমন করতে নদ্ধপরিকর। পুলিশের নৌরাতা ও বাড়াবাড়ি ভাদেরকে কিছুটা বিদ্রোহী করে ্রোলে। ঘটনার সূত্রপাত এভাবে হয় যে, স্থানীয় খেলাফড কমিটির সেক্রেটারীকে ধরে এনে একটি গাছের সাথে বেখে ফেলা হয়। তার স্ত্রীকে সেখানে এনে তার চোখের সামনে তার চামড়া খুলে ফেলা হয়। তারপর ট্রাফিক পাইন তংগ করার তুচ্ছ অপরাধে মোপগাদের জনৈক শ্রদ্ধেয় ব্যক্তিকে একজন পুলিশ কনস্টেবল মুখে থাপ্পড় দেয়। জন্য একজন খেলাফত কর্মীকে অন্যায়ভাবে জন্ম নির্মাণ অপরাধে জড়িত করা হয়। অবশেষে পুলিশ মোপুলাদের গৃহে নলপূর্বক ভূকে পড়ে তাদের বধাসর্বস্ব লুষ্ঠন করে এবং গৃহের মালিকদের উপর বর্বরোচিত অত্যাচার করে। এতেও ক্ষান্ত না হয়ে পুশিশ তাদের উপর বেপরোয়া গুলীবর্ষণ করে। মোপুলা সম্প্রদায় জসীম সাহসী ও যোগ্ধা ছিল। ফলে পুলিশের সাথে সংঘর্ষে তারা জয়ী হয়। ক্ষিপ্ত মোপ্লারা জতঃপর টেলিগ্রাফ তার ও রেল পাইন ক্ষতিগ্রন্ত করে। এ পর্যন্ত হিন্দুদের সাথে তাদের পূর্ণ সম্ভাব বন্ধায় ছিল। কারণ খেলাফত কর্মী হলেও তারা ছিল কংশ্রেসী। তারা হিন্দু-মুসলিম ঐক্য প্রচার করে বেড়ায় এবং হিন্দু মহলা ও তাদের ধনসম্পন পাহারা দেয়। —(A. Hamid Muslim Separatism in India, p. 159-160: কাশুফে হাকীকতে মালাবার-বাদাউন,১৯২৩)।

দৃ'সঞ্জাহ পর বহুসংখ্যক পুলিশ ও সৈন্য বাহিনী ভারী অন্ত্রশস্ত্রে সঞ্জিত হয়ে প্রভাবর্তন করে এবং পরিস্থিতি আয়ন্তে জানে। 'বিলোহী' মোপ্লাদের সংবাদ সরবরাহ করার জন্য অধিকাংশ হিন্দু গুগুচরের কাজ গুরু করে। এর ফলে মোপ্লাগ হিন্দুদের প্রতি রুষ্ট হ'য়ে পড়ে। পুলিশ হিন্দুদেরকে মোপ্লাদের বিরুদ্ধে লেলিয়ে দেয়। আর্য-সমাজী কর্মীগণও ভালেরকে সাহায্য করে। পুলিশ ও সৈন্যবাহিনী মিলিভভাবে মোপ্লাদের প্রতিশোধ গ্রহণে প্রবৃত্ত হয়। সামরিক শাসনের অধীনে জমান্ধিক নির্যাভনের মধ্য দিয়ে ভালেরকে কাটাভে হয়। শত শত মোপ্লা বাজুহারা ও নিঃস্ব হয়ে পড়ে। শত শত লোক কারাবরণ করেন এবং দুইশত জনকে প্রাণদন্ডে দণ্ডিত করা হয় —(A. Hamid: do. p. 1(ম): কাশুফে হাকীকতে মালাবার)।

Indian Annual Register-এ বর্ণিত হয়েছে যে, পুলিশ ও সরকারী প্রশাসন বিভাগকে পরাজিত করে মোণ্লাগণ খেলাফত কায়েম করে এবং শাসকদের বিরুদ্ধে জেহান ঘোষণা করে। হিন্দুদের পাইকারীভাবে ধর্মান্তরকরণের সংবাদ ভিত্তিহীন। মোণ্লাগণ বনে জঙ্গদে আত্মগোপন ক'রে গেরিলা তৎপরতা চালায়।

উক্ত রেজিস্টারে একটি তুলনাহীন বর্বরতার উল্লেখ করা হয়। তা হচ্ছে এই যে, একশত বন্দী মোপলাদেরকে একটি রেলের মালগাড়ীতে তর্তি করে, দরজা বন্ধ করে নিয়ে, অন্যত্র পাঠানো হয়। গন্তব্যস্থলে পৌছুবার পর নরজা খোলা হলে দেখা যায় ৬৬ জন মৃত্যুবরণ করেছে এবং অবশিষ্ট মুমূর্ব্ অবস্থায়। উক্ত রেজিস্টার মন্তব্য করে ৪ এ সময়ের মালাবার ইতিহাসের অন্ধকার অধ্যায়ের কত যে অমানুষিক লোমহর্বক ঘটনা অস্কাত আছে, তা একমাত্র তবিষ্যুতই প্রকাশ করতে পারে —(A. Hamid, Muslim Separatism in India, p.160: Indian Annual Register 1922, p. 266)।

এ ঘটনাগুলি সারা ভারতের হিন্দু-মুস্লমানের দৃষ্টি আকর্ষণ করে। মুসলিম ভারত মর্মাহত হয়ে পড়ে এবং মোপ্লানের সাহায্যের জন্যে আবেদন জানায়। চতুর্দিক থেকে অপূর্ব সাড়া পাওয়া যায়। পক্ষান্তরে হিন্দু সংবাদপত্র ও নেতৃবৃন্দ প্রতিশোধ গ্রহণের জন্যে হিন্দুদেরকে উত্তেজিত করতে থাকেন।

সারাদেশে নতুন করে হিন্দু-মুসলিম সংঘর্ষ শুরু হয়। প্রথম শুরু হয় মুলতানে ১৯২২ সালের সেপ্টেম্বর মাসে মহররম উৎসবকে কেন্দ্র করে। ১৯২৩ াালে তার পুনরাবৃত্তি ঘটে এবং প্রচন্ত সংঘর্ষ ঘটে সাহারানপুরে। এখানে নির্পেন্ন সংখ্যা তিনশতের অধিক বলা হয়েছে। পরবর্তী বৎসরে জাঠারোটি দাদা হালামার ৮৬ জন নিহত এবং ৭৭৬ জন আহত হয়। চরম সংঘর্ষ ঘটে জোহাটো। জনৈক হিল্কুকুক ইসলাম বিরোধী কবিতা প্রকাশনাই এর মূল জানা। দু'দিন ধরে যে লাকা চলে, তাতে ৩৬ জন নিহত এবং ১৪৫ জন আহত মা, দোকান-পাট লুন্তিত হয়, এবং প্রায় সত্তর হাজার টাকার ধনসম্পদ বিনষ্ট করা হয়। পর বৎসর ১৯২৫ সালে অবস্থা কিছুটা শান্ত হলেও ১৯২৬ সালে আবার আগ্রন দাউ দাউ করে জ্বলে উঠে। এ বৎসর সারাদেশে মোট ৩৬টি দালা অনুষ্ঠিত হয়। থার ফলে লু'হাজার লোক নিহত হয়। এ বৎসর দাদার সূত্রপাত হয় গোলঞ্চতা শহর থেকে মসজিদের সামনে হিশুদের বাদ্যবাজনাকে কেন্দ্র করে। লার্নিছিতি আয়ভামীন হবার পূর্বে দু'শ দোকান লুন্তিত হয়, বারটি পবিত্র পৃহ প্রচাণে ও ক্ষত্রিক্তাই হয়, ১৫০টি অগ্রিসংযোগের ঘটনা সংঘটিত হয় এবং হলেওতের সংখ্যা দাভায় সাভে টোদ্দশ

১৯২৭ সালে সারাদেশে একত্রিশটি দাঙ্গা সংঘটিত হয়ে পূর্বের সকল রেকর্ড ভঙ্গ করে। এবার হতাহতের সংখ্যা এক হাজার ছয় শ'। নিহতের সংখ্যা এক শ' দবিশ।

১৯২৮ সালে অবস্থা কিছুটা প্রশমিত হয়। কিছু ১৯২৯ সালের ফেব্রুমারী । ।

তেনি যে মাসের মধ্যে বোষাই শহরে দাঙ্গা সংঘটিত হয় যার ফলে হতাহতের

সংখ্যা দাঁড়ায় এগার শ'। বিগত কোলকাতা দাঙ্গার ন্যায় এথানেও দোকান—পাট

লুপ্তিত হয়। ১৯৩১ সালে কানপুরে প্রচন্ড দাঙ্গা—হাঙ্গামা শুরু হয় এবং তিন দিন

শর্মার হত্যা, পুঠতরাজ, ও অগ্নিসংযোগ চলতে থাকে। জনৈক হিন্দু হত্যাকারীর

সমানে বলপুর্বক দোকানপটি বন্ধ করতে গিয়ে হিন্দু—মুসলিম সংঘর্ষ শুরু হয়

এবং প্রচন্ড আকার ধারণ করে। এ দাঙ্গায় চার—পাঁচ শ' লোক নিহত হয়,

বছসংখ্যক মসন্ধিদ মন্দির ধ্বংস করা হয় এবং বহু ঘর—বাড়ী অগ্নিদন্ধ হয়।

(A. Hamid: Muslim Separatism in India, p.162; Cumming: Political India, p.114-17)।

হিশু ও যুসলমানের পক্ষ থেকে এসব সংঘর্ষের বিবরণ গান্ধীজীর নিকটে বিবৃত করা হলে তিনি মুসলমানদের ঘাড়েই লোষ চাপান। গান্ধীজী মন্তব্য করেন ঃ আমার মনে কোনই সন্দেহ নেই যে, অধিকাংশ কলহে হিন্দুদের স্থান বিতীয় পর্যায়ে পড়ে। আমার এ মন্তব্য আমার ব্যক্তিগত অভিজ্ঞতালক যে, মুসলমানরা স্বভাবতঃই স্বভা প্রকৃতির এবং হিন্দুরা স্বাভাবিকতাবেই ভীক্র। আর, যেগানেই ভীক্র গোক বিরাধ করে সেখানে সর্বদাই থাকবে, স্বভাদল।

(The Indian Quarterly Register, p. 647; A. Humid : Separatism in India, p. 105).

মিঃ পান্ধী হিন্দু-মুসলিম জনৈক্য ও কলহ নমনে সহায়ক হলেন না। বরঞ্চ তাঁর উপরোক্ত মন্তব্য মুসলমানদেরকে নোষী সাবান্ত করে এবং এটা হিন্দু দাঙ্গাকারীদের একটা শক্তিশালী সনদ হয়ে পড়ে।

ভারতের স্বাধীনতা অর্জনের পথে হিন্দু মুসলিম অনৈক্য অথবা তলহ-কোন্দল যে অন্তরায় একথা বৃঝতে পেরে মিঃ গান্ধী যে বিত্রত হয়ে পড়েননি, ভা নয়। তবে হিন্দু মুসলিম মিলনের সৃষ্ঠু ও স্থায়ী সমাধানকল্পে তার কোন চেষ্টাও পরিলক্ষিত হয়নি।

তিনি একবার বলেন যে, একমাত্র চুক্তি বা প্যাক্টের ভিত্তিতে হিন্দু-মুসলিমের স্থায়ী মীমাংসা হতে পারে। কিন্তু পরবর্তী সময়ে তিনি বলেন, "প্যাক্টের দ্বারা ঐক্য হতে পারে। কিন্তু তার দ্বারা এক হওয়া যায় না। প্যাষ্ট যদি এক হওয়ার ভিত্তি হয়, তাহলে তা হবে একেবারে অর্থহীন, বরঞ্চ তার চেয়েও খায়াপ। প্যাষ্টের স্বভাবই হলো বিচ্ছিরতাবাদ। প্যাষ্ট একে অপরকে নিকটে টানবার বাসনা জ্বাপ্রত করে না, এর দ্বারা ত্যাপের মনোতাব সৃষ্টি হয় না, আর তা দলগুলিকে মূল লক্ষ্য অর্জনে একত্রে বীধতেও পারে না। একে অপরকে নিকটে টানার পরিবর্তে চুক্তির অধীন দলগুলি একে অপরের কাছ থেকে যতটা সম্বব আদায় করবার চেষ্টা করে। . . . সকলের অন্তির স্বার্থেছারের জন্য ত্যাপ স্বীকারের পরিবর্তে চুক্তির অধীন দলগুলি সর্বদা লক্ষ্য করে যে, এক দলের ত্যাপ স্বীকারের দ্বারা জন্য দলের মঙ্গল সাধিত ঘেন না হয়। . . . হিন্দু ও মুসলমানের মধ্যে অন্তরের মিল ব্যুতীত "স্বরাজ" শুধুমাত্র স্বপুই রয়ে যাবে।"

কিন্তু পরক্ষণেই জাবার তিনি বলেন, " 'স্বরাজ' সমস্যা অপেক্ষা গো-সমস্যা কম গুরুত্বপূর্ণ নয়, . . . যতোক্ষণ পর্যন্ত না আমরা গোরক্ষা করতে সক্ষম হবো, আমরা স্বাধীনতা লাভ করতে পারব না।" গান্ধীর এসব উক্তি এটাই প্রমাণ করে যে, ভারতীয় স্বাধীনতা হিন্দুত্বের সংকীর্ণ স্বার্থ হাসিলেরই অপর নাম। লাহোরে একটি ঐক্য সম্মেলনে সভাপতির ভাষণে তিনি পাঞ্জাবে মসলিম সংখ্যাপরিষ্ঠতায় আতংক প্রকাশ করেন। অপূর ভবিষ্যতে পাঞ্জাব একটি রপদক্ষ জাতির আবাসভূমি হয়ে পড়লে উপমহাদেশের শান্তি বিনষ্ট হবে বলেও তিনি আশংকা প্রকাশ করেন। —(মুহামদ আমীন যুবেরী, সিয়াসতে মিছিয়া, পৃঃ ১৭৫-৮৪)।

দাঙ্গা—হাশ্বামায় হিন্দু ও মুসলিম সমাজদেহ যখন রক্তাক্ত তথন তিনি তাঁর বিরাট ব্যক্তিত্ব ও প্রভাবকে উভয়ের কল্যাণমূলক সার্থে ব্যবহার করতে পারতেন। কিন্তু তৎপরিবর্তে তিনি রাজনীতি থেকে দ্রে সরে পড়ে আহমদাবাদের নিকটবর্তী সবরমতী আপ্রমে নির্জনবাস শুরু করেন এবং তারতীয় রাজনীতির নিরপেন্দ দর্শক হিসাবে দিন কাটাতে থাকেন। তবে একেবারে চুপচাপ বসে না থেকে খাদি ও স্বহস্তে নির্মিত বস্ত্রের মহত্ব, ছাগ—দুশ্বের উপকারিতা, টিকা—ইনজেক্শনের অপকারিতা, সোয়াবিনের খাদ্যপ্রাণ প্রভৃতি সম্পর্কে প্রবন্ধাদি লিখেন, হিন্দু মুসলিম সম্পর্ক সম্বন্ধে তিনি মুখ বন্ধ করে থাকেন। মুহামদ আমীন যুবেরী ঃ সিয়াসতে মিল্লিয়া, পৃঃ ১৭০।।

ভারতীয় জাতীয় কংগ্রেসের মাধ্যমে ভারতের হিন্দুজাতির প্রকৃত মুখোশ খুলে গেল ১৯৩৭ সালের পর, যখন ১৯৩৫ সালের ইন্ডিয়া এটের অধীন ভারতের প্রদেশগুলিতে প্রাদেশিক স্বায়প্তশাসনের ভিত্তিতে মন্ত্রীত্ব গঠিত হলো, মুসলমান চারটি প্রদেশে এবং হিন্দু সাভটি প্রদেশে মন্ত্রীত্ব গঠনের লায়িত্ব লাভ করে। ভারতীয় কংগ্রেস এতদিন ভারতে ও বহির্জগতে এ লাবীতে সোঞ্চার ছিল যে, কংগ্রেস— ভারতের হিন্দু মুসলমান নির্বিশেষে সকল জাতি ও সম্প্রদায়ের একমাত্র প্রতিনিধিত্বশীল রাজনৈতিক প্রতিষ্ঠান। ভারতের ভবিত্তাং শাসনক্ষমতা একমাত্র প্রতিনিধিত্বশীল প্রতিষ্ঠান মুসলিম লীগ এ আশংকা প্রকাশ করে আসছে যে, কংগ্রেসের হাতে শাসন ক্ষমতা হস্তান্তরিত হলে ভারতীয় মুসলমানদের সকল স্বার্থ দলিত—মবিত হবে এবং মুসলিম জাতিকে তাদের ধর্ম, ঐতিহ্য ও ভাহজিব ভামান্দুন বিসর্জন দিয়ে হিন্দুর গোলামে পরিণত হতে হবে।

১৯৩৭ সালের পর কংগ্রেসের দাবী মিথাা প্রমাণিত হয় এবং মুসলমানদের আশংকা সত্যে পরিণত হয়। কংগ্রেস মাদ্রান্ধ, যুক্তপ্রদেশ, মধ্যপ্রদেশ, বিহার, উড়িষ্যা, বোষাই ও উত্তর-পশ্চিম-সীমান্ত প্রদেশে তালের সংখ্যাগরিষ্ঠ মন্ত্রীসভা গঠন করে।

নির্বাচনের পূর্বে এরপ আশা করা গিয়েছিল যে, মুসলিম সংখ্যালঘিষ্ঠ প্রদেশগুলিতে, বিশেষ করে ইউ পি এবং বোধাই-এ মুসলিম দীপ সদস্যদেরকে নিয়ে কংগ্রেস কোয়ালিশন মন্ত্রীসতা গঠিত হবে। গতর্ণরদেরকে নির্দেশ দেয়া হয় যে, মন্ত্রীসভা যেহেত একটি সমষ্টিগত দায়িত, সেজন্যে শক্তিশালী সংখ্যালঘ দল থেকে যতজন সম্ভব গোক মন্ত্ৰীসভায় শামিল করা উচিত। ইউ পিতে মুসলমান ছিল মোট লোকসংখ্যার ছয় ভাগের একভাগ। সেখানে ভানের ভূলনায় তাদের প্রভাব ও ঐক্য ছিল অনেক বেশী এবং এ কারণে কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে এরপ একটি অদিখিত বুঝাণতা হয়েছিল যে, অন্ততঃ দু'জন মন্ত্রী মুসলিম লীগ থেকে নেয়া হবে। কিন্তু ইউ পি এবং বোদ্বাই-এ মুসদিম লীগের কোন সদস্যতে মন্ত্রীসভায় স্থান দেয়া হয়নি। কংগ্রেস এখানেই মারাত্রক ভূপ করে। কংগ্রেনের পঞ্চ থেকে দ্বার্থহীন ভাষায় ঘোষণা করা হয় যে, একমাত্র কংগ্রেসই সারা ভারতের প্রতিনিধিত করে। মুসলমানদের নিকটে এটা ছিল হিন্দু শাসনের কাছে নতিস্বীকার করা। ফলে 'ইসলাম বিপর' ধ্যানি উথিত হয় এবং 'কংগ্রেসরাজ' ব্রিটিশরাজ থেকে খনেক খারাপ বলে বিবেচিত হয়। পভিত জন্তয়াহেরলাল নেহরু ও মিঃ জিন্নাহর মধ্যে ১৯৩৮ সালের প্রথম দিকে যে পত্র বিনিময় হয় তাতে নেহরুর দাবী হলো ধর্মনিরপেশ্ব যুক্ত ভারতের এবং মিঃ জিল্লাহর দাবী হলো দীগতে কংগ্রেসেরই সমমর্যাদাশীল বলে মেনে নেয়ার। কোন ফর্মুপা বা সমঝোতার তিন্তিতে এর মীমাংসা সম্ভব হলো না —(H.V. Hodson: The Great Divide, p. 63, pp. 66-67)

ভারতে কংগ্রেস শাসন প্রতিষ্ঠিত হলে সকল শ্রেণী ও সম্প্রদায়ের প্রতি
সুবিচার করা হবে, সংখ্যাদঘূদের স্বার্থ সংরক্ষিত হবে, ইত্যাদি ধরনের
কংগ্রেসের বড়ো বড়ো বুলি ১৯৩৭ সালের পর মিথ্যা প্রমাণিত হয়। ১৯৩৭
থেকে ১৯৩৯ সাল পর্যন্ত ভারতের সাতটি প্রদেশে কংগ্রেসের আড়াই বৎসরের
শাসন 'হিন্দু রাময়ান্ধ' বলে কৃথ্যাতি গাত করে এবং মুসলমানদের প্রতি জন্যায়
অবিচার, তাদের ধর্ম–তাছজিব–তামান্দ্ন বিপুদ্ধির প্রচেষ্টা প্রভৃতির দ্বারা কংগ্রেস
সারা ভারতের মুসলমানদের আস্থা একেবারে হারিয়ে ফেলে। ১৯৩৮ সালের
ভিসেম্বরে পাটনায় অনুষ্ঠিত মুসলিম লীগ অধিবেশনে মিঃ মুহাম্মদ আলী জিলাহ
খোষণা করেন যে, সাম্প্রদায়িক শান্তি ও সম্প্রীতির সকল আশা তরসা 'কংগ্রেস
ফ্যাসিবাদের' দ্বারা চুর্ণ বিচুর্ণ হয়ে গেছে। ভারতের সর্বত্র মুসলমানদের পক্ষ

থেকে অত্যাচারী কংগ্রেস শাসনের অবসান দাবী করে বিক্ষোন্ত প্রদর্শিত হতে থাকে।

কংগ্রেস শাসিত প্রদেশগুলিতে মুসলমানদের প্রতি কৃত অন্যায় অবিচারের তনন্তের জন্যে মুসলিম লীগের পক্ষ থেকে একটি কমিটি গঠিত হয়। এ কমিটি যে রিপোর্ট পেশ করেন তা, 'পীরপুর রিপোর্ট' নামে খ্যাত। 'বিহারের মুসলমানদের অভাব–অভিযোগ'–শীর্ষক একটি রিপোর্ট পেশ করেন বিহার প্রাদেশিক মুসলিম লীগ কর্তৃক গঠিত কমিটি। একে 'শরীফ রিপোর্ট' বলে অভিহিত করা হয়। 'পীরপুর রিপোর্টের' পর ১৯৩৯ সালের মার্চ মানে 'শরীফ রিপোর্ট' পেশ করা হয়। অতঃপর ভিসেছর মানে বাংলার প্রধানমন্ত্রী মিঃ এ কে ফুজুল হক 'কংগ্রেস শাসনে মুসলমানদের দুংখ দুর্দশা' নমে একটি রিপোর্ট পেশ করেন। হিন্দু পত্র–পত্রিকা রিপোর্টগুলিতে বর্ণিত অভিযোগগুলি অস্থীকার করে এবং বিহার সরকার 'পীরপুর রিপোর্ট'ও প্রত্যাখ্যান করেন।

H.V. Hodson: তার The Great Divide প্রন্থে বলেন ঃ

"ভারতের ইতিহাসের এ এক সুবিদিত ঘটনা যে, যখন থেকে এ দেশে হিন্দু-মুসলমান পাশাপাশি বাস করা শুরু করেছে, তখন থেকেই কিছুটা ধর্মীয় উত্তেজনা বিরাজ করে আসছে। যেমন ধরুন গো-পূজা, নামাজের আজানে বাধা প্রদান, মসজিদ অপবিত্রকরণ, নারী ধর্ষণ, নারী হরণ প্রভৃতি ব্যক্তিগত আক্রমণ। অপরদিকে, রাজনৈতিক ও শাসন সংক্রান্ত নতুন নতুন অভিযোগ বিরাজ্ব করছে, বিশেষ করে যেসব বর্ণিত হয়েছে যুক্তিপূর্ণ 'পীরপুর রিপোর্টে'। হিন্দীর সপক্ষে উর্বুকে কোণঠাসা করে রাখা হচ্ছে; পুলিশ ও ম্যান্ধিস্টেট পঞ্চপাতিত্ব করছেন; সরকারী চাকুরীতে মুসলমানদেরকে তাদের ন্যায্য অংশ থেকে বঞ্চিত করা হচ্ছে, কংগ্রেস মন্ত্রীসভা থেকে ভারা কোন প্রকার ন্যায়পরভা আশা করে নাঃ কংগ্রেস কমিটি কর্তৃক অনুরূপ পাল্টা সরকার চলতে দেয়া হচ্ছে; কংগ্রেস শাসন অর্থাৎ হিন্দু শাসন; যেমন সর্বত্র কংগ্রেস পতাকা উভানো হচ্ছে, ইসলাম বিরোধী 'বন্দেমাতরম' সংগীত জাতীয় সংগীত হিসাবে গীত হচ্ছে এবং 'ওয়ার্ধা স্বীম' অনুযায়ী গ্রাম্য শিক্ষাপদ্ধতি প্রবর্তন করা হচ্ছে। এ হচ্ছে মিঃ গান্ধীর কল্পনাপ্রসূত আদর্শ যার ভিত্তি হচ্ছে অহিংসা, সূতা প্রস্তুতকরণ ও বয়ন শিল্প এবং ধর্ম থেকে নিবৃত্তি। এর বিরুদ্ধে মুসলমানদের বিদ্রোহ করতে হয়। কারণ তানের প্রাথমিক শিক্ষা ছিল সকল সময়ে কোরআন তিন্তিক।" —(H.V. মিঃ হড্সন আরও বলেন ঃ

"কংগ্রেস শাসিত প্রদেশগুলির ব্রিটিশ গতর্ণরগণ সাধারণতঃ এ ধরনের মত পোষণ করতেন যে, তাঁদের মন্ত্রীগণ যদিও বা অনেক ক্ষেত্রে সাম্প্রদায়িকতার দিক দিয়ে দল নিরপেন্দ থাকবার চেষ্টা করেন, কিন্তু কেলা শহর ও প্রামাঞ্চলে কংগ্রেসীদের ক্ষমতা প্রবণতা তাদেরকে ঔচ্চতা ও উপ্তেজনাকর আচরণে লিপ্ত করে। . . . মোট কথা, তবিষ্যতে সংখ্যাগরিষ্ঠ কেন্দ্র দ্বারা তা পরিচালিত হবে। আর এর পাচাতে এমন একটি সংগঠন থাকবে যে কখনো বিরোধিতা বরদাশৃত্ করবে না এবং কাউকে তাদের ক্ষমতার অংশীদার করতেও স্বীকৃত হবে না। এতে কোনই সন্দেহ নেই যে, ১৯৩৭ থেকে ও ১৯৩৯ সাল পর্যন্ত আড়াই বছরের প্রাদেশিক স্বায়ন্ত্রশাসন ছিজাতিত্ব—মতবাদ প্রচার ও পাকিস্তান আলোলনের কারণ।" —(H.V. Hodson: The Great Divide, pp. 74—তারতের হিন্দু—মুসলিম সংঘর্ষ ও বিরোধ সমাধানকরে কবি ইকবাল ১৯৩৭ সালের ২১শে ভুন আভিনা ভাগ করার পরামর্শ দেন। ৭ই জুলাই কবি রবীন্দ্রনাথ ঠাকুর মুসলিম ছাত্র সমাজকে লক্ষ্য করে বলেন ঃ

ধ্বই সর্বনাশটাকে ধর্মের দামেতে করো দামী
দ্বশরের করো অপমান
আভিনা করিয়া ভাগ দুই পাশে তুমি আর আমি
পূজা করি কোন্ শরতানে?

ভারপর দশ বছর অতীত হয়েছে অধিকতর বিরোধ ও সংঘর্ষের তেতর দিয়ে। আড়াই বছরের কুখ্যাত কংগ্রেস শাসনের ইংগিত উপরে করা হয়েছে। ১৯৩৯ সালের ১৭ই অক্টোবর, দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন, কংগ্রেস ও মুসলিম লীগের প্রতি যুদ্ধে বিটিশ সরকারকে সাহাযা সহযোগিতার আহবান জানিয়ে ভারতের বড়োলাট লর্ড দিনলিথ্গা এক বিবৃতি প্রদান করেন। মুসলমানদের বিন্দোতের প্রতি সহানুত্তি প্রদর্শন করে নয়, বড়োলাটের বিবৃতির সাথে একমত হতে না পেরে কংগ্রেস হাই কম্যাভ প্রাদেশিক মন্ত্রীসভাগুলিকে এন্ডেফাদানের নির্দেশ দেয়। তাঁরা নীরবে এ নির্দেশ গালন করেন এবং সাভটি প্রদেশ থেকে কংগ্রেস কুশাসনের অবসান ঘটে। এর জন্যে মুসলিম লীগের নেতৃত্বে মুসলমানগণ সারাদেশে নাজাত দিবস' পালন করেন।

মুসপিম পীগের উদ্যোগে সারাদেশে 'নাজাত দিবস' পালন নায়সংগত হোক বা না হোক, কিন্তু একটি জিনিস দিবাপোকের মতো সুস্পষ্ট হয়ে গেল যে, এ দেশে শাসনক্ষেত্র হিন্দু—মুসপমান ঐক্য ও মিলন আর কিছুতেই সম্ভব নয়। অতএব আরামা ইকবাপের পরামর্শ অনুযায়ী আভিনা ভাগ করা ব্যতীত স্থায়ী সমাধানের আর জন্য কোন পথ রইলো না। কিন্তু আভিনা ভাগ ত সহজে হবার কম্ব নয়। কারণ একপক্ষ আভিনা ভাগ করতে মোটেই রাজী নয়। তাই এই নিয়ে উভয়ের মধ্যে অধিকতর সংঘর্ষ অবশ্যজাবী। অবশেষে আভিনা ভাগ হলো দৃশটি রভাক্ত বছরের পর। অর্থাৎ ভারতের আভিনা ভাগ করে ১৯৪৭ সালের ১৪ই আগস্ট মুসলমানদের জন্যে পাকিস্তান রাষ্ট্রের জন্ম হলো। কিন্তু ভারতের আভিনায় যেসব মুসলমান রয়ে গেল, আভিনা ভাগ করতে চাওয়ার অপরাধে তাদেরকে চড়া মান্ডল দিতে হয়েছে বহু বছর ধরে।

#### সপ্তম অধ্যায়

# মুসলমানদের ঐতিহ্যবাহী শিক্ষাদীকা

মুসগমানগণ চিরদিনই বিদ্যাশিক্ষা ও জ্ঞানার্জনের প্রতি জ্ঞাম গুরুত্ব দিয়ে এসেছে। কারণ এ ছিল তাদের নবীর নির্দেশ। যতোই ব্যয়বহল ও কইসাধ্য হোক না কেন, এবং প্রয়োজন হলে দেশ থেকে দেশান্তরে গিয়েও বিদ্যাশিক্ষা ও জ্ঞানার্জন করতে হবে—এ ছিল ইসলামের নবী মুহাক্ষন মুন্তাফার (সা) সুস্পষ্ট নির্দেশ। মুসলিম জাতি জতীতে এ নির্দেশ অক্ষরে অক্ষরে পালন করেছে। তারাই এক সময় জ্ঞানের মশাল প্রজ্ঞালিত করে তমসাক্ষর ইউরোপকে শিক্ষাদীক্ষা ও জ্ঞানের আলোকে উদ্ভাসিত করেছে। এ এক ঐতিহাসিক সত্য। জ্ঞানী ব্যক্তিকে মুসলিম জগতের সর্বত্রই বিশেব সন্ধান ও গ্রদ্ধার চোখে দেখা হয়। একজন মুসলিম পিতা ভার সন্তানকে শিক্ষাদীক্ষা দানের সাধ্যমতো চেটা করে থাকে এবং এটাকে সে মনে করে তার ধর্মীয় কর্তব্য ও অনুশাসন।

ভারতীয় মুসন্মানদের পতীত ইতিহাস থালোচনা করলে জানা যায় যে, যথন কোন সভানের বয়স চার বংসর চার মাস ও চার দিন পূর্ণ হতো, তখন তার বিদ্যাশিক্ষার সূচনা করা হতো। একটি বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে পবিত্র কোরআনের কিছু অংশ শিশুকে পাঠ করে গুনানো হতো এবং শিশু তা পুনরাবৃত্তি করতো। এ ছিল প্রতিটি মুসলিম পরিবারের অপরিহার্য প্রথা। (A.R. Mallick Br. Policy & the Muslims in Bengal, p. 149; M. Fazlur Rahman: The Bengali Muslims & Eng. Education: p. 1; L.F. Smith's Appendix to Chahar Darvesh, p. 253)।

মিঃ বিশ্ এ অনুষ্ঠান ১৮০১ সালে উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে বচক্ষে দেখেছেন যা তিনি তাঁর 'চাহার দরবেশ' গ্রন্থে বর্ণনা করেছেন।

তারতের মুসলিম শাসকগণ বিদ্যাশিক্ষা ও জ্ঞানার্জনকে নানানতাবে উৎসাহিত করেছেন এবং এর জন্যে প্রতৃত অর্থ বরান্দ করেছেন। রাজ দরবারে জ্ঞানীগুণী ও পণ্ডিতগণ বিশেষতাবে সমাদৃত হতেন। বিদ্যাশিক্ষার জন্যে রাজ্যের বিভিন্নস্থানে প্রভৃত পরিমাণে সাথেরাজ তৃসম্পদ দান করা হতো। এমন কোন মসজিদ অথবা ইমামবাড়া ছিল না যেখানে থারবী ও ফাসী তাষায় অধ্যাপকগণ অধ্যাপনায় নিয়োজিত ছিলেন না।

যেখানে মুসলমানদের সংখা। ছিল বেশী, সেখানে প্রাথমিক শিক্ষার জন্যে মক্তব খোলা হতো এবং মুসলিম শিশুগণ সেখানে জারবী, ফাসী ও ইসলামী শিক্ষা লাভ করতো। বিশেষ করে বাংলার সুসতানগণ বিদ্যাপিক্ষার প্রতি অধিকতর অনুরাগী ছিলেন এবং শিক্ষা প্রসারের জন্যে তাঁরা সর্বতোভাবে সাহায্য সহযোগিতা করতেন। তাঁদের ছারা অনুপ্রাণিত হয়ে মুসলিম জ্বমিদার, লাখেরাজ্ঞদার, জায়মাদার প্রতৃতি সম্ভান্ত মুসলিম প্রধানগণ তাঁদের নিজ নিজ এলাকায় মক্তব, মাদরাসা কায়েম করতেন এবং এসারের ব্যয়ভার বহনের জন্যে প্রতৃত ধনসম্পদ ও জমিক্সমা দান করতেন।

বাংলার প্রথম সূলভান মুহাম্বদ বঞ্জিয়ার খিলন্ধী ছিলেন অভ্যন্ত বিদ্যোৎসাহী এবং তিনি নিল্লীসম্রাট ভূত্বউদ্ধীন আইবেকের অনুকরণে দেশের বিভিন্ন স্থানে মসন্ধিদ, কলেন্ধ এবং নরগাহ (কোরখান হাদীদের শিক্ষাকেন্দ্র) স্থাপন করেন। (S.M. Jaffar: Education in Muslim India, 1935, p. 66; N. N. Law: Promotion of Learning in India during Muhammadan Rule, pp. 19, 22)।

প্রথম গিয়াসউদ্দীন (১২১২-২৭ খৃঃ) বাংলার মসনদে আরোহণ করার পর গরই বাংলার রাজধানী লাখনৌতি বা লক্ষণাবতীতে একটি অতীব সুন্দর মসঞ্জিল, একটি কলেজ এবং একটি সরাইখানা নির্মাণ করেন। দ্বিতীয় গিয়াসউদ্দীন (১৩৬৭–১৩৭৩) নিজে একজন খ্যাতনামা কবি ছিলেন। তিনি ওমরপুর গ্রামের নিকটবর্তী লরস্বাড়ীতে একটি কলেজ স্থাপন করেন। (M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, p. 4)। হোসেন শাহ, নসরৎ শাহ প্রমুখ সুলতানগণের আমলেও শিক্ষার বিরাট উন্নতি সাধিত হয়েছে।

মূর্শিনকুলী খান অতি বিদ্বান ও সুসাহিত্যিক ছিলেন এবং জ্ঞানী ও গুণীদের সর্বদা সমাদর করতেন। তিনি প্রায় দৃ'হাজার আলেম ও বিদ্বানমন্ডলীর ভরণপোষণ করতেন। তাঁরা সর্বদা পবিত্র কোরআন তেলাওয়াত, ধর্মীয় শিকাদীক্ষা ও ক্রিয়া অনুষ্ঠানাদিতে নিয়োজিত থাকতেন। গোলাম হোসেন তাঁর ইতিহাসে বর্ণনা করেছেন যে, মূর্শিদকুলী খাঁর দ্বারা অনুপাণিত হয়ে বীরভূমের

আসাদুলাই নামক জনৈক জমিদার তাঁর আয়ের অধাংশ জ্ঞানী ব্যক্তিদের তরণপোষণ এবং অন্যান্য কল্যাণমূলক কাজে ব্যয় করতেন। গোলাম হোসেন আরও বলেন, আলীবদাঁ খাঁ ভারতের পশ্চিমাঞ্চল থেকে শিক্ষিত বিদ্যান্যভগীকে মূর্শিদাবাদে বসবাসের উদ্দেশ্যে আমন্ত্রণ জানান এবং তাঁদের প্রত্যেকের জন্যে মোটা ভাতার ব্যবস্থা করেন। তাঁরা সাথে করে নিয়ে আসেন এত বেশী সংখ্যক মূল্যবান গ্রন্থাদি যে, একমাত্র জনৈক মীর মূহাম্মদ আলীর লাইব্রেরীতেই ছিল দু'হাজার বা ততোধিক গ্রন্থাদি। —(M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, p. 5; Ghulam Husain: Seiyere-Mutakherin Vol II, p. 63, 69, 70 & 165)।

মুসলিম শাসন আমপে দেশের অভান্তরে বিদ্যালিকা ও জ্ঞানচর্চার জন্যে যেসব অগণিত শিক্ষা প্রতিষ্ঠান, মক্তব, মানুরাসা, কল্ডে প্রতৃতি ছিল, তার সঠিক বিবরণ পাওয়া বড়োই পুরুর। মুসলিম শাসনের জবসানের পর সেসব শিক্ষা প্রতিষ্ঠান প্রাপ্ত বিররণ পাওয়া বার বুকানন হ্যামিন্টন ও ডব্লিউ জ্যাভাম কর্তৃক প্রণীত শিক্ষা সম্পর্কিত রিপোর্টে যা তারা প্রথমন করেন যথাক্রমে ১৮০৭ থেকে ১৮১৪ সালের মধ্যে এবং ১৮৩৫ থেকে ১৮৩৮ সালের মধ্যে। W. Adam বলেন, রাজশাহী জেলার কসবা বাঘাতে বিয়াল্লিগটি প্রাম দান করা হয় শিক্ষা প্রতিষ্ঠান ও জনসেবামূলক কাজের জন্যে। (Adam, Second Report, p. 37)। কস্বা বাঘার শিক্ষা প্রতিষ্ঠানে যেসব ছাত্র পড়াগুনা করতো তাদের যাবতীয় খরচপত্রাদি, যথা বাসস্থান, আহার, পোষাক-পরিচ্ছদ, বইপুন্তক, খাতা-পেন্সিল, কালি-কলম, প্রসাধন প্রতৃতি শিক্ষা প্রতিষ্ঠানের পক্ষ থেকে বহন করা হতো। —(A.R. Mallik : Br. Policy & the Muslims in Bengal, p. 150)।

কোরজান এবং হাদীস থেকে বিদ্যাশিক্ষার প্রেরণা লাভ করে সমাজের বিশ্বশালী ব্যক্তিগণ দরিদ্র ছাত্রদের পড়াশুনার ব্যবস্থা করতেন। ধনবান সম্রাপ্ত পরিবারের মধ্যে এ প্রথাও বিদ্যামান ছিল যে, তাঁরা উপযুক্ত গৃহশিক্ষকের মাধ্যমে তাঁদের সন্তানাদির বিদ্যাশিক্ষার ব্যবস্থা করতেন। দরিদ্র ছাত্রগণও বিনাপয়সার তাদের নিকটে শিক্ষা লাভ করতে পারতো। পাভ্রমতে এ নিয়ম প্রচলিত ছিল যে, মুসলিম তুস্বামীগণ তাঁদের নিজেদের বরতে প্রতিবেশী দরিদ্র ছাত্রদের বিদ্যাশিক্ষার ছলো শিক্ষক নিযুক্ত করতেন। এমন কোন বিত্তপালী ভ্রামী অথবা গ্রামপ্রধান ছিলেন না, যিনি উক্ত উদ্দেশ্যের জন্যে কোন শিক্ষক নিযুক্ত করেননি। —Adam. First Report, p. 55; M. Fazlur Rahman: The Bengali Muslims and English Education, p. 6)।

কোরজান হাদীস ও ইসলামী শিক্ষাদান পুণ্যকান্ধ বলে বিবেচনা করা হতো এবং প্রায় শিক্ষা প্রতিষ্ঠানগুলির সমুদয় বায়তার এক এক ব্যক্তি বহন করতেন, সরাসরিভাবে অথবা দান, ওয়াকফ্ বা ট্রাস্টের মাধ্যমে। শিক্ষকদের বেতন তাঁরা দিতেন এবং শিক্ষা প্রতিষ্ঠান এবং তার গৃহাদি প্রভৃতির যাবতীয় বরচপত্র তাঁরা বহন করতেন। সেকালে পাঠ্যবই ছিল না বলে অবৈতনিক শিক্ষা দেয়া হতো। শিক্ষকগণ প্রায় স্বাধীনভাবে জীবিকা জর্জন করতেন—মস্জিদের ইমাম হিলাবে জথবা কোন ছোট খাটো সরকারী চাকুরীর মাধ্যমে। তার ফলে বিনা বেতনে তাঁরা ছাত্রদেরকে শিক্ষা দান করতেন। এভাবে মুসলমান দের বহু বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান গড়ে উঠেছিল যেসবের ব্যরভার বহন করতেন—বিশ্বশালী ও দানশীল ব্যক্তিগণ। শিক্ষকমন্তলী ও প্রসব মহানুত্রব দানশীল ব্যক্তিদের এ দৃষ্টিভংগী বিশেষভাবে লক্ষ্য করা যেতো যে, শিক্ষানানের উদ্দেশ্য জীবিকার্জন ছিল না। বরক্ত তাঁদের উদ্দেশ্য ছিল শিক্ষার প্রসারের মাধ্যমে জাতির ধর্মীয় ও নৈতিক মান উন্নয়ন করা। —(M. Faziur Rahman: The Bengali Muslims & English Education pp. 7.8)।

W. Adam-এর রিপোর্টে এ কথাও সুস্পষ্টরূপে জানা যায় যে, সেকালে অতি
স্কৃতে এমনকি, বলতে গেলে বিনে পয়সায় শিক্ষালাত করা যেতো। প্রতিটি
মসজিদ ছিল মুসলিম জনগণের কেন্দ্রীয় আকর্ষগন্থল এবং মসজিদে মসজিদে
যেসব মালাসা ছিল, সেখানে যেকোন ছেলে বিনে পয়সায় লেখাগড়া শিখতে
পারতো। যেহেতু ছাপানো কোন পাঠাপুস্তক ছিল না, সে জন্যে বই পুস্তক কেনার
কোন খরচই ছিল না। কালি-কলম নিজের যারে তৈরী করা যেতো। অবশা
উচশিক্ষার জন্যে কিছু বেতন দিতে হতো। কিন্তু তাও ছিল অতি সামানা।
ইংরেজদের আগমনের পর খুন্টান মিশনারী স্থুলসমূহে ইংরাজী শিক্ষা দেয়া
হতো। সেখানে কেউ বিনা বেতনে পড়াগুনা করতে পারতো না। কেউ খুন্টান ধর্ম
রহণ করলে—তার সন্তানাদির বিনা বেতনে পড়াগুনার সুযোগ দেয়া হতো।
মুসলমানদের এই যে বিনে পয়সায় অথবা অতি অয় খরচে বিন্যাশিক্ষার সুযোগ

ছিল—তার একমাত্র কারণ হলো মুসলমান শাসকগণ এবং বিশুলালী মুসলমানগণ বিদ্যাশিক্ষার উদ্দেশ্যে অকাতরে ধনসম্পদ অমিক্ষমা প্রভৃতি দান করতেন। —(M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, p. 11)1

### ইংরেজদের আগমনের পর

যে কোন জাতির শিক্ষাণীক্ষা ও সাংস্কৃতিক উন্নয়নের পেছনে থাকে আর্থিক আনুকৃশা ও সাহায্য সহযোগিতা। বলা বাহলা, পলাশীর ময়লানে বাংলার মুসলিম শাসন বিলুঙ হওয়ার অল্প সময়ের মধ্যেই 'রাজনৈতিক অর্থনীতি' তেঙে পড়ে, গোটা দেশ দারিদ্র ও দুঃখ দুর্দশা কবলিত হয়ে পড়ে এবং বিশেষ করে মুসলমানদের জাতীয় জীবনে নেমে আনে ধ্বংসের তয়াবহতা। কোম্পানী শাসনের প্রথম দিকেই বাংলার মুসলমানগণ বিপন্ন ও দুর্দশার্যক্ত হয়ে পড়ে। কোন নায়িত্ ব্যতিরেকেই ক্ষমতার অধিষ্ঠিত থাকার (Power without responsibility) জন্যে ইস্ট ইন্ডিয়া কোম্পানী যে 'দেওয়ানীর' সন্দ লাভ করে, তার সীমাহীন অত্যাচার উৎপীড়নের যাঁতাকলে পিষ্ট হয়ে মুসলমানদের প্রতিষ্ঠিত সমাজ ব্যবস্থা তেওে চ্রমার হতে থাকে।

রাজনৈতিক ঋমতা থেকে ঋপসারিত হওয়ার পর তাদের জীবিকার্জনের সকল পথ বন্ধ হতে থাকে যার ফলে সামাজিক কাঠামো ছিন্ন ডিন্ন হয়ে যায় এবং বিভিন্ন শ্রেণীর মধ্যে পারস্পরিক সম্পর্ক সমন্ত্রত ছিন্ন হয়ে যায়। —(M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education p. 14)।

মুসলমানদের হাত থেকে ইংরেজদের হাতে ক্ষমতা হস্তান্তরিত হওয়র ফলে, মুসলমানগণ তাদের রাজনৈতিক ও অর্থনৈতিক জীবনে যতোটা ক্ষতিপ্রস্ত হয়েছে, ততোটা ক্ষতিপ্রস্ত হয়েছে তাদের শিক্ষালীক্ষা। উপরে বর্ণিত হয়েছে, তাদের শিক্ষা ব্যবস্থা সম্পূর্ণ নির্ভর করতো সরকারী সাহায্য এবং মুসলিম প্রধানগণের দান, ওয়াকফ্ সম্পান্তি, টাস্ট প্রভৃতির উপর। শিক্ষার প্রচার ও প্রসারকে মুসলমানগণ মনে করতো অত্যন্ত পুণাময় ধর্মীয় কাজ এবং এর জন্যে তারা অকাতরে দান করতো প্রভৃত অর্থ সম্পান ও জমিজমা। বহস্থানে ধর্মীয় টাস্ট বা সংস্থার মাধ্যমে বিনা বেতনে ও বিনা খরচায়—ধনী দরিন্ত নির্বিশেষে সকলের

পতান বিদ্যাশিক্ষা করতে পারতো। রাজনৈতিক ক্ষমতা থেকে অপসারিত হওয়ার পর মুসলমানদের এহেন শিক্ষা ব্যবস্থা ধ্বংসপ্রাপ্ত হয়। মুসলমানদেপ সরকারের ছোটো বড়ো সকল চাকুরী থেকে অপসারিত হয়, মুসলমান সামরিক প্রধানগণ অন্যদেশে চলে যান অথবা জীবিকা অবেষণের জন্যে দেশের প্রত্যন্ত এলাকায় গ্রমন করেন—যেখানে আধুনিক অর্থাৎ ইংরাজী শিক্ষা পৌছুতে পারেনি। মুসলমানদের উচ্চপদস্থ চাকুরীগুলি একটি একটি করে ইংরেজ ও হিন্দুদের মধ্যে বিতরণ করা হয়—য়ার ফলে মুসলিম মধ্যবিত্ত প্রেণী বিলুত হয় এবং নতুন হিন্দু মধ্যবিত্ত প্রেণীর উত্তব হয়। অতএব এটা অত্যন্ত স্বাভাবিক য়ে, একটি মুসলিম সরকার, উচ্চপদস্থ সরকারী মুসলিম কর্মচারী ও মুসলিম মধ্যবিত্ত প্রেণীর জভাবে মুসলমানদের শিক্ষা ব্যবস্থা একেবারে বিন্ট হবারই কথা এবং তা হয়েছিল।

মুসলমানদের শিঞ্চালীক্ষা ত দূরের কথা, সত্য কথা বলতে কি, ইংরেজ শাসনের পর এক শতাব্দী যাবত, মুসলমান জাতির অন্তিত্বই ছিল প্রকৃতপক্ষে বিপন্ন। যেখানে তাদের শুধু বেঁচে থাকার প্রশ্ন, সেখানে তারা তাদের সন্তান-সন্ততির শিক্ষালীক্ষার চিন্তা করবে কি করে।

পূর্ববর্তী অধ্যায়ে প্রমাণিত হয়েছে যে, ইস্ট ইন্ডিয়া কোম্পানী বাংলার হিন্দু ধনিক-বাণিক, থেনিয়া শ্রেণী, ব্যাংকার প্রভৃতির সাথে এক গভীর বভ্যন্তের মাধ্যমে মুসলিম শাসনের অবসান ঘটায়। বলা বাহুলা, এতে উভয়ের স্বার্থ সমানতাবে জড়িত ছিল। একদিকে রাজনৈতিক ক্ষমতা অভিলাষী কোম্পানীর ক্ষমতা লাভ, অপরদিকে মুসলিম শাসনের অবসান কামনাকারী হিন্দুদের কোম্পানীর নিকট থেকে বৈষয়িক, বাণিজ্যিক ও অথনৈতিক সুযোগ সুবিধা লাভ। কোম্পানী ক্ষমতাসীন হওয়ার পর হিন্দুগণ তাদের নিকট—সম্পর্কে আসে। আন্যো অধীনে চাকুরী—বাকুরী এবং ব্যবসা—বাণিজ্য করার জন্যে তারা প্রয়েজন বােগ ক'রে ইংরাজী ভাষা শিক্ষা করে।

কোলকাতা একটি বাণিজ্য কেন্দ্র হিসাবে গড়ে উঠেছিল এবং সেখানকার অধিবাসী কণতে গেলে প্রায় ছিল হিন্দু। হিন্দু বণিক, ব্যাংকার, বেনিয়া ও মাধানিজ শ্রেণী এই কোলকাতা নগরীকে কেন্দ্র করেই তাদের ভবিষ্যৎ গড়ে বেণাক চেয়েছিল। কোম্পানীর অধীনে চাকুরী বাকুরী ও ব্যবসা বাণিজ্য করার জনে। জারা মনে করেছিল 'English is money'—ইংরাজী ভাষার স্বপর নাম

বর্থ এবং এজনো তারা যতোটুকুই ইণ্ডাজী ভাষা রপ্ত করতে পারুক না কেন, তার জন্যে প্রবল ব্যপ্তহাথিত হয়ে পড়ে। অষ্টাদশ শতাব্দীর শেষার্থে ব্যাঙের ছাতার মতো যেখানে সেধানে, কোলকাতা ও তার আশে পাশে ইণ্ডাজী স্থূল গড়ে উঠে এবং হিন্দুরা এসব স্কুল থেকে কাজ চালাবার মতো ইণ্ডাজী ভাষা শিক্ষা করে।

অপরনিকে মুসলমানদের অবস্থা কি ছিল তারও কিঞ্চিৎ আলোচনা করা যাক।

W. W. Hunter তাঁর গ্রন্থে বলেন, "শত শত প্রাচীন মুসলিম পরিবারধ্বংসপ্রাপ্ত

হয়ে গেছে। ফলে লাখেরাজ ভূসম্পত্তির দ্বারা মুসলমানদের যে শিক্ষা ব্যবস্থা
পরিচালিত হচ্ছিল তাও চিরতরে বন্ধ হয়ে গেছে।" —(W. W. Hunter: The Indian Mussalmans, Bangladesh Edition 1975, p. 167)।

সাধারণ মুসলমান ত দূরের কথা, ইংরেজদের আগমনের পর তারা মুসলিম সমাজের প্রতি যে বর্বর ও উৎপীড়নমূলক আচরণ করেছে, যার ফলে নবাবের বংশধরদের কোন্ মর্মজুদ পরিণতি হয়েছিল তার একটি করুণ চিত্র এঁকেছেন খোদ হান্টার সাহেব তার গ্রন্থে—

"প্রতিটি জেলায় সাবেক নবাবদের কোন না কোন বংশধর ছাদবিহীন তথ্য প্রাসাদে অথবা শেওলা– শৈবালে পূর্ণ জরাজীর্ণ পুকুর পাড়ে অন্তর্জ্বালায় ধূঁকে ধূঁকে মরছে। এক্রপ পরিবারের জনেকের সাথেই জামার ব্যক্তিগত পরিচয়ের সুযোগ হয়েছে। এদের ধ্বংসপ্রাপ্ত দালান কোঠায় তাদের বয়ক্ব ছেলেমেয়ে, নাতি—নাত্নী, তাইপো–তাইবি গিছ্ গিছ্ করছে এবং এসব ক্যার্ত বংশধরদের কারো কোন সুযোগ নেই জীবনে কিছু করায়। তারা জীর্ণ বারালায় অথবা ফুটো ছাদমুক্ত বৈঠকখানায় বসে বসে মৃত্যুর প্রহর গুণছে আর নিমজ্জিত হচ্ছে খণের গতীর গয়্বরে। অবশেষে প্রতিবেশী হিন্দু মহাজন তাদের সাথে ঝগড়া বাধিয়ে এমন অবশ্বার সৃষ্টি করছে যে, হঠাৎ তাদেরকে তাদের যথাসর্বন্ধ খণের দায়ে বন্ধক দিতে হচ্ছে। এতাবে ঋণ তাদেরকে প্রাস করে ফেলছে এবং প্রাচীন মুসলিম পরিবারগুলির অপ্তিত্ব দুনিয়ার বুক থেকে মুছে যাচ্ছে।" —(W. W. Hunter: The Indian Mussalmans, Dhaka Edition, 1975, p. 138)।

ইংরেজদের আগমনের পর তৎকালীন তারতের গোটা মুসলিম জাতিই ক্ষতিগ্রন্ত হয়েছে। তবে সর্বাধিক ক্ষতিগ্রন্ত হয়েছে বাংলার মুসলমানগণ।

হান্টার বলেন-

"এ রাদেশের ঘটনাবলীর সাথেই আমি বিশেষতাবে পরিচিত। তার ফলে আমি
দলদুর জানি, তাতে করে ইংরেজ আমশে সর্বাধিক ক্ষতিগ্রস্ত হয়েছে এবানকার
দুসলমান অধিবাসীগণ।"—(W. W. Hunter : The Indian Mussalmans,
দাহ 1-10)-141)।

সে সময়ে বাংলা বলতে বাংলা, বিহার এবং উড়িষ্যাকে বুবাতো। তৎকালে উড়িষ্যার মুসলমানদের পক্ষ থেকে বিভাগীয় কমিশনার মিঃ ই, ডব্লিট সলোনী, মি এস্ এর নিবটে প্রেরিভ একটি স্বাবেদনপত্রে তাদের করুণ অবস্থার চিত্র ফুটে উঠেছে। অবেদনপত্রে বলা হয়েছে :—

"মহামান্য দয়াবতী মহারাণীর অনুগত প্রজা হিসাবে দেশের প্রশাসন ব্যবস্থার সকল চাকুরীতে জামানের সমান অধিকার আহে বলে জামরা বিশ্বাস করি। কিন্তু প্রতি কথা বলতে কি, উড়িব্যার মুসলমানদেরকে ক্রমশঃ দাবিয়ে রাখা হচ্ছে এবং মাথা তুলে দাঁড়াবার কোন আশাই তাদের নেই। সম্রান্ত বংশে জন্মগ্রহণ করণেও জীবিকার্জনের পথ রুদ্ধ বলে আমরা দরিদ্র হয়ে পড়েছি এবং রাষ্ট্রীয় পৃষ্ঠপোবকতার অভাবে আমাদের অবস্থা হয়েছে পানি থেকে ভাঙায় উঠানো মাছের ন্যায়। মুসলমানদের এই করুণ নুর্দশা আপনার সামনে তুলে ধরছি এই বিশ্বাসে হে, আপনি উড়িব্যা বিভাগে মহারাণীর প্রতিনিধি এবং আশা করি আপনি বর্ণ ও জাতিধর্ম নির্বিশেষে সকল শ্রেণীর প্রতি সুবিচার করবেন। সরকারী চাকুরী থেকে বঞ্চিত্ত হয়ে আমরা কপর্লকহীন হয়ে পড়েছি। আমাদের অবস্থা এমন শোচনীয় হয়ে পড়েছে যে, আমরা দুনিয়ার যেকোন প্রভান্ত এলাকায় যেতে রাজী আছি—তা হিমালয়ের বরফাজাপিত চ্ড়াই হোক অথবা সাইবেরিয়ার জনবিরল প্রান্তরই হোক—যদি আমরা এ আশ্বাস পাই যে, এতাবে দেশ থেকে দেশান্তরে ভ্রমণের ফলে প্রতি হপ্তায় মাত্র দেশ শিলিং বেতনে কোন সরকারী চাকুরী আমাদের মিলবে।" —(W.W. Hunter: The Indian Mussalmans, pp. 158-159)।

যুসলিম সম্ভ্রান্ত পরিবারের যাঁরা বিভিন্ন সরকারী পদে অধিষ্ঠিত ছিলেন, ইংরেজদের আগমনের পর চাকুরী থেকে বঞ্জিত হয়ে শুধুমাত্র এসব পরিবারই নারিদ্র কবলিত হয়ে নিশ্চিফ হয়ে গিয়েছিল ভাই নয়, বরঞ্জ, বাংলার সাধারণ মুসলিম পরিবারগুলির অবস্থাও তদনুরূপ হয়েছিল। বাংলার কৃষক ও তাঁতী সমাজও চরম দুর্দশার সম্মুখীন হয়েছিল।

কোম্পানী শাসনের প্রথম দিকে মুসলমানদের দৃঃখ দুর্দশার জন্ত ছিল না। 'নায়িত্ব ব্যতিরেকে ক্ষমতায় অধিষ্ঠিত' (Power without responsibility) দেওয়ানীর জত্যাচার উৎপীড়নে প্রতিষ্ঠিত সমাজ ব্যবস্থা তেঙে চুরমার হয়। দেওয়ানী লাতের পূর্বে জমির খাজনা অভটা কঠোরতার সাথে আদায় করা হতো না—খতোটা এখন হচ্ছে। তারপর, পূর্বে রাষ্ট্রীয় আয় খেতাবেই হোক এদেশের মধ্যেই ব্যয় করা হতো যার ফলে এদেশের অধিবাসী কোন না কান প্রকারে উপকৃত হতো। তারতীয় কবির ভাষায়, রাজা কর্তৃক আদায়কৃত কর ভূমির আর্দ্রতার ন্যায়। সে আর্দ্রতা রৌদ্রতাপে শুরু হয়ে পুনরায় উবরতা দানকারী বৃষ্টিধারা হয়ে ভূমিতে প্রভাবির্তন করে। কিন্তু বর্তমানে ভারতভূমি থেকে যে অর্দ্রিতা উত্তোলিত হচ্ছে তা তদুপ বৃষ্টিধারার জাকারে জবতরণ করছে অন্য দেশে, ভারতত্মিতে নয়। (R.C. Dutt : Economic Hist, of India, p. 11, 12)। ইংরেজ আগমনের পর মোট আয়ের একতৃতীয়াংশ পাঠানো হচ্ছিল ইংলভে। রাজ কোষাগার আর 'বায়তুলমাল' রইলো না যার থেকে জনগণ বিপদকালে সাহায্য পেতে পারতো। রাজস্বও দিগুণ বর্ষিত করা হয়েছিল। বাংলার তথাকথিত শেষ নবাব তাঁর শেষ বৎসরে (১৭৬৪) ৮,১৭,৫৫৩ পাউন্ড রাজন্থ আদায় করেন। পরবর্তীকালে, মাত্র ত্রিশ বৎসর পর, ইংরেজরা আদায় করে ২৬,৮০,০০০ भावेड। (R.C. Dutt. Economic History of India, p. 9; M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, p. 1411 পলাশী যুদ্ধের পরবর্তী কয়েক বৎসরে এবং পরে কৃষক সমাজ যে চরম ধ্বংসের সপুৰীন হয়েছিল তা কারো অঞ্জানা নেই। একদিকে ক্রমাগত দেশের ধনদৌলত ক্রমবর্ধমান আকারে দেশের বাইরে চলে যাচ্ছিল, প্রপরদিকে চিরস্থায়ী বন্দোবন্তের ফলে কৃষকদের প্রতি নতুন জমিদারদের অমানুষিক অভ্যাচার চলছিল। ফলে ভারা ভাগ্যোন্নয়ন কিছুতেই করতে পারেনি এবং অদ্যাবধি ভারা ক্রীতদানের ন্যায় জমিদারদেরই স্বার্থে কৃষিকাজ করে চলেছে। —(M. Fazlur Rahman: The Bengali Muslims & Eng. Education, p. 20; R.C. Dutt. p. 27)1

পাশাপাশি হিন্দু সমাজের তাগ্য কতথানি সূত্রসর হয়েছিল, তারও কিঞ্চিৎ আলোচনা করা যাক। ব্যবসা বাণিজ্যের ন্যায় ভূমি ব্যবস্থার ক্ষেত্রেও তারা ছিল অত্যন্ত ভাগ্যবান। কর্ণপ্রয়ালিসের চিরস্থায়ী বন্দোবন্তের ফলে মুসলমানদের প্রায় সব ক্ষমিদারী হিন্দুদের দবলে চলে যায়। কিন্দু কোন হিন্দুর কোন জমিদারী যাতখাড়া হয়নি। জবশ্যি প্রাচীন হিন্দু জমিদারী কোন কোন ক্ষেত্রে অসুবিধার সদ্বীন হয়েছে বটে, কিন্তু সেসবের ব্যবস্থাপনা নত্ন প্রিয়পাত্র হিন্দুদের এবং ভ্রিংফাড়দের উপর অপণ করা হয়। প্রাচীন জভিজাত সম্প্রানায়ের স্থলে এক নত্ন ধনাচা প্রেণী গজিয়ে উঠে। হিন্দু সমাজের উন্নয়ন ও সম্প্রসারণের এ ছিল একটি গুরুত্বপূর্ণ দিক। পক্ষান্তরে মুসলমানদের কোনায় তা ছিল শ্ন্যের কোঠায়। —(M. Faziur Rahman: The Bengali Muslims & English Education, p. 35)।

চাকুরী বাকুরী, জমিদারী, জায়গীরদারী, কৃটীর শিল্প প্রভৃতি থেকে মুসলমানদেরকে উৎথাত করে ক্রমবর্ধমান হিন্দু মধ্যবিত্ত প্রেণী পত্তন করা হলো। উনবিংশ শতাব্দীর প্রথমদিকের বাংগার ইতিহাসই হলো এই নতুন মধ্যবিত্ত শ্রেণীর ইতিহাস। আর এ শ্রেণীর উদ্ভব হয়েছিল ব্যবসায়ী হিন্দু শ্রেণী থেকে। অতএব তারা যে সরকারের পুরাপুরি দৃষ্টি আকর্ষণ করবে তাতে আভর্যের কিছু নেই। —(M. Fazlur Rahman : The Bengali Muslims & English Education, p. 118)।

এ মধ্যবিত্ত শ্রেণীর জন্মপাত সহজ করে দিয়েছিল হিন্দু জাতির বর্ণপ্রধা। কারণ এ বর্ণপ্রথাই তাদের একটি বিশেষ শ্রেণীকে ব্যবসাবাণিজ্যের দারা জীবিকার্জনের জন্যে পৃথক করে দিয়েছিল। এই শ্রেণীর লোকেরা এই নতুন মধ্যবিত্ত শ্রেণীর মধ্যে শামিল হয়ে যাচ্ছিল এবং এরা ছিল নতুন শিক্ষা অর্থাৎ ইংরেজী শিক্ষার প্রতি অগ্রহাত্বিত। তারা কোম্পানীর সাথে ঘনিষ্ঠতাবে সংশ্রিষ্ট ছিল বলে এবং ব্যবসার দালাল ও সরকারের নিম্রণদস্থ চাকুরীতে নিয়োজিত ছিল বলে, নতুন শাসকদের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করতে পেরেছিল। দেশের প্রশাসন সম্পর্কে প্রাথমিক কর্মচারী ও মিশনারীগণ যেসব ক্ষদ্র ক্ষুদ্র পৃত্তিকা লিখেছিলেন তা পাঠ করলে জানা যায় যে, সরকার বার বার এই হিন্দ ত্রলোকদের (মধ্যবিত্ত শ্রেণী) উল্লেখ করতো এবং তাদের মনোরঞ্জন ও অবস্থার উন্নতির জন্যে অত্যন্ত উদ্বিগ্ন ছিল। এ ব্যাপারে সরকার অন্য কতগুলি কারণেও প্রভাবাত্বিত হয়েছিল। প্রথম কারণ এই যে, তারা মুসলিম শাসনকে মনে করতো নেদেশিক আধিপত্যবাদ যার অধীনে এদেশের লোক অর্থাৎ হিন্দুগণ উৎপীতিত হয়েছে। দিতীয়তঃ যে সময়ে জবস্থার উন্নতিকলে কিছু ব্যবস্থা গ্রহণ করা যুদ্ধিন, তখন দুর্দশাগ্রন্থ মুসলমানগণ শহর ছেড়ে জীবন ধারণের জন্যে প্রতান্ত এণাকায় গমন করেছিল। ফলে তারা সরকারের দৃষ্টি আকর্ষণ করতে পারেনি।

বাংলার মুসলমানদের ইতিহাস ১৪৯

তৃতীয়তঃ মুসলমানদের ঝাপারে সরকার এক চরম জবাধ নীতি (Laissez faire policy) গ্রহণ করেছিল, কারণ ধাদের কাছ থেকে তারা ক্ষমতা ছিনিয়ে নের, তাদের প্রতি একটা স্বাভাবিক অবিশ্বাস-অনাস্থা তাদের ছিল। শব্দান্তরে বাংপার হিন্দুগণ এবং ইংরেজদের দহলকৃত অন্যান্য অঞ্চলের হিন্দুগণ সরকারের দৃষ্টি এমনভাবে আকর্ষণ করেছিল খাতে করে তারা তাদের মনোরঞ্জনের দিকেই মনোযোগ দেয়। উপরস্তু খৃষ্টান মিশনারীগণ খৃষ্টীয় মতবাদ ও প্রচার-প্রচারণার প্রতি মুসলমানদের চেয়ে হিন্দুদেরকে অধিক সংবেদনশীল পেয়েছিল এবং ফলে তারা হিন্দুদের প্রতি ইংরেজ শাসকদের অতিমাঞায় দৃষ্টি আকর্ষণের কাজ করেছিল। অতএব, হিন্দুরা তাদের ব্যবসা বাণিজ্যের খাতিরে নিদেনপক্ষে তাসাতাসা ইংরেজী ভাষায় জ্ঞান পাতের জন্যে উদগ্রীব হয়ে পড়ে। এদিক দিয়ে মুসলমানদের কোন সুযোগই ছিল না। সবচেয়ে বড়ো কথা হলো এই বে, মুদলমানদের মধ্যে কোন মধ্যবিত্ত শ্রেণী বিদামান ছিল না যারা তাদের দাবী উত্থাপন করে পরিবর্তিত পরিস্থিতিতে কোন সুযোগ সুবিধা লাভ করতে পারতো। পরবর্তীকালে সরকার কর্তৃক গঠিত General Committee of Public Instruction সভ্য সভাই মন্তব্য করেছে যে, যে মধ্যবিত্ত প্রেণী ছিল তাদের 'জাতীয় ধনাচা, শক্তিশালী এবং প্রকৃত অভিভাবক'—তা তাদের মধ্যে বিদ্যমান ছিল না বলে শিক্ষালীকা ও জন্যান্য সুযোগ–সুবিধা তারা এহণ করতে পারেনি। —(M. Fazlur Rahman : The Bangali Muslims & English Education, pp. 25-27): C.E. Trevelyan: On the Education of the people of India, pp. 4-8)1

খৃস্টান মিশনারী ও ইংরেজী শিক্ষার সূচনা

মুসলিম শাসন আমলে তাদের নিজস্ব শিক্ষা পদ্ধতি অনুযায়ী সর্বত্র যে অসংখ্য শিক্ষা প্রতিষ্ঠান বিদ্যামান ছিল, তা কিতাবে ধ্বংসপ্রাপ্ত হলো তা পূর্ববর্তী অধ্যায়ে আলোচনা করা হয়েছে। ইংরেজ শাসন আমলে প্রশাসনিক ক্ষেত্রে ধীরে ধীরে ইংরাজী ভাষার প্রচলন করা হয়। এটা ছিল অত্যন্ত স্বাভাবিক। পরিবর্তিত পরিস্থিতি তালো করেই উপলব্ধি করেছিল হিন্দু প্রেণী এবং সেজন্যে তারা ইংরাজী ভাষা শিক্ষার জন্যে দ্রুত অগ্রসর হয়। মুসলমানরা মোটেই তা ফে উপদক্ষি করেনি, তা নয়। কিন্তু নতুন শিক্ষা তথা ইংরাজী শিক্ষা গ্রহণে কি কি অন্তরায় ছিল এবং জনেক সময়ে এ-স্থাপারে বহু চেষ্টা সাধনা করেও তারা কেন সফল হয়নি, সে সম্পর্কেই আমরা এখানে কিছু আলোচনা করতে চাই।

প্রকৃতপক্ষে বাংগা তথা তারতে ইংরাজী তাষা শিক্ষাদানের সম্পর্ক রয়েছে ব্রিটিশ মিশনারীদের যীশুর বাণী বা সুসমাচার প্রচারের সাথে। কোর্ট অব ডিরেইর্স ১৬৫৯ সালে একটি বার্তায় সকল সন্ধাব্য উপায়ে যীশুর বাণী প্রচারের গভীর আগ্রহ প্রকাশ করে। মিশনারীদেরকে তাদের জাহাজে করে তারত প্রমণের অনুমতি দেয়া হতো এবং এখানে এসে দরিন্ত ও অন্ধ পোকদের মথে যীশুর বাণী প্রচারের উন্দেশ্যে এ দেশের মাতৃতাষা শিক্ষা করার জন্যে তানেরকে উৎসাহিত করা হতো। ইস্ট ইণ্ডিয়া কোম্পানীকে প্রদন্ত ১৬৯৮ সালের সনদে এ কথার উপর জার দেয়া হয় যে, কোম্পানী যেখানে বসবাস করবে সেখানকার মাতৃতাযা তাদেরকে শিখতে হবে যাতে করে তারা তানেরকে গড়ে নিতে পারে। কারণ তারা হবে কোম্পানীর চাকর বা দাস অথবা প্রোটেস্ট্যান্ট ধর্মে তাদের প্রতিনিধ্যি —(M. Fazlur Rahman : Bengali Muslims & Eng. Education, p. 28; Sharp. p. 3. Parochial Annals of Bengal by H. B. Hyde; Court of Directors' letter to Fort St. George, 25 February, 1695; LAW: Promotion of Learning in India by Early European Settlers, p. 19)।

বাংলার গভর্ণর জেনারেন্স স্যার জন শোর বলেন যে—ধর্মীয় কারণ অপেক্ষা রাজনৈতিক কারণে এ দেশবাসীকে খৃষ্টধর্মে দীক্ষা দান অধিকতর প্রয়োজন। . . . যতোক্ষণ পর্যন্ত জামাদের প্রজাবৃদ্দ আমাদের সাথে ধর্মীয় বিধাসের তিন্তিতে প্রাণক্ত না হয়েছে, ততোক্ষণ আমাদের অধিকৃত রাজ্য বহিরাক্রমণ ও আত্যন্তরীণ আন্দোলন—উল্ভেক্তনা থেকে নিরাপদ হবে না। —(M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education. p. 34; Sharp: Review of Bukanan's Ireatise, Vol. I. p. 113)।

এখন একথা সৃস্পষ্টরূপে প্রমাণিত হয় যে, বাংলা ও ভারতে ব্রিটিশ শাসন সৃস্তৃ ও দীর্ঘস্থায়ী করার জন্যে তারা প্রয়োজনবোধ করে এ দেশবাসীর ভাষা শিক্ষা করার যাতে করে খৃষ্টীয় মতবাদ এ দেশবাসীর নিকটে তারা সহক্ষেই প্রচার করতে পারে। এ দেশে ইংরেজদের শিক্ষা বিশ্বারের ধারা ছিল পর্যায়ক্রমিক। প্রথম পর্যায়ে 
কৃষ্টান মিশনারীগণ সরকারের পৃষ্ঠপোষকতার বাংলা তাষার স্কুল স্থাপন করে।
দিতীয় পর্যায়ে পান্চাত্য শিক্ষা ও পান্চাত্য তাহ্নদীব তামান্দুন শিক্ষা দেবার
উদ্দেশ্যে ইংরাজী তাষার শিক্ষা প্রতিষ্ঠান কায়েম করে।

মিশনারীগণ বৎসরের পর বৎসর ধরে নিরবন্ধিত্রতাবে কান্ত করে যায়। তারা হুগদী শ্রীরামপুরে একটি ছাপাখানা স্থাপন করে ডার মাধ্যমে বাংলা ভাষার বহু পুস্তক প্রকাশ করে। তারো তাদের প্রচার অভিযানে কোন বাধা-বিপভির সম্মান হয় না, বরং উৎসাহ পাত করে। এভাবে অক্লান্ত পরিশ্রমের ফলে ১৮১৫ সালের মধ্যে তারা একমাত্র কোদকাভার আব্দেপাশেই ২০২টি স্কুল স্থাপন করে। এর বহু পূর্বে ১৭৯৪ সালে জনৈক ক্যারী ফ্রী বোর্ডিংসহ মালনাহতে একটি স্কুল স্থাপন করেন। তিনি বাংলায় এসে একটি নীলচাষ খামারে ওতারশিয়ারের কাজ শুরু করেন। তীর স্থাপিত উক্ত স্কুলে সংস্কৃত, ফাসী ও বাংলা তাষা শিক্ষা দেয়া হয়। এতদুসহ বিভিন্ন বিষয়ে জানদান ও খৃষ্টীয় মতবাদও শিক্ষালান করা হয়। জনৈক মিঃ আর্চার ১৭৮০ সালে বালকদের জন্যে একটি স্কুল এবং অহুদিন পর বালক-বালিকা উভয়ের জন্যে একটি স্কুল স্থাপন করেন। আর একটি স্থাপন করেন John Swansherow । তবে ব্রাউন এবং উইলিয়াম ফানেল কর্তৃক স্থাপিত স্থুল দু'টি বেলী জনপ্রিয়তা লাভ করে। ব্রাউনের স্থাপিত স্থালের বৈশিষ্ট্য এই ছিল যে, তা স্থাপিত হয়েছিল হিন্দু-যুবকদের জন্যে। -(M. Fazlur Rahman : The Bengali Muslims & Eng. Education. p. 30; Calcutta Review-1913; 'Old Calcutta': its Schoolmaster by K. N. Dhas pp. 338)1

ৰৃষীয় মতবাদ প্ৰচারের জন্যে রাষ্ট্রীয় সহায়তায় কতকগুলো সমিতি ইংলভে স্থাপিত হয়। তাদের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হলো SPCK (Society for Promotion of Christian Knowledge), S. P. G. (Society for the Propagation of the Gospel), CMS (Church Missionary Society) প্রভৃতি। বাংলায় বৃষ্টীয় মতবাদ প্রচারে এদের অবদান অন্থীকার্য। বাংলার মিশনারীগণ তাদের স্থ সম্মিতিগুলোর নিক্টে নিয়োক্ত রিগোর্ট পেশ করে ঃ

"ব্যবসা–বাণিজ্য এক নতুন চিন্তাধারা ও কর্মশক্তির হার উন্যোচন করে দিয়েছে। যদি আমরা দক্ষতার সাথে অবৈতনিক শিক্ষাদান করতে পারি—তাবলে শত শত লোক ইংরাজী ভাষা শিক্ষা করার জন্যে ভীড় জমাবে। আশা করি তা আমরা এক সময়ে করতে সক্ষম হবো এবং এর দারা যীগুণুস্টের বাণী প্রচারের এক অনন্দদায়ক পথ উন্মুক্ত হবে।"—(M. Fazlur Rahman, Bengali Muslims & Eng. Education, p. 35; Mussalmans-Vol. I. pp. 130-31)।

খৃষ্টান মিশনারীগণ বাংলা ও ইংরাঞ্জী স্কৃল স্থাপনের নাম করে খৃষ্টীয় মতবান প্রচার করতে দিয়ে ইসলাম ও তার মহান নবীর বিরুদ্ধে প্রচারণা করতে কৃষ্ঠিত হয়নি। কর্ণগুয়ালিশ প্রকাশ্য রাজপথে ও গ্রামে প্রামে খৃষ্টধর্মের প্রচার নিবিদ্ধ করে দেন (Beveridge: Hist. of India. Vol. II. pp. 850-51)। ওথাপি তারা এ কাঞ্চ চালাতে থাকে। সবলেষে মিন্টো তার দায়িজুভার প্রহণ করার পর ইসলাম ও নবী মুহান্দরে (সা) প্রতি অশোভন ও অবাত্তর উক্তিসম্বলিত পৃত্তিকা প্রকাশের অপরাধে মিশনারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থাবলম্বন করেন। —(M. Fazlur Rahman : Bengali Muslims & Eng. Education p. 36: Lethbridge-p. 59)।

উইপিয়াম ক্যারীর সভাপতিত্বে ১৮১৮ সালে প্রীরামপুর (হণলী) কলেজ স্থাপিত হয়। এ কলেজ স্থাপনের উদ্দেশ্য ছিল প্রাচ্য ও প্রতীচ্যের জ্ঞানদান করা এবং মাতৃতাধার মাধ্যমে এদেশের লোককে খৃষ্টান ধর্মে দীক্ষিত করা। প্রীরামপুর কলেজ সেকালে এশিয়ার মধ্যে একমাত্র ডিপ্রি কলেজ। —(Mc. Cully, p 41; M. Fazlur Rahman : Beng, Muslims & Eng, Education, pp. 39-40)।

শ্রীরামপুর কলেজের, যেমন আগে বলা হয়েছে, প্রাথমিক উদ্দেশ্য হলো তারতে খৃষ্টধর্মের প্রচার ও প্রসার, তার জন্যে প্রয়োজন ছিল এদেশীয় খৃষ্টানদের সভানদেরকে উচ্চশিক্ষা দান করা এবং প্রচারক হিসেবে একটি দলকে প্রশিক্ষণ দেয়া যারা খৃষ্টীয় মতবাদ বাংলায় জনুবাদ ও প্রকাশনার কাজও চালাবে। এতদুদ্দেশ্যে অখৃষ্টানদের জন্যে এ কলেজের হার অবারিত ছিল এবং প্রভাবশালী স্থানীয় লোকদের খৃষ্টীয় মতবাদ প্রচারে সাহায়্য সহযোগিতার জন্যে অনুপ্রাণিত করা হতো। ১৮৩৪ সালের ডিসেয়র পর্যন্ত দেখা গেল এ কলেজে সর্বমোট ১০১ জন ছাত্রের মধ্যে অখৃষ্টান ছাত্র রয়েছে মন্ত ও৪ জন। এরা ছিল প্রারামপুর ও পার্যবর্তী এলাকার ব্রাক্ষণ ও জন্যান্য বংশের সন্তান (Mc. Cully pp. 64, 65)।

দু'টি কারণে এতে কোন মুসলমান ছাত্র ছিল না। প্রথমতঃ এ কলেজের
নিক্ষালানের উদ্দেশ্য ছিল বৃষ্টধর্মের প্রচার এবং দ্বিতীয়তঃ এতে এমন বাংলা
ভাষা শিক্ষা দেয়া হতো যে বাংলা ভাষা মুসলমানদের জন্যে ছিল কবোধগম্য।
কারণ, সে বাংলা ভাষা ছিল সংস্কৃত ব্যাকরণ—জ্ঞান লব্ধ যা মুসলমানদের
মোটেই জ্ঞানা থাকবার কথা নয়। —(M. Faziur Rahman : Bengalii
Muslims & English Education p. 40)।

মিশনারীগণ কর্তৃক স্থাপিত স্থূপ কলেজগুলিতে এবং সরকার কর্তৃক স্থাপিত ফোর্ট উইলিয়াম কলেজে (১৮০০) হিন্দু শিক্ষকদের সহযোগিতায় সংস্কৃত ভাষার প্রণালীতে বাংলা ভাষাকে সমৃদ্ধ করতে থাকে আর এ ধরনের বাংলা ভাষা মৃসলমাননের কাছে অপরিচিত ছিল। যদিও নিম্ন বংগের মৃসলমান বাংলা বলতো। কিন্তু তাদের বাংলা ছিল আরবী ফার্সী মিপ্রিত। D.H.H. Wilson ব্রিটিশ হাউস অব্ কমন্দের সিলেট কমিটির সামনে সাক্ষ্য দিতে গিয়ে বলেন যে, বাংলা ও হিন্দীর সংস্কৃতের সাথে নিকট সম্পর্ক রয়েছে। তার মতে Shakespeare's Hindustanee Dictionary-তে ৫০০ শব্দের মধ্যে ৩০৫টি সংস্কৃত শব্দা বাংলা 'হিত্যোপদেশ' নামক কলেজের পাঠা পুস্তকে প্রথম ১৪৭টি শন্দের মধ্যে মাত্র ৫টি শব্দ এমন, যা সংস্কৃত নয়। [A.R. Mallick: Br. Policy and the Muslims in Bengal, p. 156: Sixth Report, Select Committee (HC), 1853, Minutes of Evidence, p. 9. উইলসন একটি প্রশ্নের উন্তরে বলেন, সংস্কৃত সম্পর্কে কিছু জ্ঞান না পাকলে কোন লোক বাংলা বুবতে পারবে না।]

মাতৃতাধার কুলগুলিতে সংস্কৃত শব্দবহল বাংলা পড়ালো হতো—এসব কুলের দার মুসলমানদের জন্য রুদ্ধ ছিল। আবার বিহারে হিন্দী ভাষা দেবনাগরী বর্ণমালায় শিখানো হতো এবং সেটাও ছিল মুসলমানদের কাছে একেবারে জপরিচিত। —(Report of Bengal Provincial Committee, Education Commission, p. 215, Evidence of Abdul Latif in reply to Q1)।

উপরস্তু এসব স্কুলে বাংলা ভাষায় যেসব পাঠ্য-পুস্তক ছিল তা সবই হিলুধর্ম সংক্রোন্ত। বাংলা ভাষায় সাধারণতঃ নিমুলিখিত বইগুলি পড়ানো হতো ঃ

গুরু দক্ষিণা, অমর সিংহ, চাণক্য, সরস্বতী বন্দনা, মানতঞ্জন, কলংক তঞ্জন প্রভৃতি। হিন্দু বই যথা, দান লীলা, দধি লীলা প্রভৃতি যা ছিল তৃষ্ণের বাল্যকালের প্রেমলীলা সম্পর্কে লিখিত। বিহারে এতহাতীত পড়ানো হতো সুদাম চরিত, রাম মমুনা প্রভৃতি। —(A.R. Mallick: British Policy and the Muslims in Bengal, p. 156)।

এসব তথা থেকে স্পষ্টই প্রমাণিত হয় যে, মুসলমানদেরকে শিক্ষার আপোক থেকে বঞ্চিত রাখার জন্যে বৃষ্টান মিশনারী, ইংরেজ শাসক এবং এতদ্দেশীয় দালালদের এ ছিল এক বজ্যন্তমূলক পরিকল্পনা। আলেকজাভার ভাষ্ (Alexander Duff) ইংরেজী শিক্ষার জন্যে কোলকাভায় একটি শিক্ষা প্রতিষ্ঠান স্থাপন করে—যা ভাষ্টের প্রচেষ্টায় একটি বিশেষ উল্লেখযোগ্য শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হয়েছিল। কিন্তু তা ছিল শুধুমাত্র নিম্প্রেণীর হিন্দুনের জন্যে এবং তা প্রতিষ্ঠিত হয়েছিল রাজা রামমোহন রায়ের সহযোগিতায়। ইচ্ছাকৃতভাবেই এ স্থলটি একটি হিন্দু মহল্লায় এবং এমন প্রাহণে প্রদাত হয় যেখানে একলা গড়ে উঠেছিল হিন্দু কলেজ। ভাষ্ কোন মুসলমান এলাকায় কোন স্থল প্রতিষ্ঠার কোন চেষ্টাই করেননি।—(M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, p. 41: N. Chauerhee: Life of Mahatma Raja Rammohan Roy (Bengali), p. 394)।

অঠারো শ' সাত থেকে ১৮১৪ সালের মধ্যে ডঃ ফ্রান্সিস্ বুকানন্ বাংলা ও বিহারের জেলাগুলি সরকারের নির্দেশে সার্ভে করেন। ১৯৩৮ সালে তাঁর রিপোর্ট তিন থকে আর, এস, মার্টিন কর্তৃক প্রকাশিত হয়। লর্ভ বেন্টিংকের আমলে ১৮৩৫ থেকে ১৮৩৮ সালের মধ্যে ভবলিউ আডাম বুকাননের কাগজ্পত্রের ভিত্তিতে তিনটি রিপোর্ট প্রণয়ন করেন। তৃতীয় রিপোর্টিট ১৯৩৮ সালে প্রণীত হয়—সরক্ষমিনে তাঁর নিজের পরীক্ষা পর্যবেক্ষণের পর। তিনি হিলু ও মুসলিয় উভয় সম্প্রদায়ের শিক্ষাক্ষেত্রের তৃলনামূলক খতিয়ান পেশ করেন, তা নিমরূপ ঃ

		হিন্দু	মুসলমান
(4)	দেশীয় প্রাথমিক স্কুল	22	16
(ᅰ)	" উচ্চ বিদ্যালয়	OF	0
{ 5 } }	যেসব পরিবারে পিতামাতা অথবা বন্ধুবান্ধবের দারা		
	ছেয়ে– মেয়েদের শিক্ষা দেয়া হতো	1299	977

উপরের খতিয়ান দৃষ্টান্তখরপ রাজশাহী জেলার নাটোর থানার দেয়া হয় যেখানে তৎকালে হিন্দুর জনসংখ্যা ছিল ৬,৫৬,৫৫৮ এবং মুসলমান ১২৯৬৪০১। এমন একটি মুসলিম অধ্যুষিত থানায় মুসলমানদের শিক্ষার অনুপাত ছিল এত নগণা যা উপরে বর্ণিত হয়েছে। উক্ত খতিয়ানে খোট শিক্ষকের সংখ্যা বলা হয়েছে, যার মধ্যে মুসলমান শিক্ষক ছিল মাত্র একজন।

মুসলমানদের শিক্ষাক্ষেত্রে এহেন অবস্থার কারণ বর্ণনা করে বলেন যে, আর্থিক দিক দিয়ে তারা অত্যন্ত নিকৃষ্ট জীবন যাপন করছিল। তিনি আরও বলেন যে, এ অবস্থার তালেরকে বিদ্যাশিক্ষার জন্যে উপলেশ দেয়ার অর্থ হলো, মই লাগিয়ে বর্গে আরোহণ করা যা সম্পূর্ণ এক অসম্ভব ও অবান্তর ব্যাপার। অ্যাভাম বলেন, সমগ্র রাজশাহী জেলার মধ্যে মুসলমানদের শিক্ষার জন্যে একটিমাত্র বিদ্যালয় ছিল বিলমারিয়া থানার কসবাবাখাতে যা কয়েকশত বছরের পুরাতন এবং স্থাপিত হয়েছিল বাংলার মুসলমান সুলতান ও মহানুতব মুসলিম প্রধানদের পৃষ্ঠপোষকতায়।

W. Adam তাঁর তৃতীয় রিপোর্ট প্রণয়ন করেন (১৮৩৮) বাংলা-বিহারের ৫টি জেলা পরিদর্শনের পর। তার ভিত্তিতে তিনি যে যতিয়ান প্রণয়ন করেন তা নিসক্রপ ঃ

শতিয়ান নং-১ ঃ আরবী-ফাসী স্কুল, তাদের সংখ্যা ও ছাত্র সংখ্যা, হিন্দু ও মুস্লমান।

বোলা	ফার্সী স্কুল	আরবী কুল	হিন্দু ছাত্ৰ	মূসলিম ছাত্র	যোট
<b>মৃশিদাবাদ</b>	39	2	62	89	309
বধমান	06	ъ	899	828	293
বীরভূম	93	2	284	280	850
তিরহৎ	208	8	880	200	<b>Cap</b>
मिक्त दिशात .	498	25	869	दर्छ	5814
মোট	628	26	2026	2004	9608

মজার ব্যাপার এই যে, জারবী-ফার্সী কুলে যোগদানকারী হিন্দু ছাত্রের সংখ্যা ৪ এর তিন অনুপাতে অধিক। তারপর সংকৃত কুলে যোগদানকারী হিন্দু ছাত্রের সংখ্যা ধরলে তাদের সংখ্যা দীড়াবে ৪৬৫১ এবং মুসলিম সংখ্যা ১৫৫৮। এতিয়ান নং–২ঃ মাতৃতাবার স্থুণ—তাদের সংখ্যা, ছাত্রসংখ্যা ও হিন্দু মুসলমান।

Caled	বাংলা স্কুল	হিন্দী স্কুল	হিন্দু ছাত্ৰ	মুসলিম ছাত্র	जन् <u>ग</u> ान्।	যোট
মূর্শিদাবাদ	62	a	علالا	42	0	2000
বর্ধমান	600	0	75804	965	20	20220
বীরত্ম	809	a	4220	२७२	26	6080
তিরহুৎ	0	bo	002	æ	0	009
নঞ্চিণ বিহার	0	200	5974	342	0	७०६००
যোট	2099	७१७	22202	2260	८०	28200

উপরোক্ত খতিয়ান থেকে একথা জানা যায় যে, মুসলমানরা মাতৃতাবা শিক্ষায় হিন্দুদের থেকে জনেক পেছনে পড়ে থাকে। তার কারণও অতি সুস্পষ্ট। প্রথমতঃ সংস্কৃতবহল বাংলাতাযা তাদের জন্যে অবোধণম্য এবং দ্বিতীয়তঃ পাঠ্যপুতকের বিষয়গুলি ছিল পৌত্তলিকতাপূর্ণ প্রবন্ধাদি ও গল্পকাহিনীতে পরিপূর্ণ। তৃতীয়তঃ হিন্দী স্কুলের পরিবর্তে স্কুল না থাকায় মুসলমানরা শিক্ষায় পশ্চাংপদ রয়ে যায়। জবলিউ আভাম মুসলমানদের জন্যে উর্দু স্কুল খোলার জন্যে এবং মুসলমানদের উপযোগী বাংলা পাঠ্যপুত্তক রচনার জন্যে সুপারিশ করেন। কিন্তু সরকার এদিকে কোন দৃষ্টি দেননি।

(3) A.R. Mallick: British Policy and Muslims in Bengal. pp. 161-65)1

খৃষ্টান মিশনারী সোসাইটির (C.M.S.) কোলকাতা শাখার উদ্যোগে বর্ধমানে ১৮১৯ সালে হিন্দুদের জন্যে একটি ইংরেজী স্কুল স্থাপিত হয়। কোলকাতা শাখার প্রতিনিধি Mr. Shrew এবং Mr. Thompson নিয়মিত স্কুলটি পরিদর্শন করতে থাকেন। অবর্শেষে যখন ১৮২২ সালে স্কুলটিকে একটি গীর্জা প্রাঙ্গণে স্থানান্তরিত করা হয়, তখন ছাত্রদেরকে খৃষ্টীয় ধর্মে দীক্ষিত করা হবে

এ আশংকার স্থুপটি নই হয়ে যায়। অনুরূপভাবে ১৮৩২ সালে বিশপ কোরী (Corrie) কোলকাভার মুসলিম অধ্যুষিত এলাকা কলিংগতে একটি ইংবাঞ্জী স্থুগ স্থাপন করেন। কিন্তু যখন ভার পাশে একটি গীঞা নির্মাণ করা হলো, তখন অধিক সংখ্যক মুসলিম ছাত্র স্থুপ পরিত্যাগ করে। মিঃ টমসন ভার রিশোটে ছাত্রসংখ্যা হ্রাসের কারণ বর্ণনা করে বলেন (১৮৪১) যে, হিন্দুরা পাছাত্য ভাষা ও সাহিত্যের প্রতি যেমন অনুরাগী, মুসলমানরা তেমন নয়। —(M. Faziur Rahman: The Bengali Mustims & English Education, pp. 44-45; Long; Handbook of Bengal Mission, p. 125)।

মিঃ টমসন প্রকৃত কারণটি গোপন রেখে মুসলমাননের উপরেই দোষ চাপিয়েছেন। প্রকৃত কারণ এই যে, পান্চাত্যের ভাষা ও সাহিত্যের সাথে পান্চাত্যের ধর্মের প্রশ্ন ওতাপ্রোভতাবে জড়িত। মিশনারী স্কুলে হেতে নিজেকে মানসিক দিক দিয়ে প্রস্তুত করা মুসলমানদের জন্যে মতোটা কটকর ছিল, হিন্দুদের ততোটা ছিল না। কৃষ্টধর্মের প্রতি মুসলমানদের ছিল বীতপ্রজা এমনকি মৃণাও বলা যেতে পারে। কারণ মুসলমানগণ বৃষ্টধর্মকে নাকচ করে তাদের ধর্মবিশাস গড়ে তুলেছে। পকান্তরে হিন্দুদের এমন কোন পূর্বজ্ঞান ছিল না, সেজন্যে তারা সহজেই বৃষ্টধর্মের ছারা প্রতাবিত হতো।

মিশনারীদের জানা ছিল যে, তাদের যোগাযোগের ফলে বেশী সংখ্যক হিন্দু বৃষ্টধর্ম গ্রহণ করেছে। সে জন্যে তাদের সকল প্রচেষ্টা হিন্দুদের প্রতি নিয়োজিত ছিল। ১৮৫৮ সালে জনৈক মিশনারী তাঁর লিখিত একখানি পুত্তিকায় মন্তব্য করেন যে, মুসলমানদের মধ্যে শিক্ষাবিস্তারে সত্যিকারতাবে কোন আন্তরিক প্রচেষ্টাই চালানো হয়নি। যেসব ইউরোপীয়ানদেরকে সরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের কাজে লাগানো হতো তাঁরা মুসলমানদের তাষা, চরিত্র ও আচার—আচরণ সম্পর্কে কোন জ্ঞানই রাখতেন না। —(M. Faziur Rahman: The Bengali Muslims & English Education, p. 46: India Office Tract, 242)।

আঁটাদশ শতাব্দীর দ্বিতীয়ার্ধে মুসলিম শাসনের জবসান এবং ইস্ট ইন্ডিয়া কোম্পানীর দেওয়ানী লাভ ইংরেজদেরকে বলতে গেলে এদেশের সর্বেসর্বা বানিয়ে দেয়। ফলে কোলকাতাকে কেন্দ্র করে তানের ব্যবসা–বাণিজ্য শতগুণে বানিত হতে থাকে। কোপকাভার বিরাট বিরাট অট্টালিকা গড়ে উঠতে থাকে। যে বিশ্বদের সাহায্য সহযোগিতার এ দেশে ইংরেজ শাসন প্রতিষ্ঠা সম্বর হয়েছিল, তারা কোশ্যানীর অধীনে চাকুরী–বাকুরী করার, তাদের ব্যবদার অংশীদার হওয়ার অধবা ব্যবদার দালাল হিসাবে কাজ করার জন্যে দলে দলে অগ্রসর হয়। তার জন্যে ইংরাজী ভাষা শিক্ষার খাত প্রয়োজনীয়তা তারা উপপদ্ধি করে। সেজন্যে ইংরাজী স্কুল স্থাপনের প্রথম পদক্ষেপ তাদের পক্ষ থেকেই গৃহীত হয়। হিলু ব্যবসায়ী ও ধনিক–বণিকগণ তাদের ইউরোগীয় বণিক বন্ধুদের সাহায্য—সহযোগিতায় বিভিন্ন স্থানে বেসরকারী পর্যায়ে ইংরাজী স্কুল স্থাপন করে। অট্টাদশ শতকের ন'রের দশকে কোলকাতার কলুটোলায় এ ধরনের একটি স্কুল স্থাপন করেন জনৈক নিত্যানন্য সেন।

জার একটি কথা এখানে বিশেষ উল্লেখ্য। এ দেশে মিশনারীগণ গাংলা ভাষার মুগ স্থাপনের মাধ্যমে ব্যাপকভাবে খৃত্তীধর্ম প্রচারে প্রতী হয়। এ ব্যাপারে তারা যথেষ্ট বাড়াবাড়ি করতে পাকলে ব্রিটিশ সরকার কর্তৃক তালের কার্যকলাপের উপর কিছু বাধা নিষেধ আরোপ করা হয়। কিছু Charter Act of 1813 তালের প্রতি আরোপিত বাধা-নিষেধ রহিত করে। এ জাইনের বলে ভারতে বিশপতন্ত্র (Episcopacy) প্রতিষ্ঠার পথ উন্মুক্ত হয়। ১৮১৪ সালে বিশপ মিতন্টন (Middleton) কোলকাতার আসেন। তার উৎসাহ উল্যমে মিশনারীগণ পূর্ণোদ্যমে কাল্ল শুরু করে। কোলকাতার বিশপ কলেকে তিনি ঘলিষ্ঠতাবে ক্ষণ্ডিত হয়ে পড়েন। তার জনুরোধে এ কলেকের জন্যে গতর্ণর জ্বোরেল বাষটি বিধা জমি দান করেন। পরবর্তীকালে এর জন্যে অধিকতর সরকারী সাহায্য দান করা হয়। বিশপ মিডন্টন নিজে কলেজের গীর্জা স্থাপনের উল্লেশ্যে গাঁচশত গাউড এবং পাঁচশত গুস্তক কলেজ লাইবেরীতে দান করেন।

মিশনারীদের কান্ধে সাহাযা সহযোগিতার জন্যে ইউরোপীয় বণিকগণ এণিয়ে আদে এবং বাংলায় প্রকৃতপক্ষে ইংরাজী শিক্ষার গোড়াপন্তন তাদের হারাই হয়। তাদেরই প্রচেষ্টায়, বিশেষ করে মিঃ ডেভিড হেয়ার এবং স্যার এডওয়ার্ড হাইড্ ইস্টের সাহায্য সহযোগিতায় হিন্দু যুবকদের শিক্ষার জন্যে ১৮১৭ সালে কোপকাতায় হিন্দু কলেজ স্থাপিত হয়। ১৮১৬ সালের ২৭ আগস্ট স্যার এড্ওয়ার্ডের বাসতবনে হিন্দুদের উপস্থিতিতে অনুষ্ঠিত এক সাধারণ সভায় এ প্রভাবিত কপেজের গঠনতন্ত্র ও নিয়মনীতি প্রণীত হয়। বলা হয় যে, সম্রান্ত

হিন্দু সন্তানদেরকে ইংরাজী ও তারতীয় তাবা এবং ইউরোপ এশিয়ার সাহিত্য ও বিজ্ঞান শিক্ষা দেয়া এ প্রতিষ্ঠানের প্রাথমিক উদ্দেশ্য। (M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, pp. 48-51; Quoted from the Rules approved by the Subscribes and general meeting held on 27 August, 1816, Calcutta Christian Observer, July 1832, p. 72)।

এ হিন্দু কলেজটি ১৮২৩ সালে একটি সরকারী কলেজে পরিণত হয়। এভাবে সরকার শিক্ষাক্ষেত্রে একটি বিশেষ সম্প্রদায়ের পৃষ্ঠপোষকতা করে। সাধারণতঃ মুসলমানদের প্রতি এ অপবাদ আরোপ করা হয়ে থাকে যে, তারা ইংরাজী ও পান্চাত্য শিক্ষার প্রতি অত্যন্ত বীতগ্রন্থ ছিল। এমনকি বাংলাভাষার প্রতিও তারা ছিল উদাসীন। উপরে বলা হয়েছে যে, মুসলমানদেরকে শিক্ষার অংগন থেকে দুরে রাখার জন্যে কিতাবে বাংলাতাষাকে সংস্কৃতবহল করা হয়েছিল। এটাই ছিল পুরুত কারণ যার জন্যে মুসলমানরা তৎকালীন বাংলাভাষার প্রতি আকৃষ্ট হতে পারেনি। এখন প্রপ্ন হচ্ছে, মুসলমানরা কি সতিয সত্যিই ইন্তাজী তাষা শিক্ষা করতে তাদের অখীকৃতি জানিয়েছিল? এমন ধারণা করলে তাদের প্রতি অবিচারই করা হবে। ইংরাজী স্থল কলেন্দ্রে অধ্যয়ন করা ছিল অত্যন্ত ব্যয় সাপেক্ষ এবং মুসলমানরা ছিল দারিন্ত জর্জরিত। ধনাঢ়া হিন্দু ব্যবসায়ী মহাজনগণ তাদের ইংরেজ বন্ধুদির সাহায্য সহযোগিতায় নিজেরা প্রাইভেট ইংরাজী স্থল স্থাপন করে, সরকারী সাহায্য ব্যতিরেকেই, নিজেদের সন্তানাদির ইণ্ডাজী শিক্ষার পথ প্রশস্ত করে নিয়েছিল। মুসলমানদের জন্যে এসব প্রচেটা ছিল অসম্ভব ও অবাস্তব। একথা নিঃসংকোচে বলা যেতে পারে যে, মুসলমানরা জন্মগততাবে, জাতিগততাবে এবং তাদের ধর্মের দিক দিয়ে যে কোন জাতি অপেক্ষা অধিকতর শিক্ষানুরাগী ছিল। কিন্তু তাদের রাজনৈতিক ও অর্থনৈতিক কাঠামো চুর্ণবিচুর্ণ হত্তথায় শিক্ষাক্ষেত্রে পন্চাৎপদ হয়ে পচে। ইংরাজী শিক্ষা তথা পাচাত্য শিক্ষার প্রতিও তারা অনুরাগী ছিল। কিন্তু এ ব্যাপারে ভারা সরকারের কণামাত্র সহানুভূতি আকর্ষণ করতে পারেনি। মুসলমানদের শিক্ষা ব্যবস্থার জন্যে সরকারী প্রতিষ্ঠান হিসাবে ১৭৮০ সালে ন্তয়ারেন হ্যাস্টিংস কর্তৃক কোলকাতা মাদ্রাসা স্থাপিত হয়। কিন্তু ১৭৮০ থেকে ১৮২৯ সাল পর্যন্ত চল্লিশ বৎসরের এ মাদ্রাসার ইতিহাস অভ্যন্ত বেদনানায়ক। এ প্রতিষ্ঠানটিকে মুসলমানদের জন্যে ইংরাজী ও পান্চাত্য শিক্ষাসহ একটি

উচশিক্ষার প্রতিষ্ঠান হিসাবে সরকার দাঁড় করাতে পারতেন। কিন্তু তা তাঁরা করেননি। কোলকাতা মাদ্রাসায় ইংরাজী ক্লাস খোলার উপর্যুপরি দাবী সন্তেও সরকার গড়িমসি করে দীর্ঘদিন কাটিয়েছেন। হিন্দুদের উচ্চশিক্ষার জন্যে হিন্দু কলেজ ছাড়াও বহু ইংরাজী স্থূপ হিন্দু, ইংরেজ, মিশনারী এবং কোপকাতা স্কুল সোলাইটির দ্বারা স্থাপিত হয়। কিন্তু কোথাও মুসলমানদের প্রবেশ করার কোন উপায় ছিল না। আডাম সাহেবের বর্ণনামতে কোলকাতা আপার সার্কুলার রোভ এবং বড় বাজারে জনৈক খৃষ্টাল এবং জনৈক হিন্দু কর্তৃক প্রতিষ্ঠিত দু'টি স্কুল ছিল। তারা স্কুলে শিক্ষকতাও করতেন। আর একটি শোভাবান্ধারে। এখানে তিনশত ছাত্র অধ্যয়নরত ছিল। এ সুলটিও একজন খৃষ্টান ও একজন হিন্ পরিচাপনা করতেন। এসব স্কুল যেহেডু বেসরকারী ছিল, সেজন্যে ছাত্রদের নিকট থেকে মোটা বেতন জাদায় করা হতো। মুসলমানদের সেখানে প্রবেশাধিকার ছিল বিনা জানা যায়নি। তবে থাকলেও তারা অর্থাতাবে তাদের সন্তানকে সেখানে পাঠাতে পারতো না সে কথা নিঃসন্দেহে বলা বেতে পারে। Calcutta Review (1850) এ ধরনের সারও ক্তকগুলি স্কুলের উল্লেখ করেছে তার মধ্যে বিশেষতাবে উল্লেখযোগ্য হলো Oriental Seminary । ১৮২৩ সালে স্কুলটি স্থাপিত হয়। ১৮৫০ সালে এর ছাত্রসংখ্যা ছিল ৫৮৫। হিন্দু কলেন্দের পরেই ছিল এর স্থান। বলা হয় যে, জনৈক গৌর মোহন আদী স্কুলটি তাঁর দেশবাসীর জন্যে शांभन करतन এवर शत व्याभना कार्स व्यत्नक मिः ठानंत्र अवर करेनक কারিস্টার Herman Geoffery-কে নিযুক্ত করেন। খুব সম্ভবতঃ এখানেও মুসলমান ছাত্রদের প্রবেশাধিকার ছিল না। এসব ছাড়াও খৃষ্টানদের সন্তানদের জন্যে কিছু বিশেষ স্কুল স্থাপন করা হয় যেখানে হিন্দু ও মুসলমানদের প্রবেশাধিকার দেয়া হয়েছিল। এগুলি হলো —The Calcutta High School, The Parental Academic Institution, The Philanthropy Academy, The Verulam Academy প্রভৃতি। প্যারেন্টাল আকাডেমী এমন স্থানে অবস্থিত ছিল যেখানে সামর্থবান মুসলমানরা তাদের ছেলেদেরকে পাঠাতে পারতো। সম্রান্ত ও সামর্থবান মুসলমান তাদের সন্তানদেরকে সেন্ট পদ্স স্কুলে এবং প্যারেন্টাল এ্যাকাডেমীতে পাঠাতো। এ দু'টিতে পাঠাবার কারণ এই ছিল যে, এখানে ছেলেরা ইংরাজী ভাষায় দক্ষতা লাভ করতো এবং এ দু'টি মিশনারী ধরনের স্থুল ছিল না। এ দু'টি স্কুলে মুসলমানদের যোগদান করার কারণ বর্ণনা

করে মিঃ মুয়াত (Mouat 1952)\* বলেন যে, ধেহেত্ কোলকাতা মাদ্রাসায় পড়াতনা তালো হতো না এবং স্বারও কিছু দোষ—ক্রণী ছিল, যার জন্যে তাদেরকে অন্যত্র যেতে হয়েছে। (M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, pp. 57-58. Calcutta Review-1850, p. 457: Adam, op. cit. pp. 37, 41)।

মুসলমানদের শিক্ষার জন্য ১৭৮০ সালে যে কোলকাতা মালাস। স্থাপিত হয়, তার প্রতি কোম্পানী এবং ব্রিটিশ সরকার এমন অবহেল। প্রদর্শন করেন যে, মনে হয়, শিক্ষার পরিবর্তে অশিক্ষা ও কুশিক্ষা দেয়াই ছিল কর্তৃপক্ষের উদ্দেশ্য। এ সম্পর্কে কিছু আলোকপাত করা প্রয়োজন বোধ করছি।

বেশ কিছু সংখ্যক খ্যাতনামা মুসলিম শিক্ষাবিদের আবেদনে হ্যান্টিংস্ ১৭৮০ সালে মুসলমানদের শিক্ষার জন্যে কোলকাতা মাদ্রাসা স্থাপন করেন। সে সময় পর্যন্ত ফৌজদারী—দেওয়ানী আদালতগুলিতে এবং পুলিশ বিভাগে মুসলমানগণ বিভিন্ন দায়িত্বে ছিল এবং প্রশাসনক্ষেত্রে ফাসী তাষা প্রচলিত ছিল বলে আপাততঃ শাসনকার্য পরিচালনার উদ্দেশ্যে মুসলমানদের জন্যে শিক্ষাব্যবস্থা চালু রাখা কোম্পানী সরকারেরও প্রয়োজন ছিল। মাদ্রাসা স্থাপনের পর জনৈক মুসলিম শিক্ষাবিদ মঞ্চলুন্দীনের উপর মাদ্রাসা পরিচালনার দায়িত্ব অপিত হয়। কিছু ১৭৮০ সাল থেকে ১৭৯১ পর্যন্ত মাদ্রাসার কোনই অপ্রগতি পরিলক্ষিত হয়নি। মজদুন্দীনের পরিচালনায় শ্রুটি বিচ্নুতি ধরা পড়ে এবং অপসারিত করে জনৈক মুহাম্মদ ইসরাইলকে দায়িত্ব দেয়া হয়। মাদ্রাসা কমিটি পুনগঠিত হয়, নিয়লিখিত পাঠ্যসূচী প্রণীত হয় ঃ

প্রকৃতি দর্শন (Natural Philosophy). ফেকাহ্ শাস্ত্র, জাইন শাস্ত্র, জ্যোতিঃ
শাস্ত্র, জ্যামিতি, গণিত, তর্ক শাস্ত্র, এবং ব্যাকরণ। কিছু ১৯১২ সাল পর্যন্ত
কবস্থার কোন পরিবর্তন হয়নি। অতএব মাদ্রাসা কমিটির জনৈক প্রভাবশালী
সদস্য ভাঃ এম, ল্যামস্ভেন (Lamsden) তীর রিপোটে একজন ইউরোপিয়ান
অধ্যক্ষ নিয়োগের সুপারিশ করেন। সরকার সে সুপারিশ প্রত্যাখ্যান করেন, তবে
Lamsden এবং Lt. Gallowny-কে মাদ্রদার উন্নতিকত্বে গঠনমূলক প্রভাব
ও সুপারিশের অনুরোধ জানান। ১৮১৮ সালে কমিটি একজন ইউরোপিয়ান
পেক্রেন্টারী নিয়োগের প্রভাব করেন। সরকার এ প্রভাব গ্রহণ করেন কিন্তু আর্থিক

দানিত্ব কমিটির উপরে অপন করেন যাতে করে সরকারী রাজস্বের উপর কোন চাপ না পড়ে। দৃঃখের বিষয় এই ষে, Dr. M. Lamsden পাচাত্য জান বিজ্ঞানের বইপুত্রক অরবী ও ফার্সীতে অনুবাদ, মাদ্রাসায় ইংরাজী নিক্ষা প্রচলন ক মুসলমান ছাত্রদেরকে ইংরাজী শিক্ষাদানের জন্যে যে প্রভাব দেন, তা সরকার ক্রুড়াখান করেন অথবা বহু বৎসর যাবত গড়িমসি করতে থাকেন। (M. Fazhir Rahman: The Bengali Muslims & English Education, pp. 68-70; A. R. Mallick: British Policy & the Muslims of Bengal, p. 176)।

কমিটির একজন দায়িত্বশীল সদস্য (Dr. M. Lamsden) যখন মাদ্রাসায় ইণ্ডাজী রাস খোলার প্রস্তাব দেন, তখন নিশ্চয়ই বুঝতে হবে যে, মুসলমান ছাত্র এবং অভিতাবকগণ ইংরাজী শিক্ষার প্রতি জনুরাগী ছিল। নতুবা তারা এ প্রস্তাবের বিরোধিতা করতো। একথা স্বর্তব্য যে, বেনারস সংস্কৃত কলেজে ইংরাজী ব্লাস খোলার জন্য ১৮১৫ সালে প্রস্তাব দেয়া হয়েছিল। মাদ্রাসা কমিটি এ ব্যাপারে পেছনে পড়ে গাকেন। অপরদিকে ১৮১৬ সালে হিন্দু কলেজ স্থাপিত হয় এবং ইংরাজীতে শিক্ষানান গুরু হয়। ১৮৫৪ সালে মুসলমানদের আবেদন নিবেদনে এ হিন্দু কলেজটি প্রেসিডেন্সী কলেজে রূপান্তরিত হয় এবং এর য়ার সকল ধর্ম ও গোত্রের ছাত্রদের জন্যে উন্যুক্ত করা হয়। (আবদুল মন্তদূদ, মধ্যবিস্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর, পৃঃ ১৪; শতান্দী পরিক্রমাঃ ডাঃ হাসান জামান, অধ্যাপক আবদুর রহীম, পৃঃ ২৩৯)।

যাহোক Lamsden-এর প্রস্তাবানুষায়ী ক্যান্টেন ইরতিন মাসিক তিনশত টাকা বেতনে কমিটির সেক্রেটারী নিযুক্ত হয়। ১৮২১ সালের আগস্ট মাসে নতুন বিধিব্যবস্থা জনুযায়ী প্রথম পরীক্ষা জনুষ্ঠিত হয় এবং পরীক্ষায় ফল হয় সন্তোষজনক। পরবর্তী দু'বৎসরের ফলও তালো হয়। ১৮২৩ সালে মিঃ জন আস্টাম কর্তৃক জনশিক্ষার সাধারণ কমিটি (General Committee of Public Instruction) গঠিত হয়। কমিটি ১৮২৪ ও ১৮২৫ সালের পরীক্ষার ফল শন্তোষজনক বলে মন্তব্য করেন। শ্যামস্ভেন (Lamsden) পুনর্বার প্রস্তাব করেন গে, ছাত্রদের মধ্যে ইংরাজী শিক্ষার প্রেরণা সৃষ্টির উদ্দেশ্যে ইংরাজী পাঠ্যপুত্তক আরবী ও ফার্সীতে জনুবাদ করা হোক। তিনি মান্তাসার প্রাথমিক শিক্ষাকে জিনতমানের করার উদ্দেশ্যে একটি প্রস্তৃতিমূলক (Preparatory) মূল স্থাপনের জ্ববায়কতার উপরে বিশেষ জ্বোর দেন। কিন্তু ইউরোপীয়ানদের দ্বারা প্রভাবিত

<sup>\*</sup> F. J. Mouat. Secretary to the Committee of Education.

বাংগার মুসগমানদের ইতিহাস ১৬৩

মাদ্রাসা কমিটি ল্যামসডেনের সকল প্রস্তাব মেনে নেন। কিন্তু ইউরোপীয় শিক্ষা বিস্তারের দফাটি থেনে নিতে অশ্বীকৃতি জ্ঞাপন করেন। অধিকাংশ সদস্য এ মত প্রকাশ করেন যে, ইংরাজী বা ইউরোপীয় শিক্ষা প্রচলন করলে যে উদ্দেশ্যে মাদ্রাসা স্থাপিত হয়েছিল তা ব্যর্থ হবে। (Board's Collection, 909, p. 321, pp. 365-67, 909, p. 322; Lamsden to Madrasah Commitee, 30 May, 1823: Madrasah Committee to Governor-General, 3 July 1823)। ফলে কমিটির এ অখীকৃতি মুসলমান ছাত্রদের ইংরাজী শিক্ষার পথে চরম বাধার সৃষ্টি করে। জপরদিকে জনশিক্ষা কমিটি কোলকাতা সংস্কৃত কলেজে ইংরাজী ক্লাস খোলার প্রস্তাবটি উৎসাহ সহকারে বিবেচনা করেছিলেন এবং সৃষ্ঠ ব্যবস্থাপনার জন্যে হিন্দু কলেজটি হাতে নেন। Dr. H. H. Wilson-কে এ কলেজের সরকারী পরিদর্শক হিসাবে কমিটির সেক্রেটারী পদে নিয়োগ করেন। এর জন্যে প্রভুত পরিমাণে সরকারী অর্থন্ত বরান্দ করা হয়। সরকারী শিক্ষা প্রতিষ্ঠান মাদ্রাসায় ইংরাজী শিক্ষা চাপু করার জন্যে বার বার দাবী জানানো সম্বেও তার প্রতি সরকার কোন গুরুতুই আরোপ করেন না। অথচ বেসরকারী হিন্দু কলেজের প্রতি সরকারের অনুকম্পা, সাহায্য সহানুভৃতি ও দান উপচে পড়ছিল। এর থেকে স্পষ্টই বুৰুতে পারা যায় যে, মুসলমানদের প্রতি এবং বিশেষ করে তাদের ইংরাজী শিক্ষার প্রতি সরকার কতথানি উদাসীন ছিলেন। এর থেকে এটাও প্রমাণিত হয় যে, মুসলমানরা ইংরাজী শিক্ষা বর্জন করেছিল বলে তাদের প্রতি যে অভিযোগ করা হয়, তাও ভিত্তিহীন। একটি বিশেষ শ্রেণীর জন্যে পক্ষপাতিত্বের অপরাধ ঢাকার জন্যেই যুসলমানদের ঘাড়ে দোষ চাপানো হয়। হিন্দুদের মধ্যে ধৃষ্টান মিশনারীদের কর্মতৎপরতা ও ধৃষ্টধর্ম প্রচারের ইতিহাস, এমনকি হিন্দুদের নিজস্ব প্রতিষ্ঠান হিন্দু কলেজের ইতিহাস যাঁর তালো করে জানা আছে, তিনি অবশ্যই স্বীকার করবেন যে, ইংরাজী শিক্ষার প্রতি হিন্দুদের ঘূলা বা অনীহা যতোখানি ছিল, মুসলমানদের ততোখানি ছিল না। (M. Fazlur Rahman : The Bengali Muslims & English Education, pp. 73-74)1

১৮২৫ সালের মাদ্রাসার বার্ষিক পরীক্ষার পর পরীক্ষকগণ, মিঃ মিল ও মিঃ টম্সন পরীক্ষায় ছাত্রদের প্রশংসনীয় সাফল্য লক্ষ্য করে পাচাত্য জ্ঞান-বিজ্ঞান শিক্ষা দেয়ার প্রস্তাব করেন। তাঁদের প্রস্তাবে উৎসাহিত হয়ে ল্যামস্ডেন মাদ্রাসায় ই নোজী শিক্ষা প্রবর্তনের চাপ দেন। তিনি কমিটির নিকটে তাঁর প্রেরিভ প্রতিবদনে বদেন যে, মুসলমান ছাত্র ও জনসাধারণের সংগে দীর্ঘদিনের ঘনিষ্ঠ সংগোগ সম্পর্কের ফলে তাঁর এ ধারণা জন্মছে যে, ইংরাজী ভাষাকে যদি অধুমাত্র প্রয়োজনীয় জ্ঞানার্জনের বাহন হিসাবে গ্রহণ করা হয়, তাহলে এতে মুসলমানদের কোনই আপত্তি পাকবে না, বরঞ্জ তা সাগ্রহে গ্রহণ করবে। কিন্তু পাঠাপুস্তকের মাধ্যমে ঘদি বাইবেল প্রচারের পথ সৃগম করা হয়, অথবা যদি মুসলমানদের ধর্ম বিখাসে আঘাত করা হয়, তাহলে আপত্তি উথাপিত হবারই কথা। (M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, p. 74: Board's Collection, 909, pp. 713: Lamsden to General Committee, 19 February, 1825)। Lamsden আরও প্রস্তাব পেন যে, ইংরাজী শিক্ষায় উৎসাহিত করার জন্যে প্রত্যেক ছাত্রকে আট ট্যকার একটি করে বৃত্তি মন্তুরে করা হোক। ম্যাকলে এর তীব্র প্রতিবাদ জানান এবং প্রস্তাবটি প্রত্যাখ্যাত হয়।

মাদ্রাসায় ইংরাজী ক্লাস খোলা না হলেও ছাত্রগুণ ইংরাজী শিক্ষার জন্যে এতটা আগ্রহানিত হয়ে পড়েছিল যে, তারা যৎসামান্য পারিশ্রমিক দিয়ে শিক্ষকদের কাছে কিছু ইংরাজী শিখতে থাকে। তাতে করে তারা তালো ইংরাজীও শিখতে পারছে না। গ্যামস্তেন এবার কমিটির নিকটে একজন ইংরাজী ভাষার শিক্ষক নিয়োগের প্রস্তাব করেন। তাতেও কোন ফলোদয় হয় না। এভাবে মুসলমানদের দোষে নয়, বরং কর্তৃপক্ষের পক্ষপাতমূলক আচরণ ও মুসলমানদের শিক্ষা বিভারে তাঁদের আন্তরিকতার অভাবেই মাদ্রাসার ছাত্রগণ ইংরাজী শিক্ষা থেকে বঞ্চিত থাকে।

এদিকে অত্যন্ত প্রভাবশালী শিক্ষাবিদ Dr. H. H. Wilson. হিন্দু কলেজের সাথে সংখ্রিষ্ট ছিলেন বলে তিনি সে কলেজের উন্তরোন্তর উন্নতিকল্পে অধিকতর সরকারী সাহাব্যের দাবী জানান। শিক্ষা বিভাগের দায়িত্বশীল মিঃ হন্ট ম্যাকেজ্ঞি একটি বিশেষ প্রেণী ও সম্প্রদায়ের বেসরকারী কলেজের জন্যে অথ বরাদ্দ করতে অস্বীকৃতি জানান এবং একটি স্বতন্ত্র সরকারী কলেজ স্থাপনের প্রস্তাব দেন। কিন্তু এর জন্যে প্রচুর অর্থ ব্যয় হবে বলে তা সরকার প্রত্যাস্থ্যান করেন। এ প্রত্যাস্থ্যান হিন্দু কলেজের জন্যে হলো একটি বিরটে আশীর্বাদ। এখন থেকে কমিটির গোটা সুনজর গড়লো এই হিন্দু কলেজের উপর এবং এটাকেই

ইংরাজী শিক্ষার একমাত্র পাদপীঠ হিসাবে স্থান দেয়া হলো। ১৮২৫ সালের এ কলেজ সম্পর্কিত রিপোর্টে জেনারেল কমিটি সন্তোষ প্রকাশ করে বলেন, ছাত্রসংখ্যা একশ' থেকে দৃ'শ' হয়েছে এবং যদি এত সংখ্যক ছাত্রকে প্রয়োজনীয় জ্ঞান ও ইংরাজী ভাষায় প্রশিক্ষণ দেয়া যায়, তাহপে কোলকাতা শহরের প্রধান ও জ্মগণ্য অধিবাসীবৃন্দের (Principal Inhabitants of Calcuta) বৃদ্ধিবৃত্তি সংক্রান্ত গুণাবলীর বিকাশ ও উন্নতি সাধন নিঃসন্দেহে আশা করা যেতে পারে। এখানে কোলকাতা শহরের প্রধান ও জ্মগণ্য অধিবাসী কথাটি বিশেষ প্রণিধানযোগা। এ কথার দ্বারা একমাত্র কোলকাতার 'হিন্দু মধ্যবিত্ত প্রেণী' – কেইব্রানো হচ্ছে, তাতে সন্দেহের অবকাশ নেই। এ কথাটির দ্বারা শিক্ষাক্ষেত্রে ব্রিটিশ সরকারের প্রকৃত মনোভাবটি পরিক্রুট হয়ে গেছে।

প্রকৃতপক্ষে ইংরেজ শাসকদের শিক্ষা সম্পর্কিত পদিসি বা নীতি ছিল, পরিস্রাবণ নীতি (Policy of 'filtration') যার ছারা উন্ধশিক্ষা তথা ইংরাজী ভাষার মাধ্যমে পাশ্চাত্যের জ্ঞান-বিজ্ঞান শিক্ষার স্থাোগ-স্বিধা সীমিত করা হয়েছিল হিন্দুদের একটি নির্বাচিত শ্রেণীর মধ্যে যাদেরকে বলা হয়েছে Principal Inhabitants of Calcutta (কোলকতার প্রধান ও অগ্রগন্ত অধিবাসীবৃন্দ। অর্ধাৎ হিন্দু মধাবিত্ত শ্রেণী। তারা ইংরাজী শিক্ষা লাভ করে দেশের মধ্যে এ শিক্ষাবিস্তারে ব্রতী হবে। অর্থাৎ তাদের দারা যে সকল শিক্ষা প্রতিষ্ঠান স্থাপিত হবে তার শিক্ষকতা যেমন করবে হিন্দু, তেমনি তার শিক্ষার্থীও হবে হিন্দু। যা প্রকৃতপক্ষে হয়েছে। বলতে গেলে, প্রধানতঃ এ শিক্ষা জাবার সীমিত ছিল—উচ্চপ্রেণীর হিন্দু অর্থাৎ ব্রাক্ষণদের মধ্যে। আবার এ পরিস্রাবণ নীতির ফলতোগ করেছে হিন্দু ব্যবসায়ী শ্রেণী। মুসলমান ত দুরের कथा, हिन्नु काठित कनााना ध्वनी७ धत थरक विकेट इग्राह्। तिलातिल नान বিহারী দে মন্তব্য করেন, "ভারতে উচ্চপ্রেণীর পরিস্তাবক, কোন দিক দিয়েও পরিস্তাবক নয়। এ এমন এক মৃন্যুয় পাত্র যার মুখ এমনভাবে বন্ধ যাতে করে বাইরের কোন আলো–বাতাসও চুকতে না পারে। একদিকে একজন ব্রাহ্মণ পেট ভরে ভর্কশাস্ত্র, অধিবিদ্যা ও ধর্মশাস্ত্রের জ্ঞান আহার করছে, অপরদিকে কুষ্ঠব্যাধ্রিপ্তসহ শুদ্র অযথাই লোলুণ দৃষ্টিতে চেয়ে আছে কখন তার প্রভুর আহারের টেবিল থেকে এক টুকরো খাদ্য তার তাগ্যে জুটবে।" (L. B. Dey in reply to Babu Kishori Chand Mitter of a meeting of British

Indian Association, 1868—Quoted by H. A. Stark: Vernacular I ducation in Bengal, p. 89)1

এই পরিস্রাবণ নীতি অনুযায়ী সরকার হিন্দু কলেজের প্রতি তাদের সর্বাধিক মনোধোগ প্রদান করেন। ছাত্রদেরকে বোগ টাকার জাটটি বৃত্তি এবং মাসিক ফিনশত টাকার সাহায্য মঞ্জুর করা হয়। অতঃপর প্রাথমিক বইপুস্তকাদি মাগানোর জন্যে ৪৯,৩৭৬ টাকা এবং ইংলভ থেকে পুস্তক সংগ্রহের ৫০০০/টাকা দেয়া হয়।

এভাবে হিন্দু কলেজকে উন্নতির উচ্চ শিখরে আরোহণ করার সুযোগ দিয়ে টাইশসন সংস্কৃত কলেন্ডের দিকে মন দেন। এখানে ইংরাজী ক্লাস খোলার খোষণার সাথে সাথে ১৩৬ জ ন ছাত্রের মধ্যে ৪০ জন ইংরাজী শিক্ষার জনো স্বাহ্য প্রকাশ করে। হিন্দু কলেজের অধ্যাপক জনৈক মিঃ টিটলারকে (Tytler) অভিরিক্ত দায়িত হিসাবে সংস্কৃত কলেজে অধ্যাপনার কান্ধে নিয়োগ করা হয়। এমব করার পর, সরকার হয়তো লজ্জার মাথা খেয়ে, ১৮২৯ সালে কোলকাতা মাদ্রাসায় ইংরাজী ক্লাস ঝোলার সিদ্ধান্ত করেন। প্রথম বৎসর এপ্রিল মাসে ইংরাজীতে ২৯ জন ছাত্র হয় এবং আগস্ট মাসে হয় ৪২ জন। কিন্তু ১৮৩৬ সালে রিপোর্টে জানা গেল ছাত্রসংখ্যা ১৩৬ থেকে হ্রাস পেয়ে-১০২ হয়েছে। দারিদ্রাই এর প্রধান কারণ বলে বর্ণনা করা হয়। কারণ মুসলমানগণ ইংরাজী শিক্ষার জন্যে নির্ধারিত ফিস্ দিতে অপারগ হয়। হান্টার সায়েব মন্তব্য করেন, "মাদ্রাসার অধিকাংশ ছাত্র প্রদেশের প্রত্যন্ত এলাকা থেকে আগমন করে। তাদের দারিদ্রোর কারণে তারা ইংরেজ তদ্রলাকদের খানসামাদের বাসায় জায়গীর থেকে এবং সায়েবদের জার্থিক সাহায্যে পড়াগুনা করে। (M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, pp. 74-80; Hunter: The Indian Mussalmans, p. 203)1

মুসলমানদের ব্রিটিশ আমলে শিক্ষা সম্পর্কে যে দীর্ঘ আলোচনা করা হলো তা দ্'তি কারণে। একটি হলো ইংরেজ সরকারের মুসলমানদের প্রতি বিমাতাসূলত আচরণ প্রমাণ করা। দ্বিতীয় কারণ হচ্ছে, মুসলমানরা ইংরাজী শিক্ষা বর্জন করেছিল—তাদের প্রতি আরোপিত এ অতিযোগ অমূলক প্রমাণ করা। আশা করি উপরের আলোচনায় এ বিষয় দ্'টি সুম্পষ্ট হয়েছে। প্রমাণ স্বরূপ আরও দু'একটি কথা বলে রাখি।

লর্ড মেকলে ১৮৩৪ সালে ব্রিটিশ পার্গামেন্টে আইন মেম্বর হিসাবে নিযুক্ত হন। তিনি ভারতের ব্রিটিশ সরকারের শিক্ষানীতির উদ্দেশ্য বর্গনা করে বলেন ঃ

"বর্তমানে আমাদের এমন একটি শ্রেণী গড়ে তুলতে হবে, সমাজে যারা শাসক ও শাসিতের মধ্যে লোভাষীর কাঞ্চ করবেন। তারা মাংসের গড়নে ও দেহের রঙ্কে ভারতীয় হবেন বটে, কিন্তু রুচি, মতামত, নীতিবোধ ও বৃদ্ধির দিক দিয়ে হবেন খাঁটি ইংরেজ। (Woodrow: Macaulay's Minutes on Education in India. 1862: আবদুল মওদৃদ, মধ্যবিত্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর, পৃঃ ৯৭)।

মেকলে জারও বলেন, জামার দৃঢ় বিশ্বাস, যদি আমাদের শিক্ষানীতি কার্যকর হয় তাহলে আন্ধ থেকে ত্রিশ বছরের মধ্যে শিক্ষিত ও সম্রান্ত বাঙালী সমাজে কোন মৃতিপূজকের জন্তিত্ব থাকবে না। (Trevelyan—Life and Letters of Lord Macaulay Vol. I, p. 455)

মেকলে সায়েব তাঁর প্রথম উক্তিতে ব্রিশ্ব বৎসর পর যা দেখতে চেয়েছিলেন, তা যে শুরু হয়ে গেছে, ইংলভে বসে হয়তো তা তিনি দেখতে পাননি। বৃতিশ পণ্যের চাহিদা কতখানি বেড়েছে তার তথ্য সংগ্রহ করা হয় ১৮৩২ সালে। এ তথা বিবরণীতে বলা হয় যে, কোলকাতা মধাবিত্ত প্রেণীতে বিলেতী বপ্রেরই চাহিদা বাড়েনি। বরক্ষ বিলেতী মদেরও চাহিদা—কদর বেড়েছে। তাদের মধ্যে বিলেতী বিলাসনুব্যের আকর্ষণ বেড়েছে। তাদের বিলেতী আসবাসপত্র সদ্ধিত বাড়ী আছে, জুড়িগাড়ী আছে এবং তারা মন্যপানও করছে। নেটিত্রা নিশ্বরই বেশী মদ খায়। কারণ ফিরিংগীপনায় (মেকলের ভাষায় রুচি, মভামত ও নীতিবোধের দিক দিয়ে হবে খাঁটি ইংরেজ) তাদের অনীহা বা দুণা বিষেধ নেই এটাই প্রমাণ করতে চায়। তারা মদ, ব্রান্ডি, বিয়ার খায়। (Select Committee Report, House of Commons, 1831-32: মণ্ডদুদ; পুঃ ১০)।

শিক্ষা বিষয়ে সরকারের 'পরিস্রাবণ নীতি' ব্যাখ্যা করে টিতেলিয়ান সায়েব বলেন, "ব্যবসায়ী ধনী, শিক্ষিত সম্প্রদায় প্রথমে লাতবান হবে; একদল নতুন শিক্ষকের আবির্তাব হবে; দেশীয় ভাষায় পৃস্তকাদি বেশী প্রকাশিত হবে। তথন এসবের হারা আমরা শহর থেকে গ্রামে, অল্প থেকে বিশাল জনসাধারণের ঘরে ছরে অপ্রসর হবো—প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠা করে। কমিটির বিবেচনায় দরিদ্রের কথাও চিত্তা করা হবে, তবে আমাদের সামর্থ সীমিত, অথচ লক্ষ লক্ষ

শোককে শিক্ষা দিতে হবে। এজন্যেই নির্বাচনের প্রয়োজন এবং প্রথমে উচ্চ মধ্যকিও শ্রেণীর গোকদের দিকেই লক্ষ্য দেয়া হয়েছে। কারণ তারা শিক্ষিত হলে জনসাধারণের মধ্যেও সুযোগ ছড়িয়ে পড়বে।"

(আবদুল মওদূদ ঃ মধাবিত্ত সমাজের বিকাশ, পৃঃ ৯৭-৯৮; Trevelyun । p. 48)।

টিভেলিয়ান সায়েবের মুখ দিয়ে ইংরেজ শাসকদের মনের কথাটি বের হয়ে পড়েছে। ধনিক-বণিক ও মধ্যবিত্ত হিন্দুপ্রেণীর সহযোগিতায় তারা মুসলমানদের কাছ থেকে রাজনৈতিক ক্ষমতা ছিনিয়ে নিয়েছে। ব্যবসা বাণিজাের ভেতর দিয়ে তাদের সাথে এ মধ্যবিশু শ্রেণীর মিতালি যনিষ্ঠতর হয়েছে। তাদেরকে যোলজানা তষ্ট রেখেই ভারা এদেশে শাসন ক্ষমতা প্রটট রাখতে সক্ষম হবে। প্রতএব তাদের অনুকম্পা যোল আনা যে এই একটি বিশেষ শ্রেণীর উপর বর্ষিত হবে, তাতে অবিচার হলেও আশ্চর্যের কিছু নেই। খৃষ্টান মিশনারীগণ এদেশে শিক্ষাবিস্তারের জনো প্রচেষ্টা চালায়। তবে তাদের উদ্দেশ্য মহৎ ছিল না মোটেই। শিক্ষার নাম করে মুসলমানদের কাছে তাদের 'সুসমাচারের' আহবান-ত্মাবেদন ব্যর্থতায় পর্যবসিত হয় বলে মসলমানদেরকে তারা সনজরে দেখতে পারতো না। এ বার্থতা শেষ পর্যন্ত তাদেরকে ইসলাম ও তার মহানবীর বিরুদ্ধে অপপ্রচারের পিঙ করে। অতএব মিশনারী, ইংরেজ শাসক ও তাদের দোসর হিন্দু भरधावित श्रुपी - अ जित्तत हरक मूजनमानमात जागा निरम्पवित द्या जाता শিশ্বার অঙ্গন ও জীবিকা থেকে দূরে নিঞ্চিত্ত হয়, এবং অন্য সকল সুযোগ সবিধা থেকে বঞ্চিত হয়।

এ দেশের লোকের শিক্ষা ও সুখ সুবিধার জন্যে যে অর্থের প্রয়োজন তা বিলাত থেকে আনতে হতো না। এদেশের অর্থই এ দেশের লোকের জন্যে বায় করা যেতো। এবং তা কর্বনো অনুগ্রহ অনুকম্পা বলেও বিবেচিত হতো না। এ ছিল এ দেশবাসীর অথিকার। কিন্তু এ অথিকার থেকে মুসলমানদেরকে করা হয়েছিল বিশ্বত। সরকারী তহবিল থেকে মুসলমানদের শিক্ষার জন্যে বায় বরাদ্দ করা ত দূরের কথা, মুসলমানদের শিক্ষার জন্যে প্রদত্ত গাঁরা আত্মসাত করেছেন এবং অপাত্রে বাবহার করেছেন। দৃষ্টান্ত স্বরূপ দানবীর হাজী মুহাম্মদ মুহসিনের দানের কথাই ধরা যাক। এ সম্পর্কে মুসলমানদের বক্তব্য পেশ না করে যাদরেল ইংরেজ ও খৃষ্টান হান্টার সায়েব কি বলেছেন তাই বিধৃত করা হছেঃ

"১৮০৬ সালে হগলী জেলার একজন ধনাত্য সম্ভান্ত মুসলমান মৃত্যুর সময় তার বিরাট জমিনারী সংকার্যে ব্যয়ের জন্যে নান করে যান। পরে তাঁর দৃষ্কিন টান্টীর মধ্যে বিবাদ শুরু হয়। ১৮১০ সালে তারা পরস্পরের বিরুদ্ধে সম্পত্তি জপব্যবহারের অভিযোগ জানলে সংকট চরমে উঠে এবং জেলার ইংরেজ কালেট্রর আদালতের সিদ্ধান্ত সাপেক্ষে সম্পত্তির দখল নিয়ে নেন। ১৮১৬ সাল পর্যন্ত মোকালমা চলতে তাকে এবং ভখন উভয় ট্রান্টীকে বরখান্ত করে উক্ত জমিনারীর ব্যবহাপনা সরকার নিজ হাতে গ্রহণ করেন। একজন ট্রান্টীর দায়িত্ব সরকার নিজে গ্রহণ করেন এবং দিতীয় জনের স্থলে নতুন একজনকে মনোনীত করেন। পরের বছর নির্ধারিত রাজস্ব প্রদানের শর্তে সমস্ত সম্পত্তি ইন্ধারা দেয়া হয়। মামলা চলাকালীন বকেয়া পাতলাসহ ইন্ধারা বাবদ প্রাপ্ত মোট জায়ের পরিমাণ লাভায় ১০৫,৭০০ স্টালিং পাউভ। এে জায় থেকেই কলেজ বিভিং এর মূল্য পরিশোধ করা হয়)। এ ছাড়াও জমিনারীর বার্ষিক স্বায়্য থেকে এ পর্যন্ত ১২০০০ স্টালিং পাউভ অধিক উত্বন্ত হয়।

"আগেই বলেছি, জমিলারীর আয় বিভিন্ন সৎ কাজে বায় করার জন্য ট্রাষ্ট্র গঠিত হয়। উইলে যেসব সংকাজে বায় করার কথা বলা হয়, তার মধ্যে রয়েছে কতিপয় ধর্মীয় প্রচার অনুষ্ঠান প্রতিশালন, হগলী ইমামবাড়া বা বড়ো মসজিদের রক্ষণাবেক্ষণ, একটি গোরস্থান, কতিপয় বৃত্তি এবং বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের বায় নির্বাহ করা। একটি শিক্ষা প্রতিষ্ঠানে অর্থ যোগান দেয়া ট্রাষ্ট্র গঠনের উদ্দেশ্যের আওতায় পড়ে। কিন্তু প্রতিষ্ঠাতার ইচ্ছানুসারে সেটাকে মুসলমানদের রীতিমাফিক শিক্ষা প্রতিষ্ঠান হতে হবে। মুসলিম দেশগুলিতে মেধাবী দরিদ্র ছাত্রদের জন্যে কলেজ প্রতিষ্ঠা করাকে ধর্মীয় কাজ হিসাবে গণ্য করা হয়। কিছু এই উইলের অর্থ কোন অ—মুসলিম কলেজের কাজে বায় করা উইলকারীর ইচ্ছার ব্যতিক্রম বলে বিবেচিত হবে এবং সেটা ট্রাষ্ট্রীদের ক্ষমতার গুরুতর অপব্যবহার হিসাবেই গণ্য হবে।

"সূতরাং এই তহবিদের টাকা একটি ইংরাজী কলেজ প্রতিষ্ঠার কাল্পে ব্যয় করায় মুসলমানরা কিরপ ক্রোধের সাথে ইংরেজ সরকারের বিরুদ্ধে তহবিদ তহরুপের অভিযোগ আনতে পারে তা সহজেই অনুমান করা যেতে পারে। কার্যতঃ হয়েছেও তাই। কেবলমাত্র ইনলাম-ধর্মীয় কাজে বায়ের উদ্দেশ্যে নিয়োজিত সম্পত্তির টাকা দিয়ে সরকার এমন একটি শিক্ষা প্রতিষ্ঠান পড়ে

'তুলেকে ধেখানে ইসলামের নীতিবিরোধী বিষয়সমূহ শিক্ষা দেয়া হয় এবং যে প্রতিষ্ঠান থেকে মুসলমানদেরকে কার্যতঃ বাদ দেয়া হয়েছে।

বর্তমানে এ প্রতিষ্ঠানের অধ্যক্ষ একজন ইংরেজ তদ্রশোক খিনি ফার্মী বা আরবী তাষার একটি বর্ণও জানেন না। মুসলমানরা খৃণা করে এমন সব বিষয় শিক্ষা দেয়ার জন্যে এ অধ্যক্ষ কেবলমাত্র মুসলমানদের কাজে ব্যয়ের উদ্দেশ্যে নিয়োজিত তহবিল থেকে বছরে ১৫০০ স্টার্লিং পাউত বেতন পেয়ে থাকেন। অবশ্য এটা ঐ অধ্যক্ষের কোন অপরাধ নয়। এজন্যে অপরাধী হক্ষেন সরকার যারা তাকে এ দায়িত্বে নিযুক্ত করেছেন। গত পর্যান্ত্রশ বছর যাবত সরকার ঐ বিরাট শিক্ষা তহবিলের অর্থ ইচ্ছাকৃতভাবে তছরুপ করে আসছেন। সরকার নিজের গুরুত্বর বিশ্বাস তংগের অপরাধ ঢাকা দেয়ার ব্যর্থ প্রয়াস হিসাবে ইংরাজী কলেজটির সাথে একটি ছোট মুসলমান স্কুলকে (হগলী মাদ্রামা) সংগ্রিষ্ট করেন। কলেজ বিভিং নির্মাণের জন্যে উক্ত তহবিলের ইনকা তছরুপ করা ছাড়াও কলেজ রক্ষণাবেক্ষণের জন্যে তহবিল থেকে বার্ষিক ৫০০০ স্টার্লিং পাউত ব্যয় করা হছে। অর্থাং প্রকৃত অবস্থা হচ্ছে এই যে, তহবিলের ৫২৬০ স্টার্লিং পাউত আয়ের মধ্যে মাত্র ২৫০ স্টার্লিং পাউত উক্ত ক্ষুদ্র মুসলিম স্কুলের জন্যে ব্যয় হচ্ছে এবং টাস্টের মৌল বৈশিষ্ট্যের প্রমাণ হিসাবে এ ক্ষুদ্র মুসলিম স্কুলটিই শুধু টিকে আছে।

"এ তছকপের অতিযোগ নিয়ে বাদান্বাদ করা খুব কটকর ব্যাপার কারণ এ
অতিযোগ খণ্ডন করা সম্ভবপর নয়। মুসলমানরা অতিযোগ করে বেড়াচ্ছে যে,
মুসলমানদের এ বিরাট ধর্মীয় সম্পত্তির মালিকানা দখলের জমদুদ্দেশ্যে বিধর্মী
ইংরেজ সরকার সম্পত্তির মুসলিম টাঙ্কীদের অব্যবস্থার সুযোগ গ্রহণ করেছেন
এবং তারপর দাতার পবিত্র ধর্মীয় উদ্দেশ্যের বরখেলাপ করে সরকার
মুসলমানদের ঝার্থ বিরোধী একটি শিক্ষা প্রতিষ্ঠান গঠন করেছেন যার ফলে
সরকারের কৃত জপরাধ অধিকতর গুরুতর হয়ে দেখা দিয়েছে। কণা হয়েছে যে,
কয়ের বছর আগে আলোচা ইংরাজী কলেজের মোট তিনশ' ছাত্রের মধ্যে এক
শতাংশও মুসলমান ছিল না। তারপর এই অবমাননাকর বৈষমা ব্লাস পেলেও
অবিচারের বিরুদ্ধে মুসলমানদের জসন্তোধ এখনও পর্যন্ত জব্যাহত রয়েছে।
বিষয়টি গতীরতাবে পর্যালোচনা করে দেখেছেন এমন এক সিতিলিয়ান
লিখেছেন—

"এ বিষয়ে ব্রিটিশ সরকার নিজের কাজের ছারা যে ঘৃণা ও অবমাননা কুড়িয়েছেন তাকে অতিরঞ্জিত করে দেখা অসুবিধাজনক বলে আমি মনে করি। আমার মন্তব্যের ভাষা কঠোর মনে হতে পারে, কিন্তু আমি প্রমাণ করে দেখাতে পারি যে, ভারতে আমার আটাশ বছর বসবাসকালে আমি বিষয়টির সত্যাসত্য ঘাচাই করে দেখেছি (এ দেশে প্রথম আগমনের কয়েক সপ্তাহের মধ্যেই আমি ছগলী সফর করি) এবং আমি বলতে পারি যে, তখন এদেশীয় বা ইউরোপীয় কারো কাছ থেকেই অন্য কিছু আমি শুনিনি। যথার্থ হোক বা না হোক মুসলমানরা মনে করে যে, এ ব্যাপারে সরকার তালের প্রতি অন্যায় ও সংকীর্থমনা আচরণ করেছেন, এবং তাদের কাছে এটা একটা স্থায়ী তিক্ত অভিক্রতায় পর্যবিসিত হয়েছে।"

(W. W. Hunter: The Indian Mussalmans, বাংলা জনুবাদ এম অনিস্ক্রামান, পৃঃ ১৬৩-১৬৫)।

এ ছিল দু'জন ইংরেজ সায়েবের স্পস্টোক্তি যাঁরা ব্রিটিশ সরকারের জতীব দায়িতুশীল কর্মচারী হিসাবে এদেশে এসেছিলেন। মুসলমানদের প্রতি চরম অবিচার দেখে তাঁদের জন্তরান্ত্রা হয়তো ভুকরে কেঁদে উঠেছিল। তারই অভিবাক্তি প্রকাশ পেয়েছিল তাঁদের লেখায়। কিন্তু এতেও কি অবিবেচক ও অন্যাচারী সরকারের টনক নড়েছিল? তাঁরা এ দেশের এক প্রেণীকে মনে করতেন তাঁদের দুশমন এবং আর এক প্রেণীকে জানের দোন্ত। নুশমনের ন্যায় হক আন্তুসাৎ করে তাই দিয়ে মনতৃষ্টি সাধন করেছেন দোন্তের। ব্রিটিশ শাসনের শেষ তক্ এ অবিচার অব্যাহত রয়েছে। প্রস্থাবন ১৯২৫ সাল থেকে ১৯৩০ পর্যন্ত উক্ত কলেজ সংলার ছোট্ট মুসলিম স্কুলে বাল্যজীবন কাটিরেছে। হান্টার সায়েবের বর্ণিত অবস্থার তথনো কোন পরিবর্তন দেখা যায়নি। ধর্মীয় দানের এর চেয়ে বড়ো আন্তুসাৎ ও অপব্যবহার আর কোনাও হয়েছে বলে মানব ইতিহাসে খুঁজে যে পান্তর্মা যাবে না তা নিঃসংকোচে বলা যেতে পারে। মুসলমানদের দুর্ভাগাই বলতে হবে যে, ব্রিটিশ এ দেশ থেকে চলে যান্তর্মার গর উন্তর্মাধিকার স্কুত্রে উক্ত দানের সম্পত্তি ও তহবিল লাত করেছেন তাদেরই সেকালের দোসর। অতএব অবস্থার পরিবর্তন অচিন্তর্নীয়।

ইংরেজ-শাসকগোষ্ঠী, খৃষ্টান মিশনারী ও বাংলার হিন্দু মধ্যবিত্ত শ্রেণী—এ ত্রিচক্রের গতীর ষড়যন্ত্রের ফলেই মুসলমানরা রন্ত্রীয় পৃষ্ঠপোষকতা থেকে পর্কিত হয় এবং তায় ফলে শিক্ষা দীক্ষা ও জীবিকার্জনের পথ তাদের রক্ষ হয়ে পায়। ১৮৩৭ সালের পয়লা এপ্রিল থেকে সরকারী কাজকর্মে অফিস আদাদতে ইয়োজী ভাষা চালু করা হয়। উল্লেখযোগ্য যে, ইংরেজরা ক্টবৃদ্ধির আপ্রয় নিয়ে চুলে চুলে ইংরাজীকরণ নীতি চালু করে; তায় জন্যে কোন পূর্ব ঘোষণা না করেই। এর একমাত্র উদ্দেশ্য ছিল, জনসমষ্টিকে সচেতন না করে, নিজের সংকল্প কার্যকর করা। তাদের প্রয়পাত্র শ্রেণীটির কিন্তু এ গোপন ষভ্যন্ত জানা ছিল। তাই পয়লা এপ্রিল থেকে হঠাং ইংরাজী ভাষা হওয়ার সাথে সাথে তারা সকল সরকারী অফিসগুলিতে জেকৈ বসে গেল। এদিকে ইংরেজ মিশনারীদের কৃট চালে জারবী ফার্সী শব্দাপ্রত মুসলমানদের প্রেষ্ঠ ভাষা–অবদান উদ্কেত স্থানচ্যুত করে সংস্কৃত শব্দবহল হিন্দুস্থানী ভাষাও সৃষ্ট হয় এবং সরকার অনুমোদিত একমাত্র দেশীভাষা হিসাবে চাকুরী প্রান্তির সনদ হিসাবে শ্বীকৃত হয়।

(জাবদুশ মওদূদ ঃ মধ্যবিস্ত সমাজের বিকাশ · · · পৃঃ ৯৮–৯৯)। এর উদ্দেশ্য ছিগ মুসলমানদের জন্যে সকল চাক্রীর দার রুদ্ধ করে দেয়া।

এতাবে ইংরাজী শিক্ষার বোধন হয়েছিল প্রধানতঃ রাজনৈতিক গরজে এবং নগরবাসী একটিমাত্র প্রেণীর মংগল বিধানে। বাস্তবপক্ষে ইংরাজী শিক্ষাই হলো এদেশীরদের সরকারী অফিস জাদালতে চাকুরী লাভের একমাত্র পাসপোর্ট। আর এজনো এ ভাষাটার শিক্ষা হয় দ্রুন্ত, নিশ্চিত ও সর্ববাণক। কিন্তু এ শিক্ষানীতির সবচেয়ে মারাত্মক দিক হলো, মাত্র মধ্যবিপ্ত ভদুসমাজেই তা সীমিত করা হয়েছিল, জনসাধারণ মর্মান্তিকভাবে উপেক্ষিত হলো। আবার ইংরাজী শিক্ষার সমন্ত সুযোগ সুবিধা মধ্যবিস্ত শ্রেণীর হিন্দুরাই আত্মসাৎ করলো, অভিজাত হিন্দুরা এবং সমন্ত মুসলিম দূরে পড়ে রইলো। দেশকে ইংরেজীরানা করণের এই অনুপ্রবেশ–যুদ্ধে মেকলে পদ্বীরাই জয়ী হয়েছিলেন। (আবদুল মণ্ডদুদ ঃ মধ্যবিস্ত সমাজের বিকাশ . . . পৃঃ ৯৯–১০০; John Marshall : An Advanced History of India, pp. 818-19)।

উনবিংশ শতাব্দীর শিক্ষাঙ্কন ও চাকুরী ক্ষেত্রে মুসলমানদের কি অবস্থা ছিল সে সম্পর্কে সম্যক উপলব্ধির জন্যে নিগ্নে কিছু খতিয়ান সংযোজিত হলো।

১৮৫২ সালের ৩০শে এপ্রিলে সরকারী স্কুল কলেক্সে ছিলু ও মুসলমান ছাত্রসংখ্যাঃ

শিক্ষা প্রতিষ্ঠান	হিন্দু	মুসক্ষান	वनाना	মোট
হিন্দু কলেজ	895			
পাঠমালা	426	0	0	895
डाक द्रग	200	0	0	576
সংমৃত কলেজ	233	0	0	200
মাল্রাসা	0	0	0	255
হুগদী কলেজ	৩৮১	800	0	800
रंगणी जाक द्रम		8	2	929
হগলী মাদ্রাসা	200	3	4	7@8
दशनी भक्तव	72	286	0	790
সীতাপুর মাদ্রাসা	9	89	0	99
	0	80	0	80
টাকা কলেজ	७२७	22	607	0 र ७
কুম্বলগর কলেজ	200	9	5	220
চট্টগ্রাম কলেজ	26	þr	20	220
কুমিলা কলেজ	47	6	8	25
সিলেট কলেজ	70	22	2	24
বাউলিয়া কলেজ	64	0	4	be
प्यिमिनी पूर करन्य	229	9	3	250
যশোর কলেঞ	26	q	0	200
বর্ধমান কলেজ	93	6	0	98
বীকুড়া কলেজ	9.8	0	0	98
বারাসত কলেজ	398	0	0	
হাওড়া কলেজ	250	6	o	748
ট্রন্তরপাড়া কলেজ	390	0		759
ারাকপুর কলেজ	66	٤	0	290
সেপাগলা কলেজ	20	09	0	90
	20	. 04	O	89
মাট	01/18	054		

(A. R. Mallick : British Policy & the Muslimsin Bengal, p. 280)

শিকা প্রতিষ্ঠান	हिन्	<b>म्</b> भनभाग	धनााना	মোট
প্রেসিডেপী কলেজ	229	0	a	205
হিণু কলেভা	862	0	0	864
कन्दिमा भूम	459	0	8	693
মান্তাসা (ভারবী)	6	42	0	65
মান্তাসা (এপি)	6	222	0	222
कमिश्त बुन	328	30	8	280
সংস্কৃত কলেজ	৫৩৩	0 .	0	993
পঠেশালা	084	0	0	080
মেভিক্যাল কলেজ	386	2.6	08	295
হগলী কলেজ	844	9	6	866
হুগলী মাদ্রাসা	8	390	c	395
হগলী ব্ৰাঞ্চ স্থূপ	74%	br	0	399
ঢাকা কপেজ	000	28	87	800
কৃষ্ণনগর কলেজ	280	9	G	289
বহরমপুর কলেজ	229	20	a	282
হাওড়া স্থুল	223	9	8	206
উত্তরপাড়া স্কুল	200	0	0	200
বীরভূম স্থুল	308	70	.0 *	778
মেদিনীপুর স্থুল	280	50	0	200
বাঁকুড়া মূল	386	2	0	289
वाउँनिया क्न	259	a	0	208
রসপাগলা স্কুল	80	6.0	.0	700
বারাসত স্থূল	795	٥	0	799
বারাকপুর স্থূপ	77.0	2	o,	772
যশের স্থুল	708	à	3	787
<b>ला</b> हेना कुन	288	8	0	78>

বাংগার মুসলমানদের ইতিহাস ১৭৫

১৭৪ বাংগরে মুসলমানদের ইভিহাস

শিক্ষা প্রতিষ্ঠান	হিন্	মুসলয়ান	খন্যান্য	মোট
ফব্রিনপুর স্কুল	503	8	0	206
বরিশাল স্কুল	208	22	9	208
কুমিলা স্কুল	20	56	n	778
নোয়াখানী স্কুল	44	2	8	92
চট্টগ্রাম স্থূল	299	84	78	222
বগুড়া সুন	50	6	0	57
দিনাজপুর স্থুণ	. 228	, br	8	750
ময়মনসিংহ ভুল	269	3	b	728
সিলেট স্কুল	>09	a	2	798
মেটি	4004	903	289	2274

(A. R. Mallick: British Policy & the Muslims in Bengal, p. 281) বাংলায় রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতায় চাকুরীক্ষেত্রে এপ্রিল ১৮৭১ সালে মুসলমানদের স্থান কোবায় ছিল তার একটি খতিয়ান সংযোজিত করেন হান্টার সায়েব তার প্রস্থে। তা নিমন্ত্রপ ঃ

	ইউরোপীয়ান	হিন্দু	মুসলমান	মোট
চুক্তিবদ্ধ সিভিল সার্ভিস				
মেহান্ত্রানী কর্তৃক ইংলভ থেকে	260	0	ø	240
নিয়ো <del>গ</del> পত্ৰ প্ৰান্ত)				
রেগুলেশন বহির্ভূত জেলাসমূহে				
বিচার বিভাগীয় অফিসার	89	0	0	89
একটা আসিস্ট্যান্ট কমিশনার	26	9	0	00
ভেপ্টি ম্যাজিস্ত্রট ও ডেপ্টি কালেউর	20	270	90	296
ইনকাম ট্যান্ত জ্ঞানেসর	22	80	6	60
রেজিস্ট্রেশন বিভাগ	00	20	2	60
খল কটেভ কোটের জন্ম ও				
সাব-অর্ডিনেটজ্জ	38	20	6	89
<b>মূ</b> শেফ	0	398	ত্ৰ	5 20
পুলিশ বিভাগ, সকল গ্রেডের পেছেটে	6			
অফিসার	506	0	0	505
গণপূর্ত বিতাগ, ইঞ্জিনিয়ারিং				

১৭৬ বাংলার যুসনমানদের ইতিহাস

875	78	٥	822
৩৮	78	2	an
ba	80	8	20,2
22	48	0	4%
৭২	320	8	২০১
108	29	0	290
	92	92 320	92 320 8

W.W. Hunter: The Indian Mussalmans, Bangladesh Edition 1975, p. 152)1

উপরোক্ত বতিয়ানটি সংযোজিত করার পর হান্টার সায়েব নিম্নোক্ত মন্তব্য করেন ঃ

একশ' বছর পূর্বে সকল সরকারী পদ মুসলমানদের ছিল একচেটিয়া। কদাছিৎ
শাসকলপ কিছু অনুমহ বিতরণ করলে হিলুরাও গ্রহণ করে কৃতার্থ হতো; এবৎ
টুকটাক দু'একটা অথবা কেরানীগিরিতে দু'চারটা ইউরোপীয়ানকে দেখা যেতো।
কিন্তু উপরের হিসাবে দেখানো হয়েছে যে, পরবর্তীকালে হিলুদের তুলনায়
মুসলমানদের হার দাঁড়িয়েছে সাত ভাগের একভাগেরও কম। আর হিলুদের
সংখ্যা ইউরোপীয়ানদের তুলনায় অর্ধেকেরও বেশী। আর মুসলমানদের সংখ্যা
ইউরোপীয়ানদের এক চতুর্ধাংশেরও কম। একশ' বছর পূর্বে সরকারী চাকুরীতে
যাদের একচেটিয়া অধিকার ছিল, এখন তাদের আনুপাতিক হার মোট সংখ্যার
তেইশভাগের এক ভাগে এসে দাঁড়িয়েছে। এও আবার গেন্কেটেড চাকুরীর বেলায়
যেখানে রাষ্ট্রীয় পৃষ্ঠপোষকতা বেটনের ব্যাপারে যথেষ্ট সতর্কতা অবলম্বন করা
হয়। প্রেসিভেশী শহরের অপেকাকৃত সাধারণ চাকুরীতে মুসলমানদের নিয়োগ

বাংশার মৃশশমানদের ইতিহাস ১৭৭

প্রায় বন্ধ হয়ে গেছে। ক'দিন আগে দেখা গেশ যে, কোন একটা বিভাগে এমন একজন কর্মচারীও নেই যে মুসলমানের ভাষা জানে এবং কোলকাতার বুকে কলাচিৎ এমন একটা সরকারী অফিস চোখে পড়ে যেখানে চাপরাশী ও পিয়নের উপরের পদে একটিও মুসলমান চাকুরীতে বহাল আছে।

এ সবের কারণ কি এই যে, মুসলমানদের চেয়ে হিন্দুরা অধিকতর যোগ্য এবং সূবিচার পাবার অধিকার শুধু তারাই রাখে? অথবা ব্যাপার কি এই যে, সরকারী কর্মক্ষেত্রে তারা আসতে চায় না এবং তাদের চাকুরীর জায়গাগুলি হিন্দুদের জন্যে ছেড়ে নিয়েছে? হিন্দুরা অবিশ্যি উৎকৃষ্ট মেধার অধিকারী, তাই বলে সরকারী চাকুরীগুলি একচেটিয়া অধিকার ভোগ করার জন্যে যে ধরনের সার্বজনীন ও অসাধারণ মেধা দরকার, তা বর্তমানে তাদের মধ্যে নেই এবং তাদের অতীত ইতিহাসও একথার পরিপন্থী। আসল সতা কথা এই যে, এদেশের শাসন ক্ষমতা যখন আমাদের হাতে আসে তখন পর্যন্ত মুসলমানরাই ছিল উচ্চতর জাতি। উচ্চতর শুধু মনোবল ও বাছবদের দিক দিয়েই নয়, বরক্ষ রাজনৈতিক সংগঠন পরিচালনার নক্ষতা এবং রাষ্ট্র পরিচালনার বাস্তব জ্ঞানের নিক দিয়েও তারা ছিল উত্নতর জাতি। এতদসত্বেও সরকারী বেসরকারী কর্মক্ষেত্রে মুসলমানদের প্রবেশ পথ বন্ধ হয়ে গেছে। (W.W. Hunter: The Indian Mussalmans, pp. 152-53)।

উপরোক্ত খতিয়ানে জনশিক্ষা বিভাগে মুসলমানদের যে অবস্থা দেখানো হয়েছে, তার থেকেই স্পষ্ট প্রতীরমান হয় যে, মুসলমানদের জীবিকার্জনের পথ বন্ধ করার জন্যে কিতাবে শিক্ষার অংগন থেকে তাদেরকে দূরে রাখা হয়েছিল। মুসলমানদের ইংরেজী শিক্ষার ব্যবস্থা করার জন্যে সরকারের প্রতি বার বার দাবী জানানো হয়েছে। কিন্তু সবই অরগ্যেরোদন হয়েছে। মুসলমানার ছিল দারিদ্র—নিম্পেষিত। উচ্চশিক্ষার ব্যয়তার বহন করা তাদের পক্ষে সম্ভব ছিল না। কিন্তু এ ব্যাপারে মুসলমানদের লানের টাকাও সন্থাবহার করা হয়নি। বরঞ্চ তা জাত্মসাৎ করা হয়েছে।

সৈয়দ আমীর হোসেন নামক পাটনার একজন মুসলমান ১৮৭৩ সালে সম্বরচন্দ্র মিত্রের স্থলে বাংলা বিধানসভার সত্য নিযুক্ত হন। মুসলমানদের মধ্যে ইংরেজী শিক্ষার প্রসার বৃদ্ধিকল্পে তাঁরও উৎসাহের অন্ত ছিল না। ১৮৮০ সালে তিনি মুসলমানদের শিক্ষা সহস্কে একটি পুন্তিকা প্রকাশ করে তাদের শিক্ষা বিস্তৃতির জন্যে বিশেষ জোর দেন। তিনি বঙ্গেন—

মুগলখানদের ইংরেজী শিক্ষার উন্নতি হচ্ছে না। সরকার এ বিষয়ে উদাসীন।

যে ধরেজী শিক্ষা না করায় ভারতের অন্যান্য জাতির সঙ্গে মুগলমানরা

রাজিয়োগিতায় দাঁড়াতে পারে না। অথচ মুগলমানরা ইংরেজী শিক্ষায় আগ্রহী...

অনেক আরবী—ফার্সী শিক্ষিত ব্যক্তিকে দুঃখ করতে শোনা যায় তাঁরা ইংরেজী

শিক্ষায় সুযোগ পাননি। এজন্যে তাঁদের কোন জীবনোপায় নেই। মহসিন ফান্ডের

টাকায় হগলাঁ, রাজশাহী ও চট্টগ্রামে যে ধরনের মাদ্রাসা শিক্ষার ব্যবস্থা রয়েছে,

তার ধারা কোন উপকার হয় না। অতএব হুগলী মাদ্রাসা সূলে দেয়া হোক।

রাজশাহী ও চট্টগ্রামের মাদ্রাসার বয় সংকোচ করা হোক। এভাবে মহসিন

ফান্ডে যে ৯৩ হাজার টাকা উদ্বুভ হবে, তার দ্বারা কোলকাতা মান্রাসার গৃহে

যেওছে ডিগ্রী কলেজ খোলা হোক। এর ফলে মুসলমানদের মধ্যে ইংরাজী

উচ্চশিক্ষা বৃদ্ধি পাবে। অথচ সরকারের পৃথক থরচ হবে না।

কিন্তু এমন সদযুক্তি সরকারের গ্রাহ্য হয়নি। তদানীন্তন গতর্গর আমীর হোসেনের প্রস্তাবে কর্ণপাত করেননি। এই অভ্যাত দেখিয়ে—"এখনও মুসলমানদের মাদ্রাসা শিক্ষার প্রতি জাগ্রহ কমেনি, ইংরেজী শিক্ষার প্রতি জাগ্রহ বাড়েনি। সারা বাংলাদেশে গড়ে ৩২ জন মুসলমান ছেলে বছরে এক্টাঙ্গ পাশ করে। তাদের মধ্যে বড়জোর ২০ জন কলেজে পড়ে। এতো কম সংখ্যক ছাত্র দিয়ে প্রেসিডেগীর মতো কলেজ খোলা যুক্তিযুক্ত হবেনা। কোলকাতার কলেজগুলিতে মুসলমান ছাত্রদের এক তৃতীয়াংশ বেতন নিয়ে পড়ার ব্যবস্থা করলেই যথেষ্ট হবে।"

একদিকে বিদেশী রাজশক্তির বিরূপ মনোতাব হেতু নিপীড়ন, উদাসিন্য ও জবহেলা, জনাদিকে সেই শক্তিরই জনুমহণুষ্ট প্রতিবেশী সম্প্রদারের হৃদয়হীন বক্ষনা ও রার্থরক্ষার তাগিদে মুসলমানদেরকে শিক্ষা তথা জীবনোপায়ের সবক্ষেত্র হতে সুপরিকল্পিত বিতাড়ন—এই ছিল মুসলমানদের পশ্চানপদতার কারণ।

(আবুদল **মন্ত**দ্দ ঃ মধ্যবিত্ত সমাজের বিকাশ . . পৃং৩৩২-৩৪)।

ইংরেজী শিক্ষার প্রয়োজনীয়তা উপপন্ধি করে গুধুমাত্র মুসলমান ছেলেরাই ইংরেজী শিক্ষার জন্যে লালায়িত ছিল না। পর্নার অন্তরালে মুসলমান বালিকারাও এর জন্যে আগ্রহানিত ছিল। কিন্তু তালের জন্যে কোন ব্যবস্থা করা হয়নি। ১৮৪৯ সালে কোলকাতার বেপুন কুল (পরে বেপুন কলেজে রূপান্তরিত) স্থাপিত হলেও সেখানে মুসলমান বালিকার প্রবেশাধিকার ছিল না।

ত্বাবদুপ মন্তদূল তাঁর গ্রন্থে ১৩০৯ সালের ২৩শে মাঘে প্রকাশিত 'মুসলিম বাংলা সাময়িকপত্রের' বরাত দিয়ে বলেন-

'মিহির ও স্থাকর' পত্রিকার একটি প্রবন্ধ 'মুসলমান স্ত্রী সমাজে ইংরেজী শিক্ষা' –এরূপ পিখেছিপেন ঃ

আমরা কখনও স্বপ্নে ভাবি নাই ১৯০১ সালের আদমশুমারী আমানের নিকট ৪০০ (চারশত) মুসলমান স্ত্রীপোকের ইংরেজী শিক্ষার কথা প্রচার করিবে। একখা প্রচারিত হওয়ার পর আমানের কর্তব্য কি? যদি অপ্রপুরে ইংরেজী শিক্ষার প্রচলন সম্ভব, তবে স্কুল স্থাপন করিয়া বালিকাগণকে শিক্ষা দিতে আপত্তি কি? কণিকাতার বেথুন স্কুলে মুসলমান বালিকার প্রবেশাধিকার নাই। বেথুন স্কুল ছাড়া অন্যান্য স্কুলে পড়িতে পারে। বিশেষ করে আমানেব বালিকা মালাসাগুলিতে ইংরেজী শিক্ষার ব্যবস্থা করিলে সর্বোৎকৃষ্ট পত্তা অবলম্বন করা হয়। (আবদুল মওলুদ ঃ মধ্যবিস্ত সমাজে বিকাশ...পুঃ ৩৩৫)।

কিছু মুসলমানদের সকল আবেদন নিবেদন, তাদের অধিকার প্রতিষ্ঠার দাবী সবকিছুই জরণ্যে রোদনে পরিণত হয়েছে। তার ফলে হততাগ্য মুসলিম সমাজ প্রায় শতাব্দীর লাবত শিক্ষার আপোক থেকে বঞ্জিত রয়ে গোল। বিংশতি শতাব্দীর প্রথম পাদে মুসলমানদের উকশিক্ষার জন্যে ১৯২৫ সালে কোদকাতা ইসলামিয়া কলেজ ও তার কিছু পূর্বে মুসলিম বালিকাদের জন্যে শাখাওয়াত মেমোরিয়াল বালিকা বিদ্যালয় স্থাপিত হয়। তারত বিতাগের কিছুকাল পূর্বে কোলকাতায় মুসলমানদের জন্যে লেভি ব্রাবোর্ণ কলেজ স্থাপিত হয়।

## বাংলার মুসলমান ও বোধনকৃত নতুন বাংলা ভাষা

বাংলা তাষার এবং বিশেষ করে বাংলা গদ্যের জন্ম ও ক্রমবিকাশের উপরে বাংলা তাষার পভিতগণ দীর্ঘ আলোচনা করেছেন এবং এর উপরে বিরাট বিরাট গ্রন্থও রচিত হয়েছে। সে আলোচনার জবকাশ এখানে নেই। তবে, বাংলার মুসলমানদের ইতিহাস থেকে বাংলা তাষার আলোচনা বাদ দিলে ইতিহাসের প্রতি জবিচার করা হবে। সেজন্যে সংক্ষেপে হলেও এ বিষয়ে মূলকণা কিছু বলে রাখা দরকার। বাংলাভাষার ইতিহাস আলোচনা করলে দেখা যায় ১৭৭৮ সালের পূর্বে এর রূপ ও আকৃতি ছিল একরেল এবং পরে এ তাষা ধারণ করে আর এক রক।

এদেশে ইংরেজদের অগমনের পূর্বে বাংলাভাষার যে রূপ ছিল ভার মধ্যে ছিল জজন্ত্র আরবী—ফার্সী শব্দের মির্রুণ। এ ছিল তৎকালীন সর্ববংগীয় মাতৃভাষা। এ সাহিত্যের বিকাশ ছিল প্রধানতঃ পদ্যে। গদ্য সাহিত্যের ততোটা প্রচলন ছিল না। থাকলেও ভার উন্নতিকল্পে কোন প্রচেষ্টা চালানো হয়নি। এই যে ভারবী—ফার্সী শব্দবহল বাংলা ভাষা এ শুধু এ দেশের মুসলমানের ভাষা ছিল না। হিন্দু মুসলমান নির্বিশেষ সকলেরই ছিল এ ভাষা। চিঠিপত্র, দলিল দম্ভাবেজ, সরকার সমীপে আবেদন নিবেদনে হিন্দু—মুসলমান উভয়েই এ ভাষা ব্যবহার করতো। প্রাচীন রেকর্ড থেকে গৃহীত জনৈক হিন্দু কর্তৃক একখানি পত্রের উদ্বৃতি দৃষ্টান্তস্বরূপ পেল করা হচ্ছে—

শ্রীরাম। গরীব নেওয়ান্ধ সেলামত। আমার ন্ধমিদারী পরগণে কাকন্ধেল তাহার দুইগ্রাম শিকিন্তি হইয়াছে সেই দুই গ্রাম পয়ন্তি হইয়াছে—চাকালেএকবেলপুরের প্রী হরে কৃষ্ট রায় চৌধুরী আন্ধ ন্ধরনান্তি দখল করিয়া ভোগ করিতেছে। আমি মালগুলারীর সরবরাহতে মারা পড়িতেছি—উমেদওয়ার যে সরকার হইতে আমিও এক চোপদার সরেন্ধমিনেতে পঁছচিয়া তোরফেনকে তলব দিয়া আদালত করিয়া হক দেলাইয়া দেন। ইতি ১১৮৫ তারিখ ১১ প্রাবণ। ফিদবী ভাগতাধিব রায়। (চিঠিখানির ইংরেন্ধী তারিখ হবে ১৭৭৮ সালের ২৬শে খুলাই)।

এ চিঠিখানির উল্লেখ করে সমকালীন বাংলা সাহিত্য ও সংস্কৃতির উপর সঙানীকান্ত এপ্রপ মন্তব্য করেন ঃ

এক হিসেবে ১৭৭৮ খৃষ্টাব্দে যে ভাষার প্রমাণিক আত্মপ্রকাশ দেখিতেছি 
ভাহা দেশে মুসলমান প্রভাবের ফল। পরবর্তীকালে হেনরী-পিটার ফুষ্টার ও 
উইলিয়াম কেরী বাংলা ভাষাকে সংস্কৃত জননীর সন্তান ধরিয়া আরবী পারসীর 
অনধিকার প্রবেশের বিরুদ্ধে রীতিমত ওকালিত করিয়াছেন। (বাংলা সাহিত্যের 
ইতিহাস পৃঃ ৬২)।

সজনীকান্ত আরও বলেন ঃ কিন্তু ইংরেজের আগমন না ঘটিলে আজিও আমাদিগকে 'গরীব নেওয়ান্ত সেলামত' বলিয়া শুরু করিয়া 'ফিদবী' বলিয়া শেষ করিতে হইতো। তাহা মংগলের হইত কি অমংগলের হইত, আজ সে বিচার করিয়া লাভ নাই।...১৭৭৮ বৃষ্টাব্দে এই আরবী পারসী নিস্দন যজ্ঞের সূত্রপাত এবং ১৮৩৮ বৃষ্টাব্দে আইনের সাহায্যে কোম্পানীর সময় সদর–মফস্বল আদালতসমূহে আরবী পারসীর পরিবর্তে বাংলা ও ইংরেজীর প্রবর্তনে এই যজ্ঞের

পূর্ণাহতি। বিষয়চন্দ্রের জনাও এই বৎসরে। এই যজের ইতিহাস অত্যন্ত কৌতৃহলোদ্দীপক। আরবী পারসীকে অতদ্ধ ধরিয়া শুদ্ধ পদ প্রচারের জন্য সেকালে কয়েকটি অভিধান রচিত ও প্রকাশিত হইয়াছিল। সাহেবরা সুবিধা পাইলেই অরবী ও পারসীর বিরোধিতা করিয়া বাংলা ও সংস্কৃতকে প্রাধানা দিতেন। ফলে দশ পনের বংসরের মধ্যেই বাংলা গদ্যের আঞ্জি ও প্রকৃতি সম্পূর্ণই পরিবর্তিত হইয়াছিল। (বাংলা গদ্য সাহিত্যের ইতিহাস—পৃঃ ৩২)।

উপরে বর্ণিত উইলিয়াম কেরী সায়েবদের আরবী—ফাসীর বিরুদ্ধে ওকালতির কারণ ছিল। আবদূল মণ্ডদূদ যথার্থ বলেছেন— প্রাচ্য হল্ডে ইউরোপের বিজয়াজিয়ান হয়েছিল সুপরিকল্পিত তিনটি উপায়েঃ পণ্যবাহী বণিকরূপে, তার পিছনে অক্স নিয়ে পণ্য নিরাশন্তার অজুহাতে এবং তাদের পিছনে মিশনারী নিয়ে পাচাত্য পিন্ধা ও সংস্কৃতির তালিম দেয়ার মহৎ উন্দেশ্যে। (আবদূল মণ্ডদূল ঃ মধ্যবিত্ত সমাজের বিকাশ . . পৃঃ ৩৬৩)।

পান্চাত্য শিক্ষা ও সংস্কৃতির তালিম দেয়ার জন্য তৃতীয় পর্যায়ে এসেছিল বৃষ্টান মিশনারীগণ। কথাটি অত্যন্ত তাৎপর্যপূর্ণ। ব্রিটিশ সাম্রাজ্যের অধীন দেশগুলিতে বৃষ্টধর্ম প্রচারের জন্য ইংলক্তে কতকগুলি ধর্মীয় সংস্থা গঠিত হয়েছিল; তাদের মধ্যে উইলবারফোর্সের নেতৃত্বে রাপহাম উপদল্টি (Clapham Seer) বিশেষ উল্লেখযোগ্য। চার্লস্ প্রান্ট ছিলেন এ উপদল্টির সদস্য এবং ইস্ট ইন্ডিয়া কোম্পানীর একজন ডিরেক্টর। তিনি তারত ক্রমণের পর এ দেশের অধিবাসীদের ধর্মীয় ও নৈতিক অবস্থার এক নৈরাশ্যজনক চিত্র তুলে ধরে বলেন, তারা যে অন্ধকারে নিমজ্জিত হয়ে আছে তার একমাত্র সমাধান হচ্ছে— তাদের মধ্যে খৃষ্টধর্মের আলোক প্রজ্জালিত করা। হিন্দুরা জক্র বলে তারা তুল করছে। তাদের ভ্রান্তি তাদের কাছে তুলে ধরা হয়নি। তারা যে উচ্ছ্ংগলতা ও পাপাচারে লিঙ আছে, তা দূর করার সর্বোৎকৃষ্ট উপায় হচ্ছে তাদের মধ্যে আমাদের আলোক ও জ্ঞান বিতরণ করা।"

(Grant's Observations, published in the printed parliamentary paper relating to the affairs of India Several Vol. viii (734), Appendix I. Published 1832, pp. 3-60; M. Fazlur Rahman: The Bengali Muslims & English Education, pp. 30-32)1 দৃষ্ঠান মিশনারীগণ তাদের ধর্ম প্রচারের জন্যে প্রধানতঃ এ দেশের হিন্দুকে বিছে নিয়েছিল। এ কাজের জন্যে তাদের অনিবার্যরূপে প্রয়োজন হয়েছিল বাংলাভাষা শিখবার ও শিখাবার। হগলী প্রীরামপুরে এ উদ্দেশ্যে তারা একটি বাশাখানা প্রতিষ্ঠিত করে। পূর্বে বলা হয়েছে—এযাবত বাংলায় যে বাংলা তাষা রূপ পাভ করেছিল—তা ছিল মিশ্র বাংলা অর্থাৎ আরবী—ফার্সী শব্দ মিশ্রিত বাংলা। যদিও এ বাংলা হিন্দু মুসলমান উভয়ের কণ্যভাষা ছিল, তথাপি হিন্দু বাশ্বাপ পত্তিতগণ এ তাষাকে ভূণা করতেন। মুসলমান জাতি তাদের কাছে ছিল গুণিত। সম্ভবতঃ গৌড়া হিন্দু পভিতগণ আরবী—ফার্সী শব্দের মধ্যে 'গোমাংলের' গদ্ধ অনুভব করতেন। এ ভাষাকে তাঁরা প্রাকৃত বা লৌকিক আখ্যা দিয়ে অভিশাপ করলেন। ইতিপূর্বে মুসলমান স্বল্ডনদের আমলে এ ভাষায় অনেক হিন্দুধর্ম—এস্থ অনুদিত হয়েছিল। একালের পভিতগণ ফতোয়া দিলেন ঃ

অষ্ট্রাদশ পুরাণানি রামস্য চরিতানিক, ভাষায়াং মানবঃ শ্রুত্বা রৌরবং নরকং ব্রন্ধেৎ।

—ভাষায় অর্থাৎ লৌকিক ভাষায় অষ্টাদশ পুরাণ রামচরিত ইত্যাদি থে মানব ওলবে, তার ব্যবস্থা রৌরব নরকে।

(আবদ্ল মওদ্দ ঃ মধ্যবিশ্ব সমাজের বিকাশ...পৃঃ ৩৪৪)।

এ কথা কৃষ্টান মিশনারীগণও ভালোভাবে উপলব্ধি করেন যে, যে ভাষার প্রতি হিন্দু পভিতপণ ঘূলা পোষণ করেন, সে ভাষার শুক্তিরন ব্যতীত তার ধারা কৃষ্টধর্মে আকৃষ্ট করা কষ্টকর হবে। ভাই তাঁরা এক ঢিলে দৃই পাখী মারার পরিকল্পনা নিয়ে জ্ঞাসর হন। ভাষাকে জারবী—ফার্সার খোঁরাচ্ থেকে রক্ষা করে হিন্দুর গ্রহণযোগ্য করা, এবং মুসলমানদের বাংলা মাতৃভাষার নিসূদন বক্ত বা ধাংসযক্ত সম্পাদন করা যার উল্লেখ সক্তনীকান্ত করেছেন। এ মহান (१) উদ্দেশ্য নাগানিয়েল ব্রাসি হালহেভ (Halhed) ১৭৭৮ সালে A Grammar of the Bengali Literature নামে বাংলা ব্যাকরণ প্রণমন করেন এবং প্রীরামপুর প্রেস থেকে প্রকাশিত হয়। মৃত্রিত গ্রন্থ হিসাবে এইটিই ছিল প্রথম যাতে প্রথম বাংলা জন্ধর ব্যবহৃত হয়। এ ব্যাকরণের মাধ্যমে এতদিনের প্রচলিত বাংলা ভাষার পরিবর্তে এক নতুন বাংলা ভাষার সৃষ্টি হয়। যে ভাষা ছিল একেবারে জারবী—ফার্সী শব্দ বিবর্জিত এবং সংকৃত শব্দবহল। ব্যাকরণাটর ভূমিকার হ্যালহেভ

বলেন, "এ যুগে তাঁরাই মার্জিত ভাষায় কথা বলেন, যাঁরা ভারতীয় ক্রিয়াপনের সংগে জ্জন্ত জারবী ফার্সী বিশেষ্যের মিশ্রণ ঘটান।" ক্ষতএব একথা নিঃসল্পেহ যে, আঠারো শতকের মার্জিত বাংলা কথাভাষা এবং গন্য ভাষার কাঠোমোতে ছিল জ্জন্ত জারবী-ফার্সী শব্দের মিশ্রণ—যার দৃষ্টাপ্ত উপরে বর্ণিত জনৈক হিন্দু জ্গতাধিব রাম্বের পত্রে আমরা লক্ষ্য করেছি।

উল্লেখযোগ্য যে, কোশানীর ইংরেজ সিভিদিয়ানদেরকে বাংলা ভাষা শিক্ষা দেয়ার জন্যে ১৮০১ সালে ফোর্ট উইলিয়াম কলেজে বাংলা বিভাগ খোলা হয়। উইলিয়াম কেরী হন এ বিভাগের অধ্যক্ষ। তাঁর অধ্যনে আটজন পভিত নিযুক্ত হন। তাঁলের মধ্যে মৃত্যুক্তয় তর্কালংকার ও রামরাম বসূর নাম সমধিক প্রসিদ্ধ। তাঁলের মধ্যে মৃত্যুক্তয় তর্কালংকার ও রামরাম বসূর নাম সমধিক প্রসিদ্ধ। তাঁলের সহায়তায় কেরী বাংলা গদ্য পুন্তক রচনা ও প্রকাশ করতে থাকেন। প্রথমে রচিত হয় 'কপোপকথন' ও পরে 'ইতিহাস মালা'। বলা বাছলা এন্থ দৃটির তাষা ছিল সংকৃত স্থাইলের এবং বিষয়বন্ত্র ছিল মুসলমানবর্জিত। প্রতাপ আলিত্য, রূপ সনাতন ও বীরবল ছিলেন ভারতীয় ইতিহাসের উপজীবা চরিত্র। অত্যর্ব তাষা ও বিষয়বন্ত্রর দিক দিয়ে পভিতদের সাধনায় ও হিন্দুত্রের মাহাত্মা প্রতিষ্ঠায়—ইংরেজের পৃষ্ঠপোষকতায় হয়েছিল ক্ষেত্র প্রশন্ত। একদিকে মিশারীদের ছিল একটা অসত্য জাতিকে অন্থকার হতে আলোকে নিয়ে যাওয়ার দম্ভ। আর অন্যদিকে ছিল পভিতদের সংকৃত্তের তনয়ায়পে বাংলাকে মুন্ততিষ্ঠিত করে হিন্দুদের মাহাত্মা প্রকাশের অসীম উদ্যম ও আগ্রহ। এ দৃটি উল্লেশ্যের ধারা সম্যুক্তাবেই প্রতিষ্ঠলিত দেখা যায়—এই কেরীর সৈনাপত্যে পভিতদের রচিত ওই সময়ের গ্রন্থগুলির তাষা ও বিষয়বন্ত্রর মৃদ্যায়নকালে।

বোংশা গদ্য সাহিত্যের ইতিহাস, সঞ্জনীকান্ত দাস-পৃঃ ১১২; আবদুক মন্তদুন ঃ মধ্যবিত্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর, পৃঃ ৩৬৪)।

শ্বতএব এসৰ তথ্যের ভিত্তিতে একথা আজ দিবালোকের নায় সুস্পষ্ট যে, ইংরেজ ও হিন্দুর যোগসাজসে মুসলমানরা শুধুমাত্র রাজনৈতিক ও অর্থনৈতিক ক্ষেত্র থেকেই বিতাড়িত হয়নি। বিগত কয়েক শতাদী ধরে তাদের যে মাতৃতাধাটি গড়ে উঠেছিল তাকেও নস্যাৎ করা হলো। সমাজের উচ্চছান থেকে নীচে নিক্ষেপ করা হলো। মুখের প্রাস কেড়ে নিয়ে অন্যকে দেয়া হলো এবং শেষ সম্বল মুখের ভাষাটিও ধ্বংস করা হলো 'নিস্দুনন যজের' মধ্যমে। শ্রম্মে জাবদৃশ মওদৃদ বলেন—"এই মিগ্রাতির বাংলাভাষায় সাহিত্য গড়ে 
উঠার মুখেই বণিকের তুলাদত হলো রাজদতে রূপান্তরিত এবং বণিকের 
ডক্রীবাহক মিশনারীরাও দিলেন সাহিত্যের ভাষার মোড় পরিবর্তন করে। . . , 
পাশ্চাত্য শিক্ষার প্রবর্তকরা বাংলা ভাষার কাঠামোকেও নতুন ছাঁচে তৈরী করে 
দিশেন—বাবু সম্প্রদায়ের জন্যে। তার দরুল বাবু কাল্চারের আবাহন হলো যে 
ভাষায়, তা কেবল সংস্কৃত ঘেঁষা নয়, একেবারে সংস্কৃতসম। আর এটিও হয়েছে 
সুপরিকল্লিত সাধনায়—হিন্দু পতিতরা উল্লাসিত হলেন তার দরুল—সংস্কৃত 
ভাষা ও কৃষ্টির নব প্রবর্তদের সজাবলায় এবং মিশনারীকৃল তৎপর হয়েছিলেন 
মুসলমানদের মুখের ভাষা কেড়ে নিয়ে ভাকে সাহিত্য ও কাল্চারের দিক দিয়েও 
নিঃস্ব করে দিতে।"

(আবদুল মওদুদ ঃ মধাবিত্ত সমাঞ্চের বিকাশ ঃ পৃঃ ৩৫৮)।

ইংরেজ তথা মিশনারী-পূর্ব বাংলা ভাষাকে ভিপ্তি করে মুসলমানদের যে এক নতুন বাংলাভাষা গড়ে উঠে, যার মধ্যে শক্তি ও প্রেরণা সঞ্চার করছিল থারবী ও ফাসী তাকে বলা যেতে পারে মুসলমানী বাংলা। বভাবতঃই তা মোটেই গ্রহণযোগ্য ছিল না হিন্দের কাছে। ১৮৩৭ সালের পর হিন্বাংলা জারবী-ফাসী শব্দ বর্জিত সংস্কৃত শব্দবহল বাংলা) প্রাদেশিক মাতৃভাষা হিসাবে সরকার কর্তৃক বীকৃতি লাতের পর মুসলমানী বাংলার অগ্রগতির পথ রুদ্ধ হয়। অফিস-আদালত থেকে এতদিনের প্রচলিত ফার্সী ভাষা ভার আপন মর্যাদা হারিয়ে ফেলে এবং নতুন বোধনকৃত বাংলা ভাষা রপ্তীয় পৃষ্ঠপোষকতা লাভ করতে থাকে। নতুন বাংলা ধালে ধাপে অগ্রসর হতে থাকে এবং কোলকাভা বিশ্ববিদ্যালয় স্থাপনের পর এ ভাষা হিন্দু সংস্কৃতি ও জাতীয় আশা—আকাংখার বাহন হিসাবে মর্যাদা লাভ করে।

এ নতুন বাংলা ভাষাকে কুল কলেজে মাতৃতাষা হিসাবে বাধ্যতামূলক করা হয়। এমনকি যে কোলকাতা মালাসায় অনেক ছাত্র মুসলমানী বাংলাও জানতোনা, সেথানেও এই নতুন বাংলা পাঠ্য করা হয়। প্রফেসার উইলসন প্রমুখ ইউরোপীয় শিক্ষাবিদগণ সংস্কৃত ভাষার সপক্ষে এমন জ্ঞার ওকাগতি শুরুষ্ক করেন যে, সায়েবদের সংস্কৃত ভাষা শিক্ষা করাটা একটা চরম বাতিকে পরিণত হয়। উইলসন একটি সহজ সংস্কৃত ব্যাকরণ রচনা করে সায়েবদের সংস্কৃত শিক্ষার পথ সুগম করে দেন। ১৮২৮ সালে তিনি-বাংলাভাষায় ইউরোপীয় জ্ঞান-

বিজ্ঞান জনুবাদ সমিতির' প্রেসিডেন্ট হন এবং General Committee of Public Instruction বা জনশিক্ষা সাধারণ কমিটির পৃষ্ঠপোষকতায় নতুন বাংলাতায়ায় বহু পৃত্তক রচনা করেন। এসব বইপৃত্তক পাঠাপৃত্তকে পরিণত হয়। মুসলমানী বাংলা এবং নতুন বাংলার মধ্যে শুধু তায়ার দিক দিয়েই নয়—বিষয়বন্ধু, সংস্কৃতি ও ধর্মবিশ্বাসের দিক দিয়ে এমনই আকাশ—পাতাল পার্ককা ছিল য়ে, মুসলমানদের জনো নতুন তায়া গ্রহণ জতান্ত বিপজ্জনক হয়ে পড়ে।

দৃষ্টাতস্থরূপ করেকটি গ্রন্থের নাম নিমে প্রদত্ত হলো ৪

করুণা নিধন বিগাস, পদাংক দৃত, বিশ্ব মংগল, গীতা গোবিল—শ্রীকৃষ্ণ সম্পর্কিত,

চন্ডী, আনন্দ মংগল দৃগা সম্পর্কিত,

মহিমা স্তব, গংগা ভক্তি—শিব গংগা সম্পর্কিত

চৈতন্য চরিতামৃত, রস মঞ্জরী, আদিরস, পদাবলী, রতিকাল, রতি বিলাস— প্রেমোনীপক।

স্কুলে পাঠ্যপুত্তক হিসাবে গৃহীত ঃ

শিশু বোধক—বাংলার সর্বত্র এবং গ্রামা স্কুলগুলিতে ব্যাপকভাবে পড়ানো হয়। এর মধ্যে ছিল বহু সংস্কৃত গ্লোকের অনুবাদ যা প্রধানতঃ হিন্দু দেব–দেবী সম্পর্কে লিখিত। এর প্রথম পাঠগুলি—সরস্বতী, গংগা প্রভৃতি সমীপে প্রার্থনা দিয়েগুরুকরাহয়েছে।

তারপর আদে আনন্দ মংগলের কথা। এটাও জাগাগোড়া হিন্দুধর্ম ও তাদের দেব-দেবীদের স্তবস্থৃতিতে পরিপূর্ণ। এ ধরনের আরও বহু পাঠাপুস্তবের নাম পাওয়া যায়। (M. Fazlur Rahman : The Bengali Muslims & Eng. Education, pp. 106-108)।

উল্লেখযোগ্য যে, সংশ্বৃতসম হিন্দুবাংলার পূর্বে যে বাংলা ভাষা কয়েক শতাদ্দী যাবত লালিত—পালিত ও পরিপুই হচ্ছিল তা প্রধানতঃ ছিল পদ্যসাহিত্য বা পুঁথিসাহিত্য। এ সাহিত্যকে আধুনিককালে পুঁথিসাহিত্য হিসাবেই চিহ্নিত করা হয়। কিন্তু এ সাহিত্যের যারা চর্চা করেছেন, তাঁদের দুজন 'মালে মুহাম্মন' ও 'মুহাম্মন দানিশ' এ সাহিত্যের রীতিকে বলেছেন 'চলতি বাংলা' এবং 'রেজাউল্লাহ' (১৮৬১) বলেছেন 'ইসলামী বাংলা'। ১৮৫৫ সালে পাদরী লং তাঁর

গ্রন্থতালিকায় এ ভাষাকে বলেছেন 'মুসলমানী বাংলা' ত্বার এ ভাষায় রচিত সাহিত্যের নামকরণ করেছেন 'মুসলমানী বাংলা সাহিত্য'।

(আবদুদ মন্তদ্দ ঃ মধ্যবিত্ত সমাজের বিকাশ . . . সংস্কৃতির রূপান্তর, পৃঃ ৩৫৫)।

এ সাহিত্যের প্রতি হান্টার সায়েবের দৃষ্টি আকৃষ্ট হয় এবং তিনি বঙ্গেন ঃ

আছ পর্যন্ত বদ্ধীপ অঞ্চলের কৃষক সমাজ মুসলমান। নিরবংগে ইসলাম এতই বন্ধুল যে, এটি এক নিজস্ব ধর্মীয় সাহিত্য ও লৌকিক উপভাষার উদ্ভব ঘটিয়েছে। হিরাতের ফার্সী ভাষা থেকে উত্তর ভারতের উর্দু যতোখানি পৃথক, 'মুসলমানী বাংলা' নামে পরিচিত উপভাষাটি উর্দু হতে ততোখানি পৃথক।" (W. W. Hunter: The Indian Mussalmans.p. 146)।

এ সাহিত্যের যে নামই দেয়া হোক, তা ছিল না প্রাণহীন। কয়েক শতাব্দী বাবত তা লক্ষ লক্ষ মৃসলমান নর-নারীর প্রাণে সাহিত্য তরংগ তুলেছে। তাদের চিপ্তা-ভাবনা ও আশা-আকাংখাকে প্রতাবিত করেছে। শ্রী শ্রী কুমার বলোপাধ্যায় বলেন—

মুসলমান সাহিত্যের গঞ্চভাভারও নিভান্ত দরিদ্র ছিলনা। 'আরবা উপনাস', 'হাতেম তাঈ', 'লায়লা মজন্', 'চাহার দরবেশ', 'গোলে বাকাওলী' প্রভৃতি আখ্যারিকাগুলি নিশ্চয়ই বাঙালী পাঠকের সম্পুথে এক অচিন্তপূর্ব রহস্য ও সৌলর্বের জগত উন্মুক্ত করিয়াছিল। ... উনবিংশ শতান্দীর মধ্যভাগে যথন ইংরেজী সাহিত্যের আদর্শে আমাদের উপন্যাস সাহিত্য ধীরে ধীরে গড়িয়া উঠিতেছিল তথন এই প্রেণীর মুসলমানী গছের অনুবাদ আমাদের সাহিত্যিক প্রচেষ্টার একটা প্রধান অংগ হইয়াছিল। উহারা পাঠকের হৃদয় স্পর্শ ও রুচি আকর্ষণ করিতে না পারিলে আমাদের সাহিত্যিক উদ্যুমের একটা মুখ্য অংশ কথনই উহাদের অনুবাদে নিয়োজিত হইতে পারিত না। অন্ততঃ এই সমস্ত গছের মধ্যে একটা চমকপ্রল (Sensational), বর্ণবহল (Romance), একটা নিয়ম-সংযমহীন সৌলর্ব বিলাদের অপরিমিত প্রাচ্ব আছে, তাহাই আমাদের একপ্রেণীর ধর্মশান্ত্রাস্থাদরিক্তই, অবসাদগ্রস্ত ক্রচিকে অনিবার্য বেগে আকর্ষণ করিয়াছিল। (বংগসাহিত্যের উপন্যাসের ধারা, শ্রী প্রী কুমার বন্দোপাধ্যায়–৪র্থ সং, পৃঃ ১৮–১৯)।

## আধুনিক বাংলা সাহিত্য ও সাম্রদায়িকতা

আধুনিক বাংলা সাহিত্য সৃষ্টি এবং সমৃদ্ধি ও উন্নয়নে থাঁদের অবদান রয়েছে, তাঁদের মধ্যে রামরাম বসু, মৃত্যুঞ্জা বিদ্যালংকার ও রাজা রামমোহনের নাম বিশেষ উল্লেখযোগ্য। প্রথমোক লু'জন উইলয়াম কেরী কর্তৃক নিযুক্ত পভিতগণের অন্তর্ক। রামরাম বসুর 'প্রতাপাদিত্য' গ্রন্থ ১৮০১ সালে প্রকাশিত হয়। মৃত্যুঞ্জয় বিদ্যালংকার পাঁচখানি গ্রন্থ রচনা করেন, তার মধ্যে রাজাবলী (১৮০৮) বিশেষ উল্লেখযোগ্য। তারপর আসে রামমোহনের নাম। তাঁর গদ্যসাহিত্য ছিল বলিন্ত ও প্রাণবন্ত। কিন্তু এঁদের সাহিত্যে সাম্প্রদায়িকতা বা মুসদিম বিদেষ ছিল না। অবশ্যি মৃত্যুঞ্জয়ের 'রাজাবলী' ছিল চন্দ্র বংশের ক্ষেত্রক সন্তান বিচিত্রাবলী থেকে বাংলাদেশের কোম্পানী শাসন প্রতিষ্ঠার একটা ধারাবাহিক ইতিহাস লেখার প্রথম প্রয়াস এবং মুসলমানী আমলটা অত্যন্ত অয়ন্তের সংগে বিদ্বেষণুষ্ট ভংগীতে লেখা।

পরবর্তীকালে বাংলা সাহিত্যের অংগনে দু'জন দিকপালের আবির্তাব হয়। বাংলা পদ্যসাহিত্যে মাইকেল মধুসূদনের এবং গদা সাহিত্যে বঞ্চিমচন্দ্রের। বাংলা সাহিত্যে তাঁদের প্রেষ্ঠ অবদান অনস্থীকার্য।

আবদুল মণ্ডদুদ বলেন-

বিষিম্য প্রতিতার বিকাশক্ষেত্রে যথন মধ্যাহ্ন গগন বিরাজমান, তথন বাংলার রাজনৈতিক গগনেও মোড় ফিরে গেছে। তথন ইংরেজের সংগে হার্দিক সম্বন্ধে বিনারণ রেখা দেখা দিতে শুরু করেছে। ইংরেজের জনুগ্রহের বোলসানা অংশটার এক পক্ষ প্রবন্ধ দাখী জানাচ্ছে আত্মসচেতন হয়ে। শিক্ষিত বর্ণাহিলু সমাজে বেকার সমস্যা দেখা দিচ্ছে। এবং তার দরন্দ তাদের মনে নৈরাশ্যতাব দেখা দেয়ার তারা হিলুজাতীয়তা মত্রে উবুদ্ধ হয়ে উঠেছে। বিষ্কিমচন্দ্র এই যুগমানসের সন্তান। তিনি রক্ষণশীল হিলু সমাজ-মনের প্রতিত্ হিসেবে এবং হিলু জাতীয়তা মত্রের উপ্যোক্তা শবি হিসেবে বাংগার সাহিত্যাকাশে আবির্ভূত হলেন। এবং এতাবে তীর সাম্প্রদায়িকতার যে বিষবহিন্ন তিনি ছড়িয়ে দিলেন লেখনী মুখে, জগতের ইতিহাসে তার ঘিতীয় নজীর নেই। প্রগাঢ় পান্ডিত্য, ক্রেধার বৃদ্ধি ও গতীর বিশ্লেষণ শক্তির অধিকারী হয়েও সংকীর্ণ প্রতিক্রিয়ালীল ও রক্ষণশীল হিলু সমাজের আদর্শের—উদ্দেশ্যের ক্রীড়নক হয়ে তিনি মানবতার যে অকল্যাণ ও অসমান করে গেছেন, তারও পৃথিবীর ইতিহাসে তুলনা নেই। অগ্রের মুখে যে ক্ষত সৃষ্টি হয়, কালের প্রলেশে সে ক্ষতে নিশ্চিক হয়ে যায়।

কিছু দেখনীর মুখে যে ক্ষত সৃষ্টি হয়, তার নিঃশেষ নেই, নিরাময় নেই— যুগ খেকে যুগান্তরে সে ক্ষত থেকে রক্তক্ষরণ হয়ে থাকে।

—(আবদুশ মওদৃদ ঃ মধ্যবিত্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর, পৃঃ ৩৬৯–৭০)।

সাহিত্যের মাধ্যমে বঙ্কিম মুসলিম সমাজ ও জাতির বিরুদ্ধে যে বিষবহিন প্রজ্বলিত করে গেছেন, দৃষ্টান্তসহ তার কিছু আলোচনা আমরা পূর্ববর্তী এক অধ্যায়ে করেছি। বাংলা তথা তারত উপমহাদেশে হিন্দু মুসলমান সম্পর্কের চরম অবনতির জন্যে তার সাহিত্যই প্রধানতঃ দায়ী।

বিষিম তাঁর 'রাজসিংহ' ও 'জানন্দমঠে' মুসদমান বিদেকের যে বিষবহিদ উদগীরণ করেছেন দে বিষজ্বাপায় এ বিরাট উপমহাদেশের দু'টি বৃহৎ সম্প্রদায়ের মধ্যে যেট্কু সম্প্রীতির ফল্পধারা ছিল, তা নিঃশেবে শুরু ও নিশ্চিক্ হয়ে গেছে। . . . এ উপমহাদেশে মুসপমানের অন্তিত্বও বিষমচন্দ্র অস্থীকার করে তাদের বিতাড়িত করে সদাশয় ব্রিটিশজাতির জাবাহনে ও প্রতিষ্ঠায় তিনি বার বার মুখর হয়ে উঠেছেন। (এ. . পৃঃ ৩৭০)।

আধুনিক বাংলা সাহিত্যের পূর্বে মুসলমানদের যে সাহিত্য সাধনা ছিল, তার মধ্যে সাম্প্রদায়িকতার কোন লেশমাত্র বিদ্যমান ছিল না। একথা হিন্দু সাহিত্যসেবীগণণ্ড মুক্তকঠে স্বীকার করেন।

মুসলমানদের কাব্য কাহিনীতে সম্প্রদায়িক হিন্দুধর্মের পরিবর্তে আছে সুঞ্চী মতবাদের প্রভাব ও ছন্ধবেশী রূপকান্তিপ্রায়, ও ইহার ঘটনাবলীও প্রাভাহিক জীবনের প্রতিবিশ্ব নহে। জীবনোল্লুত এক উচ্চতর আদর্শ কল্পনার সুকুমার ভাবরঞ্জিত ও অসাধারণত্বের স্পর্শনীঙা

—(বংগ সাহিত্যে উপন্যাসের ধারা, শ্রী শ্রী কুমার বন্দোপাধ্যায়, ৪র্থ সং, পৃঃ ১৮-১৯।।

একথা উল্লেখ্য যে, সাহিত্যের অংগনে সাম্প্রদায়িকতার বীক্ষ প্রথম বপন করেন ভূদেব মুখোপাধ্যায় তাঁর 'অঙ্কুরী বিনিময়ে' (১৮৫৭)। সম্ভবত তাঁর থেকে প্রেরণা লাত করে বন্ধিম সে বীন্ধকে সম্প্রদায়িকতার বিরাট বিষবৃক্ষে পরিণত করেন। বন্ধিমের মৃত্যুর পরে বাংলা সাহিত্য সাম্প্রদায়িকতার পর্যকলতা থেকে মৃক্তি লাভ করতে পারেনি। তাঁর পদাংক অনুসরণ করে পরবর্তীকালেও দেখনী চালনা করেছেন পন্ডিত—অপন্ডিত, সাহিত্যিক—অসাহিত্যিক বর্ণহিন্দু সম্প্রদায়। বাংলা সাহিত্যকে যে দু'ঞ্জন মনীধী-কবি রবীন্দ্রনাথ ঠাকুর ও পরংগ্রন্থ চট্টোপাধ্যায়—সুষমামভিত ও কিরীটশোভিত করেছেন, তাদের দেখনীও সে পংকিলতার স্পর্শমুক্ত হতে পারেনি। শরংচন্দ্রের সাম্প্রদায়িকতা বিষদৃষ্ট দেখনীর উদ্ধৃতি আমরা উপরে দিয়েছি।

কিন্তু কবি রবীন্দ্রনাথকেও যখন এ আবর্তে জবগাহন করতে দেখি তখন ছোতে ও লজ্জার স্বতঃই বেদনার্তকণ্ঠে মুসলমান বলে উঠে জুলিয়াস সীজারের মতো ঃ Et tu Brute। তোমাকে ত রবীন্দ্রনাথ, এসবের উধ্বে তেবেছিলাম। এ সমন্দ্রে ব্যক্তিগত অভিমত প্রকাশ না করে রবীন্দ্রনাথের 'দুরাশা' গল্পটি ও 'শিবাজী উৎসব' কবিতা পাঠ করে দেখতে পাঠক সমাজকে অনুরোধ করি।

(আবদ্দ মওদৃদ ঃ সংস্কৃতির রূপান্তর, পৃঃ ৩৭১)।

## অস্তম অধ্যায়

# আধুনিক বাংলা সাহিত্য ও মুসলমান

বিষ্কিমচন্দ্রের সাহিত্য সাধনা যখন সাফল্যের শীর্ষে, তখন তারই সমসাময়িক একজন মুসলমান বাংলাসাহিত্য গগনে উদিত হন। তিনি হলেন মীর মশাররফ হোসেন। তাঁর সাহিত্য ছিল আলবং আধুনিক বাংলা সাহিত্য এবং রাজনীতি ও সাম্প্রলায়িকতার বহু উর্দ্ধো। বিষ্কিমচন্দ্র হখন সাহিত্যের অংগনে সাম্প্রদায়িকতার বিষ ছড়াচ্ছিলেন, তখন মশাররফ হোসেন সেদিকে ভুক্ষেপ মাত্র না করে শিল্পীসূলত মনোতার নিয়ে মুসলমানদের প্রতি উপদেশমূলক সাহিত্য রচনায় আজুনিয়োগ করেন। চল্লিশ বছরেরও জবিক সময় তিনি সাহিত্য সাধনা করেন এবং উপন্যাস, জীবনী, ঐতিহাসিক কাহিনী, নাটক, রম্যরচনা, কবিতা ও গান তাঁর সাহিত্য সাধনার অন্তর্ভুক্ত ছিল। তাঁর প্রেষ্ঠতম রচনা 'বিষাদসিস্কু'। বিষাদসিস্কুর চরিত্রগুলি ইতিহাস থেকে গৃহীত হলেও এটাকে কোন ঐতিহাসিক প্রস্থ বলা যায় না। তথাপি মুসলমান সমাজে এটা ছিল সর্বাধিক পঠিত গ্রন্থ।

বর্তমান বাংলা সাহিত্যের গগনে আর একটি জ্যোতিঙ্কের আবির্তাব ঘটে এবং তা হলো বিদ্রোহী কবি নজরুল ইসলাম। বাংলা সাহিত্যের জংগনে আরও জনেক মুসলিম কবি-সাহিত্যিকের আগমন সমসাময়িককালে হয়েছে। যথা-কায়কোবাদ, ইসমাইল হোসেন সিরাজী, মনিরুজ্জামান ইসলামাবাদী, মুন্দী মেহেরুল্লাহ প্রমুখ। নিজেদের স্বত্ত্ব ধারায় সাহিত্য সৃষ্টি করে তারা মুসলমান জাতিকে জাত্মসচেতনায় ও স্বাতক্তবোধে উদ্বুদ্ধ করেন। নজকুলের আগেও বাংলা সাহিত্যের আসরে বহু মুসলিম কবি সাহিত্যিকের আবির্তাব ঘট। কিছু তাঁদের ও নজকুলের সাহিত্য ধারায় ছিল সুস্পষ্ট পার্থক্য। জন্যান্যগণ সাহিত্যের আসরে প্রবেশ করেছেন, মনে হয়, তীরু পদক্ষেপে, মনের দুর্বলতা সহকারে। বাংলা সাহিত্যকে হিন্দুর, সংস্কৃত—তনয়া মনে করে গা বাঁচিয়ে যেন তাতে ছৌয়া না লাগে মুসলমানের আরবী—উর্দু—ফাসীর শন্ধাবলীর, এমনকি উপমায়, অলংকারে ও রচনারীতিতে মুসলমানী নিদর্শন—আলামতকে সতর্কতার সাথে বাঁচিয়ে চলেছেন। কিন্তু বাংলা সাহিত্যের ইতিহাসে নজরুলের হঠাৎ আবির্তাব যেমন সৃষ্টি

করলো বিশয়, তেমনি সূচনা করলো এক বৈপ্রবিক যুগের। যে মুসলমানের বাংলাভাষা ও সাহিত্যকে বোধনকৃত করে বেদ-পুরাণ ও হিন্দু-জাতিত্বমুখী করা হয়েছিল, নজরুল ভার গতিমুখ ফিরিয়ে করলেন মুসলমানের কেবলামুখী। মানুষের তাজা খুনে গালে~লাগ করা যুদ্ধের ময়লানে তিনি প্রবেশ করেছিলেন যেমন বীরবিক্রমে, তেমনি যুদ্ধের ময়দান থেকে ফিরে এসে তীব্র গতিতে ও বীরবিক্রমেপ্রবেশকরলেন—সাহিত্যের ময়দানে। তাঁর মনে কোনদিন স্থান পায়নি দ্বিধাসংকোচ, তীরুতা ও কাপুরুষতা। তাই তিনি তার বিজয় নিশান উভাতে পেরেছিলেন সাহিত্যের ময়দানে। তিনি তৎকালীন মুসলমান কবি সাহিত্যিকদের দ্বিধাসংকোচ ঘুঁচিয়ে দিয়ে সাহিত্য ক্ষেত্রে মুসলমানসূলত আযাদী এনে দিয়েছিলেন। তাঁর কবিতার ছত্রে ছত্রে জারবী-ফার্সীর ঝংকার পুনরায় তনা যেতে থাকে। তাঁর আরবী-ফার্সী শন্দাবলীর ব্যবহার পদ্ধতি এত সুনিপুণ, সুশৃংখল ও প্রাণবন্ত যে, ভাষা পেয়েছে তার স্বন্ধন্দ গতি, ছন্দ হয়েছে সাবলিল এবং সুরের ঝংকার হয়েছে সুমধুর ও হৃদয়গ্রাহী। তিনি আধুনিক বাংলা ভাষায় আরবী-ফার্সী শব্দ আমদানী করে ভাষাকে শুধু সৌন্দর্যমন্ডিডই করেননি, বাংলা ভাষায় মুসলমানদের স্বাতন্ত্র ও নিজস্ব অধিকার পুনঃপ্রতিষ্ঠিত করেন। বাংলা ভাষায় মুসলিম সাহিত্যসেবীদের জন্যে এক নতুন দিগন্তের উন্মোচন করে দেন তিনি। কবি নজ্জক ছিলেন কাবা সাহিতা জগভের এক অতি বিশ্বয়। তাঁর এ প্রতিতা ছিল একান্ত খোলপ্রেলন্ত। তাঁর জাবিতাব হয় ধুমকেতুর মতো এমন এক সময়ে যখন রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্ব সাহিত্যের দরবারে তাঁর সম্মানজনক আসন করে নিয়েছেন। বিপ্লবী কবি নজরুল-প্রতিভার স্বীকৃতি তাঁকে দিতে হয়েছে এ আশিষের তাষায়—

> আয় চলে আয় রে ধুমকেত আঁধারে বাঁধ অগ্নি-সেতু पुर्पित्वत्र थे पुर्ग भित्त-উডিয়ে দে তোর বিজয় কেতন। অলক্ষণের তিলক রেখা রাতের ভালে হোকনা লেখা জাগিয়ে দেরে চমক মেরে

আছে যারা অর্ধচেতন।

নঞ্জরূপের কাব্য প্রতিতা যেমন তাঁকে সুউচ্চ আসনে সমাসীন করেছে সাহিত্য জগতের, তেমনি তার বিপ্রবী কবিতা সুধ্ব মুসলিম মানসকে করেছে জাপ্রত, তাদের নতুন চলার পথে দিয়েছে অদমা প্রেরণা ও প্রাণশক্তি। এতোদিন মুসলমানরা যে সাহিত্যক্ষেত্রে ছিল জ্পাংক্তের তাদের সে গ্রানি গেল কেটে। তাদের জড়তা গেল তেঙে। জীবনের সকল কর্মক্ষেত্রে তারা ঝাঁপিয়ে গড়লো নতুন উৎসাহ উদ্যমে। নজরুল সুধ্র মুসলিমকে এই বলে ডাক দিলেন-

দিকে দিকে পুনঃ জুলিয়া উঠিছে দ্বীন ইসলামী লাল মশাল, ন্তরে বেখবর তৃইও ওঠ জেগে, তৃইও তোর প্রাণপ্রদীপ স্থাস। তাঁর এ আহবান বার্থ যায়নি। শুধু সাহিত্যক্ষেত্রেই নর, রাঞ্জনৈতিক ক্ষেত্রেও মুসলমানের নতুন কাফেলা শুরু করলো যাত্রা অবিরাম গতিতে।

# উনবিংশ শতকে মুসলমান

# মুসলমান চরম অগ্নি পরীক্ষার মুখে

ইংরাজী ১৮০০ সাল থেকে ১৮৫৭ সাল এবং তার পরেও কয়েক দশক ছিল মুসলমানদের জন্যে অগ্নিযুগ। বাংলার মুসলমান এ সময়ে জাতি হিসাবে এক অগ্নি গহুরের প্রান্তে অবস্থান করছিল। তাদের হাত থেকে রাঞ্জনৈতিক ক্ষমতা চলে যাওয়ার পর তাদের অর্থনৈতিক, ধর্মীয় ও সাংস্কৃতিক ক্ষেত্রেও দেখা দিয়েছিল চরম বিপর্যয়। বিদেশী শাসক ও তাদের এতদেশীয় অনুগ্রহণুষ্ট সহযোগীদের নির্যাতন নিম্পেষণেও মুসলমান জাতি তাদের শাসন শোষণকে মেনে নিতে পারেনি। শাসকদের বিরুদ্ধে বিদ্রোহ ও খন্তযুদ্ধের মাধ্যমে তারই বহিঃপ্রকাশ ঘটেছে বহুবার এবং বহুস্থানে এই শতকের মধ্যে। ফ্কীর বিদ্রোহ ফারায়েন্দ্রী আন্দোলন, তিতুমীরের আন্দোলন, সাইয়েন আহমদের জেহাদ আন্দোলন, ১৮৫৭ সালের আযাদী আলোলন ছিল ব্রিটিশ ও হিন্দু কর্তৃক মুসলমানদের প্রতি অমানুষিক ও গৈশাচিক আচরণের বিরুদ্ধে প্রচন্ড বিক্ষোরণ। এর এক একটির পূথক পূথক আঙ্গোচনাই এ অধ্যায়ের মূল বিষয়বস্তু।

## ফকীর আন্দোলন

ফ্কীর জান্দোলনের যতেটুকু ইতিহাস জানতে পারা যায়, তার থেকে প্রমাণিত হয় য়ে, পলাশী মুদ্ধের পর এবং বিশেষ করে ১৭৬৪ সালে মীর কাসেমের পরাঞ্জের পর ইস্ট ইন্ডিয়া 'দেওয়ানী' লাভ ক'রে যথন তাদের জত্যাচারমূলক শাসন দভ চালাতে শুরু করে তার পর থেকে 'ফকীর বিদ্রোহ' শুরু হয় এবং এর পরিসমান্তি ঘটে ১৮৩৩ জ্বপবা ১৮৩৪ সালে। ফকীর বিদ্রোহের পশ্চাতে কোন মহান উন্দেশ্য ছিল কিনা, এবং বিদ্রোহ পরিচালনার জন্যে কোন সুসংগঠিত ও সুশৃংখল বাহিনী ছিল কিনা, তা বলা মুন্তিল। বিভিন্ন সময়ে, বিভিন্ন স্থানে যে ফকীর বিদ্রোহ হয়েছিল, তাদের মধ্যে কোন যোগসূত্র ছিল কিনা, তাও বলা কঠিন। তবে যে কারণে তারা বিদ্রোহ ঘোষণা করেছিলেন তা হলো একাধারে ইস্ট ইন্ডিয়া কোন্দানী ও তাদের অনুগ্রহপৃষ্ট নতুন হিন্দু জমিদার, মহাজনদের অমানুষিক জত্যাচার উৎপীতন।

তাদের অভিযানের মূল উদ্দেশ্য ছিল ইস্ট ইন্ডিয়া কোম্পানীর সৃষ্ট ও অপ্রয়পৃষ্ট শোষণকারী, ক্ষমিদারদের উচ্ছেদ করা ও তাদের অর্থাগার পুট করা। উত্তরবংগে এদের অভিযানের ফলে বহু জমিদার ইতিপূর্বেই (১৭৭৩) মরমনসিংহ জেলার বিভিন্ন স্থানে এদে আপ্রয় নিয়েছিল। (মরমনসিংহ ফকীর অভিযান, খালেকদাদ চৌধুরী, ভঃ হাসান জামান সম্পাদিত 'শতাব্দী পরিক্রমা', পৃঃ ২৬)।

ফ্কীর আন্দোলনে বাঁরা নেতৃত্ব দিয়েছিলেন তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন মজনু শাহ, মাজু শাহ, টিপু পাগল ও গজনফর তৃর্কপাহ। খালেকদান চৌধুরী তাঁর মন্নমনসিংহে ফ্কীর অতিযান প্রবন্ধে মজনু শাহকে মাজু শাহের বড়ো তাই বলে উল্লেখ করেছেন। তাঁর সম্পর্কে এতট্কু জানা যায় যে, ইউ ইভিয়া কোম্পানীর শাসনের বিক্রছে তিনি একটি সম্প্র বাহিনী গঠন করেন। ১৭৬৪ সালে মীর কাসেম আলীর পরাজয়ে . . . এ দেশে ইংরেজ অধিকার বন্ধমূল হয়। কিন্তু দক্ষিণাঞ্চলের বর্তমান কৃষ্টিয়া জেলার কুমারখালীতে ঐ একই সালে মজনুর (মজনু শাহ) অনুচরদের হাতে ব্রিটিশ শক্তিকে পরাজয় বরগ করতে হয়েছিল। ('বিপ্রব আন্দোলনে দক্ষিণবংগের অবদান'—আজিজুর রহমান, হাসান জামান সম্পাদিত 'শতাব্দী পরিক্রমা', পৃঃ ১৮০)।

১৭৮৪ সালে মাজুশাহ ময়মনসিংহ, আলাপসিং, জাফরশাহী এবং শেরপুর পরগণার জমিদারদের সমস্ত ধনদৌলত লুষ্ঠন করে। সেখানে সংবাদ রটে যে, মাজু গাতের তাই মজনু শাহ দুইশ' দুর্ধর্ব ফকীরসহ জাফরশাহী পরগণায় আসছেন।
গাঁর এই অভিযানের তরে জমিদার এবং প্রজারা অন্যত্র পালিয়ে যায়। কিন্তু
ঢাকার টাফ্ মিঃ ভে–র রিপোর্ট থেকে জানা যায় যে, বেগমবাড়ীর সৈন্যবাহিনীই
দোই অভিযান প্রভিরোধ করে। ফলে ফকীরেরা ফিরে যায়। মিঃ ডে–র রিপোর্টে
আরও উল্লেখ জাছে যে, জমিদারদের ধন সম্পদ দুষ্ঠনের ব্যাপারটি সত্য নয়।
খাজনা ফাঁকি দেয়ার জন্যে স্চত্র ও অসাধু জমিদারেরা এক্রপ মিথ্যা সংবাদ
রোভেনিউ কমিটির কাছে পাঠিয়েছিল। (শতালী পরিক্রমা, পৃঃ ২৭)।

পুনরায় ফকীর অভিযান শুক্ত হয় দু'বছর পর ১৭৮৬ সালে। য়য়য়নসিংহকে
ফকীরদের আক্রমণ থেকে রক্ষা করার জন্যে লেফ্ট্ন্যান্ট ফিডকে ঢাকা
পাঠানো হয়। ময়য়নসিংহের কলেক্টর রাউটনের সাহায্যের জন্যে আসাম
গোয়ালপাড়া থেকে ক্যান্টেন ক্রেটনকে পাঠানো হয়। সুসজ্জিত ইংরেজ সৈন্যদের
সাথে ফকীরদের যে প্রচন্ড সংঘর্ষ হয়, তাতে ফকীর বাহিনী পরাজিত হয়ে
ছত্রভংগ হয়ে য়য়। তারপর আর বছদিন যাবত তাদের কোন তৎপরতার কথা
জালা যায় না।

ফকীরদের অতিযান বন্ধ হওয়ার পর জমিদারগণ তাদের ক্ষয়ক্ষতি পূরণের নাম করে প্রজাদের নিকট থেকে বর্ধিত আকারে রাজস্ব আলায় করতে থাকে এবং নতুন কর ধার্য করতে থাকে। তাতে প্রজাদের দুর্দশা চরুমে পৌছে।

প্রজাদের নির্বাতনের অবসানকরে ১৮২৬ সালে টিপু পাগল নামক জনৈক প্রভাবশালী ফর্কীর কৃষক প্রজাদের নিয়ে এক শক্তিশালী বাহিনী গঠন করেন। জমিদারেরা সকল ন্যায়নীতি ও ১৭৯৩ সালের রেগুলেশন নং-৮ জ্প্রাহ্য করে প্রজাদের উপর নানাবিধ 'আবওয়াব' ধার্য করতে থাকে। এসব আবওয়াব ও নতুন নতুন উৎপীড়নমূলক কর জবরদন্তি করে আদায় করা হতো। তাছাড়া জমিদারেরা আবার প্রতিপত্তিশালী লোকদের কাছে তাদের জমিদারী অস্থায়ীতাবে উচমূলো ইজারা দিত। ইজারাদারেরা নির্ধারিত সময়ের মধ্যে উৎপীড়নের মাধ্যমে প্রজাদের কাছ থেকে উচহারে খাজনা আদায় করতো। এসব উৎপীড়ন বঙ্কের জন্যে টিপু প্রজাদেরকে সংগঠিত করেন।

এসব অভিযানকারী ফকীরদেরকে ইতিহাসে অনেকে দুষ্ঠনকারী দস্যু বলে অভিহিত করেছেন। আসলে ব্যাপার ডা নয়। প্রকৃতপক্ষে তাঁরা ছিলেন জনগণের শ্রন্ধেয় জলী–দরবেশ শ্রেণীর লোক। সুসুন্ধ পরগণার পেটারকালা প্রামের এক প্রভাবশালী ফকীরের মধ্যান ছিলেন টিপু পাগল। তিনি একজন কামেল দরবেশ ছিলেন বলে সকলে বিধাস করতো। বহু অলৌকিক কাহিনী তার সম্বন্ধে আজো প্রচলিত আছে এবং তার মাজারে ওরস উপলক্ষে আজো বহু লোকের সমাগম হয় (খালেকদান চৌধুরী, শতাব্দী পরিক্রমা, পৃঃ ২৮-২৯)।

মানুষকে ধর্মকর্ম শিক্ষাদান করা এসব ফ্কীরের কাজ ছিল। কিন্তু জনসাধারণের চরম দুর্দশা দেখে তীদের জন্তরাত্ত কেঁলে উঠেছিল। তার ফলে অত্যাচারীর বিরুদ্ধে তীরা মাঝে মাঝে অভিযান চালিয়েছেন।

এসব ফকীরের দল অসভ্য বর্বর ছিল—তাও নয়। তাঁরা ছিলেন শিক্ষিত ও রুকিবোধ সম্পন্ন। এমনকি টিপুর মাতার মধ্যেও ছিল অসাধারণ সাংগঠনিক যোগ্যতা। টিপু ও তাঁর বাহিনীকে প্রেরণা যোগাতেন টিপু জননী। ১৮২৫ সালে টিপুর নেভৃত্বে ফকীর দল জমিদারদের খাজনা বন্ধের আন্দোলন করে। জমিদারদের বরকলাজ বাহিনী ও ফকীরদের মধ্যে এক সংঘর্ষে বরকলাজ বাহিনী নির্মূপ হয়ে যায়। জমিদারগণ কোম্পানীর শরণাপন্ন হয়। কোম্পানী টিপু ও তাঁর সহকারী গজনফর তুর্কশাহকে বন্দী করার জন্যে একটি সম্পন্ত সেনাবাহিনী পাঠায়। একটি সেনাদল পরাজিত হয়ে পালিয়ে যায় ভিস্তু অপর একটি দল টিপুকে বন্দী করে। তুর্কশাহ তার দল নিয়ে কোম্পানীর সেই সেনাদলকে আক্রমণ করে টিপুকে মুক্ত করেন।

এ ঘটনার পর ম্যাজিটেট ডেম্পিয়ার একটি শক্তিশালী ও সৃশিক্ষিত সেনাবাহিনী নিয়ে শেরপুর আগমন করে। টিপু বাহিনীর সাথে প্রচন্ড যুদ্ধে টিপু তাঁর জননীসহ বলী হন।

পরবর্তীকালে ১৮৩৩ সালে টিপুর দু'জন শক্তিশালী সহকর্মীর নেতৃত্বে ফকীরদল পুনরায় সংঘবদ্ধ হয় এবং শেরপুর থানা আক্রমণ করে তা জ্বালিয়ে দেয়। তারপর ক্যান্টেন সীল ও লেফট্ন্যান্ট ইয়ংহাজবেন্ডের অধীনে একটি সেনাবাহিনী প্রেরিত হয় ফকীর বাহিনী দমন করার জন্যে। এক প্রচন্ড সংঘর্ষ হয় এবং এই সংঘর্ষ ফকীর বাহিনী পরাজিত ও ছত্রভংগ হয়ে যায়।

উপরে ফকীর বিদ্রোহের কিছু বিবরণ দেয়া হলো। তবে ফকীরদের সম্পর্কে যে ভ্রান্ত ধারণা ইংরেজ লেখক ও ইতিহাসকারদের গ্রন্থে নিপিবদ্ধ করা হয়েছে তা অনুমান করার যথেষ্ট কারণ আছে। ওয়ারেন হেস্টিংস তাঁদেরকে বেদুইন ঝালছেন, আর হান্টার সাহেব বলেছেন 'ভাকাত'। তাঁদের আক্রমণ অভিযানে ক্রেক্ত দশক পর্যন্ত নব প্রতিষ্ঠিত ব্রিটিশরাজ এখানে টলটলায়মান হয়ে পড়েছিল, সছলতঃ সেই আক্রোশেই তাদের ইতিহাস বিকৃত করে রচনা করা হয়েছে। জপরে মজনু শাহ ও মাজু শাহুকে দুই ভাই বলা হয়েছে। এর সত্যাসত্য যাচাই করাটা কোন ঐতিহাসিক তথ্য বা উপাদান আমাদের কাছে নেই। তবে কেউ কেউ বলেছেন মজনু শাহ ভারতের গোয়ালিয়র রাজ্যের মেওয়াত এলাকায় জনায়হণ করেন। কানপুরের চন্তিশ মাইল দুরে অবস্থিত মাকানপুরে অবস্থিত শাহ্ মাদারের দরগায় মজনু শাহ্ বাস করতেন। দেখান থেকেই হাজার হাজার সশস্ত অনুচরসহ তিনি বাংলা বিহারের বিতিয় স্থানে ইংরেজ ও অত্যাচারী জমিদারদের বিরুদ্ধে অতিযান চালান। তাঁর কার্যক্ষেত্র বিহারের পুর্ণিয়া অঞ্চল এবং বাংলার রংপুর, নিনাজপুর, জলপাইগুড়ি, কুচবিহার, রাজশাহী, মালদহ, পাবনা, ময়মনসিংহ ছিল বলে বলা হয়েছে।

১৭৭২ সালের প্রথমদিকে মজনু শাহ বিপুল সংখ্যক সশস্ত্র অনুচরসহ উত্তর বংগে আবির্তৃত হন। তাঁর এ আবির্তাবের কথা জানতে পারা যায় রাজশাহীর সুপারতাইজার কর্তৃক ১৭৭২ সালের ২২শে জানুয়ারী তারিখে কোম্পানীর কাছে লিখিত এক পত্রে। তাতে বলা হয়, তিনশ' ফকীরের একটি দল জাদায় করা খাজনার এক হাজার টাকা নিয়ে গেছে এবং আশংকা করা যাছে যে, তারা হয়তো পরগণা কাচারীই লখল করে বসবে। তলায়ার, বর্শা, গাদাবন্দুক এবং হাউইবাজির হাতিয়ারে তারা সজ্জিত। কেউ কেউ বলে তাদের কাছে নাকি দুর্ণায়মান কামানও আছে। (স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, আবু জাকর, পৃঃ ৩৩)।

১৭৭৬ সালে মজনু শাহ বগুড়া জেলার মহাস্থান আগমন করে একটি দুর্গ
নির্মাণ করেন। সে সময় বগুড়া জেলার তত্ত্বাবধায়ক ছিলেন মিঃ প্লাভউইন। তিনি
তীত সন্তুত্ত হয়ে প্রাদেশিক কাউন্সিলের কাছে সৈন্য সাহায্য চেয়ে পাঠান। ১৭৮৬
সালের আগস্ট ও সেন্টেরর মাসে ফকীর সর্গারকে (মজনু শাহ) ইংরেজদের
বিরুদ্ধে পর পর দু'টো সংঘর্ষের সম্মুখীন হতে হয়। . . উতয় ক্ষেত্রেই
ফকীরদের পক্ষে ঘেমন কিছু লোক হতাহত হয়, ইংরেজদেরও অনুরূপতাবে
কিছু ক্ষয়ক্ষতি বীকার করে নিতে হয়। . . ঐতিহাসিক তথা থেকে অনুমিত
হয় যে, এরপর গঙ্গা পাড়ি দিয়ে মজনু শাহ দেশে চলে যান। আর কোন

দিন তাঁকে বাংলাদেশে দেখা যায়নি। স্থানুমানিক ১৭৮৭ সালে কানপুর জেলার মাথনপুর এলাকায় তাঁর মৃত্যু হয় বলে সরকারী সূত্রে জানা যায়। তাঁর মৃতদেহ সেখান থেকে তাঁর জন্মভূমি মেওয়াতে নিম্নে গিয়ে দাফন করা হয় (স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, আবু জাফর, পুঃ ৪০–৪১)।

মজনু শাহ্রে মৃত্যুর পর তার পুত্র পরাগ জালী, পালিত পুত্র চেরাগ জালী, জন্তরঙ্গ ভক্ত মুসা শাহ, সোবহান শাহ, শমশের শাহ প্রমুখ শিদ্বাগণ অষ্টাদশ শতকের শেষতক ইংরেজদের বিরুদ্ধে সংগ্রাম অব্যাহত রেখেছেন।

#### নবম অধাায়

## খারায়েজী আন্দোলন

ইংরেজরা পণাশী ক্ষেত্রে যুদ্ধের অভিনয় করে কৃট কলাকৌশলে দিরাজনৌলাকে পরাজিত করে এবং ১৭৬৪ সালে মীর কাসেমকে পরাজিত করে বাংশা বিহার উড়িখারে শাসনদভ লাভ করেই ক্ষান্ত হলো না। বরঞ্চ যুসলমান জাতি নির্মূল করার নতুন ফলি ফিকির গুঁজতে লাগলো। তাদের অদম্য অর্থলিকা প্রজ্ঞাপীড়নে তাদেরকে উনাত্ত করলো। মুসলমানদের আয়মা, লাখেরাজ বাজেয়ান্ত হলো। মুসলমানদের হাত থেকে খাজনা আলায়ের ভার দেয়া হলো হিন্দুদের উপর। নতুন পুত্কে তৃই করার জন্যে তারা প্রজাদের উপরে শুরু করারা (১৭৭০–১৮২৫) কাজ শুরু হলো। ১৭৬৬ সালে প্রতিমণ লবণের উপর দু'টাকা হারে কর ধার্য করে লবণ ব্যবসা ইউরোলীয়দের একচেটিয়া অধিকারে নেয়া হলো। এভাবে মুসলমানরা সকল অর্থনৈতিক ক্ষেত্র থেকে বিতাড়িত হয়ে নারিদ্রো নিস্পেষিত হতে লাগলো।

তথু তাই নয়, ধর্মীয় অনুষ্ঠানাদি পালনেও মুসলমানরা বাধাপ্রত হতে সাগলো।
কত্যাচারী হিন্দু জমিদারদের এলাকায় গো-কুরবানী এবং আজান দেয়া নিবিদ্ধ
হলো। হিন্দু জমিদারগণ মুসলমান প্রজাদের দাড়ির উপরে ট্যাক্স ধার্য করলো।
তাদের পূজাপার্বণে মুসলমানদেরকে চাঁদা দিতে, পূজার যোগাল ও বেগার দিতে
বাধ্য করা হলো। মুসলমানদেরকে ধৃতি পরতে ও দাড়ি কামিয়ে গোঁফ রাখতে
বাধ্য করা হলো। মুসলমানদের ধর্ম, তাহজিব-তমন্দুনকে ধ্বংস করে
হিন্দুজাতির মধ্যে একাকার করে ফেলার এক সর্বনাশা পরিকল্পনা শুরুল হলো।
ধর্মপ্রাণ মুসলমান হয়ে উঠলো দিশেহারা। বাংলার মুসলমানদের এ চরম দুর্দিনের
সময় ১৭৮৪ খৃষ্টান্দে ফরিদপুর জেলার বন্দর পরগণায় জন্মগ্রহণ করেন হাজী
পরীয়তুলাহ। আঠার বছর বয়সে তিনি হজ্বের উন্দেশ্যে মকা গ্রমন করেন। হজ্ব
পালনের পর তিনি আঠার বছর সেখানেই অবস্থান করে ধর্ম, সমাজ বিজ্ঞান ও
রাজনীতিতে শিক্ষা গ্রহণ করেন। ইসলাম সম্পর্কে সুম্পন্ট ধারণা এবং ইসলামী

জীবনদর্শন সম্পর্কে জানলাত সম্বরতঃ তিনি এ সময়েই করেন। ইসলাম নিছক কতিপর্ম ক্রিয়া জনুষ্ঠানের সমষ্টিই নয়, বরঞ্চ এ হচ্ছে একটি পূর্ণাঙ্গ জীবন বিশ্বন। ইসলামের পরিপূর্ণ জনুশাসন জীবনের প্রতিটি ক্ষেত্রে পালন করে চলাও কিছুতেই সম্বর্ধ নয় রাজনৈতিক ক্ষমতা ব্যতিরেকে। এ তত্ত্বজ্ঞানও তিনি লাভ করেন। অতঃগর ১৮২০ সালে তিনি স্বদেশ প্রত্যাবর্তন করেন।

মজায় অবস্থানকাপে মুহাখন বিন আবদুল ওহাব নজনীর ইসলায়ী সংস্কার আন্দোলনের সাথেও তাঁর পরিচয় ঘটে এবং এ আন্দোলনের প্রতি তিনি আঙ্গুই হন।

দিল্লীতে শাহ আবদুপ আমীয় দেহপভীর নেতৃত্বে ভারতত্মিতেও আবদুপ ওহাব নজনীর অনুকরণে ইসলামী সংস্কার আন্দোলন শুরু হয়—ঐতিহাসিকগণ যার বিকৃত নাম দিয়েছেন 'ওহাবী আন্দোলন'। তিনি ভারতবর্যকে 'দারুল হরব' বলে ঘোষণা করেন এবং 'দারুল হরব'কে 'দারুল ইসলাম' তথা একটি ইসলামী রাষ্ট্রে পরিণত করার সক্রিয় আন্দোলনে আতুলিয়োগ করেন সাইয়েন আহমদ বেরেলভী, শাহ আবদুপ আর্থীবের ভ্রাতৃম্পুত্র শাহ ইসমাইল ও জামাতা মাওলানা আবদুল হাই।

হাজী শরীয়ত্ল্লাহও এ দেশকে 'দারুল হরব' ঘোষণা করেন এবং যতোদিন এ দেশ 'দারুল ইসলাম' না হয়েছে ততোদিন এখানে 'লুমা' ও ঈদের নামাল সংগত নয় বলে ঘোষণা করেন। হিন্দুর পূজাপার্বণে কোন প্রকার আর্থিক অথবা দৈহিক সাহায্য—সহযোগিতা ইসলাম–বিরুদ্ধ (শির্ক ও হারাম) বলে অভিহিত করেন। তিনি জারও বলেন, মুসলমানদেরকে ধৃতি ছেড়ে তহবন—পায়জামা পরিধান করতে হবে, দাড়ি রাখতে হবে এবং সকল প্রকার কুসংস্কার থেকে ওওবা করতে হবে। মোটকথা যাবতীয় গাপকাজ পরিত্যাগ করে নতুনতাবে ইসলামী জীবন যাপন করতে হবে।

শোষিত-বঞ্জিত ও নিম্পেষিত মুসলমান জনসাধারণ হাজী শরীয়তুল্লাহর আহবানে নতুন প্রাণসঞ্চরণ জনুভব করলো এবং দলে দলে তাঁর কাছে দীক্ষা গ্রহণ করতে পাগলো। জল্প সময়ের মধ্যে দশ বারো হাজার মুসলমান তাঁর দশভুক্ত হলো। এটা হলো হিন্দু জমিদারদের পক্ষে এক মহাজাতংকের ব্যাপার। এখন মুসলমান নিম্পেষণ বন্ধ হয়ে যাবে এবং যেসব নিম্প্রেণীর দরিদ্র মুসলমানদেরকে তারা তাদের দাসানুদাসে পরিণ্ড করে ইসলাম ধর্ম থেকেও

পুরে নিকেপ করেছে, ভারাও ভানের হাতছাড়া হয়ে যাবে। অভনুব, ভানের ইভিন্ন ও আভথকিত হয়ে উঠারই কথা। "The Zaminders were alarmed at the spread of the new creed which bound the Mussalman peasantry together as one man"— (Dr. James Wise; Journal of Asiatic Society of Bengal. Vol. LXIII, 1894 No. 1)।

হাজী শরীয়তুরাকে দমন করার জন্যে ঐক্যবদ্ধ ও বছপরিকর হলো হিন্দু জমিদারগণ। তাদের দলে যোগদান করলো কিছু সংখ্যক স্থার্থানেষী আধা—
মুসলমান যারা ছিল হিন্দু জমিদারদের দাসানুদাস। অনুরদর্শী মোল্লা—মৌলতী ও
পার, যারা মুসলমানদের মধ্যে শিরক বিদয়াত প্রতৃতি কুসংকারের নামে দু'পয়সা
কামাই করছিল, তারাও ফারায়েজী আন্দোলনের বিরুদ্ধে দাঁভাপো।

একদিকে ব্রিটিশ এবং অপরদিকে অত্যাচারী হিন্দু ঋমিদার মহাজনদের উপর্যুপরি অত্যাচার-নিশেষণে মুসলমানরা অনন্যোপার হয়ে মাধানত করে সবকিছু সহ্য করে যাঞ্জিল। শরীয়ত্ত্রাহর আহবানে নিপীজিত মুসলমানগণ দলে দলে তাঁর কাছে এসে জমায়েত হতে লাগলো এবং ব্রিটিশ ও হিন্দুদের বিরুদ্ধে এক দুর্বার আন্দোলন গড়ে তোলার শপথ গ্রহণ করলো। সম্ভবতঃ 'ফরয' শব্দ থেকে ফারায়েজী ফোরায়েয়ী) আন্দোলনের উৎপত্তি। মুসলমান সমাজ ইসলামের ফর্য কাজগুলি ভুলতে বসেছিল এবং বহু অনৈসলামী আচার—অনুষ্ঠানকে মুসলমান সমাজে প্রচলিত করেছিল। যাবতীয় ইসলাম বিরোধী রীতিনীতি পরিত্যাণ করে নবী মুহান্মদের (সা) প্রতিষ্ঠিত ইসলামের পুনঃপ্রতিষ্ঠাই ছিল আরবের মুহান্মদ বিন আবদুল ওহাব নজদী, সাইয়েদ আহমদ শহীদ, হাজী শরীয়ত্ত্রাহ, সৈয়দ নিসার জালী ওরফে তীত্মীর প্রমুব মনীন্বীদের জান্যোলরে মুখ্যউন্দেশ্য।

হাজী শরীয়তুল্লাহর আন্দোলনে হিন্দুখার্থে চরম আঘাত লেগেছিল বলে তারা ইংরেজ শানকদের সহায়তায় তাঁকে দমন করতে সকল শক্তি প্রয়োগ করলো। তংকালীন হিন্দু সমাজের মনোতাব হাজী শরীয়তুল্লাহর প্রতি কতখানি বিদ্বোত্তক ছিল, তার প্রমাণ পাওয়া যায় ১৮৩৭ সালের ২২শে এপ্রিল তারিখের 'সমাচার দর্পথে' প্রকাশিত একখানি পত্রে। পত্রটি নিম্নে উদ্বৃত হলো ঃ

ইদানিং জেলা ফরিদপুরের অন্তঃপাতি শিবচর থানার সরহদে বাহাদুরপুর গ্রামে সরিতুল্লা নামক একজন বাদশাহী লওনেচ্চুক হইয়া ন্যুনাধিক বার হাজার

জোলা ও মুসলমান দলবন্ধ করিয়া নতুন এক শরা জারি করিয়া নিজ মতাবলম্বী লোকদিগের মুখে দাড়ি, কাছা খোলা, কটিদেশে ধর্মের রজ্জুভৈস করিয়া তথ্যতুর্দিগস্থ হিন্দুদিগের বাটি চড়াও হইয়া নেবদেবী পূজার প্রতি অশেষ প্রকার আঘাত জন্মাইতেছ-এই জিলা ঢাকার অন্তঃপাতি মতলবগঞ্জ থানার রাজনগর নিবাসী দেওয়ান মৃত্যুজ্যু রায়ের স্থাপিত হাদশ শিবপিঙ্গ ভাঙ্গিয়া নদীতে বিসর্জন নিয়াছে এবং ঐ থানার সরহদ্দে পোডাগাছা গ্রামে একজন ভদ্রলোকের বাটিভে ৱাত্রিযোগে চড়াও হইয়া সর্বস্ব হরণ করিয়া তাহার গৃহে স্বগ্নি দিয়া স্বর্শিষ্ট যে ছিল তত্মরাশি করিলে একজন যবন মৃত হইয়া ঢাকায় দওরায় অর্পিত হইয়াছে। ... আর শ্রুত হওয়া গেল, সরিত্মার দলভুক্ত দৃষ্ট যবনেরা ঐ ফরিদপুরের জন্তঃপাতি পাটকানা গ্রামের বাবু তারিণী চরণ মন্ত্র্মদারের প্রতি নানা প্রকার দৌরাজ্য অর্থাৎ তাহার বাটিতে দেব-দেবী পুজায় আঘাত জন্মাইয়া গোহত্যা ইত্যাদি কৃকর্ম উপস্থিত করিলে মঞ্জুমদার বাবু যবনদিগের সহিত সম্মুখ যুদ্ধ জনুমতি বোধ করিয়া—ঐ সকল দৌরাত্ম ফরিদপুরের ম্যাঞ্জিষ্টেট সাহেবের হন্ধরে জ্ঞাপন করিলে ঐ সাহেব বিচারপূর্বক কয়েকজন যবনকে কারাগারে বন্ধ করিয়াছেন এবং এ বিষয়ে বিলক্ষণ অনুসন্ধান করিতেছেন। হে সম্পাদক মহাশয়, দুষ্ট হবনেরা মফঃবলে এ সকল স্বত্যাচার ও দৌরাত্মে ক্ষান্ত না হইয়া বরং বিচারণুহে আক্রমণ করিতে প্রবৃত্ত হইল। শ্রুত হওয়া গেল, ফরিনপুরের ম্যাজিস্টেট সাহেবের হজরে যে সকল আমলা ও মোক্তার-কারেরা নিযুক্ত আছে, ভাহারা সকলেই সরিভুল্লা যবনের মতাবলহী—ভাহাদের রীতি এই যদি কাহার নামে মিথ্যা অভিযোগ করিতে হয়, তবে কেহ ফরিয়াদী কেহ বা সাঞ্চী হইয়া মোকন্দমা উপস্থিত করে সূতরাং ১২০০০ লোক দলবদ্ধ। ইহাতে ফরিয়াদীর সান্দীর ক্রটি কি আছে... আমি ব্যেধ করি, সরিতুল্লা যবন যে প্রকার দলবন্ধ হইয়া উত্তর উত্তর প্রবল হইতেছে আরু দিনের মধ্যে হিন্দুধর্ম লোপ পাইয়া অকালে প্রলয় হইবেক। সরিভুল্লার চোটপাটের শত অংশের এক অংশ ভিতুমীর করিয়াছিল না। ইতি সন ১২৪৩ সাপ, তারিখ ২৪শে চৈত্র।" ("সংবাদপত্রে সেকালের কথা"-ব্রজেন্দ্রনাথ বন্দোপাধ্যায় সম্পাদিত-শতাব্দী পরিক্রমা, পৃঃ 1196-866

পত্রখানির প্রতিটি ছত্তে মুসলমানদের প্রতি হিন্দু সমাজের মানসিকতা পরিগফুট হয়েছে। হাজী শরীপ্রত্মাহ সাইপ্রেদ আহমদ বেরেপতীর ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলনের প্রতিও আকৃষ্ট হয়ে বাংলাদেশ থেকে বহু মূজাহিদ, যাকাত, ফেংরা, দিল্লাহ থেকে সংগৃহীত বহু অর্থ এবং নানা প্রকার সাহায্য পশ্চিম ভারতের সিম্ভানা কেন্দ্রে পাঠাতেন।

ঢাকা জেলার নয়াবাড়ী নামক স্থানে প্রথমে শরীয়ত্য়াহর নতুন, কর্মকের স্থাপিত হয়। কিছু হিন্দু জমিদারদের চরম বিরোধিতার ফলে তাঁকে আপন প্রামে ফিরে পিয়ে তাঁর প্রচারকার্য গুরু করতে হয়। তাঁর আন্দোলন ঢাকা, বরিশাল, নদিয়া, পাবনা, ময়মনিদংহ প্রভৃতি জেলায় বিস্তার লাভ করে। নিরক্ষর, চাষী, তাঁতী ও অন্যান্য সাধারণ মুসলমানদের মধ্যে নামাজ—রোজার প্রচলন, ধৃতির পরিবর্তে তহবন্দ—টুপির ব্যবহার, মসজিদগুলির সংস্কার প্রভৃতি কাজ পূর্ণ উদ্যামে চলতে থাকে। হাজী শরীয়ত্য়াহ নিজে মাধায় প্রকাড পাগড়ী ও গায়ে জামার উপরে ছদরিয়া পরতেন—য়ে পোশাক সাধারণতঃ কোন মুসলমান ব্যবহার করতো না। ১৮৪০ সালে তিনি পরলোক গমন করার পর তাঁর যোগ্য পুত্র দুদু মিয়া তাঁর আন্দোলন অব্যাহত রাখেন।

হাজী শরীম্বজুল্লাহর পুত্র মোহাত্মদ মুহসীন ওরফে দুদূ মিয়া ১৮১৯ সালে জন্মগ্রহণ করেন। ১৮৩১ সালে ডিনি হজ্ব পাগনের জন্যে মঞ্জা গমন করে পাঁচ বৎসর অবস্থান করেন এবং প্রত্যাবর্তনের পর পিতার কাজে সাহাধ্য করেন।

পিতার ন্যায় দৃদ্ মিয়াও জত্যাচারী জমিদারদের বিরুদ্ধে আন্দোলন শুরুকরেন। জমিদারদের সংগে তাঁকে বার বার সংঘর্ষে আসতে হয়। ১৮৪২ সালে তিনি ফরিদপুরের জমিদার বাড়ী অক্রমণ করেন এবং মদন নারায়ণ ঘোষকে বন্দী ও পরে হত্যা করেন। পুলিশ তাঁকেসহ ১১৭জন ফারায়েজীকে গ্লেফতার করে। বিচারে ২২ জনের কারাদেভ হয়। কিন্তু দৃদ্ মিয়াকে প্রমাণের জভাবে খাদাদদেয়া হয়। ১৮৪৬ সালে এনডিও এভারসন এর গোমন্তা কালি প্রসাদ মনিবের আদেশে সাত আটশ' লোক নিয়ে দৃদ্ মিয়ার বাড়ী চড়াও করে এবং প্রায় দেড় লক্ষ মূল্যের অলংকারাদিসহ বহু ধনসম্পদ লুন্ঠন করে নিয়ে যায়। ম্যাজিস্টেটের কাছে বিচারপ্রার্থী হয়েও কোন ফল হয় না।

জমিদার ও নীপকরদের অত্যাচারের বিরুদ্ধে বিচারপ্রার্থী হয়ে কোন সুবিচার না পেরে নুনু মিরা এবার নিজ হাতে শব্রুদের উচিত শান্তি দিতে মনস্থ করেন। ১৮৪৬ সালের নভেষর মাসে, তাঁর গৃহ পুষ্ঠিত হওয়ার একমাস পরে, তিনি শক্রদের অত্যাচার-উৎপীড়নে ইন্ধন সংযোগকারী নীলকর ডানলপের কারখানা অগ্নিসংযোগে তথীভূত করে দেন এবং গোমন্তা কালী প্রসাদকে হত্যা করেন। দুই বৎসর পর্যন্ত মামলা চলার পর দুদু মিশ্রা তার বিরুদ্ধে আনীত অভিযোগ থেকে অব্যাহতি পান।

জনসাধারণের মধ্যে পুদু মিয়ার অসাধারণ প্রভাব প্রতিপত্তি লক্ষ্য করে সরকার বিব্রত হয়ে পড়েন। ১৮৫৭ সালের জার্যাদী আন্দোলন চলাকালে দুদু মিয়া উপ্তেজনা সৃষ্টি করতে পারেন এই অজ্হাতে তাঁকে কারাগারে আটক করে রাখা হয়। প্রথমে আলীপুরে এবং পরে তাঁকে ফরিদপুর জেপে রাখা হয়। ১৮৫৯ সালে মৃক্তিলাত করে তিনি ঢাকায় আসেন এবং এখানেই তাঁর মৃত্যু হয়।

পুদু মিয়া পিতার আন্দোলনকে অধিকতর শক্তিশালী করেছিলেন বটে। কিছু দীতির দিক দিয়ে তিনি পিতার আদর্শের কিছুটা পরিবর্তন করেছিলেন। হাজী শরীয়তুল্লাহ যে হয়টি বিষয়ের উপরে তাঁর আন্দোলনের তিত্তি স্থাপন করেছিলেন তা হচ্ছে—

- মুসলমান শাসিত দেশ ব্যতীত অন্য কোথাও জুমা ও ঈদের নামায বৈধ নয়;
- ০ মহররমের পর্ব ও অনুষ্ঠান পালন ইসলাম বিরুদ্ধ এবং পাণকার্য;
- 'পীর' ও 'মুরীদ' পরিতাষাছয়ের স্থলে 'উস্তাদ' ও 'শাগরেল' পরিতাষাছয়ের ব্যবহার। কারণ 'মুরীদ' তার ষধাপর্বস্ব 'পীরের' কাছে সমর্পণ করে যা ঠিক নয়। পক্ষান্তরে 'শাগরেদকে' তা করতে হয় না।
- এ খান্দোলনে যারাই যোগদান করবে তাদের মধ্যে উক্ত—নীচ, 'আশরাফ'—
  'আতরাফ'— কোন ভেদাতেদ থাকবে না। বরঞ্চ সকলের মধ্যে সমমর্যাদা
  প্রতিষ্ঠিতহবে—'পীরি–মুরীদির' মধ্যে যার অতাব দেখা যায়।
- পীরপুজা ও কবরপুজা ইসলাম বিগহিত বলে এসবের তীব্র প্রতিবাদ জানান।
- তৎকালে পীরের হাতে হাত রেখে 'বয়আত' করার যে প্রথা প্রচলিত ছিল,
  তার পরিবর্তে 'ফারায়েজী' আন্দোলনে যোগদানকারী শুধুমাত্র সকল পাপ
  কাঞ্চ থেকে খাঁটি দিলে 'ভডবা' করে পরিপূর্ণ ইসলামী জীবন যাপন করার
  শপথ গ্রহণ করবে।
- ধাত্রীকর্তৃক নব প্রসৃত সন্তানের নাড়িকর্তনকেও ইসলাম বিরুদ্ধ বলে ঘোষণা করেন এবং বলেন যে, এ কান্ধ পিতার, বেগানা ধাত্রীর নয়।
   জেমস টেইলার বলেন যে, কোরআনকে জক্ষরে জক্ষরে পালন করাই

ফারান্থেলী আন্দোলনের উদ্দেশ্য এবং কোরখান যেসব অনুষ্ঠানাদি সমর্থন করে না তা সবই বর্জনীয়। মহররমের অনুষ্ঠান পালনই শুধু নিথিদ্ধ নয়, এ অনুষ্ঠানের ক্রিয়াক্লাপ দেখাও নিথিদ্ধ। (Dr. A. R. Mallick: British Policy & the Muslims in Bengal. p. 69)।

হাজী শরীয়তুল্লাহর মৃত্যুর পর জান্দোদনকে জোরনার করার জন্যে পুদু মিদ্ধা লয়র পূর্ববাংলা কয়েকটি প্রলাকার বিভক্ত করেন এবং প্রত্যেক এলাকার একজন করে থলিফা নিযুক্ত করেন যাদের কাজ ছিল আন্দোদনের নিকে মানুষকে আহ্বান করা, কমী সংগ্রহ করা ও সংগঠন পরিচাদনার জন্যে জর্প সংগ্রহ করা। এভাবে যে সাংগঠনিক জাঠামো তৈরী হলো তার মাধায়, দুদু মিয়া, 'পীর' রূপে বিরাজমান হলেন যে পীরপ্রথাকে তাঁর পিতা প্রত্যাখ্যান করেছিলেন। (Journal of the Asiatic Society of Bengal, Vol. LXIII, pt. II, No. 1, 1894, p. 50: Encylopaedia of Islam, Vol. II. p-58)।

হাজী শরীয়তৃত্বাহর জীবদশায় যে আনোলন পরিচালিত ছিল, তা ছিল মুখাতঃ ধর্মীয় সংস্কার আনোলন। অত্যাচারী জমিদারদের প্ররোচনায় পূ'একটি সংঘর্ষ বাতীত কায়েমী সার্পের বিরুদ্ধে, তাঁর আলোলনের সংঘর্ষ হয়ন। কিন্তু দুলু মিয়ার সময়ে আলোপন অনেকটা রাজনৈতিক রূপ ধারণ করে। সকল জমিদার ও নীলকরগণ তাঁর আলোপনের বিরুদ্ধে একতাবদ্ধ হয়। তাই দুলু মিয়ার সারা জীবন তাদের বিরুদ্ধে সংগ্রাম করেই কেটে গেছে। একদিকে গরীব প্রজাদের উপর জমিদার—নীলকরদের নানাপ্রকার উৎপীড়ন এবং তাদের দুংখ মোচনে দুলু মিয়ার সর্বাত্মক প্রচেষ্টা তাদেরকে দুলু মিয়ার নেতৃত্বে একতাবদ্ধ করে। দুলু মিয়ার সাংগঠনিক যোগ্যতাও ছিল অসাধারণ। বাংলার জমিদারগণ ছিল প্রায়ই হিন্দু এবং নীলকরগণ ছিল ইংরেজ খুন্টান ও তাদের গোমন্তা কর্মচারী ছিল সবই হিন্দু। এ কারণেও কৃষক প্রজাগণ জমিদার—নীলকরদের বিরুদ্ধে দুলু মিয়ার নেতৃত্বে একতাবদ্ধ হয়েছিল। দুদু মিয়াকে সারা জীবন জমিদার—নীলকরদের বিরুদ্ধে সংখ্যাম করতেই কেটে গেছে। নিত্য নতুন মিধ্যা মামলা—মোকন্দমায় তাঁকে জড়িত করা হয়। এসবের জন্যে তাঁকে শেষ পর্যন্ত দারিদ্রা বরণ করতে হয়।

দুসু মিয়ার মৃত্যুর পর তাঁর প্রথম ও দিতীয় পূত্র যথাক্রমে গিয়াসউদ্দীন হায়দার ও নয়া মিয়া ফারায়েলী আন্দোপনের নেতৃত্ব দেন। নয়া মিয়ার মৃত্যুর পর দুনু মিয়ার তৃতীয় পূত্র আলাদীন আহমদ আন্দোপন পরিচাপনা করেন। তিনি ১৯০৫ সালের বংগতংগ সমর্থনে নওয়াব সপিমুল্লাহর সাথে সহযোগিতা করেন। আলাদীনের পর তাঁর পূত্র বাদশাহ মিয়া আন্দোপন পরিচাপনা করেন। ১৯২২ সালে তিনি খেলাফত আন্দোপনে যোগদান করেন এবং এ সময়ে সরকার তাঁকে প্রেফতার করে। তারপর ফারায়েলী আন্দোপন ন্তিমিত হয়ে পড়ে। যে ধর্মীয় সংস্কার আন্দোপন নিয়ে এ আন্দোপনের উত্তব হয়েছিল এবং হাজী শরীয়তৃপ্লাহ যে জেহাদী প্রেরণা নিয়ে কাজ শুরু করেছিলেন তা ক্রমশয় ন্তিমিত হয়ে ক্রমশয় জন্য ধারায় প্রবাহিত হয়। যে পীর—মুরীদি হাজী শরীয়তৃল্লাহ প্রত্যাখ্যান করে আন্দোপনকে খাঁটি ইসলামী সংস্কার আন্দোপনের রূপ দিয়েছিলেন, অবশেষে এ আন্দোপন সেই পীর—মুরীদিতেই রূপান্তরিত হয়ে গেশ। ফলে এ আন্দোপনের মতাবলম্বীদের কার্যকলাপ ও কর্মপদ্ধতি থেকে পূর্বের সো জেহাদী প্রেরণা ও সংগ্রামী মনোভাব বিদায় গ্রহণ করণো।

#### দশম অধ্যায়

# শহীদ তিত্মীর

শহীদ তিতুমীর সমসাময়িক একজন জতীব মজলুম ব্যক্তি। তিনিও হাঞ্জী শরীয়তল্লাহর মতো অধঃপতিত মসলমান সমাজে সংস্কার আন্দোলন শুরু করেন। তার এ নিছক ধর্মীয় সংস্কার আন্দোলনে হিন্দু জমিদারগণ শুধু প্রতিবন্ধকতাই সৃষ্টি করেনি, ইসলাম ধর্ম এবং মুসলমান জাতির প্রতি তাদের অন্ধ বিদ্বেষ সুস্পষ্ট হয়ে উঠেছে। অতীব পরিভাপের বিষয় সমসাময়িক ইতিহাসে ভিভূমীরের চরিত্র অত্যন্ত বিকৃত করে দেখানো হয়েছে। তার কারণণ অতি সুস্পষ্ট। বিদ্বেষপুষ্ট হিন্দুদের দারা বর্ণিত বিবরণকে ভিত্তি করে ইংরেজ লেখকগণ তাঁর সম্পর্কে যেসব মন্তব্য করেছেন, তা বিকৃত, কল্পাপ্রসূত ও উদ্দেশ্যপ্রণোদিত। তিতুমীরের ন্যায় একজন নির্মাণ চরিত্রের গোদাশ্রেমিক মনীবীকে একজন দুকরিত্র, নুর্বৃত্ত ও ভাকাত বলে অতিহিত করা হয়েছে। ভাঃ এ আর মল্লিক তাঁর British Policy & the Muslims in Bengal acts 46 7818 Calcutta Review. Boards Collections, 54222, p-401, Colvin to Barwell, 8 March 1832 Para 6, Magistrate of Baraset to Commissioner of Circuit, 18 Div. 28 November, 1831, para 35 প্রভৃতির বরাড দিয়ে বিকৃত ভণ্য পরিবেশন করেছেন। বলা হয়েছে যে, তিত্মীর কোন উল্লেখযোগ্য পরিবারে জনাগ্রহণ করেননি, তবে মুন্দী আমীর নামক জনৈক সম্ভান্ত জোতদারের পরিবারে বিয়ে করেন। আরও বলা হয়েছে বে, তিতুমীর একজন দুভরিত্র দুর্বৃত্ত বলে পরিচিত ছিলেন এবং নদিয়ার জনৈক হিন্দু অমিদারের অধীনে ভাড়াটিয়া গুড়া হিসাবে চাকুরী করেন। এ উক্তিগুলি সম্পূর্ণ সত্যের অপলাপ ব্যতীত কিছু নয়। এসব বিবরণ থেকে অথবা ইসলাম বিছেষে অন্ধ হয়ে হান্টার সাহেবও মন্তব্য করেন, "এ সময় কোলকাতায় ধর্মীয় নেতার যেসব শিষ্য-শাগরেদ ও অনুসারী ছিল, তাদের মধ্যে পেশাদার কৃষ্টিগীর ও গুভা প্রকৃতির একটা লোক ছিল তিত্মিয়া নামে। এই ব্যক্তি এক সম্ভান্ত কৃষকের পুত্র হিসাবে জীবন জারন্ধ করলেও জমিদারের ঘরে বিয়ে করে নিজের অবস্থার উন্নতি করেছিল। কিন্তু উগ্র

ও দুর্দান্ত চরিত্রের দরুন তার সে অবস্থা বহাল থাকেনি।" (W. W. Hunter : The Indian Mussalmans, B. D. First Edition, 1975, pp. 34-35)।

ইংরেজ খৃষ্টান হান্টার সাহেব মুসলিম জগতের চিরখরণীর ও বরেণ্য মনীখী সাইদ্রেদ আহমদ শহীদ সম্পর্কেও জ্বঘন্য উক্তি করেছেন। যথাস্থানে তার আলোচনা করা হবে। যতোটা নির্ভরযোগ্য তথ্যাদি শহীদ তিতুমীর সম্পর্কে জানা গেছে, তারই ভিত্তিতেই তাঁর আন্দোলন ও কার্যতংক্রহার আলোচনা আমরা করব। তার ফলে আশা করি, এটাই প্রমাণিত হবে যে, তাঁর শিক্ষা, চরিত্র, খোদাপ্রেম, অসত্য ও অনায়—অবিচারের বিরুদ্ধে তাঁর জীবনব্যাপী সংগ্রামী মনোভাবের সাথে উপরের কল্পিত বর্ণনার দূরতম কোন সম্পর্কও নেই।

পলাশী দুদ্ধের পাঁচিশ বছর পর এবং উনবিংশ শতকের পঞ্চয় দশকের সময় ভারতব্যাপী আযাদী সংগ্রামের (১৮৫৭) পঁচান্তর বছর পূর্বে ১৭৮২ খৃষ্টাব্দে সাইয়েল নিসার আলী ওরফে তিতুমীর পশ্চিম বাংলার চরিশ পরগণা জেলার চাঁদপুর গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতার নাম মীর সোইয়েদ) হাসান আলী এবং মাতার নাম আবেদা রোকাইয়া খাতৃন। (শহীদ তিতুমীর, জাবদুল গফুর সিন্দিবী, পৃঃ১)।

ইংরেজ ইতিহাস লেখকগণ অবজ্ঞাতরে এবং তিতুমীরকে ছোটো করে দেখাবার জন্য তাঁকে এক অনুস্থোখযোগ্য কৃষক পরিবার সঞ্ত বলে বর্ণনা করেছেন। কিন্তু প্রকৃতপক্ষে তিনি প্রখ্যাত সাইয়েদ বংশে জন্মলাত করেন। প্রাচীনকালে যে সকল অলী–দরবেশ ইসলাম প্রচারের উদ্দেশ্যে বাংলায় আগমন করেন তাঁদের মধ্যে সাইয়েদ শাহ হাসান রাজী ও সাইয়েদ শাহ জালাল রাজীর নাম প্রাতন ললিল দন্তাবেজে পাওয়া যায়। দুই সহোলর তাই সাইয়েদ শাহ আরাস আলী ও সাইয়েদ শাহ শাহাদত আলী যথাক্রমে সাইয়েদ শাহ জালাল রাজী ও সাইয়েদ শাহ হাসান রাজীর মুরীদ ও থলিফা ছিলেন। সাইয়েদ শাহাদত আলীর পুত্র সাইয়েদ শাহ হাসমত আলীর ত্রিংশ অধন্তন পুরুষে জন্মগ্রহণ করেন মীর নিসার আলী ওরফে তিতুমীর। শেহীদ তিতুমীর, আদুল গফুর সিন্দিকী, পুঃ ৩০৪।

তিত্মীর বিয়ে করেন তৎকালীন খ্যাতনামা দরবেশ শাহ সৃষ্টী মুহামদ আসমতউল্লা সিন্দিকীর পৌত্রী এবং শাহ সৃষ্টী মুহামদ রহীমুল্লাহ সিন্দিকীর কন্যা মায়মুনা খাতুন সিন্দিকাকে। (ঐ ...পুঃ১৬)।

২০৮ বাংপার মুসলমানদের ইতিহাস

আবু জাফর বপেন, মীর নিসার আলীর পিতার নাম মীর হাসান আলী এবং মাতার নাম আবেদা রোকাইরা থাতুন। ... তিত্মীর বিশ্বে করেন হথরত শাহ সুফী মুহাম্দ রহীমুল্লা সিন্দিকীর কন্যা মারমুনা সিন্দিকাকে। বিশ্বের চৌন্দ দিন পরে তাঁর ছোটো দাদা সাইশ্বেদ ওমর দারান্দ রাজী প্রাণত্যাগ করেন। এর ছয় মাস পর তাঁর পিতা মীর হাসান আলীর মৃত্যু হয়। (স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, আবু জাকর, পৃঃ ১১৭–১৮)। নিসার আলীর জন্মের আগেই তাঁর আপন দাদা সাইশ্বেদ শাহ কনমরস্ল পেহত্যাগ করেন। তাঁর কনিষ্ঠ ত্রাতা শাহ ওমর দারান্দ রাজীর হাতেই মুরীদ হন নিসার আলীর পিতা মীর হাসান আলী।

এসব তথা থেকে এ কথাই প্রমাণিত হয় যে, সাইয়েদ নিসার আলী ওরফে
তিত্মীর এক অতি উচ্চ ও সম্রান্ত বংশে জন্মগ্রহণ করেন। তারপর ও তাঁকে
একজন উচ্ছ্ংখল দৃষ্টপ্রকৃতির যুবক এবং জনৈক হিন্দু জমিদারের গুভাবাহিনীর
বেতনতৃক সদস্য বলে চিত্রিত করা হয়েছে। তাঁর শিক্ষাণীক্ষা ও চরিত্রগঠন
সম্পর্কে নির্ভরযোগ্য তথ্যের তিন্তিতে আলোচনায় তাঁর সম্পর্কে উপরের মন্তব্য
ভিত্তিহীন বলে প্রমাণিত হবে।

তৎকালীন মুসলিম সমাজের সন্ত্রান্ত পরিবারে প্রচলিত প্রথা অনুযায়ী নিসার আলীর বয়স যখন চার বছর চার মাস চার দিন, তখন তাঁর পিতামাতা পুত্রের হাতে তখ্তী দিয়ে তার বিন্যাশিক্ষার সূচনা করেন। তারপর সেকালের শ্রেষ্ঠ উন্তাদ মুপী গালমিয়াকে লিসার আলীর আরবী, ফার্সী ও উর্দৃতাষা শিক্ষা দেয়ার জন্যে নিযুক্ত করা হয়। মাতৃতাষা বাংলাতাষা শিক্ষার প্রতিও তাঁর পিতামাতা উদাসীন ছিলেন না মোটেই। সেজন্যে পার্থবর্তী শেরপুর গ্রামের পভিত রামকমল তট্টাচার্যকে বাংলা, ধারাপাত, অংক ইত্যাদি শিক্ষার জন্যে নিযুক্ত করা হয়। এ সময়ে বিহার শরীফ থেকে হাফেজ নিয়ামতৃত্রা নামে জনৈক পারদর্শী শিক্ষাবিদ চাঁদপুর গ্রামে আগমন করলে, গ্রামের অভিতাবকগণ তাঁকে প্রধান শিক্ষ নিযুক্ত করে একটি মাদ্রাসা স্থাপন করেন। আঠার বছর বয়সে নিসার আলী শিক্ষা সমাপ্ত করেন এবং তিনি কোরআনের হাফেজ হন। উপরস্তু আরবী ব্যাকরণ শান্ত, ফারায়েজ শান্ত, হাদীস ও দর্শনশান্ত্র, তর্কশান্ত্র, তাসাগুউফ, এবং আরবী—ফার্সী কাব্য ও সাহিত্যে বিশেষ পান্ডিত্য লাভ করেন। তিনি আরবী, ফার্সী ও বাংলা তাষায় অনর্গল বক্তৃতা করতে পারতেন।

যে যুগে ভিত্মীর জন্তাহণ করেল, বাংগার কিশোর ও যুবকরা ওবন নিয়মিত পরীরচর্চা করতো। চাঁদপুর ও হায়দারপুর প্রামের মধ্যস্থলে প্রতিষ্ঠিত মাদ্রাসা প্রাশ্বনটি ছিল পরীরচর্চার আবড়া। হায়দারপুর নিবাসী শেখ মুহাম্মদ হানিফ পরীরচর্চা শিক্ষাদিকেন।এ পরীরচর্চার আবড়ায় শিক্ষা দেয়া হতো ভনকুত্তী, হাড়্ড্ খেলা, লাঠি খেলা, ঢালশড়কী খেলা, তরবারী তাঁজা, তীর গুলতী, বাঁশের বন্দুক চালনা প্রতৃতি। হাফিজ্ব নিয়ামত উল্লাহ শুধু আরবী—ফার্সা অথবা কোরখান হাদীদেরই উন্তাদ ছিলেন না, তিনি মাদ্রাসার ছাত্রদেরকে নানাবিধ খেলার কমরতও শিক্ষা দিতে থাকেন। প্রত্যহ বৈঠকে ও সন্ধ্যারাত্রিতে তিনি পরীরচর্চার ও অক্সচালনার নানা প্রকার কৌশল শিক্ষা দিতে থাকেন। এ আখড়ার সর্দার ছাত্র হলেন দুশ্জন— শেখ মুহাম্মদ হানিক ও সাইয়েল নিসার আলী ওরফে ভিত্মীর।

সম্বতঃ বিংশ শতকের প্রথম দশকেই তাঁর বিয়ে হয়। তার বছর দেড়েক পর তিনি উপ্তাদ হাক্সিজ নিয়ামত উল্লাহর সাথে কোলকাতা এবং তালিবটোলায় (বর্তমান নাম তালতলা) হাক্সেজ মৃহাত্মদ ইসরাইলের বাসায় অবস্থান করতে থাকেন। হাক্সেজ ইসরাইলও ছিলেন বিহার শরীক্ষের অধিবাসী। তিনি তালতলা জ্ঞামে মসজিদের পেশ ইমাম নিযুক্ত হন—এথানেই বিয়ে করে কোলকাতাবাসী হয়ে যান। তালিবটোলা বা তালতলার একটি অংশকে তথন মিসরীগঞ্জ বলা হতো। এখানে কুপ্তী প্রতিযোগিতার একটি আখড়া বা কেন্দ্র ছিল যার সভাপতি ছিলেন জ্ঞামালউদ্দীন আফেন্দ্রী। সে যুগে পেশালারী কুপ্তী প্রতিযোগিতার প্রচলন হয়নি। ধনবান ব্যক্তিগণ শারীরিক শক্তি ও বীরত্ব জ্ঞানে প্রেরণা লানের জন্যে বিজয়ী ব্যক্তিকে পুরস্কার ও খেগাং দান করতেন এবং পরাজিত ব্যক্তিকে শুধু পুরস্কার নিডেন। কুপ্তীগিরি করে ধনউপার্জন করতে হবে, এ ধরনের মনোতাব তথন পালোয়ানদের মনে স্থান পায় নি।

তিত্মিয়ার কোলকাতা অবস্থানকালে মিসরীগঞ্জ আধড়ায় কুন্তী প্রতিযোগিতা হতো এবং বিজয়ী পালোয়ানকে প্রচুর এনাম দেয়া হতো। এবানে কুন্তী প্রতিযোগিতায় তিত্মীর বেশ সুনাম অর্জন করেন। হাফিজ নিয়ামতউল্লাহ ও হাফিজ মুহাম্মন ইসরাইল কুন্তী প্রতিযোগিতার বিশেষ অনুরাগী ছিলেন।

কুজীখেগার আর একজন বিশেষ অনুরাগী ছিলেন। তিনি হলেন মীর্জা গোলাম আধিয়া। তাঁর কিঞ্চিৎ পরিচয় দান এখানে অপ্রাসন্ধিক হবেনা। তিনি ছিলেন শাহী খালানের লোক এবং ছিলেন নিঃসপ্তান। তিনি ছিলেন জমিদার এবং নিঃসপ্তান ছিলেন বলে জমিদারীর যা আয় হতো তার অধিকাংশই সৎকাঞে ব্যয় করতেন।

কোলকাতা শহরের ভারত বিভাগপূর্ব কালের মীর্জাপুর আমহাস্ট স্ত্রীট অঞ্চলে তাঁর লমিনার বাড়ী অবস্থিত ছিল। তাঁর বাড়ীর নাম ছিল মীর্জা মঞ্জিল। তাঁর নামানুসারে মীর্জাপুর স্ত্রীট নামকরণ করা হয়। মীর্জা মঞ্জিলের দক্ষিণে ছিল মীর্জা ভালাব ও মীর্জাবাগ। এই মীর্জাবাগ পরে মীর্জাপুর পার্ক নামে অভিহিত হয়। যেখানে তাঁর বৈঠকখানা অবস্থিত ছিল, সেটাকে পরে বৈঠকখানা রোড নাম দেওয়া হয়। মীর্জা সাহেব সর্বদা এবাদত বন্দেগীতে লিঙ পাকতেন। তিনি বৃদ্ধ বয়সে মীর্জাপুর ও বৈঠকখানা রোডের জমি, মীর্জা ভালাব, মীর্জাবাগ প্রতৃতি কোলকাতা মিউনিসিপালটিকে দান করে এবং বাড়ীঘর ও অন্যান্য বিষয়সম্পত্তি বিক্রী করে মন্ধায় হিজরত করেন। যে মীর্জা ভালাব ও মীর্জাবাগ ব্রিটিশ রাজত্ত্বর প্রায় শেষ অবধি মীর্জাপুর পার্ক নামে অভিহিত ও সুপরিচিত ছিল, বিংশতি শতাধীর তিনের দশকে তার নাম দেয়া হয় স্বামী শ্রন্ধানল পার্ক। এ অধিকার নাারতঃ মিউনিসিপালিটি ছিল না। মীর্জাপুর পার্কে বিশ্বপর্টিশ হাজার বিক্ষ্

উক্ত মীর্জা গোলাম অধিয়ার সান্নিধ্যে জাসার পর মীর নিসার জালীর একজন কামেল মূর্ণিদের হাতে বয়খাত করার প্রবল আগ্রহ জাগে। অতঃপর জাকী শাহ নামক জনৈক দরবেশ কোলকাতার তালিবটোলার আগমন করলে নিসার আলী তার দরবারে হাজির হরে মুরীদ হওয়ার বাসনা প্রকাশ করেন। শাহ সাহেব তাঁর মুখের দিকে কিছুক্ষণ তাকিয়ে থেকে বলেন, "বায়তুল্লাহ শরীফের জিয়ারত না করলে তুমি নিশ্ব্রু গীরের সন্ধান পাবে না।"

প্রকৃত মূর্শিদ প্রান্তির আশায় অবশেষে মীর নিসার আলী মক্কা গমন করেন এবং সেখানেই সাইয়েদ আহমদ বেরেলতীর সাথে তাঁর সাক্ষাৎ হয়। এখানেই মীর নিসার আলী তাঁর হাতে বয়ুআত করে মুরীদ হন।

হচ্ছ ও অন্যান্য ক্রিয়াদি সমাপনাত্তে সাইয়েদ আহমদ কেব্রেলতী তাঁর ঋণিকা মওলানা শাহ মুহামন ইসমাইল ও মওলানা ইসহাককে নিম্নাপ নির্দেশ দেনঃ- "তোমরা জাপন জাপন বাড়ী পৌছে দিন পনেরো বিপ্রাম নিবে। তারপর ভোমরা বেরেলী পৌছুলে তোমাদের নিয়ে তারতের বিভিত্ন স্থান সফর করব। পাটনায় কয়েকদিন বিশ্রামের পর কোলকাতা যাব।

বাংলাদেশের খলিফাগণের প্রতি তার নির্দেশ ছিল নিমরূপ ঃ-

আমি পাটনায় পৌছে মওলানা আবদুক বারী খাঁ (মওলানা আকরাম খাঁর পিতা), মওলানা মুহামদ হোসেন, মওলানা হাজী শরীয়তুরাহ, মওলানা সাইয়েদ নিসার আলী (তিতুমীর), মওলানা সুফাঁ খোদানাদ সিন্দিকী ও মওলানা কারামত আলীকে খবর নিব। আমার কোলকাতা পৌছার দিন তারিখ তোমরা ভাদের কাছে জানতে পারবে। কোলকাতায় আমাদের যে বৈঠক অনুষ্ঠিত হবে ভাতে আমাদের চূড়ান্ত কর্মসূচী গৃহীত হবে।

জভঃপর সকলে মকা থেকে স্ব স্থ গৃহে প্রভ্যাবর্তন করেন। পরে নির্দিষ্ট সময়ে তাঁরা কোলকাতার শামসূত্রিসা খানমের বাগানবাড়ীতে সমবেত হন। আলোচনার পর স্থিরীকৃত হয় যে পাটনা মূজাহিদগলের কেন্দ্রীয় রাজধানী হবে এবং প্রত্যেক প্রদেশে হবে প্রাদেশিক রাজধানী। প্রাদেশিক রাজধানী থেকে কেন্দ্রে জিহাদ পরিচাগনার অর্থ প্রেরণ করা হবে।

এসব সিদ্ধান্তের পর মওলানা সাইয়েদ নিসার আলী (তিতুমীর) উক্ত বৈঠকে যে তামণ দান করেন তা বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি বলেন—

বাংলাদেশের মুসলমানদের ঈমান থুবই দুর্বল হয়ে পড়েছে। তাদেরকে খাঁটি মুসলমান না করা পর্যন্ত তাদেরকে জেহাদে পাঠানো বিপজ্জনক হবে। আমি তাদের মধ্যে ইসলামী লাভয়াত পৌছাবার দায়িত্ব নিচ্ছি। শুধু তাই নয়, আমি মনে করি, নিমপ্রেণীর হিন্দুরাও আমাদের সংগ্রামে যোগদান করতে পারে।... কারণ ব্রাহ্মণ, বৈদ্য, ক্ষত্রিয় ও কায়ন্থ জাতির উপর নিমপ্রেণীর হিন্দুরা সন্তুষ্ট নয়। আমরা যদি মুসলমানদেরকে পাকা মুসলমান বানিয়ে নিমপ্রেণীর হিন্দু ও মুসলমানদেরকে ঐক্যবদ্ধ করতে পারি তাহলে ... কেন্দ্রের সাথে যোগাযোগ স্থাপন করে কেন্দ্রকে সাহায্য করা আমাদের পক্ষে দুঃসাধ্য হবে না।

পরামর্শ সভায় অতঃপর স্থির হলো, বাংলা কেন্দ্রকে অপর সকল বিষয়ে গোপনে সাহায্য করবে। কিন্তু প্রকাশ্যভাবে জেহাদে অংশপ্রহণ করবে না। তবে খাঁরা কেন্দ্রের সাথে যোগদান করার ইচ্ছা করবে, তাদেরকে বাধা দেয়া হবে না। শেহীদ ভিতুমীর, আবদুল গফুর সিন্দিকী, পুঃ ২২–৩৭)। তারপর সাইয়েদ নিসার খালী তাঁর কর্মতৎপরতা শুরু করেন যার বিশ্বারিত খালোচনা আমরা নিমে করতে চাই। তাঁর শিক্ষাঞ্জীবন থেকে আরম্ভ করে কোলকাতার জীবন, পীরের সন্ধানে ভ্রমণ, হজ্জপালন, সাইয়েদ আহমদ বেরেশতীর শিষ্যত্ব লাভ প্রভৃতি কার্যক্রমের বিবরণ উপরে দেয়া হলো। তিনি যে কখনো কোন হিন্দু জমিদারের গুভাবাহিনীতে তাড়াটিয়া লাঠিয়াল হিসাবে কাম্ভ করেছেন, এ কথা একেবারে অম্বুদক ও ভিত্তিহীন। তাঁর মহান আদর্শ, চরিত্র ও মহত্তকে বিকৃত করে তাঁকে লোকচক্ষে হেম ও ঘূণিত করবার এ এক পরিকল্পিত অপপ্রদাস।

তিত্মীর তাঁর উপরোক্ত ভাষণে বলেছিলেন, "বাংলাদেশের মুসলমানদের সমান বড়োই দুর্বল হয়ে পড়েছে।" তাঁর আন্দোলন তৎপরতা আলোচনার পূর্বে আমাদের জানা দরকার মুসলমানদের ঈমান কতথানি দুর্বল ছল এবং কি পরিবেশে তিনি তাঁর ইন্সলামী লাওয়াতের কাজ গুরু করেছিলেন। বাংলার হিন্দুজাতি ইংরেজদের সাথে ষড়যন্ত্র করে এবং জাপন মাতৃত্মির প্রতি চরম বিশ্বাসঘাতকতা করে মুসলমানদেরকে শুধু রাজ্যচ্যুতই করেনি, জীবিকা অর্জনের সকল পথ রুদ্ধ করেছে এবং একজন মুসলমানের সর্বপ্রেষ্ঠ সমল ঈমানটুকুও নাই করতে চেষ্টার কোন ক্রণ্টি করেনি। মুসলমানদেরকে নামে মাত্র মুসলমান রেখে ঈমান, ইসলামী জীবন পদ্ধতি গু সংকৃতি থেকে দূরে নিক্ষেপ করে নিম্ম্রেণীর হিন্দু অপেকাও এক নিতৃষ্ট জীবে পরিণত করে তাদেরকে নাসানুদাসে পরিণত করেতে চেয়েছিল।

মুসলমান জাতি অষ্টাদশ শতকের প্রথম দিকে ধর্মীয় ও সাংস্কৃতিক দিক দিয়ে কতথানি অধঃপতনে নেমে গিয়েছিল তার জালোচনা আমরা পূর্ববর্তী 'মুসলমাননের ধর্মীয়, সামাজিক ও সাংস্কৃতিক অবস্থা, শীর্ষক অধ্যায়ে করেছি। তিতুমীরের সময়ে সে অবস্থার কতথানি অবনতি ঘটেছিল, তারও কিঞ্জিৎ আলোচনার প্রয়োজনীয়তা বোধ করছি।

বাংলার নতুন হিন্দু জমিদারগণ হয়ে পড়েছিল ইংরেজদের বড়োই প্রিয়পাত্র।
একদিকে তাদেরকে সকল দিক দিয়ে তুট্ট রাখা এবং মুসলমানদিগকে দাবিয়ে
রাখার উপরেই এ দেশে তাদের কায়েমী শাসন সম্পূর্ণ নির্ভরশীল ছিল। সূত্রাং
সাধারণ প্রেণীর মুসলমানদের উপর হিন্দু জমিদারগণ ন্যায় জন্যায় জাদেশ জারী
করার সাহস পেতো।

নিম্প্রেণীর হিন্দুদেরকে যেমন রাঞ্জণেরা ধর্মকর্মের স্বাধীনতা ও মন্দিরে প্রবেশের অধিকার থেকে বঞ্চিত রেখেছিল, অনুরূপভাবে উচ্চপ্রেণীর হিন্দুরা মুসলমানদের মধ্যেও একদল লোককে মুসলমান রাঞ্চণরূপে দাঁড় করিয়ে মুসলমান জনসাধারণকে ইসলামের আলোক থেকে বঞ্চিত করলো।

আবদৃশ গফুর সিদ্দিকী তাঁর গ্রন্থে বলেন ঃ---

পশ্চিমবঙ্গের হিন্দু জমিদার ও উচ্চবর্ণের হিন্দুরা নিরক্ষর মুসলমানদেরকৈ বুঝাইল : তোরা গরীব। কৃষিকার্য ও দিনমজুরী না করলে তোদের সংসার চলে না। এমতাবস্থার তোদের প্রাত্যহিক, সাপ্তাহিক ও বার্ষিক নামান্ধ এবং রোজা, হক্ষ, জাকাত, জানাজা, প্রার্থনা, মৃতদেহ প্রান করানো প্রভৃতি ধর্মকর্ম করিবার সময় কোথায়। আর ঐ সকল কার্য করিয়া তোরা অর্থোপার্জন করিবার সময় পাইবি কখন এবং সংসার– যাত্রাই বা করিবি কি প্রকারে। সূত্রাং তোরাও হিন্দু ব্রাক্ষণদিগের নায় একদল পোক ঠিক কর তারা তোদের হইয়া ঐ সকল ধর্মকার্যগুলি করিয়া দিবে, তোদেরও সময় নই হইবেনা।

দ্বীন ইসলামের শিক্ষা হইতে বঞ্চিত পশ্চিমবঙ্গের কৃষক ও কৃষিমজ্ব প্রেণীর মুসলমানেরা বাবৃদিগের এই পরামর্শ অন্তরিকতার সহিত গ্রহণ করিল। ক্রমে পূর্ববঙ্গের মুসলমান সমাজেও এই ব্যাধি ছড়াইয়া পড়িল। এই সঙ্গে আজাজিল শক্ষতান এবং নফ্স আশারা তাহাদিগকে প্ররোচনা দান করিল। তাহারা বাবৃদিগের কথার জবাবে বলিল ঃ

বাবু আপনি ঠিকই বলিয়াছেন। এতদিন আমাদিগকে এই প্রকার হিতোপদেশ আর কেহ দেন নাই। আমরা নির্বোধ, কিছু বৃক্তি না। আপনি আমাদের জন্য যাহা বিবেচনা করেন তাহা করুন।

(শহীদ ভিত্মীর, আবদুল গফুর সিন্দিকী, পৃঃ ৫-৬)।

বলাবাহল্য, মুসলমানদের ব্রাহ্মণ সাজবার লোকেরও জতাব হলো না।
প্রাচীনকালে মুসলমানদের শাহী দরবারে এক শ্রেণীর মুসলমানকে তাদের
যোগ্যতার পুরস্কার হরণ তালো তালো উপাধিতে ভৃষিত করা হতো, উপরস্ত্
তাদের তরণপোধণের জন্যে আয়মা, লাখেরাঞ্চ ও বিতির প্রকারের ভূসম্পত্তি লান
করা হতো। ইংরেজদের আগমনের পর তাদের এসব সম্পদ বাজেয়াপ্ত করা হয়।
তারা হয়ে পড়ে নিঃহ—বিভহীন। শারীরিক পরিশ্রমে জভান্ত ছিল না বলে তাদের
জীবিকার পথও বন্ধ হয়ে গেল। বিদ্যা শিক্ষা করার ক্ষমতাও তাদের ছিল না।

বলতে গেলে তারা সম্রাপ্ত তিখারীর দলে পরিণত হয়েছিল। এনের মধ্যে ছিল কিছুসংখ্যক শেখ, সৈশ্বদ, মীর, কাজী প্রভৃতি নামধারী লোক। তারা ছিল প্রাচীন বুনিয়াদী ঘরের সপ্তান। কিছু অভাবের ভাড়নায় তালেরকে এখন কৃষক, শ্রমিক মজুরদের বারস্থ হতে হয়। তাদের এই অসহায় অবস্থার সুযোগ নিয়ে উচ্চবর্ণের হিন্দুগণ তাদেরকে সহানুভৃতির সুরে কলতে লাগলোঃ

চাষী মন্ত্র প্রভৃতি নিম্নশ্রেণীর মুসলমান এখন আর আপনাদেরকে পূর্বের ন্যায় মানে না, মানতে চায় না। ভতিশ্রদ্ধাও করেনা। তালের এরূপ ব্যবহারে স্বামরাও হৃদয়ে খুব বেদনা অনুভব করে থাকি। কি আর করা যাবে—কলিকাল। আমরা চাই যে তাদের ধর্ম কাজগুলি করে দেবার দায়িত্ব আপনাদের উপর ন্যস্ত করে আপনাদেরকে সাহায্য করব। আপনারা মুসলমান সমাজের আর্থঞ্জী, মোলা, উন্তাদজী, মুনশী, কাজী গুড়তি পদ গ্রহণ করে তাদের উপর প্রতাব বিস্তার করন। তাহলে আপনাদের তবিষ্যৎ উল্কুল হবে। তারাও আপনাদের অনুগত থাকবে। ধনহারা, মূর্থ, অর্থমূর্থ, শরাফতীর দাবীদার শেখ, সৈয়দ, মীর ও কাজীর দশ হিন্দু রাম্বণ, কায়স্থ, বৈদ্য বাবুদিগের কথায় তুক্সো। তারা আধঞ্জী, মোল্লা, উন্তাদজী ও মূলীর পদ গ্রহণ করে মুসলমান জাতির ব্রাহ্মণ সেজে বসলো। মুসলিম জনগোষ্ঠীর জাতীয় সর্বনাশের পথ উন্মুক্ত করল। হিন্দু সমাজের ব্রাশ্বণের জাদর্শে মুসলমান সমাজেও ব্রাশ্বণের পদ সৃষ্ট হলো। সাধারণ মুসলমানরা আপাতঃ মধুর ভাবে বিভার হয়ে ইসলাম ও ইসলামী শরিয়তের পথ থেকে বহুদূরে বিচ্যুত হয়ে পড়লো। হিন্দু ব্রাক্ষণজাতির রাজনৈতিক বড়যন্ত্রের ফলে তারা আত্মহত্যা করপো। শেহীন তিতুমীর—আবদুল গফুর সিদ্দিকী, পৃঃ ৭ F(8)1

মুসলমানদের জাতীয় ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানগুলি বিরাদ হয়ে গেছে।
প্রামে প্রামে হিন্দু পভিতদের প্রাম্য পাঠশালা স্থাপিত হয়েছে। সাধারণ প্রেণীর
মুসলমানদেরকে এসব পাঠশালার গুরুমশায়, কুমার, কামার, ধোপা, নাপিত,
গণকঠাকুর প্রভৃতির সাথেই মিলামিশা করতে হতো। এরা সকলে মিলে
মুসলমান রাঞ্চণদের ক্ষেত্র প্রভৃত করে দিল।

মুসলমানদের মধ্যে থাদের সামর্থ ছিল তারা তাদের সন্তানদেরকে এসব পাঠশালায় প্রেরণ করতো। এখানে হিন্দু ছাত্রদের সাথে মুসলমান ছাত্রদেরকেও নানা দেবদেবীর স্তবস্তৃতি, বিশেব করে সরস্বতীর বন্দনা মুখস্থ করতে হতো। পাঠ্যপৃত্তকগুলি হিন্দুধর্মের মহিমা কীর্তন, দেবদেবীর বলনা ও গুরুপুতিতে পরিপূর্ণ ছিল। মুসলমান ছাত্রের কচি-কোমদ হানয়ে হিন্দুধর্মের ছাল অংকিত হয়ে বেতো। মুলে গড়াপেথে নিরের ছড়া আবৃত্তি করে গুরু মশায়কে নমস্কার করে বাড়ী যেতে হতো—

সরস্বতী ভগবতী, মোরে পাও বর, চল ভাই পড়ে সব, মোরা যাই ঘর। ঝিকি মিকি ঝিকিরে সুবর্ণের চক, পাত-দোত নিয়ে চল, ক্ষম গুরুদেব।

তার পর রইলো নৈতিক নিক। খোড়শ শতকে প্রীচৈতন্যের ঘারা বৈঞ্চব
ধর্মমত প্রবর্তিত হওয়ার ফলে হিন্দুজাতির চরম নৈতিক অধঃপতন ঘটেছিল।
প্রীকৃষ্ণের প্রেমলীলা, ধর্মের নামে নেড়া–নেড়ী তথা মুন্ডিত কেশ বৈঞ্চব–
বৈষবীদের দে কঘন্য যৌন খনাচারের স্রোত প্রবাহিত হয়েছিল তা শুধু হিন্দু
সমাজের একটা বৃহত্তর জংশকেই ভাসিয়ে নিয়ে যায়নি, ঋশিকিত সাধারণ
মুসলমানদেরকেও এ জনাচারের দিকে জাকৃষ্ট কয়েছিল। বাঘাচারী তান্তিকদের
যৌন জনাচারের ঘারা প্রভাবিত হয়ে মুসলমানদের মধ্যেও একপ্রেপীর ভল্ড
যৌনাচারীর জাবিভাব ঘটে এবং তারা সাধারণ মুসলমানদেরকে ধর্মের নামে যৌন
উল্প্রেপতার (SEXUAL ANARCHY) পর্যক্রপ গরে নিমক্তিত করে। তদুপরি
শীরপুজা ও কবরপুজার ব্যাপক প্রচলন মুসলমানদেরকে পৌত্তলিক
হিন্দুসম্প্রদারের সমগর্যায়ে পৌছিয়ে নিয়েছিল।

তারপর মুসপমাননের নামকরণের ব্যাপারেও হিন্দুরা অন্যায় হস্তক্ষেপ করা থেকেও কান্ত হয়নি। বাংলা ভাষাভিত্তিক জাতীয়তার নামে তারা মুসলমানদেরকে বিপথে টেনে নিয়ে গেছে। হিন্দু ঠাকুর মশায়রা বলা শুরু করলোঃ

তোমরা বাপু মুসলমান হলেও বাংলাদেশের মুসলমান। আরবদেশের মুসলমানের জনো ধমন আরবী নামের প্রয়োজন, বাংলাদেশের মুসলমানের জনো তেমনি বাংলা নামের প্রয়োজন। আবদুর গ্রহমান, আবৃল কাসেম, রহীমা খাতুন, আরেশা, ভাতেমা নামের পরিবর্তে বাংলা ভাষায় নামের প্রয়োজন।

অতএব ঠাকুর মশায়ের ব্যবস্থা অনুসারে মুসলমানদের নাম রাখা হতে লাগলো গোপাল, নেপাল, গোবর্ধন, নবাই, কুশাই, পদ্মা, চিনি, চাঁপা, বাদল, পটল, মুক্তা প্রকৃতি। ছেটিবেলা গ্রামাঞ্চলের বহু মুসলমানের এ ধরনের নামের সাথে পরিচিত ইয়েছিলাম।

২১৬ বাংগার মুসন্মানদের ইভিহাস

জতঃপর ঠাকুর মশায়দের হিতোপদেশে কিছান্ত হয়ে মুসলমানরা ভাইবন্দ ছেড়ে ধৃতি পরিধান করা শুরু করলো, লাড়ি কামিয়ে গৌফ রাখা ধরলো। বলতে গেলে মুসলমানকে মুসলমান বলে চিনবার কোন উপায়ই ছিল না।

মুসলমানদের এ চরম ধর্মীয় ও নৈতিক ঋধঃপতনের সময় সাইয়েল নিসার আলী ওরকে তিতুমীরের আবিতাব হয়েছিল। তিনি তাঁর মহান কাঞ্চ পরিপূর্ণ করে থেতে পারেননি বটে, কিন্তু যে ধর্মীয় ও নৈতিক অনাচার এবং হিন্দু জমিদারদের অন্যায় উৎপীড়নের বিরুদ্ধে সর্বাত্মক সংগ্রাম শুরু করেছিলেন তা পরবর্তীকালে মুসলমানদের রাঞ্চনৈতিক, অর্থনৈতিক ও ধর্মীয় জাঞ্জানীর পথে আলোকবর্তিকার কাঞ্চ করেছে।

তিত্মীর কোপকাতার সাইরেদ আহমদ বেরেগভীর পরামর্শ সভা সমাধ্রের পর নিজ গ্রাম চাঁদপুরে ফিরে এসে কিছুদিন বিপ্রাম গ্রহণের পর তাঁর ইসলামী দাওয়াতের কাজ শুক্র করেন।

তিতুমীরের দাওয়াতের মূলকথা ছিল ইফলামে পরিপূর্ণ বিশ্বাস স্থাপন এবং প্রত্যেকটি কাজেকর্মে আল্লাহ ও তাঁর রসূলের নির্দেশ পালন। হিন্দু জমিদার ও নীলকরনের অত্যাচার উৎপীড়নকে তিনি উপেন্দা করতে পারেন না। তাই বলেন যে, কৃষক সম্প্রদারের হিন্দুদের সাথে একভাবন্ধ হয়ে ডানের অত্যাচারের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুসতে হবে। সরকরাজপুর নামক গ্রামবাসীর অনুরোধে তিনি তথাকার শাহী আমলের ধ্বংসপ্রাপ্ত মসজিদের পূনপ্রতিষ্ঠা করেন এবং প্রচারের জন্যে তাঁর একটি খানকাহ স্থাপন করেন। এখানে জুমার নামাজের পর তিনি সমবেত হিন্দু মুসলমানকে আহ্বান করে যে ভাষণ দিয়েছিলেন তা পুরই ভাৎপর্যপূর্ণ। তিনি বলেন ঃ

ইসলাম শান্তির ধর্ম। যারা মুসলমান নয় তাদের সাথে, গুধু ধর্মের দিক দিয়ে পৃথক বলে, বিবাদ বিস্থাদ করা আল্লাহ ও তাঁর রস্গ কিছুতেই পছন্দ করেন না। তবে ইসদাম এ কথা বলে যে, যদি কোন প্রবল শক্তিশালী অমুসলমান কোন নুবল মুসলমানের উপর অন্যায় উৎপীড়ন করে, তাহলে মুসলমানরা সেই দুর্বলকে সাহায্য করতে বাধা।

তিনি আরও বলেন, মুসলমানদেরকে কথাবার্তায়, আচার-আচরণে প্রকৃত মুসলমান হতে হবে। তারা যদি অমুসলমানের আচার-আচরণ, চাল-চলন ও কাজকর্ম পছন্দ করে তাহলে শেষ বিচারের দিন আল্লাহ তানেরকে অমুসলমাননের সাথে স্থান দিবেন। তিত্মীর বলেন, ইসলামী শরিষত, তরিকত, হকিকত ও মা'রকাৎ—এ চার মিলিয়ে মুললমাননের পূর্ণাংগ জীবন এবং এর মধ্যেই রয়েছে তানের ইহকাল পরকালের মুক্তি। এর প্রতি কেউ উপেন্ধা প্রদর্শন করলে আল্লাহ তাকে কঠোর শাস্তি দিবেন। নামান্ধ পড়া, রোজা রাখা, দাড়ি রাখা, গৌফ হাঁটা মুদলমানদের অবশ্য পালনীয় কঠবা। যারা অমুদলমানদের আদর্শে এদব পরিত্যান করবে, আল্লাহ তানেরকে কঠোর শাস্তি দিবেন।

এ ছিল তাঁর প্রাথমিক দাওয়াতের মূলকথা। তিনি অনর্গল হাদয়গ্রাহী তাখায় বস্তৃতা করতে পারতেন এবং তাঁর বজ্তা ও প্রচারকার্য বিপথগামী ও সৃষ্ট মুসলমানদের মধ্যে এক অভাবিতপুর্ব জাগরণ এনে দিশ।

ভিত্তীর যে কাঞ্চ কর করপেন তার মধ্যে অন্যায়ের কিছু ছিল না। বরঞ্চ মুসলমান হিসাবে এ ছিল তার দায়িত্ব ও কর্তব্য। কিছু বণহিন্দুগণ তা সহ্য করবে কেন? মুসলমান ছাতিকে নির্মূল করার গভীর বড়যন্ত্র তানের নস্যাৎ হয়ে পেল, তারা অপ্লিশমা হয়ে পড়লো তিতুমীর ও তাঁর অনুসারীদের প্রতি। তাদেরকে নির্মূল করার জন্যে অর এক নতুন চঞ্চান্ত তরা হলো।

সরফরান্তপুরের ধ্বংসপ্রাপ্ত মসন্ধিদের পুনঃসংস্কার, আবার জামায়াতে নামান্দ্র আদারের ব্যবস্থা, নামান্দ্রাপ্তে সমবেত লোকদের সামনে তিতুমীরের জ্বুলামানী ভাষণ— পুঁড়ার জমিদার কৃষ্ণদেব রায়কে সন্ধ্রস্ত ও চঞ্চল করে তুলো। তিতুমীরের গতিবিধি ও প্রচার-প্রচারণার সংবাদাদি সংগ্রহের ভার জমিদারের জনুগত ও বিশ্বস্ত মুসলমান পাইক মতির উপর অপিত হলো। জমিদার মতিকে বল্লো—

তিত্ ওহাবী ধর্মাকশ্রী। ওহাবীরা ডোমাদের হয়রত মুখ্যখনের ধর্মমতের পরম শক্রা কিন্তু তারা এমন চালাক যে, কথার মধ্যে তাদেরকে ওহাবী বলে ধরা যাবে না। স্তরাং আমার মুসলমান প্রজাদেরকে বিপ্রপামী হতে দিতে পারি না। আচ্চ থেকে তিতুর গতিবিধির দিকে নজর রাখবে এবং সব কথা আমাকে জানাবে।

অতঃপর কৃষ্ণদেব রায় গোবরা গোবিন্দপুরের জমিদার দেবলাও রায় এবং গোবরতাগুরে জমিদার কালী প্রসন্ধ মুখোপাধ্যারের সঙ্গে পরামর্শক্রমে তিত্মীরের বিরুদ্ধে শান্তিতংগের নালিশ করার জন্যে কিছু প্রজাকে বাধ্য করল। তারপর জমিদারের আদেশে মতিউল্লাহ্ তার চাচা গোপাল, জ্ঞাভিভাই নেপাল ও গোবর্ধনকে নিয়ে জমিলারের কাচারীতে উপস্থিত হয়ে নালিশ পেশ করলো। তার সারমর্ম নিমন্ত্রশ—

চাঁদপুর নিবাসী তিজুমীর তার ওহাবী ধর্ম প্রচারের জন্যে আমাদের সর্পরাজপুর (মুসলমানী নাম সরফরাজপুর) গ্রামে এসে আখড়া গেড়েছে এবং আমাদেরকৈ ওহাবী ধর্মমতে দীক্ষিত করার জন্যে নালারূপ জুলুম জবরদন্তি করছে। আমরা বংশানুক্রমে ফেডাবে বাপদালর ধর্ম পালন করে আসছি, তিজুমীর তাতে বাধা দান করছে। তিজুমীর ও তার দলের পোকেরা যাতে সর্পরাজপুরের জনগণের উপর কোন প্রকার অত্যাচার করে তাদের ধর্মে দীক্ষিত করতে না পারে, জোর করে আমাদের নাড়ি রাখতে, গোঁফ ছাঁচতে, গোহত্যা করতে, আরব দেশের নাম রাথতে বাধ্য করতে না পারে, হিন্দু—মুসলমানে দাংগা বাধাতে না পারে, হজুরের দরবারে তার বিহিত ব্যবস্থার জনো আমাদের নাশিশ। হজুর আমাদের মনিব। হজুর সামাদেরবাপ—মা।

গোপাল, নেপাল, গোর্থনের টিপসইযুক্ত উক্ত নরখান্ত পাওয়ার পর জমিদার কৃঞ্চদেব রায় ছকুম জারী করপো—

- থারা তিভুমীরের শিষাত্ব গ্রহণ করে ওহাবী হবে, লাড়ি রাধবে, গৌফ ছাঁটবে তাদেরকে ফি লাড়ির জন্যে আড়াই টাকা ও ফি গৌফের জন্যে পাঁচ দিকা করে বাজনা দিতে হবে।
- ২। মসজিদ তৈরী করণে প্রত্যেক কীচা মসজিদের জন্যে পাঁচশ' টাকা এবং প্রতি পাকা মসজিদের জন্যে এক হাজার টাকা করে জমিদার সরকারে নজর দিতে হবে।
- ত। বাগদাদা সন্তানদের থে নাম রাথবে তা পরিবর্তন করে গুহাবী মতে

  সারবী নাম রাথপে প্রত্যেক নামের জন্যে বারিজালা ফিস পঞ্চাশ টাকা

  অখিদার সরকারে জন্ম দিতে হবে।
- পোহত্যা করলে তার ভাল হাত কেটে দেয়া হবে— যাতে তার কোনদিন পোহত্যা করতে না পারে।
- ৫। যে গুহাবী তিতুমীরকে বাড়ীতে স্থান নিবে তাকে তিটেমাটি থেকে উচ্ছেদ করা হবে। (শহীল তিতুমীর—আবনুল গফুর সিন্দিকী পৃঃ ৪৮, ৪৯; স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, সাবু জাফর পৃঃ ১১৯; Bengal Criminal

Judicial Consultations, 3 April 1832, No. 5 and No. 6)1

মুসলমান প্রজ্ঞাদের উপরে উপরোক্ত ধরনের জরিখানা ও উৎপীড়নের ঝাপারে তারাগুনিয়ার জমিদার রাম নারায়ণ, কুরগাছির জমিদারের নায়েব নাগরপুর নিবাসী গৌড় প্রসাদ চৌধুরী এবং পুঁড়ার জমিদার কৃষ্ণদেব রায়ের নাম পাওয়া য়য়— Bengal Criminal Judicial Consultancy, 3 April 1832. No. 5 রেকর্ডে। (Dr. A. R. Mallick, British Policy & the Muslims in Bengal, p. 76)।

বারাসতের জন্মেই মাজিস্টেটের কোটে জমিদার রাম নারায়পের বিরুদ্ধে একটি মামলা লায়ের করা হয়েছিল যাতে জনৈক সাক্ষী একথা বলে যে— উক্ত জমিদার দাড়ি রাখার জন্যে তার পঁচিশ টাকা জরিমানা করে এবং লাড়ি উপড়ে ফেলার আদেশ দেয়। Benyal Criminal Judicial Consultations, No. 5; Dr. A. R. Mallick, Br. Policy & the Muslims in Bengal, p. 76)।

ভিত্মীর কৃষ্ণদেব রায়কে একখানা পত্রের মাধামে জানিয়ে দেন যে, তিনি কোন জন্যায় কাজ করেননি, মুসলমানদের মধ্যে ইসলাম প্রচারের কাজ করছেন। এ কাজে হস্তক্ষেপ করা কোনক্রমেই ন্যায়সঙ্গত হতে পারে না। নামাজ পড়া, রোজা রাখা, দাড়ি রাখা, গৌফ ছাঁটা প্রভৃতি মুসলমানের জন্যে ধর্মীয় নির্দেশ। এ কাজে বাধা দান করা অপর ধর্মে হস্তকেপেরই শামিল।

তিত্মীরের জনৈক পত্রবাহক কৃষ্ণদেব রায়ের হাতে পত্রবানা দেয়ার পর তার প্রতিক্রিয়া কি হয়েছিল তাও পাঠক সমাজের জেনে রাখা প্রয়োজন আছে—তা এখানে উল্লেখ করছি।

পত্রখানা কে দিয়েছে জিজ্ঞাসা করলে পত্রবাহক চাঁদপুরের তিতুমীর সাহেবের নাম করে। তিতুমীরের নাম গুনতেই জমিদার মণায়ের গায়ে আগুন লাগে। রাগে গার গার করতে করতে দে বল্লো, কে দেই ওহাবী তিতু? আর তুই ব্যাটা কে?

নিকটে জনৈক মুচিরাম ভাডারী উপস্থিত ছিল। সে বল্লো, ওর নাম আমন মন্ডল। বাপের নাম কামন মন্ডল। ও হলুরের প্রজা। আগে দাড়ি কামাতো, আর এখন দাড়ি রেখেছে বলে হজুর চিনতে পারছেন না।

পত্রবাহক বল্লো, হজুর আমার নাম আমিনুক্লাহ, বাপের নাম কামালউদ্দীন, লোকে আমাদেরকে আমন-কামন বলে ভাকে। আর লাড়ি রাখা আমাদের ধর্মের আনেশ। তাই পালন করেছি। কৃষ্ণদেব রাগে থর থর করে কীপতে কীপতে বল্লো, ব্যাটা পাড়ির খাজনা দিয়েছিস, নাম বদলের খাজনা দিয়েছিস? আঙ্খা, দেখাঙ্কি মজা। ব্যাটা সামার সাথে তর্ক করিস, এত বড়ো তোর স্পর্ধা? এই বলে মুচিরামের উপর আদেশ হলো তাকে গারদে বন্ধ করে উচিত শান্তির। বলা বাহল্য, অমানুষিক অত্যাচার ও প্রহারের ফলে তিতুমীরের ইসগামী আন্দোলনের প্রথম শহীদ হলো আমিনুল্লাহ। সংবাদটি চারাদিকে ছড়িয়ে পড়লো। মুসলমানরা মর্মাহত হলো, কিন্তু সাক্ষী প্রমাণের অভাবে প্রবল শক্তি-শালী জমিদারের বিরুদ্ধে কিছুই করতে না পেরে তারা নীরব রইলো।

#### কোলকাভায় জমিদারদের ষড়যম্ম সভা

ভিত্নীর ও তাঁর অনুসারীদের দমন করার উদ্দেশ্যে কোলকাতায় জনৈক লাটু বাবুর বাড়ীতে এ সভায় নিম্নলিখিত ব্যক্তিগত হাজির হলেন ঃ লাটু বাবু (কোলকাতা), গোবরভাঙার জমিদার কালী প্রসন্ধ মুখোপাধ্যায়, গোবরা-গোবিন্দপুরের দেবনাথ রায়, ন্রনগরের জমিদারের ম্যানেজার, টাকীর জমিদারের সদর নায়েব, রানাঘাতের জমিদারের ম্যানেজার, পূড়ার কৃষ্ণদেব রায়, বশীরহাট ধানার দারোগা রামরাম চক্রবর্তী, যদুর আটির দুর্গাচরণ চক্রবর্তী প্রভৃতি।

সভায় স্থিরীকৃত হলো যে, যেহেত্ তিতুমীরকে দমন করতে না পারলে হিন্দুজাতির পতন অনিবার্থ, সেজনো যে কোন প্রকারেই হোক তাকে শারেণ্ডা করতে হবে এবং এ ব্যাপারে সকল জমিদারগণ সর্বতোভাবে সাহায্য সহযোগিতা করবেন। ইংরেজ নীলকরদেরও সাহায্য গ্রহণ করা হবে বলে স্থির হলো। তালেরকে বৃঝানো হবে যে, তিতুমীর ইংরেজদেরা বিরুদ্ধেও সংগ্রাম শুরুক করেছেন। হিন্দু জনসাধারণের মধ্যে এ কথা প্রচার করতে হবে যে তিতু গোন্মাংস হারা হিন্দুর দেবালয়াদি অপবিত্র করেছেন এবং হিন্দুর মুখে কাঁচা গোন্মাংস হুরে দিয়ে জাতি নাশ করেছেন। বশীরহাটের দারোগা চক্রবর্তীকে এ ব্যাপারে সর্বপ্রকারে সাহায্য করার অনুরোধ জানানো হলো। কালীপ্রসর মুখোপাধ্যায় দারোগাকে বক্রেন, আপনি ব্রাহ্মণ, আমরাও ব্রাহ্মণ। তাছাড়া অপনি জামাদের অনেকেরই আন্থায়। আমাদের এ বিপদে আপনাকে সব দিক দিয়ে সাহায্য করতে হবে। দারোগা বক্রো, আমি আমার প্রাণ দিয়েও সাহায্য করব এবং তিতুমীরকে রাজন্রোহী প্রমাণ করব।

ভোলকাতার ষড়্যন্ত সভার পর সরফরাঙ্বপুরের লোকদের নিকট থেকে দাড়ি-গৌফের খাজনা এবং আরবী নামকরণের খারিজানা কিন্ আদামের জনে। কৃষ্ণদেব রায় লোক পাঠালো। কিন্তু তারা খাজনা দিতে অস্বীকৃতি জানালে জমিদারের কর্মচারী ফিরে এসে অমিদারকে এ বিষয়ে অবহিত করে। অতঃপর তিত্মীরকে ধরে আনার জন্যে বারোজন সশস্ত্র বরকলান্ত্র পাঠানো হয়। কিন্তু ভারা ধরে আনতে সহেস করেনি।

অতঃপর কৃষ্ণদেব নিমের ব্যক্তিগণকে পরামর্শের জন্যে বিভিন্ন স্থানে প্রেরণ করেঃ

- ১। অনুকৃত্ত চন্দ্র মুখোপাধ্যায়কে গোবরভাগ্ধায়,
- ২। খড়েশ্বর মুখোপাধ্যায়কে গোবরা-গোবিন্দপুরে,
- ৩। লাল বিহারী চট্টোপাধ্যায়কে সেরপুর নীলকৃঠির মিঃ বেন্জামিনের কাছে,
- ৪। বনমালী মুখোপাধ্যায়কে হগলী নীশক্ঠিতে,
- ৫। লোকনাথ চক্রবর্তীকে বশীরহাট থানায়।

উল্লেখযোগ্য যে, লোকনাথ চক্রবর্তী বশীরহাটের দারোগা রামরাম চক্রবর্তীর ভঞ্জিপতি।

অতঃপর বিভিন্ন স্থান থেকে কৃষ্ণদেবের সাহায্যার্থে সহস্রাধিক লাঠিয়াল, সভৃতীওয়ালা ও ঢাল–তলোয়ারধারী বীর যোদ্ধা কৃষ্ণদেবের বাড়ি পুঁড়ার পৌছে গেল। পরদিন শুক্রবার সরক্ষরান্ধপুরে ভিতুমীর ও তাঁর লোকজনদেরকে আক্রমণ করার আদেশ হলো।

প্রদিন শুক্রবার সর্বায়ে অরপৃষ্ঠে কৃষ্ণদেব রায় এবং তার পিছনে সশস্ত্র বাহিনী যখন সরস্করাজপুর পৌছে, তখন জুমার খুৎবা শেষে মুসল্লীগণ নামান্তে দীড়িয়েছে। কৃষ্ণদেবের সৈন্যেরা বিভিন্ন মুসলিম বিরোধী ধ্বানি সহকারে মসজিদ থিরে ফেলে আগুন লাগিয়ে দিল। অর বিভব্ত অগ্নিদক্ষ অবস্থায় তিত্মীর এবং মুসল্লীগণ মসজিদের বাইরে এলে তাদেরকে আক্রমণ করা হলো। দু'জন সভবীবিদ্ধ হয়ে শহীদ হলো এবং বহু আহত হলো।

অতঃপর মুসপমানগণ কলিষার পুলিশ ফাঁড়িতে কৃষ্ণদেব রাম ও তার সৈন্যবাহিনীর বিরুদ্ধে খুনজখম মারপিট প্রভৃতির মামলা দায়ের করলো। পুলিশ ফাঁড়ির তারপ্রাপ্ত কর্মচারী ইজাহার প্রহণ করলো বটে। কিন্তু ঘটনাস্থলে উপস্থিত না হয়েই লাশ দাফন করার নির্দেশ দিল। J. R. Colvin—এর রিপোর্টে বলা হয়েছে যে, জমিনারের কর্মচারীগণ সরস্করাজপুরে দাড়ি–গৌঞ্চ ইড্যাদির রাজনা আদায় করতে গোলে তাদেরকে মারণিট করা হয় এবং একজনকে জাটক করা হয়। তারপর কৃষ্ণদেব রায় সশস্ত্র বাহিনীসহ তাদেরকে আক্রমণ করে এবং মসজিদ স্ক্রালিয়ে নেয়।

(Board's Collection 54222, p. 405-6, Colvin's Report—para 9; Dr. A. R. Mallick: British Policy & the Muslims in Bengal, p. 79)1

উক্ত ঘটনার আঠার নিন পর কৃষ্ণদেব রায় ভিত্ত্মীর ও তার অনুসারীদের বিরুদ্ধে এই বলে মামলা দায়ের করে বে, তারা তার লোকজনকে মার্রপিট করেছে এবং তাকে ফাসাবার জন্যে তারা নিজেরাই মসজিদ স্কানিয়ে দিয়েছে। (Bengal Criminal Judicial Consultations, 3 April 1832, No. 6)।

কৃষ্ণদেব রায় তার ইন্ধাহারে অরও অভিযোগ করে যে, 'নীলচাষদ্রোহী, জমিদারল্রোহী ও ইন্ট ইন্ডিয়া কোম্পানীল্রোহী ভিত্নীর নামক তীবণ প্রকৃতির এক ওহারী মুগলমান এবং তার সহস্রাধিক শিষ্য পূঁড়ার ক্ষমিদার শ্রীযুক্ত কৃষ্ণদেব রায় মহাশরের দু'জন বরকলাজ ও একজন গোমস্তাকে অন্যায় ও বেআইনীভাবে কয়েল করিয়া ভম্ম করিয়াছে। বহু অনুসন্ধানেও আমরা ভাহাদের গাইতেছিনা। আমাদের উক্ত পাইক ও গোমস্তা সরফরাজপুর মহলের প্রজাদের নিকট বাজনা আদায়ের জন্য মহলে গিয়াছিল। বাজনার টাকা লেনদেন ও ওয়াশীল সম্বন্ধে প্রজাদের সহিত বচনা হওয়ায় ভিত্নীরের হকুম মতে ভাহার দলের পোকেরা আমাদের গোমস্তা পাইকদিগকে জবরনত্তি করিয়া কোথায় কয়েদ করিয়াছে ভাহা জানা যাইতেছে না। ভিত্নীর দঞ্চতরে প্রচার করিতেছে যে, সে এনেশের রাজা। সূত্রাং বাজনা আর জমিদারকে দিতে হইবেনা।' শেহীদ ভিত্নীর— আবদুল গফুর সিন্ধিকী, পুঃ ৬০)।

কিভাবে মিথা মামলা সাজাতে হয় তা রামরাম চক্রবর্তীর অন্ততঃপক্ষেতালো করে জানা ছিল। কারণ সে তিতুমীরকে রাজন্রেহী প্রমাণ করার জন্যে প্রতিজ্ঞাবদ্ধ। যাহোক, ঘটনার আঠার দিন পর জমিদারের ইজাহার যে বিশাসযোগ্য নয়, তা না বক্লেও চলে। এ শুধু গা বাঁচাবার জন্যে করা হয়েছিল। তবু উভয় মামলার তদন্ত শুরু হয়।

মামলার প্রাথমিক তদন্ত শুরু করে কলিঙ্গা ফাঁড়ির জমাদার। তার রিপোটে বলা হয় যে, উভয় পন্ধের অভিযোগ অত্যন্ত সংগীন। সে আরও বলে, জামি মুসলমানদের অভিযোগের বই আলামত দেখেছি। জমিদার কৃষ্ণদেব রায়ের নায়ের ডিত্মীর ও তার নলের বিরুদ্ধে যে মোকলমা দায়ের করেছে সে সম্পর্কে তদন্ত করে জানা গেল যে, যেসর কর্মচারীর অপহরণের অভিযোগ করা হয়েছে তারা সকলেই নায়েবের সঙ্গেই আছে। নায়েবের জবাব এই যে, সে মফঃ পলে ধাওয়ার পর ভিত্র লোকেরা তাদেরকে ছেড়ে দিয়েছে। আমার মতে এ জাটিল মামলা দৃটির ভদন্ত ও ফাইনাল রিপোটের ভার বশীরহাটের অভিজ্ঞ পারোগা রামরাম চক্রবর্তীর উপর অর্পণ করা হোক।

গুদিকে ব্যারাসতের জয়েন্ট ম্যাজিস্টেট কৃষ্ণদেব রায়কে কোর্টে তঙ্গর করে জামিন দেন এবং রামরাম চক্রবর্তীকে তদন্ত করে চ্ড়ান্ত রিপোর্ট দেয়ার আদেশদেন।

রামরাম চক্রবর্তী তদন্তের নাম করে সরফ্রাঙ্গপুর স্বাগমন করে তিত্মীর ও গ্রামবাসীকে অকণ্যভাষার গালাগালি ও মারণিট করে জমিদার কৃষ্ণদেব রায়ের বাড়ীতে কয়েকদিন জামাই স্বাদরে কাটিয়ে যে রিপোর্ট দেয় তা নিমুক্তপ ঃ—

- ১। ছামিদার কৃষ্ণদেব রায়ের গোমন্তা ও পাইকদেরকে ভিত্ ও তার লোকেরা বেআইনীভাবে কয়েদ করে রেখেছিল। পরে তারা কৌশলে পলায়ন করে আগ্রগোপন করেছিল। পূলিশের আগমনের পর তারা আত্মপ্রকাশ করে। সূতরাং এ মামলা জচল ও বরখান্তের যোগ্য।
- তিজুমীর ও তার লাঠিয়ালেরা ভমিদার কৃষদেব রায় ও তার পাইক বরকলাজনের বিলেছে খুনজখম, দুট, অগ্নিসংযোগ প্রকৃতির মিখ্যা অভিযোগএনেছে।
- তিত্ ও তার লোকেরা নিজেরাই নামালঘর স্থালিয়ে দিয়েছে। অতএব এ
  মামলা চলতে পারে না।

দারোগার রিপোর্ট সম্পূর্ণ মনগড়া এবং তার বিদ্বেষাত্মক মনের জতিব্যক্তি মাত্র। মুসগমানদের শত দোষ থাক কিন্তু মসন্ধিদ তথিভূত করার মতো পাপ কাল্ল করতে সাহস তাদের কখনোই হবে না।

পরম পরিতাপের বিষয় এই যে, অবৈধ খাজনা আলায়ের বিষয়টি হাকিমের নৃষ্টি আকর্ষণ করতে পারেনি যা ছিল দাংগার মূল কারণ। তার ফলে জমিদার শুধু মামগায় জয়গাতই করেনি, বরঞ্চ তার অবৈধ খাজনা আলায়ের কাঞ্জকে বৈধ ২২৪ গাংলার মূলক্ষান্তের ইতিহাস করে দেরা হলো। বিভাগীয় কমিশনার বলেন, জরেন্ট ম্যাজিস্টেট যে রাম দিলেন তার মধ্যে একদিকে জমিদারদের অবৈধ ও উৎপীতনমূলক খাজনা বন্ধ করার উদ্দেশ্য ছিলনা, জপরদিকে প্রতিপক্ষের উত্তেজনাকর মনোভাব লাঘব করারও কিছু ছিল লা। (Bengal Criminal Judicial Consultations, 3 April 1832, No. 3; Commissioner to Deputy Secretary; 28 Nov. 1831, para 3)।

ম্যাছিস্টেটের এ অবিচারথুপক রায়ের ফলে জমিনার প্রভারণাসূলক ও উৎপীড়নমূলক পদক্ষেপ গ্রহণ করতে সাহসী হলো। ১৭৯৯ সালের ৭ নং রেগুলেন অনুযায়ী বকেয়া হাজনার নাম করে প্রজাদেরকে ধরে এনে আটক করার ক্ষমতা গাভ করলো। এমনকি যারা ক্ষমিদারের প্রজা নয় অবচ তার বিরুদ্ধে সাক্ষ্য দিয়েছে তাদেরকে মিছিমিছি ৩৮ টাকা বকেয়া দেখিয়ে ধরে এনে আটক করা হলো। এবং তাদেরকে নানাভাবে পারীরিক পান্তি দেয়া হলো। অতঃপর বকেয়ার একাংশ আনায় করে বাকী অংশ নিবার প্রতিশ্রুতিত তাদের কাছে মুচলেকা লিখে নেয়া হলো যাতে করে কোটের অপ্রথম নিতে না পারে। (Board's Collection, 54222, Enclosure No 4. the Colvin's Report; Also in Bengal Criminal Judicial Consultations, 3 April 1832 No. 6)।

১৮৩১ সালের ২৫শে সেপ্টেরর মামলার রায়ের নকলসহ মুসলমানরা কমিশনারের কোর্টে আপিল করার জন্যে কোলকাতা গেল। কিন্তু কমিশনারের অনুপস্থিতির দরন্দ্র তাদের অপিল দাখিল করা সম্ভব হলো না বলে তপ্সহাদরে প্রভাবর্তন করলো।

সরফরাচ্পুর রামের মদজিল ধ্বংস হলো, বহু লোক হতাহত হলো, হাবিবুল্লাহ, হাফিজুল্লাহ, গোলাম নবী, রমজান আলী ও রহমান বঙ্গের বাড়ীদর ভত্মন্ত্রণে পরিণত করা হলো, বহু ধনসম্পদ ভত্মিত্ব ও লুক্টিত হলো, কিছু ইংরেজ সরকার তার কোনই প্রতিকার করলো না। সরকরাজপুর গ্রামবাসীর এবং বিশেষ করে সাইয়েল নিসার আলীর জীবন বিপন্ন হয়ে পড়েছিল বলে সকলের পরামর্শে সাইয়েদ নিসার আলী ওরফে তিতুমীর উপরোক্ত পাঁচজন গৃহহারাসহ সরকরাজপুর থেকে ১৭ই অটাবরে নারকেলবাড়িয়া গ্রামে একান্ত জনিক্ষা সন্ত্রেও স্থানান্তরিত হলেন। ২৯শে অটোবর (১৮০১) কৃষ্ণদের রাম্ব সহস্রাধিক পাঁচিয়াল ও

বিভিন্ন জ্ঞধারী গুভাবাহিনীসহ নারিকেলবাড়িয়া গ্রাম জ্যক্রমণ করে বছ নর-নারীকে মারমিট গু জবম করে। ৩০শে অক্টোবর পুলিশ ফাড়িতে ইজাহার হলো। কিন্তু কোনই ফল হলো না। কোন প্রকার তনন্তের জন্যেও পুলিশ এলো না।

উপর্যুপরি জমিদার বাহিনীর স্থক্রেমপে মুসলমানগণ দিশেহারা হয়ে পড়লো। তর্বন বাধ্য হয়ে তানেরকে আত্মরক্ষার দ্ধনো প্রস্তুত হতে হলো। ৬ই নতেরর পুনরায় কৃষ্ণদেব রায় তার বাহিনীসহ মুসলমানদের উপর ঝাঁপিয়ে পড়লে প্রচন্ত সংঘর্ষ হয় এবং উত্তয়পক্ষে বহু লোক হতাহত হয়। এরপর কৃষ্ণদেব রায় চারদিকে হিন্দু সমাজে প্রচার করে দেয় যে, মুসলমানরা প্রকারণে হিন্দুদের উপরে নির্যাতন চালাক্ষে। তার এ ধরনের প্রচারণায় হিন্দুদের মধ্যে দারুণ উত্তেজনার সৃষ্টি হয় এবং গোবরভাঙ্গার নীলকর জমিদার কাগীপ্রসর মুখোপাধ্যায় মোল্লাগাটি নীলকৃঠির ম্যানেক্ষার মিঃ তেডিসকে মুসলমানদের বিরুদ্ধে উত্তেজিত করে তোলে। তেতিস প্রায় চার'শ হাবশী যোজা ও বিভিন্ন মারণান্ত্রসহ নারিকেলবাড়িয় শাক্রমণ করে। এবারও উত্তর পক্ষে বহু হতাহত হয়। তেতিস্পলায়ন করে। মুসলমানরা তার বজরা ক্ষংস করে দেয়। উক্ত ঘটনার কিছুদিন পরে গোবরা–গোবিন্সপুরের ক্ষমিনার দেবনাথ রায় এক বিরাট বাহিনীসহ নারিকেলবাড়িয়া আক্রমণ করে। প্রচন্ড যুদ্ধে দেবনাথ রায় সড়কীর আঘাতে নিহত হয়।

উপরোক্ত ঘটনার পর চতুনার অমিদার মনোহর রায় পুঁড়ার অমিদার কৃষ্ণদেব রায়ের নিকট যে পত্র দিখেন তা বিশেষ উল্লেখযোগ্য। তিনি দিখেন ঃ

নীপচাবের যোহ আপনাদেরকে পেয়ে বসেছে। তার ফপেই আছ আমরা দেবনাথ রায়ের ন্যায় একজন বীর পূরুষকে হারালায়। এবনো সময় আছে। তার বাড়াবাড়ি লা করে ভিত্মীরকে তার কাঞ্চ করতে দিন জরে আপনারা আপনাদের কাঞ্চ করকন। ভিত্মীর তার ধর্ম প্রচার করছে, তাতে আপনারা জেট পাকিয়ে বাধা দিচ্ছেন কেনং নীলচাবের মোহে আপনারা ইংরেজ নীলকরদের সাথে এবং পারীদের সাথে একভাবদ্ধ হয়ে দেশবাসী ও কৃষক সম্প্রদায়ের যে সর্বনাশ করছেন তা ভারা ভূলবে কি করেং আপনারা যদি এভাবে দেশবাসীর উপর গায়ে পড়ে অত্যাচার চালাতে থাকেন তাহলে বাধ্য হয়ে আমি ভিত্মীরের সাহায্যের জন্যে অপ্রসর হবো। আমি পুনরায় বলছি নীলচাবের জন্যে আপনারা দেশবাসীর জভিশম্পাত কুড়াবেন না।

মনোহর রায়ের সদৃপদেশ এহণ করলে ইতিহাসের এতবড়ো একটা বিয়োগান্ত নাটকের অভিনয় হতো না। কিছু কৃষ্ণদের রায়ের একদিকে সীমাইন ধনলিপা এবং অপরদিকে চরম বিশ্বেষ তাকে হিতাহিত জ্ঞানশূন্য করে ফেলেছিল। তাই সেতার শৈশাচিক তৎপরতা থেকে ক্ষান্ত হতে পারেনি।

বশীরহাটের নারোপা রামরাম চক্রবর্তী তিত্যীর ও তার দলের লোকদের বিরুদ্ধে যেসব কার্যনিক, বিকৃত ও উদ্দেশামূলক রিপোর্ট সরকারের নিকটে পেশ করেছিল এবং হিন্দু জমিদারগণও যেসব্ধু পত্র কাপেটর ও জয়েন্ট ম্যাজিস্ট্রেটর কাছে তিতুমীরের বিরুদ্ধে নিখেছিল, তার উপরে ভিত্তি করেই ম্যাজিস্ট্রেট তিতুমীরকে দমন করার জন্যে গভর্ণরকে অনুরোধ জানায়। গতর্ণর আবার উপরোক্ত রিপোর্টসহ নদিয়ার কালেটর ও আলীপুরের জজনেক নারকেশবাড়িয়া প্রামে গিয়ে সরেজমিনে ভদন্ত করে প্রতিকারের ব্যবস্থা করার নির্দেশ দেন। এদিকে গভর্ণরের আদেশ পাত্যা মত্র নদিয়ার কালেটর কৃষ্ণদেব রায়কে যথাশীদ্র সন্তব তাঁর সাথে দেখা করতে বলেন। আলীপুরের জজ সে সময় নদিয়াতেই অবস্থান করছিলেন। কৃষ্ণদেব রায় যথাসময়ে উপস্থিত হলে কালেটর ও জজ সাহেবের বজরার পঞ্জদর্শক হিসাবে নারিকেশবাড়িয়ার দিকে রওয়ানা হয়।

এদিকে স্বার্থাবেরী মহল থেকে সংবাদ রউনা করা হলো যে শেরপুর
নীসকুঠির ম্যানেজার মিঃ বেনজামিন বহু লাঠিয়াল ও সভৃকিওরালাসহ
নারিকেলবাড়িয়া আক্রমণের জন্যে যাত্রা করেছে। এ সংবাদ পাওয়ার পর
তাদেরকে বাধাদানের উন্দেশ্যে গোলাম মানুম তিত্মীর দলের পোকজনসহ
সম্প্র অপ্রসর হলো এবং বারধরিয়া প্রামের জবল ঝোপঝাড়ে লুকিয়ে রইলো।
বজরা এসে বারধরিয়ার ঘাটে ভিভূলে পরে ভিভূমীরের লোকেরা দেখতে পেলো
যে, বজরায় দু জন ইংরেজ এবং তাদের সাথে ভাদের পরমণক্র কৃক্ষদেব রয়েছে।
ইংরেজ দুজনকে তারা ডেভিস এবং বেনজামিন বলে ধারণা করে আক্রমণের
জন্যে প্রস্তুত হলো। কৃক্ষদেব বক্লো, হজুর ঐ দেখুন। তিত্মীরের প্রধান সেনাপতি
গোলাম মানুম বজরা আক্রমণ করার জন্যে এডদূর পর্যন্ত এসেছে। সাহেব তথন
গুলি চালাবার আদেশ দিলেন। জপরপক্ষত্র তীর সভৃকি চালাতে শুরু করলো।
উভয়পক্ষের কয়েকজন হতাহত হওয়ার পর কালেন্টর মুক্ক স্থলিত রেখে নদীর

মাঝখানে গিয়ে আন্তরকা করেন।

ভিত্মীরের দলকে স্বার্থানেথী মহল মিধ্যা সংবাদ দিয়ে প্রভারিত করলো।
তারা ডেভিস্ ও বেনজামিন মনে করে বজরা জ্যুক্রমণ করলো। স্বার্থানেথী মহল
চেয়েছিল এভাবে ভিত্মীরের নলের প্রতি ইস্ট ইন্ডিয়া কোম্পানী সরকারকে
ক্ষিপ্ত করে তুলতে। তাদের উদ্দেশ্য সফল হলো। প্রকৃত ঘটনা অবগত হলে তারা
এভাবে বজরা অক্রেমণ করতে আসতোনা। বিশেষ করে কৃষ্ণাদেব রায়কে;
বজরায় দেখে তারা তাদেরকে শুক্রেই মনে করেছিল।

মঞ্জার ব্যাপার এই থে, বারখরিয়ার দাট পেকে তাড়াতাড়ি বজরায় উঠে নদীর মাঝখানে আত্মরক্ষার সময় কৃষ্ণদেব উঠতে পারেনি। ফলে তার ভাগো যা হবার তা হলো। তবে মুসলমানরা তাকে হত্যা করেনি। নদীতে ডুবে তার অপমৃত্যু ঘটলো।

ইস্ট ইন্ডিয়া সরকারের বিরুদ্ধে তিতুমীরের সংঘর্ষের কোন বাসনা ছিলনা। ঘটনাপ্রবাহ, কতকগুলি অমূলক গুজব এবং এক বিশেষ স্থার্থারেবী মহল তিতুমীর ও সরকারের মধ্যে সংঘর্ষ বাধিয়ে দেয়। কতিপয় পাদ্রী, দেশী বিদেশী নীলকর এবং হিন্দু জমিদারদের পক্ষ থেকে বারাসতের জয়েন্ট ম্যাজিস্টেট মিঃ আলেকজাভারের কাছে তিতুমীরের বিরুদ্ধে অনবরত উপ্রেজনাকর রিপোর্ট ও চিঠিপার আসতে গাকে। তার সাথে আসে বারঘরিয়ার উক্ত সংঘর্ষের বিপোর্ট ও চিঠিপার অসতে গাকে। তার সাথে আসে বারঘরিয়ার উক্ত সংঘর্ষের বিপোর্ট ও চিঠিপার অসতে গাকে। তার সাথে আসে বারঘরিয়ার উক্ত সংঘর্ষের বিপোর্ট ও তিতুমীর ও তার নল সম্পর্কে মহ। সজবতঃ রামরাম চক্রবর্তী সংঘর্ষে নিহত ইওয়ার পর বশীরহাট থানায় নতুন নারোগা নিযুক্ত হয়। তার প্রকি নির্দেশ দেয়া হয় যে, সে যেন কতিপয় সিপাই জমালার নিয়ে নারিকেলবাড়িয়া পিয়ে তিতুমীরকে সাবধান করে দেয়। অতঃপর যা যা ঘটে তার রিপোর্ট ঘেন দেয়। মারোগা সম্বত্য নারিকেলবাড়িয়া না পিয়ে থানায় বসেই রিপোর্ট দেয় যে, তিতুর গোকজনের জাক্রমণে প্রাণ নিয়ে কোনমতে গাণিয়ে এসেছে। ফলে আলেকজাভারকে কর্তৃপঞ্চের কাছে তিতুমীর সম্পর্কে কড়া রিপোর্ট দিতে হয়।

১৮৩১ সালের ১৪ই নভেম্ব মিঃ আলেকজাভার একজন হাবিলদার, একজন জমাদার এবং পঞ্চাশজন বন্দুক ও তরবারিধারী সিপাহী নিয়ে নারিকেলবাড়িয়ার তিনক্রোশ দূরে বাদুড়িয়া পৌছেন। বশিরহাটের দারোগা সিপাই - জমাদারসহ বাদুড়িয়ায় আলেকজাভারের সাথে মিলিত হয়। উতয়ের মোট সৈন্য সংখ্যা ছিল একশা বিশক্তন। অতঃপর যে প্রচন্ত সংঘর্ষ হয় তাতে উতয়পক্ষের লোক হতাহত হয়, গোলাম মাসুমের নেতৃত্বে মুসলমানদের বীরত্ব দেখে আলেকজাভার বিষিত হন এবং দারোগা ও একজন জমাদার মুসলমানদের হাতে বন্দী হয়। বেগতিক দেখে আলেকজাভার প্রাণরক্ষার্থে পলায়ন করেন।

## আলেকজাভারের বিপোর্ট ও তার প্রতিক্রিয়া

জমেন্ট ম্যাজিস্টেট মিঃ আপেকজাভার বারাগত প্রত্যাবর্তন করে উর্ধতন কর্তৃপক্ষের নিকটে তিত্মীরকে শামেস্তা করার আবেদন জানিয়ে রিপোর্ট পেশ করেন। কর্তৃপক্ষ অর্থাৎ ইস্ট ইন্ডিয়া কোম্পানী সরকার কর্পেদ ইুয়াটকে সেনাপতি পদে নিযুক্ত করে তার অধীনে একশত ঘোড়—সওয়ার গোরা সৈন্য, তিনশত পদাতিক দেশীয় সৈন্য, দু'টি কামানসহ নারিকেশবাড়িয়া অভিমুখে যাত্রা করার নির্দেশ দিলেন। ১৩ই নডেম্বর রাত্রে কোম্পানী সৈন্য নারিকেশবাড়িয়া প্রের রাথলো।

শত্রন্ধ আক্রমণ থেকে আত্মরন্ধার জন্যে তিতুমীর ও তাঁর লোকেরা তিতুমীরের হজরাকে কেন্দ্র করে চারনিকে মোটা ঘোটা ও মজবুত বাঁশের বুটি দিয়ে যিরে ফেলেছিলেন যা ইতিহাসে "তিতুমীরের বাঁশের কেল্লা" বলে অতিহিত আছে।

আবদুপ গফুর সিন্দিকী যুদ্ধ শুরু হওয়ার পূর্বের কিছু ঘটনা বর্ণনা করে বলেন, কর্ণেক স্টুয়ার্ট তিতুমীরের হজরা ঘরের সম্মূবস্থ প্রধান প্রবেশদারের সমূবে উপস্থিত হয়ে দেখলেন এক ব্যক্তি সাদা তহবন্দ, সাদা পিরহান ও সাদা গাগড়িতে অংগ শোভা বর্ধন করতঃ তসবিহ হাতে আপ্লাহর ধ্যানে নিমন্ত্র। স্টুয়াট মুদ্ধ ও বিষয় বিয়্ঢ় হয়ে পথপ্রদর্শক রামচন্দ্র বলোপাধ্যায়কে জিজ্ঞাসা করলেন, এই ব্যক্তিই তিতুমীরং একে ত বিলোহী বলে মনে হয় না?

রামচন্দ্র বল্লো, এই ব্যক্তিই বিদ্রোহী তিতুমীর। নিজেকে তিতু বাদশাহ বলে পরিচয় দেয়। জাজ আপনাদের আগমনীতে তংগী পরিবর্তন করে সাধু সেজেছে।

জতঃপর খ্রুমার্ট রামচন্দ্রকে বক্লেন, তিতুকে বলুন আমি বড়োলাট লর্ড বেন্টিংক-এর পক্ষ থেকে সেনাপতি হিসাবে এসেছি। তিতুমীর ছেন আত্মসমর্পণ করে। অথবা তিনি যা বলেন হবহ আমাকে বলবেন। রামচন্দ্র তিত্মীরকে বয়ো, আপনি কেম্পানী সরকারের বিরুদ্ধে যুদ্ধ করে এখন জপমালা ধারণ করেছেন, আসুন তরবারি ধারণ করে বাদশাহর যোগ্য পরিচয় দিন।

তিত্মীর বন্দেন, আমি কোম্পানী সরকারের বিরুদ্ধে যুদ্ধ করিনিঃ হিন্দুদের ন্যায় আমরাও কোম্পানী সরকারের প্রজা। জমিদার নীপকরদের ওত্যাচার দমনের জন্যে এবং মুসলমান নামধারীদেরকে প্রকৃত মুসলমান বান্যবার জন্যে সামান্য চেষ্টা করেছি মাত্র।

ভিত্যীরের জবাব শুনার পর রামচন্দ্র স্ট্রাটকে দোতাবী হিসাবে বস্ত্রো, বিদ্রোহী ভিত্যীর বলছে আল্পসমর্পণ করবে না, যুদ্ধ করবে। সে বলে যে, সে তোপ ও গোলাগুলির তোয়ান্ধা করেনা। সে বলে যে, সে তার ক্ষমতা বলে স্বাইকে উপ টপ করে নিলে খাখে। সেই এ দেশের বাদশাহ, কোম্পানী আবার কে? (শহীদ ভিত্যীর ঃ আবদুল গফুর সিন্দিকী, গৃঃ ৯৫-৯৬)।

রামচন্দ্র দোভাষীর কান্ধ করতে গিয়ে কোন্ খাগুন জ্বালিয়ে দিল, তা পঠিকমাত্রের বুঝতে কট হবার কথা নয়।

তারপর যে যুদ্ধ হলো, তার ফলাফল কি হতে পারে তা সহছেই অনুমোয়।
সুশিকিত ইংরেজ সৈন্য এবং তাদের তারি কামানের গোলাগুলির সামনে লাঠি
ও তীর সভৃকি কতক্ষণ টিকে থাকতে পারে। তথাপি সাইয়েল নিসার অলী
তরফে তিতুমীর, গোলাম মাসুম ও তাদের দলীয় লোকজন ভীতসম্প্র না হয়ে
অথবা প্রতিপক্ষের কাছে আনুগত্যের মন্তব্দ অবনত না করে জীবনের শেষ মুহূর্ত
পর্যন্ত বীরস্থির হয়ে যেতাবে শত্রশর মুকাবিলা করে শাহাদতের অমৃত পান
করেছেন তা একদিকে যেমন ইতিহাসের অক্ষয় কীর্তিরপে চির বিরাজমান
থাকরে, অপরদিকে অসত্য ও অন্যায় উৎপীভূনের বিরুদ্ধে প্রাণপণ সংগ্রামের
প্রেরণা ও চেতনা ভাগ্রত রাখবে ভবিষ্যতের মানবগোচীর জনো।

উক্ত ঘটনার চন্ত্রিশ বৎসর পরে Calcum Review তে একটি বেনামী নিবছ
প্রকাশিত হয়। তাতে তিত্মীরের সমসামন্ত্রিক কোশ্দানী সরকারের এই বৃগে
সমাসোচনা করা হয় যে, তিত্মীরের রাজন্রোহিতামূলক কর্মতংশরতার প্রতি
সরকার উদাসীন ছিলেন। এ নিবন্ধকারের মতে তিত্মীর রাজনৈতিক ক্ষমতা
লাতের অতিলাধী ছিলেন। অতএব সরকারের পূর্বাহে তার বিরুদ্ধে কঠের ব্যবস্থা
অবগহন করা উচিত ছিল। তিনি আরও বলেন যে, তিত্মীর এবং তার

মতাবদরীগণ কোম্পানী শাসনের অবসান দাবী করে এবং ইংরেজনের দারা ক্ষমতাচ্যুত মুসলমানদেরকে সার্বভৌম ক্ষমতার উত্তরাধিকারী বলে দাবী করে। হান্টারও এরপ মন্তব্য করেন। (Calcutta Review No. Cl. p. 184 and 179; W. W. Hunter, Bangladesh First Edition 1975, p. 36)।

হান্টার সাহেব হিন্দু ছমিদার, নীগকর ও কতিপয় পাদ্রীর অমূলক ও উদ্দেশ্যমূলক অভিযোগগুলিই অস্কভাবে বিশ্বাস করে তার প্রস্তুে সন্নিবেশিত করেছেন। সাইরেল আহমদ শহীদ সম্পর্কেও হান্টার অভ্যন্ত জয়ন্য ও অশালীন মধ্বতা করেছেন। যথাস্তানে তা আলোচনা করা হবে।

নারাসতের অধীন নারিকেলবাড়িয়ার হাংগামার কারণ ও প্রকৃতি নির্ণয়ের ফল্যে J. R. Colvin কে নিযুক্ত করা হয়েছিল। তিনি প্রামাণ্যসূত্রে গৃহীত তথ্যের তিন্তিতে যে রিপোর্ট পেশ করেন তা এখানে বিশেষ প্রণিধানযোগ্য। তিনি নিচয়তার সাথে বলেন যে, হাংগামাটি ছিল একটি সম্পূর্ণ স্থানীয় ব্যাপার এবং যে সমস্ত অধিবাসী প্রতাক্ষ ও পরোক্ষতাবে এর সাথে জড়িত ছিল তারা কোন উল্লেখযোগ্য ব্যক্তিত্বসম্পন্ন লোক ছিলনা। দৃই একজন বাতীত তারা সকলে ছিল বারাসতের উন্দরাজনের লোক। তারা ছিল সকলে প্রজা রোয়তা, তাঁতী ও সাধারণ প্রেণীর মুসলমান। (Board's Collection, 54222, p. 400; Colvin to Barwell, 8 March 1832, para 4; A R Mallick: British Policy & the Muslims in Bengal, p. 87)।

কশভিনের উপ্ত রিপোর্টের পরে সরকার বিষয়টির প্রতি ডেমন কোন গুরুত্ব জারোপ করেননি।

ভটার এ জার মন্ত্রিক Board's Collection এবং Bengal Criminal Judical Consultations—এর বরাত দিরে বলেন যে, কোম্পানীর সৈন্য পরিচালনা করেন মেজর স্কট্। তিতুমীরসহ প্রায় পঞ্চাশন্ধন নিহত হন এবং ২৫০ জনকে প্রেকতার করা হয়। মৃতদেহগুলি স্কালিয়ে ফেলা হয়। তিতুমীরের দলের লোকদের বাড়ীঘর দুর্গুন করা হয় এবং সন্দেহতান্ধন ব্যক্তিদেরকেও গ্রেফতার করা হয়। (Dr. A. R. Mallick: British Policy & the Muslms in Bengal, p. 86)।

সর্বমোট ১৯৭ জনের বিচার হয়। তনাধ্যে গোলাম মাসুমের প্রাণদন্ড, ১১ জনের যাবচ্ছীবন কারাদন্ড এবং ১২৮ জনের বিভিন্ন মেয়াদে কারাদন্ড হয়।

বিচারকালে চারজনের মৃত্যু হয়। ৫৩ জন থালাস পায়।

ভিত্মীরের জ্যেষ্ঠপুত্র সাইরেদ গওহার আদীর দক্ষিণ বাহ গোলার আঘাতে উড়ে যায় বলে তাকে কারাদক থেকে মুক্তি দেয়া হয়। অনাপুত্র তোরাব আদী অধাবয়য় ছিল বলে তার দু'বৎসর সম্রম কারাদক হয়। তৎকাদীন সরবার পরে নিজেদের ত্রম বুঝতে পেরে তিত্মীরের তিনপুত্রের জন্যে তাতার ব্যবস্থা করেন। কিন্তু হিন্দুলীগের চেষ্টায় পরে তা বন্ধ করে দেয়া হয়। (শহীদ তিত্মীর, আবদুল গঞ্ব সিন্দিকী, পৃঃ ১০০)।

উপরের আলোচনায় এ কথা সুস্পর্টরূপে প্রমাণিত হয় যে, প্রকৃত ঘটনা সরকারের জানা থাজদে হয়তো ব্যাপার এতনূর গড়াতোনা। শ্বমিদারদের মুদদির বিষেষ, যিপ্যা প্রচারণা, দরিপ্র প্রজাবৃদ্দের উপর তাদের অসীম প্রভাব এবং তদুপরি দারোগা রামরাম চক্রবর্তীর একতরফা এবং একদেশদাশী মনগড়া রিপোর্ট কর্তৃপক্ষকে প্রকৃত ঘটনা থেকে দূরে রেখেছে। অপরদিকে শ্বমিদার নীলকরদের সীমাহীন অমানুষিক অন্যায় অত্যাচার এবং সরকারের নিকটে বিচার প্রথনা করে ব্যর্থ মনোরথ হওয়ায় প্রতিপক্ষকে চরমপত্ম। অবলগন করতে হয়েছিল। এছাড়া তাদের গভারর ছিলনা। কশ্তিদের রিপোর্টেও এ কথাই বলা হয়েছে। প্রজাবৃদ্দের উপর যে কোন উপায়ে অত্যাচার, উৎপীড়ন করার সীমাহীন ক্ষমতা ছিল জানারদের। কলতিন এটাকেই হাংগামার মূল কারণ বলে বর্ণনা করেন। তিনি আরও বলেন যে এমতাবস্থায়, যেখানে দোরী ব্যক্তি প্রভূত সম্পদের মালিক, সেখানে সঠিক সিদ্ধান্তে উপনীত হওয়া ছিল জসম্বব ব্যাপার। (A. R. Mallick: British Policy & the Muslims in Bengal, p. 88; Board's Coffection, 54222, Colvin's Report, para 36)।

#### একাদশ অধ্যায়

## সহিয়েদ আহমদ শহীদের জেহাদী আন্দোলন

শাইয়েদ **জাহমন বেরেলতীর জেহানী আলোলন ইতিহাসে ওহাবী** আশোলন বলে বৰ্ণিত হয়েছে। কথাটি সম্পূৰ্ণ সভ্যের খেলাপ ও পরিপন্থী। একে নির্ভয়ে বলা যেতে পারে ইতিহাসের এক অতি বিক্ত তথ্য পরিবেশন। বলতে গেলে ওহাবী প্রান্দোলন বলে কোন আন্দোলনের অন্তিত্বই পৃথিবীর কোথাও ছিলনা। অষ্টাদশ শতকের গোডার দিকে মুহাম্মদ বিন আবদুল ওয়াহহাব নন্ধনী আরবে এক ইসলামী সংস্থার আন্দোলন শুরু করেছিলেন। তার জান্দোলন ছিল একটি নিত্তক ইসলামী আন্দোলন। এই আন্দোলনকেই বলা হয়েছে ওহাবী আন্দোলন। এ নাম দিয়েছেন ইসলাম বৈরী ইউরোপীয়গণ। একে বলা হয়েছে WAHABISM অথবা WAHABI MOVEMENT, আল্লাহর দেয়া বিধান ইসলামকে পরিপূর্ণ রূপ নিয়েছিলেন সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ নবী হয়রত মহাখন সাল্লাল্লাহো আলায়হে ভয়াসাল্লাম। মুহামদের (সা) দারা প্রচারিত ইসলামকে 'ইসলাম' না বলে তাঁরা বলেছেন 'মুহামেডানিজম্' এবং মুসলমানকে 'মেহোমেডান' (MEHOMEDAN)। বর্তমান শতবের তিনের দশক পর্যন্ত মুসলমানকে সরকারী ভাষার MEHOMEDAN বলা হতো। শেরে বাংলার প্রধানমন্ত্রিতের সময় একটি সরকারী যোষণার মাধ্যমে MEHOMEDAN শব্দ MUSSALMAN অথবা MUSLIM শব্দ দারা পরিবর্তিত হয়। অনুরূপতাবে মুহামদ বিন আবদুল ওয়াহহাবের ইসলামী यात्माननरक छपुमात छरावी थात्माननरे वना रग्ननि, वत्रक धत श्रकि মুসলমানদের ঘূণা ও বিছেষ সৃষ্টির জন্যে একে চরম ইসলাম বিরোধী বলে প্রচারণা চালানো হয়েছে। ভথাবী আন্দোলনকে ইসলাম বিরোধী ও 'ওথাবী' শব্দ একটা পালি হিসাবে ইডিহাসে আখ্যায়িত করা হয়েছে। এ প্রচারণার দারা কিছু সংখ্যক মুসলমানত প্রভাবিত ও প্রভারিত হয়েছে। তাই কাউকে মুসলিম সমাজে হেয় ও ঘূণিত প্রতিপন্ন করার জন্যে তাকে 'ওহাবী' বলে গালি দেয়া হয়। বিগত প্রায় তিন শতক থাবত একটা চরম তুলের মধ্যে কিছু লোক নিমচ্ছিত হ'য়ে আছেন। অভএব এর বিশেষ আলোচনা ও ব্যাখ্যার প্রয়োজনীয়তা অনস্টীকার্য।

# মুহাম্মদ বিন আবদুল ওয়াহহাব

আঠোরো শতকের গোড়ার দিকে জারবে যে একজান প্রেষ্ঠ ধর্ম সংস্কারক বা মুজারিদ জন্মগ্রহণ করেন তাঁর নাম ছিল মুহামন। পিতার নাম জাবদূল ওয়াহহাব। জারবের প্রচলিত প্রধা জন্মারী নামের সাথে পিতার নাম সংযুক্ত করা হয় বলে তাঁর পুরা নাম ছিল মুহামল বিন জাবদূল ওয়াহহাব। ওয়াহহাব জাল্লাহর একটি গুপবাচক নাম যার অর্থ পরম লাতা। মুহামল বিন আবদূল ওয়াহহাব চেয়েছিলেন ইসলামে সকরকম পৌত্রগিক জনুক্রবেশের মুলোৎপাটন করে খাঁটি তওহাঁল বাগাঁর মহিমা সুপ্রতিন্তিত করতে এবং জারবের সকরকম ক্লেনিভিক গোলযোগের অবসান ঘটিয়ে শুভূ ইসলামী সামা ও মৈত্রীনীতির সূত্রে সমস্ত জারবভূমিকে একরাট্রে বেঁধে লিতে।

তিনি প্রথমজীবনে হল্প করতে গিয়ে মকা ও মদিনায় মুসলমানদের অনৈসগায়িক আচার অনুষ্ঠান দেখে অতান্ত মর্মাহত হন। জারবের তখন এক বৃহৎ অংশ তুরস্ক সুশতানের শাসনাধীন ছিল। ইউরোপীয় সভ্যতার সংস্পর্শে এসে তুর্কীরা বিশেষ করে তুর্কী শাসক শ্রেণী বহু ইউরোপীয় আচার-অনুষ্ঠান গ্রহণ করেছিল। সেসব আরব দেশে এমনকি মঞ্চা–মদিনায় ছড়িয়ে পড়েছিল। কবরকে কেন্দ্র করে বিরাট বিরাট সৌধ নির্মিত হয়েছিল এবং মুসলমালরা ক্বরের পার্বে দাঁভিয়ে ইহলৌকিক উন্নতি ও পারলৌকিক মংগদ কামনা করতো। কবরে বাতি দেয়া, ফুলের মাগায় শোভিত করা নন্ধর-নেয়ান্ধ পেশ করা, মান্থ করা এত্তি ক্রিয়াকলাপ চলতো। এগুলি ছিল পৌন্তলিকতারই জনুকরণ। মঙলানা মাস্উদ আলম নদতী তীর মুহামদ বিন আবদুল ওয়াহহার নজদী নামক জীবনী গ্রন্থে উল্লেখ করেছেন যে, তৎকালে জারব দেশে এমন কিছু বৃঞ্চ ছিল হেখানে মুসলমানরা পৌত্তলিকদের অনুকরণে একপ্রকার পুঞা পাৰ্বণ করতো। এমনকি হিন্দুদের শিবলিংগ পূজা অপেক্ষাও গহিত কাঞ্চ করতো। মোটকথা ইসলামের এক অতি বিকৃতরূপ দেখে মুহাখদ বিদ আবদুল ভয়াহহাব এ সবের বিরুদ্ধে জোরদার আওয়াজ ভোলেন। তিনি প্রথম তার এ সংস্কৃত্র আন্দোলন শুরু করেন দামেস্ক শহর থেকে। তুতী শাসকপ্রেলীর ইসদাম বিরোধী জাচার অনুষ্ঠানের বিরুদ্ধেও তিনি ছিলেন সোফার। ফলে শাসকশ্রেণীর কোপানলৈ পড়তে হয় ভাঁকে এবং তিনি দামেন্ধ খেকে বিতাডিত হন। অবশেষে

বিতির স্থানে ঘুরে ফিরে আপন জন্মত্মি নজদ্ প্রদেশের দারিয়াহ বা দেরাইয়াহ্
নামক স্থানে আসেন। দারিয়াহ্র সর্দার বা অধিপতি তার সংস্কার আন্দোলন
সমর্থন করেন এবং তার কন্যাকে বিয়ে করেন। অতঃপর দারিয়াহ্ অধিপতি
মুহাত্মদ বিন সউদের সহায়তায় একাধারে ইসলামী সংস্কার আন্দোলন এবং
আরব লীগ গঠনের মাধ্যমে রাজনৈতিক আন্দোলন চলতে থাকে।

তাঁর রাজনৈতিক আন্দোলনের বিস্তারিত আলোচনার অবকাশ এখানে নেই।
তথে একথা সত্য যে, রাজনৈতিক ক্ষমতা ব্যতীত ইসলামের পূর্ণ বাস্তবায়নও
দক্ষন নয় কিছুতেই। মুহামদ বিন সউদের সাহায্য সহযোগিতায় যে প্রচন্ত
রাজনৈতিক আলোলন শুরু হয়েছিল তাতে যোগদান করেছিল লক্ষ লক্ষ বেদুইন।
তাঁর ফল্যাণতিস্বরূপ বার বার বিপর্যয়ের তেতর দিয়েও অবশেষে গোটা আরব
দেশ তাদের করতলগত হয়। সউদ বংশের রাজত্তে প্রতিষ্ঠিত হ'য়েছিল সম্ম্য
আরবভূমিতে এবং তার জন্যেই এ দেশটির পরিচয় হিসাবে বলা হ'য়ে থাকে
সউদী আরব। মুহামদ বিন আবদ্দ গুয়াহ্যবের ইসলামী সংস্কার আলোদনের
সার্থকতাই এই রাজনৈতিক ক্ষমতা লাভের প্রত্যক্ষ ফল।

উপরে উক্ত হ'য়েছে দারিয়াহর অধিপতি মুহাখদ বিন সউদ মুহাখদ বিন আবদুপ ওয়াহ্হাবের কল্যাকে বিবাহ করেন। অগ্রদিনের মধ্যে মরু অক্সলে বিশেষ করে নজ্দে মুহাখদ বিন আবদুপ ওয়াহ্হাবের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। তিনি তাঁর জামাতা মুহাখদ বিন আবদুপ ওয়াহ্হাবের কর্তৃত্ব প্রতিষ্ঠিত হয়। তিনি তাঁর জামাতা মুহাখদ বিন সউদের হাতে সমস্ত শাসনক্ষরতা অপণ করে ওধু ধর্মীয় ব্যাপারে অর্থাৎ ইসলামী সংস্কার আন্দোলনের সর্বময় কর্তা রয়ে যান। তারপর তুকী শাসকদের সাথে বার বার সংঘর্ষ হ'য়েছে। জয়—পরাজয় উতয়ের তারেই ঘটেছে। সমগ্র নজ্বদে তাঁদের শাসন ক্ষরতা প্রতিষ্ঠিত হওয়ার পর অনেকের মতে, চতুর্থ বলীফার আমলের পর এই সর্বপ্রথম কোরখানকে তিত্তি করে একটি দেশে ধর্মীয়, রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক বাবস্থা গড়ে তোলার প্রচেষ্টা চলে। অনেকের মতে, যেমন মস্উদ—আলম নল্তী— মুহাখদ বিন আবদুপ ওয়াহ্হাব ছিলেন একজন সার্থক মুজাদিল যিনি তাঁর মুজাদিলিধাতের বাসংস্কার কাজ্যে পরিপূর্ণ সাহজা জীবদ্দশায় নেখে গছেন।

এখন তাঁর সংস্কার আন্দোলনের ফূলনীতি সম্পর্কে কিছু আলোচনা করা যাক। আগেই বলা হ'য়েছে যে, তিনি ইসলামের বিপরীত কোন নতুন মতবাদ প্রচার করেননি, যার জন্য তাঁর মতবাদকে ওয়াহহাবী মতবাদরূপে আখ্যায়িত করা যায়। আরব দেশে গুয়াহহাবী নামাংকিত কোন মযহাব বা তরীকার অন্তিত নেই। এ সংজ্ঞাটির প্রচলন আরব দেশের বাইরে এবং এই মতানুসারীদের বিদেশী দুশমন, বিশেষ করে তুকী ও ইউরোপীয়ানদের হারা ওয়াহহাবী কথাটির সৃষ্টি এবং তাদের মধ্যেই প্রচলিত। কোন কোন ইউরোপীয় দেখক, যেমন নীবর (Neibuhr) মুহাম্মদ বিন আবদুল ওয়াহহাবকে পয়গম্বর বলেছেন। এসব উল্লট চিন্তারও কোন যুক্তি নেই। প্রকৃত পঞ্চে মুহামদ বিন আবদুল ওয়াহহাব কোন মথ্যাবও সৃষ্টি করেননি। চার ইমামের জন্যতম ইমাম আহমদ বিন হাধপের মতানুসারী ছিলেন তিনি এবং তাঁর প্রফত ছিল বিশ্বনবীর ও খলাফায়ে রাপেনীনের আমলে ইসলামের যে রূপ ছিল, সেই আদিম সহজ সরল ইসলামে প্রত্যাবর্তন করা। তাঁর আরও শিক্ষা ছিল, ধর্ম কোন প্রেণী বিশেষের একাধিকার নয়। কোরআন ও হাদীসের ব্যাখ্যা দেয়াও কোন কান্ধি বিশেষ বা শ্রেণী বিশেষের নয়, কোন যুগ বিশেষের মধ্যেই সীমিত নয়, প্রত্যেক আলেম ব্যক্তির অধিকার আছে কোরআন ও হাদীসের ব্যাখ্যা দেয়ার। তাঁর শিক্ষা ও মতবাদ প্রধানতঃ ইবনে তাইমিয়া ও তাঁর শিয়াদের পুথিতে বিধৃত মতবাদের দ্বারা প্রভাবিত। যদিও তিনি অনেক বিষয়ে তাদের সংগে একমত নন। —(ওহাবী আন্দোলন আবদুল मक्तृत, पृः ১১७)।

মুহামদ বিন আবদৃপ ওয়াহ্হাবের সংস্কার আন্দোপনের মূলনীতি সমূহ, যা তিনি তাঁর 'কিতাবুত্তাওহাঁদে' সন্লিবেশিত করেছেন, মোটামোটি নিমন্ত্রপং—

- আল্লাহ্ ছাড়া এমন আর কোন সন্তা বা শক্তি নেই যার এবাদত বলেগী, দাসত্ব আনুগত্য, হতুম শাসন পাদন করা থেতে পারে।
- ২। অধিকাংশ মানুষই তাওহীদপদ্ধী নয়। তারা অলী দরবেশ প্রভৃতির নিকটে গিয়ে তাদের আশীষ প্রার্থনা কয়ে। তাদের এসব আচার অনুষ্ঠান কোরআনে বর্ণিত মজার মশরিকদের অনরূপ।
- এবাদতকালে নবী, অপী, ফেরেশ্তাদের নাম নিয়ে প্রার্থনা করা শির্ক বা বছ দেবতার পূজা অর্চনার মতোই নিশ্বনীয়।
- ৪। আল্লাহ্ ব্যতীত অন্য কারো মধ্যবর্তিতার আশ্রয় গ্রহণ করা শির্ক মাত্র।
- ৫। আল্লাহ্ ব্যতীত অন্য কারো নামে মানৎ করাও শির্ক।
- ৬। কোরআন হাদীস এবং যুক্তির সহজ ও অবশাস্তাবী নিদেশ ব্যতীত জন্য জানের আশ্রয় গ্রহণ কৃষ্ণর।

## ৭। কনর বা ডাকদীরে বিশ্বাসের প্রতি সলেহ পোষণ নাস্তিকতা।

উপরস্থ যেসব বিদ্যাৎ (খীন ইসলামে এমন সব নতুনত্ব যা কোরজান হালীস সম্মত নয়, অথবা বয়ং নবী কর্তৃক প্রবর্তিত নয়), শির্ক ও কুফরের প্রশ্রয় দেয় তিনি সেসবের মূলোচ্ছেদকরণে বিশেষ জোর দেন। তাঁর যৌল শিক্ষাই ছিল লাশরীক আল্লাহর প্রতি একান্ত ও অক্স নির্ভরশীপতা এবং স্রষ্টা ও মানুষের মধ্যে যাবতীয় মধ্যস্থতার অন্তিত্ব বা চিন্তার বিলোপ সাধন। যে মধ্যস্থতার নাম করে পরবাদ বা মুসলমানী রাক্ষণ্যবাদ কায়েম করে মুসলমানদেরকে প্রকৃত ইসলামের শিক্ষা থেকে দূরে সরিয়ে রাখা হ'য়েছিল। পাঁর ও অলীদের প্রতি ও তালের কবরে মুসলমানের পূজা, এমনকি হযরত মুহাম্মদের (সা) আধাঐশ্বরিক রূপক্ষরনার বিলোপ সাধন তিনি করতে চেয়েছিলেন।(এ মতবালের অনুসরণও মুসলমানদের মধ্যে দেখা যায়। যেমন,

## ত্রাহমদের ঐ মিমের পর্দা

#### ব্ৰেখেছে তোমায় আড়াপ করে।)

কবরে সৌধ নির্মাণ শৌশুপিকডারই শেষ চিহ্ন মাত্র যে সম্পর্কে জাপ্রাহর নবী কঠোর ভাষায় সতর্কবাণী করে গেছেন। সেজন্যে সেসব ভেঙে ফেলার নির্দেশ দেয়া হ'য়েছিল যাতে করে মুসলমানরা সেগুলিকে ভক্তিশ্রদ্ধা দেখাতে জথবা সেখানে গিয়ে নিজের মংগল কামনা করতে না পারে।

তাঁর এ আন্দোলনের খাভাবিক ফল এই ছিল যে, দুই শ্রেণীর ম্বলমান অত্যন্ত বড়গছন্ত হ'য়ে পড়ে। এক—কবরের পার্ধে নাঁড়িয়ে যারা ইহলোঁকিক উন্নতি ও পারলোঁকিক মংগলকামনা করতো এবং কবরের হেফালত তথা খেদমতের নামে দর্শনশ্রাধীদের নিকট থেকে টাকা পয়সা আদায় করে জীবিকা অর্জন করতো। দুই— ত্কী শাসকগণ। কারণ মন্ধা ও মনীনার উপর থেকে তাদের কর্তৃত্ব বিলুপ্ত হ'য়েছিল। ত্কীর সুলতান ছিলেন তথন মুসলিম বিশের খমনোনীত ধলীকা। ইসলামের সর্বশ্রেষ্ঠ, বলতে গেলে দুটি মাত্র তীর্ধস্থান মন্ধা ও মদীনা তাদের হস্তচ্যুত হ'য়ে পড়ায় খেলাফতের দাবী অর্থহীন হ'য়ে পড়ে। বাছ বলে মন্ধা মনীনা পুনরুদ্ধার করা সহজ ছিলনা বলে মুহাখদ বিন আবলুল ওয়াহ্হাব ও তাঁর অনুনারীদের বিরুদ্ধে নানাপ্রকারের অমূলক ও মিথা অতিযোগ উথাপন করে বিশ্বের মুসলমানদেরকে ক্ষিত্র করে তোলা হলো। ত্রী শাসকদের চরিত্র

যতোই ইসলাম বিরুদ্ধ হোক না বেন, মুসলমানদের খলীফার পক্ষ থেকে যখন
মুহাম্মন বিন জাবনুল ওয়াহ্হাবের বিরুদ্ধে ফভোয়া ভারী হলো তখন
মুসলমানরা তাই অকপটে বিশ্বাস করপো। এ অপপ্রচারের ফলে ১৮০৩ থেকে
১৮০৬ সাল পর্যন্ত বাইরের দেশগুলি থেকে মকার হালীদের সংখ্যা ছিল অভি
নগবা।

মুহান্দদ বিন আবদুল ওয়াহ্হাবের মতো মুসলমানদের নানাবিধ কুসংস্কারের বিরশ্বে আওয়ান্ধ তুলেছিলেন বাংলা ভারতে সাইরেদ আহমদ শহীদ, হান্ধী শরীন্বতুরাহ, তিতুমীর, প্রভৃতি মনীবীন্দ। ব্রিটিশ সরকার এবার তাঁদের বার্বে এসব মনীবীকে ওয়াহ্হাবী বলে আখ্যায়িত করে ভালের বিরশ্বে অপপ্রচারে যাতলেন। এর চেয়ে সভোর অপলাপ ও নির্মম পরিহাস আর কি হতে পারে?

মোহাম্মন ওয়ালিউতাহ বলেনঃ\_\_

একবার যদি মুসলমান জনসাধারণের মধ্যে বিধর্মী বিরেষ জাগরিত হয় তাহা হইলে এশিয়া ও আফ্রিকায় তাহাদের সামাজ্য তাসের ঘরের নাায় ভাঙিয়া পড়িবে আশংকা করিয়া সামাজ্যবাদী ব্রিটিশ ইসলামের জন্য মায়াকারা তরু করিয়া দেন। তাই দেখা যায়, উনবিংশ শতাব্দীতে ভারতবর্ষে যখনই কোন মসলমান দেশপ্রেমিক পরাধীনতার বিরুদ্ধে দাঁভাইবার চেষ্টা করিয়াছেন তথনই ইংরেজরা তাহাকে 'ওহাবী' আখ্যা দিয়া অন্ত জনসাধারণকে তাঁহার বিরুদ্ধে পেলাইয়া দিয়াছেন, পক্ষ পক্ষ টাকা ঘুষ প্রদান ও বিকল্পে নির্যাতনের ভয় প্রদর্শন করিয়া ভাহাদের বশংবদ আলেমদের নিকট হইতে ভাহার বিরুদ্ধে ফতোয়া সংগ্রহ করিয়া শইয়াছেন, তুকীদের বেতনভুক শেরিফের ভাজাবহ কর্মচারীর নিকট হইতে নিজেদের জন্য সাটিফিকেট জানাইয়াছেন। এমনকি খাস আরব দেশ হইতেও প্রচারক আনিয়া তাঁহার বিরুদ্ধে ব্যবহারের জনা নিজেদের রচিত অলীক কাহিনী তাহার মুখে প্রচার করিয়াছেন। ইহা ছাডা জেলা ম্যান্ধিস্টেট ও উচ্চপদস্থ কর্মচারীগণকে দিয়া তাহারা প্রতিক্রিয়াশীল মুসলমানদের সাহায্যে প্রতি জেলায় 'আনজমনে ইসলামিয়া' , 'হেজবুল্লাহ সমিতি' ও 'আনজুমনে এশায়াতে ইসলাম' প্রভৃতি কায়েম করাইয়া দেশপ্রেমিক মুসলমানদের বিরুদ্ধে উহাকে ব্যবহার করাইয়াছেন। ইহার বিনিময়ে আল্লাহতায়াগা তাহাদিগকে জালাতে ফেরদৌস বর্খশিশ করেন কিনা বলা যায় না। তবে এ কথা সত্য যে, এই ইসলাম রক্ষা অভিযানে ভাহারা শত শত

মুসলমানকে ফাঁসির কাঠে ঝুলাইয়া অথবা সৃদ্র আলামানে নির্বাসনে পাঠাইয়া অন্ততঃপক্ষে ভায়াদের পারলৌকিক মুক্তির পথ প্রশস্ত করিয়া দিতে পারিয়াছে। জোমাদের মুক্তি সংগ্রাম, মোহাম্মদ ভয়ালিউল্লাহ, পুঃ ৬০-৬১)।

## মুহালদ বিন আবদুল ওয়াহহাব ও তদীয় জামাতা মুহালদ বিন সউদের প্রতিষ্ঠিত রাষ্ট্রের উত্থানপতনের ঘটনাপঞ্জী

১৭০৩ খৃঃ — মুহামদ বিন আবদুগ ওয়াহ্হাবের জনা আরবের উয়াইনা অঞ্চলে তামিম গোত্রের শাখা বানু সিনান বংশে।

১৭৪৭ খৃঃ— রিয়াদের শেখের সাথে সংঘর্ষ

১৭৭৩ খৃঃ - রিমাদের শাসক দাহহাম পরাজিত।

১৭৮ १ थृह भूश्यन विन वावन्न छहार्शवत এएएकान।

১৭৯১ थ्— यका जाक्यन

১৭৯৭ খৃঃ

এশিয়ার সমগ্র ভুকী অধিকার মৃহাত্মদ বিন সউদের পৌত্র সউদের হাতে।

১৮০७ युः यका मयन।

১৮০৪ चृह- यमीना पथना

১৮০৬ मृ: प्रका भूनमंबन।

১৮১১ খৃঃ

উত্তরে আলেপ্লো থেকে ভারত মহাসাগর এবং পারস্য উপসাগর

ও ইরাক সীমান্তের পরবর্তী পূর্বে লোহিত সাগর পর্যন্ত সউদের

হাতে।

১৮১১ খঃ মিসরবাহিনী মদীনা দখল করে।

১৮১২ ৰৃঃ মিসরবাহিনী মঞ্জা দখন করে।

১৮১৪ খৃঃ— সউদের মৃত্য।

১৮১৮ খা- দারিয়াহর রাজধানী বিধ্বস্ত হয়।

১৯০৪ খৃঃ— পুনঃপ্রতিষ্ঠাপাত। সউদ পৌত্র আবদুল আঘীয় বিন আবদুর রহমান নঞ্জনে ক্ষমতা প্রতিষ্ঠিত করেন।

১৯২৪ খঃ মকা দখল।

১৯২৫ मृश्— भनीना छ क्लमा अधिकात करतन।

এতাবে প্রায় সমগ্র আজিরাতৃণ আরব (কয়েকটি ক্ষুদ্র ক্ষুদ্র আমীরি অধিকার ব্যতীত) সউদী জারব নামার্থকত জারবী জাতীয় রাষ্ট্রে রূপায়িত হয় যা এখনো বিদ্যমান। (ওহাবী আন্দোলন, আবদুল মওদুদ পৃঃ ১১২–১৫ ৪ঃ)। হাতার সাহেব তাঁর প্রস্থে মুহামদ বিন আবদুল ওয়াহ্হাব সম্পর্কে যে মপ্তব্য করেন তাও উদ্ধৃত করা হলো।

রক্তের ক্ষমের তাঁরা যে নীতিমালা লিপিবদ্ধ করেছিলেন তা ছিল মহান। সর্বপ্রথম তারা যে বিষয়টির উপর গুরুত আরোপ করতেন, তা হলো এই যে, ভূকীরা তাদের ইন্দ্রিয় পরায়ণভার দারা পবিত্র নগরীকে (মঞ্চা) কলুমিত করেছিল। বহুবিবাহেও তারা পরিভন্ত হতে পারেনি। হঞ্জে আগমন কালে তারা সংগে নিয়ে আসতো জঘন্যতম চরিত্রের খ্রীপোক এবং তারা এমন সব কৃকর্মে লিঙ হতো যেগুলি কোৱমানে নিষিদ্ধ ছিল সম্পূর্ণরূপে। পবিত্র নগরীর ব্রাহ্মপথে তারা প্রকাশ্যে মদ ও আফিম থেতো। তুকী তীর্থ যাত্রীদল মন্ধার পথে দৃণ্যতম লাম্পট্যের আচরণ করতো। মুহামন বিনু আবদুপ ওয়াহহাব সর্বপ্রথম এসব ভ্রমনা কার্যকলাপের বিরুদ্ধে তীর প্রতিবাদের আওয়াজ তোলেন। ক্রমে ক্রমে তার মতামতগুলি একটি ধর্মীয় মতবাদের রূপ ধারণ করে এবং ওয়াহহাবী মতবাদ নামে বিস্তার লাভ করে।<sup>(3)</sup> তারতীয় মুসলমানদের অধিকাংশই এখন এ মতা দারী। এ মতবাদ অনুসারে মুহামদের প্রবর্তিত ধর্মকে বিশুদ্ধ আন্তিকতায় পরিণত করা হ'য়েছিল এবং সাতটি নীতির উপরে তা ছিল স্থাপিত। এক—এক আল্লাহতে অবিচল আস্থা। দুই—ফ্রটা ও মানুষের মাঝখানে কোন মধ্যস্থতাকারীর অন্তিত্ব অস্বীকার। অলী দরবেশদের নিকটে প্রার্থনা করা, এমনকি মুহাম্মদের আধা ঐশরিক রূপকমনাও প্রত্যাখ্যানধোগ্য। তিন—মূললমানী ধর্মগ্রন্থের ব্যক্তিগত ব্যাখ্যার অধিকার এবং পবিত্র গ্রন্থের ধর্মধাজকসূপত ব্যাখ্যা বর্জন। চার-মধ্য ও আধুনিক মুগের মুসলমান যেসব রসম রেওয়াজ ও বাহ্যিক জাচার অনুষ্ঠান পৰিত্র ভারহীদ বিশ্বাসের উপর চাপিয়ে দিয়েছে তা প্রভাগান করা। পাঁচ—যে ইমামের নেতৃত্বে প্রকৃত ইমানদারগণ কাফেরদের বিরুদ্ধে সংগ্রামে জায়যুক্ত হবে তাঁর প্রতীক্ষা। হয়—সকল কাফেরদের বিরুদ্ধে মুসলমানদের সংগ্রাম করা যে অবশ্য কর্তন্য তা তন্তগত ও বাস্তব ক্ষেত্রে সর্বদা স্বীকার করা। সাত— আধ্যাত্মিক পৰ প্ৰদৰ্শকের প্ৰতি দৃঢ় আনুগত্য।

হান্টারের মতে মুহান্দদ বিন আবনুল ওয়াহ্হাবের প্রচেষ্টায় মুহান্দদের প্রবর্তিত ধর্মকে (অর্থাৎ ইসলামকে) বিশুদ্ধ আন্তিকতায় পরিণত করা হয়েছিল। অর্থাৎ ইসলামের ভিতরে অধর্ম বিধর্ম ও পৌত্তলিকতার যে অনুপ্রবেশ ঘটেছিল তা থেকে ইসলামকে মুক্ত করে সভি্যকার ইসলামী রূপ ও আকৃতি ফিরে খানাই ত তাঁর কাজ ছিল। এতে তিনি প্রকৃত ইসলামের সেবাই করেছেন। এইত প্রকৃত মুসলমানের কাজ। ইসলামের বিকৃত রূপকে পরিবর্তন করে ভার প্রকৃত রূপে পুনঃপ্রতিষ্ঠিত করার জন্মেই ত খুগে খুগে সংস্থারক আগমন করার ভবিষ্যদাণী ইসলামের নবী করে গেছেন যাকে ইসলামী পরিভাষায় 'মুজাদিন' ন্না হ'রেছে। কিন্তু তাঁর কার্যকলাপকে ইসলাম বিরোধী ও মতবাদকে ইসলাম থেকে পুথক মতবাদরূপে পূর্ণা করে 'গুহাবী' মতবাদে আখ্যায়িত করা হলো কেনং ইউরোপীয়দের এবং শ্রান্তির গহীন সাগরে নিমন্দ্রিত একপ্রেণীর মুসলমানদের কাছে এর কী জবাব আছে? ইউরোপীয় খৃষ্টানগণ ইসলাম খ মুসলমানের প্রতি তানের চিরকালের বিবেষাত্মক মনোবৃদ্ধির দর্যন এমন করতে পারনে। এটা তাঁদের স্বভাবসূপক— এতে বিশয়ের কিছু নেই। কিন্তু ইসলামকে বিকৃত করে তার মধ্যে বিভিন্ন ধরনের পৌত্তলিক ও অনৈসলামী আচার অনুষ্ঠান ও কুসংস্থার আমদানী করে তাকে একটি বাহ্যিক অনুষ্ঠানসর্বস্থ ধর্মে পরিণত করে যারা তাদের বাবসার বাজার জমজমাট করে রেখেছিল এবং এখনো রাখে ভাদের কাছে সভাই এর কোন জবাব নেই। চরিত্রহীন ও লম্পট ভবী শাসকরা এবং তাঁদের অনুগ্রহপুষ্ট ও উল্ছিষ্টভোজী অনুচরবৃন্দ সর্বপ্রথম এই শ্রেষ্ঠ সাধক ও মুজাদ্দিদ মুহামদ বিন আবদুল ওয়াহ্হাবের বিরুদ্ধে জঘন্য অপপ্রচার শুরু করেন। অতঃপর ব্রিটিশ ভারতে যখন অনুরূপ সংস্কার আন্দোলন শুরু করেন সাইয়েদ আহমদ বেরেণভী, তখন স্বার্থারেষী ও সাম্রাজ্যবাদী ব্রিটিশ তাঁকে 'ওহাবী' নামে আখ্যায়িত করে ভাড়াটিয়া আলেম নামধারী লোকদের বারা তাঁর উপরে ফতোয়ার মেশিনগান থেকে স্ববিরাম ধারায় গোলাগুলী বর্ষণ করতে থাকে। তবে সাইয়েদ আহমদের জিহাদী আন্দোলন চলাকালে এসব মেশিনগানের গুলীগোলা স্বার্থতায় পর্যবসিত হ'য়েছে। তাই হান্টার বলেছেন 'ভারতীয় মুসলমানদের অধিকাংশই এখন এ মতাবলমী'।

 <sup>(</sup>১) 'গুরাব্যারী' বা 'গুরারী' পরিভাষাটি বহির্মাপতের বিশেষ করে ইউরোপীয়নের কলনা রাজ্যের সৃষ্টি।

## শাহ ওয়ালিউল্লাহ

বাদশাহ আওর গ্রন্থের আলমগীরের মৃত্যুর চার বংসর পূর্বে ১৭০৩ খৃষ্টাদে শাহ ওয়ালিউপ্লাহ্ নিল্পী নগরীতে এক অতি সম্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তার পিতা শাহ্ আবদুর রহীম ছিলেন একজন প্রথাতে আলেম। শাহ্ ওয়ালিউপ্লাহ্র পূর্বপূরুষ ছিলেন ইসলামের বিত্তীয় খলিফা হহরত ওমর ফারুকের রোবংশধর।

শাহ ওয়ালিউল্লাহ তাঁর শিক্ষা—দীক্ষা গ্রহণ করেন তাঁর পিতা শাহ জাবদুর রহীমের নিকটে। পরে তাঁর পিতার প্রতিষ্ঠিত বিদ্যালয়ে বার বছর যাবত শিক্ষকতা করেন। অতঃপর তিনি আরবে গমন করেন এবং মঞ্চা মদীনায় দুর্দীর্যকাল কাটান। মঞ্চা মদীনা অবস্থানকালে শাহ সাহেব ইন্ধতেহাদের উপযোগী গুণাবলী ও হোগাতা জর্জন করেন। শিক্ষী বলেন, ইবনে রুশদু ও ইমাম ইবনে তাইমিয়ার পর মুসদিম জগতের যে চরম অবনতি ঘটেছিল, তাকে পুলরায় উজ্জীবিত করেন শাহ ওয়ালিউল্লাহ দেহলতী (রহ)। দীর্যকাল যাবত কোরআন—হালীস ও ইসলামের বিভিন্ন বিষয় অধ্যন্তন, গবেষণা এবং বিশেষ করে মঞ্চা মদীনা সফরের ফলে লব্ধ প্রেরণাই তাঁকে বিপ্রবী আন্দোলন শুরু করার জন্যে সচেষ্ট করে তুলেছিল।

আখন ওজেবের মৃত্যুর পর যে অরাজকতা ও বিশৃংখলা সৃষ্টি হয়েছিল যার ফলে বীরে বীরে মোগল সাম্রাজ্য তথা তারতে মুসলিম সূলতানাত ধূলিসাং হ'য়ে গেল এবং ইংরেজ বণিক বেশে এ দেশে আগমন করে ক্রমশঃ এ দেশের মালিক—মোখতার হ'য়ে গেল, এসব কিছুর পট পরিবর্তন হলো শাহ্ ওয়ালিউল্লাহ্র চোঝের সামনে। এ দৃশ্য শাহ্ সাহেবকে অতান্ত ব্যথিত ও পীড়িত করেছিল। তিনি পরিপূর্ণরূপে উপলব্ধি করেন যে, মুসলমানদের এ অধঃপতনের প্রধান কারণ হলো তাদের নৈতিক ও ধর্মীয় অধঃপতন।

ইসলাম সম্পর্কে পরিপূর্ণ জান লাভ ও চিন্তা প্রেষণার ফলে তাঁর মনোজগতে ইসলামী রাষ্ট্রের এক রূপরেখা প্রতিভাত হয়েছিল। কিন্তু তিনি পরিপূর্ণরূপে উপলব্ধি করেন যে, প্রকৃত যোগাতা ও গুণাবলীর অধিকারী না হওয়া পর্যন্ত ওধু বাহুবলে কোন রাষ্ট্র প্রতিষ্ঠা সম্ভব নয়। আর যদি তা কখনো সম্ভবও হয়, তাকে টিকিয়ে রাখা কিছুতেই সম্ভব নয়। ইসলামী রাষ্ট্রি পরিচালনার জনো সত্যিকার ইসলামী জান ও চরিত্রের লোক তৈরী হলো

পূর্বপর্ত। কিন্তু এ ধরনের গুণাবলী ও যোগাতা সম্পন্ন গোকের গুধু অভাবই ছিল
না, বরঞ্চ মুসলমানরা নানাবিধ জাহেলী বা অনৈসলামী কুসংস্কার জালে ছিল
আবছা এ বেড়াঞ্চাল থেকে মুসলিম সমাজকে মুক্ত করার জানো তিনি সর্বপ্রথমে
আবনিয়োগ করলেন ইসলামী সংস্কার আনোলনে। তাঁর আনোলনের প্রধান
জিদেশ্য ছিল ইসলামী সংস্কার সাধন করে ইসলামকে তার প্রাথমিক পবিত্রতা ও
ব্রোক্তাশক্তিতে ফিরিয়ে খানা এবং গেশের ক্রমবর্ধমান ইংরেজ শক্তিকে ধ্বংস
করে পূনরায় ইসলামের বিজয় পতাকা উত্তীন করা। এ জনো শাহ্ ওয়ালিউল্লাহ
খারবের মুজাদিল ও মুজাহিদ মুহামদ বিন আবদুল ওয়াহ্হাবের ন্যায়
মুগলমানদের অনৈসলামী রীতি—নীতি, কুসংস্কার ও খনাচারের মূলোজেনের
চেষ্টা করেন।

শাহ্ ওয়ালিউল্লাহ্ লক্ষ্য করেছিলেন, শরীয়তে-ইসলামের প্রতি ভাসাওউফ্পন্থী সৃফীনের উদাসীলতা ও অবজা ইসলাম ও মুসলিম সমাজের জন্যে ছিল ক্ষতিকর, তাদের আচরিত বহু অনাচারের ও প্রচারিত ইসলাম বিরুদ্ধ মতবাদের অনুত্রবেশ মুসলিম ধর্ম জীবনকে করে রেম্বেছিল কলুষিত ও বিকৃত। ব্যবসায়ী সৃফীনের প্রাদূর্ভাব ও পীরপুঞা-তবরপুজার প্রথাও ক্রমাগত বেড়েই চপেছিল। ওয়ালিউল্লাহ্ অবশা ওসোওউফের উদ্ভেদ চাননি, তিনি চেয়েছিলেন ভার পূর্ণ সংস্কার ও পরিশুদ্ধি। তিনি সুফীবাদকে সংস্কার করে তাকে করতে চেয়েছিলেন কল্যাগমুখী। পেশাদার শীর, ফকীর, কবরপুজা, ক্ষেরামতি প্রভৃতির বিরুদ্ধে তার ওসিয়্তনামায় বহু অকাট্য যুক্তি ও নির্দেশ আছে।

শাহ ওয়াপিউল্লাহ এক শান্তিপূর্ণ ও নিরুপদ্রব পরিবেশে লোকচরিত্র গঠনের প্রয়োজনীয়তা উপপরি করে তাঁর সংস্কার আন্দোলন বা গঠনমূলক কান্ধ শুরু করেন। তিনি তাঁর ক্ষুর্যার লেখনীর মাধ্যমে একাধারে মুসলিম সমাজের ক্রাটিবিচাতি ও কুসংস্কারগুলির প্রতি অংগুলি নির্দেশ করেন এবং অপর পঞ্চে তাদের সঠিক কর্মপত্মাও সুস্পাই করে তোলেন। তিনি বহু মূল্যবান গ্রন্থ প্রগরন করেন। তার মধ্যে ফত্হল করীর, 'হজ্জাওল্লাহেল্ বালেগা' প্রভৃতি বিশেষভাবে উল্লেখযোগ্য। তিনি মৃত, যুমন্ত ও পথপ্রই জাতিকে লেখনীর বেক্রাহাতে জীবত্ত ও জাগ্রত করে সঠিক পথে চালাবার আপ্রাণ চেটা করেন। ১৭৬২ খৃষ্টান্দে এ প্রতিভাবান মনীবা ইহলোক ত্যাগ করেন।

## শাহ আবদুল আযীয় দেহলভী (রহ)

শাহ গুয়ালিউল্লাহর এন্তেকালের পর তাঁর সুযোগা জ্যেষ্ঠ পুত্র শাহ আবদুদ জার্মীয় (১৭৪৬–১৮২৩ খৃঃ) তাঁর প্রদর্শিত পথ ধরে সমূর্যে জ্মাসর হন। ভারতীয় আলেম সমাজের মধ্যে তিনিই প্রথম ব্যক্তি যিনি এ দেশকে নির্ভয়ে 'নারুল হরব' বলে ফতোয়া জারী করেন। বিধর্মী ইংরেজ শাসিত দেশে মুসলমানদের সামাজিক ও দ্বীনি অবস্থা কী হবে— এ প্রপ্তাটি মুসলমানদের মনমজিককে আলোভিত করে রেখেছিল। বীর মুজাহিদ শাহ আবদুল আয়ীয় উদান্ত কঠে ও অকুতোভয়ে ঘোষণা করলেন যে, অনৈসলামী সমাজ ও রাষ্ট্র ব্যবস্থাধীন ভারত হ'ছে 'দারুল হরব'। এখানে নিশ্চিন্তে ও সন্তুষ্টিতি মুসলমানদের বসবাস করা ইমানের পরিপন্থী। হয় তাদেরকে জোহাদ করে এ দেশকে ইসলামী রাষ্ট্রে পরিণত করতে হবে, জনাপায় হিজরত করে অন্যত্র গমন করতে হবে। তাঁর এ খোষণা মুসলমানদের মনেপ্রাণে জেহাদের এক দুর্গমনীয় প্রেরণার হিল্লোল প্রবাহিত করে।

বৈরচোরীর প্রভাব থেকে মুসলিম ভারতকে মৃক্ত করার আকুল অগ্রহে শাহ্ আবদুল আর্থীয় প্রবর্তন করেন 'তারগীবে মুহাম্মদীয়া' নামে সমাজ সংস্কারক আন্দোলন। এ আন্দোলনের উদ্দেশ্য ছিল— যেসব ইসলাম বিরুদ্ধে রীতিনীতি, আচার অনুষ্ঠান ও কুসংস্কার মুসলিম সমাজে অনুপ্রবেশ করেছে তার মুলোফেল করে মুসলমানদেরকে প্রকৃত ইসলামী শিক্ষাদর্শে উমুদ্ধ করে ভোলা। এক সুপরিকল্পিত পদ্ধতিতে শাহ্ সাহেব, সারা ভারতে এ আন্দোলন পরিচালনা করেন এবং এ কাজে নিয়োগ করেন তাঁরই নিকটে শিক্ষাপ্রান্ত একদল নিঃ বার্থ ও অক্রান্তকর্মা লোক। কালক্রমে অতি অন্ধ সমায়ের মধ্যেই এ 'তারগীবে মুহাম্মদীয়া' আন্দোলন একটি জিহাদী আন্দোলনের রূপ গ্রহণ করে এবং অত্যাচারী শিব ও ইংরেজদের বিরুদ্ধে আ্বাদীর আন্দোলন করেন করে এবং আন্দোলনকে বান্তব রূপ দিয়েছিলেন সাইয়েদ আ্বাদীর আন্দোলন তর্ম করে। এ আন্দোলনকে বান্তব রূপ দিয়েছিলেন সাইয়েদ আ্বাদীর হিসমাইল শহীদ ও জামাভা মণ্ডলানা আবদুল হাই।

২৪৪ ঝাংশার মুসনমাননের ইতিহাস

# শাহ ওয়ালিউল্লাহর বংশ তালিকা শাহ ওয়ালিউল্লাহ (১৭০৩-৬২ খৃঃ) শাহ আবুল আবীয শাহ রকীউশীন শাহ আবঁদুল কাদের শাহ ক্ষরদূল গনী শাহ মাহক্ত্রাহ শাহ ইসমাইল মওলানা আবুল হাই জোমাতা) মওলানা ইসহাক মঙগানা ইয়াকুব

## সহিয়েদ আহমদ শহীদ

উনবিংশ শতকের প্রথম দিকে সমগ্র ভারতবাাপী এক বিরাট সৃসংগঠিত বাধীনতা আন্দোলন গড়ে উঠে। এ আন্দোলন পরিচালিত হ'মেছিল একমাত্র ভারতীয় মুসলমানদের দারাই। এ আন্দোলনের প্রাণশক্তি ছিলেন সাই রেদ আহমদ শহীন বেরেলজী (রহ)। এ আন্দোলনকে ইতিহাসে 'গুহাবী আন্দোলন' বলে আহ্যায়িত করা হ'মেছে অধচ এ ছিল একাধারে ইসলামী ও আ্যানী আন্দোলন। এ আন্দোলনের উদ্দেশ্য ছিল আসম্ভূহিমাচলে একটি অধন্ত স্থাধীন ইসলামী রাষ্ট্র গড়ে তোলা। কিন্তু কতিপয় লোকের চরম বিশাসঘাতকতার দরুল অভীষ্ট শক্ষ্যে শৌছা সম্ভব হয়নি। তথাপি এ আন্দোলন আগাগোড়া বেরূপ গোপনে ও সুনিপুণ কর্মসূচীর মধ্য দিয়ে সম্পূথে অগ্রসর হয়, তা কন্ধনাকেও বিশ্বিত ও স্কঞ্জিত করে দেয়।

সাইয়েদ আহমদ ৬ই সফর ১২০১ হিজরী (ইং ১৭৮৬) এলাহাবাদের রায় বেরেলীতে জনাগ্রহণ করেন। তাঁর জীবনী লেখকগণ তাঁর জন্ম সংক্রান্ত এক বিষয়কর ঘটনার উদ্রেব করেছেন। তিনি যথন মাতৃগতে তখন তাঁর পুণামাী জননী স্বপ্নে দেবেন যে, তাঁর রক্তে লেখা একখানি কাগজ পত করে উত্তে বেড়াছে। তাঁর জনৈক নিকটআখ্রীয় স্বপ্রের কথা তনে বক্তেন, চিন্তার কারণ নেই। আপনার গর্ত থেকে বিনি জনাগ্রহণ করবেন তিনি হবেন ইতিহাসের একজন এতি খ্যাতনামা রাজি। —(সাইয়েদ আহমদ শহীদ, গোলাম রসুল মেহের, পৃঃ ৫৬)।

এ খপু অঞ্চরে অঞ্চরে সতো পরিণত হয়েছে। সাইয়েদ আহমদ শহীদ ও তাঁর জনুসারীদের তাজা খুনে বাংলাদেশ থেকে বালাকোট পর্যন্ত ভারতত্মি রঞ্জিত হয়েছে। তাঁদের সে রক্তলেখা খৃতি পরবর্তী এক শতাব্দী কাল পর্যন্ত মুসলমানদেরকে অবিরাম জেহাদী প্রেরণায় উদ্বন্ধ করেছে, যার পরিসমান্তি ঘটেছে ১৯৪৭ সালে পাকিন্তান প্রতিষ্ঠার যাধাযে— বিদেশী ও বিধর্মী শাসন—শোষণের নাগপাশ থেকে মুসলমানদেরকে যুক্ত করে।

সাইয়েদ আহমদের বয়স যখন চার বংসর চার মাস চারদিন তখন সম্রান্ত মুসলমানদের প্রথা অনুযায়ী তাঁকে মকতবে পাঠানো হয়। কিন্তু শিশু সাইয়েদ আহমদের শিক্ষার প্রতি কোন অনুরাগই ছিল না।

গোলাম রসূল মেহের বলেন, শৈশবে কেন যে তিনি শিক্ষার প্রতি জনীহা প্রকাশ করতেন তা বলা মুশ্বিল। তবে গরবর্তীকালে দেখা গেছে যে, তিনি ফারসী ভালামত রঙ্জ করে ফেলেছিলেন এবং অনর্গল এ ভাষায় কথা বলতে পারতেনঃ জারবী ভাষাও এতটা শিবেছিলেন যে "মেশকাতৃদ মাসাবীহ্" নিজেনিজেই পড়তে পারতেন। 'হাফেল্ল', 'বেদেল' এবং অন্যান্য কবিদের কবিতা বলতে পারতেন। কিন্তু তথাপি পরিবারের ঐতিহ্য অনুযায়ী তাঁর বাদ্যাশিক্ষা সন্তোষজ্ঞনক ছিল না। তাঁর বড়ো ভাই সাইয়েদ ইরাহীম ও সাইয়েদ ইসহাক তাঁর পড়াতনার জন্যে যথেষ্ট ভাকীদ করতেন। কিন্তু পিতা নৈরাশ্য সহকারে বলতেন, "বিষয়াটি তার উপরেই ছেড়ে নাও।"

পরবর্তীকাপে তিনি দিল্লী গমন করলে, শাহ্ থাবদুল খাযীয় আকবরাবাদী মসজিলে তাঁর থাকার ব্যবস্থা করেন এবং তাঁর শিক্ষার জন্যে শাহ্ খাবদুল কালেরকে নিযুক্ত করেন। সাইয়েল আহমদ তাঁর কাছে আরবী ও ফাসী শিক্ষা করতেন। একথা ঠিক যে, শাহ ইসমাইল অথবা মওলানা আবদুল হাই এর মতো বিদ্যালয় থেকে শিক্ষাগত যোগাতো তিনি লাভ করতে পারেন নি, কিন্তু আরবী ও ফাসী বলতেও পারতেন এবং সহজেই বৃথতে পারতেন।

মৌদতী সাইয়েও জাফর অলী নক্তী বলেন, শাহ ইসমাইল প্রতিদিন ফলর নামাঞ্চের পর হাদীস ব্যাখ্যা করে শুনাতেন। সাইয়েদ সাহেবও কোন কোন হাদীসের শুরুল্ট্র বর্ণনা করতেন এবং শ্রোভাগণ এর থেকে বিশেষ উপকৃত হতেন। —(সাইয়েদ জাহমদ শহীল, গোলাম গোলাম রসুল মেহের, পৃঃ ৫৬,৭১,৭৩)

বাপ্যকাল থেকেই সাইয়েদ আহমদ শরীর চর্চায় অন্ত্যন্থ ছিলেন এবং তিনি ছিলেন অসাধারণ দৈহিক শক্তির অধিকারী। শৈশবকাল থেকে তাঁর মধ্যে জেহাদের প্রেরণা জাগ্রত ছিল এবং তিনি প্রায় সমবয়সীদের সামনে বলতেন 'আমি জেহাদ করব।' সকলেই এটাকে শিশুসুলভ প্রগল্ভ উক্তি মনে করতো। কিন্তু তাঁর মা শিশুর এ উক্তিকে সত্য বলে বিশ্বাস করতেন। গোলাম রসুল মেহের 'তাওয়ারিখে আজমিয়ার' বরাড দিয়ে বলেন, বালক সাইয়েদ আহমদ বতীর বালকদের মধ্য থেকে একটি 'লশকরে ইসলাম' দল গঠন করতেন এবং উচ্জবরে জেহাদী গ্লোগানসহ একটি কঞ্চিত 'লশকরে কৃষ্ণার' এর উপর আক্রমণ চালাতেন এবং 'ইসলামী সেনাদল' জয়লাভ করলো এবং 'কাফের সেনাদল' হেরে গেল বলে চীৎকার করে আকাশ বাতাস মুখরিত করতেন। —(সাইয়েল আহমদ শহীদ, গোলাম রসুল মেহের, গুঃ ৫৯)।

এতাবে একদিকে 'ইসলামী সৈন্য' এবং অপরাদিকে 'অমুসলিম সৈন্য' কল্পনা করে আক্রমণ ও প্রতি অক্রমণ চালিয়ে বাল্যকাল থেকেই সাইয়েদ আহমদ জেহাদীমনা হয়ে গড়ে উঠেছিলেন যার প্রতিফল ঘটেছিল পরবর্তীকালে তীর বাস্তবন্ধীবনে।

আঠারো বৎসর বয়সে সাইয়েদ আহমদ আটজনের একটি নলসহ পঞ্জী গমন করেন। জন্যান্যদের উদ্দেশ্য ছিল জীবিকা অবেষণ করা। কিছু সাইয়েদ সাহেবের উদ্দেশ্য ছিল ভিন্নতর। চার মাস লক্ষ্ণৌ অবস্থানের পর তিনি সাবীদেরকে চাকুরীর বাসনা পরিত্যাগ করে দিল্লীতে ইমামুল হিল শাহ আবদুল আহীয়ের নিকটে আধ্যান্ত্রিক দীক্ষা গ্রহণের জন্যে উদুদ্ধ করেন। অতঃপর পায়ে হেঁটে ক্য়েকদিনের মধ্যে শাহ সাহেবের দরবারে উপনীত হন এবং তাঁর হত্তে বয়ুজাত গ্রহণ করে মুরীদ হন।

উপরে বর্ণিত হয়েছে, আকবরাবাদী মসন্ধিদে অবস্থান করতঃ সাইয়েদ আহমদ একাধারে কোরজন হাদীস ফেকাহ প্রতৃতিতে জান লাভ এবং শাহ্ আবদুল আয়ীথের নিকটে আধ্যাত্মিক দীক্ষা লাভ করতে থাকেন। এভাবে শিক্ষানীক্ষা লাভ করে পাঁচ বৎসর পর সাইয়েদ আহমদ তাঁর জন্মহান রায় বেরেলী প্রত্যাবর্তন করেন। তথন তিনি তেইশ বছরে পদার্পণ করেছেন মাত্র। এ সময়ে তিনি সাইয়েদা যোহরা নামী এক সম্রান্ত বংশীয়া বাপিকাকে বিবাহ করেন। পরের বছর তিনি একটি কন্যা সন্তান লাভ করেন। কিন্তু শৈশবকাল থেকেই যে

জেহাদী প্রেরণা তিনি হাদয়ে পোষণ করছিলেন, সে প্রেরণা তাঁকে ঘরের মায়া
মোহ ও প্রেমে বেঁধে রাখতে পারশো না। তিনি গৃহ ত্যাগ করে নবাব আমীর
খানের সেনাবাহিনীতে যোগদান করেন। তাঁর উদ্দেশ্য ছিল আমীর খানকে জেহাদে
উদ্বুদ্ধ করে তাঁর সহায়তায় একটি মুজাহিদ বাহিনী গঠন করবেন। তিনি সাত
বছর আমীর খানের সেনাবাহিনীতে থাকার পর নিরাশ হয়ে তাঁর সংগ পরিত্যাগ
করেন। যাদেরা বিরুদ্ধে তাঁর জেহাদের পরিকরনা, সেই ইংরোজদের সাধে
সন্ধিসূত্রে আমীর খান আবদ্ধ হলেন বলে তাঁর আশা—আকাংখা চুপবিচুর্ণ হয়ে যায়।
তিনি শাহ আবদুল আমীবের নিকটে যে পত্র দেন তা নিয়ে উদ্বুত হলো—

"এখানে সেনাবাহিনী গঠনের পরিকরনা বার্থ হয়েছে। নবাব সাহেব ইংরেজনের সাথে মিলিত হয়েছেন। এখানে ধাঞার আর কোন উপায় নেই।" — (সাইয়েদ আহমদ শহীদ, গোলাম রসুল মেহের, পুঃ ১০৯)।

নবাব আমীর খানের সেনাবাহিনী পরিত্যাগ করে সাইয়েদ সাহেব পুনরায় শাহ্ আবদুল আধীথের খেদমতে হাজীর হন। তাঁর জীবনের উদ্দেশ্য ও লক্ষ্য ছিল মুসলমানদেরকে সন্তিয়কার মুসলমান হিসাবে গড়ে তোলা, প্রথম যুগের মুসলমানদের মধ্যে যে ধরনের জেহানী প্রেরণা জাগ্রত ছিল তা পুনর্বার উজ্জীবিত করা এবং তারতে একটি প্রকৃত ইসলামী রাষ্ট্রের ভিন্তি স্থাপন করা।

সাইয়েদ সাহেব আধ্যাত্মিক দিক দিয়ে এতো উচন্থান অর্জন করেছিলেন যে, মৌলভী মৃহাত্মদ ইউসৃষ্ট, শাহ ইসমাইল ও মওলানা আবদুল হাই এর মতো শাহ ওয়ালিউল্লাহ্ থান্দানের উচ্চ মর্যাদা সম্পন্ন ব্যক্তিগণ তাঁর হন্তে বরুআত গ্রহণ করেন। এর পর থেকে দলে দলে লোক তাঁর মৃরীদ হতে থাকেন। তিনি তাঁর জনুসারীদেরকে যে জেহাদের মল্লে দীক্ষিত করেন ভার দক্ষ্য হলো সভ্যের পথে সংগ্রাম করে আল্লাহ প্রদর্শিত সরুল ও সঠিক পথে চলা। এ পথেই তিনি তাঁর জনুগামীদেরকে আজীবন পরিচালনা করেন।

শাহ ইসমাইণের নিকটে শিখিত এক পত্রে জেহাদের উদ্দেশ্য বর্ণনা করে তিনি বর্ণন—

"জেহানের উদ্দেশ্য ধন সম্পদ অর্জন জথবা খ্যাতি অর্জন করা নয়। বিভিন্ন জংশ জয় করা বা খীয় স্বার্থ পরিতৃপ্ত করা অথবা নিজের জন্য একটা রাজ্য স্থাপন করাও ছেহানের উদ্দেশ্য নয়। জেহাদের প্রকৃত উদ্দেশ্য হচ্ছে আল্লাহকে সন্ত্র করা এবং মুসলিম সমাজে যেসব কুসংস্কার প্রচলিত আছে তাকে বিনষ্ট করা।" — স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, আবু জাফর, পুর ৮৩)

সত্যিকরে অর্থে একটি ইসনামী রাষ্ট্র প্রতিষ্ঠা ব্যতীত না মুসলিম সমাজের কুসংস্কার ও অনৈসলামী আচার অনুষ্ঠান দূর করা সম্ভব, আর না খোদার সম্ভূষ্টি জর্জন করা সম্ভব।

এমন মহান ও পবিত্র উদ্দেশ্য যাঁর, যাঁর চরিত্র ছিল নির্মল ও নিরুল্বয়, যিনি ছিলেন ব্যক্তিস্বার্থের বহু উর্ধে এবং একমাত্র আল্লাহর সম্ভষ্টি অর্জন বাঁর জীবনের একমাত্র দক্ষা, তাঁর সম্পর্কে হান্টার বলেন— "এই বিশ্বয়কর প্রভাবের উৎপত্তি কেবলমাত্র অন্তন্ত ভিত্তির উপরেই ঘটেনি, সাইয়েল আহমদ ধর্মীয় নেতা হিসাবে তাঁর জীবন আরম্ভ করেছিলেন দৃটি মহান নীতির প্রবক্তা রূপে। নীতি দৃটি হচ্ছে খোদার একত্ব এবং মানুষের সাম্য। সভ্যিকার ধর্মপ্রচারকরা সকলেই এই দুই নীতি জনুসরণ করে পাকেন। দেশবাসীর অন্তরে যে ধর্মভাব দীর্ঘকাল যাবত সুপ্ত অবস্থায় ছিল এবং শতাব্দীর গর শতাব্দী যাবত হিন্দু ধর্মের সাহচর্যের দরন্দ সৃষ্ট কসংস্থার অভিযাত্রায় বন্ধিপ্রাপ্ত হয়ে মসলমানদের মনকে যেতাবে আছের করে ফেলেছিল, এবং ইসলাম ধর্মকে প্রায় খাসরন্ধ করে রেখেছিল, সাইয়েদ আহমদ এক সতঃস্তৃত প্রেরণায় অনুপ্রাণিত হয়ে নাড়া দিয়েছিলেন মুসলমানদের সেই ধর্মনিষ্ঠ মনের দুয়ারে। তিনি দেখতে পেয়েছিলেন যে, মানুষের ধর্মাবিশ্বাস প্রতিমা পূজার আনুষ্ঠানিকভার সমাহিত হয়েছে। সাইয়েদ আহমদ একজন দুর্বন্ত দস্য (Bandit) ছিলেন। তিনি এবং তার ঘনিষ্ঠ শিখ্যবর্গ ভক্তের (Imposters) দলে পরিণত হয়েছিলেন একথা সভা হওয়া সন্তেও আমি একথা বিশ্বাস না করে পারি ना या, সাইয়েদ আহমদের জীবনে অন্তর্বতী এমন একটা সময় ছিল, যখন সর্বান্তঃকরণে বেদনাকুশ হ্রদয়ে তিনি তাঁর দেশবাসীর মৃক্তি কামনা করেছিলেন এবং তার ব্রন্তর নিবন্ধ হয়েছিল একমাত্র আগ্রাহর প্রতি।"

|W.W. Hunter, The Indian Mussalmans— জনুবাদ স্থানিসূজ্জামান (কিছু পরিবর্তনসহ) গৃঃ ৩৬]

হান্টার সাহেব তাঁর গ্রন্থে কিরুপ স্ববিরোধী উক্তি করেছেন তা যে কোন বিবেকসম্পন্ন ব্যক্তি অনুধাবন করতে পারবেন। যে ব্যক্তির 'অন্তর নিবদ্ধ হয়েছিল আল্লাহ্র প্রতি' যিনি 'সর্বান্তঃকরণে বেদনাকুল হ্রদয়ে তাঁর দেশবাসীর মুক্তি কামনা করেছিলেন, তাঁকে হান্টার বলেছেন দস্য-সূর্বৃত্ত এবং ভত। হান্টার সাহেব আরও বলেন, "ধর্মীয় ধ্যানে তিনি এমন মগ্ন থাকতেন থে, সেটাকে পান্চাত্য বিজ্ঞান অনুসারে মৃগীরোগ বলে অভিহিত করা যায়।" (এ. এ)

আপ্রাহর ধ্যানে মগ্ন থাকাকে তাসাওটফের পরিতাখায় বলা হয় মুরাকাবামুশাহাল। হান্টারের মতো খোলায় অবিশ্বাসী পাশ্চাত্য বিজ্ঞানীরা তাকে বলেন
মুগীরোগ। ইসলাম বিদ্বেষব্যাধি মনমন্তিককে কতথানি জাক্রান্ত করে রাখলে এ
ধরনের অশালীন উদ্ধি করা যায়, তা সহজেই অনুমেয়। মাইয়েল আহমদ যদি
গুধুমাত্র 'ধর্মীয় ধ্যানে নপ্ন' থাকতেন, তাহলে সম্ভবতঃ পাশ্চাত্য লেখকগণ
তার কোন বিরূপ সমালোচনা করতেন না। কিন্তু ধেহেতু জিনি বিধর্মী ও বিদেশী
শাসন থেকে 'দেশবাসীর মুক্তি কামনা করেছিলেন', সেজনো তাঁলের দৃষ্টিতে জিনি
ছিলেন 'মুগী রোগাক্রান্ত', দুর্বৃত্ত ও ভক্ত। এ ছিল তালের বিভেষনুই ও বিকৃত
মানসিকভারই পরিচায়ক।

শাহ আবদুপ আর্থীয় দেহলভীর ভাইপো প্রধ্যাত আলেম শাহ ইসমাইপ এবং জার্মাতা মণ্ডলানা আবদুপ হাই, সাইয়েদ সাহেবের ম্রীদ হওয়ার ফল এই হলো যে, সাইয়েদ সাহেবের খ্যাতি বিদ্যুৎ গতিতে মধ্য ভারতে ছড়িয়ে পড়লো। চারাদিক থেকে জনসাধারণ তাঁকে দাওয়াত করতে থাকলো এবং তিনি তাঁর মুর্শেদ শাহ আবদুল আর্থীযের অনুমতিক্রমে দোয়ার অঞ্চলের গাযিয়াবাদ, মীরাট, মজফফরপুর, সাহারানপুর, দেওবল প্রভৃতি স্থানসমূহে ব্যাপক সফর করেন। প্রায় চল্লিশ হাজার পোক তাঁর কাছে দীক্ষা গ্রহণ করে এবং বহু অমুসলমানও তাঁর কাছে ইসলাম ধর্মে দীক্ষিত হয়। তাঁর এ সফরকালে তিনি শিবদের হাতে মুসলমানদের নির্যাতন কাহিনী প্রথম ভনতে পান এবং তাঁর জন্তর সমবেদনায় বির্মাণত হয়। ১৮১৯ সালে তিনি শেষবারের মতো দিল্লী ফিরে যান এবং জন্মকাল পরেই রায়বেরেলী প্রত্যাবর্তন করেন।

রায়বেরেলীতে তিনি কিছুকাল অতিবাহিত করেন। সেখানে এই খোদাভজনের জীবনযাত্রা ছিল আদর্শস্থানীয় এবং দর্শকদের শিক্ষার যোগ্য। দুর্ভিক প্রশীভিত অঞ্চলে প্রায় সন্তর আশীভান লোক সার নদীর তীরবর্তী সাইরেদ বংশের পুরাতন মসজিদের চারধারে নিক হাতে তুটার তৈরী করে বাস করতেন। সে বংসর (১৮১৯ বৃঃ) গ্রীম্মকালে জাের বৃষ্টি নামলাে এবং নদীগুলােতে প্রবল প্রাবন এলাে। খাবার হয়ে পড়লাে দুর্মৃল্য ও দুশ্রাপ্য। কিন্তু সাইয়েদ সাহেব নির্বিকার চিত্তে তাঁর

আশিক্ষন খোদাপ্রিয় ও খোদাগুক্ত সংগী নিয়ে এবাদত খলেগীতে, গোকসেবা ও প্রচার কার্যে দিনরাও বাস্ত রইলেন। তার তখনকার কর্মব্যস্কতায় হযরত ঈসার (আ) 'সারমন অব দি মাউন্টের' বিখ্যাত উপদেশাবদীর আক্ষরিক প্রতিপাসনই সন্দা করা যায় : তোমার নিজের জীবনে কি খাবে ও কি পান করবে সে বিষয়ে কোন চিন্তা করোনা— এমনকি দেহের চিন্তাও করোনা যে, কি পরবে। কিন্তু আপ্রাহর প্রেমের রাজ্য প্রতিষ্ঠা কর, ভাহলে তোমার এ সবই হবে।

—(धरावी जारनगन, जावमून मधनून, पृ: ১৫৪-৫৫)

উপরোক্ত দলে ছিলেন ইসলাম জগতের বহু জ্ঞান—জ্যোতিক যথা ছজ্জাতুল ইসলাম মওলানা শাহ মুহাম্মদ ইসমাইল, শায়্মুল ইসলাম মওলানা আবদুল হাই, কোতব-ই-ওয়াক্ত মওলানা মুহাম্মদ ইউস্ক প্রভৃতি। শাহ ইসমাইল তার অসীম জ্ঞানগারিমা ও পাভিতাসহ জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত আপন পীর ও মুর্শেদের সাথে ছায়ার মতো ছিলেন এবং তার সংগেই শাহাদতের অমৃত পান করেন। প্রাতঃকালে প্রচারণা, ভয়াজ নসিহত, কোরআন হাদীদের ব্যাখ্যাদান, দিবাভাগে কঠোর দৈহিক পরিশ্রম এবং সারারাত ভাহাজ্জ্বদ ও এবাদত বন্দেগীতেকাটানো— এ ছিল এসব খোদাপ্রেমিকদের সৈনন্দিন ক্রম্মুলী।

সাইয়েদ সাহেবের শিক্ষার প্রধান বৈশিন্তা ছিল ধর্ম থেকে জজামী ও জাঁকজমক দূর করা এবং জীবনের প্রত্যেক স্তরে বিশ্বনবীর সহজ্ব সরক্ষ জীবনধারা অনুসরণ করা। ধর্ম বিশ্বানে তিনি ছিলেন পুরাপুরি তাওহীদপন্থী, আহারর সার্বতৌমন্ত্রে অনুষ্ঠ বিশ্বাসী, ধর্মীয় অনুষ্ঠানে সূরাহ্র একনিষ্ঠ পাবন্দা সব রক্ষ শির্ক থেকে দূরে থাকা, থেমন পীর আউলিয়ার কাছে ইইলৌকিক ও পারলৌকিক মংগল কামনা, গায়েবী মদদ প্রার্থনা করা, বিভিন্ন প্রকারের কবর পূজা করা, পৌত্তলিক ও অন্যান্য বিধর্মীয় আচার অনুষ্ঠান পালন করা, প্রভৃতি। তিনি ইসলামকে নিছক আনুষ্ঠানিকতায় পরিপত করার চেয়ে প্রকৃত সাধু জীবন যাপনের দিকেই বেশী জোর দিতেন— কারণ তার ফলেই মানুষ একটা হহং সক্ষ্যের দিকে অগ্রসর হতে পারে এবং সকল ব্যাপারে একমান্ত আল্লাহ্রাই কর্মণার উপরে হয় নির্ভরণীল। একথা নিবালোকের ন্যায় সত্য যে, তিনি নিজের ইচ্ছা ও আশা—আকাংখাকৈ আল্লাহর ইচ্ছা ও মরখীর উপরে একান্ডতাবে সূপর্দ করেছিলেন, যার জন্যে তিনি তাঁর জীবনের প্রতি মৃত্বর্তে আল্লাহরই ইচ্ছানুষায়ী চলতে প্রস্তুও থাকতেন।

সাইয়েদ সাহেব তাঁর অভীষ্ট পথে অগ্রসর হওয়ার পূর্বে হছে বায়ত্ত্বাহর ইছা প্রকাশ করেন। তাঁর সাথে পবিত্র হছে শারীক হওয়ার জন্যে দলে দলে খ্রী-পুরুষ তাঁর পাশে জমায়েত হতে লাগপো। ১২৩৬ হিঃ ৩০শে শাওয়াল, ই. ১৮২১ এর জুলাই মাসে প্রায় চারশো লারী পুরুষের এক বিরাট কাফেলা তাঁর সাথে হছের উদ্দেশ্যে গৃহত্যাগ করলো। এলাহাবাদ পৌছতে পৌছতে কাফেলা সাতশোতে লাঁড়ালো। দলে দলে মানুষ তাঁর কাছে দীন্দা গ্রহণ করতে লাগলো। তিনি মানুষকে সত্যিকার যুসলমানী জীবন যাপনের আহবান জানালেন এবং হছের প্রয়োজনীয়তাও ব্যাখ্যা করেন।

হঞ্জকাফেলা নৌকা যোগে এলাহানাদ থেকে বেনারস, মীঝাপুর, চুনারগড়, গাজীপুর, দানাপুর, ফুলওয়ারী শরীফ, প্রভৃতি স্থান অভিক্রম করে অাযীমানাদ পৌছে।

শ্বামীয়াবাদ শ্ববস্থানকালে তিবুভের একটি দল তাঁর সালে দেখা করে। তিনি ভালেরকে তিবুতে ইসলামী দাওয়াতের কান্ধ সুপর্দ করেন এবং বলেন যে, অসীয় থৈর্ম সহকারে এ কান্ধ করে যেতে হবে। এতাবে তিবুতেও সাইয়েল সাহেবের দ্বীনের দাওয়াত প্রচার হতে থাকে।

অ্যামাবাদ থেকে হজ্বভাষ্টেলা হগলী পৌছলে কোগভাতা নিবাসী জনৈক
মূপী আমীনুন্দীন পোটা কান্টেলাকে তাঁর মেহমান হিসাবে কোলকাতায় নিয়ে
আসেন। এখানে চারনিক থেকে খোলাপ্রেমে পাগল হাজার হাজার নারী পুরুষ
তাঁর মূরীন হন। বহলোক হজ্বের জনো বহু হাদিয়া ও উপটোকন পেশ করেন।
সাইয়েদ সাহেবও তাঁর সুললিত ও অমিয় ভাষণে তাঁদের আধাত্মিক পিপাসা
নিবারণ করেন। গোলাম রসুল মেহের তাঁর গ্রন্থে হজু সফরের আগাগোড়া
বিস্তারিত বিবরণ লিপিবছ করেছেন। কিন্তু কোলকাতা থেকে জাহাজ খোগে মন্ধা
রওয়ানার তারিব লিপিবছ করেছেন।

সাইয়েদ সাহেবের কায়েলায় মোট সাত শ' তিপ্পান্ন জন হন্ধযাত্রী ছিলো।
দশটি জাহান্ধে তাঁদেরকে বিভক্ত করে দেয়া হয়। সাইয়েদ সাহেব 'দরিয়া বাকা'
নামক, একটি পুরাতন জাহান্ধে দেড়শ' যাত্রীসহ যাত্রা করেন। তালো তালো
জাহান্ধিগুলি অন্যান্যদের জনো নিদিষ্ট করে দেন।

রায় বেরেলী থেকে রওয়ানা হওয়ার দশ মাস পর ১২৩৭ হিঃ ২৮ শে শা'বান, ইং.১৮২২ সালের ২১শে মে কাফেলাসহ সাইয়েদ সাহেব পবিত্র র্মকা নগরীতে প্রবেশ করেন। হন্ধের পর সাইয়েদ সাহেব করেক মাস মঞ্চায় অবস্থান করেন। গোটা রমধান মাস হারাম শরীফে কাটান। অতঃপর যিলকদ মাসের প্রারম্ভে গৃহের উদ্দেশ্যে জিলা পরিত্যাগ করে ২০শে যিলহন্ধ বোষাই পৌছেন। বোষাই থেকে কোলকাতা এবং অতঃপর ইং ১৮২৪ সালের ২৯ শে এপ্রিল আপন জনাস্থান রায়বেরেলী পৌছেন।

হত্ত্ব থেকে প্রত্যাবর্তনের পর ধেখানেই তিনি যান, শ্বসংখা পোক তাঁকে এক নক্ষর দেখার জন্যে এবং তাঁর পবিত্র হক্তে বয়মাত করার জন্যে তীড় করতে থাকে। হাজার হাজার পোক তাঁর নিকটে দীক্ষা গ্রহণ করে তাঁর নদভ্কত হয়ে যায়।

রায় বেরেলী পৌছার পর সাইয়েদ সাহেব সবাত্তিক সংগ্রাম বা জেহাদের
প্রস্তৃতি করতে থাকেন। মুসদমানদেরকে অনৈসদামী কুসংস্কারমুক্ত করে বাঁটি
তৌহীদপদ্ধী বানাবার জনো সংস্কার সংশোধনের কান্ধ শুরু করেন শাহ
ইসমাইল। তাঁর প্রণীত "তাক্বিয়াতুল ঈমান" এ বিষয়ে একটি প্রামাণ্য ও
মৃদ্যবান গ্রন্থ। অবশা পীরপুঞ্জা ও কবরপূজাকে ভিত্তি করে যারা তাদের ব্যবসা
জয়জ্যটি করে রেখেছিল, তাদের পক্ষ থেকে বিরোধিতাও করা হয়েছিল।

সাইষেদ সাহেবের যখন ভানচক্ষু উন্যোচিত হয়েছিল তখন তিনি স্পষ্ট দেখতে পেয়েছিলেন, এ দেশের বিরাট মোগল সাম্রাজ্য চুর্গ বিচুর্গ ও ধ্বংস হয়ে গেছে। তার ধ্বংসভূপের উপর যে দু'চারটি মুসলমান রাষ্ট্র মাথা তুলেছিল, তাও শেষ হয়ে গেছে। ইংরেজ গোটা তারতের উপরে তার আধিপত্য বিস্তার করে থাকলেও একটি বিরাট জঞ্জলে শিখ রাষ্ট্র প্রতিষ্ঠিত। মুসলমানরা শুধু রাজ্য হারায় নাই, আপন দ্বীন ও 'সেরাতে মুজাকীম' থেকে বহু দূরে সরে পড়েছে। তালের আকীলাই বিশ্বাস, খ্যাল–ধারণা ও আচার জনুষ্ঠান অনৈসগামী চিন্তাধারা ও ধর্মকর্মের দ্বারা প্রতাবিত। মুসলমান আমীর–ওমরা যারা অবশিষ্ট ছিলেন, তারা তোগবিলাসে লিঙ এবং তালের জীবনের লক্ষ্ম এ ছাড়া আর জন্য কিছু ছিল না যে— যেমন করেই হোক তালের জীবনের স্থা সভোগের উপায় উপাদানভালি যেন জন্মুর বাকে। তার জাতীয় পরিণাম যা কিছুই হোক না কেন, এ বিশ্বয়ে চিন্তাভাবনা করার অবকাশ তালের ছিল না। জনগণের মধ্যে অধিকাংশের অবস্থা এই ছিল ফেন তানের উপরে বজলাত হয়েছে এবং তারা জ্ঞান ও সন্ধিতহারা হয়ে পড়েছে, অথবা প্রবল ভূকম্পন শুরু হয়েছে এবং তারা জ্ঞান ও সন্ধিতহারা হয়ে পড়েছে, অথবা প্রবল ভূকম্পন শুরু হয়েছে এবং তারা স্থান গড়েছে দিশাহারা।

যালের কিছু জান বৃদ্ধি ছিল, তারা কোন সমাধান খুঁজে পাঞ্চিল না। অন্ধকার ভবিষ্যতকে তারা ভাগ্যের শিখন মনে করে চুপচাপ হাত পা গুটিরে বসে ছিল এটা মনে করে যে, যা হবার তা হবেই। কিন্তু তরী যখন নদীবক্ষে ঘূর্ণাবর্তে পতিত হবে, তার পাল চূর্ণবিচূর্ণ হয়ে যাবে, নংগর কোন কাজে আসবে না, এবং কর্ণধারেরও কোন সন্ধান পাওয়া যাবে না তখন আরোহীদের জীবন রক্ষার কোন আশা আর বলবং থাকবে? মুসলমানরা তখন এমনি এক নৈরাশ্যের সাগরে হার্ডব থাঞ্চিল।

মুসলমানদের স্থাতীয় স্থীবনের এমনি এক নৈরাশান্তনক পরিস্থিতিতে সাইমেদ সাহেব তাঁর জ্ঞানচকু খোলেন। তিনি দেখলেন তাঁর সমূখে মাত্র তিনটি পথই উন্মুক্ত রয়েছে।

- এক- হক্কে পরিত্যাগ করে বাতিলের সাথে সম্পর্ক সমন্ধ স্থাপন করা।
- দুই- হক্তে পরিত্যাপ না করা। বরঞ্চ হবের সংগে জড়িত থাকতে গিয়ে যেসব বিগদ আপদ ও দুঃখ দারিন্য আসবে, তা নীরবে সহ্য করা।
- তিন
   পুরুষোচিত সাহস ও শৌর্ষবীর্থ সহকারে বাতিলের মুঝাবিলা করতঃ
   এমন এক অবস্থা সৃষ্টি করার অপ্রাণ চেষ্টা করা
   অন্যে বিষয়ে সাফলা সৃষ্টিত হওয়ার পরিবেশ সৃষ্টি হয়।

প্রথমটি হলো মৃত্যুর পথ, জীবনের পথ নয়। জিতীয়টির পরিণাম ফল এই হতে পারে যে ক্রমশঃ ধূঁকে ধূঁকে এবং যন্ত্রপাদায়ক অবস্থার ভিতর নিয়ে জাতির জীবন প্রদীপ নিতে যাবে। তৃতীয় পথটিই হলো জাতীয় অাত্রমর্যাদার পথ, বীরত্ব ও সৎ সাহসের পথ। নবজীবন লাভ করে আত্রমর্যাদায় পুনঃপ্রতিষ্ঠিত হওয়ার পথ। লাইয়েদ সাহেব এই তৃতীয় পথটিই অবলহন করেছিলেন। এ পথে চলার সকল ছোগালে ও গুণাবলী তীর মধ্যে পূর্ণমান্রায় বিদামান ছিল।

মঞ্চা শরীফ থেকে রায় বেরেলী প্রত্যাবর্তনের পর থেকে কয়েক বংসর তিনি জেহাদের প্রস্তৃতি ও প্রচারণা চালান। তিনি দেশের ধর্মীয় নেতাদের নিকট পত্র পাঠালেন ফর্ম হিসাবে জেহাদের গুরুত্ব ও প্রয়োজনীয়তা উপলব্ধি করতে। তিনি ব্যাং এ কথা স্পষ্ট বৃথতে পেরেছিলেন যে, সমান্ধ সংস্কার ও সংগঠন করতে হলে শক্তি ও রাষ্ট্র প্রতিষ্ঠা একান্ত জাবশ্যক। তিনি কতিপত্ম বিশিষ্ট মুসলমানের নিকটে সর্বতোভাবে জেহাদে অংশগ্রহণ করার ও সাহায্য করার আবেদন জানান। একখানি পত্রে তিনি নবাব সুলেমানজাকে লিখেছিলেন ঃ

আমাদের বরাতের ফেরে হিন্দুস্থান কিছুকাল খৃষ্টান ও হিন্দুদের শাসনে এসেছে এবং তারা মুসলমানদের উপর ব্যাপকতাবে অ্লুম শুরু করে নিরেছে। কুফরী ও বেদাতীতে দেশ ছেয়ে গেছে এবং ইসলামী চালচলন প্রায় উঠে গেছে। এসব দেখে শুনে আমার মন অখায় ভরে গেছে। আমি হিজরত করতে অথবা জেহাদ করতে মনস্থির করেছি।

—(७रावी वात्नानन, वावमून भछम्म, पृः ১৫५)

সাইয়েদ পাহমদ জেহাদ বলতে বৃক্তিয়েছেন ঃ

"যদি কোন মুসলমান জধ্যুখিত দেশ অমুসলমাননের অধীনে জাসে, তাহকে সে দেশের প্রতিটি মুসলমান নর-নারীর উপরে জেহাদ ফরথে আইন হয়ে দাঁড়ায় এবং অন্যান্য মুসলিম দেশের উপরে জেহাদ হয়ে পড়ে ফরযে কেফায়া।"

শাহ ইসমাইলকে লিখিত এক পত্তে তিনি বলেন ঃ

"জেহাদের উদ্দেশ্য ধন-সম্পদ অর্জন বা খ্যাতিলাভ করা নয়। বিভিন্ন অংশ জয় করা বা স্বীয় স্বার্থ পরিতৃত্ত করা অথবা নিজের জন্যে একটা রাজ্য স্থাপন করাও জেহাদের উদ্দেশ্য নয়। জেহাদের প্রকৃত উদ্দেশ্য হচ্ছে, জাল্লাহকে সন্তুষ্ট করা এবং মুসলিম সমাজে যেসব কুসংস্কার প্রচলিত আছে তা বিনষ্ট করা।"

—(স্বাধীনতা সংগ্রামের ইতিহাস, আবু জাফর, পৃঃ ৮৩)

সাইবেদ সাহেব জাল্লাহর পথে জেহাদকে তার জীবনের একমাত্র লক্ষ্য হিসাবে এবং পরকালে মৃক্তির একমাত্র পথ হিসাবে গ্রহণ করেন। তথু নিজের জন্যেই নর জেহাদের প্রেরণায় উদ্বুদ্ধ করে তিনি দেশে ও বিনেশে বহু মুসলিম শাসক ও আমীর ওমরাহর কাছে তাঁর স্বালাময়ী ভাষায় বহু পত্র লিখেন। তাঁর বহু পত্রের মধ্যে কতিপয় পত্রের উল্লেখ করেছেন গোলাম রসুল মেহের তাঁর প্রস্থে। সাইবেদ সাহেব নিম্নলিখিত শাসকদের কাছে পত্র প্রেরণ করেন:

- ১। আমীর দোন্ত মুহামদ খান বারাক্ষাই- কাবুল।
- ২। ইয়ার মুহান্দন খান- পেশাওর।
- ৩। সুলতান মুহাদন- কোহাট ও বারু।
- ৪। সাইয়েদ মুহামদ খান- হাশ্ত্নগর।
- ৫। শাহ্ মাহমুদ দুররানী- হিরাট।
- ७। जामान गार् मृज्ञज्ञानी

- ৭। নসরন্দ্রাহ-বোখারা।
- br সুলায়মান শাহ- চিত্ৰাল।
- ৯। আহমদ আলী– ব্রামপুর।
- ১০। মূহমদ বাহাওয়াল খান আরাসী নসরৎ জং- বাহাওয়ালপুর।

উপরস্থ ভারতের অত্যন্ত প্রভাবশালী ব্রিশ-প্রাব্রিশঞ্জন আমীর ওমরাহ্র নিকটেও তিনি জেহাদে যোগদানের জন্যে এবং সর্বতোভাবে সাহায্য সহযোগিভার জন্যে পত্র ধারা আহবান জানান। তাঁদের মধ্যে গোয়ালিয়রের জনৈক হিন্দু রাজা হিন্দু রাওয়ের নিকটেও তিনি পত্র প্রেরণ করেন। পত্রের মর্ম নিসক্রপ ঃ

"বিদেশী ব্যবসায়ীরা এ দেশের শাসক হয়ে বসেছে। তারা আমাদেরকে সকল দিক দিয়ে ধ্বংসের দিকে এগিয়ে নিয়ে যাছে। রাজ্যের কর্ণধার যারা তারা এখন নীরব দর্শকের ভূমিকা পালন করছে। এমনি অবস্থায় নিতান্ত কর্তব্যের খাতিরে বাধা হয়ে কতিপয় নিঃস্ব ও দরিত্র লোক আল্লাহর উপর নিতর করে তাঁর দ্বীনের খেদমতে ঘর থেকে বেরিছে এদেছে। এরা দুনিয়ার ধনসম্পদ ও পদ মর্যাদার প্রত্যাশী নয়। তাদের উদ্দেশ্য হলো যে, জয়লাভ করলে এ দেশের শাসনভার এ দেশেরই লোকদের হাতে ভূলে দেয়া হবে।"

আন্দোলনের ব্যাপক প্রস্তৃতিকল্পে সাইয়েদ সাহেব একটা সংগঠন কায়েম করেন এবং ভারতের প্রধান প্রধান শহরে তাঁর বিশ্বন্ত খলিফা বা প্রতিনিধি নিযুক্ত করেন। নিয়োক্ত ব্যক্তিগণ তাঁলের মধ্যে বিশেষ উল্লেখযোগ্য—

- মঙলানা সাইয়েদ মুখাখদ আলী রামপুরীকে তিনজন সহকর্মীসহ হায়দরাবাদ(দক্ষিণাত্য) পাঠানো হয়।
- সাইয়েদ মুহামদ জালী অতঃপর মাদ্রাজ গমন করলে মওলানা বেলায়েত আলী আয়ীমাবাদীকে দক্ষিণাত্যে পাঠানো হয়।
- মওলানা এনায়েত জালী জাযীমাবাদীকে পাঠানো হয় বাংলায়।
- মণ্ডলালা সাইয়েদ আওলাদ হাসান কনৌজী এবং সাইয়েদ হাফীয়নীনকে ইউপিতে লায়িত দেয়া হয়।
- ৫। মিয়া নীন মুহামদ, মিয়া পীয় মুহামদ এবং আরও অনেকের উপর এ দায়িত্ব অপিত হয় য়ে, তারা ভারতের বিভিন্ন স্থান ভয়ণ করে জেহাদের আহবান পৌছাবেন এবং অর্থ সংগ্রহ করবেন।

জিহাদ কার্য পরিচালনার জন্যে পাটনাকে প্রধান কেন্দ্র হিসাবে নিবাঁচিত করা হয়। ১৮২২ সালে সাইয়েদ আহমদ যখন পাটনা গমন করেন, তখন বেদায়েত আলী ও মুহামদ হোমেন তাঁকে বিপুল সংধানা জ্ঞাপন করেন। পাটনাকে আন্দোলনের প্রধান কেন্দ্রহুল স্থাপন করতঃ সাইয়েদ সাহেব চারজন প্রতিনিধি নিযুক্ত করেন। তাঁরা হলেন, মওলানা বেলায়েত আলী, মুহামদ হোমেন, এনারেত আলী এবং ফরহাদ হোমেন।

ভারতের সর্বত্র জেহাদের প্রচারণা ও প্রস্তৃতি শেষ করে সাইয়েদ আহমদ ১৮২৬ সালে তাঁর জন্যভূমি রায়বেরেলী ত্যাগ করেন। তারপর আর সেখানে প্রত্যাবর্তনের সুযোগ হয়নি। জীবনের বাকী বছর তিনি ক্রমাগত জাল্লাহ্র পথে জেহাদে অতিবাহিত করে শাহাদতের অমৃত পানে জীবনকে ধন্য করেন।

যহোক, যাত্রার পূর্বে ভারতের বিভিন্ন স্থান থেকে অর্থ, যুদ্ধের হাতিয়ার, সরঞ্জাম, ঘোড়া, রসদ প্রভৃতি আনা শুরু হলো। আপ্রাহর পথে জান কুরবান করার জনো হাজার হাজার মুজাহিদ তার ঝাডার নীচে জমায়েত হতে লাগলো। এডাবে যাত্রাকালে তার মুজাহিদ বাহিনীর সংখ্যা সাঁড়ালো বারো হাজার। সাইয়েদ সাহেরের ভক্ত-জনুরক্ত টংকের নবাব মুজাহিদ বাহিনীকে জাময়ণ জানান এবং জেহাদের যাবতীয় সাজ-সরঞ্জাম নিজ তত্ত্বাবধানে সরবরাহ করে নিয়ে বিগায় করেন।

অতঃপর মূজাহিদ বাহিনী টংক থেকে সিদ্ধু, হায়দরাবাদ, শিকারপুর প্রভৃতি স্থান অতিক্রম করে বোলান পাদের ভিতর দিয়ে আফগানিস্তানের কালাহারে প্রবেশ করে।

ইতিপ্রে মুজাইন বাহিনী সিদ্ধুর খয়েরপুর পৌছলে বরেরপুরের মীর রক্তম আলী সাইয়েন সাহেবের মুরীদ হন এবং উংকের নবাবের মতো তাঁকে মোটা রকমের অর্থ সাহায্য করেন। আঞ্চগানিস্তান পৌছে সাইয়েন সাহেব আঞ্চগান আমীরের সাহায্য প্রাথনা করেন। আমীর তাঁকে কোনরূপ সাহায্য দানের প্রতিপ্রতি দিতে অপ্থীকৃতি জানান। যাহােক তথা হতে মুজাহিন বাহিনী সীমান্তের নওশেরায় উপনীত হয়। এ সুদীর্ধ পথে মুজাহিন বাহিনীকে চরম অসুবিধা ও দুঃখকট ভাগ করতে হয়। তবে তাদের যাত্রাপথে চারনিক থেকে সরলারগণ, শাসকগণ স্থানীয় কর্মচারীগণ ও জনসাধারণ সাইয়েদ সাহেবকে আনুগতে জানিয়েছিল। কেউ বা বিবিধ উপটোকনাদি দিয়ে, কেউ তার হাতে বয়আত গ্রহণ

করে এবং কেউ বা তাঁর বাহিনীতে যোগদান করে। তাঁর বাহিনীতে যোগদান করেছিল তারতের বিভিন্ন প্রদেশের লোক— এমনিক সুদ্র বাংলাদেশের বহ সংখ্যক মুঞ্জাহিদ। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য চট্টগ্রামের সৃষ্টী নূর মুহাম্মদ নিজামপুরী যিনি বালাকোটের বিপর্যয়ের পর গাঞ্জী হয়ে প্রত্যাবর্তন করেন আপন জন্মতৃমিতে। তাঁর মুরীদ ও খলিফা ছিলেন সৃষ্টী ফতেহ আলী সাহেব যিনি চিরনিদ্রায় শান্তিত আছেন কোলকাতার মানিকতলায়। বহু সংখ্যক বাংলাদেশী শাহাদত বরণ করেছেন এবং জনেকেই বালাকোট, সোফ্রাত প্রতৃতি স্থানে স্থায়ী বসবাস স্থাপন করেল। তাঁদের বংশধর এখনো বিদ্যান আছে। বালাকোটে তাঁদের জনৈক বংশধরের সাথে গ্রন্থকারের সাক্ষাৎ লাতের সৌভাগ্য হয়েছিল ১৯৬৩ সালে।

সাইন্দেল সাহেব রাম বেরেলী থেকে দিল্লী গমন করে যখন শাহ আবদুল জাধীয়ের নিকটে শিক্ষাদীক্ষা গ্রহণ করছিলেন তথনই তিনি জানতে পারেন পাঞ্জাবে শিথ রাজ্যের জধীনে মুসলমানদের চরম নির্যাতনের কথা। মক্তণুম মুসলমানদের সহানুভূতিতে তাঁর প্রাণ কেনে উঠে এবং তখনই তিনি সংকল গ্রহণ করেন তার প্রতিকারের। তিনি চেছেছিলেন মুসলিম অধ্যুষিত সীঘান্তে তিনি একটি ইসলামী রাষ্ট্র কায়েম করবেন এবং দেখান থেকে জতিয়ান চালাবেন জন্য মুসলিম দুশ্মন শক্তি সমুহের বিরুদ্ধে। এ ভারণেই তিনি সীমান্তকে বেছে দিয়েছিলেন তাঁর সংগ্রামের প্রাথমিক কেন্দ্র হিসাবে। কিন্তু পরম পরিতাপের বিষয় এই বে, সীমান্তের খেসব মুসলমানের সাহায্য সহযোগিতার আশা হনয়ে পোষণ করে সাইন্দ্রেন সাহেব তাঁর জেহাদের রুপরেখা রচনা করেছিলেন, তাদের চরম বিশ্বাস্থাতকতা তাঁর সংগ্রামকে শেষ পর্যন্ত ব্যব্দার ধর্ণনিত করে। নতপোরা শৌছার পর থেকে বালাকোটের যুদ্ধ পর্যন্ত হোতো বড়ো এগারটি বা ততোধিক যুদ্ধ মুজাহিন বাহিনী শক্রন মুকাবিলা করে। এ সবের বিজারিত বিবরণের জন্যে একটি শ্বতন্ত প্রস্থাত্য প্রথমের প্রথমিন করে।

নওশেরায় পৌছার পর সাইয়েদ সাহেব ইসগামের রীতিপদ্ধতি অনুযায়ী 
শিখদেরকে প্রকাশে আহ্বান জানান ইসলাম গ্রহণ করতে, জথবা বশ্যতা 
স্বীকত্ত করতে অথবা অপ্রের মুকাবিলা করতে। শেষ পর্যন্ত যুদ্ধই হলো এবং এক 
নৈশ যুদ্ধে মাত্র নরশত মুজাহিদ বৃহৎ শিথবাহিনীকে পরাজিত করে। তাদের 
বিজয় লাভে সীমান্তবাসী তাঁদের প্রশংসায় মুখর হয়ে দলে দলে মুজাহিদ

বাহিনীতে যোগদান করগো। বহ স্থানীয় সরদার বিশেষ করে ইউসুফ জায়ীরা সাইয়েদ সাহেকের দলে যোগ দিলো।

কিছুকাল পর মনপুরী ও পঞ্জতরেও শিখরা পরাজর বরণ করলো।
মুঞ্জাহিলদের এ সাফল্যের ফলে গরহি ইমাজির দশহাজার যোদ্ধা সাইয়েদ
সাহেবকে ইমাম হিসাবে বীকার করে নিল। পেশাওরবাসীগণ নওশেরায় ঘাঁটি
করে শিখদের বিরুদ্ধে সামগ্রিকভাবে অভিযান ওঞ্চ করার জন্যে সাইয়েদ
সাহেবকে অনুরোধ জানায়। এ সময় প্রায় লক্ষাধিক পোক মুঞ্জাহিদ বাহিনীতে
যোগদান করে।

কিন্তু সীমাপ্তের সরদারগণ ছিল অত্যন্ত স্বার্থপর ও অর্থগৃধৃন্। শিথ সেনাপতি
বুধ সিংহ অর্থের প্রলোকনে পেশাওরের সরদারকে হাত করে ফেলে। তারা
এতটা নীচতায় নেমে যায় যে অর্থের জন্যে তারা সাইয়েদ সাহেবকে গোপনে বিষ
প্রয়োগ করে। কিন্তু আল্লাহর অসীম কুদরতে তিনি অলৌকিকতাবে বেঁচে যান। এ
সময়ে শিথদের সাথে যে যুদ্ধ হয়, তাতে সরদারগণ শিথদের পক্ষ অবস্থান করে
এবং মুন্ধাহিদ বাহিনী পরাধিত হয়।

নীমান্তের পাঠান সরদারদের ভিগ্বাঞ্জি ও বিশ্বাস্থাতিক তার দরুল মুজাহিদ বাহিনীকে বিশেষ বেগ পেতে হয়। উৎকের নথাবের নিকটে সাইয়েদ সাহেবের লিখিত এক পত্রে জানা যায় যে, প্রায় তিন লক্ষ লোক বয়জাত প্রহণ করে তীর দলে যোগদান করে। কিন্তু এর প্রায় সকলেই ছিল স্থানীয় পোক। সম্ভবতঃ যুদ্ধের মালে গলিমত দুষ্ঠানের উদ্দেশ্যেই ভারা সাইয়েদ সাহেবের দলে যোগদান করে। তাদের ইসলামী চরিত্র বলে কিছু ছিল না। সাইয়েদ সাহেব তীর প্রতি সরস্ভার জনো তাদের দ্বারা প্রতারিত হয়েছিলেন। তীর একমাত্র নির্তর্বাধাণ্য সহকর্মী ছিলেন তারাই যারা বাইর পেকে গিয়েছিলেন। তীরা বিপলে আপদে সাইয়েদ সাহেবের সংগো ছায়ার মতো বাকতেন এবং প্রয়োজনে ককাভরে জান দিয়েছেন। এনের সংখ্যা ছিল হাজার খানেকের মতো। তাঁদের মধ্যে যারা যুদ্ধে শাহাদত বরণ করতেন ভাদের স্থান প্রথিকার করতেন নবাগতের দল। দূর দূর অঞ্চল হতে কাক্ষো আসতো জ্বোলে যোগদানেক্ষু মানুষ নিয়ে, টাকাকড়ি, রসদ ও চিঠিগত্র নিয়ে। তাঁদেরকের রসদ যোগান হতো সারা ভারতব্যাপী "ভারগিবে মুহাম্বদীয়া" প্রতিষ্ঠানের গোগন কর্মকুশলতায়। বিটিশ সরকারের গোয়েলা বিভাগের চোখে ধুলো দিয়ে টাকাকড়ি জাসতো বিহার ও বাংলা থেকে। তার সংগে জাসতো

খোদার পথে উৎস্পীকৃত মুন্ধাহিদের দল।

যুদ্ধের রসদ, খাদা প্রবাদি, টাকাকড়ি প্রভৃতি যা আসতো তা বায়তুদমাপে কমা করা হতো যার রক্ষক ছিলেন শাহ ওয়াপিউল্লাহর তাইপো মুঞাহিদ বাহিনীর কুত্ব মওলানা মুহামদ ইউসূফ। জতীব ন্যায়নিষ্ঠা, নিরপেক্ষতা ও সুশৃংখলতার সাথে রসদ ও টাকাকড়ি বন্টন করা হতো মুজাহিদ বাহিনীর মধ্যে। শ্বয়ং সাইয়েদ সাহেবও একজন সাথারণ মুজাহিদের চেম্নে অধিক পরিমাণে কিছু পেতেন না।

অদৃষ্টের পরিহাস এই যে, আল্লাহর পথে উৎসর্গীকৃত এসব আল্লাহর প্রিয় বান্দাহদের মুকাবিলা করতে হতো ত্রিপক্ষের। শিখ, বিশ্বাসঘাতক গাঠান সরদার এবং হলের দুর্গমাসিক খাদে খী— এ ত্রিশক্তি ছিল মুজাহিদ বাহিনীর দৃশমন। এক সাথে এই তিন শক্তির মুকাবিলা তাঁদেরকে করতে হয়েছিল।

শিবদের সাথে যুদ্ধ বিশ্বহ প্রায় দেশেই থাকতো। বাংলা, বিহার ও মধ্য প্রদেশের মুজাহিদগণ বীরত্বের সাথে যুদ্ধ করতেন। শিব ও বিধাসঘাতক পাঠানরা ভালের হাতে মার খেতো। পেশাওরের দুররানী সরদারগণও প্রকাশ্যে শিবদের সাথে যোগদান করশো এবং বাদে খী স্থানীয় পাঠানদেরকে মুজাহিদগণের বিরুদ্ধে সব সময়ে শিশু করে ভুলতো।

এবার সাইয়েদ সাহেব থাপে থাকে শায়েতা করার জনো শাহ ইসমাইলকে মাত্র দেড়শত মুজাহিদসহ হল দুর্গ অধিকারের জন্যে পাঠান। রাত্রির অন্ধারের হঠাং তারা হল আক্রমণ করে তা দখল করেন এবং থাদে খাঁ নিহত হয়। খাদে খাঁর তাই ইয়ার মুহাম্মদের সংগে মিলিত হয়ে বিরাট বাহিনীসহ হল দুর্গ পুনরন্জারের জন্যে অপ্রসর হয়। ফলে প্রচণ্ড সংঘর্ষ হয় এবং ইয়ার মুহাম্মদ নিহত হয়। শত্রুপক্ষের বছ কামান হস্তগত করা হয় এবং প্রচুর যুদ্ধ সরজাম ও মালামাল মুজাহিদ বাহিনীর হস্তগত হয়। কিল্লু স্থানীয় বাসিন্দাগণ তায় অধিকাংশই লুকুন করে নিয়ে য়য়। মুজাহিদ বাহিনীর প্রধান বিশ্বাসঘাতক দুশমন খানে খাঁ, ইয়ার মুহাম্মদ বাঁ ও আমীর খানের মৃত্যর পর এখন শুধু প্রতিহৃদ্ধী রইলো শিখ ও পোণাওরের সুলতান মুহাম্মদ বান। হলের মৃদ্ধের পর সাইয়েদ সাহেব পেশাওরে ঘাঁটি স্থাপন করার মনস্থ করলে আগ্রের পায়েন্দা খান বাধা দেয়। এখানেও শিখ ও পাঠানদের মিলিত শক্তির মুকাবিলা মুজাহিদ বাহিনীকে করতে হয়। এখানেও তারা পরাজিত হয় এবং আয় থেকে ফর্নান পর্যন্ত হয়। এখানেও তারা পরাজিত হয় এবং আয় থেকে ফর্নান পর্যন্ত হয়।

বাহিনীর অধিকার খীকৃত হয়। এখন পেশানর গর্মন্ত অগ্রসর হতে তানের আর কোন প্রতিবন্ধকতা রইলোনা।

গুচতুর সুলতান মুহাম্মন অবস্থা কোতিক দেখে সাইয়েদ সাহেবের হাতে ব্যক্ষাত গ্রহণ করে এবং ক্ষমা প্রার্থনা করে। সে ইসলামী শরিয়ত অনুযায়ী শাসন পরিচালনা করার অংগীকার করলে সাইয়েদ সাহেব তাকে ক্ষমা করেন এবং শাসন পরিচালনার দায়িত্ব তার উপরই অপিত হয়। মওলানা জাফর থানেখরী ওার 'সীরাতে সাইয়েদ আহমদ শহীদ' গ্রন্থে ফরের করেন যে সাইয়েদ সাহেব ওাঁর নরগতার দরন্দন নিঃ যার্থতাবে সুলতান মুহাম্মনকে দায়িত্তার দিয়ে ভুল করেছিলেন। অনেকের মনে প্রশ্ন জেগেছিল, কিছু সাইয়েদ সাহেবের কাজের প্রতিবাদ করার সাহস কারো হয়নি। শরিয়তের আইনে বিচারের জন্যে মওলানা শাহ ময়হার অলীকে কারী নিয়ক্ত করা হয়।

সাইয়েদ সাহেব এবং তাঁর হাতে গড়া মুঞ্জাহিনগণের পদমর্যাদা সাতের কোন বাসনা ছিল না। আল্লাহর বীনের প্রতিষ্ঠা এবং সমান্ত নীবনে খোনার আইন জারী করাই তাঁদের জীবনের লক্ষ্য ছিল। সুলতান মুহাম্মদের উপরে দায়িত্ব অর্পণ করার পেছনে সাইয়েদ সাহেবের রাজনৈতিক উদ্দেশ্যও ছিল যার জন্যে বহিরাগত মুজাহিদগণের মধ্যে যোগ্য ব্যক্তি থাকা সন্ত্রেও তিনি স্থানীয় লোকের উপরই নায়িত্ব অর্পণ করেন। কারণ তাঁর উদ্দেশ্য ছিল শরিয়তের বিধান জারী করা, স্বয়ং ক্ষমতা উপতোগ করা নয়।

যাহোক, আপাতঃদৃষ্টিতে এক বিরাট অঞ্চলের উপর ইসলামী ভক্ষুত কায়েম হলো। সাইয়েল সাহেব ইসলামী সমাজ ও ইসলামী আইন কানুন প্রবর্তনে বিশেষ প্রচেট্টা চালাতে লাগলেন। পেশাওর তথা সমগ্র সীমান্ত এলাকা জুড়ে প্রচারকালল নিয়োজিত হলো। তাঁরা প্রামে গ্রামে ইসপামী জাঁবন বিধান ও শরিয়তের ছাইন কানুনের প্রচারে লিঙ হলেন।

কিন্তু দৃঃখের বিষয় স্থানীয় অধিবাসীগণ ছিল দারিদ্র, অন্ত, অর্থলোজী ও বহুনিনের জাহেলী কুসংস্কারের বেড়াজালে আবদ্ধ। প্রচারকগণ যখন তাদের এসব কুসংস্কার পরিহার করে ইসলামী জীবন যাপনের আহবান জানাতে লাগলেন, তখন তাদের পারিবারিক, পারিপার্থিক, গোরীয় ও অর্থনৈতিক স্থার্থে চরম আঘাত লাগে। ফলে তারা তরু করলো অসহযোগ। অজ্ঞতা ও কুসংস্কার সঞ্জাত ক্ষমতা ও অর্থলোজী মোল্লার দলও করলো তীব্র বিরোধিতা। তার ফলে স্থানীয়

অধিবাসীগণ সাইয়েদ সাহেবের বিরুদ্ধে একটা ক্ষম্ব আক্রোপে ফেটে গড়গো।
বিধাসঘাতক সূলতান মুহাক্ষণও তাই চাইছিল এবং সে এর পূর্ণ সুধােগ গ্রহণ
করলা। অতি গোণনে সমগ্র অঞ্চলে এক গভীর যাড়যন্ত্রভাল ছড়ানাে হলাে এবং
একই দিনে একই সমগ্রে ফল্পরের নামাথের সমগ্র নামাথে রত মুজাহিদ
প্রচারকদশকে নির্মাতাবে নির্মাণ করা হলাে। একলন অলৌকিকভাবে আত্রবদা
করেন এবং পলায়নকরতঃ সাইয়েদ সাহেবের নিকটে ঘটনা বিবৃত করেন।

সাইয়েদ সাহেব অত্যন্ত মর্মাহত হন। একই আঘাতে তাঁর কয়েকশত আপ্লাহ্র পথে উৎসর্গীকৃত কর্মী জীবন হারালেন। একটা আদর্শ ইসলামী সমাজ গঠনের আশাও তাঁর বিলীন হয়ে গেল। তিনি বিশ্বাসঘাতক ও নিমকহারামদের দেশ পরিত্যাগ করে অন্যত্ত চলে যাওয়ার মনস্থ করলেন।

জাফর থানেশরী বলেন, সাইয়েদ সাহেব জতঃপর তাঁর কর্মীগণকে একত্র করে বলেন, "আমার অপা চূর্ণবিচূর্ণ হয়েছে। পাঠানরা চরম বিশ্বাসঘাতকতা করেছে। ইসলামী সমাজ গঠনের কোন আশা আর এখানে নেই। এখন আমার জন্যে হিজরত করা ব্যতীত গত্যন্তর নেই। আমি বালাকোট গিলগিট পথে জন্য দেশে চপে যাব। আল্লাহ তৌফিক দিলে আবার এ কাজে হাত নিব। আমি যে পথে অপ্রসর হতে চাই সে পথ বড়োই দুর্গম, পদে পদে বিপদের আশংকা রয়েছে। এ পথে চলার জন্যে তোমাদেরকে আহ্বান জানাব না। তোমরা ইচ্ছা করলে যে যার গৃহে প্রত্যাবর্তন করতে পারো।"

তখন সকলেই এক বাক্যেই বলেছিলেন, 'জেহাদে গা বাড়িয়ে পকাদপদ হওয়া ঈমানের খেলাগ। আমরা সর্বাবস্থায় হলুরের অবিজ্ঞেন সংগী হয়ে থাকতে চাই।'

জতঃপর সাইয়েদ সাহেব তাঁর অবশিষ্ট মূজাহিদগণ সহ বালাকোটের দিকে যাত্রা করেন। এ সময়ে শের সিংহের সৈন্য বাহিনী মূজাহিদগণের মূখোমূখী ছিল। সাইয়েদ সাহেব বালাকোট থেকে নতয়াব উযীরউদ্দৌলাকে যে পত্র লিখেন তার মর্ম নিম্মূর্য—

"পেশাণ্ডরের পোকেরা এমনই হততাগা যে, তারা জেহাদে আমাদের মুঞ্জাহিদ বাহিনীর সংগে যোগ দিল না। উপরস্তু তারা প্রলোতনে পড়ে গেল এবং সারা দেশময় নানা কাজে আমাদের যেসব মহৎ লোক ব্যস্ত ছিলেন, তাঁদের অনেককেই হত্যা করে ফেল্লো।... সেখানে আমাদের অবস্থানের আসল উদ্দেশ্য ছিল যে বিধমীদের বিরুদ্ধে জেহাদে বহু সংখ্যক স্থানীয় মুসলিমের সাহায্য ও সহানুকৃতি পাওয়া যাবে। বর্তমানে যখন আরু কোনও আশা নাই, তখন আমরা স্থির করলাম যে, সেখান থেকে পাখলীর পাহাড়ী অঞ্চলেই স্থান বদল করব।
... এখন আমাদের যাঁটি এমন নিরাপদ স্থানে অবস্থিত যে, আল্লাহর মর্যী দুশ্মনরা আমাদের সন্ধানও পাবে না।... ইসলামের তর্ত্তীর জন্যে ও মুজাহিদ বাহিনীর নাঞ্চল্যের জন্যে আল্লাহ্র দরবারে দিনরাত মুনাঞ্জাত করতে থালুদ।"

—(थरावी वात्मानम, वावमून मधनून, पृ: ১৬৪)

সাইয়েদ সাহেব তাঁর মুজাহিদ বাহিনীসহ বলাকোটের সৌন্দর্য মন্তিত উপত্যকা বিশ্রামের জন্যে বেছে নিয়েছিলেন। পূর্ব দিক দিয়ে কুন্হার বা কাগান পাহাড়ী নদী অবিরাম কুল কুল তানে বয়ে চলেছে। উত্তর পশ্চিম দিক থেকে সংকীর্ণ পাহাড়ী ঝর্পা বার্না বড়ো বড়ো উপল খন্ডের তেডর লুকোচুরি বেলতে খেলতে উদ্দাম উচ্চল গতিতে বালাকোটে কুন্হার নদীপর্ভে প্রবেশ করেছে। বার্না ঝর্ণার উত্তর দিকে প্রশাস্ত নূরী ময়দান। প্রকৃতির এ দীলা ক্ষেত্রে প্রবেশ করলে মনে হয় কে বেন জীবন নদীর পরপার থেকে হাতছানি দিছে। রপক্লাম্ত মুজাহিদগণ বিপ্রামের জন্যে এখানে ছাউনী পাতলেও পরপারের হাওছানি হয়তো আঁদের লুয়ির অগোচর হয়নি। ভাই বিপ্রাম তাঁদের ভাগ্যে ঘটেনি।

ওদিকে শিখরা মুজাহিদ বাহিনীর সন্ধানে ছিল। তারা মনে করেছিল সাইরেদ সাহেকের লক্ষাধিক মুঞাহিদের কয়েক ন' মাত্র টিকে রয়েছে এবং তারা হয়ে পড়েছে হতোদাম। এ সুযোগেই তাদের আঘাত হানতে হবে।

দে সময়ে বালাকোটে যাওয়ার দৃটি মাত্র পথ ছিল। একটি ছিল এমন পাহাড়ী বনজংগলে পরিপূর্ণ যে স্থানীয় লোক ব্যতীত দে পথে চলা অত্যন্ত বিপজ্জনক। অপর পথটি ছিল একটি সংকীর্ণ গিরিসংকটের মধ্য দিয়ে ও একটি দেতুর উপর দিয়ে। এ দৃইটি পথে অবশ্যি পাহারার ব্যবস্থা করা হয়েছিল। কিন্তু কয়েকজন বিশ্বাসঘাতক মোটা অর্থের লোভে অরণ্য সংকুল পথটিই নিখদের দেখিয়ে দেয়। ফলে তারা অতর্কিতে মুঞ্জাহিদ বাহিনীকে থিরে ফেলে। মুজাহিদ বাহিনী সম্পূর্ণ অপ্রস্তুত থাকলেও বীর বিক্রমে যুক্ত করেন। সাইয়েদ আহমদ, শাহ ইসমাইল ও সাইয়েদ সাহেবের অন্যান্য প্রধান সহক্রমীগণ জ্বোদ করতে করতে শাহাদত বরণ করেন।

আবদুল মণ্ডদূদ বদেন, "তাঁর অনুসূত বৃহৎ আলোদন শুক্ত হয় নাই। এই
নিধন যক্তের পরেও থারা বেঁচে ছিলেন, তাদের অনেকেই উংকে অথবা বিহার
দারীকের ছাতানায় সাইরেন সাহেবের বিশ্বত খাদেমের নেতৃত্বে এই আলোদনের
কেন্দুখুল স্থাপন করলেন। পরবর্তীকালে পাঞ্জাবের সাম্রাঞ্চাবানী ইংরেজরা যবন
নিখদের ন্যায় অত্যাচার শুক্ত করে, তখন মুলাহিলদের সর্বরোধ তাদের উপর
উপ্যত হয়। কিন্তু তার দক্ষন তাদের ভাগ্যে জোটে কারাবাদ, উৎপীতৃন ও
কাঁসিকান্তে মৃত্যুবরপের নির্মম শান্তি এবং তার চেয়েও হীনতম ছিল নিম্প্রেণীর
মোল্লা ও তথাক্থিত তাদেমদের হারা এসব সংগ্রামী অ্যপথিকদের নামে অযথা
কুৎসা রটনা ও মিধ্যা তামণ।"

তিনি আরও বলেন, "এখন সময় এসেছে এসব বীর মুজাহিনের গৌরবোজ্জুন অসমসাহদিক কার্যাবলীকে স্বীকৃতি দেয়া ও প্রদা করা, করেণ তাঁরাই প্রকৃত পক্ষে এই উপমহাদেশে বছ পূর্বেই পাকিস্তানের বুনিয়াদ স্থাপনের মাধ্যমে সব রক্ষম অন্যায়ের বিরুদ্ধে জেহাল করেছিলেন। যদিও সাইয়েদ সাহেবের প্রতিষ্ঠানের মারফৎ পাকিস্তান হাসিল হয় নাই, তবুও একথা জনস্বীকার্য যে, তার মধ্যেই ছিল বীলমন্ত্র; আর ওয়াকিফহাল ব্যক্তিমাত্রই হ্রদয়ংগম করবেন যে রায় বেরেলীর সাইয়েদ আহমল শহীদের লান ছিল এই চেতনা উজ্জীবনে অপ্রিসীম।"

—ধ্রহাবী আন্দোলন, আবনুষ মণ্ডদুদ, পুঃ ১৬৫-১৬৬।

উপরে বলা হ'য়েছে যে, সাইয়েদ আহমদ শহীদের কেহাদী আন্দোলনে বাংলাদেশ থেকে কয়েক সহস্র মুদ্ধাহিদ ও বিপুল পরিমাণ অর্থ প্রেরিত হয়। রায় বেরেলী থেকে কেহাদের উদ্দেশ্যে রওয়ানা হবার সময়ে বাংলাদেশের অনেকে সাইয়েদ সাহেবের সাধী হয়েছিলেন এবং জিহাদ চলাকালেও য়েমন বাংলাদেশ বেকে প্রচুর অর্থ সম্পদ সীমান্তে পৌছেছে তেমনি পৌছেছে হাজার হাজার মুক্কাহিদ।

গোলাম রসুল মেহের বলেন— বিভিন্ন সময়ে বিভিন্ন পথে মুজাহিদগণ দলে
দলে সাইয়েল সাহেবের সংগে মিলিত হন। এমনি একটি দলে ছিলেন মৌলজী
ফতেহ আলী আধীয়াবাদী। তিনি তাঁক দলের যে তালিকা পেশ করেন, জবশ্য
যালের নাম তাঁর মারণ ছিল, তালের মধ্যে ছ'জন বাংলাদেশের ছিলেন। তাঁলের
নাম ঃ

- ১। মৌদতী ইমামূদীন
- ২। অহ্যন্ত্রাহ
- ৩। স্থক্লাহ
- ৪ঃ তালেবুলুাহ্
- व। एएउडिजीन
- া কালী মদনী

াসাইরেদ আহমদ শহীদ, গোলাম রমূল মেহের, পৃঃ ৪১২ পরিশিষ্ট।
শিখ ও পাঠানদের সংগে মুজহিদগণের প্রায় এগার বারটি প্রচন্ড সংঘর্ষ
হয়েছে। এসব যুদ্ধে অবশ্যই মুজাহিদগণের অনেকেই শহীদও হয়েছে। তাঁদের
নাম এবং একবিন ফজরের নামায়ে তালের যে কয়েকশতকে শহীদ করা হয়েছে,
তাঁদেরও নামধাম জানা যায়নি। তবে বালাকোটে যাঁরা শহীদ হয়েছিলেন তাঁদের
একটি নামের তালিকা পেশ করেছেন— গোলাম রসূল মেহের। তাঁর প্রদন্ত
ভালিকা অনুযায়ী বালাকোটে সর্বমোট একশ প্রায়র্শ জন মুজাহিদ শহীদ
হয়েছিলেন। তাঁদের মধ্যে পাঁচজন বাংলাদেশের। তাঁদের নাম হলো, অলীমুন্দীন,
ফয়েজউন্দীন, লৃংফুল্লার্, শরফুন্দীন, সাইয়েল মুজাফফর হোনেন। উক্ত তালিকায়
কাদের বর্ণ, আবদুল কাদের, গাজীউন্দীন ও বর্ণ্উল্লাহ— এ চারটি নাম স্থান
প্রমেছে। কিন্তু তাঁরা কোথাকার অধিবাসী তা দেয়া হয়নি। ওধু বর্ণ্উল্লাহর
নামের শেষে বলা হয়েছে 'মেহের অলীর ভাই।'—(সাইয়েদ জাহমদ শহীদ,
গোলাম রসূল মেহের, পৃঃ ৪৩২–৩৪)

সীমান্তে যখন সারা তারত থেকে আগত মুজাহিদগণ জোহাদে লিও ছিলেন, ঠিক সে সময়েই সাইয়েদ নিসার আলী ওরন্থে তিতুমীর হিন্দু জমিনার, নীলকর ও ইংরেজনের বিরুদ্ধে জেহাদে লিও ছিলেন। তিতুমীর সাইয়েদ সাহেবের মুরীদ ছিলেন। কিন্তু স্বদেশেই তিনি এমনতাবে জড়িত হয়ে পড়েছিলেন যে, সাইয়েদ সাহেবের সারিখ্যে থেকে শাহাদৎ বরণ করার সৌতাগ্য তার হয় নি। তবে থে পথে তার মুর্শেদ খোদার সাথে মিজিত হন, সেই পথই অনুসরণ করেন শহীদ তিতুমীর। ১৮৩১ সালের ৬ই মে রোজ শুক্রনার প্রায় দুপুরের দিকে উপমহাদেশের প্রেপ্ততম মুজাহিদ সাইয়েদ জহমদ বেরেগতী।রহ) শাহাদৎ বরণ করেন। ১৯৩১ সালের ১৯শে নতেম্বর ইংরেজ সৈন্যদের কামানের গোলায় শাহাদৎ বরণ করেন গাইয়েদ তিতুমীর।

#### বালাকেটি বিপর্যয়ের কারণ

দাইয়েদ আহমদ বেরেশভীর নেততে শাহ মহামদ ইসমাইল, মওলানা আবদুল হাই প্রমুখ মনীধীগণ ভারতে ইসলামী আবাদীর তথা ইসলামী হতুমত বা শাসন ব্যবস্থা প্রবর্তনের যে দুর্বার আন্দোলন গড়ে তুলেছিলেন এবং যে জান্দোলন সাঞ্চল্যের দুয়ার পর্যন্ত এগিয়ে ব্যর্থভার সম্মুখীন হলো, ভার কারণ অবশাই অনুসন্ধান করে দেখা আমাদের উচিত। কারণ অতীত ইতিহাসের চলচেরা বিচার ও পরীকা নিরীক্ষায় ভবিষ্যৎ কর্মপত্না সঠিকভাবে নির্ণীত হতে পারে। চিন্তাশীল মনীযীগণ উপরোক্ত জালোলনের ব্যর্থতার যে কারণসমূহ বর্ণনা করেছেন তা সংক্ষেপে আলোচনা করা যাক। তবে সাময়িকভাবে এ আলোপন ব্যর্থ হলেও এর প্রতিক্রিয়া ছিল সদর প্রসারী। সাইয়েদ আহমদ শহীদ যে খনরাঙা পথে চলার দুর্বার প্রেরণা দিয়ে গেলেন ভারতীয় মুসলমানদেরকে, বাংগালী, বিহারী, পাঞ্জাবী, সিন্ধি,পাঠান নির্বিশেষে ভারতীয় মসলমানগণ সে খুনরা গ্রা পথে অবিরাম চলেছে প্রায় শতাব্দীকাল পর্যন্ত। জেল-জল্ম, ফাঁসি, দ্বীপান্তর, স্থাবর, অস্থাবর সম্পদের বাজেয়াপ্তবরণ, অমানুষিক ও গৈশাচিক দৈহিক নির্যাতন ক্ষণকালের জন্যেও তাদেরকে এ পথ থেকে বিচ্যুত করতে পারেনি। তথাপি এ আলোপনের নেতা স্বয়ং নিজের জীবন্দশায় কেন এ সাফল্য দেখে যেতে পারেননি, তার কারণও সামাদের চিহিন্ত করা নরকার। প্রধান প্রধান কারণগুলি নিত্ররূপ বলে অনেকেই অভিমত প্রকাশ করেছেন।

১। ইসলামী আন্দোলন তথা আল্লাহর পথে জেহাদ পরিচালনার জন্যে যে কর্মীবাহিনীর প্রয়োজন, তাদের প্রত্যেকের চরিত্র হতে হবে নির্ভেজন ইসলামী আদর্শে গড়া। তাদেরকে হতে হবে আল্লাহর পথে উৎসর্গীকৃত। সাইয়েদ সাহেব বাইরে থেকে যে মুজাহিদ বাহিনী সাথে নিমে গিয়েছিলেন, নিঃসল্লেহে তারা উক্ত চরিত্রের অধিকারী ছিলেন। এবং তারাও জনুরুপ চরিত্রে চরিত্রের অধিকারী ছিলেন। এবং তারাও জনুরুপ চরিত্রে চরিত্রের অধিকারী ছিলেন। এবং তারাও জনুরুপ চরিত্রে চরিত্রেবাদ ছিলেন, বাঁরা জেহাদ চলাকালে বাংগা, বিহার, মধ্য প্রদেশ প্রভৃতি অঞ্চল থেকে একমাত্র খোলর সন্ধৃষ্টি লাতের উদ্দেশ্যে আত্মীরস্কজন, আপন ঘরদোর, ক্ষেত—খামার ছেড়ে সাইয়েদ সাহেবের মুজাহিদ বাহিনীতে গিয়ে যোগদান করেছিলেন। কিবু এদের সংখ্যা এক বেকে দুর্শ হাজারের মধ্যেই ছিল সব সময়ে সীমিত। জেহাদের জনো সাইয়েদ সাহেবের জ্বলাময়ী ভাষণ শুনে এবং প্রথমদিকে শিবদের উপরে প্রপ্রত্যাশিত বিজয়লাত দেখে দলে সলে পাঠানরা সাইয়েদ সাহেবের দলে

যোগদান করে। কিন্তু তাদের সতি।কার কোন ইসলামী চরিত্র ছিল না। তাদের
মধ্যে ইসলামী প্রেরণা ও জ্বোল ছিল প্রচুর। কিন্তু তাদের অধিকাংশই ছিল দরিপ্ত,
অক্ত, অর্থলোতী এবং বহুলিনের পুঞ্জীত্ত কুসংস্কারের বেড়াজালে আবদ্ধ। যারা
ছিল সরদার অথবা পোত্রীয় শাসক, তারাও ছিল অত্যন্ত স্থার্থপর ও সুবিধাবাদী।
কোন কোন সময়ে মুলাহিল বাহিনীর সংখ্যা তিন লক্ষ পর্যন্ত গোঁছেছে। এরা প্রায়
সবই বিভিন্ন পাঠান পোত্রের লোক। এরা অর্থলোন্তে বিশাস্থাতকতা করেছে,
চরম মুহূতে প্রতিপক্ষ শিখ সৈন্যদের সংখে যোগদান করেছে। অথবা মুলাহিদ
বাহিনীর সাথে যুদ্ধ করা কালীন শুধু গনিমতের মাল লুগ্ঠনে নিঙ হয়ে বাহিনীর
মধ্যে শৃংখলা ও নিরমতান্ত্রিকতা ভংগ করেছে। অন্ধ বাক্তিস্বর্থ ও অর্থলোচ্চের
প্রবাদ প্রাবনে তাদের জলবুনবৃদ্দম ইসলামী প্রেরণা ও জ্বোশ ছেনে নিশ্চিত হয়ে
গেছে।

- ২। স্বয়ং সাইয়েদ লাহেব ও শাহ ইসমাইল দুর্ধর্ব বীরযোদ্ধা ও রণকৌশনী থাকা সত্ত্বেও গোটা মুজাহিদ বাহিনীকে তৎকালীন যুদ্ধ বিদ্যায় প্রাণিক্ষণ দেয়া হয়নি।
- ৩। বিশ্বাসঘাতক ও চরিত্রহীন পাঠানদের প্রতি পূর্ণমাত্রায় আত্বা স্থাপন করাও ঠিক হয়নি। যে সূলতান মুহাম্বদ খাঁ এবং তার আতৃবৃন্দ সাইয়েদ সাহেবের চরম বিরোধিতা বরত, সেই সূলতান মুহাম্বদের উপরে পেশাওরের শাসনতার অর্পণ করাও ঠিক হয়নি। সূলতান মুহাম্বদেই শেষ পর্যন্ত অন্দোলনের উপর চর্ন্নস্থাত করে এবং একই রাতে এক সুপরিকল্পিত য়ড়য়লের মাধ্যমে সাইয়েদ সাহেবের করেকশ' বাছা বাছা মুল্ফাহিদের প্রাণনাশ করে। যার ফলে সাইয়েদ সাহেবেক পেশাওর থেকে পশ্চাদপসরণ করেতে হয়।
- ৪। স্থানীয় পাঠানদের আল্লাহর পথে জীবন দানের চেয়ে জীবন বাঁচিয়ে পার্থিব স্বার্থদাতই উদ্দেশ্য ছিল। তাই মৃদ্ধকালে তারা সত্যিকার মৃজাহিদগণকে পুরোভাগে থাকতে বাধ্য করতো এবং নিজেরা ব্যাসম্ভব নিশ্চেষ্ট থাকতো এবং পুরানের সুযোগ সন্ধান করতো।
- ৫। দেশের অধিকার লাভ করার পর শরিষ্টত আইন কার্যকর করার ব্যাপারেও হিকমতের পরিপত্নী কাজ করা হয়েছে। জ্ঞানসাধারণের মধ্যে বহু দিনের নানাবিধ কুনংস্কার এমন শক্তভাবে দানা বেধে ছিল যে, শরিষ্পত আইন কার্যকর করতে পিয়ে তাদের সেসব কুসংস্কারে চরম আঘাত লাগে। যেসব অশিক্ষিত

মোল্লার দল এসৰ কুদংকার জিইছে রেখে তানের জীবিকা জর্জন কর্রাইল তারা ইয়ে পড়েছিল কিন্তা। সুবিধাবাদী সরদারগণত এর সুযোগ গ্রহণ করেছিল। জতএব জনসাধারণ, মোল্লার দল এবং সরদারগণ একবোগে বিরোধিতা শুরু করে মুজাহিদগণের। প্রথমে উচিত ছিল জনগণের চরিত্রের সংস্কার সংশোধদের কাজ শুরু করা এবং মনমন্তিষ্ক শরিষ্ঠতী প্রাইন মেনে চলার উপযোগী হলে তা ক্রমণঃ কার্যকর করা। জনসাধারণ অবশা ছিল ইসলামেই দৃঢ় বিশ্বাসী এবং আয়াদী সংগ্রামের নির্ভীক যোদ্ধা, কিন্তু তাদের সামাজিক ও রাষ্ট্রীয় জীবন প্রাক্রইদলাটী "প্রাইম্বাথে জাহেলিয়াতের" চেমে কোদ প্রথমেই উন্নত ছিল না।

স্থানীয় জনসাধারণ ও আদিবাসীদের মধ্যে এমন সব বুপ্রধা প্রচণিত ছিল যা ছিল ইসলামী শরিয়তের সম্পূর্ণ খেলাপ। থেমন, যাকে খুশী তাকে বলপুর্বক বিয়ে क्ता, विराव बाना कना। डेफभूला विक्य कवा, विश्वास्त्रतक भूटवत ওয়ারিশানের মধ্যে ভাগ বাটোয়ারা করে দেয়া, চারের অধিক স্ত্রী গ্রহণ করা, বিধবা বিবাহ না দেয়া, মৃতের নাজ্যতের জন্যে মোল্লাদেরকে নির্দিষ্ট পরিমাণ অর্থ দেয়া প্রভৃতি। সাইয়েদ আহমদ যে শরিয়তী আইন জারী করেন ভার মধ্যে ছিল— শরিমত বিরুদ্ধ সকল প্রকার আচার অনুষ্ঠান, ব্রীতিনীতি ও প্রথা একেবারে বাতিলযোগ্য। শরিয়তী আইনের মধ্যে জারও ছিল যে, দেওয়ানী ও ফৌজদারী মামলার নিম্পত্তির জন্যে শরিয়তী আদালত প্রতিষ্ঠিত হবে, উৎপন্ন ফসলের 'ওপর' বা দশমাংশ ও যাকাত আদায়ের পর তা বায়তুলমালে জ্মা হবে, এ वाग्रजनभान (शटक मुकारिन ७ अन्तारनात मर्या नमानजार वर्षेन कहा राव. আদিবাসী ও উপজাতীয়দের মধ্যে কোন বিরোধ সৃষ্টি হলে তার চরম নিম্পত্তির অধিকার থাকবে একমাত্র খলিফার, একটি পুলিশ বিভাগ স্থাপন করা হবে যার कास द्वार क्रमणाला धर्मीय ७ निवित्व क्षीयन निराञ्चल कता , शराठाक पामनापानतक मिशाय (द्वाया) ७ मानाज (नामाय) भानत्म वाधा वन्ता। এ धत्रत्नत्र बाद्ध बरनक গঠনমূলক ও কল্যাণমুখী আইন জারী করা হয়। নিঃসন্দেহে এ ছিল এক আনর্শিক পদ্ধতি যা নবী মুস্তাফা ও খোলাফায়ে রাশেদীনের কর্মপদ্ধতি অনুকরণেই গ্রহণ করা হয়েছিল। কিন্তু আদিবাসী, উপজাতীয় পাঠান, জনসাধারণ ও মোল্লার দল এওলোকে মেনে নেবে এমন মনমন্তিক তাদের গড়ে উঠেনি। জতএব শরিমতী আইন পর্যায়ক্রমে কার্যকর না করে হঠাৎ তানের উপর চাপিয়ে দেয়াতে তারা তা মানতে অস্বীকার করে।

আদিবাসী পাঠাদদের বিরোধিতার তার একটি প্রধান কারণ ছিল, শান্তি ও শৃংখলার জন্যে সকলকে একটি কেন্দ্রীর কর্তৃত্বের অধীন করা হয়েছিল। কিন্তু আদিবাসী পাঠানদের মুক্তাগত প্রবৃত্তিই ছিল কারও হকুমের অধীন না হওয়া। তাপের নিকটে আমানী ছিল বলাহীন স্বেজাচারিতা। কিন্তু কোনও সত্য সরকার করাহীন স্বেজাচারিতার প্রশ্রম দিতে পারে না বলে প্রতিষ্ঠিত ইসলামী হকুমত গ্রহণ আইন-শৃংখলার খাতিরে তানের স্বেজাচারিতা নিয়ন্ত্রণ করতে চাইলো গুরুন তারা ইসলামী হকুমতের বিরুদ্ধে বিরোহাত্ত্বক মনোতার পোষণ করলো।

আবাদুপ মওদৃদ বলেন, "এ রকম পরিস্থিতিতে সহসা 'শরিষতী আইন'
প্রবর্তন কতদূর সমীচীন হ্মেছিল, বিবেচনার যোগা। ইতিহাসের শিক্ষা ও
পুরদর্শিতার মাপকাঠিতে বিচার করলে মনে হয়, এই পরিষতন সময়োপযোগী
হ্মনি। সহসা কোন জাতির জীবনধারায় বৈপ্রবিক পরিবর্তন সাধন সম্ভব হয় না।
ক্রেমে ক্রেমে জাতীয় জীবনের ধারাকে পরিবর্তিত ও সংশোধিত করতে হয়
পোকমানসের সাথে উপযোগী করে গড়ে তুপবার চেষ্টা করে। পোকমানসকে
উপেক্ষা করে রাতারাতি তার পরিবর্তন করতে গেলে সংশার ও মানসিক ঘণ্ণের
ফলে জনমন তার প্রতি বিমুখই হয়ে উঠে, অন্তরের সংগে তা প্রহণ করতে পারে
না। পোকমানস ও পরিবেশকে জবহেলা করে ক্রুত জীবনধারার পরিবর্তন
সাধনের প্রচেষ্টা বহু ক্রেমেই বেলনাদায়কতাবে বার্থ ও নিক্ষল হয়ে গেছে।"

—(उद्यति वाम्नानन, वानून भछन्म, पुः ১৭৭)

অত্যাচারী শাসকের বিরুদ্ধে রুপে গাঁড়ানো সর্বোৎকৃষ্ট জেহাদ— এ ছিল বিশেষীর দৃঙ ঘোষণা। বাংলায় উৎপীড়নমূলক কোম্পানী শাসনে এবং হিন্দু জবিপার মহাজন, নীলকর ও তাদের দেশী বিদেশী দালালদের অত্যাচার উৎপীড়নে মুসলমান সমাজ যখন বিলুদ্ধির পথে, তখন তানের বিরুদ্ধে আওয়াজ তোলেন হাজী পরীয়ভুক্লাহ এবং তারপর সাইয়েন আহমল শহীদ বেরেলতীর সুযোগ্য খলিফা সাইয়েদ নিসার আলী ভরফে তিতুমীর। অনুরূপতাবে বিদেশী ও বিশ্বী ইংরেজ শাসনের বিরুদ্ধে এবং বিশেষ করে মুসলমানদের উপর শিষ শাসনের অমানুষিক নির্যাতনের বিরুদ্ধে প্রকাশে ব্যাপক কর্মসূচীর জেহাদ ঘোষণা করেন সাইয়েদ আহমদ। এ ছিল একজন স্তিকার মুসলমানের সমানের নাবী। হিজরত, জিহাদ অথবা শাহাদত— এ তিলের যে কোন একটি গ্রহণেই একজন মুসলমান সমানের প্রাক্ষর বহন করেন। তাই মঞ্চানা মুহামদ আলী

জওহর বলেছিলেন— মুসলমানের জীবন কাহিনীর বিস্তৃতি মাত্র তিনটি অধ্যায়ে ে হিজন্তত, জেহাদ ও শাহাদত। সাইদ্রেদ আহমদ ও শাহ ইসমাইলের জীবন এই তিনটি অধ্যায়ের মূর্ত প্রতীক।

#### বালাকোটের বিপর্যয়ের পর

বালাকোট প্রান্তরে মুজাহিদগণ চরম বিপর্যয়ের সম্মুখীন হলেও এবং মুজাহিদ ঝাহিনীর পরিচাপক সাইয়েদ আহমদ বেরেপতী ও শাহ ইসমাইল অন্যান্যের সাথে শাহাদথ বরণ করলেও যাঁরা গাজী হওয়ার সৌতাগ্য লাভ করেছিলেন তাঁদের কর্মতৎপরতা মোটেই হ্রাস পায়নি। এদের অনেকেই তারতীয় মুসলমানদের মধ্যে জেহাদী আন্দোলন জার্ঘত রাবেন যার পরিসমান্তি ঘটে ১৮৫৭ সালের সিপাহী বিপ্রব তথা সারা তারতব্যাপী আমানী আন্দোলনে। এ আন্দোলন জন্ধ হয়ে যায়নি ১৮৫৭ সালে, বরঞ্চ ১৮৬৮ সাল পর্যন্ত রিটিশ সরকারকে বিব্রত ও বিপন্ন করে রেখেছিল। এ আন্দোলনের পুরোতাগে ছিলেন—মঙলানা বেলায়েত আলী, মঙলানা মাহমুলুয়া, মঙলানা জাফর থানেশ্রী, মঙলানা ইয়াহিয়া আলী, মঙলানা ইয়ায়্মীন, সুকী নূর মুহাম্মদ নিহামপুরী প্রমুখ সাইয়েদ আহমদ শহীদের বলিফাগণ। তাদের সম্পর্কে কিঞ্চিত আলোচনা না করলে জেহাদী আন্দোলনের পূর্বাংগ চিত্র পরিস্ফুট হবে না।

#### মঙলানা বেলায়েত আলী

মওলানা বেলায়েত জালী ছিলেন পাটনার যওলতী ফতেই জালীর পুত্র এবং ওথাকার প্রসিদ্ধ আমীর রফিউদ্দিন হসাইন খানের বংশধর। প্রচুর ঐবর্থের কোলে লালিত পালিত হন বেলায়েত জালী। তার কৈশোর ও যৌবনকাল জতিবাহিত হয় জামীর গুমরাহদের গৌরবমন্ডিত শহর লক্ষ্ণৌ—এ। এ সময়ে খখন সাইয়েদ জাহমদ জাহাদের গাওরাত পেশ করতে লক্ষ্ণৌ আমেন, তখন বেলায়েত জালী তাঁর বিলাসবহুল জীবন পরিত্যাগ তরে জেহাদের ভাতে সাড়া দেন এবং রায়—বেরেলী গমন করেন। এখানে তিনি মওলানা শাহ মুহাম্মদ ইসমাইলের নিকট হালীস শাস্ত্র অধ্যয়ন করতে থাকেন এবং বিলাসী জীবনের পরিবর্তে ফকিরী জীবন যাপন করতে শুরুক করেন। তিনি সাইয়েদ আহমদ শহীদের সাথে মিলে রাজমিন্ত্রীর কাজ করতেন এবং বনজংগল থেকে ভাঠ সংগ্রহ করে নিজ হাতে

নানার কাজ করতেন। আদ্রাহর পথে এমন উৎসর্গীকৃত প্রাণকে সাইবেদ সাবেব অত্যাপ্ত তালোবাসতেন। তিনি যবন হঞ্জের উদ্দেশ্যে মঞ্চা গমন করেন, তখন তিনি তাঁকে তাঁর স্থলাতিষিক্ত নিযুক্ত করে ইসলাম প্রচারের দায়িত্ব অর্পণ করেন। সাইফেদ সাবেবের নির্দেশে তিনি দু'মাস যাবত আফগানিস্তানে প্রচার কার্য চালান। জনৈক মওলানা মুহাত্মদ অলীসহ তিনি সোয়াত, হায়দরাবাদ ও দাঞ্চিণাত্যে প্রচার কার্য চাগাতে থাকেন। তিনি দাঞ্চিণাত্যে অবস্থানকালে সাইয়েদ সাবেব বালাকোটে শাহাদেবরণ করেন।

বালাকোটের বিপর্যয়ের পর মাওলানা বেলায়েত আলী ব্রিটিশ তারতে প্রবেশ করে সাইয়েদ সাহেবের অসম্পূর্ণ কাজে হাত দেন। তিনি বিভিন্ন ব্যক্তিকে বিভিন্ন প্রানে প্রচার কার্যে প্রেরণ করেন। তিনি তাঁর সহোদর তাই মওলানা এনায়েত আলীকে পাঠান বাংলায়। মাওলানা ষয়নুল আবেদীন ও মওলানা আরুসে আলীকে তিনি যথাক্রমে উড়িয়া ও যুক্ত প্রদেশে মুবাক্লেগ নিযুক্ত করেন।

গটনায় কেন্দ্রীয় দপ্তর স্থাপন করতঃ মওলানা বেলায়েত জালী প্রচার কার্য শুরু করেন। দু'বংসর পর তিনি হচ্ছের উদ্দেশ্যে মঞ্চা গমন করেন। হয়ের পর তিনি ইয়ামেন, নজদ, মাসকত, হালারামওত প্রকৃতি স্থান সকর করেন। এ সময়ে তিনি প্রসিদ্ধ মুহান্দিস কাজী মূহান্দদ ইবনে আলী শগুকানীর নিকটে চালীস পাঞ্জে সন্দ্র লাভ করেন।

আরব থেকে প্রত্যাবর্তনের পর তিনি জাঁর আডা এনায়েত কালীর নেতৃত্বে একটি মুজাহিদ বাহিনীকে গোলাব সিংহের বিরুদ্ধে জেহাদের জনো সীমান্তে প্রেরণ করেন। ক্ষবস্থা বেগতিক দেখে গোলাব সিংহ ব্রিটিশের সাথে সন্ধিচুক্তিতে আবদ্ধ হয়। ফলে সীমান্তের মুসলমানদের মধ্যে অন্তর্ধন্ম করু হয় এবং এনায়েত আলীর মুজাহিদ বাহিনী ছত্রতংগ হয়।

সীমান্ত অভিযান বার্থ ইওয়ার পর মওলানা কেলায়েত আলী লাহোরে প্রভ্যাবর্তন করেন। লাহোরের পুলিশ কমিশনার মওলানা প্রাভ্রমকে সকল প্রকার কর্মতৎপরতা থেকে বিরও থেকে দু'বৎসরের জন্যে একটি মুচ্লেকায় স্বাক্ষর করতে বাধ্য করেন। অভঃপর তাঁরা পাটনায় প্রভ্যাবর্তন করে ইসলাম প্রচারের কাজ শুরু করেন।

মুচ্লেকার দৃ'বৎসর মেয়াদ উত্তীর্ণ হওয়ার পর মওলানা কেলায়েত আলী হিজরতের উদ্দেশ্যে কতিপর সহকর্মীসহ পাটনা থেকে দিল্লী গমন করেন। এ সময়ে দিল্লী জামে মসজিনে এবং ফতেহপুর মস্জিনে ইসলামের লাওয়াত পেশ করতে থাকেন। এ হচ্ছে ১৮৫৭ সালের আ্যাদী আন্দোলনের মাত্র কয়েক বৎসর পূর্বের ঘটনা। এ সময়ে তিনি বাহানুর শাহের আমন্ত্রণে লাশকেলায় একবার তীর সাথে সাক্ষাত করেন।

শিল্পীতে কিছুকাল অবস্থানের পর মঙলানা বেলায়েত আলী শৃথিয়ানা হয়ে পাঞ্জাব সীমান্তের নিজ্ঞানায় গমন করেন। সিজ্ঞানা ছিল মুজ্জাহিল বাহিনীর বড়ো কেন্দ্র। এখানে একটি খানুকাহ ও মাদ্রাসা প্রতিষ্ঠিত হয়েছিল। খানুকাহ প্রথে মুজ্জাহিদগণ বুকতেন তাদের অভিযান কেন্দ্র। পাটনাকে বলা হতো ছোট খানুকাহ এবং সিস্তানাকে বড়ো খানুকাহ। ছোটো খানুকাহ থেকে জথ, রসদ, মুজ্জাহিদ বড়ো খানুকায় প্রেরিত হতো।

মওলানা বেলায়েত জালী সিন্তানায় পৌছে দেখেন যে তথাকার কর্মচাঞ্চল্য জনেকটা ব্রাস পেয়েছে। তিনি ছিলেন জনলবর্ষী বক্তা। তিনি মুজাহিদ বাহিনীর মধ্যে প্রাণচাঞ্চল্য সৃষ্টি করেন।

এ সময়ে মওলানা বেলায়েত আলীর বিরুদ্ধে একটা ব্রিটিশ সরকার বিরোধী ষড়যন্ত্র মামলা আনয়ন করা হয়। মামলা চলাকালে তাঁর পাটনা সাদেকপুরস্থ দৃটি বাসতবন ও বাগানবাড়ীসহ কয়েক লক্ষ টাকার স্থাবর–অস্থাবর সম্পদ্ধ ধ্বংসম্ভূপে পরিণত করা হয়। গৃহের অধিবাসীনাণকে এবং বিশেষ করে শিশু ও নারীদিগকে নিঃসরল ও নিরাশ্রয়। করে দেয়া হয়। ১৮৫৩ সালে তিনি রোগাক্রাপ্ত হয়ে প্রগ্রুত্যাগ করেন।

মওলানা বেলায়েত আলী ও মওলানা এনায়েত আলী আতৃদ্বয় সম্পর্কে হান্টার জাঁর দি ইন্ডিয়ান মুসলমান এন্থে বলেন ঃ "১৮৪৭ বৃষ্টাব্দে স্থার হেনরী লরেল এক প্রতিবেদনে বলেন যে, উক্ত অফিফাছ্র। মেওলানা বেলায়েত আলী ও মওলানা এনায়েত আলী। পাঞ্জাবে মুজাবেলীন বলে সুপরিচিত ছিলেন এবং সেজনে। তাঁদেরকে গ্রেফভার করে পুলিশের হেফাজতে পাটনায় পাঠিয়ে দেয়া হয়েছিল। ম্যাজিস্টেট তাঁদের নিকট থেকে এবং তাঁদের স্বধর্মীয় দুজন উচ্চ বিগুণালী লোকের নিকট থেকে তবিষ্যুতে সদাচরণের শর্তে মুচলেকা গ্রহণ করেন। কিন্তু ১৮৫০ খুসাব্দে আমি তাঁদেরকে দেখেছি সমতল বংগের য়াজশাহী জ্বোর রাজদোহ মূলক প্রচারকার্য চালাতে। একাধিকবার এ ধরনের প্রচারকার্যের জনে। তাঁদেরকে দুই ঘুইবার রাজশোহী থেকে বহিষ্কৃত করা হয়। পাটনায় জামিন মূচ্পেকার হারা এই দুই খলিফাকে তাদের আপন পূহে ঘতোই আবদ্ধ রাখা হোক না কেন, ১৮৫১ সালেই তাঁদেরকে আবার দেখা গেছে পাঞ্জাবের সীমান্তে ইংরেজ শাসনের বিরুদ্ধে জনল উদ্পীরণ করতে।"

# বিপ্লবী আহমদুলাহ

সাইয়েদ আহমদের জেহাদী আন্দোলনে বাংগালী অবাংগালী নির্বিশেষে যেমন সারা ভারতের মুসলমান সক্রিয় অংশগ্রহণ করেছিল, তেমনি অংশগ্রহণ করেছিল সকল শ্রেণীর মুসলমান। চাষী, মজুর, দরজী, কণাই, মোল্লা, মওলভী, মওলানা এবং সরকারী দপ্তরের উচ্চপদস্থ কর্মচারী জীবনের সকল প্রকার ঝুকি নিয়ে একমাত্র খোদার সন্তুষ্টি অর্জনের জন্যে অংশগ্রহণ করেন জেহাদী আন্দোলনে। ভেণুটি ম্যাজিস্টেট আহমদুল্লাহ ভাদের মধ্যে অন্যতম।

আহমপুরাহর পিতার নাম ছিল এলাহী বখ্শ। পাটনার অন্তর্গত ইতিহাস প্রসিদ্ধ সাদিকপুরে এক অতি সম্ভ্রান্ত পরিবারে উনবিংশ শভান্দীর প্রথম দশকে জন্মগ্রহণ করেন আহমপুরাহ। আহমপুরাহু আরবী, ফার্সী ও উর্দু ভাষার উচ্চশিক্ষা লাভ করেন। ইংরাজী ভাষায়ও তাঁর প্রচুর কু)ৎপত্তি ছিল। তাঁর পিতা এলাহী বখ্শ একজন প্রখ্যাত আলেম ও সুবক্তা ছিলেন। তিনি শুধু একাই সাইয়েদ আহমদ শহীদের মুরীদ হননি, তাঁর তিন পুত্র ইয়হিয়া আলী, ফয়েজ আলী ও আহ্মাদ্রাহকেও সাইয়েদ সাহেবের মুরীদ করেন। আহমদুরাহ প্রথম জীবনে ইংরেজ সরকারের শিক্ষা বিভাগে নিযুক্ত হন এবং ১৮৫৩ খৃষ্টাব্দে পাইনায় জনশিক্ষা কমিটির সদস্য নিযুক্ত হন। আহমদুরাহর পিতৃপ্রদন্ত নাম ছিল আহমদ বখ্ড। সাইয়েদ সাহেব তা পরিবর্তন করে নতুন নাম রাবেন আহমদুরাহ। তাঁর প্রথম নাম লোপ পায় এবং তিনি আহমদুরাহ নামেই পরিচিত হন।

সীমান্তে শিখনের বিরুদ্ধে যুদ্ধকালে সাইয়েদ সাহেবের সৈন্যসংখ্যা ছিল দ্'লন্দেরও অধিক। এ বিরাট বাহিনীর জন্যে লোক ও অথ সংগ্রহ হয়েছিল তৎকালীন ভারতের প্রায় প্রত্যেক প্রদেশ থেকেই বিশেষ করে বাংলা, বিহার উড়িয়া, যুক্তপ্রদেশ, মধ্যপ্রদেশ, সিল্পু ও সীমান্ত প্রদেশ থেকে। এ কান্ধ চলতো একটা স্নির্ম্লিত গোপন প্রতিষ্ঠানের মাধ্যমে যা ১৮৫২ সালের পূর্ব পর্যন্ত বিশ্বশূচিশ বৎসর যাবত ইংরেজ সরকার মৃণাক্ষরেও জানতে পারেনি। এ গোপন প্রতিষ্ঠান ও তার সকল প্রকার কর্মতৎপরতার সাথে উচ্চপদস্থ সরকারী কর্মচারী

আহমদুল্লাহ্ কতোখানি ওতোপ্রোত জড়িত ছিলেন তা জানা যায় একটি প্রতিবেদনের মাধ্যমে যা মিঃ ন্যান্ডেন শ' (Raven Shaw) পেশ করেন ৯-৫-১৮৬৫ তারিখে বাংলা সরকারের নিকটে। প্রতিবেদনে বলা হয়েছে—

১৮৫২ বৃষ্টাব্দে পাঞ্জাবে কর্তৃপঞ্চ একটি ষড়যন্ত্রমূলক ডিঠি হম্বপত করে। হিন্দুখানী ধর্মান্ধরা (মুজাহিদগণ) শৈলশিখর থেকে ভারতীয় চতুর্থ রেজিমেন্টের (Regiment of Native Infantry) সংগ্ৰে যে একটা গোলখোগ পাকাতে চেম্বা করেছিল, তার প্রমাণ এ থেকে পাওয়া যায়। দেখা যায় যে, এ ষড়যন্ত্রের উৎপত্তি হয় পাটনায়, এবং যে চিঠি ধরা পড়ে তাতে জানা যায় যে, সাদিকপুর পরিবারের বছ মৌগতী এবং অব্রসন্ধিত বহু কাফেলা তখন সীমান্তের দিকে রওয়ানা হয়েছে: পেশাওরের একখানা স্বাক্ষরহীন চিঠিতে জানা যায় যে মওগভী বেদায়েত আলী, এনায়েত আলী, ফফেল আলী ও ইয়াহইয়া আলী (আহমদপ্রাহর দুই তাই) এবং দিনাজপুরের জনৈক দরজী মওলড়ী করম আলী সুরাটের অন্তর্গত সিন্তানায় তীবু ফেলেছিলেন এবং বাদশাহ সাইয়েদ আকবরের সহযোগিতায় গভর্ণমেন্টের বিরুদ্ধে পড়াই করতে তৈরী হচ্ছিলেন। আমি পূর্বেই বলেছি যে, সাইয়েদ আকবর সোয়াভের একজন সরকার মনোনীত রাজা ছিলেন। চিঠিতে এ রক্তম বর্ণনা ছিল: মওলভী বেলায়েত আলীর ভাই মওলভী ফরহাত আলী আখীমাবাদে, মওলতী কয়েজ আশীর ভাই আহমদুল্লাহ ও মওলতী ইয়াহইয়া আলী আপন আপন বাটিতে নিজ নিজ মহন্তায় অর্থ সংগ্রহ করছিলেন এবং অক্রশপ্ত ও রসন পাঠাঞ্চিপেন। অন্যান্য চিঠি থেকে জানা যায় যে, সৈন্য ও রসন পাটনা থেকে মীরাট ও রাওয়াগপিজির মধ্য দিয়ে পাঠানো হতো। এ দু'জায়গায় আলালা এজেট নিম্বন্ধ থাকতো। এবং তারা সীমান্তের জেহাদের জন্যে রসদ সরবরাহের সব বশোবর করতো।

"পাঞ্জাব সরকারের অনুরোধক্রমে পাটনার ম্যান্ডিস্টেট হোসেন আলী খানের খানা তন্তাসী করে। সে ছিল আহমদুল্লাহ্র খানসামা এবং চিঠিপত্র তার নামেই চলাচল হতো। আসলে কিন্তু মান্ডিস্টেট কর্তৃত খালা তন্তাসীর দুদিন আগেই পাঞ্জাব থেকে ফেরত একজন হাকিমের (Native Doctor) মারফং এ খবরটা জানাজানি হয়ে যায় ও তাদের বাড়ীর যাবতীয় চিঠিপত্র নই করে ফেলা হয়। মাহোক, "১৮৫২ সালের ১০ই আপন্ট তারিখের রিপোর্টে ম্যান্ডিস্টেট গভর্থমেন্টকে জানান যে, ওহাবীদের তখন বেশ সংখ্যাবৃদ্ধি হয়েছিল, এবং

ধনগভী কেশামেও আলী, আহমদুপ্লাহ ও তাঁর পিতা এলাহী বৰ্শের বাড়ীতে লোহাদের জন্যে সর্বপ্রকার গুপ্ত মন্ত্রণা হতো ও সেবান থেকে প্রচার কার্য চলতো।
কিনি আরও জানান যে, ভহাবীদের স্থানীয় পুলিশের সংগে যোগাযোগ ছিল। তার
দানন তীদের কার্যকলাপের কোনও বিশ্বাসযোগ্য প্রমাণ তাঁর নিকট যায়নি। তবে
মধেশভী আহমদুপ্লাহ্র বাড়ীতে ছয়-সাত শ' সশস্ত্র লোক ম্যান্সিস্টেটের খানা
চপ্লাশীর বিরোধিতা করতে ও বিদ্রোহের নিশানা তুলতে প্রকৃত ছিল।"

"১৮৫২ সালের ৭ই সেন্টেয়র তারিখের কাউপিল বৈঠকে একটা বিষয়
(minute) পিলিবদ্ধ করা হয়— সেটা করা হয় পাঞ্জাব গভর্গমেন্টের লেবা
মনুষায়ী এসব চিঠিপত্র সম্পর্কে, এবং সীমান্তের অধিবাসীদের বিরুদ্ধে যুদ্ধ
খোষণার প্রয়োজনীয়তাও তাতে স্বীকৃত হয়। কারণ তারা বাঙালী ও হিলুন্তানী
গুহাবীদের হারা ক্রমাগত উত্তেজিত হচ্ছিল। চতুর্ধ দেশীয় রেজিমেন্টের মুলী
মুহামন ওয়ালীকে ফৌজনারীতে সুপর্দ করা হয় এবং রাভয়ালনিভিতে ১৮৫৩
সাপের ১২ই যে তারিখে তার বিচার ও শান্তি হয়। তখনও মওগতী আহমনুছাহ্
এবং পাটনার অন্যান্য অধিবাসীদের নাম পুনরার সাক্ষ্য প্রমাণে ওঠে এবং তাঁদের
ছারা সীমান্তে রসদ পাঠানো বিষয়ও আলোচনা হয়।"

"অতান্ত পরিতাপের বিষয় এই যে, গভর্ণমেন্ট কোন সন্তিনা পশ্ব। অবলম্বন করেননি এবং পাটনার ষড়যন্ত্রও নাই করে দেননি। রাজদ্রোহিতার দমন নিশ্মাই হতো, আবালা অভিযানে কোনো সৈন্যক্ষয় হতো না এবং সরকারী কর্মচারীরা বহু পরিশ্রম ও অহেতুক শান্ধনা থেকে রেহাই পেতেন, কারণ ১৮৫২ সালের সশস্ত্র রাজদ্রোহী আহমনুদ্রাহ্ই হঙ্গে এক 'সামান্য কেতাবভায়ালা' ও ১৮৫৭ সালের 'ওহাবী ভদ্রলোক'।

—(ওহাবী আন্দোলন, আবদুক মণ্ডন্দ, পৃঃ ১৯৮-২০০)

সারা তারতে ১৮৫৭ সালে আয়ালী আন্দোলন দাউ দাউ করে জ্বলে উঠলে আহমদুল্লাহ সহ পাটনার বহু মুসলমানকে গ্রেফতার ও বন্দী করেন তদানীন্তন কমিশনার মিঃ টেইলার। টেইলার সন্দেহ করেন যে, সাতার সালের আন্দোলনে এসব মুসলমান অভিত ছিলেন। টেইলার বন্দীকৃত মুসলমানদেরকে বিনা বিচারে অতি নিপ্তার ও পেশাচিকতাবে দৈনিক কিছু সংখ্যক করে তাঁর বাংলার ময়দানে স্কাসর মঞ্জে বুলিয়ে আন্তান্তি লাভ করতে থাকেন। কিছু ও নিপ্তার ও জন্যায় অবিচার কর্তৃপক্ষের কানে পৌছা মাত্র জবশিষ্ট বন্দীদের মৃত্তির আনেশ দেয়া হয়

এবং টেইলারের কৈফিয়ৎ তসব করা হয়। এভাবে আহমদুলাই টেইলারের মৃত্যুহঞ্জ থেকে রক্ষা পান। এ পৈশাচিক হত্যাকান্ডের জন্যে টেইলারকে কমিশনারের পদ থেকে অপসারণ করা হয়।

সাডারর জাঘানী আন্দোলন নমিত ও প্রশমিত হলে, ইংরেজরা মুসলমানদের মন জয় করার ভূমিকা গ্রহণ করে। ওদিকে স্যার সৈয়দ আহমদও ইংরেজদের সাথে মুসলমানদের সম্পর্ক পুনঃপ্রতিষ্ঠার জন্যে অপ্রাণ চেষ্টা করেন। আহমদুরাহর প্রতিও সরকারের সহানৃত্তি আকৃষ্ট হয়। ফলে ১৮৬০ সালের ২১শে সেপ্টেমরের এক ঘোষণার দ্বারা তিনি ভিপুটি ম্যাজিস্টেট রূপে নিয়োজিত হন। কিন্তু তখনও পাটনার বড়ো খানকাহ বা প্রধান কেন্দ্রস্থল থেকে মুলকা ও সিন্তানায় রীতিমতো মুম্বাহিদ ও রসদ সরবরাহ অব্যাহত ছিল। সরকারের উচ্চপদস্থ কর্মচারী হয়েও আহমদুৱাহ একমাত্র খোদার সম্বৃষ্টির উদ্দেশ্যে মুজাহিন বাহিনীর সাথে পূর্ণ সহযোগিতা করতেন। তাঁরই তত্ত্বাবধানে বাংলা বিহার থেকে মুজাহিদ ও রসদ সংগ্রহ পূর্ণ উদ্যমে চসতো। এ ব্যাপারে প্রধান গাঁটি ছিল তাঁর নিজবাড়ী। প্রত্যেক জুমার দিনে বাদমাণরিক তাঁর বাড়ীতে মিলাদের জায়োজন করা হতো এবং মীলাদের নামে সেখানে মূজাহিদগণ জমায়েত হতেন এবং দৈনন্দিন কর্মসূচী নির্ধারিত করতেনঃ তাঁরা তাঁদের কাজকর্মের জন্যে এমন এক সংকেত পদ্ধতি (CODE) ব্যবহার করতেন যা তাঁরা ব্যতীত খার কারো বোধগম্য ছিল না। প্রত্যেকে তির নামে নিজেনের মধ্যে পরিচিত ছিলেন। যুদ্ধকে বলা হতো 'মোকদ্মা', মোহরকে 'দালমোতি।' টাকা পয়সা প্রেরণ করা হতো কেতাবের মূল্য হিসাবে। আহমদুল্লাহ 'কেতাবওয়ালা' বলে পরিচিত ছিলেন।

বাংলা ও বিহারে আহমদুয়াহর বিশপ্ত, কর্মঠ ও খোদার পথে উৎসণীকৃত এজেন ছিল। বাংলার এজেন্ট ছিলেন ঢাকার প্রসিদ্ধ চামড়া ব্যবসায়ী হাজী বদরক্ষীন। তিনি প্রাঞ্জানের সমুদয় অর্থ সংগ্রহ করে পাটনার ফাগুলাল নামধারী জনৈক ব্যবসায়ীর নামে ছণ্ডী করে পাঠাতেন। কোলকাতার মুড়িগঞ্জ মহয়য় আবদুল জায়ার নামে এবং মুকসেন আলী নামে অন্য একজন হাইকোটের মোক্তার এজেন্ট ছিলেন। মুকসেন আলীর পাটনাতেও বাড়ী ছিল। তাছাড়া, চরিশ পরগণা, বশোর, ফরিলপুর, মুশিনাবাদ, মালদহ, রংপুর প্রতৃতি জেলাতেও এজেন্ট ছিল। বিহার, উড়িখাা, ইউলিও মধ্য প্রদেশের বড়ো বড়ো শহরগুলিতেও এজেন্ট নিয়োজিত ছিল। আহমদুয়াই সাহেব সাংকেতিক ভাষায় চিঠিপত্রের

ঝাদান প্রদান করতেন তাদের সংগে। ১৮৬০ সাল থেকে ১৮৬৫ সাল পর্যন্ত মওলবী আহমদুল্লাহুই ছিলেন জেহাদী আন্দোদনের প্রধান কর্ণধার। সরকারী উচ্চপদের পূর্ব সুযোগ গ্রহণ করে তিনি নিরম্বুশভাবে এ আন্দোদন পরিচাদনা করতেন এটাই ছিল সম্পূর্ব স্বাভাবিক। কারণ যে কোন বিপ্লব সফল করতে হলে প্রতিষ্ঠিত সরকারের পূলিশ, সামরিক বাহিনী, প্রশাসন বিভাগ প্রভৃতির সাহায্য সহযোগিতা অপরিহার্য।

আঠারো শ' সাতার সালে সমগ্র ভারতব্যাপী যে বিপ্রবী আন্দোলন চলেছিল তার প্রেরণা সঞ্চার করেছিল মুজাহিদ বাহিনী, তাতে সক্রির অংশগ্রহণ করেছিল মুজাহিদ বাহিনী। কিন্তু প্রতিকূল অবস্থার দরুল সে আন্দোলন ফলপ্রসূ না হলেও মুজাহিদগণ দমিত হননি, ভগ্নোৎসাহ হননি। তালের কর্মপ্রেরণা হ্রাস পায়নি মোটেও। চূড়ান্ত বিজয় লাভ সম্ভব না হলেও সাভার বিপর্যয়ের পরও একদশক কাল পর্যন্ত এ আন্দোলনকে ভারা এগিয়ে নিয়ে গেছেন প্রায় সাফল্যের চারপ্রতে।

সমগ্র বাংলা থেকে হাজার হাজার মৃসলমান গাজী অথবা শহীদ হওয়ার আকাংথার পাটনা সানিকপুরে আহমনুয়াহ সাহেবের বাড়ীতে জমায়েত হতো এবং সেখান থেকে কুন্র কুন্র দলে বিভক্ত হয়ে সিন্তানার জন্যে রওয়ানা হতো। এ রক্ম একটি দলের চারজন বাংলার মৃসলমান আধালা ঘাওয়ার পথে গুজান খান নামক জনৈক পাঞ্জাবী সার্জেন্টের হাতে ধরা পড়ে। আদেরকে ম্যাজিস্টেটের সামনে হাজির করা হয়। ভারা নিজনেরকে নির্নোয় ও নিরীহ পথচারী বলে জানালে ম্যাজিস্টেট আদেরকে মুক্তি দেন। গুজান খান মনে বড়ো দুঃখ পায় এবং তার এক পুত্রকে সিন্তানায় গুজচরবৃত্তির জন্যে পাঠিয়ে দেয়। গুজান খানের পুত্র জানায় যে থানেখর নিবাসী জনৈক জাফর আলী সিন্তানায় মুজাহিদ ও রসদ পাঠানোর কাজ করেন। কর্তৃপক্ষ সংবাদ পাওয়া মাত্র জাফর আলী থানেখরীর বাড়ী তল্পানী করে এবং বহু সন্দেহজনক কাগজনত্র হন্তগত করে। জাফর আলী পলাতক হন, কিন্তু বহু মুজাহিদসহ আলীগড়ে ধরা পড়েন। তাঁদের জবানবলীতে জানা যায় যে, তারা সানিকপুরের এলাহী বর্শের গুগুচর। এলাহী বর্শের খানা তল্পানীর পরও সেখান থেকে বহু আপত্রিকর কাগজনত্র পাওয়া যায়।

এসব কাগন্ধপত্র থেকে কর্তৃপক্ষ একটা ভয়ানক ষড়যন্ত্রের সন্ধান পায় এবং পাটনার ম্যান্ধিস্টেট রোভেন শ'কে তদন্তের তার দেয়া হয়। তদন্তের সাথে সাথে আইমদুলাই সাহৈবকৈ শ্লেঞ্চতার করা হয় এবং চাক্রী থেকে বরনান্ত করা হয়।
চার মাস তদন্তের পর আইমদুল্লাহ্র বিরুদ্ধে রাজদ্রোহিতা প্রভৃতি আট দক্ষা চার্চ্চা গঠন করে করোগারে সুপর্দ করা হয়। বিচারে দায়রা জন্ধ তাঁর মৃত্যুদ্ধ দেন। এ দণ্ডাজ্ঞার বিরুদ্ধে কোগকাতা আপীল নায়ের করা হয়। বিচারপতি ট্রিভার এবং ও পক (Trevor and O. Lock J.J) ১৮৬৫ সালের ১৩ই এপ্রিলা রায় প্রদান করেন। রায়ে ভারা বলেন, "প্রাণদন্তের আদেশ অনুমোদন না করে এই আদেশ দিলাম যে ভারা বাক্রেনীবন দীপান্তর হোক ও ভার যাক্তীয় বিষয়সম্পত্তি রাজসরকার কর্তৃক বাজেয়াপ্ত করা হোক।"

ঐ বছর জুন মাসেই তাকে আন্দামান পাঠানো হয় এবং প্রায় যোগ বছর বন্দী জীবন খাপনের পর ১৮৮১ খৃষ্টাব্দে এই বীর মূজাহিদ সহাস্যে মৃত্যুকে আলিঙ্গন করেন।

তাঁর কনিষ্ঠ প্রাতা ইয়াহইয়া আগীরও যাবজ্জীবন দ্বীপান্তর কারাদন্ত হয়েছিল এবং তিনি ইতিপুর্বেই স্বান্ধায়ানে এপ্তেকাল করেন। আহমদুল্লাহর অন্তিম ইচ্ছা ছিল সহোদরের পাশেই সমাহিত হতে। বিচ্ছু ইংরেজ সরকার তাঁর এ নির্দোধ ও স্ক্ষতিকর ইচ্ছাটুকুও পূরণ করেনি।

সাদিকপুর পরিবারের বাসগৃহটি ছিল পাটনার অতি সম্রান্ত ও বিখ্যাত বাসগৃহ। বাসগৃহতি ভূমিসাৎ করে সেখানে পাটনার মিউনিসিপাল মার্কেট নির্মিত হয়। এ নির্মাণকার্যের ব্যয় বহন করা হয় এ পরিবারের জন্যানা সম্পত্তির বিক্রয়ণস্ক অর্থ দিয়েই।

দাদিকপুরের এ সম্রান্ত ও প্রসিদ্ধ পরিবারটি আল্লাহর পথে চলতে পিয়ে যেতাবে সমূলে ধ্বংসপ্রান্ত হলো, এবং জনুপম ত্যাগ ও কুরবানীর যে বাক্ষর এ পরিবারটি রেখে গেল, ইতিহাসে তার দৃষ্টান্ত বিরল। নারী ও শিশু নির্বিশেষে পরিবারের প্রতিটি সনস্য সরকারের কোপানলে তিলে তিলে দক্ষিত্ত হয়েছে। সবচেরে মর্মান্তিক ব্যাপার এই যে, মুসলমানদের পরিব্রা ও জানলমর ইপের দিনে ইংরেজ সরকার আহমদুল্লাহর পরিবারকে বাসগৃহ থেকে শুধুমাত্র একবরে ও খালি হাতে উৎখাত করে চরম আত্মতৃত্তি সাত করে। এমন পৈশাচিক নির্দূরতা ও অপরের ধর্মীয় উৎসব দিবসের এমন অব্যাননা কোন সতা জাতির ইতিহাসে খুঁছে পাওয়া যাবে না। নিশাপ শিশু ও নারীদের নীরব আর্তনাদ ও হাহাকার সেদিন আকাশ বিদীর্ণ করেছিল। আহমনুল্লাহু হয়তো তাই এ দিনটিকে মরণ

করে নিয়োক্ত শোকগালাটি রচনা করেছিলেন ঃ

র্টু শব-ই-ঈদ্রা সেহর করদান্দ্ হামারা আয় যাকান বদর করদান্দ্ মায়া ইযায়ন্দ্ সায়ে যাতম্ সওদ্ উপ-ই-মা গুরুরা-ই-মুহুররমসওদ।

—ইদের রাভের শেষে যখন উষার আলোক প্রতিতাত হলো, তথন আমরা সব বিভাড়িত হলাম আলন গৃহ থেকে। আনন্দের সব উচ্ছাস শোকের রূপ ধারণ করলো—আমানের ইদ মুহররমের কারবালায় পরিণত হলো।

পৈশাচিকতার এখানেই শেষ নয়। সাদিকপুর পরিবারের সুবৃহৎ পারিবারিক কবরস্থানটি চায দিয়ে উৎখাত করা হয় এবং হিন্দুদের মধ্যে বন্দোকত করে দেয়া হয়।

#### यसनाना देशांद्रिया जानी

মওলানা ইয়াব্ইয়া আলী ছিলেন বিপ্রবী আহমদ্প্রাহ্র জ্যেষ্ঠ ভ্রাতা। সাইয়েদ আহমদ শহীদ বেরেশভীর অসম্পূর্ণ কান্ধকে পূর্ণ রূপ দেয়ার জন্য ভারতের এক প্রান্ত থেকে অপর প্রান্ত পর্যন্ত মুজাহিলগণের সাথে যোগাযোগ রক্ষা করে ফেভাবে ব্রিটিশ বিরোধী আন্দোলন জাপ্রত রেখেছিলেন তা এক অতি বিক্ষয়কর ব্যাপার। এ কাজের জন্যে তিনি আপন জীবন ও ধন সম্পদ খোদার পথে বিসর্জন দিয়েছিলেন। বলতে গেলে সাইয়েদ সাহেবের শাহালাতের পর মাওলানা ইয়ায়্ইয়া আলীই মুজাহিদগণের আধ্যাত্মিক নেতা বা ইমাম ছিলেন। ১৮৬৪ সাল পর্যন্ত জেহাদী আন্দোলন পরিচালনা করার পর তিনি জন্যান্যের সাথে ব্রিটিশ বিরোধী ফরেম্ব্র মামলার আসামী হন।

হান্টার তাঁর এছে বলেন, "প্রধান ইমাম ইয়াহ্ইয়া আলীর উপর বছবিধ কাজের দায়িত্ব নাস্ত ছিল। তারতে তয়াহাবী সম্প্রদায়ের আধ্যাত্মিক পরিচালক হিসাবে তাঁকে অধীনস্থ প্রচারকদের সাথে নিয়মিত পত্রালাপ করতে হতো। তাঁকে এক ধরনের গোপন ভাষায় চিঠি তৈরী করতে হতো এবং এ গোপন ভাষাটা তাঁরই আবিকার। প্রচূর অর্থ সীমান্তের বিদ্রোহী শিবিরে নিয়মিত পাঠাবার ব্যবস্থাটাও তাঁকেই পরিচালনা করতে হতো। মসন্ধিদে নামান্তের ইমামতি করা, ধর্মান্ত ব্যক্তিদের রাইফেলগুলি পরীক্ষা করে তাদের হাতে তলে পেয়া, ছাত্রদের

মাঝে ধর্মীয় বক্তৃতা করা এবং ব্যক্তিগত পড়াতনার মাধ্যমে স্বারবী ধর্মগুরুদের প্রবর্তিত তন্ত্রকান স্বারো গভীরতাবে রপ্ত করা এ সবই ছিল তাঁর কর্মসূচীর অবর্গতঃ

বলতে গেলে তিনি ছিলেন একাধারে মুজাহিদ বাহিনীর পরিচালক, তাদের সামারিক প্রশিক্ষণ দাতা, মসজিদের ইমাম, এলমে তাসাওটকের মুর্শেদ এবং মুদ্ধ পরিচালনার জন্যে সংকেত-পদ্ধতির আবিকারক। আঠারো শ' টোষটি সালের জুলাই মাসে আমালার সেশন জল্প স্যার হার্বার্ট এডওয়ার্ডস্ যে রায় প্রদান করেন তার বরাত নিমে হান্টার বলেন, "তারতে অর্ধচল্ডের (ইসলামী) শাসন প্রতিষ্ঠাকত্মে পাটনার মসজিদে তিনি (ইয়াইইয়া আলী) ধর্ম বিষয়ক প্রচারনায় নিমোজিত ছিলেন। অর্ধ সংগ্রহ এবং মুসলমানদের জিহাদ পরিচালনার জন্য তিনি বহু সংখ্যক অধঃস্তন এজেন্ট নিযুক্ত করেন।"

তিনি খারো বলেন, "মামলার বিচারকার্য থেকে তিনটি সর্বাধিক বিশায়কর ব্যাপার উন্নয়াটিত হয় তা হ'ছে— ব্যাপক এলাকা ফুড়ে সংগঠন গড়ে তোলার ব্যাপারে সংগঠকদের বিচক্ষণতা, কর্মতংগরতা পরিচালনাকালে গোলনীয়তা রক্ষায় কর্মীদের কক্ষতা, এবং তাদের গরম্পারের প্রতি সার্বিক বিশক্ততা। তাদের সাহ্বপ্রের মূপে অনেকাংশে ছিল ছন্ধনাম প্রহণের ব্যবস্থা এবং সংবাদ আদান প্রদানের জন্যে এক ধরনের গুরু ভাষার প্রবর্তন।

এ মামলার জাসামী ছিলেন মোট এগারোজন। আলোগনের জ্ঞানায়ক যারা ছিলেন তালের বিচারে প্রাণদন্ড হয়। কিন্তু এই প্রাণদন্ডাদেশ তাঁরা প্রমন সন্তুইচিত্তে প্রহণ করে যে তা ব্রিটিশ সরকারকে বিফিত করে। কারণ এসন মুজাহেদীনের জীবন ও মৃত্যু সম্পর্কে দৃষ্টিভংগী ছিল শাসকদের দৃষ্টিভংগী থেকে ভিন্নতর। আল্লাহর পথে শাহাদত বরণকে তাঁরা জীবনের বড়ো সাফল্য বলে দৃত্প্রভায় রাখতেন। তাই প্রদেশের সর্বোচ্চ আদলত ভানের প্রণেদন্ড মওকুফ করে যাবজ্জীবন কারাদন্তে পরিবর্তিত করেন। হান্টার সাহেব উপরোক্ত সভ্যটি শ্বীকার করে বলেন, "বড়যন্ত্রের সবচেয়ে জ্ঞানায়ক যাঁরা ছিলেন প্রমনকি তানেরকে, শহাদ হবার স্থোগ না দিয়ে ব্রিটিশ সরকার বৃদ্ধিমন্তার পরিচয় নিয়েছেন।"

এ মামলার আসামী যীরা ছিলেন তীরা হচ্ছেন : মওলানা ইয়াহুইয়া আলী, পাটনার প্রচার কেন্দ্রের কোষাধ্যক্ষ আবদুক গাঞ্ফার, জাফর থানেন্দরী, ব্রিটিশ সেনানিবাসে মাংস সরবরাহকারী কন্টাষ্টর মুহামন শক্তি, আবদূর রহীম, এলাহী বথ্শু, মুহাম্মদ হুলাইন, কাজী মিএরাজান, আবদূল করিম, গানেশ্বরের হুসাইনী এবং আবদূল গাফ্ফার (২)।

পাঁচ নথর আসামী আবদুর রহীমের বাড়ীতে বাঙালী মুজাহিদগপ জমায়েত হ'য়ে অবস্থান করতেন। খাদেয় তাঁলের টাকা পয়দা জমা রাখতো, খাওয়া দাওয়া করাতো, খাতির ডাজিয় করতো এবং বিদায়ের সময় টাকা পয়দা ফেরৎ দিও। ইয়াহইয়া আলী তাঁলেরকে জেহাদী প্রেরণায় উদুদ্ধ করতেন।

এলাহী বথুন সংপৃহীত তহবিদ জা'ফর থানেশ্রীর কাছে পাঠাতেন এবং তিনি তা মুলুকায় ও সিন্তানায় বিদ্রোহী পিবিরে পাঠাতেন।

পার্টনার মুহান্দন হসাইন ছিলেন এলাইা বর্ধনের খাদেম, তিনি বর্ণ মোহর আন্তিনের মধ্যে সিলাই করে পার্টনা থেকে দিল্লী খান এবং নির্দেশ মুতাবেক জাফর থানেশ্বরীর কাছে হস্তান্তর করেন।

কান্ধী মিঞাজন মুন্ধাহিন সংগ্ৰহের কান্ধ করতেন, দ্বর্থ সংগ্রহ করে পাঠানো এবং চিঠিপত্র জ্বানান প্রদানের কান্ধও তিনি করতেন।

জাবদুল করিম ছিলেন মাংস সরবরাহকারী মুহাখদ শফির গুপ্তচর। তিনিও পাটনা থেকে টাকা কড়ি বহন করে নিয়ে যেতেন। মুহাখদ জাফর থানেখরী তাঁর 'তাওয়ারীখ–ই–জাজীব' এন্থে বলেছেন, মিওনজন কৃষ্টিয়া জেলার কুমারখালী নিবাসী ছিলেন। তিনি জেলখানায় মৃত্যুবরণ করেন।

থানেশ্বরের হসাইনী— মুহাখদ জাফর থানেশ্বরী ও মুহাখদ শফির সাথে যোগাযোগ রক্ষা করতেন। একদিন ২৯০টি খর্প মোহর মুহাখদ জাফর থানেশ্বরীর নিকট থেকে বহন করে নিয়ে মুহাখদ শফির নিকটে যাবার সময় হাতেনাতে ধরা গড়েন।

মওলানা ইরাহ্ইয়া আলী আলামানে বাক্জীবন কারাদন্ত ভোগের সময় তথায় শেষ নিঃশাস ত্যাগ করেন। এতাবে তারতে ইসলামী শাসন প্রতিষ্ঠার আন্দোলনের অন্যতম অগ্রনায়কের ইংরেজ শাসকলের নিশীড়নের মধ্যে জীবনাবসান হয়।

মৃত্যুদন্ত প্রাপ্ত তিনজনের মধ্যে মেওলানা ইয়াহইয়া আলী, হাজী মৃহামদ শফ্তি ও মৃহামদ জাফ্র থানেশ্বরী) জাফ্র থানেশ্বরী অন্যতম। তিনি থানেশ্বরের একজন অতি প্রতাবশাদী ব্যক্তি ছিলেন। তাঁর মৃত্যুদত মওকুফ করে যাবজ্জীবন কারাদতে লভিত করা হয়। তিনি আঠারো বংসর আন্দামানে কারাদত তোগ করার পর দেশে প্রত্যাবর্তন করেন। তিনি তাওয়ারীখ – ই – আজীব নামক একখানা প্রস্থ প্রথমন করেন। তাঁর দীর্ঘ আন্দামান জীবনের অভিজ্ঞতা, কয়েদীদের প্রতি অমানুষিক ব্যবহার, ১৮৫৭ সালের আ্যাদী আন্দোলনের এবং জেহাদী আন্দোলনের বহু মৃত্যাবান তথ্য এই প্রস্থে তিনি সন্ধিবেশিত করেছেন। তিনি তাঁর প্রস্থে ১৮৬৩ সালের আহাদা যুদ্ধের এক চমদপ্রন বর্ণনা প্রদান করেন। তিনি বলেনঃ

"১৮৬৩ খৃষ্টাবন। ভারতের পশ্চিম সীমান্তে ব্রিটিশ সরকারের একান্ত ক্ষরদন্তির ফলে এক তয়াবহ যুদ্ধ সংঘটিত হয়। ক্ষেনারেল চ্যায়ারলেন ছিলেন ইংরেজ পক্ষের সেনাপতি। আহাগার ঘাঁটিতে তার বাহিনীকে যথেষ্ট দুর্ভোগ পোহাতে হয়। এ পররাজ্য আক্রমণ ও সীমালংখনেরই শামিল। সেজন্যে সোয়াতের বিখ্যাক লীর সাহেবও বহু সংখ্যক শিষ্য নিয়ে মুসলিম মুজাহিদ বাহিনীর সাহায্যের উদ্দেশ্যে ইংরেজ সৈন্যদের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করেন। আফগানরা দেশ ও জাতির ইজ্জং রক্ষার উদ্দেশ্যে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ে।

ভীষণ যুদ্ধ চলতে থাকে। স্বয়ং জেলারেল চ্যাষারলেন গুরুতর জ্বয় হন। প্রায় সাত হাজার ইংরেজ সৈন্য হতাহত হয়। যুজাহিদ বাহিনীকে সমূলে ধ্বংস করার উদ্দেশ্যেই ব্রিটিশ সরকার পররাজ্যের জভ্যন্তরে হলেও এ অভিযান প্রেরণ করে। মুজাহিদগণের সংকল্প হচ্ছে, হয় বিজয় নয় শাহাদাং। তাঁরা বীরত্ত্বের পরাকাষ্ঠা প্রদর্শনে লেগে যান। কাজেই যুদ্ধ প্রচন্ত আকার ধারণ করে।

এদিকে ভারতের ভাইস্রয় লর্ভ্ এলপিন নিজের অথৌক্তিক কার্যকলাপ ও জন্যায় আক্রমণের পরিণাম ফলের মর্মন্ধালায় কৃষনের পর্বতশিরে অকথাৎ মৃত্যুমুখে পতিত হন। ভারত বর্ষ রাজপ্রতিনিধিহীন হ'য়ে পড়ে।

যুগপৎ যুদ্ধ ও তাইসরয়ের মৃত্যু নিঃসন্দেহে সংকট সৃষ্টি করে। এমনি সময়ে আঠারো শ' তেখটি সালের এগারোই ডিসেবর তারিখে কর্ণাল জেলার পানিপথ টোকির তারপ্রাপ্ত অধারোহী পাঠান পূলিশ গুজান খান কোন সূত্রে মুজাহিদ বাহিনীর সাথে আমার যোগসূত্র জানতে পারে। সে বতাবতঃই একে পদোন্নতির এক সৃবর্ণ সুষোগ মনে করে। তখন সে এক দীর্ঘ বিবৃত্তিতে কর্ণাপের ডিপুটি কমিশনারকে তা জানিয়ে দেয়। সে জানায়, সীমান্তে মুজাহিদ বাহিনীর সাথে যে

ভয়াবহ সংগ্রাম চলছে, তাতে থানেশ্বর শহরের নধরদার মুহান্দন জাফর টাকা ও লোক দিয়ে সাহায্য করে থাকে। ডিপুটি কমিশনার থবর পাওয়া মত্রে আধালা জেলার কর্তৃপক্ষকে, যার অধীনে থানেশ্বর শহর অবস্থিত, টেলিগ্রামযোগে এ সংবাদ জানিয়ে দেয়। সংবাদদাতা বেরিয়ে আসবার সংগে সংগোই আযার জনৈক পুলিশ বন্ধু ডিপুটি কমিশনারের বাংলোতে যান। তিনি তাঁর কাছে গোপন সংবাদটি জানতে পেরে আমাকে অবহিত করার জন্যে একজন পুলিশ অফিসারকে পাঠান, আমি তখন ঘূমিয়ে পড়েছি বলে তিনি পরদিন প্রাতে জানাবেন মনে করে চলে যান। লৃভাগোর বিষয় আমার পুলিশ বন্ধুটি আশার পুর্বেই আমার বাড়ী ঘেরাও করে ফেলে পুলিশ সুপার ক্যান্টেন পার্সন।"

(ভাওয়ারীখ-ই-আজীব, বাংলা জনুবাদ 'জালামান' বলীর আত্মকাহিনী, পুঃ ১-২)।

## यखनाना देशामुकीन

বাংলাদেশের নোয়াখালী জেলার সদর থানার অধীন হাজীপুর সোদ্গ্রাপুর।
রাঘে মওলানা ইমামুন্দীন জন্মগ্রহণ করেন। তিনি বাল্যকালে বিদ্যাদিক্ষার জন্যে
কোলকাতা গমন করেন এবং সেখান থেকে শাহ আবদুল আঘীয় দেহলবীর
নিকট শিক্ষাগ্রহণের জন্যে দিল্লী গমন করেন। দিল্লী অবস্থানকালে সাইয়েদ
আহমদ শহীদের সাথে তাঁর সাক্ষাৎ লাভ হয়। কিন্তু তখন তিনি তাঁর দীক্ষা গ্রহণ
করেননি। পরবর্তীকালে লক্ষ্ণৌ শহরে পুনরায় তাঁর সাইয়েদ আহমদের সাথে
সাক্ষাৎ হয়। এবার তিনি তাঁর হাতে 'বয়ঝাত' গ্রহণ করে মুজাহিদ বাহিনীতে
যোগদান করেন, কিছুকাল পরে সাইয়েদ সাহেব তাঁকে তাঁর খলিফা পদে বরণ
করেন।

সাইয়েদ সাহেব যথন হল্পের উদ্দেশ্যে হেলাল গখন করেন তথন মওলানা ইমামুনীন কোলকাতায় স্বীয় মুর্শেদের নিকটে বিদায় নিয়ে বৃদ্ধ পিতার সংগ্রে সাক্ষাতের জন্যে নেয়াখালী যান। অতঃপর তাঁর কনিষ্ঠ ভাতা আলীমুন্দীন এবং ব্রিশ চল্লিশজন লোকসহ হেলাল গমন করে সাইয়েদ সাহেবের কাফেলার সাথে মিলিত হন।

হয়ের পর তিনি জেহাদ অভিযানে শরীক হন এবং বালাঝোঁট প্রান্তরেও সাইয়েদ সাহেবের সাধী হন। যুদ্ধে তাঁর তাই আলীমুন্দীন শহীদ হন এবং তিনি গালীরূপে প্রত্যাবর্তন করেন। বালাকোট বিপর্যয়ের পর উংকের নবাব ভয়াজিরুদৌলার আমন্ত্রণে তিনি উংক রাজ্যে গমন করেন। নবাব সাহেব ভার নিকটে বহু বিষয়ে শিক্ষা লাভ করেন।

## **भूगी** नृत भूशायन नियामशुद्री

নৃষ্টী নূর মুহাক্ষন চট্টগ্রাম নিবাসী ছিলেন, তাঁর বিশ্বারিত জীবনী জানা না গেলেও তিনি ছিলেন সাইয়েল আহ্মন শহীদের অন্যতম ধলিফা। তিনি ধধারীতি মুজাহিদ বাহিনীতে যোগদান করেন, সাইয়েদ সাইবের কাফেলাভুক্ত হ'য়ে হজ্জরত পালন করেন এবং জেহাদ জতিয়ানে শেষ পর্যন্ত সাইয়েদ সাহেবের সাথে জংশগ্রহণ করেন। বালাকোটের যুদ্ধের গর তিনিও গান্ধী হওয়ার সৌভাগ্য লাভ করেন।

পশ্চিমবংগের বিখ্যাত পীর শাহ সৃষ্টী ফতেছ আলী সাহেব সৃষী নূর মুহামদের নিকট এগ্নে তাসাওউফের দীক্ষা প্রহণ করেন এবং তাঁর স্লাতিবিক্ত হন। সৃষ্টী ফতেছ আলী সাহেবের যাঞ্চার কোপকাতার মানিকতগার অবস্থিত। তাঁর খলিফা ও স্থলাতিবিক্ত ছিলেন হগদী জেলার ফুরফুরা নিবাসী মঙলানা শাহ সৃষ্টী আবু বকর সিন্দিকী।

#### দ্বাদশ অধ্যায়

## বৃটিশ ভারতের প্রথম আয়ানী সংগ্রাম

আঠারো শ' সাতার খৃষ্টাব্দে সারা ভারতব্যাপী এক প্রচন্ড ব্রিটিশ বিরোধী সংগ্রাম শুরু হয়। শাসকগোষ্ঠী তার নাম নিয়েছে "সিপাহী বিলোহ"। ১৮৫৭ সনে দিপাহী, অনতা, মুজাহেদীন মিলে যে সংগ্রাম শুরু করেছিল, তাতে এ দেশে ব্রিটিশ শাসনের ভিত্তিমূল জালোড়িভ হ'য়েছিল। শাসকনের নৃষ্টিতে একে 'বিভার' বলা যেতে পারে। কিন্তু প্রকৃতপক্ষে এ ছিল বৈদেশিক শাসন–শোষণের বিরুদ্ধে সভিত্তোর আয়াদীর সংগ্রাম।

ভারতবর্ধে বিগত দুই শতকের মধ্যে তিনটি ঐতিহাসিক ঘটনা বিশেষ মরণীয়। এ তিনটি ঘটনা সংঘটিত হয় ১৭৫৭, ১৮৫৭ এবং ১৯৪৭ খৃষ্টান্দে। ১৭৫৭ সনে সংঘটিত হয় গলাশীর যুদ্ধ। বড়বছ, প্রতারণা ও বিধাসঘাতকতার মাধ্যমে যুদ্ধ না করেও সুচতুর ক্লাইত জয়লাত করে এবং ভারতের পূর্বাঞ্চলের একটি সুপ্রতিষ্ঠিত মুসলিম শাসনের অবসান ঘটায়। পলাশীর অভিযান ছিল ইংরেজ ইন্ট ইন্ডিয়া কোম্পানী ও মধ্যবিত্ত হিন্দুদের সম্মিলিত বড়বপ্রের ফল। অবশা এর জনো মীর জাফর আলীকে দাঁড় করানো হ'য়েছিল শিখভীরুপে। ১৮৫৭ সনের সংগ্রাম ছিল সিপাইী জনতার সংগ্রাম— ভারতভূমিকে স্বেচ্ছাচারী ব্রিটিশ শাসকদের গোলামীর শৃংখল থেকে মুক্ত করার। তার নর্বই বছর পর ১৯৪৭ সনে তারতীয় মুসলমানদের সংগ্রাম ছিল ব্রিটিশকে বিভাতিত করে সংখ্যাগরিষ্ঠ হিন্দু শাসনের অধীন না হ'য়ে নিজস্ব স্বাধীন আবাসভূমি প্রতিষ্ঠার। মুসলমান বিজয় লাভ করেছিল শেষোক্ত সংগ্রামে।

আঠারো শ' সাতার সালের আয়ালী সংগ্রামের দীর্থ ইতিহাস বিবৃত করা এখানে উদ্দেশ্য নয়। সংক্ষেপে তার পটভূমি, সংগ্রামের বিশেষ বিশেষ ঘটনাবালী এবং পরাজ্যের মূল কারণসমূহ উল্লেখ করাই এ নিবন্ধের লক্ষ্য।

# পটভূমিকা

এ সংগ্রামের পটভূমিকা ও কারণ নির্ণয় করতে হলে আমাদেরকে আরও একশ' বছর পেছনের ইভিহাসের প্রতি দৃষ্টি ফেরাতে হবে। পলাশীর যুদ্ধের পর মুগলমানদের শুধুমাত্র রাজনৈতিক ক্ষমতাই হাতছাড়া হয়নি। বরঞ্চ তার সাথে সাথে রাষ্ট্রীয় সন্তা, আর্থিক অবস্থা, শিক্ষাদীক্ষা ও তাহজিব তামান্দুনও বিপন্ন ই'য়ে পড়ে। মুগলিম শাসন আমলে ইংরেজ বণিকরা ভারতে এসেছিল বাবসা–বাণিজ্যের নাম করে। বাবসার স্যোগ স্বিধা লাভের জন্যে তারা মুদলমান বাদশাহদের দুয়ারে ধর্ণা লিতো এবং তাঁদের করুণা লাভের আশায় দিন গুণতো। মুগলমান বাদশাহণণ উদার মনোভাব সহকারে তাদেরকে এ দেশে ক্রনার পূর্ণ সুযোগ সুবিধা দান করেন। কিন্তু ভারা এ সুযোগের বার বার অপব্যবহার করতে থাকে। যার জনো তাদের বিরুদ্ধে কথনো কথনো কঠোর ব্যবস্থাও অবলধন করতে হয়। এতে করে মুগলমান বাদশাহণণ ও মুগলিম শাসনের বিরুদ্ধেই তাদের মনে এক প্রতিইংসার বহি প্রজ্বলিত হয়। ভারা এ দেশে মুসলিম শাসনের অবসান ঘটিয়ে রাজলভ হস্তগত করার পরিক্রমান করে। তাদের এপরিক্রমান যাংলার মধ্যবিত্ত হিন্দু সমাজ।

অদৃষ্টের পরিহাস এই যে সেই ইংরেজ বণিকরাই যখন বাংলা ও দিল্লীর মসনদ অধিকার করে বসে, তখন তারা তারতের পূর্বতন মানিকদেরকে, যানের কুলায় তারা এ দেশে ব্যবসার জাল কিপ্রার করতে পেরেছিল, তাদেরকে ভূগা ও সন্দেহের চোখে নেবতে গাগলো। মুসসমানদেরকে তাদের রাজা বিস্তারে প্রতিবন্ধক মনে করে তাদের প্রতি অবলয়ন করলো চরম দমননীতি। পঞ্চাপ্তরে তাদের করলো ও আশীর্বাদ শত ধারায় বর্ষিত হতে গাগলো হিন্দু সম্প্রনায়ের উপর।

অর্থনৈতিক নিক নিয়ে গোটা মুসলমান সমাজকে নিম্পেষিত ও নির্যুল করার নীতি গ্রহণ করেছিল ইংরেজ শাসকগণ। মুসলমান আমলে সকল প্রকার সরকারী চাকুরীতে সিংহতাগ ছিল মুসলমানদের। ইংরেজ এদেশের মাজিক মোকতার হওয়ার পর বীরে বীরে মুসলমানগণ সকল বিভাগের চাকুরী থেকে বিভাঙিত হতে লাগলো। শেবে সরকারের বিঘোষিত নীতিই এই হ'মে দাঁড়ালো যে, কোনও বিভাগে চাকুরী খালি হ'লেই বিজ্ঞাপনে এ কথার বিশেষভাবে উপ্রেখ থাকতো যে মুসলমান ব্যতীত অন্য যে কেউ প্রার্থী হ'তে পারে।

দ্বিতীয়তঃ ইংরেজ সরকার বাজেয়াও আইন পাশ করে মুসলমান বাদশাহগণ কর্তৃক প্রদন্ত সকল প্রকার জায়গীর, আয়মা, লাখেরাজ, আলতম্গা, মনদে মায়াশ প্রকৃতি তৃসম্পদ মুসলমানদের হাত থেকে কেড়ে নিয়ে তালেরকে পথের ভিখারীতে পরিণত করে। একমাত্র বাংগাদেশেই খন্তুন পঞ্চাশ হাজার ও ইনাম কমিশন দ্বারা দাক্ষিণাত্যের বিশ হাজার লাখেরাজ সম্পত্তি বাজেয়াঙ্ক করা হয়। হাজা মুহামদ মুহদিনের বহু লক্ষ টাকা আয়ের ওয়াক্ককৃত সম্পত্তি সরকার জন্যায়ভাবে নিজেদের তত্ত্বাবধানে রেখে প্রকৃত হকদারকে বক্ষিত করে। সরকারের এসব দমনমূলক ব্যবস্থা প্রহণের ফলে বছ প্রাচীন মুসলিম পরিবার ধ্বংস হয়ে যায় এবং বহু খান্কাহ, মাল্রানা, মসজিদ প্রভৃতি মুসলিম শিক্ষা ও জনকল্যাণমূলক প্রতিষ্ঠানসমূহ বিশৃত্ত হয়ে য়য়।

ভূতীয়তঃ বাংলার চিরস্থায়ী বন্দোবন্ত ও সূর্যান্ত জাইন দ্বারা মুসলমানদের অধিকার থেকে যাবতীর জমিলারী, তালুকদারী, ইজারা প্রভৃতি কেড়ে নিয়ে হিলুদের মধ্যে বন্টন করা হলো। ফলে সম্রান্ত মুসলিম পরিবারগুলি উৎখাত হয়ে গেল। বাংলার কৃষকদের মধ্যে শতকরা পঁচান্তর তাগ ছিল মুসলমান। চিরস্থায়ী বলোবন্তের ফলে জমিনার প্রেণী হলো হিলু এবং জমির একছের মালিক। কৃষকত্ব হলো তাদের অনুগ্রহ মজির উপর একান্ত নির্ভরশীল। তাদের তথু জমি চাযের অনুযতি রইলো, জমির উপর কোন অধিকার বা বন্ধ রইলো না। হিলু জমিনারগণ প্রজাদের নালানভাবে রক্ত শোধণ করতে লাগলো। জ্বামির উত্তরান্তর বাজনা বৃদ্ধি, অবেণ্ডয়াব, কেলামী, নজরানা, বিভিন্ন প্রকারের কর প্রভৃতির দ্বারা কৃষকদের মেরুলন্ত তেঙে পড়ার উপক্রম হলো। হিলু জমিনারগণ মুন্দমানলের কাছ থেকে দাড়ির ট্যান্ত্র, মসজিদের ট্যান্ত্র, মুন্দমানী নাম রাখার ট্যান্ত্র, পূজাণার্বনের ট্যান্ত্র প্রভৃতি জবরনন্তিমূলকতাবে আনায় করতে লাগলো যেসবের বিরুদ্ধে সংগ্রাম করেছিলেন হাজী পারীয়ত্ত্রাহ, তিত্মীর প্রমুধ্ব মনীবাঁগণ। এসব আলোচনা যথাস্থানে করা হয়েছে।

চতুর্থতঃ ব্যবসা–বাণিজ্য ও শিক্ষার অংগন থেকেও মুসলমানদেরকে বহু দূরে নিক্ষেপ করা হয়েছিল। ব্যবসা ও শিক্ষক্ষেত্র ইংরেজ কোম্পানীর একচেটিয়া অধিকারের ফলে দেশীয় শিক্ষবাণিজ্য বিশুপ্ত হয়ে যায়।

আবদুল মওদূদ বলেন, "দেশীর কারিগর শ্রেণীকে নির্মমতাবে পেষণ করে দেশীর শিল্পদ্রবার উৎপাদনও বন্ধ করে দেয়া হয়। তার দরল শ্রমজীবীদের জীবিকার পথ একমত্রে ভূমি কর্যণ ব্যতীত আর কিছুই খোলা রইলোনা। আর ব্যবসায়ের ক্ষেত্রে বণিক–রাজের কৃঠিগুলির আগ্রয়ে নতুন দালাল প্রেণীর ব্যবসায়ীও জনালাত করলো বেনিয়ান, মৃৎসূদ্দি, মৃশী, দেওয়ান উপাধিতে।

বহিবাণিজ্যে ও অন্তর্বাণিজ্যে বণিজরাজ সবদিক দখল করে যে দাসাল প্রেণীর জন্মদান করলো, তারাও হয়ে উঠলো স্বাথ তোগের লোতে দেশীয় শিশ্ব ও কারিগরির প্রতি বিরূপ। এই নতুন আর্থিক বিন্যাসের ফলে যে নতুন ভ্রমী ও দাদাল সম্প্রদায়ের সৃষ্টি হলো, তাদের একজনও মুসলমান নয়— মুসলমানদের সে সমাজে প্রবেশাধিকারও ছিলনা এবং এই সম্প্রদায়ই ছিল বিজ্ত গণবিক্ষোত বা জাতীয় জাগরণের প্রধান শক্র। এ কথা খোদ লর্ড বেন্টিংকও স্বীকার করে গেছেন—

"চিরস্থায়ী বন্দোবন্তের বহ শুরুত্বপূর্ণ ক্রাটি আছে সত্য, তবে এর ঘারা জনগণের উপর পূর্ণ কর্তৃত্বশাসী বড়ো একলন ধনী তৃথায়ী সম্প্রদারের সৃষ্টি হয়। তার একটি বড়ো সৃবিধা এই যে, যদি ব্যাপক গণবিন্দোভ বা বিপ্রবের ফলে দাসনকার্যের নির্বিত্বতার ব্যাঘাত ঘটে, তাহলে এই সম্প্রদায়ই নিজেদের স্বার্থে সর্বদাই ব্রিটিশ শাসন বজায় রাথার জনো প্রস্তুত থাকবে।"

— [সিপাই] বিপ্রবের পটভূমিকা, আবদুদ মণ্ডদ্দ (শতাব্দী পরিক্রমা),
পৃঃ ৬২।।

এ সম্পর্কে আবদুদ মন্তদ্দ বলেন\_

"এ মতবাদের সমর্থক এ দেশীয় লোকেন্তও অভাব নেই। এই সেনিনও
বিশ্বভারতীতে বাংলার জাগরল সহত্বে বক্তৃতাকালে কাজী আবদুল ওদুল সাহেব
বলেছেন ও সেনিনে বাংলাদেশে অন্ততঃ বাংলার প্রাণকেন্দ্র কোলকাভার নিপাহী
বিদ্রোহের কোন প্রভাব অনুভূত হয়নি। হিন্দু পেটিয়টের সম্পাদক হরিশ মুখাজি
এই বিদ্রোহ সম্পর্কে মন্তব্য করেন, নিপাহী বিদ্রোহ কেবলমান্ত্র কুসংস্কারাজ্জ্ব
নিপাহীদের কর্মমাত্র, দেশের প্রজাবর্গের সহিত তাহার কোনও সম্পর্ক নাই।
প্রজাবৃদ্ধ ইংগ্রেজ গতর্গমেন্টের প্রতি অনুরক্ত ও কৃতক্ত এবং তাহাদের রাজভক্তি
অবিচলিত রহিয়াছে।"

কাজী সাহেব জারও বলেন, হিন্দু পেটিয়টের সম্পাদকের মত যে মোটের উপর সেদিনের বাংলাদেশের মত ছিল, তার একটি তালো প্রমাণ—বিদ্যাসাগর ও দেবেন্দ্রনাথের মতো স্বাধীনচেতা বাঙালীরাও সেদিন সিপাহী বিল্রোহ সম্বন্ধে কোন রকম কৌতৃহল দেখাননি।.. সিপাহী বিদ্রোহ সেদিনে শিক্ষিত বাঙালীকে সাড়া নেয়নি, অশিক্ষিত, হিন্দু বাঙালীকে নাড়া দেয়নি।" (সিপাহী বিপ্রবের পউত্মিকা, আবদুদ মওদুদ, পুঃ ৫৮)।

কাজী সাহেবের মন্তব্যও ঠিক এবং হিন্দু পেটিয়ট সম্পাদকের মন্তব্যও ঠিক। কালী সাহেবের 'বাঙালী' এবং হরিশ মুখার্জির 'প্রজাকুল' বলতে হিন্দু শংগ্রদায়কেই বুঝানো হ'য়েছে। অবশা একথা সভা যে কতিপয় ব্যতিক্রেম ব্যতীত নাংলা ও তারতের গোটা হিন্দু সম্প্রদায় সিপাহী বিদ্রোহ তথা তারতের স্বাযাসী খালোগনে সংশ্রমহণ করেনি। বাংলার বাইরে ফেসব হিন্দু এ সংগ্রামে সংশ্রমহণ করেন, ইংরেজ সরকার তাঁদের স্বার্থে চরম আঘাত হেনেছিল। বিশেষ করে বাংগার হিন্দু সম্প্রদায় ব্রিটিশের বিরুদ্ধে বিদ্রোহ করতে যাবে কোন দঃখে? ব্রিটিশ সরকারই তাদেরকে সমাজে সূপ্রতিষ্ঠিত করেছিল, দেশের সকল প্রকার সুযোগ সুবিধার দার তাদের জন্যে উনুক্ত করে দেয়া হ'রেছিল। জীবনের সর্বক্ষেত্রে মুসলমানদের স্থানে তাদেরকে সুপ্রতিষ্ঠিত করা হ'য়েছিল। তারাই ছিল ইংরেন্স প্রতদের একমাত্র বিশ্বস্ত বন্ধু ও শুতাকাংখী। পঞ্চান্তরে মুসলমানরা ছিল সম্পেহতালন ও শক্ত। সূতরাং বিদ্যাসাগর দেবেন্দ্রনাথ তথা হিন্দু প্রজাবল ইংরেজ গতর্ণমেন্টের প্রতি অনুরক্ত ও কৃতজ্ঞ থাকবে এবং ডাদের রাজচক্তি খনিচলিত থাকবে এটাই ত অভ্যন্ত স্বাভাবিক। এ কারণেই সংগ্রামে পরাজয বরণ করার পর একমাত্র ভারতের মুসলমানরাই ব্রিটিশের রোষবহিততে প্রজ্বলিত ১য়, তাদেরকে পাইকারীভাবে হত্যা করা হয়, সকল প্রকার স্থাবর অস্থাবর দেশদ থেকে উৎখাত করা হয়, জেল, ফৌসী, যাবজ্জীবন খারাদন্ড ভালেরকে ধোগ বন্ধতে হয়।

স্যান সাইয়েদ খাহমদ খান তাঁর 'রিসাগ্য খাসবাবে বাগওয়াতে হিল' নামক পৃত্তিকার 'সিপাহী বিপ্লবের' কিছু কারণ নির্ণয় করেছেন। সাইয়েদ সাহেব ছিলেন একজন ব্রিটিশ অনুগত সরকারী কর্মচারী। তিনি যে সময়ে বিজনীরে চাকুরীরত ছিলেন, তখন বিপ্লব শুরু হয়। বিপ্লবীগণ জেলখানার দার তেত্তে খাদ্যদ্রব্য সৃষ্ঠন করে। এ সময়ে সাার সাইয়েদ বহু বিপল্ল ইৎরেজের প্রাণ রক্ষা করেন।

সারি সাইয়েল আহমন তাঁর পৃত্তিকায় বিপ্লবের কারণ বর্ণনার পূর্বে একথা বলেন যে, জেহাদের উদ্দেশ্যে বিপ্লবীগণ এ সংগ্রামে যোগদান করেনি, তাঁর মতে যারা জেহাদের ধানি তুলেছিল তারা কোন ধার্মিক অথবা শাগ্রবিল ছিল না। তারা ছিল নীতিন্তাই ও মদোনান্ত ইতর শ্রেণীর লোক (Depraved and filthy bacchanuts। সাইয়েদ অহমদের সাথে অতীত ও বর্তমানের কোন মুসলমানই একমত ছিল না এবং নয়। অবশ্য তাঁর চোখের সামনে যেসব লুঠতরাঞ্জ ও হত্যাকাও হয়েছিল, তা দেখেই তিনি এরপ মন্তব্য করে পাকবেন। তবে যারা কথেক দশক পূর্ব পেকে মুসলমানদের মধ্যে ক্ষেহাদের প্রেরণা সঞ্চারিত করে রেখেছিলেন, সাতান্নোর বিপ্রবাক্তক কার্যকলাপ ছিল তাঁদের নিয়াপের বাইরে। এ বিপ্রব কোন কেন্দ্রীয় নেভূত্বাধীনে পরিচালিত হয়নি। আপামর জনসাধারণ বিটিশের বিরুদ্ধে রুদ্র আন্তোশে কেটে পড়েছিল এবং বিভিন্ন চরিত্রের লোক এ বিপ্রব অংশ্রাহণ করে। বাদের মধ্যে চরিত্রের কোন বালাই ছিল না ভাদের ধারাই সূঠ-তরাজ ও পেশাচিক হত্যাকান্ত সংঘটিত হয়েছে। কিন্তু সত্যিকার ক্ষেহাদী মনোভাব ও প্রেরণা নিয়ে যাঁরা কয়েক দশক যাবত সংখ্যাম চালিয়েছেন ভাদের পক্ষ থেকে এমন আচরণের কোনই দৃষ্টান্ত পাওয়া যায় নি।

যাহোক আসল কথায় ফিরে আসা যাক। সাইয়োদ আহমদ সিপাহী বিপ্লবের যে সব কারণ বর্ণনা করেন, তাঃ নিম্নরূপ—

১। কোম্পানী শাসনের বিরুদ্ধে জনগণের প্রচন্ড বিক্ষোন্ডের কারণ হলো খস্তান মিশনারীদের ধর্মান্তরিতকরণ তৎপরতা। সকলের এটাই ছিল সাধারণ বিশাস যে ইংরেজ সরকার ক্রমশঃ এবং নিষ্চিতরূপে এ দেশবাসীকে খস্টানধর্মে দীক্ষিত করে ছাডবে। গোপনে গোপনে তাদের এ পরিকল্পনা এগিয়ে চলছিল এবং জনগণের দারিদ্র ও অজ্ঞতার দরুল তাদেরকে একসময় খৃষ্টান ধর্মে দীক্ষিত করা হবে। ডাদের বিরুদ্ধে এ অভিযোগটি ফলাও করে প্রচার করা হয়, যখন ১৮৩৭ সালের দর্ভিক্ষে বিরাট সংখ্যক এতিম শিশুকে খস্তান রূপে প্রতিপালনের জন্যে মিশনারীদের নিকট হস্তান্তর করা হয়। ১৮৫৬ সালে কোলকাতায় জবস্থিত বডোলাটের ভবন থেকে এভমন্ড নামক জনৈক কর্মচারী কোম্পানীর সকল স্তরের কর্মচারীদের নিকটে এই মর্মে এক পত্র প্রেরণ করে খস্টান ধর্মের সত্যতার উপরে চিন্তাভাবনা করার জন্যে চাপ সৃষ্টি করে। উপরন্ত তাগের প্রতি চাপ সৃষ্টি করা হয় আধুনিক যানবাহনের সাহাযো পৃষ্টধর্মের আধ্যাত্মিক বন্ধনের ভিত্তিতে ভারতীয় ঐক্যের চডান্ত রূপ দেয়ার জন্যে। স্বধর্মত্যাদের জন্যে এ এক সাধারণ আহবান বলে এর ব্যাখ্যা করা হয় এবং এ সন্দের প্রমাণিত হয় যখন দেখা গেল যে সরকারের পক্ষ থেকে মিশনারীদের নিয়োগপত্র এবং সরকারী তহবিল থেকে তাদের বেডন দেয়া হতে থাকে। উচ্চপদস্থ কর্মচারীগণ দরাভাহন্তে মিশনারী তহবিলে অর্থ সাহায্য করতে থাকে এবং অধঃন্তন ভারতীয় কর্মচারীদের সাথে ধর্মীয় বিতর্কে অবতীর্ণ হয়। তারা নিম্ন

বেগদেশুক কর্মচারীদেরকে তাদের বাড়ী পিয়ে খুইধর্মের প্রচার-প্রচারপা প্রবণ
কর্মতে বাধ্য করে। যিশনারীগণ অন্য ধর্মের প্রতি অশাশীন উক্তি সম্বলিত প্রচার
পুর্তিকা জনসাধারণের মধ্যে প্রকাশো ছড়াতে থাকে। ১৮৫৪ সালের সরকারী
নীতি অনুসারে সকল মিশনারী স্কুল সরকারী সাহায্য লাভ করবে বলে যত্রতর
বাাঙের ছাতার মতো মিশনারী স্কুল গজাতে থাকে। সরকারী কর্মচারীগণ প্রায়ই
বাগব স্কুল পরিদর্শনে যেতো এবং এই বলে বাইবেল পড়তে ছাত্রদেরকে
জংসাহিত করতো যে বৃষ্টীয় বিশ্বাস অনুযায়ী প্রশ্নের উত্তর দিতে পারলে পুরস্কৃত
করা হবে। প্রাম্য স্কুলগুলিতে গুধুমাত্র উর্দু পড়ানো হতো এবং জারবী ফার্সী
পাঠ্যতালিকা থেকে বাদ দেয়া হয়েছিল।

- ২। একই রান্নায় সকল সম্প্রদায়ের ক'মেদীদেরকে খানা খাওয়ানো হতে। এ
  ছিল তাদের চিরাচরিত বর্ণ প্রথার পরিপন্থী। ১৯৫০ সালে একটি আইনের মাধ্যমে
  এ কথা ঘোষণা করা হয় যে স্বধর্ম ত্যাগকারীকে উত্তরাধিকার থেকে বঞ্চিত
  করা হবে আইনতঃ লভনীয়। এতে করে কারো একথা খার বৃশ্বতে বাকি রইলো
  না যে এ আইনের দ্বারা খৃষ্টধর্ম গ্রহণে উৎসাহিত করা হয়েছে। ১৮৫৬ সালের
  একটি আইন দ্বারা বিধবা বিবাহকে উৎসাহিত করা হয়। এর দ্বারা হিন্দুধর্মে
  আঘাত করা হয়।
- ৩। সৃদী মহাজন প্রেণীর অর্থ পোষপের অসম। লালসা এবং প্রজাদের উপর অতিরিক্ত করতার বহু সম্রান্ত পরিবারকে ধ্বংসের মুখে ঠেলে দেয় এবং তারা বিটিশ আনুগত্যের প্রতি বিরুপ মনোভাব পোষণ করে। বিচার প্রার্থনার জনো স্ট্যাম্পপ্রধার প্রচলন স্বিচার বিক্রয় করা অথবা স্বিচার অস্থীকার করা বলে বিবেচিত হয়। কোন কোন প্রদেশে বিচারকদেরকে বেজ্ছাচারমূলক ক্ষমতা প্রদান করা হয়।
- ৪। কোম্পানী শাসনের অধীন দাখেরাঞ্জ সম্পত্তি বাজেরাপ্তকরণ দারা অসংখ্য পরিবার ধ্বংস করা হয়। দেশীয় শিলবাণিজ্য ধ্বংস করা হয় এবং দেশের অর্থনীতিকে দেউলিয়া করা হয়।
- ৫। সর্বশেষ কারণ হিসাবে সায় সাইয়েদ বলেন যে, মুসলমাননেরকে উভপদস্থ সরকারী চাকুরী থেকে অপসারিত করা হয়েছিল। প্রতিযোগিতামূলক পরীক্ষার দারা সরকারী পদগুলিতে যোগ্য লোক নিয়োগই অসল উদ্দেশ্য। কিন্তু গুরুত্বপূর্ণ পদগুলি এমনসব লোক দারা পুরণ করা হতো... যারা ছিল 'নীচ

বংশজাত' (low form), ইতর-অমার্জিত (vulgar) ও অশিষ্ট (ill-bred)। এরা জনগণের এন্ধা অর্জন করতে পারে না।

—(Muslim Separatism in India, Abdul Hamid, pp 2-4 and 6)। সাইয়েদ অহমদ তাঁর পুতিকায় উপসংহারে এ বিপ্লব বিপ্লোহের সমাধান পেশ করেছেন। তিনি বলেন ঃ

... the solution to these difficulties lay in bringing the ruler and the ruled closer together by the admission of Indian members of the legislature to ensure that the laws passed by this body satisfied the needs of the country and were not merely academic. I do not wish to enter into the question as to how the ignorant and uneducated people of Hindustan could be allowed to share in the delibrations of the Legislative Council, or as to how they should be selected to form an assembly like the British Parliament. These are known points", Ibid-p. 4)1

—"তারতীয় সনস্যদেরকে আইন সভায় গ্রহণ করে শাসক এবং শাসিতের মধ্যে সম্পর্ক ঘনিষ্ঠতর করতে পারলেই এসব বিরোধের মীমাংসা হতে পারে। আইনগুলি বাতে অবান্তব ও অকার্যকর না হয় সেন্ধন্যে এ নিশ্চয়তা বিধান করতে হবে যে, আইন সভায় যেসব আইন গাশ হবে তা যেন দেশের প্রেয়োজন পুরণ করতে পারে। আমি অবন্য এ বিতর্কে অবতীর্ণ হতে চাই না যে তারতের অশিক্ষিত ও অনভিক্ত লোকদেরকে কিতাবে আইন সভায় আলোচনার সুধান্য দেয়া হবে এবং ব্রিটিশ পার্লামেন্টের ন্যায় একটি আইন সভায় কিতাবে তালেরকে বেচে নেশ্রা হবে।"

শাসক এবং শাসিতের মধ্যে সম্পর্ক যে মোটেই ভালো ছিল না, বরঞ্চ শাসক প্রেণী ভারতবাসীকে ঘৃণার চোখে দেখতো তার একটি দৃষ্টান্ত আলতাফ হোসেন হালী তাঁর 'হায়াতে জাবিদ' গ্রন্থে উল্লেখ করেছেন। ১৮৬৭ সালে আগ্রায় একটি প্রদর্শনী অনুষ্ঠিত হয় এবং তারপর গতর্শরের 'দরবার' অনুষ্ঠান পালিত হয়। আগরার জেলা ম্যাজিস্টেট নির্দেশ দেন যে, দরবারে ইউরোপীয়গণ ও ভারতীয়গণ পৃথকভাবে তাদের আসন গ্রহণ করবে। একজন সম্রান্ত ভারতীয় অভিধি আসন খালি দেখে জনৈক ব্রিটিশ কর্মচারীর জনো চিহ্নিত আসনে উপবেশন করেন।

-(Iqbal: Select Writings and Speeches, p. 262)

বংগভংগের ফলে পূর্ববাংলার হততাগ্য মুসলমানদের সুযোগ সুবিধার আশার আশোক দেখা দিয়েছিল। বংগতংগ রদ করে তা নস্যাৎ করার যে তীব্র আন্দোলন শুরু করেছিল হিন্দুবাংলা, তাতে দূরদর্শী মুসলিম রান্ধনীতিবিদগণ আতংকিত হয়ে গভূলেন। হিন্দুদের চক্রান্ত উন্যোচন করে বাংলা তথা ভারতের মুসলিম স্বার্থ সমূহত করার জন্যে ভারতের সকল মুসলমান চিন্তাশীল ও রাজনীতিবিদগণ চেষ্টা করতে লাগলেন। ১৯০৬ সালে ঢাকার নবাব সলিমুন্তাহ ঢাকা শহরে নিখিলভারত মুসলিম শিক্ষা সম্মেলন নাম দিয়ে এক সম্মেলন আহ্বান করেন। মুসলমানদের সংকট মুহুর্তে এমন সম্মেদনের প্রয়োজনীয়তা সকলে উপদত্তি করলেন এবং ভারতের বিভিন্ন স্থান থেকে আট হাজার প্রতিনিধি সক্ষেণনে যোগদান করেন। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য হলেন মুহসিন্দ মুল্ক, ভিখারল মূল্ক, আগা খান, হাকিম আজমণ খান ও মওলানা মুহাম্মন আলী। সভান্ন সর্বসম্বতিক্রমে ভারতীয় মুসলমানদের জন্যে একটি পূথক রাজনৈতিক দল গঠনের সিদ্ধান্ত গৃহীত এবং 'মুসলিম দীগ' নামে একটি পৃথক দল গঠিত হয়। কারণ বিভাগ বিরোধী আনোলনে ভারতীয় জাতীয় কংগ্রেসের কাঞ্চে সুস্পষ্ট প্রমাণিত হয়েছে যে এ দলটির লক্ষ্য শুধু হিন্দুবার্থ সংব্রক্ষণ ও মুসলিম স্বার্থ দলন। বিভাগকে বানচাল করার জনে। নানান জপকৌশল জবলম্বন করা হয়েছিল। কোলকাভায় বর্ণহিন্দুদের ঘনো ঘনো বৈঠকে অলোচনার পর ঘোষণা করা হয়, 'ব্রিটিশ সামাজাবাদ বাঙালী জা**তিকে নির্দূশ ক**রার জন্যে বংগমাতাকে দ্বিখন্তিত করেছে, বাঙালী কৃষককুশকে আসামের চা বাগানে কুলিমভুর হিসাবে নিয়োগ করার ঘৃণা ষড়যন্ত্র। অতএব হে বাঙালী জাডি। 'বংগভংগ রদকে' বাঙালীর 'মৃক্তি সনদ' হিসেবে গ্রহণ করে সংগ্রামে ঝাঁপিয়ে পড়। যারা 'মুক্তি সনদে' বিশ্বাসী নয় তারা ৰাঙালী নয়, বিশ্বাসঘাতক ও ইংরেজের দালাল। মুসলিম লীগ অধিবেশনে নবাব সলিমুল্লাহর উপর অপিত হলো বাংলার মুসলমানদেরকে হিন্দুদের উর্বর মন্তিষ্প্রসূত 'মুক্তিসনদ' আন্দোলন থেকে দূরে রাধার দায়িত্ব। ফলে বর্ণহিন্দুদের সমস্ত জাত্রোশ গিয়ে পড়লো খাজা সলিমুন্নাহর উপর। শুরু হলো ফ্যাসিবাদী ও সপ্তাসবাদী কার্যকরাপ। খাজা সাহেব বরিশাদ ভ্রমণ করলে তাঁকে কালো পতাকা দেখানো হয়, তাঁকে ইংরেচ্ছের দালাল, 'বাংলার দুশমন' বলে গালি দেয়া হয়। কুমিক্সার জনসভায় তাঁকে আক্রমণ করা হয়। তাঁকে নিয়ে হোসামিয়া মাদ্রাসার ছাত্রশিক্ষক ও মুসলিম জনগণ শোভাষাত্রা করা কালে যোগীরাম পাল নামক জনৈক হিন্দু কর্তৃক একটি দোতলার বারান্দা থেকে একটি ঝাড়ু দেবিয়ে দেবিয়ে অপমান করা হয়। রাজগঞ্জের রাস্তা অতিক্রমকালে তাঁকে লক্ষ্য করে গুলী ছোড়া হয়। তিনি প্রাণে রক্ষা লেলেও সাঈদ নামে জনৈক যুবক প্রাণ হারায়। বাংলার সন্ত্রাসবালী জান্দোলন বাহ্যতঃ ইংরেজনের বিরুদ্ধে হলেও এর দ্বারা 'এক টিলে দুই পাখী' মারার লক্ষ্যই আন্দোলনকারীদের ছিল। অর্থাৎ মুসলমানদেরকে ৩২০ বাংলার মুসদমানদের ইতিহাস

ইংরেজদের দালাল হিসাবে চিত্রিত করে তাদের নির্মল করা এবং ইংরেজদের-কে দেশ থেকে তাভিয়ে দেয়া।

১৯০৮ সালে ৩০শে মে কোলকাভার যুগান্তর পত্রিকা হিন্দুদের প্রতি এক উদান্ত আহ্বান জানিয়ে বংগমাতার খডনকারীনের সমর্থকদের বিরুদ্ধে জনগণকে কিপ্ত করে তোলে। বলা হয়, "মা জননী পিপাসার্ত হয়ে নিজ সন্তানদেরকে জিজেস করছে, একমাত্র কোন বস্তু তার পিপাসা নিবারণ করতে পারে। মানুষের রক্ত এবং ছিন্ন মন্তক ব্যতিত অন্য কিছুই তাকে শান্ত করতে পারে না। অতএব জননীর সন্তানদের উচিত মায়ের পূজা করা এবং তার ইন্দিত বস্তু দিয়ে সন্তুষ্টি বিধান করা। এসব হাসিল করতে যদি নিজের প্রাণ উৎসর্গ করতে হয়, তবুও পশ্চাৎপদ হওয়া উচিত হবে না। যেদিন গ্রামে গ্রামে এমনিভাবে মায়ের পূজা করা হবে, সেদিনই ভারতবাসী স্বর্গীয় শক্তি ও আশীর্বাদে অভিষিক্ত হবে।"

—(ইবনে রায়হান : বংগডংগের ইতিহাস-প: ৬-৭)।

বংগমাডাকে খুনী করার জন্যে যে উদান্ত আহবান জানানো হগো, তার পর শুরু হলো হিংসাত্মক কার্যকলাপ ও রক্তের হোলিখেলা।

মোহামদ ভয়ালিউল্লাহ তাঁর 'আমাদের মক্তি সংগ্রাম' গ্রন্থে বলেন, "কলিকাতা এবং ঢাকাকে কেন্দ্র করিয়াই প্রধানতঃ বিপ্লব ত্বালোলন গডিয়া উঠিয়াছিল। কলিকাভার বিপ্লববাদীরা 'যগন্তর' এবং ঢাকার বিপ্লববাদীরা 'অনুশীলন' নাম দিয়া তাহাদের সমিতি গঠন করেন। সাধারণতঃ এই দুইটি সমিতির সদসাগণই বোমা তৈরী ও আগ্রেয়ান্ত আমদানীর ব্যবস্থা করিতেন। ইহার পর অন্যান্য নামেও মঞ্চঃশ্বলের কোন কোন স্থানে গুঙ সমিতি গঠিত হইয়াভিল।"

—(মোহাম্মদ ওয়ালিউল্লাহ ঃ আমাদের মুক্তি সংগ্রাম, পুঃ ১৮০) স্যার সুরেন্দ্রনাথ ব্যানার্চ্চি বংগডংগের তীব্র নিন্দা করে বলেন, বাংগাদেশ বিভক্ত করে হিন্দুদেরকে অপমান ও অপলম্ভ করা হয়েছে। বংগভংগের প্রতিবাদে ভারতীয় জাতীয় কংগ্রেস ১৯০৬ সালের ৭ই আগস্ট স্বলেশী আন্দোলন শুক্র करत। विनाठी हुवा वर्জन कता द्या धवः षाछन नाभारना द्या। क्रन, करमक छ বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ শিক্ষাংগন পরিত্যাগ করে। বালগংগাধর তিলক বংগভংগের বিরুদ্ধে হিন্দু জাতীয়তা জাগ্রত ও সুসংহত করার জন্যে মারাঠা নায়ক শিবাজীকে ভারতের সকল হিন্দুদের জাতীয় বীরের আসনে প্রতিষ্ঠার

বাংপার মুদদমানলের ইতিহাদ ৩২১

আয়োজন করেন। দেশের সর্বত্র শিবাজীর জত্রবার্ধিকী আনুষ্ঠানিকতাবে প্রতিপালিত হয়। সভায় সভায় কংগ্রেসের নেতাগণ মুসলমান সম্রাটের বিরুদ্ধে শিবাজীর সংগ্রামের প্রশংসা করতে থাকেন। শিবাজীকে হিন্দুদের জাতীয় বীর ও তাঁর সংগ্রামকে জাতীয় সংগ্রাম বলে অভিহিত করেন। এ সময় বাংলাদেশের হিন্দুদের মধ্যে সন্তাসবাদী সংস্থা গড়ে উঠে। উচ্চপদ্ ইংরেজ কর্মচারীনেরকে হিন্দুদের মধ্যে সন্তাসবাদী সংস্থা গড়ে উঠে। উচ্চপদ্ ইংরেজ কর্মচারীনেরকে হত্যা করে বংগভংগ রদ করাই ছিল এসবের উদ্দেশ্য। —।এম এ রহিমঃ বাংলার মুসলমানদের ইভিহাস, পৃঃ ২০৫-৬; স্রেক্তনাথ ব্যানার্জি ঃ নেশন্ ইন্ মেকিং, ১৮; এ হামিদ ঃ মুসলিয় সেপারেটিজম্ ইন্ ইভিয়া, ৫৭, ৬৯-৭০)।

বংগভংগের পর হিন্দুবাংলা মুসলমানদের প্রতি এতখানি ক্ষিপ্ত হয়ে উঠে যে সংবাদপত্রে এবং জনসভায় মুসলমানদের প্রতি নানারূপ অসমানকর ও বিনুপাত্মক বিপ্রেমণ প্রয়োগ করা হতে থাকে। মুসলমানদের অতীত বর্বরতার বিবরণসহ কল্পিত ইতিহাস লিখিত হয়। সাইয়েদ আহমদ খানকে দেশপ্রোহী এবং মুসলমানদেরকে ইংরেজের দালালরূপে চিহ্নিত করা হয়। • • প্রতিদিন সংবাদপত্রে এ ধরনের সংবাদ পরিবেশ করা হয় যে, সরকার হিন্দুদের উপর আক্রমণ চালাতে মুসলমানদেরকে উত্তেজিত করছেন এবং তাদের নিরাপভার ব্যাপারে উপেলা প্রদর্শন করছেন। আস্তর্রকার উল্লেশ্য অন্তশ্রে সজিত হওয়ার জল্যে হিন্দুদেরকে আহবান জানানো হয়। একটি সংবাদপত্র প্রত্যার কল্যে হিন্দুদেরকে আহবান জানানো হয়। একটি সংবাদপত্র প্রত্যার কল্যে হিন্দুদেরকে আবং তাদের সাহায্যকারী সরকারী কর্মচারীদেরকে জীবত্ত দক্ষিত্ত করণেও হিন্দু সমাজের প্রতিশোধ গ্রহণ যথেষ্ট হবে না। —(Khan. India of Today, p. 87; A Hamid: Muslim Separatism in India, p. 61)

মিঃ এন সি চৌধুরী বলেন, বংগভংগ হিন্দু মুগলিম সম্পর্ক চিরদিনের জন্যে বিনষ্ট করে দেয় এবং বন্ধুত্বের পরিবর্তে জামানের মনে তাদের জন্যে ঘৃণার উদ্রেক করে। রাজাঘাটে, স্কুলে, বাজারে সর্বত্র এ ঘৃণার তাব পরিসফুট হয়। স্কুলে হিন্দু ছেপেরা মুসলমানদের নিকটে বসতে ঘৃণা প্রকাশ করে এই বলে যে তাদের মুখ জেকে পিয়াজের গন্ধ বেরুজে। মিঃ চৌধুরী বলেন যে, তিনি স্কুলে গিয়ে এ জাচরণ বচকে দেখেছেন। ফলে ক্লাশে হিন্দু ও মুসলমানদের পৃথক পৃথক আসনের ব্যবস্থা করা হয়। তিনি জারও বলেন, "আমরা লেখাপড়া শিখবার আগেই

জামাদেরকে বদা হতো যে এককালে মুসদমানরা এ দেশ শাসন করতে গিয়ে জামাদের উপর জভ্যাচার করেছে। এক হাতে কোরআন এবং অন্য হাতে তরবারী নিয়ে এ দেশে তারা ইসলাম জারী করেছে। মুসদমান শাসকগণ জামাদের নারী হরণ করেছে, মন্দির ধ্বংস করেছে, জামাদের ধর্মীয় স্থানসমূহ জপবিত্র করেছে। অউএব বংগতংগই মুসদমানদের প্রতি হিন্দুদের ঘৃণা ও বিঘেষ সৃষ্টি করেনি। এছিল বছ পূর্ব থেকেই। বংগভংগ তা বর্ষিত করেছে মাত্র।

—(N. C. Chowdhury: The Auto-biography of an Unknown Indian pp. 227, 230; Zuberi: TAZKIRA WADAR. p. 169-70; A Hamid: Muslim Separatism in India, pp. 61-62)

বংগভংগ রদ করার জন্যে উভয় বাংলার হিন্দু মুসলমান ঐক্যবদ্ধভাবে আন্দোলন চালিয়েছে বলে বিকৃত, কাল্পনিক ও উদ্ধট ইতিহাস পরিবেশন করে পরবর্তী বংশধরগণকে বিদ্রান্ত করার অপচেটা করা হয়েছে। এ কথাও বলা হয় যে, এক খালা সলিমুল্লাহ ব্যতীত জন্য কোন বাংগালী মুসলমান বংগভংগ মেনে নেরনি। এ প্রকৃত সভ্যের জপলাপ ব্যতীত কিছু নয়। উপরের আলোচনায় এ কথা সুস্পট হয়েছে যে, বংগভংগের ফলে জবহেলিত মুসলমান সমাজের আলা—আকাংখা প্রতিফলিত হওয়ার সন্ধাবনা দেখা নিয়েছিল বলে হিন্দুবাংগা নিহক হিংসা পরবশ হয়ে বিতাগ বিরোধী আলোলন শুরু করে। তাদের বঙ্কতা বিবৃতি, তাদের আচরণ, মারাঠা নেতা শিবালীকে লৃশাপটে টেনে এনে হিন্দু জাতীয়তা জাগ্রত করার প্রচেটা ইত্যাদি হিন্দু মুসলিম ঐক্য ও মিলনকে সস্যাৎ করে দিয়েছে, চা রানিকে লাংগা হাংগামা শুরু হয়েছে, মুসলমানদের উপর নির্বাতন শুরু হয়েছে। এতসবের পর হিন্দু মুসলমান ঐক্যবদ্ধ হয়ে বংগভংগ রদ করেছে এ কথা বলা মপ্তিঙ্ক বিকৃতিরই পরিচায়ক জথবা দ্রতিসন্ধিমূলক সলেহ নেই।

উল্লেখ করা যেতে পারে যে, বংগতংগের ফর্লে বাংলায় যে সন্ত্রাসবাদ সৃষ্টি করেছিল বাংলার হিন্দুগণ, যার প্রতি মুসলমানদের কোন সমর্থন ছিল না, বরঞ্চ মুসলমানদের জীবন ও ধনসম্পদ বিপন্ন হয়েছিল, সে সন্ত্রাসবাদ থেকে আত্মরক্ষার জন্যে এবং সে সংকটসন্ধিক্ষণে মুসলমানদের কর্তব্য নির্ধারণের জন্যে ১৯০৬ সালে ঢাকায় সর্বভারতীয় মুসলিম শিক্ষা সম্মেলন আহত হয়। এ সম্মেলন সাফল্যমন্ডিত করার পিছনে বাংলার মুসলমানদের তৎকালীন উদীয়মান

নেতা আবুল কাসেম ফঞ্জলুল হকের অবদান ছিল সবচেয়ে বেশী। উক্ত সক্ষেদনের জনো যে প্রস্তুতি কমিটি গঠিত হয় তার যুগা সম্পাদক ছিলেন এ, কে, ফুরুশুল হক ও তিথাকুল মুণ্ক। সম্মেলনকে জয়থুক্ত করার জন্যে ৩৩ বংসর বয়শ্ব ব্রক এ, কে, ফজপুল হক প্রভূত উৎসাহ উদ্যমসহ সারা ভারত সফর করেন যার ফলে সমেলনে ৮০০০ প্রতিনিধি যোগদান করেন। এ সক্ষেদনেই বাংলা তথা সারা ভারতের মুসলমাননের স্বার্থ সংরক্ষণের জন্যে এবং জাতিকে সঠিক পথে পরিচালিত করার উদ্দেশ্যে মুসলিম লীগ প্রতিষ্ঠিত হয়। বলতে গেলে বংগভংগের ফলে মুসলমানদের বিরুদ্ধে যে হিন্দু বিবেষ, ক্রোধ ও প্রতিহিংসার বহি প্রজ্বলিত হয়েছিল, তাই মুসলিম লীগের ছল, দিয়েছিল। ফজপুণহক তারপর কোন রাজনৈতিক শ্রুমিকা পালন করতে পারেন নি। কারণ ১৯০৬ সালেই তিনি ডিপুটি য্যাজিষ্টেট নিযুক্ত হন এবং ১৯১১ সাল পর্যন্ত সম্রকারী চাকুরী করেন। ১৯১১ সালে চাকুরী ইস্কফা দেরার পর থানা সলিমুল্লাহর পরামর্শক্রমেই তিনি কোলকাতা হাইকোর্টে আইন ব্যবসা শুরু করেন। ১৯১৩ সালে বংগীয় ব্যবস্থাপক সভায় সদস্য নিৰ্বাচিত হন। ঢাকা বিভাগ নিৰ্বাচনী এলাকা থেকে তার প্রতিহন্দ্রী রায় বাহাণুর কুমার মহেন্ত মিত্রকে বিপুল ডোটে পরান্ধিত করে জয়যুক্ত হন। অতঃপর ব্যবস্থাপক সভার প্রথম বাজেট অধিবেশনে তাঁর প্রথম বস্তুতায় বিভাগ রদের তীব্র সমালোচনা করেন।

একথা অনবীকার্য যে এ কে ফজনুস হককে বাদ দিয়ে বাংলার মুসলমান বলে আর কিছু চিন্তা করা যায় না। অতএব তিনি যখন বংগতংগের সপক্ষে ছিলেন এবং বংগতংগ রনের বিরুদ্ধে বংগীয় ব্যবস্থাপক সভায় প্রতিবাদ জ্ঞাপন করেন, তখন এ কথা অবিশ্বাস্য, হাস্যকর ও চিন্তার অতীত যে হিলু মুসলমান ঐক্যবস্ক হয়ে বংগভংগ রদ আন্দোলন পরিচালনা করে।

বংগীয় ব্যবস্থাপক সভায় এ কে ফদ্রুণুল হক সাহেবের বন্ধৃতায় এ কথা অধিকতর সুস্পন্ত হয় যে বংগভংগ রদ ছিল মুসলমানদের খার্থের পরিপন্থী এবং এর হারা ভাদের অপূরণীয় ক্ষতি সাধন করা হয়। ১৯১৩ সালে ৪ঠা এপ্রিল, বংগীয় ব্যবস্থাপক সভার ১৯১৩–১৪ সালের বাক্ষেট অধিবেশনে বাংলার মুসলমানদের জনপ্রিয় নেতা জনাব এ কে ফল্কুল হক তার প্রথম বন্ধৃতার বলেন,

"I would only remind the officials that they are in honour bound to render adequate compensations to the Muslim Community for all the grievous wrong inflicted on them by the unceremonious annulment of the partition. . . Our share we claim as our indevisible right, and the excess we claim by way of compensation for the wrong done to us by the annulment of the partition. This is the view of the general Muslim public, and if the officials will not meet the demands in full, there is certain to be discontent in the community."

—(Budget Speech of Mr. A. K. Fazlul Huq, Bengal Legislative Council, dated 4th April, 1913: Bangladesh Historical Studies-Journal of the Bangladesh Itihash Samisi, vol 1, 1976, p. 148)

— জামি সরকারী কর্মচারীদেরকে শরণ করিয়ে দিতে চাই যে, লৌকিকতাহীনতাবে বংগতংগ রদ করে তাঁরা মুসলিম সমাজের প্রতি যে মর্মান্তিক অত্যাচার করেছেন, তার যথোগযুক্ত শ্বন্তিপূরণ দিতে তাঁরা নীতিগততাবে বাধ্য। · · · অবন্ধনীয় অধিকার হিসাবে আমরা আমাদের অংশ দাবী করছি এবং শ্বন্তিপূরণ হিসাবে অতিরিক্ত দাবী আমরা এ জন্যে করছি যে বিতাপ রদ করে আমাদের প্রতি জন্যায় করা হয়েছে। এ দাবী হচ্ছে মুসলিম জনসাধারণের এবং এ দাবী পূরণ করা না হঙ্গে মুসলিম সমাজের বিশ্বুর হওয়া স্কৃণিত।"

বাঙালী মুসলমানদের নেতা জনাব ফজলুল হকের উপরোক্ত বাজেট বক্তৃতায় বাংলার মুসলমান জনগণের অন্তরের কথাই ব্যক্ত করা হয়েছে। বংগতংগ রদ করে মুসলমানদের প্রতি যে চরম অন্যায় করা হয়েছিল এবং এতছারা মুসলমানগণ যে মর্মাহত ও বিকুক্ক হয়েছিল, সে বিক্ষোতেরই বহিঃপ্রকাশ ঘটেছিল হক লাহেবের উপরোক্ত বক্তৃতায়। এর পর কি করে বলা যেতে পারে যে বংগতংগ ছিল মুসলমানদের কাছে অবাঞ্ছিত ৮ এবং বংগতংগ রদের জন্যে তারা এমন প্রেণীর সাথে হাত মিলিয়েছিল যাদের মুসলিম বিছেষ এবং মুসলিম দলন নীতি ও কর্মসূচী বাংলা তথা সারা তারতে দিবালোকের মতো সুস্পষ্ট হয়ে প্রেছিল?

বংগবিভাগের পর হিন্দুদের একচেটিয় ঋর্য ও সুযোগ সুবিধা বিশ্বিত
হয়েছিল বলে গোটা হিন্দু বাংলা, ভারতীয় জাতীয় কংগ্রেস, এবং বলতে গেশে
সারা ভারতের হিন্দুজাতি এ বিভাগ বানচাল করার জন্যে যেভাবে খর্গমর্ত
আলোড়ন শুরু করেছিল এবং একসাধে মুসলিম ও ইংরেছ শাসকদের বিরুদ্ধে
সন্ত্রাসবাদ শুরু করেছিল, ভাতে ইংরেছলগ অভিমাত্রায় বিচলিত ও বিরুভ হয়ে
পড়েন কারণ ভারত ও বাংলার প্রকৃত অবস্থা ভালের জানার উপার ছিল না।
লভনের বিভিন্ন পত্র পত্রিকায় বাংলা ও ভারতের খটনা প্রবাহের বিপরীতমুখী
সংবাদ পরিবেশন করা হতো। উপরস্থ ভারতীয় জাতীয় কংগ্রেস একজন ইংরেছ
কর্তৃক প্রতিষ্ঠিত হওয়ায় এবং ভারতীয় সিভিল সার্ভিসের বছ অবসরপ্রাপ্ত
অফিসার কংগ্রেসের সদস্য হওয়ায় সভাবতঃই ভালের সমর্থন ও সহযোগিতা
ছিল কংগ্রেস তথা হিন্দুজাতির সপক্ষে।

১৯০৫ সালে ব্রিটিশ পার্লামেন্টের যে নির্বাচন অনুষ্ঠিত হয়, তাতে হাউস অব কমশে বেশ কিছু সংখ্যক এমন লোক নির্বাচিত হন খাঁরা ছিলেন ভারতীয় সিভিল নার্ভিদের অবসরপ্রাপ্ত অফিসার। তাঁরা বংগভংগ বিরোধী আন্দোলনের সাথে গভীর যোগাযোগ রক্ষা করে চলেন এবং পার্লামেন্টে প্রপ্রের পর প্রশ্ন ভ্রথাপন করে সরকারকে বিব্রত করে ভোলেন। স্যার উইলিয়াম ওয়েডারবার্ন (William Wedderburn) নামক তাঁদের একজন ইভিয়ান পার্লামেন্টারী কমিটির চেয়ারম্যান নির্বাচিত হন। এ দলের আর একজন সলস্য, স্যার হেনরী কটিন, ভারতীয়দের আশা—আকাংবার প্রতিনিধিত্ব করে গর্ববোধ করেন। এ সমস্ত সদস্যগণ বার বার একথাই বলতে থাকেন যে ভারতে শান্তি প্রতিষ্ঠার একমাত্র পর ইভিয় বাংলাকে এক করে দেয়া। পার্লামেন্টের জনৈক সদস্য গভন থেকে তাঁর জনৈক ভারতীয় বন্ধুর নিকটে লিখিত একপত্রে এতখানি পর্যন্ত বলেন যে, "মলী নতি খাঁকার করবে, আন্দোলন করতে থাক।" পত্রখানি বাংলার সংবাদপত্রে ছান লাভ করে এবং তার ফলে আন্দোলন ক্রমশঃ জোরদার হতে থাকে। —(S. M. Mitra, Indian Problems, p 72, Murray, London, 1908; A Hamid: Muslim Separatism in India, p. 66)

শ্রমিক নঙ্গের দূজন নেতা, রামজে ম্যাকডোনান্ত এবং কিরার হার্ডি (Keir Hardie) শান্তি মিশনের নামে ভারত সফরে আসেন। ভারতীয় কংগ্রেস তাদের সফরের কর্মসূচী তৈরী করে সর্বত্র তাদেরকে রাঞ্জীয় জতার্থনা জ্ঞাপন করে।

যাকিডোনান্ড ছয় সপ্তাহ ত্রমপের পর মন্তব্য করেন যে, বংগ বিতাগ মারাত্মক
তুল হয়েছে। তিনি জনৈক হিন্দুকে আশ্বাস দিয়ে বলেন যে ব্রিটিশ সরকার তাদের
কথা মেনে না নিপে শ্রমিক দশের সদস্যগণ মন্ত্রীসভাকে সমর্থন করেব না। হার্ডি
দু'মাস কাল ভারতে অবস্থান করেন। তার সফরস্চি ও বক্তৃতা বিবৃতি
কোলকাতার হিন্দু সংবাদপত্র সমূহ ফলাও করে প্রকাশ করতো। তিনি বলেন
পূর্ব বাংলার অবস্থা রাশিয়া থেকেও মর্মজুন। এখানে হিন্দুদের উপর চরম নির্বাতন
চলছে। তিনি প্রায় মুসলমানদের বিরুদ্ধে এই বলে অভিযোগ করেন যে ভারা হিন্দু
বিধবাদের শ্লীলতাহানি করছে। এতে করে হিন্দু মুসলিম সম্পর্কের চরম অবনতি
ঘটে। তিনি প্রতিটি জনসভায় আন্দোলনকারীদের তৃষ্টি সাধনের জন্যে উচন্বরে
'বন্দেমাতরম' ধ্বনি করেন। কোলকাতার অমৃত বাজার পত্রিকা বলে, "হিন্দুদের
বিরুদ্ধে বিরাট ষড়যন্ত্র নস্যাৎ করার জন্যে ইশ্বর হার্ভিকে পাঠিয়েছেন।" হার্ভি
ইংলভে কিরে গিয়ে প্রস্তাব করেন যে, ভারতীয় কংগ্রেসের গরবর্তী অধিবেশন লভনে
অনুষ্ঠিত হওয়া উচিত।

—(A Hamid: Muslim Separatism in India, 67. The Times, Weekly Edition, London, Oct. 1907, January-April, 1908, December 1910)

লর্ভ ফাকডোনান্ড, যিনি চরম মুসঙ্গিম বিদ্বেষী বলে পরিচিত ছিলেন, বংগ বিভাগকে পলাশী ক্ষেত্রে ক্লাইভের বিজয়ের পর প্রশাসন ক্ষেত্রে ভারতে ব্রিটিশ সরকারের মারাত্মক ভূগ বলে অভিহিত করেন। (Times, Weekly Edition, London, January, 1908, p-1V)

১৯১০ সালের শেষের দিকে বড়োলাট কার্জনের স্থলাতিষিক্ত হয়ে এলেন লর্ড
মিন্টো। পরের বছর যুবরাজ জর্জের (পরবর্তীকালে রাজা পক্তম জর্জ) তারত
সফরের কথা। বংগভংগের জন্যে বিক্কুর হিন্দুগণ যদি তার সফরকালে
কোনরপে অবান্ধিত আচরণ প্রদর্শন করে তাহলে যুবরাজের প্রতি অসমান প্রদর্শন
করা হবে এবং তারত সরকারেরও দুর্নাম হবে এ আশংকায় লর্ভ মিন্টো অত্যম্ত
চিত্তিত হয়ে পড়েন। অতএব তিনি সুরেন্দ্রনাথ ব্যানার্জি এবং গোখলের সাথে
সাক্ষাত করে একথাই বুঝাবার চেষ্টা করেন যে বংগভংগের জন্যে তিনি যোটেই

দায়ী নন। তিনি আলাপ আলোচনায় তাঁনেরকে অনেকটা শান্ত করেন। ফলে মিন্টো বিভাগকে পুরাপুরি কার্যকর করার ব্যাপারে ততোটা মনোযোগ দিতে পারেননি। কিন্তু এ সময়ে এমন কিছু ঘটনা ঘটে যার জন্যে পূর্ব বাংলার গতনঁর ফূলার মোটে দায়ী না হলেও তাঁকেই কেন্দ্র করে বিভাগ বিরোধী আন্দোলন পুনরায় মাণাচাডা দিয়ে উঠে। ঘটনাটি হলো এই যে, হত্যাকান্ডের অপরাধে নিম আদাপত জনৈক উদয় পাছেকে মৃত্যুদন্ডে দণ্ডিত করে। ইংগভে হাউস অব কমন্দে প্রশ্নটি উধাপিত হলে ভারত সচিব এমন জবাব দান করেন যাতে ফুলারের প্রতি দোষারপ করা হয়। ফুলারকে সমর্থন করারও কেউ থাকে না। এ বিভাগবিরোধী আনোপনে ইন্ধন যোগায়। একটি স্কুপের উত্তেজিত একদপ ছাত্র জনৈক ইংরেজ ব্যাংক কর্মচারীকে জাক্রমণ করে এবং বিলেডী বন্ধ বোঝাই একটি গো–গড়ীর উপর হামলা চালায়। সরকারী নিয়ম নীতি অনুযায়ী স্থলটিকে অনুমোদিত স্কুলের তালিকা থেকে বাদ দেওয়ার জন্যে ফুলার কোলকাতা বিশ্ববিদ্যালয় সিনেটকে অনুরোধ জ্বানান। তারত সরকার এটাকে অবিবেচনাগ্রসূত মনে করে ফুলারকে তাঁর জনুরোধ প্রত্যাহার করতে বলেন। এতে করে প্রাদেশিক গভর্নরের দুর্বপতা প্রকাশ পাবে বলে ফুলার ভারত সরকারের নির্দেশ মানতে অস্বীকৃতি জানান। অন্যধায় তিনি চাকুরী থেকে ইস্তাফা দেয়ারও হুমকি দেন। বড়োলাট তার কথায় অটল থাকলেন এবং ফুলারকে ইস্তাফা নিতে হলো। বড়োলাট সংগে সংগেই তাঁর ইস্তাফা মঞ্জুর করলেন। এভাবে পরিকল্পিত উপায়ে ফুলারের অপসারণে অবস্থার কোনই উন্নতি হলো না। আন্দোলন শতগুণে বর্ষিত হলো। ফুলারের অপসারণ বারুদের ন্তুপে অগ্নি সংযোগের ন্যায় কান্ধ করলো। বিভাগ বিরোধী আন্দোলনকারীগণ যেন নতুন উৎসাহ, উদ্যুম ও প্রেরণা লাভ করলো। বলতে গেলে আলোলনকারীদের সাদা চামড়ার মুরব্বীগণ লভন থেকেই যুদ্ধের নাকাতা বান্ধান্ধিদেন। ভারতীয় হিন্দু কংগ্রোসের বন্ধুমহল ত আছেই, ১৯০৫ সালের ব্রিটিশ পার্লামেন্টের বেশ কিছু সংখ্যক সদস্যও আছেন এবং তাদের সংগে প্রত্যক্ষে না হলেও পরোক্ষে যোগ দিলেন ভারত সচিব মোর্ল। বংগভংগ রদের জন্যে ভারতের হিন্দুদেরকে তাঁরা নাচাতে শুরু করলেন।

উল্লেখ্য যে ১৮৮৫ সালে জনৈক ইংরেজ কর্তৃক প্রতিষ্ঠিত ভারতীয় জাতীয় কংগ্রেস ১৯০৫ সালের পূর্বে ইংরেজ শাসকদের বিরুদ্ধে ট্ শব্দটি করেনি। 'স্বরাজের' কথাও তানের মনের কোণে স্থান পায়নি কোন দিন। দয়ানন্দ সরস্থতীর 'আর্থ সমান্ধ', রাজা রামমোহন রায়ের 'ব্রাক্ষা সমান্ধ' প্রভৃতি প্রতিষ্ঠানগুলি মুসলমানদের বিরুদ্ধে সোকার হলেও ইংরেজ প্রভূদের বিরুদ্ধে মুখ খোলেনি কখনো। বরঞ্চ বাংলার হিন্দু সমাজের পক্ষ থেকে বলা হতো, "আমরা পরমেশরের সমীপে সর্বদা প্রার্থনা করি, পুরুষানুক্রমে যেন ইংরেজাধিকারে থাকিতে পারি। তারত ভূমি কত পুণা করিয়াছিল এই কারণে ইংরেজ স্বামী পাইয়াছে।" —সংবাদ তার্মর ২০শে জুন, ১৮৫৭, কলিকাতা— Society for Pakistan Studies প্রকাশিত 'দিপাহী বিপ্রব ও বাঙালী হিন্দু সমান্ধ' এর সৌজন্যে)।

১৯০৫ সালের পূর্ব পর্যন্ত হিন্দু সমান্ধ ইংরেঞ্জদের প্রতি এরূপ মনোভাবই পোষণ করে আসতো। পলাশীর যুদ্ধের পর থেকে উনবিংশ শতাব্দীর শেষ এবং বাংলা তথা ভারতের মুসলমানগণ ইংরেজ ও হিলুদের দ্বারা নির্যাতিত ও নিস্পেষিত ইচ্ছিল। কিন্তু বংগতংগের ফলে পূর্ব বাংলার মুসলমানদের ভাগা উন্নয়নের কিছু লক্ষণ দেখতে পাওয়া গেল বলে হিন্দু সমাভা সর্যায় ফেটে পড়লো। বংগতংগ রদ করার তীব্র আন্দোলনে মেতে উঠলো হিন্দুবাংলা। Glimpses of old Dhaka প্রস্তে বলা ইয়েছে ঃ "This Sinister movement was sponsored and conducted by Babus Surendra Nath Banarjee (afterwards knighted) and Bepin Chandra Pal, leader and demagogue of Hindu youths. They started boycotting and burning British made goods on account of which the mills of Lancashire were affected. The terrorists and their secret organisations began to harass the English people by the use of bomb and revolver. This educated gangster started committing dacoities in order to create a sense of insecurity in the country (Glimpses of old Dhaka, p/XXVII).

"এ খণ্ডত আন্দোলনের উদ্যোক্তা ও পরিচালক ছিলেন হিন্দু যুব সম্প্রদায়ের লেতা বাবু সুরেন্দ্র নাথ ব্যানার্জি পেরবর্তীকালে নাইট খেতাবপ্রাপ্ত) এবং বাবু বিপিনচন্দ্র পাল। তাঁরা বিলাতী দ্রব্যাদি বর্জন ও স্কালিয়ে দেয়ার কাজও শুরু করেন যার ফলে ল্যাঙ্কাশ্যয়ারের বলকারখানাগুলি ক্ষতিগ্রস্ত হয়ে পড়েছিল। সন্ত্রাসবাদীরা এবং তাদের গোপন সংস্থাগুলি বোমা ও রিভলতারের আক্রমণে জনাতম সন্ত্রাসবাদী বারীন্ত্র কুমার ঘোষ গভল থেকে কোলকাভায় এলেন ১৯০৪ সালে যখন বাংলা বিভাগের পরিকল্পনা পাকাপোক্ত হয়েছিল। পরের বৎসর এলেন তাঁর ভাই জরবিন্দ। 'বংগমাতার' জংগচ্ছেদ বলে বংগভংগের ধর্মীয় রূপ নেয়া হলো। সন্ত্রাসবাদী আন্দোলনে মেতে উঠলো সমগ্র হিন্দুবাংলা।

সারা ভারতের হিন্দুদের মুসলিম বিছেষ শতগুণে বর্ধিত হলো আরও দুটি কারণে। এতদিন পর্যন্ত মসন্সমানদের রাজনৈতিক স্বার্থ সম্পর্কে কথা বলার কোন প্রতিষ্ঠান ছিল না। বাংলা বিভাগ বিরোধী আন্দোলন ১৯০৬ সালে নিবিল ভারত মুসলিম লীগ নামে মুসলমানদের একটি রাজনৈতিক প্রতিষ্ঠানের জন্ম দিল। এ বৎসরেই ১লা অক্টোবর আগা খানের নেতৃত্বে নেতৃস্থানীয় ৩৬ জন মুসলমানের একটি প্রতিনিধিনল বডোলাটের সাথে সাক্ষাত করে মুসলমানদের জন্যে পূথক নির্বাচনের দাবী জানান। বড়োলাট সম্বত হন এবং তারপরও বহু চাপ সৃষ্টির ফলে এবং সৈয়দ অমীর জালীর ঐকান্তিক প্রচেষ্টায় ১৯০৯ সালে পৃথক নির্বাচন পদ্ধতি বৃটিশ পার্পামেন্ট কর্তৃক অনুমোদিত হয়। মুসলমানদের পুথক রাজনৈতিক প্রতিষ্ঠান 'মুসলিম লীগ' এবং মুসলমানদের জল্যে স্বতন্ত্র নির্বাচন প্রধা—এ সৃটি কম্ব সারা হিন্দুভারতের গায়ে আগুন ধরিয়ে দেয়। ফলে সন্ত্রাসবাদ ও 'স্বরাজ' আন্দোলন একসাথেই সারা ভারতে আলোডন সৃষ্টি করে। তাদের প্রথম লক্ষ্য হলো বংগ্রহণ বানচাল করা। হিখন্ডিত 'বাংলা মা'কে পুনন্ধীবিত ও সম্ভষ্ট করার জন্যে মানুষের রক্তে হোলিখেলা শুরু হলো। পুলিন দাস ও প্রতুল গাঙ্গুলি পূর্ববংগের সন্ত্রাসবাদী আন্দোলনের নেতৃত্ব দিলেন। যুবকদেরকে বোমা তৈরী ও জন্যান্য মারণান্ত ব্যবহারের প্রশিক্ষণ দেয়া হলো। বোমা বিশেফারণে সরকারী অফিস আদালত ধ্বংস করা, সভা সমিতি বানচাল করা, খুন জখম, লুটভরাজ প্রভৃতি চদতে থাকলো পূর্ণ উদ্যমে। মেদিনীপুরের শ্বুদিরাম ও বগুড়ার প্রফুল্প চাকী এসব ধাংসাত্মক কার্যকলাপ ও হত্যাকান্ডে আতানিয়োগ করলো। বিভাগ বিরোধী আন্দোলন কেউ সমর্থন না করলে তার আর রক্ষা ছিল না। গুডামী ও হত্যাকান্ডের সমালোচনা করণেও তার মুন্ডপাত করা হতো। এসব কারণে बरिनक हिन्नु अत्रकाती डिकिनरक ১৯०৯ সালে छनी करत হত्যा करा হয়। ১৯১० সালে ভি এস পি শামসূদ আদমকেও হত্যা করা হয়। বাংপার দেফট্ন্যান্ট্

গতর্নরকৈ চার বার আক্রমণ করা হয়। চাকার জেলা ম্যাজিস্টেট এলেনের উপর হাতবোমা নিক্ষেপ করা হয়।

বংগভংগ সমর্থনকারী মুসলমানদের বিরুদ্ধে এসব সন্ত্রাসবালীরা ছিল খড়গংস্ত। সাবার নিরীহ ও সরক্তর্কৃতির কিছু মুসলমানদেরকে বিভাগ বিরোধী আন্দোলনে ভিড়াবার জন্যে হিন্দুগণ অন্যূপথ অবলম্বন করলো। 'বংগভংগের ইতিকথায়' ইবনে রামহান বলেন :

হিন্দু মেরেরা মুসলমানদের বাড়ী বাড়ী গিয়ে হিন্দু মুসলিম দৃটি প্রাণ তথা দৃই বাংলার মিলনের প্রতীক রাখী বন্ধনী পরিয়ে দিত মুসলমানদের হাতে, তাদের হৃদয় মন জন্ম করার জন্যে চারেদিক হতে তেনে আসতো সুললিত কঠের সুমধুর সুর—

বাংলার মাটি, বাংলার জল, বাংলার বায়ু, বাংলার ফল। সতা হউক, সতা হউক, সতা হউক হে তগবান। বাঙালীর প্রাণ বাঙালীর্মন বাঙালীর ঘরে যত তাইবোন এক হউক, এক হউক, এক হউক হে তগবান।

—বিংগভংগের ইতিকথা, ইবনে রায়হান, পৃঃ১০-১১

নারী কণ্ঠের এ মনমাতানো উদান্ত আহবানে কিছু মুসলমান বিভান্ত হলো।
তাদের মধ্যে ছিলো ব্রাহ্মণবাড়ীয়া নিবাসী সাবেক ব্যারিস্টার আবদুল রসূল। তাঁর
কথা পূর্বে বর্ণিত হয়েছে। কিছু এসব আন্তর্গ্রবক্তিত মুসলমানদের ভূপ তেঙে গোল
যখন তারা দেখলো সন্ত্রাসবাদীদের সাহিত্য ও প্রচার পুক্তিকাসমূহ— যা তরপুর
ছিল হিন্দুধর্মের পুনর্জাগরণের উদান্ত আহবানে। এর প্রোতাবে ছিল হিন্দু
ব্রাহ্মণগণ এবং হত্যাকাভ চালাবার জন্যে গড়ে উঠেছিল বিভিন্ন গোপন সংস্থা ও
দল। হিন্দু দেবতার নামে এসব হত্যাকাভ উৎসগীকৃত করা হতো। এ ভাজ করা
হতো গন্ধাজল স্পর্ণ করে বিশিষ্ট মন্ত্র উচ্চারণের মাধ্যমে। নৃশংস হত্যাকাভের
জন্যে হিন্দু ধর্মশান্ত্রের অনুমোদন লাভ করা হলো এভাবে যে 'ভগবংগীভায়'
আছে, হিন্দুত্ব রক্ষার্থে নরহত্যা দৃষণীয় নয়; বরঞ্চ পুণ্য কাজ। 'য়নেশী'

অন্দোলনের শপথ গ্রহণ করা হতো কালীমন্দির প্রাংগণে। এতাবে এ বিতাগ বিরোধী আন্দোলনে প্রাণ সঞ্চারিত হতো হিন্দু ধর্মের ক্রিয়াকর্মের মাধ্যমে। এসব কক্ষা করার পর কোন মুসলমানের পক্ষেই এ আন্দোলনের সাবে জড়িত থাকা কিছুতেই সম্ভব ছিল না। (A. Hamid: Muslim Separatism in India. p. 60)

হিশু ধর্মশাস্ত্রে নরহত্যা শুধু যে বৈধ তা নয়, বরঞ্চ তা অপরিহার্য। আমরা বৃদ্ধিমের কপালকুতপায় দেখতে পাই কিতাবে হিন্দুতান্ত্রিক কাপালিক নরমাংস দারা তৈরবীপূজা করে তার ধর্ম পালন করতো। পাঠকদের খরণ করিয়ে দেয়ার জন্যে দু একটি বাকা এখানে উধুত করছি ঃ

"গৃহপার্থ নিয়া কাপালিক নব কুমারকে সেই সৈকতে শইয়া চলিলেন, এমন সময় তীরে তুলাবেগে পূর্বদৃষ্টা রমনী তাঁহার পার্থ নিয়া চলিয়া গেল; গমনকালে তাঁহার কর্ণে বলিয়া গেল, এখনো পালাও। নরমাংস নহিলে তান্ধিকের পূজা হয় না, তুমি কি জান নাঃ

— নব কুমারের বশপ্রয়োগ দেখিয়া কাপালিক কহিল, 'মূর্খ। কি জন্য বদ প্রকাশ কর? তোমার জন্ম আজি সার্থক হইল। তৈরবীর পূজায় তোমার এই মাংসদিও অর্ণিত হইবেক, ইহার অধিক তোমার তুলা লোকের জার কি সৌভাগ্য হইতে পারে?"

—(বিছিমের কপাল কুন্ডলা : ষষ্ঠ পরিচ্ছেন 'কাপালিক সঙ্গে' - হতে গৃহীত)
অন্তএব যে সন্ত্রাসবাদ ও হত্যাকান্তকে ধর্মীয় রূপ দেয়া হয়েছিল, হিন্দুধর্মীয়
রূপ—তার সাথে মুসলমানদের সংগ্রব–সক্ষম থাকতে পারেনা। আর থাকতে
পারে না বলেই এ সন্ত্রাসবাদ ও হত্যাকান্ডের শিকার মুসলমানরাও হয়েছিল।

সন্ত্রাসবাদ, নাগরিকদের বিশেষ করে ইংব্রেঞ্চদের জীবনের নিরাপপ্রাহীনতা যতোটা বিটিশ সরকারকে বিব্রুত করে তুলেছিল, সম্ভবত তার চেয়ে অধিক বিব্রুত করেছিল—বিলাতী বস্ত্রাদি বর্জন নীতি। মানচেন্টারের কলকারখানাগুলি বিরাট ক্ষতির সম্পূর্বীন হয়েছিল। মানচেন্টার চ্যায়ার অব কমার্সের কাছে হিন্দু বিশ্বক সমিতির পক্ষ থেকে অনবরত চাপ সৃষ্টি করা হচ্ছিল। দ্বার্থহীন তাবায় তাদেরকে বলা হচ্ছিল, 'যদি এ দেশে তোমানের বক্রাদি চালাতে চাও, তবে বংগতংগ রদ্র করে।'

ভারতীয় কংগ্রেসও ঘোষণা করে যে— বংগভংগ রদের একমাত্র পথ হচ্ছে বিসাতী নুব্যাদি বর্জন। তবে কংগ্রেস একথাও বলে যে এ বর্জন নীতি শুধু বাংলাদেশে সীমিত থাকবে।

একথা এখানে বিশেষভাবে উল্লেখযোগ্য যে বিভাগবিরোধী আন্দোলনের ধারা ক্রমশঃ জন্য একটি খাতে প্রবাহিত হচ্ছিল। তা হলো এই যে, মসলমান জাতিকেই একেবারে ভারত তুমি থেকে নির্মূপ করে দেয়া। সম্রাট পঞ্চম জর্জ যথন ১৯১১ সালে ভারতে আগমন করেন তথন বহু হিন্দু প্রতিষ্ঠানের পক্ষ থেকে তাকে প্রদন্ত আবেদনপত্রে বলা হয় যে, বিভিন্ন সংস্কারাদির দ্বারা মুসলমানদের প্রতি বিশেষ অনুগ্রহ প্রদান করা হচ্ছে। হিন্দু পত্র-পত্রিকাগুলি বলে যে যুসলমানরা দেশদ্রোহী বিশ্বাসঘাতক, সরকারের প্রতি তাঁদের খানুগত্য ভানমাত্র, ব্রিটেনের প্রতি তাদের দরদমাত্র নেই, তাদের যোগসাজ্ব রয়েছে মিশরীয় রাজদোহীদের সাথে —(A. Hamid: Muslim Separatism in India, p. 83)। The Times, London এর সংবাদনাতা স্যার ত্যালেন্টাইন বলেন থে, তিলক এবং তার ভাবাদশে পুনায় প্রতিষ্ঠিত কুল, পাঞ্জাব ও বাংলার জাতীয়তাবাদী হিন্দুগণকে প্ৰায় একধা কলতে শুনা যেতো যে, স্পেন থেকে কয়েক শতাব্দী পূর্বে যেমন মুসলমানলেরকে নির্মূদ করা হয়েছে, তেমনি ভারত থেকেও তাঁদেরকে নির্মূপ করা হবে। বড়োপাট কার্জনের ব্যক্তিগত স্থাফদের সাধে জড়িত স্যার ভয়ালটার লরেন ইদোরের মহারাজা স্যার প্রতাপ সিংহ সম্পর্কে মন্তবা করে বলেন ঃ

"একবার শিমলায় লর্ড কার্জন শুর্তৃক আমাকে এবং আমার স্ত্রীকে প্রদন্ত একটি বিনায়কালীন নৈশতোজে আমন্ত্রিত হয়ে এসেছিলেন স্যার প্রভাগ সিংহ। ভোজের পর রাত দুটো পর্যন্ত তাঁর সাথে আমার বিভিন্ন আলাপ আলোচনা হয়। তিনি তাঁর জীবনের বহু আলা—আকাংখা আমার কাছে ব্যক্ত করেন। তার মধ্যে একটি হচ্ছে ভারত থেকে মুসলমানদের নির্মূল করা। আমি তাঁর কথার প্রতিবাদ করে আমাদের উভয়েরই কভিপয় মুসলমান বন্ধুর নাম করলাম। তিনি বক্লেন, 'হাঁ, তাদেরকে আমি পছন্দ করি, কিন্তু অধিকতর পছন্দ করি তাদের মৃত্যু।" স্যার লরেন্দ বলেন, "স্যার প্রতাপের এ ধরনের আলাপ সম্পর্কে আমি প্রায়ই চিন্তা করি। বহু বৎসর ধরে ভারতীয়দের সাথে কারো পরিচয় থাকতে পারে। কিন্তু এমন এক সময় আসবে থকা হঠাৎ ভারা তাদের হুদরের ঘার উন্যোচন করবে এবং ভিতরের গোপন রহস্যটি উদঘটন করে ফেলবে। স্যার প্রতাপ সিংহ একজন তালো হিন্দু রাজপুত। তিনি বহ দেশ ভ্রমণ করেছেন। বহ লোকের সাথে মিশেছেন। তালো ইংরেজী জানেন। বহ জাতির লোকের সাথে তার পরিচয়। বলতে গেলে তিনি একজন বিশ্বজনীন (Cosmopolitan) সভ্যতার ধারক বাহক। কিন্তু তার জন্তরের গতীরতম প্রদেশে দূরপনেয় মুসলিম বিছেষ বাসা বেথৈ আছে।"

(Sir Walter Lawrence: The India We Served, p. 209, Cassel London, 1928; A. Hamid: Muslim Separatism in India, pp. 83-84)

স্যার গরেশ একটি অতি মোক্ষম সত্য উদঘাটন করেছেন। ভারত ভূমি থেকে মুসলমানদের নির্মূপ করা স্যার প্রভাপ সিংহের মতো কেবলমাত্র দু'একজন হিন্দু ভদ্রপোকের অন্তরের কথাই নয়, বরঞ্চ এ হচ্ছে গোটা হিন্দুজাতিরই অন্তরের কথা। পরবর্তী সময়ে ভারতে পাকিজান আন্দোলন চলাকালে, শ্যামপ্রসাদ মুখার্জি প্রমুখ হিন্দু মহাসভার নেতৃবৃল প্রকাশা বন্ধৃতা বিবৃতিতে বার বার উপরোক্ত মনোভাব প্রকাশ করেছেন।

# চতুর্দশ অধ্যায়

## বংগভংগ রদ ও তার প্রতিক্রিয়া

বাংলায় সন্ত্রাসবাদের বিরুদ্ধে সরকার কর্তৃক কঠোর ব্যবস্থা গ্রহণ করা হয়েছিল। ফলে এ আন্দোলন ক্রমশঃ ন্তিমিত হয়ে পড়েছিল। ১৯১০ সালের শেষে পরিস্থিতি স্বাতাবিকের দিকে ফিরে আসছিল। আন্দোলনের সিপাইারা একরকম রণক্লান্ত হয়ে পড়েছিল। এ বংসরেই জনৈক বাংগালী হিন্দু ব্যবস্থাপক সভায় বিষয়টি নতুন করে উত্থাপন করতে গিয়ে ব্যর্থ হন। পরে তিনি তাঁর প্রস্তাব প্রত্যাহার করতে সমত হন। স্যার স্রেন্দ্রনাথ ব্যানার্জি ছিলেন আন্দোলনের উদ্যোক্তা। তিনিও সবশেষে তাঁর 'বাঙালী' পত্রিকার মাধ্যমে বলেন, "আমরা অবশ্য স্থীকার করি যে এ বিভাগ টিকে থাকার জন্যে হয়েছে এবং আমরা একে বানচাল করতে চাইনা।" (Fraser, India Under Curzon and After, p. 391. A. Hamid: Muslim Separatism in India, p. 86)

কিন্তু সূদ্র গভনের বুকে কোন্ গোপন হস্ত বংগবিভাগের বিরুদ্ধে মারণান্ত্র তৈরী করে চপেছিল তা জানা যায়নি।

রাজা পঞ্চম জর্জ ব্রিটিশ সামাজ্যের সিংহাসনে তাঁর আরোহণের কথা আপন মুখে ঘোষণা করার অভিপ্রায়ে ১৯১১ সালে ভারতে আগমন করেন। ওখুমার রাজ্যাভিষেক ঘোষণার উদ্দেশ্যে হাজার হাজার মাইল অভিক্রম করে সুদূরবর্তী উপনিবেশে আগমন করা—এ ছিল ভারতে ব্রিটিশ শাসনের ইভিহাসে এক অভৃতপূর্ব ও নজীরবিহীন ঘটনা। সন্ত্রাসবাদীদের অভঙ ষড়যন্ত্রের আশংকা তখনো মন থেকে মুছে ফেলা যায়নি। ভারতে তখন দুর্ভিক্ষ বিরাজমান। ইতালী—তুর্কী যুদ্ধের কারণে মুসলমানরা বিক্ষুত্ত। এসব কারণে পক্ষম জর্জের মন্ত্রীমভলী ভারত সম্পর অবিবেচনা প্রসূত্ত মনে করে তাঁকে নিরক্ত করার চেষ্টা করেন। রাজা সকল উপদেশ উপেক্ষা করে ভ্রমণের প্রস্তৃতি করতে থাকেন। নবেম্বর মাসে ভারতের উদ্দেশ্যে যাত্রা করে ভিসেম্বরের প্রথমার্ধে তিনি বোমাই অবতরণ করেন। ভারতবাসী অধীর প্রতীক্ষায় রইলো যে কখন কোন ওড মুহুর্তে সম্রাট ভারতবাসীকে কি কি পুরস্কার বা রোয়েদাদ প্রদানে আপ্যায়িত করেন। সবশেষে

দে মুখুর্ত এসে গেলো। এক খতি জীকজমকপূর্ণ সমাবেশে ভাবগান্তীর পরিবেশে রাজা পঞ্চম জর্জ এক একটি করে তার অপার করুণা প্রিয় প্রজাবৃন্দের উপর বর্ষণ করতে লাগলেন। সকল রাজনৈতিক বলীদের প্রতি সাধারণ করা হলো, শিক্ষার উরয়নের জন্যে একটা মোটা রকমের অংক বরান্দ করা হলো; চারতীয় সৈনিকদের জন্য 'ভিটোরিয়া ক্রন' সমান লাতের অবোগ্যতা দ্রীভৃত হগো, জর্ম বেতনত্ক সরকারী কর্মচারীদেরকে অতিরিক্ত অর্ধ মামের বেতন দেয়া হলো; চারতের রাজধানী কোলকাতা থেকে দিল্লী স্থানান্তরিত করা হলো। সর্বশেষে বলা হলো "বংগতংগ' রল করা হলো।" হিন্দুগণ আনল উল্লামে ক্রেটি পড়লো। বংগতংগ বাতিলের ঘোষণা দ্বারা তাৎক্ষণিক সুবিধা এই হলো যে, চারতে সাম্রাজ্যের অপরাধ অধ্যুবিত অঞ্চলগুলির মধ্য দিয়ে রাজনম্পতির নিরাপদ ক্রমণের নিতরতা পাওয়া গেল।

কিছুদিন পর যখন রাজা কোলকাতায় এলেন, তখন হিলুবাংপা জানলে আত্মহারা হয়ে রাজা ও ব্রিটিশ সামাজের প্রতি তাদের অদম্য আনুগত্য প্রদর্শন করে বিরাট গোভাষাত্রা করে। হিলু সংবাদপত্র গুলি রাজার মহানুভবতার জন্যে উদ্পুদিত প্রশংসা করতে থাকে। কতিপর সংবাদপত্র এতদূর পর্যন্ত অপসর হয় য়ে, হিলু মন্দিরে প্রেত মহারাজা ও মহারাণীর মূরতি স্থাপনের প্রস্তাব করে। তারতীয় জাতীয় কংগ্রেস রাজার প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করে প্রস্তাব প্রহণ করে এবং লর্ড হার্ডিজ্বেও প্রশংসায় পঞ্চমুখ হয়।

অপরদিকে বিভাগ বাতিল করে মূলসমানদের প্রতি করা হয় চরম বিশ্বাসঘাতকতা। কার্জন বিভাগ সম্পাদন করে এবং হার্ডিঞ্জ তা বাতিল করে। কিন্তু উভয়ের কার্যপ্রণালীর মধ্যে বিরাট পার্থকা এই যে কার্জন প্রকাশ্যে বংগভংগের প্রস্তাব দেন, তার সপক্ষে ন্যায়সংগত যুক্তি পেশ করেন। এ নিয়ে বহুদিন আলাপ আলোচনা হয়, বহু কাগজ কালি ব্যয় হয়। প্রস্তাবটি যধারীতি দীর্ঘদিন ধরে বিভিন্ন তার অভিক্রেম করে ব্রিটিশ সরকার কর্তৃক অনুমোদিত হয়, হুড়ান্ত সিদ্ধান্ত গৃহীত এবং যথাসময়ে তা কার্যকর করা হয়। পক্ষান্তরে হার্ডিঞ্জের পরিকল্পনা অভ্যন্ত গোপনীয়ভাবে অগ্রসর হয় এবং জনসাধারণের কাছে তা প্রকাশ লাভ করে অতি আক্ষিকভাবে এবং এক অতি বিশ্বয়ের রূপ নিয়ে। ব্রিটিশ সরকারের এ সিদ্ধান্তর বারা একের সর্বনাশ করে অপরের পৌর মাস এনে দিলেও এর হারা তালের প্রগল্ভতা, ভিগবান্তী ও একটি অনুরত অঞ্চলের

সম্প্রদায়ের ন্যায়সংগত অধিকার ফিরে দিয়ে আবার তা কেড়ে নেয়ার অন্যায় অবিচারমূপক মনোবৃত্তি ইতিহাসের গুঠায় অক্ষয় হয়ে থাকবে।

রিটিশ সরকারের এ হাস্যকর অভিনয়ের কার্যকারণ সম্পর্কে যতটুকু আভাস পাওয়া যায় তা ইলো এই যে, বিভাগ রদের খেয়ালটা তৎকালীন ভারত সচিব 'কু'র (Crew) মন্তিকে স্থান পাত করেছিল। যারা বিভাগকে মারাত্মক ভুল বলে অভিহিত করে বিকৃদ্ধ হয়েছিল, তাদেরকে শান্ত করাই ছিল কুর অভিপ্রায়। হার্ডিঞ্জ বলেন, "পরে আমাকে এ কথা জানানো হলো যে, উতয় বাংগায় যদি শান্তি প্রতিষ্ঠিত করতে হয়, তাহলে সমন্ত বাংগালী যেটাকে অন্যায় অবিচায় মনে করেছে তা দূর করার জন্যে কিছু করা একেবারে অপরিহার্য হয়ে পড়েছে। অবশ্য এ সময়ে বিদেশেও এমন আশা করা হচ্ছিল যে এ 'অবিচার' দূর করার জন্যে কিছু করা হবে। আমি জনুতব করলাম যে যদি কিছু করা না হয়, তাহলে অতীতের চেয়ে ভবিষ্যতে আমাদেরকে অধিকতর বিপদের সন্ধুখীন হতে হবে।"

—(Hardinge of Penhurst: My Indian Years, p. 36, Murray London, 1948: A. Hamid: Muslim Separatism in India, p. 88)

উপরে বর্ণিত স্যার সুরেন্দ্রনাথ ব্যানার্জির উক্তিতে বুখতে পারা যায় যে, কিভাগ বিরোধী আন্দোলনকারীগণ এক রকম হতাশ হয়ে বিধিয়ে পড়েছিলেন এবং বিতাপকে মেনে নিতেও চেয়েছিলেন। কিন্তু লন্ডনে যেসব সাদা চামড়ার বন্ধুগণ ইন্ধন যোগাঞ্চিলেন, তারা হাল ছেড়ে দেননি। তারা তাদের কান্ধ করেই যান্চিলেন ধার ধারা ভারত সচিব ক্র অবশ্যই প্রভাবিত হয়েছিলেন।

জাবদুশ হামিদ বলেন যে, বিভাগ রদ করার সপক্ষে যত প্রকার যুক্তি প্রদর্শন করা হয় তাদের মধ্যে একটি হচ্ছে এই যে, "উভয় বাংলার হিন্দুগণ প্রায় সব ভূসম্পদের মালিক ছিলেন। ব্যবসা বাণিজ্য ও চাকুরী বাকুরীতেও ছিল তাদের একচেটিয়া কর্তৃত্ব। ফলে তাঁরা জনগণের উপরও অতাধিক প্রভাব বিস্তার করে রেখেছিলেন। তাদের সম্পদ ও সংস্কৃতি তাদেরকে যে প্রভাব প্রতিপত্তি দান করেছিল, বংগ বিভাগের ফলে তাঁরা সে প্রভাব প্রতিপত্তি থেকে বঞ্চিত হয়ে পডবেন। কায়েমী বার্থ ও প্রেণীপ্রাধান্য অন্ধুর রাখার সপক্ষে এ যুক্তি বটে।

-(A. Hamid: Muslim Separatism in India, p. 89)

বাংশার মুসশমানক্রের ইতিহাস ৩৩৭

বিতাগ রাদ করার পেছনে যে কোন মহৎ উদ্দেশ্য ছিল না, বরঞ্চ বলতে গেলে ছিল এক চরম দুরতিসন্ধি, তা উপরের কথায় সুম্পট্ট হ'য়ে যায়। বংগতংগ রাদ ছিল মুসলমানদের উপর এক চরম খাঘাত। মুসলমানদের বুকতে বাকী ছিলা না যে সরকার ডাদেরকে প্রভাবিত করেছে। তাদের আনুগতোর বিনিমরে তানেরকে বক্তিত করা হয়েছে তাদের ন্যায়সংগত অধিকার থেকে। এ সম্পর্কে মুশতাক হোসেন তাঁর এক নিবন্ধে বলেন.

"মসলমানরা এ পদক্ষেপকে (উভয় বাংলার একট্রাকরণ) অবজ্ঞার চোখেই দেখবে। ব্রিটিশ মন্ত্রীমন্ডলী কার্জনের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করতে অস্বীকার করেন। জতঃপর উত্তয় বাংদার একত্রীকরণ এটাই প্রমাণ করে যে কর্তপক্ষ পংগু হয়ে পড়েছেন। ভবিষ্যতে ব্রিটিশ সরকারের প্রতিশ্রুতির উপর কেউ আন্থা পোষণ করতে পারবে না। · · · জামরা এ চড়ান্ত সিদ্ধান্ত পান্টাবার কোন আন্দোলন করব না। কিন্তু আমাদের দাবী এই যে বিভাগের ফলে পূর্ব বাংলার মুসলমানগণ ষেসৰ সুযোগ সুবিধা লাভ করেছিল, তা যেকোন ভাবে তাদের জন্যে সুনিশ্চিত করতে হবে। · · · গ্রিপদী ও পারস্যের ব্যাপারে ব্রিটিশ নীতি মুসলমানদেরকে থৈৰ্যের শেষ সীমায় পৌছিয়ে দিয়েছে। • • এই সর্বশেষ আঘাত আমাদের হতাশা ও নৈরাশ্য বাডিয়ে দিয়েছে। · · · এই কঠোর পদক্ষেপ জামাদের জাতির মনে তিক্ততার সৃষ্টি করেছে। তারা ভাবতে তরু করেছে যে কংগ্রেস থেকে সরে থেকে বিশেষ লাভ হয়নি। কেউ বা হয়তো মুসলিম লীগ ছেডে কংগ্ৰেসে যোগদান করবে। এতদিন ধরে ঠিক এইটাই কংগ্রেস প্রত্যাশা করছিল। কিন্তু আমরা এরূপ চিন্তাধারার সাথে একমত নই। আমরা আমাদের নিজম্ব প্রতিষ্ঠান বিসর্জন দিয়ে একটি শক্তিশালী সংখ্যাগরিষ্ঠের মধ্যে মিলে মিশে একাকার হয়ে যেতে পারি না। এ হচ্ছে স্বাত্মহত্যার পথ। একটি দ্রোতশ্বিনী সমৃদ্রে মিলিত হওয়ার পর তার সভা হারিয়ে ফেলে। সরকারের প্রতি খানুগত্য থাকার কারণে খামরা কংগ্রেসের প্রতি শব্রুভাবাপর নই। আনুগত্যই আমাদের আসল উদ্দেশ্য নয়, বরঞ্চ উদ্দেশ্য সাধনের উপায় মাত্র। আনুগত্য সর্বদাই শর্তসাপেক্ষ। আনুগত্য অসম্ভব রকমের চাপ সহা করতে পারে না।

· · · এ দিবালোকের মতো সুম্পষ্ট যে, মুসলমানগণ সরকারের প্রতি আর আস্থা স্থাপন করতে পারে না। আমাদের নির্তর করতে হবে খোদার উপরে এবং আমাদের চেষ্টাচরিত্রের উপরে। · · · এদিক দিয়ে যদি আমরা সুসংবদ্ধ হতে পারি তাহপে সরকার আমাদের অনুভৃতিকে শ্রন্ধা করতে বাধ্য হবেন। যা কিছু ঘটেছে তার থেকে আমাদেরকে শিক্ষা গ্রহণ করতে হবে।

—(Zuberi : Tazkira Waqar, pp. 228-40; A. Hamid : Muslim Separatism in India, p. 91)

১৯১২ সালে মার্চ মাসে কোলকাতায় অনুষ্ঠিত মুসলিম লীগ অধিবেশনের সভাপতির ভাষণে বংগভংগ সংগ্রামের আহত সৈনিক খান্তা সলিমুল্লাহ বলেনঃ

বংগভংগের বিরুদ্ধে আন্দোলন থেমে যাওয়ার পর প্রসংগটি পুনরায় উত্থাপনের কোন ন্যায়সংগত কারণ কোন দায়িতুশীল বিবেক সম্পন্ন ব্যক্তি ভাবিষ্কার ব্দরতে পারেনি। এ বিভাগ ১৯০৫ সালে অনুষ্ঠিত হয়ে ১৯১১ পর্যন্ত বলবৎ ছিল। মুসলমানদের আশা আকাংখার সম্ভাবনা দেখে আমাদের শন্ত্রুগণ ব্যবিদ্ধ হয়ে পড়লেন। প্রকৃত পক্ষে বিভাগের ফলে আমরা তেমন বিশেষ কিছুই লাভ করিনি। যতটুকুই লাভ করেছিলাম আমাদের প্রতিবেশী অন্য সম্প্রদায় স্বর্গমর্ত্য আলোডন সৃষ্টি করে তাও আমাদের নিকট থেকে কেড়ে নিল। হত্যা ও দস্যবৃত্তি করে তারা প্রতিশোধ গ্রহণ করলো, তারা বিলাডী দ্রব্যাদি বর্জন করলো। সরকার এতে কিছুই মনে করলেন না। এসব হত্যাকান্ডে মুসলমানগণ অংশগ্রহণ না করে সরকারের প্রতি অনুগতই রইলো। • • বিভাগের ফলে মসলমান কম্বককল লাভবান হলো। হিন্দু জমিদারগণ তাদেরকে আলোলনে টেনে নামাবার চেষ্টা করলো। কিন্তু তারা কর্ণপাত করলো না। এতে করে হিন্দু মুসলিম সংঘর্ষ শুরু হলো। সরকার দমননীতি অবলয়ন করলেন। তাতে ফলোদয় হলো না। একদিকে ছিল সম্পদশালী বিক্ষুব্ধ সম্প্রদায় এবং অপরনিকে নরিদ্র মুসলমান এবং এরা ছিল সরকারের সাথে। এভাবে কয়েক বৎসর অভিবাহিত হলো। আকৃষিকভাবে সরকার বিভাগ রদ করে দিলেন। এ বিষয়ে আমাদের সাথে কোন আলাপ আলোচনাও করা হলো না। (Ahmad, Ruh-i-Raushan Mustagbil, pp. 58-59; A. Hamid: Muslim Separatism in India, p. 92)-

১৯২৩ সালে কোকোনাদায় অনুষ্ঠিত ভারতীয় জাতীয় কংগ্রেসের বিশেষ অধিবেশনে মাওগানা মুহামদ আলী তাঁর সভাপতির ভাষণে বংগভংগ রদের তীব্র প্রতিবাদ করে বলেন ঃ "আনুগত্যের পুরস্কার স্বরূপ তাদের সদালভ্র অধিকার সমূহ থেকে তাদেরকে বঞ্জিত করা হলো এবং সেরকারের প্রতি) সভোষ প্রকাশকে চরম অপরাধ বলে শান্তি দেয়া হলো। এ এমন এক ঘূণ্য দৃষ্টান্ত যা ইতিহাস থেকে বৃঁজে বের করা কঠিন হবে।"

-(Iqbal: Select Writings & Speeches, p. 162)

ব্রিটিশ সরকার যে মুসলমানদের সাথে বিধাসঘাতকতা করেছিলেন, ডিগবাজী খেয়েছিলেন, মুসলমানদের প্রতি যে চরম অন্যায় করা হয়েছিল এবং এক প্রেণীর সন্ধাস ও হিংসাত্মক কার্যকলালের গুন্যে তাঁদের চির গর্বিত মন্তক অবনত হয়েছিল, এ অনুভৃতি তাঁদের অনেকেরই মধ্যে এসেছিল। ব্রিটিশ পার্লামেন্ট কর্তৃক অনুমোদিত দীর্ঘ দিনের সুচিন্তিত সিদ্ধান্তকে সাত বৎসর পর রাজা পঞ্চম ঋর্জের মুখের ঘোষণা দ্বারা পরিবর্তিত করে দুনিয়ার সামনে তাঁদের মর্যাদা যে ক্ষুণ্ন হয়েছিল এ অনুভৃতিও তাঁদের ছিল। তাই অনেকে বংগতংগের কার্যকারণের ইতিহাসকে বিকৃত করে রাজা পঞ্চম জর্জের মন রক্ষার চেট্টা করেছেন।

অবশেষ পূর্ব বাংপার মুসলমানদেরকে সাজ্বনা দেবার জন্য এবং বংগভংগ রদের দর্মল তাদের যে বিপুল কতি হয়েছিল তার কতিপুরণ ব্রুপ্রণ তারায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত সরকার করেন বাতে করে এ অঞ্চলের অনুরত লোকদের উভশিক্ষার ব্যবস্থা হতে পারে। দুই বাংলার একট্রীকরণে বাংলার হিন্দুগণ আনন্দে গদগদ হয়েছিল ঠিকই, কিন্তু মুসলমানদের কোন প্রকার উরতি ও সুখ সমৃদ্ধি তারা বরদাশত করতে কিছুতেই রাজী ছিল না। তাই সরকার কর্তৃক ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্তে তাদের মাণায় যেন আবার বজাঘাত হলো। কতিপয় কংগ্রেস নেতৃবৃন্দ অগ্রিশর্মা হয়ে এ সিদ্ধান্তের তীর প্রতিবাদ করেন। যেহেতু কোলকাতা বিশ্ববিদ্যালয় ইল হিন্দু শিক্ষা, সংস্কৃতি ও প্রভাবের মৃল উৎসকেন্দ্র, সেজন্য আর একটি প্রতিদ্বন্ধী শিক্ষাকেন্দ্র স্থাপিত হলে প্রথমটির মর্যাদা ক্র্য়া হবে বলেও তাঁরা প্রচার করতে লাগলেন। সুরেন্দ্রনাথ ব্যানার্জির নেতৃত্বে একটি প্রতিনিধিদল অবিলয়ে বড়োলাট লর্ড হার্ডিঞ্জের সাথে সাক্ষাৎ করে। তাঁরা বলেন যে, প্রদেশে আর একটি বিশ্ববিদ্যালয় স্থাপনের ফলে জাতীয় জীবনের শান্তি সম্প্রীতি বিন্ট হবে। উতয় বিশ্ববিদ্যালয়ের এলাকার্যীন

শ্বধিবাসীদের মধ্যে বিরাজমান শ্বনৈক্য উত্তরোপ্তর বর্ধিত হবে। তাঁরা বড়োলাটকে এ বিষয়েও সাবধান করে দেন যে, নতুন বিশ্ববিদ্যালয়ের সূচনা হবে শুতাত নগণ্য ও হাস্যকর। কারণ, তাঁদের মতে, যথেষ্ট প্রজ্ঞাসম্পন্ন শিক্ষার্থীর অভাব হবে এবং মূলতঃ মুসলমান কৃষিজীবীদের জন্যে প্রস্তাবিত উচ্চশিক্ষার প্রতিষ্ঠানের কোন মূল্য হবে বলেও তাঁদের সন্দেহ আছে।

—(Govt. of India, Speeches by Lord Hardinge of Penhurst, Vol. 1, pp. 203-20, Calcutta, 1916)

এ সম্পর্কে বাংলার মুদাগিম জননেতা মরহম এ কে ফল্রুল হক বংগীয় ব্যবস্থাপক সভায় ১৯১৩-১৪ সালের বাজেট অধিবেশনে যে বজ্ঞা করেন তা বিশেষ উপ্রেখযোগ্য বলে তার কিঞ্চিত উদ্ধৃত করলাম। তিনি তাঁর বজ্ঞায় বলেনঃ

"ভারত সরকারের ২৫শে আগস্টের প্রতিবেদনে প্রতিশ্রুতি দেয়া হয় যে, বংগতংগ রদের দরুল যে পরিবর্তন সাধিত হয়, তার বারা মুসলিম স্বার্থ ক্ষুপ্র হবে না, তারপর আঠার মাস অতিবাহিত হয়ে গেল এবং এখন দেখার সময় এসেছে তাঁরা তাঁদের প্রতিশ্রুতি কতথানি পালন করেন। দিল্লী দরবারের ঘোষণার অৱদিন পর মহামান্য বডোলাট যখন ঢাকায় পদার্পণ করেন, তখন প্রত্যেকেই আশা করেছিল যে, মুসলমানদের সম্ভুষ্টি বিধানের জন্য তিনি কোন একটা ঘোষণা করবেন। অবশ্য আমরা ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা শুনতে পেয়েছি। কিন্তু আমি অবশ্যই বলব যে আমরা যা আশা করেছিলাম, সেদিক দিয়ে এ অভি তৃষ্ট। আমি ঢাকা বিশ্ববিদ্যালয়ের গুরুত্বকে ছোট করতে চাই না। কারণ, পূর্ব বাংলার শিক্ষার উন্নয়নে যে অন্তরায় সৃষ্টি হয়েছিল, তা এর দারা বিলুরিত হবে। একটি মুসলিম অধ্যবিত কেন্দ্রে একটি আবাসিক বিশ্ববিদ্যালয়ের অশেষ সুযোগ সুবিধার কথাও অস্বীকার করিনা। কিন্তু এই যে বলা হচ্ছে এ বিশ্ববিদ্যালয়টি শুধু মুসলমানদের উপকারার্থে করা হচ্ছে অথবা এটা হচ্ছে মুসলমানদেরকে খুশী করার একটা বিশিষ্ট পদক্ষেপ— আমি এসবের প্রতিবাদ করছি। বডোলাট मुम्लेष्टेठारव वरलंड्न, 'এ विश्वविनालग्न दिन् गुमलभान উठरावरे करना এवर ভাই হওয়া উচিত।' এ সংকৃচিত করা হয়েছে এই ভয়ে যে হিন্দুদের মধ্যে আবার বংগতংগের প্রতিক্রিয়া জাগ্রত হতে পারে। এই যে বিশ্ববিদ্যালয়ের সাথে পরিকল্পিত একটি মুসলিম কলেজ এবং ফ্যাকান্টি অব ইসলামিক স্টাভিজ্—

এটাকে মুসলমানদের প্রতি অনুগ্রহ করার অভিগ্রায় বলেও ধরা যেতে পারে না। কারণ অর্থশতান্দীর অধিককাল যাবত যোল আনা শিক্ষক-কর্মচারী ও প্রয়োজনীয় সকল সরঞ্জামাদি সহ সরকার কোলকাতায় একটি একচেটিয়া হিন্দু-কণেজ চালিয়ে আসছেন এবং ঢাকায় একটি মুসলিম কলেজ হলে তা হবে মুসলমানদের দীর্ঘ দিনের খবহেলিত দাবীর দীর্ঘসূত্রী স্বীকৃতি। ইসলামিক স্তাভিজ বিভাগ সম্পর্কে কথা এই হে, যে অঞ্চলে মুসলমানগণ দীর্ঘকাল যাবত জারবী ও ফার্সী শিক্ষার বাসনা পোষণ করে আসছে, দেখানকার বিশ্ববিদ্যালয়ের কারিকলামের শুধ স্বাভাবিক ফল মাত্র এই ইসলামিক স্টাভিজ বিভাগ। এটা ' সকলের জানা না থাকতে পারে যে, পূর্ব বাংলার জেলাগুলি থেকে অধিক সংখ্যক ছাত্র বাংলাদেশের মাদ্রাসাগুলিতে পডাগুনা করে এবং এই শ্রেণীর অধিবাসীদের প্রয়োজন পুরণ ও শিক্ষাগত যোগ্যতা অর্জনের কোন ব্যবস্থা ব্যতীত একটি বিশ্ববিদ্যালয় কিছুতেই ন্যায়সংগত হতোনা। স্বামি আশা করি সরকারী কর্মকর্তাগণ এ কথা উপলব্ধি করবেন যে, যদিও মুসলমানগণ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পঞ্চেই রায় দিয়েছে, কিন্তু এটাকে, এমনকি একটি মুসলিম কলেজ এবং ফ্যাকান্টি অব ইসলামিক স্টাডিজকেও তাদের প্রতি কোন অনুগ্রহ বলে ভারা মনে করে না।

—(Bangladesh Historical Studies : Speech on the Budget for 1913-14, pp.149-50)

উপরের আপোচনায় এ কথা সুস্পষ্ট হয়েছে যে, বংগভংগ, ঢাকায় বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা, তথা মুসলমানদের কোন সুযোগ সৃবিধার ব্যালারে হিন্দু ভারত ও ইংরেজনের মানসিকতা ও আচরণ কি ছিল।

বংগভংগ ও বংগভংগ রনের ফলে মুসলমানরা কি লাভ করলো আর কি হারালো ভাই আমাদের যাচাই পর্যাপোচনা করে দেখা দরকার।

সূষ্ঠ্ব ও সুসমঞ্জস প্রশাসনিক ব্যবস্থার প্রয়োজনে ভারতের ব্রিটিশ আমলাগণ বহু দিন যাবত কভিপয় প্রাদেশিক এলাকার পুনর্বন্টন ও পুনর্বিন্যাসের চিন্তাভাবনা করছিলেন এবং এ বিষয়ে সেক্রেটারিয়েটে ফাইলের পর ফাইল তৈরী হয়েছিল। লর্ভ কার্ভান এসবকে ভিন্তি করে সর্ববৃহৎ প্রদেশ বাংলাকে বিভক্ত করে 'পূর্ববাংলা ও আসাম' নামে একটি নতুন প্রদেশ গঠন করেন। বাংলার মুসলমানদের এ বিষয়ে কোন ধ্যান–ধারণাই ছিল না। অবশ্য বিভাগের ফলে মুসলিম অধ্যুষ্টিত

পূর্ববাংলার মুসলামানদের সর্ববিধ মংগল ও উন্নতির আশা পরিলক্ষিত হলো। বাংলার হিন্দু নেতৃবৃন্দ মুসলমানদের তবিষ্যৎ সুধোগ স্বিধায় নিছক ঈর্বানিত হয়ে বিতাগের বিরুদ্ধে তীব্র আন্দোলন শুরু করেন। সে আন্দোলন পরে সন্তাসবাদ ও হিংসাত্মক কার্যকলাপের রূপ গ্রহণ করে। এ ব্যালারে মুসলমানদের প্রতি হিন্দু মানসিকতা সুস্পন্ত হয়ে উঠে। তারতভূমিতে মুসলমানগণ তাদের অন্তিত্ব, তাহজিব তামান্দ্ন, কৃষ্টি ও ঐতিহাকে বিপন্ন মনে করে। আত্মরন্দার জন্যে 'মুসলিম লীগ' নামে তারতীয় মুসলমানদের জন্যে একটি সর্বতারতীয় রাজনৈতিক প্রতিষ্ঠান কায়েম হয়। তারতের হিন্দু মুসলিম মিলে একজাতীয়তার ছয়ানামে মুসলমানদের স্বাতক্র বিপৃপ্ত করে তানেরকে হিন্দুজাতীয়তার মধ্যে একাকার করার বড়যন্ত্রও মুসলমানরা উপলব্ধি করে। আগা খানের নেতৃত্বে ৩৬ জন বিশিষ্ট মুসলিম নেতৃবৃন্দের একটি প্রতিনিধি দল বড়োলাটকে তাঁসের এ আশংকা ব্যাখ্যা করে পৃথক নির্বাচন প্রথা নাবী করেন। পরে ব্রিটিশ সরকারও এর বৌক্তিকতা উপলব্ধি করে পৃথক নির্বাচন প্রথার প্রবর্তন করেন। মুসলমানগণ একটি পৃথক জাতি হিসাবে স্বীকৃতি লাভ করে, যার ফলপ্রণতি স্বরূপ— তারত বিশুক্ত হয় এবং তারত ও পাকিস্তান নামে দুটি স্বাধীন রাক্টের অস্তিত্ব লাভ হয়।

### পঞ্চদশ অখ্যায়

## উনিশ শ' হয় থেকে ছত্রিশ

উনিশ শ' হয় থেকে ছত্রিশ—এ তিরিশ বছরের ইতিহাস মুসলমানদের আধাদী আন্দোলনের এক গুরুস্থপূর্ণ জধ্যায়। তবুও বলতে হবে এ তিনটি দশকে তারা ছিল আশা–নিরাশার ছম্মে জর্জন্তিত এবং কখনো কখনো দেখতে পাই তাদের রাজনৈতিক মানস নৈরাশ্যে থিমিয়ে পড়েছে।

এ দশকত্রয়ের দৃটি প্রান্তসীমা ছিল দৃটি বৈশিষ্ট্যে উচ্জ্বল ও প্রাণবন্ত। ১৯০৬ সালে মুসলনানদের স্বতন্ত্র জাতীয়তার উন্দেবে আশার উচ্জ্বল আলোকে উদ্ধাসিত এবং ছব্রিশে তারত শাসন আইন (India Act of 1935) অনুযায়ী স্বতন্ত্র জাতি হিসাবে পৃথক নির্বাচনের ভিত্তিতে নির্বাচনে অংশগ্রহণে তৎপর। মাঝের সময়কালটুকু কেটেছে প্রতিবেশী হিন্দু সম্প্রদায়ের সাবে দ্বলু কলহে, আত্রপ্রতিষ্ঠার সংগ্রাম ও প্রতিযোগিতায়, ব্রিটিশ সরকারের কাছে মুসলমানদের আত্রপ্রতায় বিশ্লেষণে এবং তার সাবে সাবে চলেছে আয়াদী আন্দোলনও।

১৯০৫ সালে পর্ত কার্জন বংগ বিভাগের প্রস্তাব দিয়েছিলেন শাসনতান্ত্রিক সুবিধার জন্যে। কিন্তু বংগ বিভাগ ষখন হলো এবং মুসলিম অধ্যুষিত পূর্বাঞ্চলের অবহেলিত মানুষের শিক্ষাদীকা ও বৈধায়িক উন্নতির হার উন্নুক্ত হলো, তখন এ বিভাগের তীব্র বিরোধিতা শুক্ত করলো গোটা হিন্দু সমাজ। তাদের এ অন্ধ বিরোধিতায় এ সত্যাটিই উদঘাটিত হলো যে হিন্দু মুসলমান লৃটি খতর জাতি, তাদের আশাআকা গ্র্মা, ধর্মকর্ম, জীবনের দৃষ্টিতংগী, সমাজ সংস্কৃতি, রাজনীতি ও অর্থনীতির গতিধারা সম্পূর্ণ খতর ও পূর্থক। এ চেতনায় উদ্বৃদ্ধ হয়ে ১৯০৬ সালে একটি শক্তিশালী মুসলিম প্রতিনিধিদলের পক্ষ থেকে পূর্থক নির্বাচনের দাবী সরকার সমীপে পেশ করা হয়। জাতীয় খাতব্রের জনো রাজনৈতিক খাতন্ত্র অপরিহার্য বিধায় ১৯০৬ সালে 'মুসলিম গীগ' নামে ঢাকার বুকে মুসলমানদের একটি রাজনৈতিক প্রতিষ্ঠান—নতুন রাজনৈতিক ও জাতীয় চেতনার অবশ্যজারী ফল।

ভারতীয় জাতীয় কংগ্রেসের গালভরা বুলি ছিল এক—জাতীয়তাবাদের। কিছু বংগতংগ রদের জন্যে সমগ্র হিন্দুজাতির ঐক্যবদ্ধ আন্দোপন তাদের এক- জাতীয়তাবাদের মুখোশ উন্যোচন করে দেয়। হিন্দু মুদলমানের খাতন্ত্রা পরিদত্তী হয়ে পড়ে, পারস্পরিক তিজতা উপ্তরোপ্তর বর্ষিত হতে থাকে এবং শেষ পর্যন্ত সাম্প্রদায়িক সংঘর্ষের রূপ ধারণ করে। পলাশীর বিয়োগান্ত নাটকের পর থেকে উনবিংশ শতান্দীর চতুর্থ পাদ পর্যন্ত ইংরেজ কর্তৃক যে মুদলিম দলন চলেছিল, তাতে হিন্দুরা উন্নাদবোধ করতো এবং এটা একথারই প্রমাণ বহন করে যে হিন্দুরা ছিল ইংরেজদের একান্ত বশংবদ ও প্রিয়পত্রে। পক্ষান্তরে মুদলমানরা ছিল তাদের কাছে অবিখাস্য ও শক্রা। কিন্তু বংগতংগ, পৃথক নির্বাচন প্রতৃতির হারা তাদের মনে যখন এ ধারণার সৃষ্টি হয় যে, মুদলমানদের প্রতি ব্রিটপের মনোভাব পরিবর্তিত হয়েছে এবং ভারা হয়েছে ভাদের প্রতি সহানুত্তিশীল, তখন হিন্দুদের আক্রেশ তাদের ব্রিটিশ প্রতুদের উপরেও পড়ে। তারপর শুরু হয় ব্রিটিশ বিরোধীসন্ত্রাসবাদ।

রাজা পঞ্চম স্কর্জ ও রাণী মেরী ১৯১১ সালে তারত ত্রমণে আসেন। তাঁদের
আগমন উপলক্ষে দিল্লীতে বিরাট আড়স্বরপূর্ণ এক দরবার অনুষ্ঠিত হয়। দরবার
শেবে রাজা সকলকে স্কঞ্জিত করে নিয়ে ঘোষণা করলেন, তারতের রাজধানী
কোলকাতা থেকে স্থানান্তরিত হবে দিল্লীতে। পরের ঘোষণাটি অধিকতর
বিষয়কর ও অপ্রত্যাশিত। তিনি ঘোষণা করেন যে, বংগভংগ রদ করা হলো। এ
ছিল মুসলামানদের প্রতি চরম বিশ্বাসঘাতকতা এবং মুসলমানদের প্রতি তাদের
চিরাচরিত মনোভাবের বহিঃপ্রকাশ। এতে মুসলমানদের মধ্যে ব্রিটিশ বিরোধিতা
তীবতর হয়ে উঠে।

পক্ষান্তরে বংগতংগ রনে হিন্দুরা আনন্দ উল্লাসে ফেটে পড়ে। এর ফলে একনিকে যেমন হিন্দু ও মুসলমানের মধ্যে আদর্শিক ও রাজনৈতিক পার্থক্য ও দূরত্ব বাড়তে থাকে, তেমনি বাড়তে থাকে মুসলমানদের ব্রিটিশ বিরোধিতা। মুসলিম লীগের তিন দকা উদ্দেশ্যের মধ্যে প্রথম দফাতেই ব্রিটিশের প্রতি আনুগত্য সৃষ্টির উল্লেখ। কিন্তু রাজা পঞ্চম জর্জের দ্বিতীয় ঘোষণাটি তাদের চিন্তাধারাকে প্রবাহিত করলো তিন খাতে। ১৯১২ সালে অনুষ্ঠিত মুসলিম লীগ অধিবেশনে মুসলমানদের ক্রমবর্ধমান বিক্ষোতের সাথে সামঞ্জসা রেখে সংগঠনের উদ্দেশ্যকে প্রসারিত করার প্রস্তাব গৃহীত হলো। এ ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রস্তাব। এ পরিবর্তিত প্রস্তাব লীগের সম্মুখে পূর্ণ আমাদী অর্জনে স্থির লক্ষ্যকে প্রতিষ্ঠিত করলো। ফলে মুসলিম মধ্যবিত্ত প্রেলীর দৃষ্টিও এদিকে আকৃষ্ট হলো।

উল্লেখ্য যে মুহাম্মদ আলী জিল্লাই লীগের উক্ত অধিবেশনে যোগদান করেছিলেন। তবে লীগের সংগঠন সম্পর্কে তীর মধ্যে তথনো কোন উৎসাহ উন্দীপনা দেখতে পাওয়া যায়নি। লীগের প্রতি তীর জনীহা প্রদর্শনের কারণ এই ছিল যে, তথন পর্যন্ত তীর মনে এ ধারণা ছিল যে লীগের নীতি ছিল সম্প্রদায় কেন্দ্রিক। তিনি ছিলেন কংগ্রেসের একজন অত্যুৎসাহী সদস্য এবং বিশ্বাসী ছিলেন হিন্দু মুসলিম ঐক্যে। তিনি রাজনীতিতে লীক্ষা গ্রহণ করেন গোপাল কৃষ্ণ্য গোখেলের কাছে। গোখেল মন্তব্য করেছিলেন, "হিন্দু মুসলিম ঐক্যের দৃত হওয়ার যোগাতা জিল্লাহর আছে।"

আনুষ্ঠানিকতাবে লীগের সদস্য হওয়াকে তিনি কংশ্রেমের সদস্য থাকার বিরোধী মনে করেননি বলে লীগেরও সদস্য হন। তীর একান্ত বাসনা ছিল লীগ ও কংগ্রেমের সদস্য থেকে তিনি হিন্দু মুসলমানকে ঐক্যবদ্ধ করার চেষ্টা করবেন। অপ্রাণ চেষ্টাও করেন তিনি। কিন্তু তীর অক্লান্ত মিলন প্রচেষ্টায় তিরি লক্ষ্য করেন যে, হিন্দু মুসলমানের মিলন ত দুরের কথা সাম্প্রলায়িক সংঘর্বের মাধ্যমে তানের স্বাতন্ত্রা সুস্পষ্ট হয়ে উঠছে। তানের উত্তরের রাজনৈতিক লক্ষ্য ও উদ্দেশ্য পৃথক এবং তানের কর্মধারাও পৃথক পৃথক খাতে প্রবহুমান।

উনিশ শ' চৌন্দতে প্রথম বিশ্ব মহাযুদ্ধ শুরু হলে কংগ্রেস ও মুসলিম লীগ উত্তরেই এ সময়ে বিশিকে সাহায্য করে। এ সময়ে হিলু মুসলিম মিগনের প্রচেষ্টা খুব জারনার হয়। ১৯১৬ সালে কংগ্রেস-লীগের এক যুক্ত কমিটিতে পক্ষৌ চুক্তি সম্পাদিত হয়। এ চুক্তির দৃটি ফল হয়েছিল। এক— এ চুক্তি পরবর্তীকালের খেলাফত আন্দোলন কালীন কংগ্রেস লীগ ঐক্যের পূর্বসূত্র চিহ্নিত করে। দৃই— এ চুক্তির ভিতর দিয়ে একজাতীয়তাবাদের ধ্বজাধারী ভারতীয় জাতীয় কংগ্রেস লীগের রাজনৈতিক অন্তিত্ব ও গুরুত্ব স্থীকার করে নেয়। কংগ্রেস ভারতীয় আইন পরিষদের মোট নির্বাচিত সদস্যদের একতৃতীয়াংশ মুসলমানদেরকে দিতে রাজী হয়। বাংলাদেশে তারা পাবে শতকরা ৪০টি, পাঞ্জাবে ৫০টি, বিহারে ২৫টি, যুক্ত প্রদেশে ৩০টি, এর সাথে পৃথক নির্বাচন ব্যবস্থা মেনে নিয়ে কংগ্রেস মুসলিম জাতির স্থাতন্ত্র্য স্থীকার করে নেয়।

কিন্তু লক্ষ্ণৌ চুক্তির বিরুদ্ধে হিন্দুদের পক্ষ থেকে প্রবল বিরোধিতা ভরু হয় এবং তারতের বিভিন্ন অঞ্চলে সাম্প্রদায়িক হাংগামাও ভরু হয়। এ জিনিসটি কয়েকবার লক্ষ্য করা হয়েছে যে, যথনই কোন কিছুর তিন্তিতে হিন্দু ও মুসলমানের মধ্যে মিলনের প্রচেষ্টা করা হয়েছে তথনই সংখ্যাগুরু দল সাম্প্রদায়িক হাংগামার সূত্রপাত করে মিলন প্রচেষ্টাকে বানচাল করেছে।

এ কালের তিনটি ঘটনা ইতিহাসে প্রসিদ্ধি লাভ করেছে। খেপাফড আন্দোলন, মোণলা বিদ্রোহ ও হিঞ্জরত আনোলন। তার পটভূমিকা বর্ণনা করাও প্রয়োজন বোধ করি।

প্রথম বিশ্বযুদ্ধে কংগ্রেস ও মুসদিম লীগ ব্রিটিশের সাথে পূর্ণ সহযোগিতা করে। তার কতজ্ঞতাস্বরূপ তারা আশা করেছিল ব্রিটিশ সরকার তাদের নিমুত্ম দাবীসমূহ মেনে নিবে। ১৯১৭ সালে হাউস অব কমন্দে তদানীন্তন সেক্রেটারী অব ষ্টেট যে ঘোষণা পাঠ করে শুনান, তাতে ভারত উপমহাদেশে একটি দায়িন্তুশীল সরকারের ক্রমপ্রতিষ্ঠার প্রতিশ্রুতি ছিল। কিন্তু ১৯১৯ সালে যে মন্টেগু চেমন্ ফোর্ভ সংস্থার পরিকল্পনা ঘোষণা করা হয়, তা ছিল লক্ষ্মে চুভিন্ন বিশ্লেষিত দাবীসমূহের পটভূমিতে খুবই অপ্রভূল। এ সালের আর একটি বিধিবদ্ধ জাইন, যা বড়োলাট জাইন বলে পরিচিত, ভারতীয়গণকে বিশিত ও বিশ্বন করে। এ আইনে জরীর পরামর্শ ব্যতিরেকেই রাষ্ট্রবিরোধীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের অধিকার সরকারকে দেয়া হয়েছিল। ভারতে যে কোন আন্দোলন দমন করার জন্যেই যে এ আইন পাশ করা হয়েছিল, তা ভার কারো বুঝতে বাকী রইলো না। যদ্ধকালীন অকৃষ্ঠ সমর্থনের এই পুরস্কার দেয়া হলো ভারতবাসীকে। এ আইন পাশ হলো ১৮ই মার্চ, গান্ধী তার প্রতিবাদে দেশব্যাপী হরতাল আহবান করলেন ৩০শে মার্চ। হরতাল করতে গিয়ে গ্রচন্ড সংঘর্ষ হলো পাঞ্জাবে। তার ফলে নৃশংস হত্যাকান্ড অনুষ্ঠিত হলো জালিয়ানওয়ালাবাগে। জেনারেল ডায়ার নিমর্মভাবে ১৬৫০ রাউভ গুলী চালিয়ে ৩৭৯ জনকে নিহত ও ১১৩৭ জনকে আহত করে এ লেশে রিটিশ শাসনের এক অতি কলংকময় অধ্যায় সংযোজন \$ (5)

### থেলাফত আন্দোলন

এসব ঘটনার সাথে সম্পৃক্ত খেলাফত আন্দোলন। তবে এ সম্পর্কে আরও কিছু কথা বলে রাখা দরকার। ভারতীয় মুসলমানরা এ দেশের শাসনক্ষমতা হারিয়ে মনোবেদনা ও আ্বাভিমানে দিন কাটাক্ষিল। তারা তাদের এ

মনোবেদনায় কিছুটা সান্ত্রনা লাতের চেষ্টা করেছিল তুরস্কের সূলতানকে অবলম্বন করে। তুরস্ক শুধু মুসলিম রাষ্ট্রমাত্র ছিলনা, বরঞ্চ তুরস্কের সুলভানকে মুসলিম জাহানের খলিফা ও মসলিম জাহানের ঐক্যের প্রতীক মনে করা হতো। অবশ্য যতোদিন ভারতে মুগল সাম্রাঞ্জ্য শক্তিশালী ছিল, ততোদিন তুরঞ্জের সুলতানকে এ মর্যাদা দেয়া হয়নি। যাহোক, পরবর্তীকালে মুসলমানদের মধ্যে প্যানইসলামী চেতনা তরস্ককে মুসলিম ঐক্যের প্রতীক হিসাবে গ্রহণ করে। প্রথম বিশ্বযুদ্ধে তুরস্ক ব্রিটিশের বিপক্ষ দলে যোগদান করে। তারতীয় মুদলমান আশা করেছিল, ব্রিটিশকে তাদের অকুষ্ঠ সমর্থনের কারণে তুরস্ককে কোন প্রকার শাস্তি থেকে জব্যাহতি দেয়া হবে। লয়েড জর্জ সে ধরনের জাধাসও দিয়েছিলেন। কিন্তু মুসলিম বিশ্বের ঐক্যপ্রতীক বিনষ্ট করাই ছিল রিটিশের উদ্দেশ্য। তার জনোই লরেন্সকে পাঠানো হয় আরবদের মধ্যে আরব জাতীয়তার বিষাক্ত মন্ত্রভারক হিসাবে। মভার শেরিফ শরীফ হসাইন হাশেমী লরেন্সের প্রচারণায় প্রভাবিত হয়ে 'আরবদের জাতীয় স্বাধীনতার' নামে বিশ্বমুসপিম ঐক্য উপেক্ষা করে মুসলমাননের বিরুদ্ধেই যুদ্ধ শুরু করে এবং এভাবে ভুরঞ্জের পূষ্ঠে ছরিকাঘাত করে। ভাষাভিত্তিক সংকীর্ণ জাঞ্চলিক জাতীয়তার বিষবাশে ভূরঞ্জের সূলতানাত তথা মুসদিম বিশ্বের ঐক্যপ্রতীক বিনষ্ট করাই ছিল ব্রিটিশের লক্ষ্য এবং তা ফলপ্রসূ হলো। প্রথম বিশ্বযুদ্ধে সমিলিত শক্তির জয় হলো এবং তারা যুদ্ধে জয়ী হবার সাথে সাথেই একটি গোপন চুক্তির মাধ্যমে বিরাট তুরস্ক সমোজ্যকে বাঁদরের পিঠা বন্টনের ন্যায় ভাগ বন্টন করে ফেলে। ১৯১৯ সালের মে মাসে উসমানী রাজধানীতে নামসর্বস্থ সুলতান রয়ে গেলো। আলুজিরিয়া থেকে বাহরাইন পর্যন্ত সমস্ত অঞ্চল খন্ডবিখন্ড করে ফ্রান্স, গ্রীস ও বুটোনের মধ্যে বিতরণ বন্ধা হগো।

এতাবে উস্মানীয়া রাষ্ট্রকে খন্ডবিঋন্ড করার কারণে তারতীয় মুসলমানদের মধ্যে তীব্র অসন্তোষ দেখা দেখা। মুসলিম নেতৃবৃন্দ তারতের তাইসরয়ের কাছে তাঁদের ক্ষোন্ড প্রকাশ করেন। মন্তলানা মুহাখদ আলী জন্তহর এবং সাইরেদ সুলায়মান নদ্তী প্রমুখ নেতৃবৃন্দের একটি প্রতিনিধি নল লন্ডন গমন করে ব্রিটিশ কর্তৃপক্ষের নিকটে তাঁদের মনোতার ব্যক্ত করেন। প্রত্যুত্তরে বলা হলো যে, তথু তুরস্কের তৃথন্ড ব্যতীত অন্যান্য অঞ্জল তুরস্ককে দেয়া যাবে না। তার জন্যে তুরস্কের খেলাফত পুনঃপ্রতিষ্ঠার জন্যে তারতে শুরু হয় প্রচন্ড খেলাফত আন্দোলন।

কংগ্রেস ও কংগ্রেস সমর্থক জমিয়তে ওলামায়ে হিন্দু থেপাফত আন্দোলনের প্রতি অকুষ্ঠ সমর্থন জ্ঞাপন করলো। ১৯১৯ সালের ১০ই আগস্ট সারা দেশে থেলাফত দিবস পালনের আহবান জানানো হলো। সারাদেশে হরতাল, বিক্ষোভ প্রদর্শন ও সভাসমিতির মাধ্যমে অভ্তপূর্ব ও অপ্রতিহত প্রাণচাঞ্চল্য শুরু হলো। এক মালের মধ্যে বিশ হাজার মুসলমান কারাদান্ডের জন্যে নিজেদেরকে পেশ করলো। হাটে ঘাটে মাঠে, শহরে বলরে প্রামেগজে মানুষের মুখে শুধু খেলাফত আন্দোলনের কথা এবং ভার জন্যে যে কোন ভাগে ও কুরবানী করার প্রস্তৃতি।

নভেম্বর মাসে দিল্লীতে খেলাফত কমিটির অধিবেশন শুরু হয়। মিঃ গান্ধী এতে যোগদান করেন। তিনি তার বক্তৃতায় ব্রিটিশ সরকারের সাথে 'অসহযোগিতার' নীতি অবগরনের পরামর্শ দেন।

১৯২০ সালের মে মাসে অনুষ্ঠিত খেলাফত কমিটির সক্ষেপনে 'অসহযোগ আন্দোলন' (Non-Cooperation Movement) করার দিদ্ধান্ত গৃহীত হয়। অসহযোগ আন্দোলনের মাধ্যমে ব্রিটিশের বিরুদ্ধে বিক্ষোত তীব্রতর হতে থাকে।

আমি বাংলাদেশের একটি প্রত্যন্ত পদ্মীর বিদ্যালয়ে ১৯২২ সালে সর্বপ্রথম হাতেবড়ি প্রহণ করি। যতোটা মনে পড়ে, সেই শৈশবকালে দেখেছি ছাত্র শিক্ষক, চারীমজুর ও ইতরতদ্রের মধ্যে খেলাফত পুনঃপ্রতিষ্ঠার সংকল্পে আপামর জনসাধারণ সৃদৃঢ় ও অবিচল। যে কোন ত্যাগ স্বীকার এবং হাসিমুখে জীবন দান করতে সদাপ্রস্তুত।

কিন্তু এতৰিছুর পরেও এ প্রাণবত্ত খেলাফত খালোলন অপমৃত্যুর সম্বুখীন হয়। তরস্কের কামাল আতাতর্ক অসীম সাহসিকতা ও বীরতের সাথে ইংরেজদের হাত হতে বহু অঞ্চল পুলৰ্দখন করোন। তৃতীজাতিকে করেন ঐক্যবদ্ধ এবং ত্রস্ককে পুনরায় গৌরবের মর্যাদায় ভৃষিত করেন। কিন্তু কমতা লাভ করার সাথে সাথেই ১৯৭২ সালের নভেষরে সুলভান মুহামদ হালেমকে ক্ষমভাচ্যভ করেন এবং ১৯২৪ সালের মার্চ মাসে তরস্কের সর্বশেষ ও কার্চপুত্তলিকাবং ৰলিফা সুলতান আবদুল মজিদকে দেশ থেকে নিৰ্বাসিত করে খেলাফতের উচ্ছেদ সাধন করেন। ভারতে খেলাফত আন্দোলন ব্যর্থতায় পর্যবসিত হয়। মসলমানদের মধ্যে নেমে খাসে হতাশা। ভষ্টর মঈনুল হক বলেন, "ভারত উপমহাদেশে খেলাফত আন্দোপনের সাথে সংখ্রিষ্ট মুসলমানদের প্রাণে চরম আঘাত করে কামাল আতাত্রকের পদক্ষেপ। সকলের চেয়ে বেশী প্রাণে আঘাত পান মওলানা মুহামন আলী। কারণ তিনিই ছিলেন এ আন্দোলনের উৎস ও প্রাণকেন্দ্র। যে শরীফ হুসাইন ছিল ব্রিটিশের তাবেদার এবং বে তার কার্যকলাপের হারা মুসলিম বিখের নিকটে অপ্রিয় হ'য়ে পড়েছিল, সে এখন খেলাফতের দাবীদার বলে ঘোষণা করলো। এ ব্যাপারে ব্রিটিশ তাকে কোন প্রকার সাহায্য করলোনা। ওদিকে ওহারী নেতা ইবলে সউলের অভিযান ব্যাহত করার শক্তিও তার হলোনা। বছর শেষ হবার সাথে সাথেই ইবনে সউদ মন্ধা ও তায়েফের উপর অভিযান চালিয়ে তা হস্তগত করেন এবং এভাবে হেন্ধাজের অধিকাংশ অঞ্চলের উপরে তিনি অধিকার বিস্তার করেন।"

—(Dr. Moyenal Huq, History of Freedom Movement Vol.-III, Part 1; আবৃল আফাক— একটি জীবন, একটি চিস্তাধারা, একটি আন্দোলন- (উর্দুগ্রন্থ), পৃঃ ৬৯)

## হিজ্যত আদোলন

বেলাফত আন্দোলনের সময়ে তারতে হিজরত আন্দোলন শুরু হয়। মওলানা আবুল কালাম আজাদ রাঁচাঁ জেল থেকে মুক্তি-লাতের পর হিজরত আন্দোলন শুরু করেন। আল্মেগণ ফতোয়া দেন যে তারত দারুল হরব এবং এখান থেকে হিজরত করে কোন দারুল ইসলামে যেতে হবে। আফগানিস্তানের বাদশাহ আমীর আমানুল্লাহ থান এক জন্মভায় ঘোষণা করেন যে, "ভারতীয় মুসলমানগণ

হিজরত করে অবশ্যই আমাদের দেশে আসতে পারেন।" মওলানা আজাদের প্রভাবে একেবারে চন্দু বন্ধ করে মুসলমানগণ হিজরতের জন্যে বন্ধপরিকর হয়। দিল্লীতে হিজরত কমিটি প্রতিষ্ঠিত হলো এবং যথারীতি অফিন খোলা হলো। এ আন্দোলনের ফলে, যার প্রেরণানানকারী ছিলেন স্বয়ং মওলানা আবৃল কালাম আজাদ, হাজার হাজার মুসলমান তাদের যথাসর্বস্ব বিক্রিকরে আফগানিস্তানের পথে রওয়ানা হলো। ১৯২০ সালের কেবলমাত্র আগন্ত মাসেই আঠারো হাজার লোক হিজরত করে চলে যায়। পাঁচ লক্ষ্ণ থেকে বিশ লক্ষ্য মুসলমান এজালোনর ফলে বাজুহারা হয়েছে এবং তাদের ভাগো জুটেছে বর্ণনাতীত দুর্গতি।

কিন্তু এ খান্দোলনের মৃলে ছিল নিছক একটি ঝৌকপ্রবণতা। কোন একটি স্চিপ্তিত পরিকল্পনা ছাড়াই এবং হিজরতের ফলাফল বিচার বিশ্লেষণ না করেই এ খান্দোলনে ঝীপ নেয়া হয়েছিল।

বাদী স্ফিয়ান বাফাকী বলেন, "মওদানা মওদুদী এবং তাঁর ভাই হিজরত করতে মনস্থ করেন। হিজরত কমিটির সেক্রেটারী মিঃ ভাজামল হোসেন ছিলেন তাদের স্বাস্থ্রীয়। তিনি ভ্রাত্ত্বয়কে হিজরতের জন্যে উদুদ্ধ করেন। কিন্তু স্বালোচনায় জানা গেল যে হিজরত কমিটির এ ব্যাপারে কোন সূষ্ট্র পরিকল্পনা নেই। দলে দলে লোক আফগানিস্তানে চলে গেলেও আফগান সরকারের সাথে এ ব্যাগারে কোন কথা কৰা হয়নি। মুফতী কেফায়েডুৱাহ ও মওলানা আহমদ সাইদ এ ব্যাপারে ছিলেন অগ্রগামী। মণ্ডদুদী সাহেব এ দুজনের সাথে দেখা করে একটি পরিকমনাহীন আন্দোলনের ক্রাট বিচ্যুতির প্রতি অংগুলি সংকেড করেন। তাঁরা ক্রটি স্বীকার করার পর মওদুদী সাহেবকে একটি পরিকরনা প্রণয়নের জন্যে অনুরোধ করেন। মন্তদুদী সাহেব বলেন যে, সর্বপ্রথম আফগান সরকারের নিকটে শুনতে হবে যে তাঁরা হিন্দুন্তান থেকে হিন্দরতকারীদের পুনরাসনের জন্যে রাজী আছেন কিনা এবং পুনর্বাসনের পন্থাই বা কি হবে। আফগান ব্রাট্রদুতের সংগ্রে তালাপ করা হলো। তিনি বলেন যে 'তাঁর সরকার বর্তমানে খুবই বিব্রত বোধ করছেন। যারা আফগানিতানে চলে গেছে তাদেরকে ফেরৎ পাঠাতে অবশ্য সরকার দ্বিধাবোধ করছেন। কিন্তু তত্থাপি তাদের বোঝা বহন করা সরকারের সাধ্যের অতীত।' এভাবে হিন্ধরত প্রশ্নটির এখানেই সমাভি ঘটে।"

—। স্বাবৃদ আফাকঃ 'একটি জীবন, একটি চিস্তাধারা একটি জান্দোলন', পৃঃ ৭৭-৭৮)।

এতাবে তারতে খেলাফত আন্দোলন ও হিজরত আন্দোলনের প্রবল পতিবেগ হঠাৎ স্তব্ধ হ'য়ে গেল এবং দৃটি আন্দোলনই ব্যর্থ হলো। এ ব্যর্থতার জন্যে ভারতীয় মুসলমানরা দায়ী ছিলনা মোটেই। ত্রপ্তের জন্যেই তালের এ ব্যর্থতা। কামালপাশা শুধু খেলাফতেরই অবসান করেননি। দৃ'বছর পর খলিফাকেও নির্বাসনে পাঠিয়ে দেন। ভারতে খেলাফত আন্দোলনকে উপলক্ষ করে যে লেলিহান শিখা জ্বলে উঠে তারত সরকারকে সন্ত্রস্ত করে ত্লেছিল তা অনেকটা ধুম্বজ্ঞালের ভিতর দিয়েই নিতে গেল মুসলমানদের আশা ও উদ্দীপনাকে চুর্ণ-বিচুর্গ করে।

এ আন্দোদনের ভিতর দিয়ে হিন্দু-মুসলমানের মধ্যে ফে ঐক্যপ্রচেষ্টা চলছিল, আন্দোলনের ব্যর্থতার সাথে তাও বার্থ হ'য়ে গেল। হিন্দু-মুদলমানের মধ্যে আবার শুক্র হলো রক্তাক্ত সংঘর্ষ। খেলাফত আন্দোলনে গান্ধীর সহযোগিতার মধ্যে অন্তরিকতা থাক বা না থাক, এ অন্দোলনকে মন দিয়ে সমর্থন কংগ্রেসের অনেক হিন্দু সদস্যই করতে পারেননি। তাঁদের অনেকের মনেই এ প্রশ্ন ছিল যে মুসলমানদের খেলাফতের পুনঃপ্রতিষ্ঠায় তাদের কি লাভ। তাই খেলাফড আন্দোলন তাদের মধ্যে সাম্প্রদায়িক সংঘর্ষ প্রবণতা কিছ দিনের জন্যে দাবিয়ে রাখলেও ফোফত আন্দোলনের বার্ণতার পর তা আবার মাধাচাড়া দিয়ে উঠে। মসজিদের সামনে জোরজবরদন্তি বাজনা বাজানোর উপলক্ষ করে, দাংগা-হাংগামার সূত্রপাত করলো তারা এবং এ দাংগা রক্তাক্ত সংঘর্ষের রূপ ধারণ করে চারদিকে বিভার লাভ করতে লাগলো। সম্প্রদায়গত পার্থকাটা তাদের মধ্যে স্পষ্টতর হতে লাগলো। বিগত দেড শতাব্দীর অবহেনিত ও পশ্চাদপদ মুসলমান জীবনক্ষেত্রে কোন সুযোগ সুবিধা চাইতে গেলেই সংখ্যাগরিষ্ঠ ও শক্তিশালী সম্প্রদায়ের সাথে বিরোধ হ'য়ে পড়তো অপরিহার্য। বাংলার হিন্দু জমিদারগণ এবং পাঞ্জাবের ব্যবসায়ীগণ এ সময়ে তাদের ফুলমান প্রজা ও খাতকদের উপর চরম নির্যাতন শুরু করেছিল। খেলাফত ও অসহযোগ আলোলন মানুষের মনে যে বিক্ষোভ প্রকাশের প্রেরণা জাগিয়েছিল, আন্দোলন দটি স্তব্ধ হ'য়ে যাওয়ার পর সে বিক্ষোভ প্রেরণা সাম্প্রদায়িক সংঘর্ষের ভিতর দিয়ে প্রকাশ লাভ করলো।

৩৫২ বাংলার মুসলমানদের ইতিহাস

## মোপলা বিদ্রোহ

খেলাফত আন্দোলনের সাথে সম্পৃক্ত তৎকালীন মোপলা বিদ্রোহ। এই যোপলা বিদ্রোহ নমনে ইংরেজ শাসকলের হিংস্ত্রুল যেমন একদিকে পরিসফুট হয়েছে, তেমনি মুসলমানদের প্রতি হিন্দুদেরও হিংসান্ত্রক মনোভাবের বহিঃপ্রকাশ ঘটেছে।

গ্রন্থের প্রারম্ভে মোপলাদের কিছু পরিচয় দেয়া হয়েছে। তারা ছিল দাক্ষিণাত্যের মালাবার অঞ্চলের মুসলমান অধিবাসী, তারা নিঞ্চেদেরকে জারব বণিকদের বংশসভূত বলে দাবী করে। তারা ছিল অত্যন্ত সাহসী ও ধর্মতীরু। তারা ইংরেজদের দ্বারা শোধিত নিম্পেধিত হওয়ার কারণে ১৮৭৩, ১৮৮৫, ১৮৯৪ এবং ১৮৯৬ সালে ব্রিটিশের বিরুদ্ধে বিদ্রোহ ঘোষণা করে। ফলে ব্রিটিশদের হাতে বার বার নির্যাতিত হয়। চাব ও মৎস্য ব্যবসা ছিল তাদের প্রধান উপজীবিকা। শিক্ষাদীক্ষায় তারা ছিল জনপ্রসর এবং হিন্দু জমিদার, মহাজন ও তহসিশদার তাদের উপর চরম অত্যাচার উৎপীড়ন করতো। ব্রিটিশ শাসকদের কাছে আবেদন নিবেদন করেও ভারা কোন ফল পায়নি। অভএব ভাদের নির্যাতনের কাহিনী দীর্ঘদিনের। ব্রিটিশ ও হিন্দু জমিদার মহাজনের নিস্পেষণে তারা যুগ যুগ ধরে ধুঁকে ধুঁকে মরছিল। তারপর বিংশতি শতাব্দীর দ্বিতীয় দশকের শেষে তারতে শুরু হলো খেলাফত ও অসহযোগ আলোলন। এ জালোলনের তেউ মালাবারেও গিয়ে পৌছলো। আগেই বলা হয়েছে মোপলাগণ ছিল স্বাধীনচেতা, সাহসী ও ধর্মজীরু। ইসলামী খেলাফতের পুনরুদ্ধার ও সেইসংগে তারতে স্বাধীনতা অর্জনের ফলে তালের দীর্ঘদিনের নির্যাতন নিম্পেষণের অবসান হবে মনে করে তারাও প্রবল উৎসাহ উদ্দীপনা সহকারে খেলাফত ও অসহযোগ আন্দোপনে যোগদান করে। তারপরই তাদের সংঘর্ষ শুরু হয় শাসকদের বিরুদ্ধে। প্রতিবেশী হিন্দু জনসাধারণ তাদের দমন করার কাব্জে সর্বতোভাবে সাহায্য করে শাসকশ্রেণীকে। ফলে মোপলাদেরকে একসংগে শাসকগোষ্ঠী ও হিন্দুসম্প্রদায়ের বিরুদ্ধে সংগ্রাম করতে হয়।

মোপলা দমন করতে গিয়ে ব্রিটিশ সরকার যে বর্বরতা ও নৃশংসতা প্রদর্শন করেছিল, সে লোমহর্থক ও মর্মজুদ কাহিনী বর্ণনা করার তাবা বৃঁজে গাওয়া যায় না। তাদের উপর অত্যাচার নির্যাতন চলাকানে সরকার সমগ্র মালাবারে জনসভার জন্ঠান, বাইর থেকে সংবাদ ও সংবাদপত্রের প্রবেশ এবং মালাবার থেকে বাইরে বিনা সেপারে সংবাদাদি, টেনিপ্রাম ও পত্রাদি প্রেরণ নিবিদ্ধ ঘোষণা করে। মাণাবারকে এক লৌহ ববনিকার অন্তরালে রাখা হয়। তবুও যদি কোন প্রকারে তাদের নির্যাতনের কাহিনী বাইরে প্রকাশ হয়ে পড়ে এবং বহির্দ্ধগতের মানুষ বিশেষ করে মুসলমান তাদের প্রতি সহানুত্তিশীল হয়ে পড়ে, তার জন্যে মোপলাদের বিরুদ্ধেই স্বার্থান্ধ মহল তীব্র প্রচারণা শুরু করে। সেসব প্রচারণা ছিল অমূলক, বানোয়াট ও কল্পনাপ্রস্ত। ১৯২২ সালে সাহরানপুর ও অমৃতশহর থেকে হিন্দুদের দ্বারা দু'খানি প্রচার পত্রিকা প্রকাশিত হয়।

অমৃতশহর থেকে প্রকাশিত 'দান্তানে জুলুম' শীর্ষক পৃত্তিকায় মোণলাদের পক্ষ থেকে হিন্দুদের উপর অকথা অত্যাচার—কাহিনী বর্ণনা করে হিন্দু সম্প্রদায়কে মুসলমানদের বিরুদ্ধে ক্ষিপ্ত করার চেষ্টা করা হয়েছে। হত্যা, পৃষ্ঠন, অগ্নিসংযোগ, হিন্দু নারী হরণ, বলপূর্বক ইসলাম ধর্মে দীক্ষিতকরণ প্রভৃতি অভিযোগ করা হয় মোপলাদের বিরুদ্ধে। বিবরণে বলা হয়েছে যে—উৎপীড়নের শিকার যদি হিন্দু পুরুষ হয় তাহলে তাকে প্রথমতঃ গোসল করিয়ে তার মুসলমানী ধরনে চুল কেটে দেয়া হয় অতঃপর তাকে মসজিলে নিয়ে কালেমা পাঠ করতে বাধ্য করা হয়, খৎনা করানো হয় এবং মুসলমানী পোষাক পরিধান করানো হয়। মহিলা হলে তথু তাকে এক ধরনের রঙিন মোপলা পোষাক পরিধান করানো হয় এবং এক ধরনের কানবালা পরিয়ে দেয়া হয়।

সাহরানপুর থেকে প্রকাশিত 'মালাবার কি খ্নী দান্তান' পুন্তিকার বলা হয়েছে যে, মোপলাগণ প্রতিবেশী হিন্দুদেরকে খেলাফত আলোলনে যোগদানের আহবান জানায়। যোগদান করলে তালো, নচেৎ অস্বীকারকারীকে মোপলাদের ঘরে আবদ্ধ করে তাকে বলপ্রয়োগে গোমাংস তক্ষণ করানো হয়। অতঃপর তার আত্মীয় স্বন্ধনকে তার সমূধে হত্যা করা হয়। এতেও রাজী না হলে তাকে হত্যা করে তার খন্ডবিখন্ড মৃতদেহ কোন কৃপের মধ্যে নিক্ষেপ করা হয় এবং তার বাড়ীঘর তত্মীত্ত করা হয়।

একদিকে যেমন ছিল্-মুসলিম মিলনের প্রচেষ্টা চলছিল, ছিল্-মুসলিমের সমিলিও প্রচেষ্টায় খেলাফত ও অসহযোগ আলোলনের মাধ্যমে ভারতে স্বাধীনতা আলোলনের মনমানস তৈরীর কান্ত চলছিল, অপরদিকে মুসলমানদের বিরুদ্ধে ছিল্ সম্প্রদায়কে ক্ষিপ্ত করে শুধু খেলাফত ও অসহযোগ আলোলন থেকেই তাদেরকে নিবৃত্ত করা হচ্ছিল না, বরং সারাদেশে পাইকারী হারে

মুসঙ্গিম নিধনযক্তের আহবান জানানো হজিল। স্বাধীনতা জর্জন অপেক্ষা মুসঙ্গিম নিধন একশ্রেণীর পোকের কাছে অধিক প্রিয় ছিল। তাই তারা কাল্পনিক কাহিনী প্রচার করে সাম্প্রদায়িক আবহাওয়া বিধাক্ত করে তোলে, যার ফলে নতুন আকারে তারতব্যাপী দাংগাহাংগামার সূত্রপাত হতে থাকে।

এসব মারাত্মক প্রচারণা খেলাফত আন্দোলনকারী মুসলমানদের দৃষ্টি এডাতে পারেনি। কেন্দ্রীয় খেলাঞ্চত কমিটি মোপলাদের সম্পর্কে সঠিক তথ্য সংগ্রাহের জন্যে একটি কমিটি নিয়োগ করে পাঠান এবং তারা যে রিপোর্ট পেশ করেন তাতে মোণলা বিদ্রোহের জন্যে স্থানীয় সরকারী কর্মচারীদেরকে প্রধানতঃ ও প্রথমতঃ দায়ী করেন। তারা বলেন যে, পরিস্থিতি সম্পূর্ণ স্বাভাবিক ও শান্ত ছিল এবং বিদ্রোহের কোন চিহ্নই পরিশক্ষিত হয়নি। ভারতের অন্যান্য অঞ্চলের মুসলমানদের ন্যায় যোপলা মুসলমানগণও খেলাফড আলোলনে যোগদান করে এবং স্থানীয় সরকার তা কঠোর হস্তে দমন করার জন্যে উঠেপড়ে লাগে। পুলিশের বর্বরতা তাদেরকে বিদ্রোহ করতে বাধ্য করে। সংগর্বের সূচনা এভাবে হয় যে, স্থানীয় বেলাফত কমিটির সেক্রেটারীকে পুলিশ গ্রেফতার করে একটি গাছের সাথে বেঁধে রাখে। অতঃপর তার স্ত্রীকে তাঁর সম্মুখে এনে বিবস্ত্র করা হয় এবং তিনি অসহায়ের ন্যায় সেদিকে তাকিয়ে থাকেন। পুলিশের এমন ধরনের অগ্রীল আচরণ আদিম বুগের বর্বরতাকেও মান করে লেয়। তারগর তছে অপরাধের জন্যে মোপলাদের জনৈক প্রছেয় পীরের মথে একজন পলিল কনস্টেবল চপেটাঘাত করে। শতঃপর অন্য একজন খেলাফড কর্মীকে শুরু নির্মাণের কল্পিত অভিযোগে অভিযুক্ত করা হয়। অবশেষে পুলিশ মোপলাদের বাড়ীঘরের উপর চড়াও হয়, ভাদের যাবতীয় জিনিসপত্র লুষ্ঠন করে এবং কোধাও বাড়ীর লোকজনের উপর পাশবিক নির্যাতন চালায়। এতেও নিরস্ত্র না হয়ে তারা মোপলাদের উপর বেপরোরা গুলীবর্ষণ করে। মোপলাগণ বভারভঃই ছিল স্বাধীনচেতা, সাহসী ও বীর যোদ্ধা। তাদের উপর যথন এরপ নির্মম অভ্যাচার চালানো হয়, তখন তারা মরণপণ করে পুলিশের বিরুদ্ধে রুখে দাঁড়ায় এবং শেষ পর্যন্ত সংখ্যামের জ্বন্যে বন্ধপরিকর হয়। জতঃপর যে সংখ্যাম শুরু হয়, সে সংগ্রামে পুলিশ ও ম্যাজিস্টেটের সন্মিলিত শক্তি পরাজয় বরণ করে এবং কর্মস্থল থেকে বিতাড়িত হয়। তারা বহু অন্তশস্ত্র ছেড়ে পলায়ন করে। অতঃপর পরিস্থিতি সম্পূর্ণরূপে মোণদাদের আয়ন্তাধীন হয়। এযাবত হিন্দুদের সাধে

তাদের সম্পর্ক ছিল তালো। উত্তেজনাময় পরিস্থিতিতে মোপলাগণ হিন্দুদের জীবন ও ধনসম্পদের রক্ষণাবেক্ষণ করে। ১৯২১ সালের আগস্ট মাসে মোপলাগণ দন্ত্রমত স্বাধীনতা ঘোষণা করে। বিদ্রোহ শুরু হওয়ার এক সপ্তাহের মধ্যেই মোপলাগণ ব্রিটিশ সরকারের নিকট থেকে এরনা এবং ওয়ালুতানাদ নামক দৃটি বৃহৎ তালুক ছিনিয়ে নিয়ে সেখানে একটি স্বাধীন খেলাফত রাজ্য স্থাপন করে।

দৃ'সঞ্জাহ পরে ব্রিটিশ সরকার মালাবারে শত শত সৈন্য, ছোটবড়ো টাংক, কামান, বোমা, কয়েকখানি গানবোট এবং রপগোত প্রেরণ করে এমন এক অবস্থার সৃষ্টি করে যেন কোন বিরাট শক্তির বিরুদ্ধে এক মহাযুদ্ধ শুরু হয়েছে। প্রথম সংগ্রামের সময় পূলিশের ন্যায় কয়েকজন অত্যাচারী জমিদার মহাজন জনতার রুদ্ররোধে পড়ে প্রাণ হারায়। ব্রিটিশ সরকার একে সম্প্রদায়িক রূপ নিয়ে হিন্দুদেরকে মোপলাদের বিরুদ্ধে পেলিয়ে দেয়। তখন হিন্দু জনসাধারণ ও জমিদার মহাজন সৈন্য ও পূলিশের সহায়তায় এগিয়ে আসে। হিন্দুদের অধিকাংশই মোপলাদের বিরুদ্ধে গুড়াররুদ্ধি শুরু করে এবং জন্যায়তাবে তাদেরকে ধরিয়ে নিতে থাকে। ফলে ব্রিটিশ এবং হিন্দু উভয়ের বিরুদ্ধেই সংগ্রামে ঝাপিয়ে পড়তে হয়। কিন্তু হততাগা মোপলাগণ বিরাট সুসংহত ব্রিটিশ বাহিনীর বিরুদ্ধে কতজ্বগই বা লড়তে পারে। তারত থেকে আর্যসমাজের শত শত সেজাদেরকে নানাভাবে সাহায্য বিতরণের নাম করে মালাবারে গিয়ে পুলিশ ও সৈন্যদেরকে নানাভাবে সাহায্য করতে থাকে।

মোপলাপণ অসীম সাহসিকতার সাথে একমাস কাল ব্রিটিশ ও হিলুদের বিরুদ্ধে তাদের সংগ্রাম চালায়, সরকার মোপলা এলাকাসমূহের উপর আকাশ থেকে বোমা, রণতরী ও কামান থেকে নির্বিচারে গোলাবর্ষণ করে প্রায় দশ হাজার নরনারীর প্রাণনাশ করে, তাদের বাড়ীখর, দোকান পাট ও ক্ষেতথামার ধ্বংস্ত্বপে পরিণত করে। তারপর হিলু জনসাধারণের সহায়তায় শুরু হয় পাইকারী হারে ধরপাকড়, শৈশাচিক অত্যাচার ও নির্যাতন। সরকারের পৈশাচিকতা ও বর্বরতার দৃষ্টান্ত একটি ঘটনার ঘারা প্রমাণ পাওয়া যায়। প্রায় একশ' জন বিশিষ্ট মোপলা নেতৃবৃন্দকে প্রেফতার করে একটি মালগাড়ীতে বোঝাই করা হয় এবং দরজা বন্ধ করে তাদেরকে কালিকট প্রেরণ করা হয়। গগুরাস্থানে দরজা খোলা হলে দেখা গেল যাউজন মৃত্যুবরণ করেছে এবং

অবশিষ্টজন মুমূর্ব অবস্থায় রয়েছে। তাদের মৃতদেহের প্রতিও কোন সন্ধান প্রদর্শন করা হয়নি, মানুষের প্রতি মানুষের এ ধরনের পৈশাচিক ও নৃশংস ব্যবহার সভ্যবৃগে ও দূরের কথা আদিম বৃগের ইতিহাসেও খুঁজে পাওয়া যাবে না।

ব্রিটিশ সরকারের পলিশ ও সৈনাদের অত্যাচার নির্যাতনের পর যারা বেঁচে বইলো তাদের বিচার শুরু হলো। প্রায় বিশ হাজার মোপলা নরনারীকে প্রেফতার করা হয়। জেল হাজতেও এদের উপর অমান্যিক অভ্যাচার করা হয়। ভাদের বিচারের জন্যে সরকার স্পেশাল কোট গঠন করে। বাইরে থেকে কোন আইনজীবীকে মালাবারে প্রবেশ ওরতে দেয়া হয়নি বলে হততাগা মোপলাগন অত্মেশক্ষ সমর্থনেরও সুযোগ পায়নি। বিচার চলাকালে বিচারাধীন আসামীদের ঘরে ব্যরে অনুবস্তার হাহাকার শুরু হয়। অন্নাভাবে বহু নরনারী ও শিশু মৃত্যুবরণ করে। এ সময়ে উৎপীড়িতের মর্মনুদ হাহাকার ও ক্রন্দন রোপে মালাবারের আকাশ বাভাস ধ্বনিত ও মথিত হয়। প্রায় এক হাজার লোকের প্রাণদন্ড হয়। যাবজীবন কারাদন্ত, দীর্ঘমেয়াদী সম্রম কারাদন্ত প্রাপ্ত ও দ্বীপান্তরিত মোপলার সংখ্যা দু'হাজারের উপর। অতি আন সংখ্যক মোপলাকে খালাস দেয়া হয়। পীচ থেকে দশ বছর সম্রম কারাদন্ত লাভ করেছিল প্রায় আট হাজার মোপলা। অবশিষ্টদের মধ্যে কারও কারাদণ্ড ছয় মাসের কম ছিলনা। উপভূত এলাকাসমূহের মসজিদগুলির প্রায় সকল ইমামই রাজলোহিতার অভিযুক্ত হন। এতাবে মসজিদগুলিকেও ধ্বংসের মুখে ঠেলে দেয়া হয়। দন্তপ্রান্ত মোপলাগণ দ্বীগান্তরে কয়েক বৎসর বর্ণনাতীত দুঃখকট ভোগ করার পর সরকার ভাদের পরিবারবর্গকে আন্দামান গিয়ে তাদের সংগে বসবাসের অনুমতি দেয়। এভাবে মালাবার থেকে মোপলাদের একেবারে প্রায় উচ্ছেদ করে বিটিশ সরকার জাতাপ্রসাদ লাভ করে।

ভারতের খেলাফত ও অসহযোগ আন্দোলনের ইতিহাসে ব্রিটিশ সরকার কর্তৃক মোপলাদের উপর অত্যাচার নির্যাতনের কাহিনী সর্বাপেক্ষা মর্যস্তুদ ও হৃদয়স্পর্নী। গান্ধী ও কংগ্রেস এ ব্যাপারে সম্পূর্ণ নীরব ভূমিকা পালন করে।

খেলাফত ও অসহযোগ আন্দোলনের প্রবল প্লাবনে সে সময়ে মুসূর্লিম জীবন্যুত অবস্থায় ছিল এবং তাদের স্ফীনকণ্ঠের আওয়ান্ধ ব্রিটিশ সরকারের কর্ণকুহরে পৌছারানি। বহু কর্ট্টে একমাত্র খেলাফত কমিটি অসহায় যোগলাদের কিছু সাহায্যদান করতে পেরেছিল। নতুবা জারও বহু মোপলা নরনারী ও শিশু জ্বকালে
মৃত্যুর কোলে ঢলে পড়তো। মোপলাদের প্রতি কংগ্রেসের জাচরণে কংগ্রেসের বহু
মুসলিম সদস্য বেদনাব্যেধ করে কংগ্রেস ত্যাগ করেন। তাদের ধারণা মোপলাদের
উপর নির্যাতনের প্রতি কংগ্রেসের সমর্থন ছিল বলেই কংগ্রেস নীর্বতা
অবলম্বন করে।

ব্রিটিশ সরকার ও হিন্দু মুসলিমকে পাশাপাশি রেখে বিগত কয়েক শতান্দীর ভারতের ইতিহাস আলোচনা করে একথাই স্পষ্ট প্রতীয়মান হয় যে, এ উপমহাদেশে ব্রিটিশ ও হিন্দুসম্প্রদায় মুসলমানদের পরম শক্রন্ধপে তাদের ত্র্মিকা পালন করতে কোন দিক দিয়ে ক্রণ্টি করেনি। এ উপমহাদেশ থেকে মুসলিম জাতির উচ্ছেদ সাধনই ছিল তাদের একমাত্র লক্ষ্য। পরবর্তী ইতিহাস আলোচনায় এ সত্য অধিকতর সুস্পষ্ট হবে।

(Muslim Separatism in India, Abdul Hamid এবং আমাদের মৃক্তি সংগ্রাম, মুহামন ভয়ানিউল্লাহ দুইব্যা।

চরম নৃশংসতার সাথে মোপলা বিদ্রোহ দমন, খেলাফত ও অসহযোগ আন্দোলনের ব্যর্থতা এবং মোপলাদের প্রতি কংগ্রেস ও গান্ধীর সম্পূর্ণ উদাসীনতা হিন্দুমূসলিম সম্পর্কে পুনরায় ফাটল সৃষ্টি করে। ১৯২৪ সালে মিঃ গান্ধী কর্তৃক প্রেরিত ডাঃ মাহমুদ মালাবারের হিন্দুসম্প্রদায়ের নিকট থেকে তথ্য সংগ্রহ করে গান্ধীকে যে রিপোর্ট দেন তাতে বলা হয় যে মোপলাদের বিরুদ্ধে ইন্দুদের অভিযোগ অভিযাত্রায় অভিরঞ্জিত। হিন্দুদের বিরুদ্ধেও মোপলাদের অভিযোগ আছে। হিন্দুদেরকে বলপ্রয়োগে মুসলমান করার অভিযোগ সম্পূর্ণ অমূলক ও ভিত্তিহীন। তদুস্তরে গান্ধী বলেন, "প্রকৃত সত্য কারোই জ্ঞানা নেই।"

—(The Indian Quarterly Register, 1924, Vol. 1, No. 2, p. 645; Muslim Separatism in India, A Hamid. p. 160)

গান্ধীর উপরোক্ত উক্তিতে এ কথারই প্রমাণ পাওয়া যায় যে, মুসলমানদের কোন কথাই তাঁর বিশ্বাস্য নয় এবং হিন্দু যা কিছুই বলুক আ তিনি বেদবাকারণে গ্রহণ করতে রাজী।

এসব দৃঃখন্ধনক ঘটনার পর যা ঘটলো, তা অধিকতর দৃঃখঞ্জনক। ১৯২২ সালের সেপ্টেম্বর মাসে মূলতানে মহররমকে কেন্দ্র করে হিন্দুরা মুসলমানদের উপর আক্রমণ চালায়। পরের বছর অবস্থার চরম অবনতি ঘটে সাহরানপুরে যেখান পেকে—আগের বছর 'মালাবার কি বুনী দান্তান' শীর্ষক পুস্তিকা বিতরগের মাধ্যমে হিন্দুদের সাম্প্রদায়িক অগ্নিতে ভৃতাহতি দেয়া হচ্ছিল। সাহরানপুরের এ সাম্প্রদায়িক সংঘর্ষে ৩০০ জন নিহত হয় এবং তার অধিকাংশ ছিল মুসলমান। ১৯২৪ সালে বিভিন্ন স্থানে ১৮টি দাংগাহাংগামা সংঘটিত হয়। এ সাম্প্রদায়িক সংঘর্ষ ক্রত গতিতে বিহার ও বাংলা পর্যন্ত ছড়িয়ে পড়ে এবং ১৯২৬ সাল পর্যন্ত ব্যাপক আকার ধারল করে।

## ইসলাম ধর্ম ও মুসলমানদের উপর সুপরিকল্পিত হামলা

ভারতীয় মুসলিম লীল ক্রমশঃই তাদের জনপ্রিয়তা হারিয়ে কেলছিল। বেলাফত ও অসহযোগ আন্দোলনে তারা জনপ্রিয়তার দিক দিয়ে আগেই পিছিয়ে পড়েছিল। সারাদেশে হিন্দু—মুসলিম সাম্প্রদায়িক লাংগাহাংগামার সময় পুলিশ সাহা, পৃষ্ট হিন্দুদের সাথে তারা পেরে উঠছিল না। অতএব হাংগামায় মুসলমানদের উল্লেখযোগ্য সাহায় করাও তাদের সাধ্যের অতীত ছিল। এদিকে অহিংসাবাদী ও সাম্প্রদায়িক মিলনে আস্থাবান বহু কংগ্রেসী সদস্য লাংগা—হাংগামায় উন্ধানী দিতে গাকায় কংগ্রেসও মুসলমানদের কাছে ঘূণার পাত্র হয়ে পড়ে। মুসলমানরা সম্প্রদায়িক মিলনের আশায় অতিরিক্ত উদারতা প্রদর্শন করতে গিয়ে ইসলামের চিরাচরিত নীতি ভংগ করে। আর্থসমাজের নেতা স্বামী প্রদাননকে তারা দিল্লী জামে মসন্ধিদের পবিত্র মিষর থেকে বক্তৃতা করার অনুমতি প্রদান করে। মসন্ধিদের পবিত্রতা ক্লুপ্র করে তাঁকে তথা হিন্দুসমাজকে মুসলমানরা যে অতৃতপূর্ব উদারতা প্রদর্শন করণো তার প্রতিদান স্বামী প্রছানন্দ এমনভাবে দিলেন যে তা বিশ্বাসঘাতকতার ইতিহাসে এক অতুলনীয় দৃষ্টান্ত হিসাবে অট্ট রইলো।

উল্লেখ্য যে এই আর্যসমাজী নেতা কংগ্রেসেরও একজন বিশিষ্ট সদস্য ছিলেন এবং অসহযোগ আন্দোলনে যোগদান করে কারাবরণ করেন। লাহোর জেলে থাকাকালীন পাঞ্জাবের জনৈক উচ্চপদস্থ ইংরেজ কর্মচারীর সাথে তার গোগন শলাপরামর্শ হয় এবং মিয়াদ উত্তীর্ণ হওয়ার আগেই মুক্তিলাত করেন। জেল থেকে মুক্তিলাত করেই তিনি মুসলমানদেরকে হিন্দুধর্মে দীক্ষিত করার সংকল্প প্রকাশ্যে ঘোষণা করেন। হিন্দুধর্মে দীক্ষিত করে তাদেরকে এক নতুন অম্পৃশ্য নিম্নজাতিতে পরিণত করাই ছিল তার উদ্দেশ্য। এতাবে মুসলমান জাতিকে একটা

অপবিত্র জ্বাতির পর্যায়ে ঠোপে দিবার প্রচেষ্টায় তিনি মেডে উঠাপেন। গুরগাও, আলোয়ার, ভরতপুর পুতৃতি স্থানে বহু সংখ্যক অপিঞ্চিত মুদলমানকে নানা প্রলোচন ও ভীতি প্রদর্শন করে ধর্মান্তরিত করা হতে থাকে। ধর্মান্তরের পূর্বে মুদলমাননেরকে গোধরের পানি খেতে এবং গোবর পানিতে আপানমন্তক ধূরে অবগাহন করতে বাধ্য করা হতো। বলপ্রয়োগে এভাবে নিরীহ ও নিরন্ধর মুদলমাননেরকে হিন্দুধর্মে দীক্ষিত করার কাজ পুর্ণউদ্যাহম চলতে লাগলো।

মুসলমান এবং তালের ধর্মের প্রতি বিটিশ সরকারের কোলকালেই কোল প্রছার মনোতার ছিলনা। নজুবা ইঙ্ছা করলে এ ধর্মীয় উৎপিড়ন তারা অনায়ালেই বন্ধ করতে পারজা। কিন্তু তারা সম্পূর্ণ নীরবতা অবলয়ন করে রইলো। অর্থসমাজীদের এ অকত তৎপরতা, সেয়বতঃ কতিপায় শক্তিশালী ইংরেজ রাজকর্মচারীর ইংগিতে) মুসলমানদেরকে এতথানি বিকৃত্ধ ও উল্লেক্টিক করে ভুলেছিল যে, অনৈক আবদুর রশীদ প্রকাশ্য নিরাপোকে প্রছানন্দকে হত্যা করে এ অকত তৎপরতার সমাজি ঘটায়। বিচারে এই অঞ্চাতকুলশীল আবদুর প্রশীদের প্রাণদক্ষ হলে সে হাসিমুখে ফাসিমকে আরোহণ করলো।

এ ঘটনার পর স্বয়ং গান্ধীন্ধি প্রকাশ্যে ইসলাম ধর্মের প্রতি কটুক্তি করা শুরু করেন। তিনি প্রকাশ্যে জনসভার বগতে থাকেন, "ইসলাম জনা ধর্মাবলয়ীকে হঙ্যা করার মন্ত্রে নীক্ষা দেয় এবং এটাকে মুসলমানরা মনে করে পরকালের মুক্তির উপায়।"

গানীর উপরোক্ত উক্তিতে মুসলিম ভারত মর্যাহত ও বিক্তৃর হরে পড়ে।
মগুলানা মুহামন আলী নির্দ্রীর জামে মসজিদে একনা বক্তৃতা প্রসঙ্গে নুঃম প্রকাশ করে বলেন, "গান্ধীজির এ উক্তির গাতভাঙা জবাব নেরা দরকার। করে তার গ তার এ উক্তিতে ইসলামের পবিত্র ও মহাদ জেহানের অপব্যাব্যা করা হচ্ছে।"

অতঃপর মওপানা সাইয়েদ আবুল আ'লা মওপুনী "আল জিহাদু ফিল্ ই সহাম"
নামক একখানি অতীব বৃক্তিপূর্ব প্রামাণ্য এখু প্রণয়ন করেন। এ প্রস্থে তিনি
ইসলামের মূলনীতি, তার উদ্দেশা ও লক্ষা, ইসলামী যুদ্ধ ও সন্ধি, আন্তর্জাতিক
নীতি ও সম্পর্ক প্রতৃতি বিষয়ে বিশন পাজিতাপুর্ণ জালোচনা করেন এবং ইসলাম
ও ইসলামী অেহান সম্পর্কে বাজীজি তার উভিন্ন বারা যে ভ্রান্ত ধারণা সৃত্তির
টেন্তী করেন তা বক্তন করা হয়।

এ গ্রন্থটি সম্পর্কে কিছু কথা পাঠকবর্গের গোচরীভূত করা অপ্রাসংগিক হবেনা বলে মনে করি।

এ বিরাট প্রন্থানির প্রথম পাঁচটি অধ্যায়ে ইসলামী জিহাদের মর্যাদা, আপ্রেরজামূলক যুদ্ধ, সংস্কারমূলক যুদ্ধ, ইসলাম প্রচার ও তরবারী এবং যুদ্ধ ও সন্ধি লম্পর্কে ইসলামী আইন কানুনের উপর কিপ্তারিত জালোকপাত করা হয়েছে। বন্ধ কধ্যায়ে জালোচনা করা হয়েছে হিন্দু, বৌদ্ধ, ইহনী ও বৃষ্টান ধর্মের

गुक्त नीकि।

সপ্তম অধ্যায়ে বর্তমান সভাতার অধীনে পরিচালিত যুদ্ধ ও সন্ধিকে আলোচনার বিষয়বস্ত্র করা হয়েছে। এ কথা বিধাহীন চিস্তে বলা বেতে পারে যে, বিষয়টির ওপর এমন তথ্যবহুল, যুক্তিপূর্ণ ও প্রামাণ্য গ্রন্থ আৰু পর্যন্ত দুনিয়ার কোন ভাষায় কারো দ্বারা লিখিত হয়নি।

এ সন্মান সাল্লাহ ভাষালা দান করেন, একমাত্র মন্তলালা সাইয়েদ <mark>আবুল</mark> আ'লা মন্তনুনীকে।

অস্তামা ইকবাল প্রস্থানির ভূষদী প্রশংসা করেন। গ্রন্থটি বাংলা ভাষার অনুদিত হয়েছে, পূচা সংখ্যা ৫৯২।

### সংগঠন আন্দোলন

'সংগঠন আন্দোলনের' নেতা শালা হরদয়াল প্রকরণো ঘোষণা করেন ছে, মুসলমানদেরকে হয় হিন্দুধর্মে দীক্ষিত হতে হবে; নজুবা তালেরকে পাততাড়ি গুটিয়ে ভারত ত্যাগ করতে হবে।

১৯২৫ সালে জনৈক হিন্দুনেতা সত্যদেব ঘোষণা করেন, "সামরা যথন সংখ্যাগরিষ্ঠ হিসাধে শক্তিশালী, তথন মুসলমানদের নিকটে নিত্র শর্তাবলী স্পেক্তব ঃ

"কোরজনকে এশীগ্রন্থ হিসাবে মানা চলবে না, মুহামনকৈ নবী বলেও হীকার করা হবে না। মুসলমানী উৎসবাদি পরিতাগ করে হিন্দু উৎসব জনুষ্ঠান পালন করতে হবে। মুসলমানী নাম পরিহার করে রামনীন, কৃষ্ণাবান প্রভৃতি নাম রাখতে হবে। আরবী তাধার পরিবর্তে হিন্দী ভাষায় উপাসনা করতে হবে।"

-(A History of Freedom Movement, Bengali Muslim Public

Opinion as Reflected in the Bengali Press-1901-30 Mustafa Nurul Islam.)

আর্থসমাজীদের গুদ্ধি আন্দোলনের সমসাময়িককালে ডঃ মুঞ্জে ও তাই
পরমানন্দ 'সংগঠন' আন্দালনের মাধ্যমে হিন্দুদেরকে মুসলমানদের বিরুদ্ধে
উপ্রেক্তিত করে তোলেন। ফলে বিভিন্নস্থানে রক্তক্ষয়ী সাম্প্রদায়িক সংঘর্ষের
উৎপত্তি হয়। অবস্থা চরম অবনতির দিকে ধাবিত হলে ডাঃ সাইফুন্দীন কিচ্লু
'তানজীম' এবং আয়ালার সাইয়েদ গোলাম ডিক্ নায়রগ্ধ 'তাবলিগ্'
আন্দোলনসহ ময়দানে নেমে পড়েন। তাঁদের অক্লান্ত 'প্রচেষ্টায়, 'গুদ্ধি' ও
'সংগঠন' আন্দোলনের মারাক্তক গতিবেগ থানিকটা প্রশমিত হয়।

কিন্তু হিন্দুদের অন্তর থেকে সাম্প্রদায়িক অগ্নিশিখা নির্বাপিত হয়নি কিছুতেই।
লাহোরের রাজপাল নামক জনৈক আর্যসমাজী মুসলিম-বিধেষাপ্লি পুনরায়
প্রজ্জ্বলিত করে। 'রঙিলা রসূল' নামে একখানি পুন্তক সে প্রকাশ করে হার মধ্যে
বিশ্বনবী মুহাম্মদ মুন্তাফার চরিত্রে জঘন্য ও কৃৎসিত কলংক আরোপ করা হয়।
এর হারা মুসলমানদের ধর্মীয় অনুত্তির উপর চরম আঘাত করা হয়। এবার
ইলমুন্দীন নামক জনৈক মুসলমান রাজপালকে হত্যা করে সহাস্যে ফাঁসীর মঞ্চেলমন করেন।

## মুসলিম অধ্যুষিত অঞ্চলের স্বাতম দাবী

সাম্প্রদায়িক লাংগা—হাংগামার গতিবেগ প্রশমিত না 27,8 উত্তাশন্তর বৃদ্ধি পেতে থাকে এবং এক তয়াবহ আকার ধারণ করে। ১৯২৭ সালে কানপুরের মওলানা হস্রত মোহানী ভারভের মুসলিম অধ্যুষিত অঞ্চলের স্বাতন্ত্রের দাবী সম্বলিত একটি প্রস্তাব সংবাদপত্রে বিবৃতির মাধ্যমে পেশ করেন। একে বঙ্গা যেতে পারে পাকিস্তান আন্দোলনের প্রথম পথের দিশারী।

### সর্বদলীয় সম্মেলন

এদিকে সাম্প্রদায়িক সম্প্রীতি পূনঃপ্রতিষ্ঠার জন্যে মণ্ডলানা মুহামদ আলী, মিঃ মুহামদ আলী জিল্লাহ, মণ্ডলানা আবুল কালাম আজাদ, হাকিম আজমদ খান, মিসেস সরোজিনী নাইডো, রাজা গোপালাচারিয়া, ডাঃ আনসারী প্রমুখ নেতৃবৃন্দ আপ্রাণ চেষ্টা করছিলেন, কিন্তু দাংগা প্রতিরোধের কোন উপায় বুঁজে

পাছিলেন না। অবশেষে ১৯২৮ সালে কোলকাতায় অনুষ্ঠিতব্য কংগ্রেস অধিবেশনের প্রাক্তালে এক সর্বদলীয় সম্মেলন আহুত হয়। ভারতের নেতৃস্থানীয় হিন্দু, মুসলমান ও শিখ সম্মেলনে যোগদান করেন। কংগ্রেসের বিদায়ী সভাপতি ডাঃ মুখতার আহমদ আনসারী সম্মেলনে সভাপতিত্ব করেন। কিন্তু উত্রপন্থী হিন্দুদের হঠকারিতায় সম্মেলন ব্যর্থতায় পর্যবসিত হয়।

সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠার উদ্দেশ্যে মুসলমানরা তাদের সংখ্যাগরিষ্ঠ প্রদেশগুলির আইন পরিষদে একক সংখ্যাগরিষ্ঠ থেকে তাদের প্রাপ্য আসন সংখ্যার কিছু সংখ্যক আসন অমুসলমানদেরকে ছেড়ে দিতে আগ্রহী হয় এবং এর বিনিময়ে কেন্দ্রীয় আইন সভায় তাদের ন্যায়া প্রাপ্য আসন অপেক্ষা শতকরা তিনটি আসন অতিরিক্ত নাবী করে। এ ছিল অধিক সংখ্যক আসন ছেড়ে দিয়ে কেন্দ্রে সামান্য কিছু লাভ করার দাবী। কিন্তু সম্মেলনের হিন্দু এবং শিখ নেতৃবৃদ্দের অধিকাংশই এ প্রস্তাবের তীব্র বিরোধিতা করে এবং অত্যন্ত দৃঢ়তার সাথে অসম্বতি জ্ঞাপন করেন। মুসলমানদের পক্ষ থেকে বৃহস্তর উদারতার বিনিময়ে সামান্য উদারতা প্রদর্শনের জন্যে মিঃ মুহান্দের আলি জিল্লাহর পুনঃ পুনঃ আবেদন ব্যর্থ হয়। ফলে সর্বদলীয় সম্মেলন কোন সিদ্ধান্ত ব্যতিরেকেই চরম ব্যর্থতার সাথে শেষ হয়।

## মুহাম্মদ আলী জিন্নাহর ঐতিহাসিক চৌদ্দ দফা

মিঃ মৃহামদ আলী জিল্লাহ প্রথমে কংগ্রেসের একজন অতি উৎসাইী ও একনিষ্ঠ সদস্য ছিলেন এবং তিনি ছিলেন হিন্দু মুসলিম মিলনের দৃত। কিন্তু তাঁর দীর্ঘদিনের মিলন প্রচেষ্টা ব্যর্থ হয়। তিনি কংগ্রেসের হিন্দু সদস্যদের আচরণ এবং মুসলমানদের প্রতি তাদের বৈরী নীতিতে অত্যন্ত ব্যথিত হন। অতঃপর ১৯২১ সালের ভিসেম্বরে কংগ্রেসের নাগপুর অধিবেশনে কংগ্রেসের সাথে তাঁর দীর্ঘদিনের সম্পর্ক ছিল্ল করেন। কিন্তু ১৯২৮ সালে অনুষ্ঠিত সর্বদলীয় সম্মেলনের পূর্ব পর্যন্ত প্রকাশ্যে কংগ্রেসের বিরোধিতা থেকে বিরত থাকেন। এ সম্মেলনে হিন্দু ও শিবদের বিশ্বেমাত্রক মনোভাব লক্ষ্য করে তিনি অত্যন্ত মর্মাহত হন। তার পর পরই দিল্লীতে অনুষ্ঠিত মুসলিম কন্ফারেশে তিনি তাঁর চৌদ্দ দফা প্রস্তাব শেশ করেন। এ চৌদ্দ দফার বিশেষ উল্লেখযোগ্য বিষয় ছিল বোষাই থেকে সিন্তুকে পৃথক করে সিন্তুদ্বেশ গঠন, বেলুচিন্তান ও সীমান্ত প্রদেশে শাসন সংস্কার

প্রবর্তন, মুসলিম সংখ্যাগরিষ্ঠ প্রদেশগুলির আইন পরিষদে জনসংখ্যার অনুপাতে আসন বন্টন এবং দেশের স্বায়ন্তপাসিত প্রতিষ্ঠানগুলিতে প্রতিনিধি নির্বাচনে মুসলমানদের জন্যে পৃথক নির্বাচন প্রবর্তন। তথম থেকে মিঃ জিলাহ্ পেরবর্তীকালে কায়েদে আজম। কংগ্রেস বিরোধিতায় হ'য়ে পড়েন সোভার। পরবর্তীকালে বিটিশ প্রধানমন্ত্রী মিঃ র্যামজে ম্যাকডোনান্ডের সাম্প্রদায়িক রোরেলাদে (Communal Awant) 'চৌন্দ দফার' অধিকাংশ দফা স্বীকৃতি লাত করে। এ চৌন্দ দফার বাইরে হিন্দু সংখ্যাগরিষ্ঠ উড়িষ্যা এবং আসাম দৃটি পৃথক প্রদেশের মর্বালা লাভ করে।

## সাইমন কমিশন

ভারত শাসন সম্পর্কে তবিষাৎ নীতি নির্ধারণের উদ্দেশ্যে অথবা ভারতের স্বাধীনতা আন্দোপন দাবিষ্কে রাখার উদ্দেশ্যে ব্রিটিশ সরকার ১৯২৮ সালে ভারতে একটি রয়েল কমিশন প্রেরণ করেন। এ কমিশনের সভাপতি ছিলেন স্যার জন সাইমন। কমিশনে কোন ভারতীয় সদস্য নেয়া হয়নি বজে কংগ্রেস, মুসলিম লীপ এবং অন্যান্য রাজনৈতিক দলগুলি এ কমিশন বর্জনের সিদ্ধান্ত করে। কমিশনের সনস্যাপণ বোষাইয়ে অবতরণ করেলে তাদেরকে কৃষ্ণ পভাকা দেখানো হয়। যাহোক, সাইমন কমিশন লঙনে একটি পোলটেবিল বৈঠকের সুপারিশ পেশ করে।

## গোলটেবিল বৈঠক

সাইমন কমিশনের মূপারিশ অনুযায়ী ১৯৩০ সালে লন্ডনে গোলটেবিল বৈঠক আহুত হয়। কংগ্রেস এ বৈঠকে যোগদান করা থেকে বিরত থাকে। আমন্ত্রণ গ্রহণ করেন মওলানা মূহাত্মদ আলী, মিঃ মূহাত্মদ আলী ভিত্রাহ, মিঃ এ, কে, ফেব্রুল হক, স্যার মূহাত্মদ ইসমাইল, আগা খান, স্যার আবদুল ভাইয়ুম, স্যার আবদুল হাসিম গলনবী, স্যার আকবর হায়দারী, স্যার মূহাত্মদ শফি, স্যার শাহ নওয়াজ তুট্ট প্রমূখ নেতৃকৃল। মুসলিম সদস্যগণ লন্ডনে লৌছে মহামান্য আগা খানকে তাঁদের নেতা নির্বাচিত করেন।

প্রায় দু'মাসকাল বৈঠক স্থায়ী হয়। মওলানা মৃহামদ আলী ভগ্নস্বাস্থা নিয়ে বৈঠকে যোগদান করেন এবং অসুস্থ অবস্থায় আসনে উপবেশন করেই তাঁর নর্ই মিনিটবালী দীর্ঘতম ভাষণ দান করেন। এই অগ্নিপুরুষের দ্বালাময়ী ভাষণ ধেমন একদিক দিয়ে থিপ একটি উচ্চাংগের নাহিত্য, তেমনি কপর দিক দিয়ে তারতের ধারীনতা আন্দোলনের ইতিহাসে প্রষ্ঠতম অবদান। তিনি সম্রাট পঞ্চম জর্জে: সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে যে ভাষায় ব্রিটিশ সরকারের তীব্র সমালোচন করেন, তা শুধুমাত্র গাঁর মতো একজন নির্ভীক মুজাহিলের পক্ষেই ছিল সম্ভব। গুরুষের স্বাধীনতা তার কাছে ছিল জীবনের সর্বাপেক্ষা প্রিয়তম বস্তু। তিনি তার বক্তৃতার এক পর্যায়ে অভি আবেগময় কর্ষ্কে বলেন, আমি ভারতের স্বাধীনতার সারাংশ নিয়ে স্বদেশে কিরে যেতে চাই। যদি ভোমরা স্বাধীনতা না দাও, তাহলে তার পরিবর্তে এখানে আমার জন্যে রচনা করো সমাধি। কারণ একটি গোলামীর দেশে কিরে যাওয়ার চেয়ে একটি স্বাধীন দেশে মৃত্যুবরণকে আমি প্রেয়ঃ মনে করি।"

তাঁর এ অন্তরিকতাপূর্ণ উক্তি ছিল একটি তবিষাদাণী যা ক্ষরে ক্ষমরে সত্যে পরিণত হতে মোটেই বিলম্ব হলো না। তাঁকে আর তাঁর প্রিয় ক্ষনাভূমিতে ফিরে আসতে হয়নি। ভারতের স্বাধীনতা হয়নি, হয়েছে তাঁর জীবনের অবসান লভনের বুকেই ক'দিন পরে।

মওলানা মুহামদ আলী বারবার কারাবরণ করে এবং দীর্ঘদিন কারাগারে অতিবাহিত করে একেবারে ভগ্নস্বাস্থ্য হয়ে পড়েছিলেন। তার অকমাৎ মৃত্যু ভারতের কোটি কোটি নরনারীকে শোকসাগরে নিমন্দ্রিত করে। ১৯৩০ সামে ৪ঠা জানুয়ারী তিনি মৃত্যুবরণ করেন এবং এ নিদারুণ সংবাদ তড়িৎপতিতে সারা মুসলিম বিশ্বে ছড়িয়ে পড়ে। পৃথিবীর সুধী সমাজ মর্যাহত হয়ে ভারতের এ সিংহপুরুষের প্রতি শেষ প্রদা নিবেদন করে তারবার্তা প্রেরণ করতে থাকেন।

মওগানা মুহামন আলীর অন্তিম ইচ্ছানুযায়ী তাঁর মৃতদেহকে পরাধীন ভারত ভূমিতে না এনে বায়তুল মাক্দেনে অবস্থিত খলিফা ওমরের মসন্ধিন প্রাংগণে সমাধিস্থ করা হয়।

দেশপ্রেমিক, কবি ও সাহিত্যক, সাংবাদিক ও বাগী মঙলনো মুহাখদ আলী লওহরের মৃত্যুতে তারতবর্ষের রাজনীতিখেরে যে শূল্যতার সৃষ্টি হয়, তা জার পূরণ হয়নি। তবে লন্ডন মাত্রাকালে তাঁকে যখন স্ট্রেচারের সাহাযো বোষাই বন্দরে জাহাজে তোলা হয়, তখন অনেকেই অক্রমন্থ কণ্ঠে বলেছিলেন—
"ভারতে আপনার স্থলাতিবিক্ত কে হবে।" তখন তিনি বলেছিলেন "ভোমানের

জন্যে মুহাম্মদ আলী জিনাহ রাইলো।" তার এ অন্তিম ইচ্ছাও পূরণ হয়েছিল। পরবর্তীকালে মুসলমাননের আশা-আকাংখার বান্তবায়ন হয়েছিল মুহাম্মদ আলী জিনাহর অক্লান্ত প্রচেষ্টার।

### দ্বিতীয় গোলটেবিল বৈঠক

প্রথম পোলটেবিল বৈঠক ভারতীয় জাতীয় কংগ্রেস বর্জন করেছিল। উপরস্থু
মিঃ গান্ধী দবণ আইন অমান্য আন্দোলন শুরু করে ভারতে ব্রিটিশ সরকারকে
বিব্রত করে ডোলেন। সরকারও আন্দোলনকারীদেরকে কঠোর হলে দমন করার
চেষ্টা করেন। এমতাবস্থায় সরকারের সাথে একটা আপোষ নিম্পত্তিতে উপনীত
হবার জন্যে সারে তেজবাহাদুর সাঞ্জ, ভূপালের নবাব হার্মীদুরাহ্ বান, প্রীনিবাস
শাস্ত্রী এবং প্রী জয়কর প্রমুব নেতৃবৃন্দ মিঃ গান্ধীর সাথে আপোচনার মিলিত হন।
আলোচনায় একটি আপোকের ক্ষেত্র তৈরী হয়। বড়েলাটের সাথে গান্ধীজির
সরাসরি আলাপ আলোচনার পর কংগ্রেস দিতীয় গোলটিবিল বৈঠকে যোগদান
করতে সম্বত হয়।

১৯৩১ সালের আগন্ত মাসে অনুষ্ঠিতবা গোলটেবিল বৈঠকে কংগ্রেসের একমান্র প্রতিনিধি হিসাবে মিঃ গান্ধী পভন যাত্রা করেন। লন্ডনে পৌছে তিনি ন্ধানতে পারেন যে সরকার মুসলমানদের নায় তক্ষপিনী সম্প্রদায়কেও একটা স্বতম্ব সম্প্রদায় হিসাবে গণনা করতে বছকর। গান্ধী তা মেনে নিতে রাজী ছিলেন না এবং তিনি তার প্রতিবাদে ভারতে প্রত্যাবর্তন করেন। গান্ধী ব্রিটিশ বিরোধী আন্দোলনকারীদের সাথে কারাগারে নিকিন্ত হন।

গান্ধীর গোপটেবিল বৈঠক ত্যাগের পর দু'মাসকাল যাবত বৈঠক চলে এবং বৈঠকে অনেকগুলি সাব কমিটি গঠিত হয়। এসব কমিটির রিপোর্ট বিবেচনার জন্মে পরবর্তী বৎসরের আগস্ট মাসে গোপটেবিল বৈঠকের তৃতীয় অধিবেশন আয়ুত হয়।

# তৃতীয় গোলটেবিল বৈঠক

বিভিত্র আইন সভায় মুসলমাননের আসন সংখ্যা ও নির্বাচন প্রথা নিয়ে হিন্দু সদস্যপণ তানের চিরাচরিত বৈরী ভূমিকাই পালন করেন। ১৯২৮ সালে কোলকাভায় অনুষ্ঠিত সর্বনলীয় সম্মেলনে হিন্দুপণ যে আপোষহীন মনোভাব নাও করে সঞ্চেলকে বার্থ করে দিয়েছিলেন, গোলটেবিল বৈঠককে অনুরূপভাবে বার্থতায় পর্যবসিত করার চেষ্টা তাঁরা করছিলেন। কিন্তু আলা বানের সুযোগা লেতৃত্বে মুসলমান নেতৃত্বুন্দ বিশেষ করে মিঃ মুহাম্মন আলা জিল্লাহ এমন যোগাতা ও যুক্তিককের মাধ্যমে তাঁকের ন্যায়্য দাবীপাওয়াঞ্জলি পেশ করেছিলেন যে তার অধিকাংশই ব্রিটিশ সরকার মেনে নিতে রাজী হল। আগা গান ও মিঃ মুহাম্মন আলা জিল্লাহ বাতাঁতও স্যার মুহাম্মন শকি, স্যার আবদুল হালিম গজনতী, স্যার আকবর হায়দারী প্রমুখ নেতৃত্বের তৃমিকাও ছিল বিশেষ উল্লেখযোগা। যুক্তিতকে হার মেনে নিয়ে পণ্ডিত মদনমোহন মালবা, ডাঃ মুজে, শ্রীজ্ঞাকর প্রমুখ নেতৃত্বুন্দ অন্যান্য হিলু সদস্যগণের সাথে পরামন্ত্রমে উপরোক্ত প্রাচির (আইনসতায় মুসলমানদের আসন বর্তন ও নির্বাচন প্রথা) মীমাংসার তার অর্পণ করেন তৎকালীন ব্রিটিশ প্রধানমন্ত্রী রামজে ফাকডোনাভের উপর।

মাাকভোনান্ত অতীতে হিন্দুল্লীতির পরিচয় নিয়েছিলেন এবং কংগ্রেসের দৃঢ়
সমর্থক ছিলেন বপে ডার উপর হিন্দুদের গতীর আত্মা ছিল। কিছু তিনি যে
সাম্প্রদায়িক রোয়েদান (Communal Award) যোষণা করেন তাতে বিভিন্ন
আইনসভার মুসলমান ও জন্যান্য সম্প্রদায়ের জন্যে জাসন সংখ্যা নির্দিষ্ট করে
দেয়া হয়। পৃথক নির্বাচন প্রথাকেও স্বীকৃতি দেয়া হয়। শুধু আসন সংখ্যায় কিছু
রাধবনল করে উভয়ের গ্রহণযোগ্য করার চেষ্টা করা হয়।

মাকভোনাভের খোষণায় হিন্দুগণ বিশ্বর বিমৃত্ হয়ে পড়েন। করেণ তারা কথনো এরপ আশা করেননি। বিশেব করে তকশিলী সম্প্রদায়তুক হিন্দুদের জন্যেও পৃথক নির্বাচনের প্রস্থাবে তারা খুব মর্মাহত হয়ে পড়েন। মিঃ গান্ধী তখন জারবেলা জেলে কারাজীবন খাপন করছিলেন। তিনি পৃথক নির্বাচনের প্রতিবাদে আমরণ অনুশন ধর্মঘটের কথা ঘোষণা করেন।

# **भू**नावृद्धि

একনিকে হিন্দু নেতৃত্বন্দ পুনায় গমন করতঃ গান্ধীকে জনশন থেকে প্রতিনিবৃত্ত করার জনো বারবার আবেদন জানাতে থাকেন এবং অপরাদিকে বর্ণ হিন্দুগণ ভরুশিলীদের উপর চাপ সৃষ্টি করতে থাকেন বাঁটোয়ারা সর্গান্টি জয়শের রাদবদল করতে। কবি রবীন্দ্রনাথের সভাপতিত্বে এক সংখেদন অনুষ্ঠিত হয়। তক্তশিলী সম্প্রদায়ের নেতা ডঃ আহেদকর বর্ণহিন্দুদের কাছে নতি স্বীকার করেন এবং স্থিরীকৃত ২য় যে বিভিন্ন আইন সভায় তফশিলীদের এনে। আসন সংরক্ষিত থাকবে বটে, তবে মিশ্র নির্বাচন প্রথার সাহায্যে তাদেরকে নির্বাচিত ২তে হবে। এ চুক্তিটি ইতিহাসে পুনা চুক্তি নামে খ্যাতি লাভ করে।

উল্লেখ্য যে ভারতীয় জাতীয় কংগ্রেস তথা ভারতীয় বর্ণাইন্দুদের উদ্দেশ্য ছিল সমগ্র ভারতবাসীকে একজাতীয়তার যীতাকলে নিম্পিষ্ট করে এঘন এক জাতীয়তার উদ্ভব করা যার কর্তৃত্ব নেতৃত্ব ধাকবে সংখ্যাগরিষ্ঠ হিন্দুদের হাতে। ফলে মুসলিম জাতিকে কৃত্রিম জাতীয়তার সাথে একাকার করে তাদের স্বাতস্ত্রা বিলুপ্ত করে দেয়া হবে। কিন্তু মুসলমানদের জন্যে সরকার কর্তৃক পৃথক নির্বাচনের স্বীকৃতির মাধ্যমে তাদের জাতীয় স্বাতন্ত্রাও স্বীকার করে নেয়া হয়। এতে বর্ণহিন্দুদের বহুদিনের স্বপুনাধ চুণবিচুর্ণ হয়ে যায় এবং তাদের সমস্ত স্বাক্রোশটা পিয়ে পড়ে তাদের এককালীন পরম বন্ধু, হিতৈষী ও অভিভাবক ব্রিটিশ সরকারের উপর। তার জন্যে সৃষ্টি হয় সন্ত্রাসবাদের। ধ্বংসাত্মক কার্যকলাপ, জ্ঞাপার পৃষ্ঠন, রাজনৈতিক হত্যা প্রভৃতি নিতানতুন ঘটনা ঘটতে থাকে। এ সময়ের কয়েক বছরের উল্লেখ্যযোগ্য ঘটনা হলো হিন্দু সন্ত্রাসবাদী সূর্যসেনের নেতৃত্বে চট্টগ্রাম অস্ত্রাপার পৃষ্ঠল, গোরেন্দা বিভাগের অন্যতম অফিসার খান বাহাদুর আহসান উল্লাহর হত্যা, ইউরোপীয়ান ক্লাব আক্রমণ ও কয়েকজন নর-নারীর হত্যা, মেদিনীপুরের জেলা ম্যাজিস্টেটের হত্যা, ডিনামাইট স্বড্যন্ত প্রভৃতি। লন্ডনে গোলটেবিল বৈঠক চলাকালীন নু'তিন বছরের মধ্যেই এ সন্ত্রাস সৃষ্টিকারী ঘটনাগুলি সংঘটিত হয়।

#### ভারত শাসন অহিন

পরের উল্লেখযোগ্য ঘটনা হলো ১৯৩৫ সালের ভারত শাসন আইন। প্রদেশে কিছুটা নায়িত্বশীল সরকার এবং কেন্দ্রে ফেডারেল সরকার প্রতিষ্ঠা ছিল—এ আইনের বিষয়কত্ব্ বা উদ্দেশ্য। ঘন্টকোর্ড শাসন সংস্কারে ব্রিটিশ সরকার ভারতীয়দের হাতে যে পরিয়াণ ক্ষমতা দিয়েছিলেন, ভারত শাসন আইনে তার চেয়ে অধিক ক্ষমতা তাদের হাতে ছেড়ে দেয়া হয়। কিন্তু প্রচুর রক্ষাকবচের মাধ্যমে আসল ক্ষমতা বড়োলাট ও প্রানেশিক গতর্গরদের হাতে রয়ে য়য়। ১৯৩৭ সালের এপ্রিল মাস থেকে এ নতুন তারতে শাসন আইন চালু হবে বলেও ঘোষণা করা হয়।

কংশেদ কর্তৃপক্ষ এই সংকৃষ্টিত বা নিয়ন্ত্রিত ক্ষমতায় (Controlled দিনতে) মোটেই সত্তুই হতে পারেনি। তবুও নানান টাপবাহানার পর নতুন আইনে অনুষ্ঠিত নির্বাচনে অংশগ্রহণ করে। কিন্তু মন্ত্রীত্ব গ্রহণ করতে অধীকৃতি আনাম। পরে কিনাবে ভারতের সাভটি প্রদেশে কংগ্রেস মন্ত্রীত্ব গঠন করে এবং আদের আড়াই কছরের শাসনে কিভাবে মুসলমানদের উপর অন্যায় অবিচার ও নিশোষণ চালায়, যার প্রতিক্রিয়া স্বরূপ মুসলমানদের পাকিস্তান আন্দোলনের পর্ব জন্যুক্ত এয়, পরবর্তীতে তার কিন্তারিত অলোচনা করা হবে।

১৯৩৫ সালের তারত শাসন আইন ঘোষিত হলে মিঃ মুহাম্মদ অলী জিরাহ
দকলকে মুসলিম লীগের পতাকাতলে সমবেত হওয়ার উদান্ত আহবান জানান।
১৯৩৭ সালের সাধারণ নির্বাচনে কিছু সংখ্যক সলস্য মুসলিম লীগে নির্বাচিতও
ছয়েডিসেন। তথন পর্যন্তও মুসলিম লীগের আন্দোলন গণআন্দোলনের রূপ লাভ
করেনি। নির্বাচনের পর মিঃ জিনাহ কংগ্রেসের সাথে সহযোগিতার হন্ত প্রসারিত
করেন। কিন্তু কংগ্রেস তা প্রত্যাখ্যান করে। জিনাহর মতো একজন তেজনী ও
ন্যাভনামা আইনবিদের পক্ষে কংগ্রেসের উপরোক্ত উক্তেরের কাছে নতি নীকার
করা সম্ভব হয়নি। বহু মান্সতিমানের পর বড়োলাট লিন্লিগ্গোর আশাসবাণীর
পর কংগ্রেস মন্ত্রীসভা গঠন করতে রাজী হলে, মিঃ জিনাহ লীগ সদস্যগণকে
ভার বিরোধিতা করার নির্দেশ দেন।

লীগ-কংগ্রেসের হল্পুকলহের মধ্য দিয়েই তারতের স্বাধীনতা তান্দোলন চলতে থাকে। মুনলমানদের প্রতি হিল্পুসের বিমাতাসুলত আচরণ, মুনলমানদের তাহাঁজব তামান্দ্রের প্রতি উপেক্ষা প্রদর্শন করে কংগ্রেস শাসিত প্রদেশগুলিতে হিন্দু রামরাজ্য স্থাপনের প্রচেষ্টা এবং মুনলমানদের প্রতি হিল্পু কংগ্রেসের অন্যায় অবিচার মুনলমানদেরকে স্বতন্ত্র আবাসভূমি লাভের সংগ্রামে বাধ্য করে। সে সংগ্রামের পরিসমান্তি ঘটে ১৯৪৭ সালে তারত ও পাকিস্তান নামে দু'টি স্বাধীন রাষ্ট্রের জন্মের তিতর দিয়ে।

# দ্বিতীয় ভাগ

#### প্রথম অধ্যায়

'বাংলার মুসলমানদের ইতিহাস'-এর প্রথম তালে বিস্তারিত আলোচনা করা হয়েছে বাংলায় তথা তারত উপমহানেশের পূর্বাঞ্চলে মুসলমানদের প্রথম আগমন থেকে শুরু করে তানের সাড়ে পাঁচ শতাধিক বংসরব্যাপী (১৩০২-১৭৫৭ খৃঃ) বাংলা শাসনের ইতিহাস। অতঃপর এ তৃথতে ইংরেজ শাসনের সূত্রপাত থেকে ১৯৬৫ সালের ভারত শাসন আইন (Government of India Act, 1935) কার্যকর হওয়ার পূর্ব পর্বন্ত সময়্বকালের ইতিহাস।

এবন এ ইতিহাসের দিতীয় ভাগে খালোচনা করতে চাই ১৯৩৫ সালের উপরিউক্ত ভাইনের প্রয়োগকাল থেকে ১৯৪৭ সালে ভারত বিভাগ পর্যন্ত সময়ের ইতিহাস।

ভারত বিভাগ কভিপয় ব্যক্তির নিকটে দুর্ভাগ্যঞ্জনক বিবেচিত হপেও এ ছিল এক অনিবার্য ও স্থাভাবিক বাস্তবতা। যে দেশের সংখ্যাগরিষ্ঠ অমুসন্দিম অধিবাসীর উপর মুইমের মুসলমানের শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর তা হাজার বারোপ' বছর চলেছে, এ দীর্ঘ সময়ে মুসলমান অমুসলমান পাশাপাশি শান্তি ও সৌহার্দের সাথে একত্রে বসবাস করেছে, তারা বিংশ শতাপীর মাঝখানে এসে আর একত্রে থাকতে পারলোনা কেনং এর সঠিক ও বস্তুনিষ্ঠ ইতিহাস বর্তমান ও ভবিষাং প্রজনানের অবশাই জানা দরকার। ইংরেজ শাসন কারেম হওয়ার পর থেকে মুসলমানদের প্রতি হিন্দু ও বিটিশের আচরণের ধারাবাহিক ইতিহাস, বিশেষ করে বিটিশ তারতে কংগ্রেসের আড়াই বছরের কুশাসন নিরশেক্ষ দৃষ্টিভংগীসহ আলোচনা করলে এ সত্যে উপনীত হওয়া যাবে যে, তারত বিভাগ ছিল এক অনিবার্য ও বাভাবিক বাস্তবতা।

পঁয়ব্রিশের ভারত শাসন আইন কার্যকর হওয়ার ফলে প্রদেশগুলোতে সীহিত স্বায়ন্তশাসন প্রতিষ্ঠিত হয়। কংগ্রেস সাজটি হিন্দু সংখ্যাগুরু প্রদেশে অন্য দলের সহবোগিতা বাতীতেই সরকার গঠন করতে সমর্থ হয় এবং ক্ষমতামদমন্ত হয়ে মুসলমানদের সাথে এমন অমানবিক আচরণ শুক্র করে যার দক্ষন মুসলমানগণ এ উপমহাদেশে তাদের অন্তিত্বই বিপদ্ধ মনে করতে থাকে। হিন্দু—মুসলিম সম্পর্কের চরম অবনতি ঘটে, দেশের সর্বত্র লোমহর্বক সাম্প্রদায়িক সংঘর্ষ এবং মুসলমানদের জান—মাল ইচ্ছাৎ—আবরু পৃষ্ঠিত হতে থাকে। পরিস্থিতি অবশেষে এমন একদিকে মোড় নেয় যেদিক থেকে প্রভ্যাবর্তনের আর কোনই উপায় হিলা। তারত দুটি পৃথক পৃথক স্বাধীন রাষ্ট্রে বিতক্ত হয়ে পড়ে। এ বিতক্তির পশ্চাতে ছিল তারতীয় মুসলমানদের জনমা ধর্মীয় বিশ্বাস ও আদর্শ, বতন্ত্র জাতীয়তার ধারণা, নিজম্ব ইতিহাস, ঐতিহ্য ও সভ্যতা—সংস্কৃতি এবং এসবসহ জাতীয় অন্তিত্ব বিশুন্তির প্রবল আনংকা। এক পক্ষ চাইছিল অপর পক্ষকে গোলাম বানিয়ে রাখতে অন্যুধায় তানেরকে ভারতের বৃক্ থেকে নির্মূণ করতে। অপর পক্ষ চাইছিল আত্মমর্যাদা ও সকল অধিকারসহ থেকে থাকতে। ইতিহাসের নিরপেক্ষ আলোচনায় আশা করি ও সত্য প্রমাণিত হবে।

# ভারত শাসন অহিন, ১৯৩৫ (Govt. of India Act, 1935)

এ পাইনটি ১৯৩৭ সালের পর্যপা এপ্রিল থেকে কার্যকর করা হয়। ভারতীয় ফেডারেশন সম্পর্কিত আইনের দ্বিতীয় অংশটি কার্যকর ২য়নি। কারণ নির্দিষ্ট সংখ্যক ভারতীয় দেশীয় রাজ্য ফেডারেশন মেনে নিতে পারেনি বলে তা কার্যকর হয়নি।

এই আইনের বিশেষ বৈশিষ্টা ছিল এই যে, এ সর্বপ্রথম প্রদেশগুলোকে আইনানুগ পূথক অন্তিত্ব দান করে। সিন্ধুকে বোধাই থেকে বিচ্ছিত্র করে পূথক প্রদেশের মর্যাদায় ভূষিত করা হয়। উত্তর—পশ্চিম সীমান্ত প্রদেশকে এই সর্বপ্রথম পূর্ণ প্রাদেশিক মর্যাদা দান করা হয়। ভোটদাতার সম্পদের অনুপাত হ্রাস করতঃ ভোটার সংখ্যা বর্ষিত করা হয়।

আইন অনুযায়ী প্রত্যেক প্রদেশে একটি করে মন্ত্রী পরিষদ থাকবে এবং গতর্ণর ভার সুপারিশ মেনে চলবেন। তবে তিনি কোন কোন ক্ষেত্রে ইচ্ছা করলে আপন বিবেক অনুযায়ী সিদ্ধান্ত গ্রহণ করতে পারবেন। হৈতশাসন বিপৃত্ত করা হয়। প্রদেশে ব্রিটিশ মডেলের একটি করে মন্ত্রীসভা থাকবে যার পরামর্শ অনুসারে গতর্ণর তাঁর কার্য সম্পাদন করবেন।

# প্রাদেশিক পরিষদ নির্বাচন

প্রাবেশিক পরিধানের নির্বাচন মন্পদ্ধ হয় ১৯৩৭ এর ফেব্রুয়ারী ও যার্ডে।
১৯৩৬ সালের শেবতাগে মুসলিম দীগ ও কংগ্রেম তাদের নির্বাচনী মেনিফেস্টো
ঘোষণা করে। উত্তর মেনিফেস্টোর সামাজিক পদিসি ছিল একই রক্মের।
রাজনৈতিক ইস্তুতেও কেউ একে জপর থেকে বেশী দূরে অবস্থান করছিল না।
কিন্তু দৃটি বিষয়ে উভরের মধ্যে বিরাট মতপার্থক্য ছিল। একটি এই যে, মুসলিম
লীগ ওয়াদাবদ্ধ ছিল উর্দৃ তাষা ও বর্ণমালার সংরক্ষণ এবং সমৃদ্ধি সাধন করতে।
পদ্ধান্তরে কংগ্রেম বদ্ধপরিকর ছিল হিন্দিকে তারতের রাষ্ট্রতাধা করার জন্যে।
ছিতীয়তঃ মুসলিম নীগ জটল ছিল পূথক নির্বাচনের উপর। কিন্তু কংগ্রেম ছিল
তার চরম বিরোধী। ১৯১৬ সালে কংগ্রেম গৃথক নির্বাচন মেনে নিয়ে মুসলিম
দীগের সাথে এক চুক্তিতে স্বাক্ষর করে যা লাখনো চুক্তি নামে খ্যাও ছিল।
অনেক কংগ্রেম নেতা লাখনো চুক্তির উক্ছুসিত প্রশংসা করেন এবং এটাকে
ছিল্—মুসলিম মিলনের সেত্বক্ষন মনে করেন। কিন্তু প্রবর্গীকালে কংগ্রেম এ
চুক্তি অমান্য করে পৃথক নির্বাচনের বিরোধিতা শুরু করে। অবশ্যি কংগ্রেমের
প্রবল বিরোধিতা সন্তর্গ্রে ভারতে বিভাগ পর্যন্ত পৃথক নির্বাচন করবং থাকে।

হিলু-মুসলিম মিলনে প্রতিবন্ধকতা সৃষ্টিকারী কোন কথা মুসলিম লীপ মেনিফেস্টোতে ছিলনা। বরঞ্চ তাতে ছিল সহযোগিতার সৃস্পষ্ট আহবান। কংগ্রেস মুসলিম লীগের এ সহযোগিতার আহবান ঔদ্ধতা সহকারে প্রত্যাব্যান করে। কংগ্রেসের দাবী ছিল যে, সকল ভারতবাসী এক জাতি এবং ভারতবাসীর প্রতিনিধিত্বকারী রাজনৈতিক প্রতিষ্ঠান একমাত্র কংপ্রেস। কিন্তু ১৯৩৭ সালের নির্বাচন তার এ দাবী মিধ্যা প্রমাণিত করে।

নিবাচনের যে ফল প্রকাশিত হয়, তাতে দেখা যায় সর্বমোট ১৭৭১টি আসনের মধ্যে কংগ্রেস লাভ করে মাত্র ৭০৬ টি যা অর্থেকেরও কম। মুসলিম আসনের অধিকাংশ লাভ করে স্যার ফরুলে হোসেনের পাঞ্জাব ইউনিরনিই পাটি। মুসলিম লীগ তবন পর্যন্ত অসংগঠিত ছিল বলে ৪৮২টি আসনের মধ্যে ১০২টি লাভ করে। কিছু কংগ্রেস হিন্দুমুসলিম উতয়ের প্রতিনিধিত্বকারী দল হিসাবে কুয়টি মুসলিম জাসনে বিজয়ী হয়। ৫৮টি আসনে প্রতিদ্বিতা করে বিজয়ী হয় মাত্র ২৬টি অসনের প্রজ্ঞানের সর্বমোট ১৭৫ আসনের মধ্যে ১৮ এবং বাংশায় ২৫০ এর মধ্যে ৬০ আসন লাভ করে।

(The Struggle for Pakistan, I.H. Qureshi). Return showing the results on election in India-1937. Nov. 1937)

মোট সাড়ে তিন কোটি ভোটের মধ্যে কংগ্রেস প্রায় দেড় কোটি ভোট লাত করে। স্বতএব ভারতের একমাত্র রাঞ্জনৈতিক প্রতিষ্ঠান হওয়ার দাবী মিধ্যা প্রমাণিত হয়।

ইউপিতে কংগ্রেস টিকেটে মাত্র একজন মুসলমান নির্বাচিত হন। তিনি বিশেষ বিশ্ববিদ্যালয় নির্বাচনী এলাকা থেকে যুক্ত নির্বাচনে নির্বাচিত হন। কংগ্রেসের প্রাদেশিক সভাপতি একজন মুসলমান নির্বাচনে পরাজিত হন। — (The Struggle for Pakistan I, H. Quresh)

দেশের এগারোটি প্রদেশের মধ্যে ছয়টিতে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠ আসন লাভ করতে সমর্থ হয়। সে ছয়টি হলো— বোছাই, মান্রাঞ্জ, ইউ পি, সি পি, বিহার ও উড়িস্থা। কিন্তু মুসলিম সংখ্যাওক প্রদেশগুলোতে বহু চেষ্টা করেও ঘর্থেষ্ট সংখ্যাক মুসলমান প্রার্থী সংগ্রহ করতে পারেনি। উপরোক্ত ছয়টি প্রদেশের তিনটিতে বোছাই, সিপি (মধ্য প্রদেশ) ও উড়িস্থা।—কংগ্রেস মনোনীত কোন মুসলমান প্রার্থী ভারণাত করতে পারেনি।

নত্ন প্রচলিত আইন অনুষায়ী প্রাদেশিক গড়পরগণ প্রাদেশিক আইনসভাগুলোর সংখ্যাগরিষ্ঠ দলের নেতৃতৃশকে ডেকে পাঠান এবং মন্ত্রীসভা গঠনে সহায়তা করতে অনুরোধ জানান। পাঞ্জাব, বাংগা, সিদ্ধু, উন্ত-পশ্চিম সীমান্ত প্রদেশ এবং জাসাম—এ পাঁচটি প্রদেশে মন্ত্রীসভা গঠিত হয় এবং পয়লা এপ্রিল থেকে স্বায়ন্তলাগঠিত ইউনিট হিসাবে কাজ শুরু করে। অবশিষ্ঠ ছয়টি প্রদেশে কংগ্রেস মন্ত্রীসভা গঠনে অস্বীকৃতি জ্ঞাপন করে—যতাক্ষণ না গভর্ণরগণ সংবিধান অনুযায়ী তাঁদের বিশেষ ক্ষমতা প্রয়োগ থেকে বিরত থাকার নিশ্চয়তা দানে করেন। এ ধরনের নিশ্চয়তা দানে গভর্ণরগণ অসন্ধতি জ্ঞাপন করেন। অতঃপর যেসব দল বা প্রশের প্রতিনিধিগণ মন্ত্রীসভা গঠনে ইচ্ছুক তাঁদেরকে নিয়ে জন্তর্বর্তী মন্ত্রীসভা গঠনের উদ্যোগ গ্রহণ করেন। মুসলমানদের নেতৃত্বে বোষাই, বিহার ও ইউপিতে জন্তর্বর্তীকালীন মন্ত্রীসভা গঠিত হয় এবং কতিপন্ন মুসলিম লীগ সদস্যক্তেও মন্ত্রীসভায় স্থান দেয়া হয়। কিন্তু এসবকে 'মুসলিম লীগ মন্ত্রীসভা' নাম দেয়া হয়নি।

রক্ষাকবচ প্রশ্নে অচলাবস্থা সৃষ্টি

ভারত শাসন আইন ১৯৩৫-এর অধীনে প্রদেশের গতর্ণরগণকে যে নির্দেশনামা প্রদান করা হয় তাতে তাঁদের প্রতি এক বিশেষ দায়িত্ব অপঁণ করা হয়। সংখ্যালঘূদের স্বার্থ সংরক্ষণের জন্যে আইনে যে রক্ষাকবচের (Safeguard) নিক্ষতা দান করা হয়েছে তার প্রতি লক্ষ্য রাখাই গতর্ণরগণের বিশেষ দায়িত্ব। বলা হয়েছে ঃ

The Instruments of Instructions issued to the Governors under the Government of India Act 1935, placed some special responsibilities on the provincial heads. These included the Safeguarding of all the legitimate interests of minorities as requiring him to secure, in general, that those racial or religious communities for the members of which special representation is accorded in the legislature and those classes of the people committed to his charge who, whether on account of the smallness of their number, or their lack of educational or material advantages or from any other cause, cannot as yet fully rely for their welfare upon joint political action in the legislature, shall not suffer, or have reasonable cause to fear neglect or oppression.

উপরোক্ত আইনে সব ধরনের সংখ্যালঘু সম্প্রদায়ের সকল বৈধ স্বার্থ সংরক্ষণের নিশ্চয়তা দান করা হয়েছে। তাদের স্বার্থ যাতে সংরক্ষিত হয়, সেদিকে কন্ধ্য রাধার জন্যে প্রাদেশিক গতর্ণরগণকে বিশেষ দায়িত্ব দেয়া হয়।

জাতিগত ও ধর্মীয় এমন কতিপয় সম্প্রদায় আছে যাদের সদস্যদের জন্যে আইনসভায় বিশেষ প্রতিনিধিত্বের ব্যবস্থা করা হয়েছে, গভগরের তত্ত্বাবধানে এমন কতিপয় প্রেণী আছে যারা সংখ্যায় কম হওয়ার কারণে, অথবা শিক্ষাগত ও বৈষয়িক সুযোগ সুবিধা না থাকার কারণে অথবা জন্য কোন কারণে তাদের কল্যাণের জন্যে আইনসভায় গৃহীত যুক্ত রাজনৈতিক পদক্ষেপের উপর এখনো পুরোপুরি আস্থা পোষণ করতে পারেনা— এসব সম্প্রদায় ও প্রেণী কোনরূপ

দুর্গতি ভোগ করবে না অথবা অবহেলিত অথবা উৎপীড়িত হওয়ার কোন কার<mark>ণ</mark> থাকবে না। এতাবে তাদের স্বার্থ সংরক্ষণের দায়িত্ব গতর্গরদের উপরে অ<mark>র্লিত</mark> হয়।

তারতের সংখ্যালঘু বলতে প্রধানতঃ মুসলমানদেরকেই বলা হয় এবং তারা তাদের সকল প্রকার স্বার্থ সংরক্ষণ তথা রক্ষাকবচের জন্যে দীর্ঘকাল যাবত সংগ্রাম করে আসছে।

এ উপমহাদেশ কয়েকটি জাতির আবাসভূমি ছিল এবং তাদের মধ্যে সংখ্যাগুরু ও সংখ্যালঘুও ছিল। এ বাস্তবতা কংগ্রেস স্বীকার করতোনা। কংগ্রেস দাবী করতো সকল তারতবাসীর প্রতিনিধিত্বশীল সংগঠন মাত্র একটি এবং তা হলো কংগ্রেস। মিঃ গান্ধী News Chronicle এর প্রতিনিধির কাছে বলেন, এখানে একটি মাত্র দল আছে যে কল্যাণ করতে পারে এবং তা হলো কংগ্রেস। কংগ্রেস ব্যতীত অন্য কোন দল আমি মেনে নেব না।

তিনি আরও বলেন, তোমরা যে নামেই ভাক, তারতে একটি মাত্র দলই হতে পারে এবং তা হচ্ছে কংগ্রেস– (Muslim Separatism in India, A. Hamid, p. 217)

জঙহরলাল নেহরন্র মনোভাবও ছিল অনুরূপ। তিনি বলেন, একটি অনুবীক্ষণ
যন্ত্রের সাহায্যেও আবিষ্কার করা যাবে না যে তারতে কোন সংখ্যালঘু
সম্প্রদারের অন্তিত্ব আছে। দেশে মাত্র দৃটি দল আছে— কংগ্রেস এবং সরকার।
আর যারা আছে তাদেরকে আমাদের কর্মপদ্ধতি মেনে নিয়ে আমাদের সাথে
থাকতে হবে। যারা আমাদের সাথে নেই—ভারা আমাদের বিরোধী।

পশ্চিত নেহরুর উপরোক্ত উক্তি ফ্যাসিবাদী মানসিকতারই বহিঃপ্রকাশ।

 ভিক্ত গ্রন্থ)

সংখ্যালঘুদের স্বার্থ সংরক্ষণের জন্যে রক্ষাকবচের ব্যবস্থা ১৯৩৫ সালের আইনে রয়েছে এবং প্রাদেশিক গতর্ণরগণকে বিশেষ দায়িত্ব দেয়া হয়েছে যাতে সংখ্যালঘুদের স্বার্থ ক্ষুর না হয়। কিন্তু পণ্ডিত জওহরলাল নেহরুর কথায় এ দেশে সংখ্যালঘু বলে কোন বস্তুর অস্তিত্বই যখন নেই, তখন কংগ্রেসের মতে গতর্ণরদের বিশেষ দায়িত্ব পালনের জন্যে বিশেষ ক্ষমতা প্রয়োগের প্রয়োজনও নেই। এর সুস্পষ্ট অর্থ হলো এই যে কংগ্রেস মুসলমানদের স্বার্থ সংরক্ষণে মোটেই রাজী নয়। এ কারণেই কংগ্রেস মন্ত্রীসভা গঠনে অস্বীকৃতি জ্ঞাপন করে

## थानवश्व मृष्टि करा द्वारच

ক্ষরণেয়ে তাইস্কর পর্ত লিন্দিগ্গোর সাথে কংগ্রেলের একটা আপন্ নিশান্তি হয়ে যার যার ভিত্তিতে ৭ই জুলাই কংগ্রেস ভয়ার্কিং কমিটি কংগ্রেসকে মন্ত্রীসভা গঠনের অনুমতি দান করার প্রভাগ গ্রহণ করে।

ভাইস্রয়ের পঞ্চ থেকে গোপনে পূর্ণ নিশ্চয়তা লাতের পর কংগ্রেস সরক মান-অভিমান ত্যাপ করে ১৯৩৭ এর খুলাই মাসে স্যাতটি প্রদেশে মন্ত্রীসভা গঠন করে। ১৯৩৮ সালে আসামের প্রধানমন্ত্রী স্থার মুহম্মন সা'নুপ্লাহ এক্তেঞ্চা দান করার আসামে গোপীনাথ বারদেশই কর্তৃক কংগ্রেস কোয়ালিশন মন্ত্রীসভা গঠিত হয়। যে সকল প্রদেশে কংগ্রেস মন্ত্রীসভা গঠিত হয়, সেসব প্রদেশে মুসলমানদের রাথ পদদলিত হতে থাকে। এ বিষয়ে পরে আলোচনা ভরা হাবে।

#### নিৰ্বাচনের ফলাফল

কংক্রেস মন্ত্রীসতা গাঁঠিত হওয়ার শুর মুসলিম ভারতে যে তীব্র প্রতিক্রিয়া সৃষ্টি হয়, তা পরীক্ষা—নিরীক্ষার পূর্বে সাইত্রিশ সাপের শুরু থেকেই যেসব প্রদেশে সরকার পঠিত হয় তাদের অবস্থা কি ছিল, তা একবার আলোচনা করা যাক।

#### বাংলা

নির্বাচনের পর বাংলার আইনসভার দলীয় অবস্থান ছিল নিয়ন্ত্রপ ঃ

The state of the state of the state of the	100-11-14-14-11 6
কংগ্ৰেস	@8
জকংগ্রোসী হিন্দু	82
ৰওছ মুসলমান	80
यूननिय नीन	80
वन्तानः भूजनभान	96
ইউরোপিয়ান আংলো ইভিয়ান	৩১
निर्मणीय यूजनयान	3

(गाउँ=३००

্রুসনিম শীগ নন, এমন মুসলমানদের মধ্যে কৃষক প্রজা পার্টির সদস্য ছিল ৩৫। এ দলের নেতা ছিলেন মৌলজী এ কে ক্ষম্পুল হক (পেরে বাংলা)। এখানে

৩৭৬ বাংশাল মুসলমানদের ইতিহাস

কোয়ালিশন খাতীত জ্বীসভা গঠনের জন্য কোন পথ ছিলনা। অতএব ১৯৩৭ লালের এপ্রিল মাসে, মুসলিম লীগ, কৃষক প্রজা পার্টি, তফসিলী সম্প্রদায় (Scheduled Castes) এবং স্বান্তর অথবা অকংগ্রেসীয়ে বর্গ হিন্দুদের নিয়ে কোয়ালিশন মন্ত্রীসভা গঠিত হয়, যার নেতা ছিলেন শেরে বাংলা ফল্লুল হক। তিনি লশ সদস্য বিশিষ্ট ফ্রীসভা গঠন করেন বার মধ্যে পাঁচজন মুসলমান এবং পাঁচজন হিন্দু ছিলেন।

তরেখা নির্বাচনের পর তেসরা ফেব্রুনারী মুশীগঞ্জে জনুষ্ঠিত জনসভার জনাব ফজপুণ হক তাঁর দপের কর্মসূচী ঘোষণা করেন। ১৫ই ফেব্রুয়ারী কৃষক প্রজা পাটির কার্যনির্বাহী কমিটি উক্ত ললের নেতৃবৃংক্তর সাথে মুসলিম লীগের নতৃন সংবিধান কার্যকর করার উদ্দেশ্যে যে ছুক্তি সম্পাদিত হয় তা অনুমোদন করে। ৬ই মার্চ জনাব ফজপুন হক মন্ত্রীসভা গঠনে সম্বত হন। কারেনে আজম মুহামন জালী জিল্লাহর অনুরোধে হক সাহেব মুসলিম লীগে যোগদান করেন। জতঃপর তিনি সর্বসম্পিতিক্রমে লীগে কোয়ালিখন দলের নেডা নির্বাচিত হল যার ফলে ভিনি বাংলার প্রধানমন্ত্রী হিসাবে শপুর গ্রহণ করেন।

ফল্পুন হক কোয়াপিন মন্ত্রীসতা নিবিবাদে কান্ত করতে পারেনি। কারণ কংশ্রেম গলে পদে এ মন্ত্রীসভার চরম বিরোধিতা করে। কিন্তু তার সূফল এই হয় যে, যে পরিমাণে বিরোধিতা হয় সেই পরিমাণে সংসদের ভেডরে ও বাইরে মুসলিম ঐক্য সংহত ও সূদৃত্য হয়।

কোয়ালিশন মন্ত্রীসভা গাঁৱিত হওয়ার পর কৃষক প্রজা পার্টি এবং মুসলিম দীপের মধ্যে সম্পর্ক উত্তরত হয়। ১৮৩৭ সালের সেন্টেছরে লাখ্নোতে অনুষ্ঠিত নিখিল ভারত মুসলিম দীপ অধিবেশনে তিনি যোগদান করে ঘোষণা করেন যে, তার দলের সদস্যপণ মুসলিম লীপে যোগদান করবেন। তার মন্ত্রীসভায় খাজা নাজিখনীন ও হোসেন শহীদ সহরাওয়ার্দী স্থান পেরেজিনেন।

ফজনুদ হত সাহেবের সাড়ে চার বছরের প্রধানমন্ত্রীত্ব তাঁর জীবনে এবং অবিতক্ত বাংলার মুদনিম রাজনৈতিক শক্তিতে এক লব জোরার এনে দেয়। তাঁর মন্ত্রীসভা জনগণের মধ্যে বিরাট আশার সঞ্চার এবং মুসলমানদের মধ্যে জাতুবিশ্বাস সৃষ্টি করতে সক্ষম হয়। তাদের এতদিনের ইনমন্তা দুর্গাভূত হয় এবং হিন্দুদেরকে ভারা সমকক্ষ মনে করে। সংগদে ফজনুল হক—সুহরাওঘার্নীর ভাষণ, প্রতিপক্ষের করার গাঁতভাষা জবাব লান এবং তাদের প্রত্যুৎপদ্ধমতিত্ব

বাংলার যুদ্দমানদের ইতিহাস ৩৭৭

কংগ্রেস ও হিন্দু মহাসভা নেতৃবৃদ্দের তুদনায় অধিকতের উচ্চমানের ছিল। তাঁদের প্রাণশক্তি ও প্রজ্ঞা, জ্ঞানবৃদ্ধির প্রথরতা, অনর্গল বাগ্মিতা ও সাংগঠনিক যোগ্যতা এবং কঠোর পরিশ্রম ও ধীশক্তির ঘারা তাঁরা সংসদে হিন্দু সদস্যদের উপর তাঁদের প্রেষ্ঠত্ব প্রমাপ করেন।

বাংলার মুসলমানদের মধ্যে যে নবজীবনের সঞ্চার হয় তা সংসদ তবনের চার পেয়াণের মধ্যেই সীমিত ছিপনা। মানবীয় কর্মশীলতার সকল ক্ষেত্রে রাজনৈতিক সংগঠন, সাহিত্য, শিল্প, সাংবাদিকতা, খেলাধূলা প্রভৃতিতে তা লৃষ্টিগোচর হলো। মুসলিম লীগ একটি শক্তিশালী জীবন্ত সংগঠনে পরিগত হচ্ছিল এবং মুসলমানদের মধ্যে এক নতুন জীবন ও আস্থার সঞ্চার করছিল।

প্রায় এক শতাব্দী যাবত যে বাংলা সাহিত্যের উপর হিন্দু কবি সাহিত্যিক তীলের প্রাধান্য বিস্তার করে রেখেছিলেন, সাহিত্য গগনে কাজী নজরুল ইসলাথের উদত্তের ফলে তার অবসান ঘটে। তিনি গুণু একাকী নন, কবি জসিয় উদ্দীন, গোলায় মোন্তফা, বেনজীর আহমদ প্রমুখের কাব্যজ্ঞগতে অমর অবদানত অনবীকার্য। সংগীত সম্রাট আবাসউদ্দীনের মনমাতানো সুরে গগওয়া ইসলামী, মুর্শেদী, তাটিয়ালী সংগীত মুসগমাননের মনে ইসলামী প্রেরণা সঞ্চার করে।

এ মুসলিম নবজাগরণে নতুন মুসলিম প্রেসের উথান বিরাট অবদান রেখেছে।
সাংবাদিকতার জগতে কোলকাতা থেকে কতিপর মাসিক ও সাঞ্চাহিক প্রকাশিত
হলেও নির্য়ায়ত কোন দৈনিক পত্রিকা ছিলনা। ১৯৩৬ সালে মঙলানা আকরাম খাঁ
দৈনিক আজাদ প্রকাশিত করে মুসলমান জাতির বিরাট খেনমত আঞ্জাম দেন
এবং ফললুল হক কোরালিশন মন্ত্রীসতাকে সক্রিয় সমর্থন দান করেন। এ সময়ে
আবদুল করিম গাজনবী কর্তৃক প্রকাশিত দৈনিক স্থার অব ইভিয়া এবং থাজা
দ্বাশীন কর্তৃক প্রকাশিত দৈনিক মানিং নিউজ মুসলমানদের আশা জাকাংখার
প্রতিনিধিত্ব করে।

শেরে বাংলা এ কে ফজলুল হকের প্রথম মন্ত্রীসতা— (১৯৩৭ থেকে ১৯৪১) বাংলার সংসদীয় সরকারের ইতিহাসের এক স্বর্ণযুগ বলা বেতে পারে। এ সময়ে তিনি বিহার, উড়িখ্যা ও আসাম প্রদেশগুলোতে সফর করে মুসলিম দীগ সংগঠিত করেন এবং একে একটি শক্তিশালী সংগঠনে রূপান্তরিত করেন। তিনি ১৯৩৭ সালে লাখ্নোতে, ১৯৩৮ সালে করাচীতে এবং ১৯৩৯ সালে কটকে জনুষ্ঠিত মুসলিম দীগ সম্বোদনগুলোতে তারণ দান করেন। ১৯৪০ সালে

ভাষেদে আজম মৃহক্ষেদ আলী জিল্লাহর সভাপতিত্বে লাহোরে ২২, ২৩ ও ২৪শে মার্চ মুসলিম লীগের সম্মেলন অনুষ্ঠিত হয়। ভার ২৩শে মার্চের অধিবেশনে ভিনি ঐতিহাসিক পাকিস্তান প্রস্তাব পেশ করেন।

ফল্লুল হক এ সভ্য উপলব্ধি করেছিলেন যে, মুসলিম ল্লাভির উন্নতি অপ্রগতির চাবিকাঠি হচ্ছে শিক্ষা। এ কারণেই তিনি তাঁর কোয়ালিশন মন্ত্রীসভায় নিজে শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণ করেন। তিনি শিক্ষা ক্ষেত্রে মুসলমানদের উন্নতির জন্যে বহু শিক্ষা প্রতিষ্ঠান কারেম করেন। যথা পোডি রাবোর্ন কলেজ (মহিলা কলেজ), কোলকাতা; ইডেন গার্লস কলেজ, ঢাকা; কৃষি কলেজ (তেজগাঁ, ঢাকা); ফজেলুল হক মুসলিম হল, ঢাকা; ফজলুল হক কলেজ, চাথার, বরিশাল।

কোলকাতা বিশ্ববিদ্যালয়ের গর্ব- ঔদ্ধতা তিনি কিছটা থর্ব করতে চেয়েছিলেন। এ ছিল প্রকৃতপক্ষে হিস্মুদের এক সুরক্ষিত বিদ্যামন্দির। হিন্দু রেনেসার এবং বাংলায়া হিন্দুর বৃদ্ধিবৃত্তিক আধিপত্য প্রতিষ্ঠার এক শক্তিশালী হাতিয়ার। এ ছিল এক বিরাট দুর্নমনীয় প্রতিষ্ঠান যা প্রবেশিকা এবং মাধ্যমিক পরীক্ষাগুলোও নিয়ন্ত্রণ করতো। অভএব উচ্চশিকার উপর তার প্রভাব ছিল শিকামন্ত্রী ও তার বিভাগ অপেক্ষা অনেক বেশী। এ প্রভাব থেকে পরীক্ষার্থীদের রক্ষা করার জনো তিনি সেকেন্ডারী এডকেশন বোর্ড গঠনের উদ্দেশ্যে আইন পরিষদে একটি বিশ উথাপনের চেষ্টা করেন। ফলে গোটা হিন্দু সম্প্রদায় ভয়ানক কিন্তু হয়ে পড়ে এবং পারম্পরিক সকল বিভেদ ভূপে গিয়ে উক্ত প্রস্তাবিত বিলের বিরুদ্ধে ঐক্যবন্ধ হয়। ১৯০৫ সালের বংগভংগের পর এমন প্রচন্ড বিন্দোভ আর দেখা যায়নি। ১৯৪০ সালে কোলকাতায় স্মার প্রফুল্লচন্দ্র রায়ের মতো এক বিশ্বজন ব্যক্তির সভাপতিত্বে এক প্রতিবাদ সমেদন অনৃষ্ঠিত হয়। সমগ্র প্রদেশ থেকে প্রায় দশ হাজার প্রতিনিধি সম্পেনে যোগদান করেন। কবি রবীন্দ্রনাথ ঠাকুর তখন বার্থক্যজ্ঞনিত শীড়ায় তুগছিলেন। এতদ্সত্ত্বেও তিনি উক্ত সংখ্যনে তাঁর নাম ও মর্যাদা ব্যবহারের সুযোগ গ্রহণ করেন। সক্ষেলনে তিনি যে বাণী পাঠান ভার শেষাংশে বলেন ঃ

স্থামার বার্ধকা এবং স্বাস্থ্য স্থামাকে সম্বেশনে যোগদানে বাধা দিছে। কিন্তু যে বিপদ স্থামাদের প্রদেশের সাংস্কৃতিক স্বস্তিত্বের প্রতি হুমকি সৃষ্টি করেছে, তা স্থামাকে তয়ানক বিচলিত করেছে। সে জন্যে স্থামি স্থামার রোগপ্যা থেকে সম্বেশনে একটি কথা না পাঠিয়ে পারন্থাম না। হিন্দুদের চরম বিরোধিতার কারণে বাংলার প্রধানমন্ত্রী সেকেভারী এডুকেশন ধোর্ভ গঠনের যে পরিকল্পনা করেছিলেন তা কার্যকর করা যায়নি।

তবে প্রধানমন্ত্রী হিসাবে শেরে বাংলা ফজলুল হক সবচেয়ে গুরুত্বপূর্ণ যে
পদক্ষেপ গ্রহণ করেন তা এই যে, প্রদেশের সকল সরকারী চাকুরীতে হিন্দু ও
মুসলমান সমান সুযোগ লাভ করবে। অর্থাৎ চাকুরীর শভকরা পঞ্চাশ ভাগ হিন্দু
ও পঞ্চাশ ভাগ মুসলমান লাভ করবে। সরকারী চাকুরী ক্ষেত্রে হিন্দুদের
চিরাচরিত একচেটিয়া অধিকার প্রভিষ্ঠার ফলে মুসলমানের প্রতি যে চরম
অবিচার করা হচ্ছিল, উপরোক্ত পদক্ষেপ গ্রহণে মুসলমান শিক্ষিত যুবকদের
মধ্যে জীবন ক্ষেত্রে বিরাট আশা ও আনলের সঞ্চার হয়। মুসলমান জাতির জন্যে
এ ছিল এক বিরাট বেদমত।

#### পাঞ্জাব

যে কমটি প্রদেশে কংগ্রেস মন্ত্রীসভা গঠিত হতে পারেনি ভার মধ্যে ছিল পাঞ্জাব, সিন্ধু ও আসাম। নির্বাচনের ফলে পাঞ্জাবে দলীয় জবস্থান ছিল নিমুরূপ ঃ

কংগ্ৰেস	24
অকংগ্ৰেস হিন্দু ও শিখ	99
मूमनिम नीश	4
वन्गाना यूजनिय	8
ইউনিয়নিস্ট	br
निर्ननीव	39
	स्मिति = ३१०

পরে আটজন সদস্য ইউনিয়নিস্ট পার্টিতে যোগদান করার ফলে এ দলে মোট সদস্য সংখ্যা হয় ৯৬। খালসা ন্যাশনালিস্ট শিখ দলও সাার সেকেন্দার হায়াতের প্রতি তাদের সমর্থন জ্ঞাপন করে এবং এ সুযোগে তিনি মন্ত্রীসতা গঠন করেন। ১৯৪২ সালে তাঁর মৃত্যুর পর মালিক খিজির হায়াত খান প্রধানমন্ত্রী হন এবং ১৯৪৫ সালে সকল প্রাদেশিক পরিষদ বিলুপ্ত হওয়া পর্যন্ত এ মন্ত্রীসতা বলবং খাকে।

৩৮০ বাংলার মুসলমানদের ইডিহাস

#### শিশু

# সিদ্ধু প্রদেশের দলীয় অবস্থান ছিল নিমুক্রপ ঃ

কংগ্ৰেস	ь
অকংগ্রেসীয় হিন্দু	28
মুসলিম ৰতন্ত্ৰ	8
धनाना पुत्रन्यान	9
সিন্ধু ইউনাইটেড মুসলিম পার্টি	28
निर्मलीय	8
	মোট = ৬০

এখানে কেউ সংখ্যাগরিষ্ঠতা জর্জন করতে না পারায় গোঁজামিণ দিয়ে মন্ত্রীসতা গঠন করতে হয়। ফলে কোনটাই স্থিতিশীল হতে পারেনি। তাঙা—গড়ার তেতর দিয়েই এখানে মন্ত্রীসতাগুলো চলতে থাকে। প্রথমে স্যার গোলাম হোসেন হেলায়েতুল্লাহ মন্ত্রীসতা গঠন করেন। পরে আল্লাহ বর্ষপূ ও মীর বন্দে অলী খানের মধ্যে প্রধানমন্ত্রীতের পালাবদল হতে থাকে।

#### আসাম

দলীয় অবস্থান এখানে নিমুরূপ ঃ

	त्याष्ट्र = ১०४
निर्मनीय	99
মুসলিম লীগ	8
মুসলিম সতন্ত্র	30
অকংগ্রেসীয় হিন্দু	29
কংগ্ৰেস	७३

এখানেও কোন স্থিতিশীল সরকার গঠিত হতে পারেনি। স্যার মৃহাক্ষদ পা'দুল্লাহ মন্ত্রীসভা গঠন করেন এবং ১৯৩৮ সালের সেপ্টেম্বরে এস্তেফা দান' করেন। অতঃপর গভর্ণরের আমন্ত্রণে কংগ্রেস নেতা গোপীনাথ বারদলই মন্ত্রীসভা গঠন করেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হওয়ার পর সকল মন্ত্রীসভার সাথে গোপীনাথ

বাংলার মুসল্মানদের ইতিহাস ৩৮১

মন্ত্রীসভাও পদত্যাগ করে। অতঃপর পুনরায় স্যার মুহাখদ সা'দুখ্বাহ মন্ত্রীসভা গঠনের সুযোগ পান। কিন্তু ১৯৪১ সালের শেষভাগে তাঁর মন্ত্রীত্ত্বের গতন ঘটে এবং গতর্পর ১৯৩৫ সালের ভারত সরকার আইনের ৯৩ ধারার বলে প্রদেশের শাসনভার নিজহন্তে গ্রহণ করেন।

#### দ্বিতীয় অধ্যায়

### প্রদেশগুলোতে কংগ্রেস মন্ত্রীসভা

গ্রথন স্বর্থকালীন কংগ্রেস শাসিত প্রদেশগুলোর হালহতিকত পর্যালোচনা করে দেখা যাক মুসলমানদের প্রতি তাদের পক্ষ থেকে কোন্ ধরনের আচরণ করা হয়।

ইতিপূর্বে আমরা জেনেছি যে সংখ্যালঘুদের স্বার্থ সংরক্ষণের জন্যে গতর্ণরগণকে আইন অনুযায়ী যে বিশেষ কমতা দেয়া হয়েছিল, তা প্রশ্নোগ না করার নিচয়তা না দিলে কংগ্রেস সরকার গঠনে সন্ধত হবে না। অর্থাৎ তাদের পরিকার কথা এই যে, সংখ্যালঘু তথা মুসলমানদের স্বার্থ সংরক্ষণে তারা মোটেই রাজী নয়। ভারত শাসনে বৃটিশ পদিসির মর্মকন্মা এই যে, কংগ্রেস তথা ভারতীয় হিন্দু জাতিকে যে কোন মূল্যে সন্তুষ্ট রাবতে হবে। মুসলিম স্বার্থ পদদলিত করে হিন্দুদেরকে তুই করার দৃষ্টান্ত অতীতে বহু দেখা গেছে। এবারেও ভাইস্বর পর্ত দিন্দিথলো কংগ্রেসকে সরকার গঠনে সন্মত করার জন্যে পোপনে এ নিচয়তা দান করেন যে, গভগরণণ তাঁদের বিশেষ ক্ষমতা প্রয়োগ করবেন না যা ১৯৩৫ সালের আইনে তাঁদেরকে দেয়া হয়েছে। এ নিচয়তা দানের পরই কংগ্রেস মন্ত্রীসভা গঠনে রাজী হয়।

সাতটি প্রদেশে কংগ্রেস মন্ত্রীসভা গঠন করে এবং সকল প্রাদেশিক দলীয় নীতি পুরোপুরি কংগ্রেসের নিয়ন্ত্রণে ধাকে।

মাদ্রাজে কংগ্রেস ৭৪টি আসন লাভ করে এবং রাজা গোপালাচারিয়া মন্ত্রীসভা গঠন করেন। বোষাইয়ে কংগ্রেস মাত্র ৪৮টি আসন লাভে সমর্থ হয়। অন্যান্য ছোটবাটো কয়েকটি সমমনা দল নিয়ে বি. জে. থের (B.J. Kher) মন্ত্রীসভা গঠন করেন।

যুক্তপ্রদেশে শতকরা ৫৯ আসন কংগ্রেস লাভ করে এবং জিবি প্যান্ট্ প্রধানমন্ত্রী হন। বিহারে শতকরা ৬২ আসন লাভ ক'রে শ্রীকৃষ্ণ সিন্হা সরকার গঠন করেন। মধ্যপ্রদেশে শতকরা ৬৩ আসন লাভের পর ডাঃ থারে এবং পরবর্তীকালে শুকলা প্রধানমন্ত্রী হন। উত্তর-পশ্চিম সীমান্ত প্রদেশে কংগ্রেস শতকরা মাত্র ৩৮ আসন পেলেও ভাঃ খান সরকার গঠন করেন।

উড়িষার কিছুটা বাতিক্রম ঘটে। কংগ্রেস মন্ত্রীসভার পূর্বে পার্লাকিরেনীর মহারাজা চার মাসের জন্যে (এপ্রিল-জুলাই) স্বব্ধকালীন সরকার গঠন করেন। বিশ্বনাব দাস অ্লাই ১৯৩৭ থেকে অক্টোবর ১৯৩৯ গর্যন্ত কংগ্রেস মন্ত্রীসভা পরিচালনা করেন। কংগ্রেস মন্ত্রীসভার পদত্যাগের পর গতপর শাসনভার গ্রহণ করেন। ১৯৪১ এর শেষভাগে গোদাবরী মিশ্রর নেতৃত্বে কন্তিপয় সংসদ সদস্য কংগ্রেস হাই কমান্ডের বিরুদ্ধে বিদ্রোহ করেন এবং পার্লাকিবেদীর মহারাজাকে মন্ত্রীসভা গঠনে নহায়ভা করেন। মহারাজা তিনজনকে নিয়ে—তিনি বয়ং, মিশ্র এবং একজন মুসলমান মন্ত্রীসভা গঠন করেন। কংগ্রেস হাই কমান্ডের চরম বিরোধিতা সন্তর্গুও মন্ত্রীসভা কারু চালিয়ে যায়।

#### প্রদেশওলোতে কংগ্রেস শাসন

ভারতের এগারোটি প্রদেশের মধ্যে সীমান্ত প্রদেশনহ সাভটিতে কংগ্রেসের প্রায় আড়াই বছরের শাসন (ভূগাই ১৯৩৭ থেকে অষ্টোবর ১৯৩৯) হিন্দু—মুসলিম সম্পর্কের এক অতি বেদনাদায়ক ইতিহাস। এসব প্রদেশে সকল ক্ষমন্তার চাবিকাঠি ছিল কংগ্রেসের হাতে। এ ক্ষমতার ব্যবহার কংগ্রেস কিভাবে করেছিল এবং তা রাজনৈতিক ও সাংবিধানিক অ্যাগতির ক্ষেত্রে কি অন্তভ পরিণাম ভেকে এনেছিল তা—ই এখন আপোচনা করে দেখা যাক।

# কোয়ালিশন সরকার গঠনে অস্বীকৃতি

সাইত্রিশ সালের নির্বাচনের পর পরই মুসলিম লীগ সভাপতি মিঃ মুহাম্মন আশী জিল্লাহ এক বিবৃতিতে বলেন ঃ

সংবিধান এবং মুসলিম লীগ পলিসি আমাদেরকে খল্যান্য দলের স্বার্থে সহযোগিতা করতে বাধা দেয় না। আমরা যে কোন দলের সাথে সহযোগিতা করতে পারি আইনসভার ভেতরেও এবং বাইরেও।

কিছু সংখ্যক কংগ্রেসপন্থীসহ সকলেই এ জাশা পোষণ করছিলেন যে, হিন্দু প্রধান প্রদেশগুলোতে কংগ্রেস—মুসলিম লীগ কোয়ালিশন সরকার গঠিত হবে। কিন্তু মুসলিম লীগের সাথে কোন প্রকার সহযোগিতা করতে কংগ্রেসের অখীকৃতি এ আশা ফলবতী হতে দেয়নি। দুটাওস্বরূপ যুক্ত প্রদেশের অবস্থা এখানে বর্ণনা করা যেতে পারে। এখানে আইন সভায় মোট ২২৮ আসনের মধ্যে মুসলমানদের জনো ৬৪ আসন ছিল। তার মধ্যে কংগ্রেস লাভ করে একটি, মুসলিম লীগ ২৬, কতন্ত্র মুসলমান ২৮ এবং ছাতীয় কৃষি দল ৯। এখানে কংগ্রেস-মুসলিম লীগ কোয়ালিশন গঠনের বিষয় নিয়ে মুসলিম লীগ ও কংগ্রেসের মধ্যে দীর্ঘ আলাপ আলোচনা হয়। অবশেষে কংগ্রেস হাই কমান্ডের অন্তম সদস্য মাওলানা অবুল কালাম আলাদ মুসলিম লীগ নেতা চৌধুরী বালিকুজ্জামানকে জানিয়ে দেন কোন্ কোন্ শতে প্রাদেশিক সরকারগুলোতে মুসলিম লীল যোগদান করতে পারে। শতেগুলো নিমুরুল ঃ

- ইউপি আইন পরিষদে মুদলিম লীগ কোন পৃথক দল হিসাবে কাজ করবে না।
- ইউপি আইন পরিষদের বর্তমান মুসলিম লীগ দল কংগ্রেসের অংশ
   হিলাবে পরিগণিত হবে, কংগ্রেসে পার্টির সদস্য হিলাবে তারা পার্টির
  অন্যান্য সদস্যদের সকল সুযোগ সুবিধা ভোগ করবে। পার্টির আলোচনায়
  অংশগ্রহণের অধিকারও তালের থাকবে। সংখ্যাগরিপ্ত ভোটে সকল
  বিষয়ে সিদ্ধান্ত পৃথীত হবে। প্রত্যেক সদস্যের একটি মাত্র ভোট দানের
  অধিকার থাকবে।
- আইন পরিষদের সদস্যদের জ্বন্যে কংগ্রেস ওয়ার্কিং কমিটি যে নীতি
  নির্ধারণ করবে এবং যেসব নির্দেশ দিবে, তা কংগ্রেস সদস্যগণ এবং
  এসব সদস্য মেনে চলবেন।
- ৪. ইউপি এবং মুসলিম গীগ পার্লামেন্টারী বোর্ড ভেঙ্গে দিতে হবে। ভবিষ্যতে কোন উপ-নির্বাচনে সে বোর্ড কোন প্রার্থী দিতে পারবে না। কোন অসন শূন্য হলে, কংগ্রেস য়াকে নির্বাচনের জন্যে প্রার্থী মলোলীত করবে তাকেই সমর্থন করতে হবে।
- মন্ত্রীসভার সদস্যপদ এবং আইন সভার সদস্যপদ থেকে পদভ্যাগের সিন্ধান্ত যদি কংগ্রেস করে, তাহলে সে সিদ্ধান্ত মুসদিম দীগ বেকে আগত সদস্যগণ মেনে চলতে বাধ্য থাকবেন।

কংগ্রেস হাই কমান্ডের পঞ্চ থেকে মুসলিম লীগকে প্রদন্ত উপরোক্ত শর্তগুলো ছিল হাস্যকর ও ক্ষণং উদ্দেশ্যপ্রণোদিত এবং ফ্যাসিবালী মানসিকতার

বাংগার মুসলমানদের ইতিহাস ৩৮৫

শরিচায়ক। সামান্যতম আত্মসমান বোধসম্পন্ন কোন ব্যক্তি বা দশ উপরোক্ত শর্তগুলোর কোন একটিও গ্রহণ করতে পারতো না। কারণ তা হতো আত্মঘাতী।

কংগ্রেসের এ অবিবেচনাপ্রসৃত ঔদ্ধত্যের কারণ নির্ণয় করা মোটেই কষ্টকর নয়। মিঃ গান্ধী এবং স্বভহরলাল নেহরে তারতে একমাত্র কংগ্রেস বাতীত অন্য দলের অন্তিত্ব স্থীকার করতে রাজী ছিলেন না। এ দেশে কোন হিন্দু-মুসলিম সমস্যা আছে—একথাও তারা স্বীকার করতে প্রস্তুত ছিলেন না। জওহরলাল নেহরু ১২ই মে, ১৯৩৭ সালে চৌধুরী খালিকুজ্জামানকে বলেন যে, তার বিখাস তারতে হিন্দু-মুসলিম সমস্যাটি তথুমাত্র অন্তসংখ্যক বুদ্ধিজীবী, জমিলার ও পুঁজিপতিদের মধ্যে সীমিত, যাঁরা এমন এক সমস্যা সৃষ্টি করছেন যা জনগণ স্বীকার করেনা। আইনসভার তেতরে মুসলমানদের একটা আলাদা দল থাকবে এমন ধারণার প্রতি তিনি বিত্বপ বান নিক্ষেপ করেন।

কংগ্রেস ঘোষিত নীতি জনুযায়ী নেতৃস্থানীয় মৃস্পমানদের প্রতি আহবাদ জানানো হয় মন্ত্রীসভার সদস্য হওয়ার যোগ্যতা অর্জনের জন্যে নিজেদের দশ ভেঙ্গে দিয়ে কংগ্রেসে যোগদান করতে। যুক্ত প্রদেশে হাফেজ মৃহামদ ইবাহীম এবং বোহাইয়ে এম, ওয়াই, দূরী কংগ্রেস শশবনামায় স্বান্ধর করে কংগ্রেস মন্ত্রীসভার যোগদান করেন। উড়িষ্যায় কোন মুস্পমানকে মন্ত্রীসভার নেরা হয়নি। মধ্য প্রদেশে জনৈক শরীফকে নেয়া হলেও পরবর্তীকালে তাঁকে সরিয়ে একজন হিন্দু নেয়া হয়।

কংগ্রেস এধান প্রদেশগুলোতে কোয়ানিশন সরকারের তো কোন প্রশ্নই ছিল
না। কিন্তু অকংগ্রেস প্রধান প্রদেশগুলোতে কংগ্রেসকে কোয়ানিশনে যোগদানের
অনুমতি দেয়া হয়। এর ফলে মুসলিম সম্প্রদায়ের মধ্যে তাঙ্গন সৃষ্টির পথ করে
দেয়া হয়। বাংগায় প্রধানজ্ঞী ফলপুল হক ১৯৩৮ সালে কোলকাতা মুসলিম
লীগ সম্প্রেলনে তাঁর প্রদন্ত তারণে বলেন, কংগ্রেস বারবার এই বলে চাপ সৃষ্টি
করছিল যে মুসলিম লীগকে বাদ দিয়ে কংগ্রেসের সাথে কোয়ানিশন সরকার
গঠন করলে তা হবে অধিকতর স্থিতিশীন। সিদ্ধৃতে সম্প্রদায়িক রোয়েনাদের
(Communal Award) বলৌলতে হিন্দুরা যে কৌশলগত সুযোগ সৃবিধা লাত
করেছিলেন, তার ফলে সিদ্ধু আইন পরিষদে মুসলিম লীগ দল গঠনে তাঁরা বিরাট
অন্তরায় সৃষ্টি করেন। উত্তর পচিম সামান্ত প্রদেশের অকংগ্রেস মন্ত্রীসতা
কংগ্রেসের বন্ধরে পড়ে অপদারিত হয়। কংগ্রেস চাচ্ছিল অন্যান্য সকল দল তেঞ্চ

দিরে দেশের একমাত্র নপ হিসাবে আত্মপ্রকাশ করতে। কংগ্রেস 'একদেশ–
একনল–এক নেতার' নীতিতে বিশ্বাসী ছিল। এ নেতৃত্ব ছিল মিঃ গান্ধীর হাতে।
সকল কংগ্রেস সরকার প্রতিটি নীতি নির্বারণে গান্ধীর শরণাপর হতো এবং তার
নির্দেশ বেদবাক্যের মতো মেনে নিত। কোন সাংবিধানিক সংকট সৃষ্টি হোক,
গশুর্পরের সাথে কোন দ্বন্দু–কলহ হোক, অথবা সাধারণ কোন নীতি পলিস
গ্রহণের বিষয় হোক, কংগ্রেস শাসিত প্রদেশগুলোর প্রধানমন্ত্রীগণ তার
(গান্ধীজির) শরণাপর হতেন নির্দেশ–উপনেশ লাতের উদ্দেশ্যে। মিঃ গান্ধী
ভাইস্রয়ের সাথে কংগ্রেসের পন্ধ থেকে আলাপ আলোচনা করতেন। কিন্তু
নিন্দেকে দেখাতেন একজন নিরণেক রাজনৈতিক পর্যক্ষেক হিসাবে। কংগ্রেসের
উপর তার একনারকসুলত কর্তৃত্ব ও নিয়ন্ত্রণ প্রকাশিত থাবলেও কংগ্রেসের
সদস্য তালিকায় তার নাম ছিলনা। তার জনৈক গুলায়াই দেঠ গোবিন্দ দাস
বলেন, কংগ্রেসীদের নিকটে গান্ধীয় পদমর্যালা ছিল ফ্যামিস্টদের নিকটে
মুসোলিনির, নাৎসীলের নিকটে হিন্লারের এবং কমিউনিস্টদের নিকটে স্থালিনের
পদমর্যাদার মতোই (Muslim Separatism in India, Abdul Hamid
p. 218)

কংগ্রেসের মধ্যে সংসদীয় মানসিকতা অন্ধুর থাকবে কংগ্রেসের এ দাবী তিতিহীন প্রমাণিত হয়। কারণ কংগ্রেসী মন্ত্রীগণ না নির্বাচকমন্ডলীর কাছে, জার না আইনসভার কাছে দায়ী ছিলেন। তাঁরা ছিলেন কংগ্রেস গুয়ার্কিং কমিটির বশংবদ প্রজার ন্যায়। মধ্য প্রদেশের প্রধানমন্ত্রী ডাঃ থারের এবং কোলকাতার সূতান চন্দ্র বোসের সাথে কংগ্রেস হাই কমান্ডের আচরণ তার একনায়কত্বই প্রমাণ করে।

সূতাস দশ্র বোস ১৯৩৮ সালে ভারতীয় জাতীয় কংগ্রেসের সভাপতি
নির্বাচিত হন। পরবর্তী বছরেও তিনি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে ঘণারীতি
নির্বাচিত হন। কতিপয় কংগ্রেস নেতা তাঁর পদপ্রার্থিতার বিরোধিতা করেন এবং
নির্বাচনে চরম প্রতিবন্ধকতা সৃষ্টি করেন। অনেকের ধারণা মিঃ গান্ধীর নির্দেশ্টে
এ প্রতিবন্ধকতা করা হয়। মিঃ বোসের বিজয়কে গান্ধীন্ধির পরাজয় মনে করা
হয়। কংগ্রেসের কার্যকরী সংসদের সদস্যগণ একযোগে পদত্যাগ করেন।
অবশেষে গান্ধীকে খুশী রাখার জন্যে কংগ্রেসের নির্বাচিত সভাপতিকে অপসারিত
করা হয়।

#### কংগ্রেস শাসন এবং মুসলমান

হিন্দু সংখ্যাগরিষ্ঠ প্রদেশগুলোতে কংগ্রেস মন্ত্রীসভার শাসন মুসলমানদের জন্যে ছিল এক ভয়াবহ দৃঃস্বপু। এসব প্রদেশে মুসলিম লীগকে নিয়ে কোয়ালিশন সরকার গঠনে কংগ্রেসের অধীকৃতি মুসলমানদের জন্যে ছিল সাবধান বাণী। কিছু বাস্তবে কংগ্রেস যখন এসব প্রদেশে তাদের পরিকল্পিত প্রাদেশিক স্বায়ন্তশাসন কার্যকর করে, তখন মুসলমানগণ যা তয় করেছিল তার চেয়ে অনেক বেশী দূর্বিষহ অবস্থার সম্মুখীন হয়। তাদের ধর্মীয় বিশ্বাস ও সত্যতা সংস্কৃতি বিলুপ্তির চরম আশংকা দেখা দেয় এবং সামাজিক প্রশাসনিক ও অর্থনৈতিক ক্ষেত্র থেকেও পরিকল্পিততাবে তাদেরকে অপসারিত করার অভিযান শুরু হয়। এমনকি কংগ্রেস শাসনের অধীন তাদের জানমাল ইজ্কত আবরুও একেবারে লঙিত হতে থাকে।

কংশ্রেস সরকার ও হিন্দু জনসাধারণের যেসব আচরণ মুসলমানদের ধর্মীয় তাবাবেগ মারাত্মকতাবে আহত করে তা হলো— 'বল্দে মাতরম' সংগীত, নামাজের আজানে বাধা দান, নামাজরত অবস্থায় নামালীদের উপর অফুমণ, মসজিদের সমুখ দিয়ে বাদ্যসহ শোতাযাত্রা পরিচালনা, গরুর গোশত নিষিদ্ধকরণ প্রভৃতি।

আইনসভার দৈনিক কার্যক্রম শুরু হওয়ার প্রাক্তালে মুসলমানদের বাধাদান সত্ত্বেও অনিবার্যরূপে 'বন্দে মাতরম' সংগীত গাওয়া হতো। বংকিম চন্দ্র চ্যাটার্জি ১৮৮২ সালে প্রকাশিত তাঁর 'আনন্দ মঠ' নামক উপন্যাসে মুসলমানদের বিরুদ্ধে হিন্দুদের রূপধানি হিসাবে 'বন্দে মাতরম' সংগীত রচনা করেন। ১৯০৫ সালের পর হিন্দুদের 'বংগভংগ রদ' আন্দোগনে বন্দে মাতরম' জাতীয় সংগীত হিসাবে গাওয়া হয়। এ গানের উদ্দেশ্য ছিল মুসলমানদের বিরুদ্ধে হিন্দুদের ঘূণা ও বিদ্বেষ সৃষ্টি করা।

যেসব মৃষ্টিমেয় মৃসলমান সরকারী চাকুরীতে ছিলেন তাঁদের মানসমান ও প্রভাবপ্রতিপত্তি ওধু ক্রেই করা হলো না, বরঞ্চ তাঁদের চাকুরীর মেয়াদকাল হুমকির সমুখীন করা হলো। বহু ঘটনার মধ্যে দৃষ্টান্তখরূপ একটির উল্লেখ এখানে করা যেতে পারে। মধ্য প্রদেশের প্রধানমন্ত্রী এক সাংবাদিক সাক্ষাৎকারে, এ কথা বলেন যে, তাঁর মন্ত্রীসভা প্রদেশের একমাত্র মুসলমান বেসামরিক জেলা অফিসারের চাকুরী স্থায়ীকরণের বিষয়টির চরম বিরোধিতা করে। এর একমাত্র কারণ ছিল এই যে তিনি ছিলেন একজন মুসলমান।

মুসলিম জনসাধারণ তাদের হিন্দু প্রতিবেশী এবং প্রশাসনযন্ত্রের চরম স্বেচ্ছাচারিতার শিকার হয়ে পড়েছিল। মধ্য প্রদেশের কোন কোন বন্তিতে মুসলমানদের ঘরে অগ্নিসংযোগ করা হয় এবং মুসলিম মহিলাদের ইজ্বত আবক্ত লুগুন করা হয়। একটি গ্রামের দেড়শ' জন প্রন্থ মুসলমানকে হত্যার অভিযোগে কয়েকদিন যাবত পানাহারের সুযোগ ব্যাতীত গানার আবদ্ধ রাখা হয়, নানানভাবে অপর্যানিত ও নির্যাতিত করা হয়। পরে কোট তালেরকে বেকসুর মুক্তি দান করে। মধ্য প্রদেশের মন্ত্রীগণ কোটে অভিযুক্ত মুসলমানদের বিচার চলাকালে (in sub judice cases) মতামত ব্যক্ত করতেন—যার ফলে বিচারকগণ অত্যন্ত বিব্রত বোধ করতেন। নাগপুর হাই কোটের প্রধান বিচারপতি একটি মামলার রায়ে নির্তিক চিত্তে একথা বলেন যে, পুলিশ, কংগ্রেস নেতা, ম্যাজিস্ট্রেট, হাকিম এবং মন্ত্রী একযোগে নিরপরাধ মানুষকে ফাসিমঞ্চের দিকে ঠেলে দিত। এসব হততাগ্যদের মুসলমান হওয়া ছাড়া আর কোন অপরাধ ছিলনা। (Muslim Separatism in India, Abdul Hamid p. 122)

কংগ্রেস শাসিত প্রদেশগুলোতে মুসলমানগণ যে নানানভাবে নির্যাতিত ও নিম্পেষিত হচ্ছিলেন, তার প্রতিকার কলে ২০শে মার্চ, ১৯৩৮ এ অনুষ্ঠিত নির্বিল ভারত মুসলিম লীগের কাউলিল অধিবেশনে একটি তলন্ত কমিটি গঠনের সিদ্ধান্ত হয়। পীরপুরের রাজা সাইয়েদ মুহামদ মাহদীকে সভাপতি করে আট সদস্যের একটি কমিটি গঠন করা হয়। এ কমিটি উক্ত বছরের ১৫ই নভেষর তার পূর্ণাংগ রিপোর্ট পেশ করে। ব্যক্তিগতভাবে সরেজমিনে তলন্ত করেই এ রিপোর্ট পেশ করা হয়।

পরবর্তী বছরের মার্চ মাসে শরীফ রিপোর্ট নামে আর একটি রিপোর্ট প্রকাশিত হয়। বিহার প্রদেশে মুসলমানদের উপর হিন্দুদের নির্যাতনের কাহিনী বর্ণিত হয় এ রিপোর্টে। কংগ্রেস সরকারগুলোর বিরুদ্ধে লিখিত অভিযোগপূর্ণ জার একটি রিপোর্ট প্রকাশিত হয় ১৯৩৯ সালের ভিসেবরে। এ রিপোর্টের প্রণেতা ছিলেন বাংলার প্রধানমন্ত্রী এ কে ফল্বলুল হক।

এ তিনটি তথাপূর্ণ ও মূল্যবান দলিলপত্র এবং সমসাময়িক মুসলিম পত্রপত্রিকায় প্রকাশিত ঘটনাবলীর ফাইল কংগ্রেসের প্রাদেশিক মন্ত্রীসভাগুলোর অগণভান্ত্রিক ও মুসলিম বিদ্বেধী ভূমিকার বিরুদ্ধে মুসলমানদের অভিযোগের মৌলিক উপকরণ ও মালমশলা উপস্থাপন করে। যেহেওু কংগ্রেস শাসনের থাচাবিক মেলাল প্রকৃতি পরবর্তীকালে পাকিস্তানের ধারণা—মতবাদকে জনপ্রিয় করে তুলেছিল এবং অবন্ড ভারতের মতানর্শ থেকে মুসলমানদেরকে দূরে ঠেলে দিয়েছিল, সেজন্যে তদপ্ত রিপোর্টে উদ্ঘাটিত তথ্যের বিস্তারিত বিবরণ পেশ করার এবং তা পরীক্ষা নিরীক্ষা বরার প্রয়োজন আছে।

### পীরপুর রিপোর্ট

পারপুর রিপোটে নিঃ বিষয়গুলোর উপর জোর দেয়া হয়েছে ঃ

- কংগ্রেস সরকার সংখ্যালঘুদের (মুসলমানদের) ধর্মীয় ও সাংস্কৃতিক স্বাধীনতা দানে বার্থ হয়েছে।
- ২, কংগ্রেস একটি হিন্দু সাম্প্রদায়িক সংগঠন বলে প্রমাণিত।
- জমতামদমন্ত কংগ্রেসের রক্ষদার নীতি (Closed door policy)
  অবপধন এবং কোয়ালিশন সরকার গঠনে অত্যকৃতি হিন্দু—মুসলিম
  সম্পর্কের চরম অবনতি ঘটিয়েছে।
- কংগ্রেসের দ্বাতীয়ভাবাদের ধারণা অনুযায়ী সংখ্যাগুরুর শাসন ও অবিচার উৎপীড়ন থেকে অধিকতর উৎপীড়ন আর কিছু হতে পারেনা।
- মুসলিম লীপের কাছে খণ্ডান্ত খবমাননাকর প্রভাব পেশ ঃ বেমন মুসলিম লীগ পার্লামেন্টারী পার্টি তেঙ্গে দাও, আইনসভায় লীগনল তেঙ্গে নিয়ে ছিথাইলিছিল্তে কংগ্রেস শপথনামায় স্থাক্ষর কর, ইত্যানি।
- মুসলমানদের মধ্যে ভাঙ্গন সৃষ্টি করার উদ্দেশ্যে গণসংখ্যোগ আন্দোলন (Mass Contact Movement) এবং কতিশন্ত মুসলমানকে নানানভাবে ধরিদ করে মুসলিম লীগের বিরুদ্ধে অপপ্রচারে লাগানো এবং
- কংগ্রেস শাসনাধীন প্রদেশকলোতে ন্যাপক সাম্প্রনায়িক সংঘর্ষ এবং মুসলমানদের জান–মালের ব্যাপক ক্ষক্ষতি।

# क्कनुन इक भारद्दि विवृधि

কংগ্রেস মন্ত্রীসভাগুলোর পদত্যাগের পর পরই বাংলার প্রধানমন্ত্রী জনাব এ, কে, ফজপুল হক্ষ যে বিবৃতি দান করেন তা একটি প্রচারপত্রের আকারে পুনঃ প্রকাশিত হয়। তিনি তাঁর বিবৃতিতে বলেন ঃ বৈর্থের বাঁধ তেকে পেয়ার উদ্দেশ্যে কংগ্রেস মারমুখো হিপুদেরকে চরম উদ্ধত্য প্রদর্শনের জনো মাঠে নামিয়েছে। সংখ্যাপথ মুসলমানদের উপর কংগ্রেস তার ইচ্ছা ও সংকর চাপিয়ে দেয়ার জনো এ কাজ তরু করেছে। কংগ্রেস কি চায়। চায় যে, গোমাতা সংরক্ষিত হোক, মুসলমানদেরকে গোমাংস তক্ষণ করতে দেয়া যাবেনা। মুসলমানদের ধর্মকৈ জবনত ও সমিত করে রাখতে হবে। কারণ এটা কি হিপুদের দেশ নয়।

তারপর শুরু হলো আয়ানের উপর বাধা নিষেধ। মসজিনে নামার্থীনের উপর আক্রমণ। নামাযের সময়ে মসজিনের সম্মুখ নিয়ে তাকডোল পিটিয়ে বাজনা বাজিয়ে মিছিল পরিচালনা। দুঃখজনক ঘটনা শালী দুঃখজনক ঘটনা ডেকে জানবে এতে আকর্ষের কি আছে?

তারপর বিবৃতিতে বিহারে সংঘটিত বাহান্তরটি, যুক্ত প্রদেশে তেরিশ এবং
মধ্য প্রদেশের কতকগুলি দুর্ঘটনার উল্লেখা করা হয়। কোন মুসলমান কোথাও
একটি গক্ত কুরবানীর জন্যে জবাই করালে মুসলমাননার হত্যা করা হয়, তাদের
বাড়ি—ঘর স্থালিয়ে দেয়া হয় এবং মুসলিম নারী ও শিশুর উপর নির্যাতন চালানো
হয়। এসকরে কোন প্রতিকার করা হয় না। ফলে সংখ্যালয় মুসলমানগণ বড়ো
দুঃসহ জীবন যাপন করতে থাকে।

কংগ্রেদ শাসনের অধীন মুললমাননের চরম নূর্নণা বর্ণনা করে জনাব ফঞাপুল হক যে বিবৃতি দেন, হিন্দু পত্রিকান্ডলো তা প্রকাশ করা থেকে বিরস্ত থাকে। বরক মুললমাননের বিরুদ্ধে কঞ্জিত অভিযোগ ফলাও করে প্রকাশ করতে থাকে। (I. H. Qureshi—The Struggle for Pakistan, A. Hamid— Muslim Separatism in India)

শিক্ষার অংগনেও মুসলমানদের উপর চরম অন্যায় অবিচার শুরু হয়েছিল যার জন্যে মুসলিম সুধীবৃন্দ অতান্ত উদ্বিগ্ধ ও বিচলিত হয়ে পড়েন। ব্রিটিশ শাসন আমলে মুসলমানগণ শিক্ষা ক্ষেত্রে খুবই পশ্চাদপদ ছিলেন যার অন্যে তাঁদেরকে নানান অসুবিধার সন্থানীন হতে হতো। কংগ্রেস শাসন আমলে তাদের শিক্ষানীতি তাদেরকে দারুলভাবে শংকিত ও বিচলিত করে। ১৯৬৮ সালের শেষভাগে কোলকাতায় অনুপ্তিত নিবিলতারত মুসলিম এডুকেশনাল কন্ফারেশের (All India Muslim Educational Conference) ৫২-তম অধিবেশনে নবাব কামাল ইয়ার জং বাহাদুরের সতাপতিত্বে একটি কমিটি গঠনের সিভাক্ত হয়।

উদ্দেশ্য ছিল তারতের শিক্ষাব্যবস্থা পুংবানুপুংখরণে পরীক্ষা নিরীক্ষা করে দেখা এবং মুসলিম শিক্ষার একটি স্ত্রীম তৈরী করা যাতে তাদের সংস্কৃতি ও সমান্ধ ব্যবস্থার বেশিষ্ট্যাবলী সংরাক্ষিত হয়। বাংলার আইন পরিবদের শ্লীকার এবং কোলকাতা বিশ্ববিদ্যালয়ের তাইল চ্যাপেলার স্যার আদিক্র হতের নেতৃত্বে একটি সাব কমিটি গঠিক তথ্য সংগ্রহের উদ্দেশ্যে তারতের বিভিন্ন স্থাল সফর করেন এবং ১৯৪২ সালে চূড়ান্ত রিপোর্ট পেশ করেন। বিন্যামন্দিরগুলোতে যে ওয়ার্ধা স্ত্রীম অব এতৃকেশন চাপু করা হয়েছিল, রিপোর্টে তার তীব্র সমালোচনা করা হয়। বিশেষ করে মধ্যপ্রদেশে এ এক অথনা আকার ধারণ করে। মুসলমানদের চরম বিরোধিতা সন্ত্রেও ইসলাম ও মুসলিম বিরোধী এ শিক্ষাব্যবস্থা চাপু রাখা হয়। এ শিক্ষাব্যবস্থা কার্যকর করার জন্যে মধ্য প্রদেশ আইনসভয়ে একটি বিল পেশ করা হয়। সকল মুসলিম সনস্য এবং ডাঃ খারে সহ কভিলয় হিন্দু সনস্য বিরোধিতা করেন। সকল বিরোধিতা উপেক্ষা করে বিলটি পাল করা হয়।

এ ব্যবস্থার অবীলে যুক্ত নির্বাচনের মাধ্যমে স্থুল খ্যানেজিও কমিটি নির্বাচিত হবে। যুসলিম স্থুলগুলোর জনো কোন বিশেষ ব্যবস্থা রাখা হয়নি। ছাত্র-ছাত্রীলেরকে মিঃ গান্ধীর প্রক্রিকৃতির সামনে হিন্দুদের পূজা অর্চনার ভংগীতে কৃতাপ্রলিপূটে গাঁড়াতে হতো এবং তার (মিঃ গান্ধীর) বন্দনা গাইতে হোত। এ যুল পরিকর্মনা—গুয়াধা স্থীম ছিল গান্ধীমানসিকতার সৃষ্টি। শিশুদের মনে হিন্দু ধর্মীয় ভাবধারা অর্থকৈ করা এবং হিন্দু শৌরাণিক মনাবীদের প্রতি উত্তিরাদ্ধার মনোভাব সৃষ্টি করা। এতাবে মুসলমানদেরকে তাদের ধর্ম, সংস্কৃতি ও পরশারাগত ঐতিহ্য থেকে দূরে সরিয়ে রাখাই ছিল এ শিক্ষাব্যবস্থার লক্ষ্যা কংগ্রেস শিক্ষা ব্যবস্থার মূলনীতি ছাড়াও এর কিছু খুটিনাটি বিষয়ও মুসলমানদের মধ্যে গভার উদ্বেগ সৃষ্টি করে। দৃষ্টান্তবন্ধল বলা যেতে পারে বে, বোমে প্রদেশে স্থানগোকে বহু নতুন প্রাথমিক গাঁরা পুন্তক প্রচলিত করা হয়। স্থানীয় শিক্ষাবিভাগীয় কর্তৃপঞ্চ এসব পুন্তক থেকেই পাঠ্যতালিকা তৈরী করতেন। মুসলমানদের প্রবল আপত্তি ছিল এই যে, এসব পুন্তকে হিন্দু ঐতিহ্য ও ধর্মীয় জনুষ্ঠানাদির প্রশংসা করা হয়েছে এবং শুধুমাত্র হিন্দুয়ানি শক্ষমালা ব্যবহার করা হয়েছে।

বোষে প্রানেশিক মুদানিম শীগ এর বিরুদ্ধে তীব্র ক্ষোত প্রকাশ করে বলে যে, এ ধরনের প্রাথমিক পাঠা পুঞ্জক প্রশয়নের দারা কংগ্রেস মুদনমানদের ভবিষ্যত প্রজন্মকে তাদের সভাতা সংস্কৃতি সম্পর্কে সম্পূর্ণ জরু রেখে এবং তাদের কচিকাচা মনকে হিন্দু সভ্যতা–সংস্কৃতির ভাবধারায় উচ্চুদ্ধ করে ভারতে মুসলিম সভাতা সংস্কৃতি ধাংস করতে চায়।

বোমে যিউনিসিপাল কপোরেশনের মুসলমান সদস্যগণ প্রাথমিক পাঠ্যপুত্তকগুলো প্রত্যাহার করার জন্য একটি প্রস্তাব পেশ করলে তা প্রত্যাব্যান করা হয়। প্রতিবাদে মুসলিম গীপ সদস্যগণ অধিবেশন থেকে 'গুয়াক আউট' করেন। কংরোস মন্ত্রীসভাগুলোর পদত্যাগের পর, উর্দৃ টেক্সট বুক কমিটি পুনরায় উক্ত পাঠ্য পুক্তকগুলো পরীক্ষা নিরীক্ষা করে তা পাঠের উপযোগী নয় বলে রিপোর্ট সেন এবং তার ফলে সেগুলো জনুমোদিত তালিকা থেকে বাদ দেয়া হয়। (Tirnes of India, dt. 11 and 26 July and 14 December, 1939)

উপমহাদেশের এগারোটির মধ্যে সাতটি প্রদেশে আড়াই বছরের কংগ্রেস শাসন এ কথাই প্রমাণ করে যে এথানে কংগ্রেস শাসনের অধীনে সংখ্যাপঘূ মুসলমাননের সভ্যতা সংস্কৃতি ও ঐতিহ্যসহ অন্তিত্বই মুছে ফেলার চেটা অব্যাহত থাকবে। ১৯৩৮ সালের অক্টোবরে মিঃ জিরাই বলেন, কংগ্রেস সমগ্র উপমহাদেশে হিন্দুরাজ প্রতিষ্ঠার চেটা করছে। য্যানচেন্টার গার্ডিয়ানের সাথে এক সাক্ষাথকারে তিনি বলেন, যে কেউ ১৯৩৭ থেকে ১৯৩৯ পর্যন্ত সময়কালের তারতের রাজনৈতিক দৃশ্যপট পর্যবেক্ষণ করেল তিনি দেখতে পাবেন যে, কংগ্রেসের লক্ষ্য ও উক্ষেশ্য ও দেশ থেকে অন্য সকল সংগঠন নির্মূল করে একটি অতি নিকৃষ্ট ধরনের ফ্যাসিবাদী সংগঠন কায়েম করা। এমতাবস্থায় তারতে একটি সংসদীয় সরকার পরিচালনা করা অসম্ভব। এখানে গণতন্ত্রের অর্থ হচ্ছে হিন্দুরাজ। এ অবস্থা মুসলমানগণ কিছুতেই মেনে নিতে পারেনা। [Jamiluddin Ahmad (Ed.) —Some Recent Speeches & Writings of Mr. Jinnah (Lahore, 1952)

কংগ্রেস মন্ত্রীসভাগুলোর মুসলিম বিরোধী ভূমিকা সম্পর্কে নিরপেন্ধ মহলও মুক্তকণ্ঠে বীকার করেন যে, এখানে সংখ্যাগুরুর শাসনে মুসলমানদের আশংকা অমূলক নয়। জনৈক ভারতীয় বৃষ্টানের মতে কংগ্রেস হচ্ছে জার্মানীর নাংসী পাটির ভারতীয় সংস্করণ। (Rev. Pitt Banarjee—Letter of Manchester Guardian. IS August 1942: I.H. Qureshi —The Struggle for Pakistan)

# বিভিন্ন পত্রিকার অভিযত

কংগ্রেসের সাজটি প্রদেশে সরকার গঠনের ফলে হিন্দু জাতীয়তা কেমন উগ্ররণ ধারণ করে ও সাম্প্রদায়িক তিব্রুতা বৃদ্ধি পায় সে সম্পর্কে কোলকাডার ষ্টেটসম্মান পত্ৰিকা লেখে ঃ প্ৰভাক ভারতপ্ৰেমিক বিচলিত হবেন এই দেখে যে, প্রাদেশিক অটোনমি স্থাণিত হওয়ার দরুন কী ভয়ানক সাম্প্রদায়িক উত্তেজনা বৃদ্ধি পেয়েছে। ইকন্মিস্ট পত্রিকা মন্তব্য করেন, প্রদেশগুলোকে সরাসরি দৃটি ভাগে বিভক্ত করা যায়—মুসলিম ভারত ও কংগ্রোস ভারত। টাইমস্ জব ইতিয়ার একজন প্রাক্তন সম্পাদক বলেন সংখ্যাগরিষ্ঠ শাসন প্রতিষ্ঠার মুসলমানদের সন্দেহ শংকা বৃদ্ধি পেয়েছে। ১৯৩৯ সালে ভারত সচিব বেসরকারীভাবে ভারত ভ্রমণ করে বলেছিলেন, হিন্দু মুসলিম বিরোধ কেবল ধর্মীয় কারণে নয়, জীবনধারায় দৃটি সম্প্রদায়ের মধ্যে ভয়ানক পার্থক্য রয়েছে। কংগ্রেসী প্রাদেশিক সরকারগুলো সর্বভারতীয় কংগ্রেস কমিটির নির্দেশে শাসন চালাতে থাকে। এজনো এমন সার্বিক কংগ্রেসী প্রতাপের অতিব্যক্তিতে বুটেনের কংগ্রেস সমর্থকগণ অস্বস্তি বোধ করতে থাকেন। কংগ্রেসের হিন্দুকরণ নীতি, বন্দে মাতরম সংগীত ও গান্ধীর প্রতিভৃতি পূজা শিক্ষাংগনে প্রবর্তন প্রভৃতি সহজেই প্রমাণ করে যে নতুন শাসন ব্যবস্থায় পুরোপুরি হিন্দুরাজ প্রতিষ্ঠিত হয়ে CTG1 (The British Achievement in India: A Survey, Rawlinson: p. 214; মধ্যবিত সমাজের বিকাশ: সংস্কৃতির রুণান্তর, আবদুদ মওদুদ, 9: २५१)

হিন্দু ব্রাক্ষণাবাদ জন্য কোন সম্প্রদায় এবং বিশেষ করে মুসলমানদের কিছুতেই বরদাশৃত করতে রাজী নয়। যার কারণে তারতে হিন্দু—মুসলিম মিলন সম্ভব হরনি। এ ব্যাপারে মুসলমানগণ মোটেই দায়ী নন। মিঃ মুহামন আলী জিরাহকে হিন্দুতারত সাম্প্রদারিক বলে জাঝারিত করে। কিছু এ কথা কি কেউ অধীকার করতে পারকেন যে তিনি ছিলেন হিন্দু মুসলিম মিলনের জ্ঞান্ত ? তিনি বহু বছর ধরে এ মিলনের জ্লান্য অপ্রধাণ চেষ্টা করে নিরাশ হয়ে তারতত্মি ত্যাগ করেন এবং আর কোন দিন তারতে জাসবেন না বলে প্রতিজ্ঞা করেন। কিছু পরে তাকৈ মুসলমানদের ন্যায় দাবী ও অধিকার আদারের সংখ্যামের লক্ষ্যে তারতে প্রত্যাবর্তন করে মুসলিম লীগের নেতৃত্ব গ্রহণ করতে হয়।

হিন্দু মুসলিম মিলন তো দ্রের কথা হিন্দুদের চরম মুসলিম-বিহেধের কারণে ১৯২০ সাল থেকে সাভ আট বছর সাম্প্রদায়িক দাংগায় সারা দেশ জর্জরিত হয়। ১৯২৩ সালে ১১টি, ১৯২৪ সালে ১৮টি, ১৯২৫ সালে ১৬টি, ১৯২৫ সালে ১৬টি, ১৯২৫ সালে ৩৫টি এবং ১৯২৭ সালের নভেম্বর পর্যন্ত ৩১টি বিরাট দাংগা অনুষ্ঠিত হয়। ফোট নাইট্লী রিতিউতে জনৈক ইংরেজ লেখেন, হিন্দু ও মুসলমানের মিলন পৃথিবীর আরও অনেক অসম্ভব জিনিসের মতো একটা মসজ্বব ব্যাপার। প্রশিষ্কাটিক রিভিউ পত্রিকায় জনৈক প্যাটিক ফ্যাগান পেখেন, পরাধীন তারতের মুসলমানের দৃটি পথ খোলা আছে—হয় হিন্দু জাতিতে লীন হয়ে যাওয়া, না হয় দৈহিক শক্তি বলে ভারতের কোন কোন অঞ্চলে স্বতন্ত্র রাষ্ট্র কায়েম করা। (মধ্যবিত্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির ভ্রপান্তর, আবদুল মওদুল—২৮৬)

ভারতে সাম্প্রদায়িক দাংগা—হাংগামা কোন বছরই বন্ধ থাকেনি। হিন্দু সংখ্যাগরিষ্ঠ অঞ্চলগুলোতে এসব দাংগা সংঘটিত হয়। একধাও সতা বে সংখ্যাগুরু হিন্দু সম্প্রদায় এসব দাংগার উদ্যোক্তা এবং তারাই মূলতঃ দায়ী। কিছু মিঃ গান্ধী চোখ বন্ধ করে সকল ক্ষেত্রেই মুসলমানদেরকে দায়ী করেছেন। ফলে প্রকৃত দোবী ব্যক্তিদেরকে উৎসাহিত করা হয়েছে।

আড়াই বছরের কংগ্রেসী শাসনে যে হিন্দু রামরাজ্যের নমুনা স্থাপিত হয়েছিল এবং মুসলমানদের তাগ্যে যে চরম দুর্নপা নেমে এসেছিল তার কিঞ্চিৎ আলোচনা উপরে করা হয়েছে। এ সময়ে, ১৯৩৮ সালে সূভাসচন্দ্র বোস কংগ্রেসের সভাপতি নির্বাচিত হন। তাঁকে অন্যান্যের ত্লনায় খানিকটা উদারচেতা মনে করা হতো। তাঁর সাথে কায়েদে আজম মুহাম্মন আলী জিরাহর দীর্ঘ পর বিনিময় হয়। কায়েদে আজম বারবার মিঃ সূভাসচন্দ্র বোসকে একধা বলেন যে, কংগ্রেস ও মুসলিম লী গ একরে মিলিত হয়ে সকল বিবাদ ও মতপার্থক্যের মীমাংসা করা হোক। কায়েদে আজম কংগ্রেস মুসলিম লীগ তথা হিন্দু মুসলিম মিলনের সর্বশেষ চেষ্টা করেন। কিন্তু সূভাস বোস কায়েদে আজমের গত্রের জবাবে বলেন ঃ

লীগের সাথে আলাপ আলোচনার ব্যাপারে গুয়ার্কিং কমিটির করার আর কিছু নেই। (Muslim Political Thought through the Ages 1562-1947- G. Allana Moqbul Academy, Lahore, P-242) কারেদে আজম মুহামদ আলী জিলাই ১৯৩৮ সালে পাটনায় অনুষ্ঠিত মুসলিম লীগ অধিবেশনে সভাপতির ভাষণে বলেন ঃ

কংশ্রেস নেতৃবৃন্ধ চান যে মুসলমান ভারতে হিন্দুরাঞ্জ শর্ভহীনভাবে মেনে
নিক। 

নিক। 

সোপনারা অবশ্যই জানেন যে কংগ্রেস ফ্যাসীবাদী প্রভূত্ব-কর্তৃত্ব
করার উদ্দেশ্যে হিন্দু মুসলিম সমজোতার সকল পথ রুদ্ধ করেছে। তিনি বলেন,
তারতে চারটি শক্তি ক্রিয়ালীল— (১) ব্রিটিশ, (২) ভারতীয় রাজ্যের শাসকবৃন্দ,
(৩) হিন্দু এবং (৪) মুসলমান। কংগ্রেস পত্র-পত্রিকা যতোই ফলাও করে
করুল এবং কংগ্রেস নেতারা যতোই গলাবাজি করুল যে, কংগ্রেস একটি জাতীয়
সংগঠন, আমি বলি তা মোটেই সত্য নয়। এ একটা হিন্দু সংগঠন ব্যতীত কিছু
নয়। এটাই সত্য কথা এবং কংগ্রেস নেতারা তা ভালো করে জানেন। এতে
ক্রেকজন মাত্র—ক্রেকজন বিভ্রান্ত ও পথন্রই—ক্রেকজন মুসলমান থারাল
মতলবে সংশ্লিষ্ট থাক্তগেই তা জাতীয় সংগঠন হয় না, হতে পারে না। কংগ্রেস
প্রধানতঃ একটি হিন্দু সংগঠন এবং আমি চ্যালেঞ্জ দিয়ে বলছি কেউ তা
অধীকার করুক দেখি। আমি জিজ্ঞেস করি কংগ্রেস কি মুসলমানদের প্রতিনিধিত্ব
করে হ

শ্রোতাগণ সমস্বরে জবাব দেন না, না, না।

আমি জিন্তেস করি—কংগ্রেস কি বৃষ্টান সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করে? তফ্সিলী সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করে? জনগণ প্রতিটিপ্রপ্লের জবাবে সমস্বরে বলে না, না, না।

তিনি তারও বলেন, কংগ্রেস সকল হিন্দুরও প্রতিনিধিত্ব করেনা। হিন্
মহাসতা–নিবারাল ফেডারেশন–এদেরও প্রতিনিধিত্ব করেনা। তবে নিঃসন্দেহে
কংগ্রেস একটি একক সংখ্যাগরিষ্ঠ দল। এহাড়া তার কিছু নয়।

তিনি বলেন, দেশের জন্যে নৃতাগ্য যে, কংগ্রেস হাইকমান্ড জন্যান্য সম্প্রদায় ও সংস্কৃতি নির্মূল করে হিন্দুরান্ধ প্রতিষ্ঠার জন্যে একেবারে দৃত্ প্রতিজ্ঞ।

কায়েদে আজম অতঃপর একটি একটি করে কংশ্রেদের ভূমিকার উল্লেখ করে প্রমাণ করেন যে, কংগ্রেস জাতীয় সংগঠন নয়। তিনি বলেন, কংগ্রেস ক্ষমতায় এসে কি করে। জাতীয়তাবাদের ভান করলেও 'বল্দে মাতরম' দিরে কাজ শুরু করে। এটা সর্বজন স্বীকৃত যে, 'বল্দে মাতরম' জাতীয় সংগীত নয়। তথাপি তা জাতীয় সংগীত হিসাবে গাওয়া হয় এবং অন্যান্যদের উপরও চাপিয়ে দেয়া হয়। এ শুধু তাদের দলীয় সমাবেশেই গাওয়া হয় না। বরঞ্চ সরকারী ও মিউনিসিপাল কুলগুলোতেও তা গাইতে সকলকে বাধ্য করা হয়। তাদের ধর্মীয় বিশ্বাস তা গাইতে অনুমতি দিক না দিক, 'বলে মাতরম' জাতীয় সংগীত হিসাবে অবশ্যই মুসলমানদের মেনে নিতে হবে। এ হঙ্গে পৌত্তদিকতা এবং মুসলমানদের বিক্রদ্ধে দুণা উদ্রেককারী স্তুতিগান।

তিনি বলেন, তারপর কংগ্রেস পতাকার কথাই ধরা যাত। এ ভারতের সর্বজনস্বীকৃত জাতীয় পতাকা নয়। তথাপি তার প্রতি প্রত্যেকে ব্রদ্ধা প্রদর্শন করতে হবে এবং তা সরকারী বেসরকারী সকল গৃহে উত্তোলন করতে হবে। মুসলমানরা এ নিয়ে যাতাই আপত্তি করুক না কেন, তাতে কিছু যায় আলে না। কংগ্রেস পতাকা ভারতের জাতীয় পতাকা হিসাবে অবশাই উত্তোলন করতে হবে এবং মুসলমানদের উপর তা জাের করে চপিয়ে দিতে হবে। অতঃপর তিনি হিন্দী হিন্দুস্থানী স্বীম সম্পর্কে বঙ্গেন হে, উর্দুকে নাবিয়ে রাখা ও তাকে শ্বাসক্রদ্ধ করে মারাই হচ্ছে এর উদ্দেশ্য।

#### ওয়ার্ধা শিক্ষা প্রকল্প

মিঃ গান্ধীর সকপোলকঞ্চিত ওয়ার্ধা শিক্ষা প্রকল্পের (Wardha Scheme of Education) তয়াবহ পরিণাম উপরের আলোচনায় তুলে ধরা হয়েছে।

কায়েদে আঞ্চম তাঁর ভাষণে বঙ্গেন ঃ আঞ্চকাল হিন্দু মানসিকতা ও দৃষ্টিতংগী সতর্কতার সাথে পরিপুষ্ট করা হচ্ছে এবং মুসলমানদেরকে তাদের দৈনন্দিন জীবনে হিন্দু আদর্শ ও তাবধারা অবলম্বনে বাধ্য করা হচ্ছে। মুসলমানরা কি কোপাও এ ধরনের কোন কিছু করছে? কোপাও কি তারা হিন্দুদের উপর মুসলিম সংস্কৃতি চাপিয়ে দিছেে বরঞ্চ মুসলমানদের উপর হিন্দু সংস্কৃতি চাপিয়ে দেয়ার বিরুদ্ধে তারা সামান্য প্রতিবাদ ধ্বনি করলেই তাদেরকে সম্প্রদায়িক বলে আখ্যায়িত করা হয়। তাদেরকে বলা হয় গান্তি বিনষ্টকারী এবং সঙ্গে সঙ্গেই স্বৈরাচারী সরকারী প্রশাসন মন্ত্র তাদের বিরুদ্ধে সক্রিয় হয়ে পড়ে। বিহারে সংখ্যিত ঘটনাবলীর কথাই ধরুন না কেন, কংগ্রেস সরকারের জধীন কাদের সংস্কৃতির উপর আঘাত হানা হয়েছে? মুসলমানদের। কাদের বিরুদ্ধে দমননীতি অবলম্বন করা হয়েছে, নিষেধাজ্ঞা জারী করা হয়েছে এবং কাদেরকে প্রেফতার

করা হয়েছে? মুসলমানদের বিরুদ্ধেই এসব কিছু করা হয়েছে। কিছু এমন একটি দৃষ্টান্তও কি কেউ পেশ করতে পারে যে মুসলিম লীগ অথবা কোন মুসলমান মুসলিমন্সংকৃতি হিন্দুদের উপর চাপিয়ে দেয়ার চেটা করেছে? (Creation of Pakistan, Justice Syed Shameem Hossain Kadir, pp. 139-143)

# তৃতীয় অখ্যায়

### মুসলিম লীগ-কংগ্রেস আলোচনা

উনিশ শ' পাঁয়ন্ত্রিশ সাল থেকে বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হওয়ার সময়কাল পর্যন্ত মুসলিম গাঁগের পক্ষ থেকে কংগ্রেসের সাথে সমঝোতায় আসার বহু চেটা করা হয়। এতদুন্দেশ্য কংগ্রেস সভাপতি বাবু রাজেল্র প্রসাদের সাথে কায়েদে আজম মুহাম্মদ আলী জিল্লাহর কয়েক দফা বৈঠক হয়। কিন্তু এসব বৈঠকে কোন লাভ হয়নি। সর্বশেষ উভয় নেতার পক্ষ থেকে যুক্ত বিবৃতি প্রকাশিত হয়, তাতে বলা হয়, সংশ্রিষ্ট সকল দলের নিকট গ্রহণযোগ্য সাম্প্রদায়িক সমস্যার সমাধান করে যে প্রচেট্টা চালানো হয় তা অবশেষে ব্যর্থতায় পর্যবসিত হয় বলে তারা দুঃবিত।

আটত্রিশের শুরুণতে জিল্লাহ-গান্ধীর মধ্যে পত্র বিনিময় হয়। উভয় দলের মধ্যে যে মৌলিক মতপার্থকা ছিল, তা এ পত্র বিনিময়ের দারা সুস্পন্ট হয়। কায়েদে আজম মুহাক্ষল আলী জিল্লাহ তেসরা মার্চ ১৯৩৮ মিঃ গান্ধীর নিকটে যে পত্র দেখেন, ভাতে দৃটি বাকে্যে তিনি তার আলোচনার কেন্দ্রীয় বিষয়বস্থু তুলে ধরেন। তিনি বলেন, মুসলিম লীগকে ভারতের মুসলমানদের একমাত্র নির্ভরশীল ও প্রতিনিধি মুলক দল হিসাবে মেনে নিন এবং অপর দিকে আপনি কংগ্রেস ও সারা দেশের প্রতিনিধিত্ব করুন। একমাত্র এর ভিত্তিতে আমরা সন্মুখে অগ্রসর হতে পারি এবং অগ্রগতির প্রক্রিয়া উদ্ধাবন করতে পারি। জবাবে মিঃ গান্ধী ৮ই মার্চ বলেন, বে অর্থে আপনি বলছেন, সে অর্থে আমি কংগ্রেস অথবা হিন্দু কোনটারই প্রতিনিধিত্ব করি না। তর্বে সম্মানজনক সমাধানে পৌছার জন্যে আমি হিন্দুদের প্রতি আমার নৈতিক প্রভাব খাটাব। (The full Text of Jinnah-Gandhi letters in Durlab Singh, pp. 16-32. The Struggle for Pakistan-LH. Qureshi, p. 109)

মিঃ গান্ধীর উপরোক্ত জবাবে কোন সত্যতা ও আন্তরিকতা ছিলনা। কোন একটি সংগঠনের ঘোষিত নীতি–পদিসি যাই হোক না কেন, তার সত্যিকার পরিচয় পাওয়া যায় তার বাস্তব কার্যকলাপ ও আচার আচরণে। কংগ্রেস যে পরিপূর্ণ একটি হিন্দু সংগঠন ছিল তা অস্থীকার করলে সত্যের জপলাপ করা হবে। কংগ্রেসের আচার আচরপে সর্বদা হিন্দু চেতনা ও রার্ধেরই বহিঃপ্রকাশ ঘটেছে। তারতে বেলাফত আন্দোলনে কংগ্রেসের সহযোগিতার কারণে কারো মনে তুল ধারণার সৃষ্টি হতে গারে। কিছু সে সহযোগিতায় কোন আন্তরিকতা ছিলনা। তাতে দুরাভিসরিই পুকারিত ছিল, গান্ধীজির নিজের উক্তিই তার প্রমাণ। তিনি বলেন, আমি বিশ্বাস করি, খেলাফত আমানের দুজনের নিকট কেন্দ্রীয় বিশ্বয়—মুহামদ আলার নিকট এটা তার ধর্ম। জার আমার নিকট হচ্ছে খেলাফতের জন্যে জীবনপাত করে আমি গো—নিরাপন্তা নিঃসংশার করছি। অর্থাৎ আমার ধর্মকে মুসলমানের ছুরিকা থেকে রক্ষা করছি। (S.K. Majumder: Jinnah & Gandhi, p. 61; মধ্যবিস্ত সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর, আবদুল মণ্ডদুল-পুঃ ১৬৮)

নিজ্জ ক্রনিক্স-এর প্রতিনিধির কাছে মিঃ গান্ধী বলেন, এখানে একটি মাত্র নল আছে যা উন্নতি ও কল্যাণ করতে পারে। আর তা হলো কংগ্রেস। কংগ্রেস ব্যতীত আর অন্য কোন দল আমি মেনে নিতে রাজী না।

তিনি পারো বলেন, যে কোন মন্দ্র নামেই ডাকুক, ডারতে একটি মাত্র দল আছে এবং তা হলো কংগ্রেস। (Muslim Separatism in India, Abdul Hamid, p. 217)

কায়েদে আজম পণ্ডিত জন্তহরলাগ নেহরুর সাথেও পত্র বিনিময় করেন। উল্লেখা যে, প্রাদেশিক আইনসভাগুলোর নির্বাচনের পর পণ্ডিত জন্তহরলাল নেহরু খোষণা করেছিলেন, দেশে মাত্র দৃটি দল আছে— কংগ্রেস এবং সরকার। আর যারা আছে ভাদেরকে অবশাই কংগ্রেসের কার্যপদ্ধতি অনুসরণ করতে হবে। যারা আমাদের সাথে নেই, তারা আমাদের বিরোধী। (Muslim Separatism in India, Abdul Hamid, p. 217)

ক্ষওহরণাল নেহকের ফ্যাসীবাদী মনমানসিকতা জানা সংস্তৃত কাষেদে আজম উভয় দলের মধ্যে একটা আপোস নিশন্তির জন্যে অন্তরিক প্রচেষ্টা চালিয়ে যান। পভিত নেহক ৬ই এপ্রিল (১৯৩৮) তারিখে লিখিত দীর্ঘ পত্রে কায়েদে আলমের সকল অভিযোগ অস্বীকার করেন। তিনি বলেন, কংগ্রেস 'বলে মাতরম' সংগীত ত্যাগ করতে রাজী নয়। কারণ একটা জাতীয় সংগঠনের পক্ষ থেকে এ ধরনের কিছু করা সংগত হবে না। কংগ্রেস গতাকা ব্যবহারেও তো কারো কোন আপত্তি

৪০০ বাংগার মুদলমানদের ইতিহাদ

দেবিনা। মুসলিম লীগ একটি গুরুত্বপূর্ণ সাম্প্রদায়িক সংগঠন বিধার তার সাথে আমরা সে ধরনের আচরণই করি। অন্যান্য মুসলিম সংগঠনগুলোকেও উপেন্ধা করা যায় না। অতএব মুসলিম লীগকে ভারতীয় মুসলমানদের একযাত্র সংগঠন হিসাবে থীকার করার প্রশ্নই ওঠেনা।

পত্তে তিনি আরও বলেন, কংগ্রেদ উর্দুকে বর্ব করার কোন চেটা করছে, অথবা রামরাজ্য প্রতিষ্ঠার চেটা করছে তা আমার জানা নেই। কে এসব করছে? তিনি আরও বলেন, কোঝালিশন মন্ত্রীসভা বলতে কি বৃথায় তা আমার জানা নেই।

তীর কথার সহজ্ব সরল অর্থ এই যে, প্রদেশগুলোতে মুনলিম লীগ অথবা জন্য কোন দলের সাথে ক্ষমতার অংশীদারিত্বে কংগ্রেস কিছুতেই রাজি নর, এ কথার সে অটল। পত্রের শেষে নেহক্র বলেন, কোন চুক্তি বা সমখোতা এবং এ ধরনের কোন কিছু ব্যক্তিগতভাবে আমি গছল করি না।

সূভাসচন্দ্র বোস ১৯৩৮ সালে কংগ্রেম সতাপতি নির্বাচিত হন। গান্ধী-নেহজর সাথে পদ্রালাপে ব্যর্থতার পর কায়েদে আজম সূভাস বোসের সাথে পত্র বিনিময় করেন। যে মাসে কায়েদে আজম মিঃ বোসের লিবিত পত্র আলোচনার জন্যে মুসলিম লীগ কার্যকরী পরিষদে পেশ করেন। এর উপর যে প্রস্তাব গৃইতে হয় তাতে বলা হয় যে, হিন্দু মুসলিম মতবিরোধের মীমাংসা সম্পর্কিত বিষয় নিমে কংগ্রেসের সাথে কোন আলোচনা করতে মুসলিম লীগ রাজি নয় যতোক্ষণ না মুসলিম লীগকে তারতীয় মুসলমানসের আহ্বাতাজন এবং প্রতিনিধিত্বশীল সংগঠন হিসাবে যেনে নেয়া হবে। তদনুযায়ী কায়েদে আজম মিঃ বোসের নিকটে নুসরা আগস্ট লিবিত পত্রে বলেন,

গাখনোতে ১৯১৬ সালে যে কংগ্রেস—মুসলিম লীগ চুক্তি স্বাক্ষরিত হয় তাতে মুসলিম লীগকে ভারতীয় মুসলমানদের আস্থাতাজন ও প্রতিনিধিত্বলীল সংগঠন হিসাবে মেনে নেয়া হয়। সে সময় থেকে ১৯৩৫ সালে জিয়াহ—রাজেন্দ্রপ্রসাদ আলোচনা পর্যন্ত এ নিয়ে কোন প্রশ্ন উথাপিত হয়নি। যেসর মুসলমান কংগ্রেসে আছে, তারা ভারতীয় মুসলমানদের প্রতিনিধিত্ব করতে পারেনা। মুসলিম লীগের এ কথাও জানা নেই যে, কোন মুসলিম রাজনৈতিক দল ভারতীয় মুসলমানদের প্রতিনিধিত্বের নাবী করেছে। কংগ্রেসের পক্ষ থেকে এর এক বিশায়কর জবাব জানে। অর্থাৎ মুসলিম লীগের কোন দাবীই কংগ্রেস মানতে রাজি নয়। (The Struggle for Pakistan, I. II. Qureshi, pp. 107-112)

কংগ্রেস—মুসলিম লীগের জালাপ জালোচনা ও পত্র বিনিময়ের ফলে করেওটি বিষয় সুস্পন্ত হয় যা অভি তাৎপর্যপূর্ব। প্রথমতঃ কংগ্রেসী মন্ত্রীসতাগুলোর বিরুদ্ধে অভ্যাচার অবিচারের অভিযোগ কংগ্রেস অস্বীকার করে। ভিতীয়তঃ কংগ্রেস হিন্দু মুসলিম সমস্যাকে কোন সমস্যাই মনে করেনা। তার মতে এ এক সাময়িক ভাবাবেগ ও উদ্ধান। সময়ের পরিবর্তনে তা বিশ্বতির অতল তলে নিমজ্জিত হবে। ভূতীয়তঃ কংগ্রেসের দাবী এই যে, তা সর্বভারতীয় জাভীয়তাবাদী আন্দোলনের প্রতিনিধিত্বকারী সংগঠন যা জাভি ধর্ম নির্বিশেষে সকলের প্রতিনিধিত্ব করে। অনক মুসলিম রাজনৈতিক দল কংগ্রেসকে সমর্থন করে। শুধুমাত্র মুসলিম লীগ দূরে অবস্থান করছে। আর কত দিন তারা এতাবে থাকবে? হয়তো সত্রই কংগ্রেসের সাথে ভিড়ে যাবে। অতএব মুসলিম লীগের দাবীর প্রতি গুরুত্বদানের প্রয়োজন কিং

কংগ্রেসের উপরোক্ত দৃষ্টিতংগী মুসন্ধিম গীগের মধ্যে স্বভাবতঃ ই প্রতিক্রিয়ার সৃষ্টি করে এবং মুসন্দিম গীগকে ঐক্যবদ্ধ, সংহত ও শক্তিশালী করে। এ দীর্ঘ আপোচনায় একথা সুস্পষ্ট হয় যে কংগ্রেস হিন্দু ভারতের প্রতিনিধিত্বকারী একটি দল। রাজনৈতিক ক্ষেত্রে মুসন্দাননেরকে নাবিষে রাখাই শুধু তার উদ্দেশ্য নাম, ভালেরকে নির্মূল করাও ভার উদ্দেশ্য। বাল গংগাধর তিলকের আন্দোলন, স্বামী প্রদ্ধানন্দের শুদ্ধি আন্দোলন, কংগ্রেস ও হিন্দু মহাসভার রাজনৈতিক দেশরের একই লক্ষ্য ছিল এবং ভা হলো মুসন্মানদেরকে দমিত ও বশীত্ত করে রাখা অথবা নির্মূণ করে হিন্দু রামরাজা প্রতিষ্ঠা করা।

উল্লেখ্য ১৯০৬ সালে বংগভংগ রদ আনোলন চলাকালীন সারা ভারতে হিন্দুধর্ম পুনরক্জীবনের লচ্ছেয় 'শিবাজী উৎসব' পালন করা হয়। সকল হিন্দু সমাজ নেতা, রাজনীতিবিদ, কবি, সাহিত্যিক ও শিক্ষান্ততী এ উৎসবে সানন্দে যোগদান করেন। এ উপলক্ষে কবি রবীন্দ্রনাথ ঠাকুর 'শিবাজী উৎসব' লিখে হিন্দুধর্মের পুনরক্জীবন কর্মে প্রভাক্ষভাবে যোগ দেন এবং 'শুভশগুলানে জয়তু শিবাজী' উভারণ করে এ ধ্যানমন্তে দীক্ষা এহণ করেন ঃ

ধজা ধরি উড়াইব বৈরাগীর উত্তরী কসন— দরিদ্রের বল। এক ধর্মরাজ্য হবে 'এ ভারতে' এ মহাবচন ' করিব সমল। রাজনীতি ও হিন্দুধর্মের পুনরক্জীবন অংগাংগীরপে মিশে গেল। ধর্মীয় বোধের উত্তপ্ত আবহাওয়ায় রাজনীতিকে গণজান্দোলনে রূপায়িত করার চেষ্টা হলো।

(B. B. Misra: The Indian Class: Their Growth), পাবদুশ মণ্ডদুদ: মধ্যবিত্ত সমাজের বিকাশ: সংস্কৃতির রূপান্তর)

প্রথম বিশ্বযুক্তের আগে 'দি টাইম্সের' সংবাদদাতা স্যার ভ্যালেন্টাইন চিরলকে তীর এক মুসলমান বন্ধ বলেন, তিলক, তীর অনুসারিগণ এবং পাঞ্জাব ও বাংলার হিন্দু জাতীয়তাবাদীগণকে প্রকাশ্যে বলাবদি করতে শুনা যায় যে, জভীতে স্পেন থেকে যেতাবে মুসলমানদেরকে বিতাড়িত করা হয়, ঠিক তেমনি তারত থেকে মসলমানদেরকে বিভাডিত করা হবে। স্যার ওয়ান্টার লরেপও অনরূপ কথা বলেন। তিনি ছিলেন ভাইসরয় কার্জনের স্টাফ সদস্য। তিনি ইদোরের মহারাজা সাার প্রতাপ সিংকেও অনুরূপ মনোভাব ব্যক্ত করতে শুনেন। তিনি বলেন ঃ তিনি (স্যার প্রতাপ সিং) মুসলমানদেরকে ঘৃণা করতেন। কিন্তু আমার ভারত ত্যাগের পূর্বে তাঁর এ ঘূণার গতীরতা উপলব্ধি করতে পারিনি। লর্ড কার্ন্ধন জামার এবং পামার স্ত্রীর সমানে শিমলায় যে ভিনার দিয়েছিলেন তাতে যোগদানের জনো স্যার প্রতাপন্ত শিমলা আগমন করেন। ডিনার শেষে স্যার প্রতাপ রাত সূটো পর্যন্ত তাঁর আশাআকাংখা ও অভিনাষ সম্পর্কে আলাপ আলোচনা করেন। তাঁর **पिक्नारक्त** भर्या अकि राना जांतराज्य कुक श्वारक भूमनभानरम् निर्मन कता। 🕶 তিনি তালো ইংরেজী জানতেন, বহু জাতির সাথে মিশেছেন, ছিলেন বিশ্বন্ধনীন সভ্যতার বিশ্বাসী। কিন্তু তাঁর মহৎ হৃদয়ের তলায় ছিল মুসলমানদের कारना मुत्रभरेनश्र घुणा।

(Sir Walter Lawrence: The India We Served, p. 209; Abdul Hamid: Muslim Separatism in India, pp. 83-84)

নিরপেক মন নিয়ে থিনিই উপমহাদেশের হিন্দু মুসলিম সম্পর্কের চুলচেরা বিশ্লেষণে সক্ষম হয়েছেন, তাঁর কাছে মুসলমানদের সম্পর্কে উক্ত হিন্দু মানসিকতাই ধরা পড়েছে। তাই এশিরাটিক রিভিউ পত্রিকার প্যাটিক ফ্যাগান তাঁর এক লিখিত প্রবন্ধে ধলেন, পরাধীন ভারতে মুসলমানের দুটি মাত্র পর্য খোলা আছে, একটি হিন্দু জাতিতে লীন হয়ে যাওয়া অন্যাট দৈহিক শক্তি বলে ভারতের কোন কোন অঞ্চলে স্বতন্ত্র রাষ্ট্র মৃষ্টি করা। অবশেষে ভারতের দশ কোটি মুসলমানের স্বতন্ত্র ও স্বাধীন আবাসভূমি প্রতিষ্ঠার প্রাণপণ সংগ্রাম ব্যতীত উপারাজর রইলোনা।

বাংগার মুদলমানদের ইডিহাস ৪০৩

### চতুর্থ অখ্যায়

#### পাকিন্তান আন্দোলন

এ উপযহাদেশের বুকে 'পাকিন্তান' নামে মুসলমানদের একটি স্বাধীন সার্বভৌম আবাসভূমি প্রতিষ্ঠার আন্দোপন ছিল অত্যন্ত স্বাভাবিক এবং সকল যুক্তিতর্কের ভিত্তিতে অত্যন্ত ন্যাধ্যসংগত। কারণ এ পাকিস্তান প্রতিষ্ঠার উপরেই ছিল উপমহাদেশের মুসলমানদের অন্তিত্ব একান্তভাবে নির্ভর্নীল। পাকিস্তান আন্দোলনের দাবী একদিকে যেমন বৃটিশ সরকার মেনে নিতে পারেননি, অপরাদিকে হিন্কংগ্রেসও শুধু মেনে নিতেই অস্বীকার করেনি, বরক্ষ সর্বশক্তি প্রয়োগ করে বিরোধিতা করেছে। তথাপি উপমহাদেশের দশকোটি মুসলমানের ক্রমাগত সাত বছর যাবত প্রক্রবছ সংগ্রামের ফলে এবং লক্ষ দক্ষ মুসলিম নরনারীর রক্তের বিনিময়ে পাকিস্তান নামে একটি স্বাধীন দেশ বিশ্বের মানচিত্রে স্থান লাভ করে। এ পাকিস্তান আন্দোলনের পন্চাতে যে আদর্শিক ও ইসলায়ী চেতনা সক্রিয় ও বলবং ছিল তা মুসলিম জাতির এক চিরম্বরণীয় বস্থু এবং এর বস্তুনিষ্ঠ ইতিহাস তবিষ্যুৎ মুসলিম প্রজন্মের জানা ও স্বরণ রাখা একান্ত আরশ্যক।

লর্ড কার্জন কর্তৃক শুধুমাত্র প্রশাসনিক কারণে ১৯০৫ সালের বংগতংগ এবং হিন্দুদের বংগতংগ রদ আন্দোলন ও ১৯১১ সালে তা রহিতকরণ, উপমহাদেশের যত্রতত্র এবং যখন তখন মুসলমানদের গায়ে পড়ে হিন্দুদের পক্ষ থেকে সাম্প্রদায়িক সংঘর্ষ সৃষ্টি এবং মুসলমানদের জানমালের প্রত্ত ক্ষতিসাধন এবং সাডটি প্রদেশে আড়াই বছর কংগ্রেসের কুশাসন সম্পর্কে এ প্রন্থে বিস্তারিত আলোচনা করা হয়েছে। এ আলোচনায় এ সত্রটি সুম্পষ্ট হয়েছে যে, এ উপমহাদেশে হিন্দুজাতি বিপুল সংখ্যাগরিষ্ঠ ও শক্তিশালী হওয়ার কারণে মুসলিম জাতিকে হয় তাদের দাসানুদাস বানিরে রাখতে অথবা নির্মূল করতে চায়। এ শক্ষ্য হাসিলের জনোই কংগ্রেসের দাবী ছিল এই যে এ উপমহাদেশের অধিবাসীদের একমাত্র রাজনৈতিক প্রতিষ্ঠান ভারতীয় জাতীয় কংগ্রেস এবং ব্রিটিশ সরকারকে ভার হাতেই ক্ষমতা হস্তান্তর করতে হবে। এই সাথে কংগ্রেসের আর একটি অন্তুত ও অবান্তর দাবী ছিল এই যে, এ উপমহাদেশে

বদবাসকারী সকলে মিলে একজাতি—তারতীয় জাতি। কিন্তু প্রকৃত ব্যাপার এই যে, এ উপমহাদে শ কোন এক জাতির নয় বরঞ্চ বহ জাতির আবাসত্মি। তাদের মধ্যে প্রধান ও উল্লেখখোগ্য হিন্দু ও মুসনিম জাতি। হিন্দু সভ্যতা—সংস্কৃতি ও হিন্দুধর্মের পুনর্ভাগরণ এবং হিন্দুরামরাজ্য স্থাপনই ছিল কংগ্রেসের একমাত্র ক্ষমা। কংগ্রেস ও তার কর্মকর্তাদের বিভিন্ন সমস্কের বিভিন্ন আচরণে এ বিশাস মুসনমানদের হৃদয়ে বন্ধুল হয় এবং এ কারণেই মুসনমানগণ পাকিস্তান আন্দোলন করতে বাধ্য হন।

এখন দেখা বাক কংগ্রেসের ভারতীয় স্বাতীয়তা ও রামরান্ধ্য প্রতিষ্ঠা সম্পর্কে বিশ্ব ঐতিহাসিকগণ কি বলেন।

ভঃ রমেশ চন্দ্র মজুমদার বলেন ঃ উনিশ শতকের দিতীয়াথে যে হিন্দু আতীয়তা জ্ঞানের উন্মেষ হয়, তার প্রকৃত রূপ ছিল হিন্দুধর্মের পুনরম্জীবন যার একমাত্র লক্ষ্য ছিল 'রামরাজ্য' স্থাপন। তখন বাংলাদেশে হিলুমেলা প্রতিষ্ঠায়, পুনায় নার্বজনীন সভা ও মাদ্রাজে মহাজন সভা প্রতিষ্ঠায় মূলত প্রাচীন হিন্দুরের প্রব্রুজ্জীবন প্রচেষ্টাই লক্ষিত হয়েছিল। নয়ানন্দের ১৮৮২ সালে 'গোরক্ষিণী সমিতি' প্রতিষ্ঠা ও ১৮৯৬ সালে বালগংগাধর তিলকো 'শিবাদী উৎসব' অনষ্ঠান একই অনপ্রেরণা প্রসত। বংকিমচন্দ্রের সাহিত্য সাধনাও একই উদ্দেশ্য প্রণোদিত। তার 'আনন্দমর্চ' গ্রন্থ ও 'বন্দে মাতরম' মন্ত্র সমস্বরে প্রচারিত করেছে হিন্দুধর্ম, জাতি ও জাতীয়তা জ্ঞান একই অবিভাগ্য বিষয় এ ডিনের একই চিন্তাধারর অভিব্যক্তি। এ জন্যে মুসলিম শিরে তাঁর অভিশাগ, গালাগালি ও বিদেষ বিষ বর্ষণে কিছুমাত্র কুপণতা ছিলনা। • • সেকালে বাংলায় আমাদের মহৎ বাঁরদের সহন্দে জ্ঞান না গাকায়, রাজপুত, মারাঠা ও শিখ বাঁরদের জীবনী আমদানী করতে হয়েছে। রাজা প্রতাপের দেশপ্রেম ও শিবাজীর বীরতবাঞ্জক কর্মসমূহ তখন আমাদের ঘরে ঘরে কীতিত হতো। অন্য কোনও সাহিত্যে এমন বীর রসাত্তক কবিতার সাক্ষাৎ মিলবেনা, যেমন কবিতা পিখেছিলেন রবীন্দ্রনাথ শিবাজীর উপর এবং শিখন্তর বান্দা ও শুরু গোবিলের উপর। বস্তুতঃ জাতি বৈরিতার যে তীব্র আন্দোলন সমকালীন বাংলা সাহিত্য ও সংবাদপত্রের মারফৎ উথিত হয়েছিল ও তীব্ররূপ ধারণ করেছিল, পুথিবীর কোন দেশের সাহিত্যেই জার জুলনা নেই। (Dr. R. C. Majumdar : History of Freedom Movement. pp. 202-205; व्यावपूर्ण भडपृष्ठ ३ यथाकिन नमारकत विकाश ह সংশ্বতির রূপান্তর, পৃঃ ২৬৭)

কংগ্রেসের জাতীয়তার অর্থ বে হিন্দুধর্মের পুনরন্জীবন এবং হিন্দু রামরাজ্য প্রতিষ্ঠা তা ঐতিহাসিক ভঃ রমেশ চন্দ্র মজুমদারের কথায়ই সুস্পষ্ট হয়ে গেল। এ জাতীয়তার মধ্যে মুসলমানদের স্থান কিতাবে হতে পারে? তার পরেও কংগ্রেসের ভারতীয় জাতীয়তার দাবী চরম প্রতারণা ব্যতীত জার কিছু হতে পারে কি? এ দাবীর উপরেও জালোকপাত করেছেন ডঃ মজুমদার।

তিনি বলেন ঃ ১৮৩৩ সালে কি তারতীয় জাতীয়তার অন্তিত্ব ছিল ? এ প্রশ্নের জবাব হবে ন। • • • তখন বাঙালী নেতারা, মায় রামমোহন রায় ঈশ্বরের কাছে প্রার্থনা করেছেন অন্যান্য তারতীয় শক্তির বিরুদ্ধে যুদ্ধে বৃটিশের জয়লাভের জন্যে। • • ১৮৩৩ সালে বাংলাদেশে দুটি জাতির মানুষ ছিল—হিন্দু ও মুসলমান। যদিও তারা একই দেশের বাসিন্দা ছিল তবুও এক ভাষা ব্যতীত অন্য সকল বিষয়ে ছিল বিভিন্ন। ধর্মে, শিক্ষায়, সামাজিক ও সাংস্কৃতিক জীবনে তারা ছয়শ' বছর ধরে বাস করেছে যেন লুটি ভিন্ন পৃথিবীতে। • • রামমোহন রায়, দারিকানাথ ঠাকুর, প্রসন্ন কুমার ঠাকুর প্রমুখ কোলকাভার বিশিষ্ট নাগরিকবৃন্দ মুসলমানদের মনে করতেন হিন্দুদের যতো দুর্গতি ও অলক্ষণের মুল উৎস হিসাবে যা হিন্দুরা নয়শো বছর ধরে সহ্য করতে বাধ্য হয়েছে। আর তারা বৃটিশ শাসনকে মনে করতেন বিধাতার আশীর্বাদ, যার প্রসাদে হিন্দুরা কৃখ্যাত মুসলিম শাসন পেকে পরিত্রাণ পেয়েছে। সমন্ত বাংলাসাহিত্যে ও পত্র–পত্রিকায় মুসলমানদের উল্লেখ করা হতো 'যবন' হিসাবে—তখন বৃটিশকে বিতাড়িত করে হিন্দু বা ভারতীয় শাসন স্থাপনের কোন ইচ্ছাই ছিলনা। এমনকি রাজা রামমোহন রায়েরও এমন ইচ্ছা জনোনি। এমনকি প্রসর কুমার ঠাকুরের মতো বিশিষ্ট নাগরিক প্রকাশ্যে বলতেন যে, যদি ঈশ্বর তাঁকে 'স্বরাজ' ও 'বৃটিশ শাসনের' মধ্যে একটি বেছে নিতে বলেন, তাহলে তিনি শেষেরটাই বিনা ছিধায় বেছে নেবেন) (Dr. R. C. Majumdar: History of Freedom Movement, p. 193)

তঃ মন্ত্রমদার হিন্দু ও মুসলমানকে দৃটি পৃথক জাতি বলেই প্রমাণ করেছেন।
উপরে উল্লেখিত হিন্দু মনীধীগণ মুসলমানদেরকে হিন্দুজাতির শক্রই মনে
করতেন। এ পৃথক ও বিপরীতমুখী দৃটি জাতিকে নিয়ে এক তারতীয় জাতি গঠন
কিতাবে সম্ভব? কখন এর উৎপত্তি হয়েছিল এবং এ এক জাতীয়তার
উদ্যোক্তা কে ছিলেন?

মাওপানা আবুদ কালাম আষাদ মরহম কোন যুক্তিসংগত কারণ ব্যতীতই জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত নিজেকে হিন্দু কংগ্রেসের সাথে সম্পৃক্ত রাখেন। তিনিও বয়ং হিন্দু ও মুসলমানকে দুটি পৃথক জাতিই মনে করতেন। এককালে তার সম্পাদনায় কোলকাতা থেকে প্রকাশিত "দৈনিক আল হেলাল" পত্রিকায় তিনি দ্বার্থহীন ভাষায় বলেন ঃ

'হিন্দু আওর মুসসমানৌকো আপস্ মে মিলা কর এক কওমিয়ত কি তা'মীর কীয়া চীয্ হ্যায়? কিয়া ইন্মে সে এক তেল আওর দুসুরা পানি নিহি?"

"হিন্দু ও মুসলমানকে পরম্পর মিগিত করে এক জাতি গঠন কত হাস্যকর। এদের মধ্যে কি একটা তেল এবং দিতীয়টা পানি নয়?

ডঃ মঞ্মদারও হিন্দু ও মুসলমানের সম্পূর্ণ পূথক বৈশিষ্ট্যই ত্লে ধরেছেন। তাহলে এক তারতীয় জাতীয়তার ধারণা কালনিক ও প্রতারণামূলকই বলতে হবে। ১৮৫৭ সালে মুসলমান নিপাহীলের প্রচেষ্টায় যে সর্বপ্রথম উপমহাদেশের আযাদী আন্দোলন শুরু হয় হিন্দুজাতি তারও বিরোধিতা করে। রাজা রামমোহন তা এ স্থাধীনতা যুদ্ধে বৃটিশের জয়লাতের জনো 'ঈশ্বরের' কাছে প্রার্থনা করেছেন।

এ সম্পর্কে ঐতিহাসিক বিনয় খোষ বলেন ঃ সিপাহী বিল্লোহের (সিপাহীদের আয়ানী আন্দোপন) সময় আমাদের জাতীয় প্রেস বিদ্রোহীদের কোনও সহানৃতৃতি দেখায়নি। · · · তবন সমস্ত প্রেস বৃটিশ শাসনের সৃফলের গুণগান করেছে এবং বিল্রোহীদেরকে সমাজের ইতর প্রেণীর লোক বলে গালাগালি নিয়েছে। প্রায় সকল সংবাদপত্র ও সাময়িক পত্রিকা এ ভূমিকা পালন করেছে। কারণ তখনকার হিন্দু মধ্যবিত্ত প্রেণী বৃটিশ শাসনের বিরুদ্ধে কোনও প্রকার বিদ্রোহ সহ্য করতে প্রস্তুত ছিলনা। (Benoy Ghosh: History of Bengul 1757-1905, C. U. Contribution, pp. 227-28)

উপমহাদেশের হিন্দু ও মুসলমানকে একতে মিলিত করে একভারতীয় জাতীয়তার ধারণা যে কত উদ্ধৃট তা মিঃ নিরোদ চন্দ্র চৌধুরীর বৃক্তব্যে প্রমাণিত হয়। তিনি বলেন ঃ বংগবিভাগ হিন্দু ও মুসলমানদের মধ্যে চিরন্তন বিশ্বিরতা সৃষ্টি করে দিল এবং আমাদের মনে তানের প্রতি ঘৃণার উদ্রেক করে বন্ধুত্বের বাঁধন চিরতরে ছিন্ন করে দিল। এর বহিঃপ্রকাশ ঘটলো রান্তাঘাটে, হাটে–বাজারে, শিক্ষাংগনে এবং স্থান করে নিল মানুষের হৃদয়ে।

তিনি আরও বলেন যে, তিনি থে স্কুলে পড়াগুনা করতেন সেখানে মুসলমান সহপাঠীদের সাথে একত্রে বসতে তাঁরা ঘৃণাবোধ করতেন যে, তাদের মুখ থেকে পোঁরাজের গন্ধ বেরোতো। অতএব হিন্দুদের দাবী অনুধায়ী হিন্দু ও মুসলমান ছাত্রদের বসার স্থান পূথক করে দেয়া হয়েছিল।

মিঃ চৌধুরী বলেন, পাঠাভ্যাস করার আগেই আমাদেরকে বলা হতো যে,
একদা এ দেশে মুসলিম শাসনকালে তারা আমাদের উপর অভ্যাচার উৎপীতৃন
করে এবং ভারতে তালের ধর্ম প্রচার করে এক হাতে কুরজান এবং জন্য হাতে
তরবারী নিয়ে। উপরস্তু মুসলিম শাসকরা আমাদের নারী অপহরণ করেছে,
আমাদের মন্দির ধ্বংস করেছে এবং আমাদের পবিত্র ধর্মীয় স্থানের অবমাননা
করেছে। (N. C. Chaudhury: The Autobiography of an Unknown
Indian: Abdul Hamid: Muslim Separatism in India)

এই যে মৃসলমানদের বিরুদ্ধে যুগ যুগ ধরে অবিরুদ্ধ বিষেধাত্মক অপপ্রচার, হিন্দু কবি সাহিত্যিক কর্তৃক মুসলমানদেরকে 'যবন' ও 'শ্রেক্ষ' নামে আখ্যায়িত করণ, তারপর তাদেরকে নিয়ে এক জাতি গঠনের অর্থ ছিল এই যে হিন্দুর ধর্মপ্রথা অনুযায়ী মুসলমানদেরকে একটি অতি নিমপ্রেণী হিসাবে হিন্দুর দাসানুদাস করে রাখা। অথবা শক্তি বলে তাদেরকে একেবারে নির্মূল করা। মুসলমানগণ এ ব্যাপারে ছিলেন অত্যক্ত সচেতন এবং তারা কিছুতেই একজাতীয়তার ধারণা মেনে নিতে পারেননি।

যে কংগ্রেস উপমহাদেশের একমাত্র প্রতিনিধিত্বশীল সংগঠন বলে দাবী করে, এক তারতীয় জাতীয়তার দাবীলার তার জনাইতিহাসটা একবার আলোচনা করে দেখা যাক যে সন্তিটেই সে মুসলমানদের গুভাকাংখী ও প্রতিনিধিত্বকারী কিনা।

### কংগ্ৰেস প্ৰতিষ্ঠা

কংগ্রেসের জন্মের দৃ'বছর আপে, ১৮৮৩ সালে, জন ব্রাইট 'ইন্ডিয়া কমিটি' গঠন করেন এবং পঞ্চাশন্ধন বৃটিশ এমপিকে তার সদস্য করেন। ১৮৮৫ সালে ইন্ডিরান সিভিল সার্ভিসের অবসরপ্রাপ্ত প্রতাবশালী বৃটিশ সিভিলিয়ান এলেন অক্টান্ডিরান হিউম (A.O. Hume) ইন্ডিয়ান ন্যাশনাল কংগ্রেস গঠন করেন। তিনি চাকরী থেকে অবসর গ্রহণ করার পরও ভারতে রয়ে যান। তিনি ভারতের

সামাজিক পুনরুখানের জন্যে একটি সর্বতারতীয় সংগঠন প্রতিষ্ঠার ধারণা পোষণ করতেন যা রাজনৈতিক অগ্রগতির সহায়ক হতে পারে। তদনুযায়ী তিনি কোদকাতা বিশ্ববিদ্যালয়ের গ্রাজ্বটেদের নিকটে একখানি খোলা চিঠি প্রেরণ করেন। পত্রে তিনি একটি সমিতি ও সংগঠন প্রতিষ্ঠার প্রয়োজনীয়তার উপর জাের দিয়ে দৃঢ়তার সাথে বলেন যে, জনগণের সাথে সরকারের সংযোগ সংস্পর্শনা থাকার কারণে অর্থনৈতিক সমস্যা সমাধানে ব্যর্থ হয়েছেন। পুনর্গঠনের কাজ স্বয়ং দেশবাসীকেই করতে হবে যা বিদেশীদের দ্বারা আশা করা যায় না যতােই তারা এ দেশকে ভালাবাসুক না কেন।

যাই হোক, এলেন হিউমের উপরোক্ত চিন্তাভাবনা ও চেষ্টাচরিত্রের ফলে ইভিয়ান ন্যাশনাল কংগ্রেস গঠিত হয়। এর পেছনে বড়োলাট শর্ড ভাফ্রিনের যথেষ্ট আশীর্বাদ থাকলেও তিনি সরাসরি এর সাথে জড়িত হতে চানদি। তবে তিনি আশা পোষণ করতেন যে সংগঠনটি সুদৃঢ় ও সুসংহত হয়ে নায়িত্বশীল বিরোধী দলের ভূমিকা পালন করতে সক্ষম হবে। হিউম প্রস্তাব করেন থে একজন প্রাদেশিক গভর্ণরকে সভাপতিত্ব করার অনুমতি দেয়া হোক। নর্ড ভাফ্রিন তাতে অসন্মতি জ্ঞাপন করেন। কণ্ট্রোসের দ্বিতীয় বার্ষিক অধিবেশনের পর মাদ্রাজের গতর্ণর প্রতিনিধিবৃদকে এক সাদ্ধ্যতোক্তে আপ্যায়িত করেন। অতএব সরকার এবং কংগ্রেসের মধ্যে সম্পর্ক বন্ধুত্বপূর্ণই ছিল। যেহেতু একজন ইংরেন্ডের উদ্যোগেই কংগ্রেস গঠিত হয় সেঞ্চন্যে একদল ইংরেজ এর প্রতি পূর্ণ সমর্থন জ্ঞাপন করেন। তাঁদের মধ্যে উল্লেখযোগ্য, স্যার উইলিয়ম ওয়ে ডারবার্ন (WEDDERBURN) জর্জ ইউল (YULE) এবং চার্পস ব্রাছন IBRADLAUGH)। हार्नेत्र बाल्ल (BRADLAUGH) ५५५५ नाल क्रायाना বেতনত্বক কর্মচারী নিযুক্ত হন। উইলিয়ম ডিগ্ৰী ছিলেন লভনের বিশেষ প্রচারকর্মী। ইন্ডিয়া পত্রিকা প্রকাশ করে কংগ্রেদের কর্মসূচী এবং ভারতীয় বিষয়াদি বিশেষভাবে ইংরেজ জনসমক্ষে তুলে ধরা হয়। উইলিয়ম হান্টার ছিলেন কংগ্রেসের বড়ো সমর্থক এবং তার জীবনীকার বলেন, বুটিশ জনমত প্রভাবিত করার পক্ষে হান্টারের কৃতিত্বই একমাত্র কার্যকর। অধ্যাপক সীলি জন্মফোর্ডের ছাত্রদের শিক্ষা দিতেন। তিনি বলেন, ইংল্যান্ড অথবা ফ্রান্সের সংগে ভারতের তদনা হয় না। ইউরোপের বহু জাতির মতো ভারতে বহু জাতির বাস। স্যার হেনরী ছেমসের মতে, ভারতে সাম্প্রদায়িক বিরোধের জন্যে হিন্দুর ধর্মীয়

ষ্কারণই দায়ী। স্যার বিওডোর মরিসন বলেন, মুসপমানরা ইউরোপীয় সংজ্ঞার জাতি না হলেও অন্য তারতীয় পেকে নিজেদেরকে বতন্ত্র ভাবছে ও জাতি হিসাবে গড়ে উঠছে। (Abdul Hamid: Muslim Separatism in India, p. 29: Justice Syed Shameom Hussain Kadir: Creation of Pakistan, p. 12: খাবদুল মণ্ডদুল: মধ্যবিত্ত সমাজের বিকাশ; সংস্কৃতির স্ক্রপান্তর ঃ পৃঃ ২৭৯-৮০)

একটি রাজনৈতিক সংগঠন হিসাবে কংগ্রেসের চরিত্র বৈশিষ্ট্য কি হতে পারতো, ভা কংগ্রেসের দু'জন প্রস্থাত ও অত্যন্ত প্রভাবশাদী নেভার নীভিশক্ষতি ও রাজনৈতিক দর্শন ও মৃগনীতি থেকে ভাগোভাবেই অনুমান করা যেতো। তারা ছিলেন বাদগংগাধর তিলক ও সুরেন্দ্রনাথ ব্যানার্জী।

তিলক গ্রান্থ্যেশনের পর সাংবাদিকতার পেশা গ্রহণ করেন এবং রাজ্বনীতি ক্ষেত্রে প্রবেশ করেন বিগত শতাপীর আশির দশকের প্রথমদিকে। কিন্তু বংগতংগ রদ্দ আন্দোলনের তিনি ছিলেন পুরোভাগে। তিনি দক্ষ রাজনীতিবিদ ও প্রভাক্ষ সংগ্রামে (Direct Action) বিশ্বাসী ছিলেন। তিনি সামরিক মনা মারাঠা জাতির ধর্মীয় ও রাজনৈতিক ঐতিহ্য পুনরক্জীবিত করেন এবং কংগ্রেসকে সে প্রেরণায় উহুদ্ধ করেন। তিনি গো হত্যা নিবারণ সমিতি (Anti-Cow-Slaughter Society) গঠন করে মুসলমানদের বিরুদ্ধে এবং মসজিদের সামনে গাঁতিবাদ্য নিবিদ্ধ করণের প্রতিবাদে আলোলন করেন যার ফলে তারতে সাম্প্রনায়ীক হাংগামা শুরু হয়। অতএব ভিলকের নেতৃত্বে সকল ক্ষেত্রে হিশু পুনরক্জীবনের যে তৎপরতা শুরু হয়েছিল তা ছিল অবশ্যই মুসলিম বিরোধী এবং তাঁর 'ভারতীয় জাতীয়তাবাদ' এবং 'হিশু জাতীয়তাবাদের' মধ্যে কোনই পার্থব্য ছিলনা। (Abdul Hamid : Muslim Separatism in India, p. 30)

নুরেন্দ্রনাথ ব্যানাজী উনবিংশতি শতাদীর ষাটের দশকে ইভিয়ান সিতিল সার্তিদে (ICS) যোগদান করেন। কিছু কয়েক বছর পরে চাবুরী থেকে জপসারিত হওয়ার পর রাজনীতিতে যোগদান করেন। তিনি কংগ্রেসের একজন অত্যন্ত প্রভাগদালী কেন্দ্রীয় ব্যক্তিত্ব ছিলেন। কিছু তিনি তার সকল যোগ্যতা ও দক্ষতা মসলিম স্বার্থ বিরোধী তৎপরতায় ব্যয়িত করেন।

বংগভংগ আন্দোলনে তিনিই সর্বপ্রথম শিংগা ফুঁকিয়েছিলেন। তিনি বলেন, বাংলা বিতাগের ঘোষণা শুনে মনে হলো যেন আকাশ থেকে আমাদের উপর বন্ধপাত হলো। আমাদেরকে অপমানিত, অপদত্ত ও প্রতারিত করা হয়েছে। খতঃপর তাঁর উন্যোগে ১৬ই ঋষোরর (১৯০৫) কোলকাতায় জ্বাতীয় শোক দিবস পালন করা হয়। সকল হিন্দু কালো ব্যাঞ্জ ধারণ করেন এবং মাথায় তথা মাখেন। অনশন পালন করেন এবং গংগায় স্নান করেন। অতঃপর সন্ধ্যায় আয়োজিত জনসভায় বংগভংগ রহিত করার শপথ গ্রহণ করেন। এ আন্দোলনে নেতৃত্ব দেন সুরেল্রনাথ ব্যানার্জী।

ছ'বছর যাবত হিন্দুদের তীব্র সন্ত্রাসী আন্দোলনের ফলে বংগভংগ ১৯১১ সালে রহিত করা হয়। বিন্দুক মুসলমানদের পান্ধনার জন্যে সরকার ঢাকায় একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার ঘোষণা করেন। সরকারের এ ধরনের সিদ্ধান্তে কতিপথ কংগ্রেস নেতা তাঁদের তীব্র ক্ষোত প্রকাশ করেন। তারা বলেন, বাংলার আর একটি বিশ্ববিদ্যালয় ছাপিত হলে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের তাবমূর্তি বিনষ্ট হবে। অতএব সুরেন্দ্রনাথ ব্যানার্জীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল বড়োলাট লর্ড হাডিজ্রের সাথে সাঞ্চাৎ করে। মুখপত্রে সুরেন্দ্রনাথ ব্যানার্জী বলেন, প্রদেশে আর একটি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা জাতীয় সম্প্রীতি বিনষ্ট করবে এবং যে দুটি ভিন্ন অঞ্চলে দুটি ভিন্ন বিশ্ববিদ্যালয় থাকবে সে দুটি অঞ্চলের অধিবাসীদের মধ্যে বিদ্যামান মতবিরোধ বহুগুণে বেড়ে খাবে। (A Hamid: Muslim Separatism in India, pp. 30, 93)

এসন দৃষ্টান্ত থেকে একথাই প্রমাণিত হয় যে, কংগ্রেস একটি হিন্দু প্রতিষ্ঠান। এর লক্ষ্য হিন্দুধর্মের পুনরক্ষীবন ও রামরাজ্য প্রতিষ্ঠা।

উপমহাদেশের মুনগমানদের মধ্যে স্যার সাইছেদ আহমদ খান ছিলেন প্রথম ব্যক্তি যিনি কংগ্রেসকে ভালো চোখে দেখতে পারেননি। কংগ্রেসের জনাইতিহাস, তার কেন্দ্রীয় কাঠামো, পরিচালকবৃদ্দ, তার নীতিপলিসি ও উদ্দেশ্য লক্ষ্য বিশ্রেষণ করে বিচক্ষণ ও দ্রদলী সাইছেদ আহমদ উপলব্ধি করেছিলেন যে, কংগ্রেস প্রতি পদে পদে মুসলিম বার্থে আঘাত হানবে। তাই তিনি উপমহাদেশের মুসলমানদের প্রতি আহ্বান জানান কংগ্রেসে যোগদান করা থেকে বিরত থাকতে। তিনি বলেন, তাইসরয়, সেক্রেইরী অব স্টেট এবং এমন কি গোটা হাউস্ অব্ ক্যান্স্ যদি প্রকাশ্যে কংগ্রেসের প্রতি সমর্থন করে, তথাপি তিনি দৃঢ্তার সাথে এর বিরুদ্ধে অবস্থান করাবেন। তিনি আরত বলেন, আমার দৃঢ় বিশ্বাস যে, কংগ্রেসের প্রতাবগুলো যদি কার্যকর করা হয়, তাহলে বৃটিশ সরকারের পক্ষে শান্তি রক্ষা করা অথবা সহিংসতা ও নিষ্ঠিত গৃহবৃদ্ধ বন্ধ করা অসম্ভব হয়ে

পঢ়বো (Justice Syed Shameem Hussain Kadir : Creation of Pakistan, p. 12; I. H. Qureshi : Struggle for Pakistan, p. 29; The Times— 12 Nov. 1888)

সাইরেদ আহমদের আশংকা ও তবিষ্যদ্বাণী পরবর্তীকালে প্রতিফলিত হতে দেখা গেছে। সমসাময়িক মুসলিম পত্র পত্রিকাও কংগ্রেসের বিরুদ্ধে তালের অতিমত ব্যক্ত করে। তাদের মধ্যে উল্লেখযোগ্য— মুহামেভান অবজার্তার, দি তিক্টোরিয়া পেপার, দি মুসলিম হেরাভ, রফিক-এ-হিন্দ, প্রভৃতি।

নিমের মুসলিম সংগঠন ও প্রতিষ্ঠানগুলোও সমন্বরে বংগ্রেসের নিন্দা করে এবং তার তোষামোদে কান না দেয়ার জন্যে মুসলমানদের প্রতি জাবেদন জানায় ঃ

সেট্রাল ন্যাশনাল মুহামেডান এস্যোসিয়েশন, দি মূহামেডান লিটারারী সোসাইটি অব বেঙল, দি আঞ্জমনে ইসলাম অব মাদ্রাঞ্জ, দিলিগাল আঞ্জ্মন, মূহামেডান সেট্রাল এসোসিয়েশন অব দি পাঞ্জাব। —(Justice Syed Shameem Kadir: Creation of Pakistan, p. 13, 14)

কংগ্রেস মিথ্যা ও কপটতাপূর্ণ প্রচারণার দারা মুসলমান ও বহিবিশ্বকে প্রতারিত করার চেষ্টা করে। কংগ্রেস সমর্থক কভিপয় ইংরেজও একই ধরনের প্রচারণা চাগান। যুক্তরাজ্যে কংগ্রেসের প্রচারকর্মী ডিগবী বলেন, কংগ্রেসে সকল জাতি ও প্রেণীর মুখপাত্র, এমনকি মুসলমানেরও। কংগ্রেসের জনাদাতা এলেন হিউম কংগ্রেসের সমাগোচনা বরদাশৃত করতে পারতেন না। ইংল্যান্তে গঠিত ইভিয়া কমিটিও কংগ্রেসের সাথে সূর মিলিয়ে কথা বলতো। কিন্তু এতো সবের পরেও উপমহাদেশের মুসলমান একটি স্বতন্ত্র জাতি হিসাবেই তার পরিচিতি লাভ করে এবং এটাই ছিল পাকিস্তানের ভিম্বি।

#### পঞ্চম অধ্যায়

### পাকিস্তানের আদর্শিক ভিত্তি

ধর্মীয় বিশ্বাস, আদর্শ. নিজস্ব সভ্যতা সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য, স্বতন্ত্র জীবনবোধ ও জীবন বিধান এবং পরকালে স্রষ্টা রাবুল জালামীনের কাছে জবাবদিহির ভিন্তিতে মৃসলমান একটি জাতি যা জাতীয়তার অন্যান্য সকল সংজ্ঞা অস্বীকার করে। উপমহাদেশে এ জাতীয়তার তথা ইসলামী জাতীয়তার ভিন্তি স্থাপিত হয় হিজরী ৯৩ সালের রক্ষব মাসে— তথা ৭১২ খৃষ্টাব্দে— যখন ইমাদ—আন্দীন মুহাখদ বিন কাসিম নামক সতেরো বছর বয়স্ক এক যুবক অধিনায়ক দেবল (বর্তমান করাটী) পোতাপ্রয়ে অবতরণ করেন এবং রাজা দাহিরের বনীশালা থেকে মুসলমান নারী শিশুকে মুক্ত করেন। রাজা দাহিরকে পরাজিত করে সেবানে সর্বপ্রথম মসজিদ নির্মাণ করেন।

কায়েদে আজম মুহামদ আলী জিন্নাহ বলেন, পাকিন্তান আন্দোলনের সূচনা তথনই হয়, যখন প্রথম মুসলমান সিন্ধু তৃথকে প্রথম পদক্ষেপ করেন। (Justice Shameem Hussain Kadir: Creation of Pakistan, I)

দেবল অর্থাৎ করাচীর পর নিরন (বর্তমান হায়দরাবাদ) এবং তারপর সিহওয়ানে ইসলামের বিজয় পতাকা উভ্তীন হয়। অতঃপর ১০ই রমজানুল মুবারক (হিঃ ৯৩) রাওর দুর্গ অধিকৃত হয় এবং যুদ্ধে দেবল রাজা পরাজিত ও নিহত হন। অয় সময়ের মধ্যেই ব্রাহ্মণাবাদ (বর্তমান সংঘর) এবং আলওয়ার (বর্তমান রহ্রীর পূর্বে অবস্থিত শহর) মুসলমানদের করতলগত হয় যার ফলে মুশতান আত্মসমর্পণ করে। ৯৬ হিজরীতে উত্তর তারতও স্বেচ্ছায় মুহাম্মন বিন কাসিমের বশ্যতা বীকার করার প্রস্তৃতি নিচ্ছিল, এমন সময় প্রক্ষিণ তাঁকে দামেশকে ডেকে পাঠান।

দক্ষ মৃদাগম সেনাপতি মুহামদ বিন কাসিম তাঁর অধিকৃত ভূখতে দৃষ্টান্তমূলক ইসলামী শাসন বাবস্থা কায়েম করেন যা হিন্দু ও বৌদ্ধ প্রজাদের এতোটা মন জয় করতে সক্ষম হয় য়ে, বিরাট সংখ্যক অমুসলিম প্রজা স্বেজায় ইসলাম গ্রহণ করেন। ইসলাম গ্রহণকারীদের উপর ইসলামী শিক্ষার প্রভাব এতো বিরাট ছিল য়ে, তাঁরা কুরআন ও স্ক্রাহর নির্দেশ অনুযায়ী তাঁদের জীবন ঢেলে সাজান। সিন্ধু ভাষার জন্যে আরবী বর্ণমালাও গৃহীত হয়।

### উপমহাদেশে ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠা, তার উত্থান ও পতন

মুহাখদ বিন কাসিম এ উপমহাদেশে গুধু ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠাতাই ছিপেন না, তিনি ইসলামী সত্যতা—সংস্কৃতি প্রতিষ্ঠারও অপ্রদূত ছিপেন। ইসলামী শাসন গু ইসলামী সত্যতা—সংস্কৃতিই পাকিস্তান প্রতিষ্ঠার জন্যে অপ্রতিহত প্রেরণা সৃষ্টি করে। যে সত্যতা সংস্কৃতির বীঞ্জ বপন করা হয়, তা অংকুরিত হয়ে কালপ্রবাহে বিকশিত ও বর্ষিত হয় এবং পরবর্তীকালে বহু মুসলিম শাসকের বিজ্ঞানির বেশে এ উপমহাদেশে আগমনের ফলে উপমহাদেশের সর্বত্র ইসলামী পতাকা উভ্জীন হয়। মুহাখদ বিন কাসিমের সিন্ধু বিজ্ঞারে পর থেকে এগারো শতাধিক বছর এ উপমহাদেশে ইসলামী শাসন প্রচলিত থাকে। অবশেষে উনবিংশ শতাধীর মধ্যতাগে নিজ্ঞদের মধ্যে চরম অপ্তর্ভন্থও নৈতিক অধঃপতন এবং বৈদেশিক শক্তির আক্রমণের ফলে উপমহাদেশের মুসলিম শাসনের অবসান ঘটে।

# ইসলামের সহজাত ও স্বাভাবিক বৈশিষ্ট্য

ইসলামের 'অর্থ আল্লাহতায়ালার নিরংকুশ দাসত্ব আনুগত্যের জনো স্বতঃসফূর্তভাবে আত্মসমর্পন করা এবং এর স্বাভাবিক বৈশিষ্ট্য এই যে, ইসলামের অনুসারীগণ কোন খোদাহীন ব্যবস্থা অথবা অমুসলিমদের প্রাধান্য মেনে নিতে পারেনা। ইসলাম মানব জাতির জন্যে একটা পূর্ণাংগ জীবন বিধান পেশ করে এবং এর মৌল নীতি জীবনের সকল আধ্যাত্মিক ও বৈধারিক দিকের উপর সমভাবে প্রযোজ্য। ইসলামে রাষ্ট্র ও ধর্ম পরস্পর বিচ্ছিন্ন নয়, বরক্ষ জীবনের বৈধারিক ও পার্থিব দিকগুলো জীবনের আধ্যাত্মিক দিকগুলোর সাথে একীভূত। একজন মুসলমান রাষ্ট্রপ্রধান হিসাবে অথবা সাধারণ নাগরিক হিসাবে তার সকল কাজকর্ম সম্পন্ন করে এ দৃঢ় বিশ্বাস সহকারে যে, তার সকল ক্রিয়াকর্ম আল্লাহতায়ালা দেখছেন এবং তার কাছে অবশেষে তার সমুদয় কৃতকর্মের জবাবদিহি করতে হবে। ইসলামের উপরোক্ত মৌল নীতি, আদর্শ ও নীতিনৈতিকতার ভিত্তিতে উপমহাদেশে মুসলিম শাসন প্রতিষ্ঠিত হয় এবং কয়েক শতাব্দী যাবত বলবৎ থাকে। দেশের আইন (Law of the land) ইসলামী হলেও ব্যক্তি ও পারিবারিক আইনের প্রপ্নে অন্য প্রত্যেক সম্প্রদায় তার নিজস্ব ধর্মীয় বিধান মেনে চলার অধিকারী ছিল।

উপমহাদেশের মুদলিম শাসকবৃন্দের মধ্যে আকবর ব্যতীত সকলেই ইসলামী সভ্যতা – সংস্কৃতির ধারকবাহক ছিলেন। তাঁদের মধ্যে কতিপয় ব্যক্তি ব্যক্তিজীবনে ৪১৪ বাংলার মুদলমানদের ইতিহাস ইসলামী অনুশাসন পুরোপুরি মেনে চলতে বার্থ হলেও সর্বত্র দেশের আইন ছিল ইসলামী। ইসলামের প্রচার ও প্রসারের কাজ শাসকবৃন্দ প্রত্যক্ষতাবে করেননি। এ আজ নিষ্ঠা সহকারে করেছেন বহিরাগত বহু আলেম-পীর-সরবেশ। তবে মুসলিম শাসকলণ ইসলামী শিক্ষা কিন্তারের জন্যে অসংখ্য মসজিল মাদ্রাসা ও খানকা স্থাপন করেছেন। এ সবের ব্যায়তার বহনের জন্যে বহু লাখেরাজ জমি দান করেছেন। এসব প্রতিষ্ঠান নিঃসন্দেহে উপমহাদেশে ইসলামী শিক্ষা ও ইসলামী দাওয়াত সম্প্রসারবে কার্যকর ভূমিকা পাসন করেছে। এরই ফলম্রুতিও উপমহাদেশের অমুসলিমগণ ইসলামের সৌলর্মে মুগ্ধ হয়ে দলে দলে ইসলামের মুশীতল ছায়ায় অপ্রেয় নেয়। কালক্রমে উপমহাদেশের উত্তর-পশ্চিম ও দক্ষিণ-পূর্ব অঞ্চল মুসলিম সংখ্যাগরিষ্ঠ হয়ে পড়ে—যা পরবর্তীকালে পাকিস্তান রাষ্ট্রে রূপান্তরিত হয়।

উপমহাদেশে বৃটিশ শাসন প্রতিষ্ঠিত হওয়ার পর ক্রমশঃ ইসলামী শাসন রহিত করে ইসলামের মৌল বিশ্বাস ও নীতির সাথে সাংঘর্ষিক ইন্ডিয়ান সিতিল এন্ড ক্রিমিনাল কোড্স অব প্রসিটিওর এবং ইন্ডিয়ান পেনাল কোড্ প্রবর্তন ও বলবং করা হয়। মুসলমানদের রাজ্য কেড়ে নেয়া হলো, ইসলাম ও ইসলামী আইন থেকে দূরে ঠেলে দেয়ার বাবস্থা হলো এবং এমন বহু বিধিব্যবস্থা গৃহীত হলো, যার ছারা মুসলমানদেরকে অর্থনৈতিক ক্ষেত্রে সর্বস্বহারা করে রাখা হলো।

বৃটিশ ও হিল্বজাতির যোগসাঞ্জস ও ষড়যন্ত্রে মুসগমানদেরকে সর্বশ্বহারা করা হয়, ক্র্মা দারিদ্রের নিম্পেষণে নিম্পেষিত করা হয়। কিন্তু এতদসন্ত্বেও তাদের মনমন্তিক থেকে ইসলামের মৌল বিধাস ও ইসলামী চিতাচেতনা নির্মূল করা যায়নি। স্বাতাবিক প্রতিক্রিয়াস্বরূপ বিগত শতালীতে বৃটিশ সরকারের বিরুদ্ধে বিক্ষোত হয়েছে, বিদ্রোহ ঘোষণা করা হয়েছে। সাইয়েদ আহমদ শহীদ বেরেলতীর তাহরিকে মুজাহেদীন ও সশস্ত্র জিহাদ, বাংলাদেশে ফারায়েজী আন্দোলন, তিতুমীরের ইসলামী জান্দোলন প্রভৃতির মাধ্যমে দুর্বার ইসলামী চেতনারই বহিঃপ্রকাশ ঘটেছে। উপমহাদেশে ইসলামী সত্যতা সংস্কৃতির প্রতিষ্ঠা ও কয়েক শতান্দী হারত তার গালন পালন এবং তা অক্ষুণ্ন রাখার সংগ্রামই পাকিস্তান জান্দোলনের তিন্তি রচনা করে।

# মুসলমান একটি জাতি

উপরের আলোচনায় এ কথা সুস্পষ্ট হয়েছে যে মুসলমান একটি জাতির নাম। ইমান-আকীনাছ (ধর্মীয় বিশ্বাস), ধর্মীয় অনুষ্ঠানাদি, ধর্মের ডিভিত্তে ভালো-यन्त्र, नाय-वनाय ७ शनान-शताय निर्गय, बीवरनत श्राविति श्रवाना ७ (भागन কাজের জন্যে পরকালে আল্লাহতায়ালার নিকটে জবাবদিহির অনুতৃতি, সভ্যতা-সংস্কৃতি, রুচি ভ মননশীলতা, চিন্তাচেতনা—এ সকল দিক দিয়ে মুসলমান একটি সভন্ন জাতি। এ সাজেবোধ ধর্মবিশাস গেকেই নিঃসূত। যারা তৌহীদ, রেসালাত ও আথেরাতে সত্যিকার অর্থে বিশ্বাসী, জীবনের প্রতিটি ক্ষেত্রে খোলাকর্তৃক অর্পিত দায়িত্ব যারা পুরোপুরি পালন করে, তারা গোটা মানবঞ্চাতির মধ্যে একটি সক্তা জাতি এবং এ জাতিকে আল্লাহতায়ালা 'উন্নতে মসলেমা' বলে স্বীকৃতি দিয়েছেন। উপরের গুণাবলীবিশিষ্ট মানবসমষ্টি মুসলিম জাতি এবং বিপরীত গুণাবলীবিশিষ্ট মানব সমষ্টি অমুসলিম জাতি—তাদের মধ্যে রয়েছে হিল্-পৃষ্টান, ইহুদী, বৌদ্ধ প্রতৃতি। এর কোন একটির সাথে মিলেও মুসলমান এক জাতি হতে পারেনা। উপমহাদেশে হিন্দু ও মুসলমান দু'টি পুথক পৃথক জাতি—তাদের ধর্মীয় বিশ্বাস, ধর্মীয় অনুষ্ঠানাদি, ন্যায়-অন্যায় ও হালাল হারামের মাপকাঠি সম্পূর্ণ পুথক ও বিপরীতমুখী হওয়ায় উভয়ে দু'টি পুথক জাতি। এ বিজাতিতন্ত্রের ভিত্তিতেই পাকিস্তানের সৃষ্টি।

মুসলমান একটি কতন্ত্র জাতি এ তত্ত্ব আধুনিক যুগের কোন জাবিচার নয়।
দুনিয়ার প্রথম মানুব একজন মুসলমান, অক্সাহর নবী ও বলিফা ছিলেন। আল্পাহ
ভাঁকে জগাধ জ্ঞান ভাভার নান করেন। তাঁর থেকে ইসলাম ও ইসলামী
জাতীয়তার সূচনা। উপমহানেশে মুসলমানদের অন্তিত্ব রক্ষার জন্যে এ তত্ত্বের
ভিত্তিতে পূথক ও বাধীন আবাসভূমি লাবী করা হয়েছিল। এ জাতীয়তা
ইসলামের শাখভ 'থিওরি' বা মতবাদ। হিলু কংগ্রেস উপমহানেশের সংখ্যালয়
মুসলমানের উপর সংখ্যাতক হিলুর আধিপত্য প্রতিষ্ঠার জন্যে এক জাতীয়তার
বুমজাল সূষ্টি করে মুসলমানদেরকে কিল্লান্ত করার চেষ্টা করে। এ বিষয়ে বিরাট
কিল্লান্তি সৃষ্টি করেন এক প্রখ্যাত আলেম, দেওবন্দের শায়খুল হাদীস মাওলানা
সাইয়েদ ভ্রসাইন আহমদ মালানী। তিনি কংগ্রেসের সুরে সুর মিলিয়ে ঘোষণা
করেন একই ভৌগোলিক সীমারেখার ভিতরে বসবাসকারী মুসলমান অমুসলমান
নির্বিশেবে মিলে এক জাতি। উপমহানেশে মুসলিম লীগ পরবর্তীকালে

বিজ্ঞাতিতত্ত্বের (Two Nation Theory) তিন্তিতেই পাকিস্তানের দাবী করে।
মাওলানা মালানীর উপরোক্ত ঘোষণায় শুধু মুসলিম লীগ নয়, আলেম সমাঞ্চ ও
সাধারণ মুসলমান বিখিত ও হতবাক হয়ে পড়ে। তথনো পাকিস্তান দাবী
উত্থাপিত না হপেও মুসলমান একটি স্বতন্ত্ব জাতি এ সত্যাট সকলের জানা ছিল
এবং বারবার এ কথা বিভিন্ন সময়ে ঘোষণা করা হয়।

মাওলানা মাদানীর উক্ত ঘোষণা পাকিস্তানের স্বপুন্নী দার্শনিক কবি আল্লামা ইকবালকে অবহিত করা হয়। তিনি ছিলেন রোগশখ্যায় শায়িত। তিনি ছীরে বীরে কম্পিত কলেবরে শখ্যার উপর উঠে বদেন এবং স্বভাব কবি রোগযন্ত্রণার মধ্যেও কয়েকছত্র কবিতার সূরে মাধানী সাহেবের উত্তির তীত্ত সমালোচনা করেন—

আজম হনুষ্ নাদানিন্ত রম্ যে দ্বীন ওয়ার না,
যে দেওবন্দু হসাইন আহমদ ইচৈবৃদ্ আজবীন্ত।
সরুদে বর সরে মেশ্বর কে মিল্লাত আয় ওতনন্ত,
চে বেখবর আয় মকামে মুহাখনে আরবীন্ত।
বমুস্তাফা বরে সাঁ বেশরা কে দ্বীন হমাউন্ত,
আগার বাউ নারসীদী তামামে বু লাহাবীন্ত।
(আল্লামা ইকবাল ঃ আরমগানে হেজাহ, পুঃ ২৭৮)

वर्ष :

আজমবাসী বীনের মর্ম বুঝেনি মোটে,
তাই দেওবন্দের হ্সাইন আহ্মদ কন আজব কথা।
মেষর থেকে ঘোষণা করেন, 'ওয়াতন থেকে মিক্লাত হয়'
মুহাক্ষদ আল আরাবীর মর্যাদা থেকে বেখবর তিনি।
লৌছিয়ে দাও নিজেকে মুস্তাঞ্চার কাছে,
এসেছে গোটা বীন তাঁর থেকে,
পৌছাতে না পার যদি, সবাই হবে বলাহাবী।

ডঃ ইকবালের কয়েক ছব্র কবিতা যদিও মাওলানা মাদানী সাহেবের মওবাদ খতন করলো, তথাপি তা এক জাতীয়তা মিথা প্রমাণ করার জন্যে খণ্ডেই ছিলনা। এ সময়ে মাওলানা সাইয়েদ জাবুল আলা মওদুদী উপমহাদেশের রাজনৈতিক, ধর্মীয় ও সাংস্কৃতিক পরিস্থিতির চুলচেরা পর্যালোচনা করে তার সম্পানিত ফাসিক তর্জুমানুল কুরজানে ধারাবাহিকতাবে 'মুসলমান আভর মওজুদা সিয়াসী কাশ্মাকাশ্' শীর্ষক থে দীর্ঘ প্রবন্ধ দেখেন তার মধ্যে ইসলামী জাতীয়তার উপর তথ্যবহল আলোকপাত করেন। এ বিষয়ের উপরে শতাধিক পৃষ্ঠার একটি পৃথক গ্রন্থ প্রকাশিত হয়। এ এছে তিনি ইসলামী জাতীয়তার তিতি বর্ণনা করতে গিয়ে বলেন ঃ

"বেসব গভীবদ্ধ, জড় ইন্দ্রিয়্মাহ্য ও কুসংস্কারপূর্ণ তিন্তির উপর দুনিয়ার বিভিন্ন জাতীয়তার প্রাসাদ গড়ে উঠেছে আল্লাহ ও তাঁর রসূল তা চুর্ণ বিচূর্ণ করে দেন। বর্ণ, গোত্র, জন্মত্মি, অর্থনীতি ও রাজনীতিক অবৈজ্ঞানিক বিরোধ ও বৈধম্যের ভিন্তিতে মানুষ নিজেদের মূর্খতা ও চরম অক্ততার দরন্দন মানবতাকে বিভিন্ন ও কুন্রাতিকুন বতে বিভক্ত করেছিল, ইসলাম তার সবগুলোকে আঘাতে চুর্ণ করে দেয় এবং মানবতার দৃষ্টিতে সমস্ত মানুষকে সমশ্রেণীর সমমর্যাদাসম্পর্ম ও সমানাধিকার প্রদান করেছে।

শইসলামী জাতীয়তায় মানুষে মানুষে পার্থকা করা হয় বটে, কিছু জড়, বৈষয়িক ও বাহ্যিক কোন কারণে নয়। করা হয় আধ্যাত্মিক, নৈতিক ও মানবিকতার দিক দিয়ে। মানুষের সামনে এক স্বাভাবিক সতা বিধান পেশ করা হয় থার নাম ইসলাম। আত্মাহর দাসত্ব ও আনুগত্য, হৢদয়মনের পবিত্রতা ও বিশুদ্ধতা, কর্মের অনাবিলতা, সততা ও ধর্মানুসরণের দিকে গোটা মানব জাতিকে আমন্ত্রণ জানানো হয়েছে। তারপর বলা হয়েছে যে, যারা এ আমন্ত্রণ করবে, তারা এক জাতি হিসাবে গণ্য হবে জার ধারা তা অগ্রাহ্য করবে, তারা সম্পূর্ণ তির জাতির অন্তর্ভুক্ত হবে। অর্থাৎ মানুষের একটি হছে ইমান ও ইসলামের জাতি এবং তার সমন্ত ব্যক্তিসমষ্টি মিলে একটি উসাহ। অন্যটি হছে কৃফর ও ভাইতার জাতি। তার অনুসারিগণ নিজেদের পারম্পরিক মতবিরোধ ও বৈষয়্য সপ্তেও একই দল ও একই দলের মধ্যে গণ্য।

"এ দৃ'টি জাতির মধ্যে বংশ ও গোত্রের দিক লিয়ে কোন পার্থক্য নেই।
পার্থক্য বিশ্বাস ও কর্মের। কাজেই একই পিতা—মাতার দৃ'টি সন্তানও ইসলাম ও
কৃষ্ণরের উল্লিখিত ব্যবধানের দর্মন স্বতম্ম দুই জাতির মধ্যে গণ্য হতে পারে এবং
দুই নিংসম্পর্ক ও অপরিচিত ব্যক্তি ইসলামে দীক্ষিত হওয়ার কারণে এক
জাতির অন্তর্ভক্ত হতে পারে।

"জন্মত্মির পার্থক্যও এ উভয় স্থাতির মধ্যে ব্যবধানের কারণ হতে পারে না। এথানে পার্থক্য করা হয় হক ও বাতিলের তিত্তিতে। স্থার হক ও বাতিলের 'সদেশ' বা জন্মত্মি বলতে কিছু নেই। একই শহর, একই মহল্লা ও একই ঘরের দুই ব্যক্তির জাতীয়তা ইসলাম ও কৃষ্ণরের পার্থক্যের কারণে বিভিন্ন হতে পারে। একজন নিয়ো ইসলামের সূত্রে একজন মরকোবাসীর ভাই হতে পারে।

"বর্ণের পার্থক্যও এখানে জ্বাতীয় পার্থক্যের কারণ নয়। বাহ্যিক চেহারার রং ইসলামে নগণ্য। এখানে একমাত্র আল্লাহর রঙেরই গুরুত্ব রয়েছে। ভা-ই ২ছে সবচেয়ে উত্তম রং।

"ভাষার বৈষম্যও ইসলাম ও কৃফরের পার্থক্যের কারণ নয়। ইসলামে মুখের ভাষার কোনই মূল্য নেই। মূল্য হচ্ছে মনের—হাদয়ের—ভাষাহীন কথার।

"ইসলামী জাতীয়তার এ বৃত্তের কেন্দ্রবিন্দু হচ্ছে কালেমা—লা ইনাহা
ইল্লাল্লাহ মুহামানুর রাসূলুল্লাহ। বন্ধুতা আর শক্রুতা এ কালেমার তিন্তিতেই হয়ে
পাকে। এর স্বীকৃতি মানুষকে একীতৃত করে, অস্বীকৃতি মানুষের মধ্যে চ্ড়ান্ত
বিচ্ছেন ঘটায়। এ কালেমা যাকে বিচ্ছিন করে, তাকে রক্ত, মাটি, তাষা, বর্ণ,
অন, শাসন ব্যবস্থা প্রভৃতি কোন সূত্র এবং কোন আত্মীয়তাই যুক্ত করতে পারে
না। অনুরূপভাবে এ কালেমা যাদেরকে যুক্ত করে তাদেরকে কোন কিছুই বিচ্ছিন্ন
করতে পারে না।"

মাওলানা আরও বলেন ঃ

"উল্রেখ্য যে অমুসলিম জাতি সমূহের সাথে মুসলিম জাতির সম্পর্কের দু'টি দিক রয়েছে। প্রথমটি এই যে, মানুষ হওয়ার দিক দিয়ে মুসলিম—অমুসলিম সকলেই সমান। আর দিতীয়টি এই যে, ইসলাম ও কুফরের পার্থক্য হেতু আমাদেরকে তাদের থেকে সম্পূর্ণ কতন্ত্র করে দেয়া হয়েছে। প্রথম সম্পর্কের দিক দিয়ে মুসলমানরা তাদের সাথে সহানুত্তি, দয়া, উদার্য ও সৌজনাের ব্যবহার করবে। কারণ মানবতার দিক দিয়ে এরপ ব্যবহারই তারা পেতে পারে। এমনকি তারা যদি ইসলামের দুশমন না হয়, তাহলে তাদের সাথে বন্ধুত্ব, সদ্ধি এবং মিলিত উদ্দেশ্যের (Common Chuse) সহযোগিতাও করা যেতে পারে। কিন্তু কোন প্রকার বন্ধুগত ও বৈষ্ট্রিক সম্পর্ক তাদেরকে ও আমাদেরকে মিলিত করে 'একঞাতি' বানিয়ে দিতে পারেন।"

মাওলানা মওদুদীর ইসলামী জাতীয়তা সম্পর্কিত উক্ত গ্রন্থবানি তৎকালীন চিস্তাশীল মুসলিম সমাজে আলোড়ন সৃষ্টি করে এবং মাওলানা মাদানীর বক্তৃতা ও পুঞ্জিকা যে বিপ্রান্তি সৃষ্টি করে তা সম্পূর্ণপ্রপে দূরীভূত হয়। পাকিস্তান আন্দোলনো নেতা কর্মীগণ একে একটি শাপিত হাতিয়ার হিসাবে ব্যবহার করেন। কমুতঃ এ এছখানিই দিলাতিতত্ত্বের বৈজ্ঞানিক তিন্তি রচনা করে এবং এটাই পাকিস্তান সৃষ্টির মৃগ কারণ হয়ে পড়ে। প্রস্থুখানি কংগ্রেসের মারাত্মক রামরাজ্য স্থাপদের পরিকল্পনা এবং মাওলানা ভ্রমইন আহমদ মাদানীর আঞ্চলিক জাতীয়ভার মৃক্তিভর্ক নস্যাৎ করে তাকে অবৈজ্ঞানিক, অযৌক্তিক, অনৈসলামী এবং অভ্যাসর দূল্য প্রমাণ করে।

উপরে বর্ণিত বুনিয়াদী কারণেই মানব সৃষ্টির সূচনা থেকেই মুসলমান ও অমুসলমান দু'টি স্বতন্ত্র জাতিসন্তার উদ্ধব হয়েছে—এযাকত তা বলবৎ আছে এবং চিরদিন থাকরে। ঐ একই কারণে উপমহাদেশে মুসলমান ও অন্যান্য জাতি সম্পূর্ণ স্বতন্ত্র। এথানে শত শত বছর ধরে হিন্দু ও মুসলমান একত্রে বাস করে আসছে—একই শহরে, গ্রামে ও মহল্লায়—একই অভিনার এপারে—ওপারে। একই ভাষায় উতয়ে কথা বলে, একই মাটিতে জনা, একই আলো–বাতাসেলালিত–পালিত ও বর্ষিত্র। কিন্তু উতয়ে মিলেমিশে একাকার হয়ে-যায়নি, একই জাতিতে পরিণত হয়ন। উপমহাদেশের অনেক পভিত ব্যক্তিও এ সতা স্বীকার করেন। স্বয়ং কবি রবীন্দ্রনাথের কথাই ধরা যাক। তিনি বলেন:

"অর মিগা কথা বলিবার প্রয়োজন নাই। এবার আমানিগকে স্থীকার করিতেই হইবে হিন্দু-মুসলমানের মাঝখানে একটা বিরোধ আছে: আমরা বে কেবল স্বতন্ত্র তাহা নয়। আমরা বিরুদ্ধিও।

আমরা বহু শত বৎসর পাশে পাশে থাকিয়া এক ক্ষেত্রে ফল, এক নদীর জল, এক সূর্যের আলোক ভোগ করিয়া আসিয়াছি। আমরা এক ভাষার কথা কই, আমরা একই সূথ পৃঃবের মানুষ। তবু প্রতিবেশীর সংগ্রে যে সহস্ক মনুষোচিত, যাহা ধর্মবিহিত, ভাহা আমালের মধ্যে হয় নাই। আমালের মধ্যে সুদীর্যকাল ধরিয়া এমন একটি পাপ আমরা পোষণ করিয়াছি যে একত্রে মিলিয়াও আমরা বিক্ষোনতে ঠেকাইতে পারি নাই।

আমরা জনি বাংলাদেশের অনেক স্থানে এক ফরাশে হিন্দু-মুসলমানে বসেনা—ঘরে মুসলমান আদিলে জাজিমের এক অংশ তুলিয়া দেয়া হয়, হকার জল ফেলিয়া দেয়া হয়।" (রবীন্দ্র রচনাবলী, ১২শ খন্ড, পৃঃ ১০১; আবদুল মণ্ডলুল ঃ মথাবিশু সমাজের বিকাশ ঃ সংস্কৃতির রূপান্তর; পুঃ ৪২০) वावु नीतम क्रीधुती बलन :

"সত্য বলতে মিঃ জিলাহ বা মুগলিম লীগের বহু পূর্বেই পুই জাতিতত্ত্বের সূটি হয়েছিল। জার এ শুধু তত্ত্বকথা না, এটা ঐতিহাসিক বাস্তব ঘটনা। সকলেই বর্তমান শতকের প্রথমে এটির অন্তিপ্রের কথা জানতো। এমনকি আমরা ছেলেবেলায় স্বদেশী আন্দোলনের পূর্ব থেকেই জানতাম"। (Autobiography of an Unknown Indian, pp. 229-31)

এ সভাটি ইউরোপীয়দেরও দৃষ্টি এড়ায়নি। একজন ইংরেজ ঐতিহাসিক এ কথাটি পরিষারভাবে বলেন ঃ

"হিন্দু ও মুদলমান এক গ্রামে, এক শহরে, এক জেলায় বাদ করলেও বরাবর দু'টি স্বতন্ত জাতি হিসাবে অভিত্ব বজায় রেখেছে। বিশেষ করে ধর্মীয় ক্ষেত্রে ইউরোপের দু'টি জাতির চেয়ে আরও বিচ্ছিত্র থেকেছে। দৃষ্টান্ত হিসাবে বলা যায়, করাসী ও জার্মান জাতি ইউরোপরাসীনের চক্ষে দু'টি কটার দুশমনের জাতি। তবুও একজন ভরাসী যুবক জার্মানীতে ব্যবসায় বা শিক্ষাবাপপেশে বিয়ে যে কোন জার্মান পরিবারে সহজে বাদ করতে পারে, একসাথে খাদা বেতে পারে, একই উপাদনা মন্দিরে প্রবেশ করতে পারে। কিন্তু কোন মুদলিম কোন হিন্দু পরিবারে প্রমন প্রবেশাধিকার পারনা।" (S.T. MORISON: Political India p. 103)

বয়ং হিশ্বমের অথবা ব্রাক্ষণদের অকপোলকভিত ধর্মীয় বিধি-বিধানের চরম সংকীর্ণতা, গৌড়ামি, কুসংস্কার, পরধর্মের প্রতি সহনশীলতার চরম অতাব মুললমালনের প্রতি অমানবোঠিত আচরণের জন্যে দায়ী। হিশ্বমের বৈশিষ্ট্য তার বর্ণপ্রথা (CASTESYSTEM)। এ প্রথা জনুষার্মী হিশ্বমের অন্তর্ভুক্ত বলে বর্ণিত কিছুসংখ্যক মানুষকে নিম্প্রেণী বলে অভিহিত করা হয়। হিশ্বমর্ম তাদেরকে কোন মানবিক অধিকার দেয় না। তারা ঘৃণ্য, অপবিত্র, অম্পূর্ণা, তাদেরকে হিশ্বমের অন্তর্ভুক্ত বলে ঘোষণা করে তাদেরকে এ ধারণা দেয়া হয়েছে যে, উক্তরোণীর হিশ্বদের সেবা করার জন্যেই তাদের সৃষ্টি এবং এটাই তাদের ধর্ম, এটাই তাদের মহাপূণ্য কাজা। উক্তরোণীর হিশ্বর সাথে নিম্প্রেণীর হিশ্ব একই গৃহে বাস করতে পারেনা, একই বিদ্যালয়ে বিদ্যাভাগি করতে পারেনা। হিশ্ব হয়েত নিম্তরোণীর হিশ্ব ধর্মগ্রন্থ পড়তে পারেনা, মন্দিরে প্রবেশ করতে পারে না। হিশ্ব ধর্মের অন্তর্ভুক্ত বলে

কথিত একটি হিন্দুপ্রেণীর সাথে হিন্দু সমাজের জাচরণ এমন হলে মুসলমানদের সাথে অধিকতর বর্বরোচিত হওয়াই স্বাতাবিক। তাই মুসলমানের স্পর্শ করা সকল বস্তুই হিন্দুর কাছে অপবিত্র ও অগ্রহণযোগ্য হয়ে যায়। তবে মুসলমানদের সাথে আচরণে অধিকতর কঠোরতা অবলম্বন করা হয়েছে মুসলিম শাসনের অবসান ও বৃটিশ শাসন প্রতিষ্ঠার পর, উপমহাদেশে মুসলমানের অন্তিত্বই ছিল তাদের অসহনীয়।

মূললমানদের প্রতি হিংসা বিশ্বেধের বশবর্তী হয়ে হিন্দুরা মুসলমানের সাথে বিরোধের ছলছুতো তালাশ করতো। দৃষ্টান্তপ্বরূপ প্রাচীনকালে হিন্দুদের গরুর গোশত ভক্ষণ নিবিছ ছিলনা। গরুর গোশত এক অতি উপাদের থাদ্য এবং মুসলমানসহ দৃনিয়ার সকল মানুষ তা ভক্ষণ করে থাকে। আল্লাহর সল্কৃষ্টির জন্যে পশু কুরবানী মুসলমানদের প্রতি ইসলামের নির্দেশ। যেসব পশু কুরবানী করা জায়েয় তাদের মধ্যে গরু অন্যতম। উপমহাদেশে মুসলমানদের সাথে সংঘর্ষ বাধাবার ভুতো হিসাবে গরুকে হিন্দুর উপাস্য দেবতার আসনে স্থান দেয়া হয়। অতঃপর 'গোহত্যা-নিবারণ সমিতি' 'গোরন্ধিনী সমিতি' প্রভৃতি স্থাপন করে মুসলমানদের সাথে সাম্প্রদায়িক সংঘর্ষের সূত্রপাত করা হয়। একই বল্ধ একজাতির আহার্য এবং অন্য জাতির উপাস্য দেবতা। গরুকে দেবতা বলে স্বীকার করার পর দুনিয়ার প্রতিটি গরু ভক্ষণকারীকে নির্মূল করা হবে হিন্দুধর্মের প্রধান ধর্মীয় কর্তব্য। অতএব গরু ভক্ষণকারী ও গরুর পূজারী দৃই জাতি কোন দিন কি এক হতে পারে? এ দৃই জাতিকে মিলিত করে এক জাতি গঠনের প্রচেষ্টা শুধু হাস্যকরই নয়, দুরভিসন্ধিমূলক।

হিন্দু ও মুসলমান যে দুটি পৃথক জাতি—কারেদে আজম মুহাম্মদ আলী জিল্লাহও তা জকাট্য যুক্তিসহ প্রমাণ করেন। ১৯৪০ সালের ২২শে মার্চ লাহোরের মিন্টু পার্কে অনুষ্ঠিত মুসলিম লীগের ২৭তম বার্ষিক অধিবেশনে ভিনি তাঁর সভাপতির ভাষণে বলেন ঃ

°এ কথা বুঝা বড়ো কঠিন যে আমাদের হিন্দু ভাইয়েরা ইসলাম ও হিন্দু ধর্মের প্রকৃত স্বরূপ কেন বুঝতে পারেন না। আসলে এ দুটো কোন ধর্ম নয়, বরঞ্চ প্রকৃত পক্ষে দুটো পৃথক ও সুস্পষ্ট সামাজিক বিধিবিধান (social order) এবং হিন্দু ও মুসলমানকে মিলিত করে এক জ্লাতীয়তা গঠন একটি কল্পনাবিলাস মাত্র। এক তারতীয় জাতীয়তাবাদের তুল ধারণাটি সীমালংখন করে আমাদের রাজনৈতিক অন্থিরতার কারণ হয়ে পড়েছে। যথাসময়ে আমাদের দৃষ্টিতংগীর পরিবর্তন করতে বার্থ হলে, তারতকে ধ্বংসের মুখে ঠেলে দেয়া হবে। হিন্দু ও মুসলমানের পৃথক পৃথক ধর্মীয় দর্শন, সামাজিক রীতিনীতি ও সাহিত্যাবলী আছে। তারা পরস্পর কোনদিন বিবাহ বন্ধনে আবদ্ধ হয় না, একত্রে পানাহার করে না। তারা দৃটি বতন্ত্র সভ্যতা সংস্কৃতিরও অধিকারী যা দৃটি বিপরীত ধারণা বিশ্বাসের ভিত্তিতে গঠিত। তাদের জীবনের ও জীবন সম্পর্কিত দৃষ্টিতংগীও আলাদা। একথাও সত্য যে হিন্দু ও মুসলমান ইতিহাসের তির তির উৎস থেকে প্রেরণা লাত করে। তাদের রয়েছে পৃথক মহাকাব্য, মহাগ্রন্থ, পৃথক জাতীয় বীর এবং পৃথক প্রাসংগিক উপাদান ও ঘটনাপঞ্জী।

অধিকাংশক্ষেত্রে একজনের জাতীয় বীর অন্য জনের শক্র। এ ধরনের বিপরীতমুখী দৃটি জাতিকে যাদের একটি সংখ্যাগুরু এবং অপরটি সংখ্যাগখ্— একই রাষ্ট্রে যুক্ত করে দিলে অশান্তি বাড়তে থাকবে এবং এমন রাষ্ট্রে সরকার পরিচালনার জন্যে যে কাঠামোই তৈরী হবে তা শেষ পর্যন্ত ধ্বংস হয়ে যাবে।

জাতির যে কোন সংজ্ঞা অনুযায়ী মুসলমান একটি জাতি এবং অবশ্যই তাদের থাকতে হবে একটি আবাসভূমি, একটি ভ্ৰন্ত বা অঞ্চল এবং একটি রাষ্ট্র। · · · আমানের জাতি প্রতিতা অনুযায়ী নিজস্ব আদর্শের ভিত্তিতে আধ্যাত্মিক, সাংস্কৃতিক, অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক জীবনে উন্নতি সাধন করুক—এটাই আমানের কামনা। "

· সর্বশেষে কায়েদে আজম বলেন ঃ

"ইসলামের অনুগত বান্দাই হিসাবে এগিয়ে আসুন। অর্থনৈতিক, সামাজিক, রাজনৈতিক এবং শিক্ষা ক্ষেত্রে জনগণকে সংগঠিত করুন। আমি নিশ্চিত আপনারা এমন এক শক্তিতে পরিণত হবেন যাকে দুনিয়ার কোন শক্তি পরাভূত করতে পারবেনা।"

পরদিন অর্থাৎ ২ ৩শে মার্চ উপমহাদেশের মুসলিম সংখ্যাগরিষ্ঠ উত্তর-পশ্চিম অঞ্চল এবং মুসলিম সংখ্যাগরিষ্ঠ পূর্বাঞ্চলকে নিয়ে স্বাধীন রাষ্ট্র গঠনের প্রস্তাব সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ প্রস্তাব পেশ করেন বাংলার প্রধানমন্ত্রী শেরে বাংলা মৌলভী এ, কে, ফব্রুল হক। মূল প্রস্তাবের ভাষা নিমন্ত্রপ ঃ Resolved that it is the considered view of this Session of the All India Muslim League that no Constitutional plan would be workable in this country or acceptable to the Muslims unless it is designed on the following basic principles, viz, that geographically contiguous units are demarcated into regions which should be so constituted, with such territorial readjustments as may be necessary, that the areas in which the Muslims are numerically in a majority as in the North-Western and Eastern zones of India should be grouped to constitute 'Independent States' in which the Constituent units shall be autonomous and sovereign.

That adequate, effective and mandatory safeguards should be specially provided in the Constitution for minorities in these units and in the regions for the protection of their religious, cultural, economic, political, administrative and other rights and interests in consultation with them, and in other parts of India where the Mussalmans are in a minority, adequate, effective and mandatory safeguards shall be specially provided in the Constitution for them and other minorities for the protection of their religious, cultural, economic, political, administrative and other rights and interests in consultation with them.

—Justice Syed Shameem Husain Kadir: Creation of Pakistan, p. 192.

লাহোর প্রস্তাবের সাথে এ ঘোষণাও সুস্পষ্টরূপে করা হয় যে, এখানে বসবাসকারী সংখ্যালম্ সম্প্রদায়ের সাথে পরামর্শক্রমে তাদের ধর্মীয়, সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক অধিকার ও স্বার্থ সংরক্ষিত করা হবে। অনুরূপভাবে ভারতের যেসব অঞ্চলে মুসলমান সংখ্যালম্ম, সেসব অঞ্চলে তাদের সাথে পরামর্শের ভিত্তিতে তাদের ধর্মীয়, সাংস্কৃতিক, অর্থনৈতিক, রাজনৈতিক ও প্রশাসনিক অধিকার ও স্বার্থ সংরক্ষিত করতে হবে।

# হিন্দুদের বিরোধিতা

লাহোর প্রস্তাবের ভালো দিকটার কোন প্রকার বিচার বিবেচনা না করেই হিন্দুদের পক্ষ থেকে তার চরম বিরোধিতা শুরু হয়। হিন্দু নেতৃবৃদ্দের পক্ষ থেকে উক্ত প্রস্তাবের বিরোধিতা করে অশালীন বক্তব্য বিবৃত্তি প্রকাশিত হতে থাকে। মুসলমানদের বিভ্রান্ত করার এবং তাদের মধ্যে ভাঙ্গন সৃষ্টির সকল তৎপরতা শুরু হয়। গুয়াধাও একই সুরে কথা বলতে থাকে। মিঃ গান্ধী আশা করেন যে, বুটেনপ্রস্তাবটি কার্যকর করতে দেবেনা।

হিন্দু নেতৃবৃন্দ ও বিভিন্ন হিন্দু প্রতাবিত পত্র পত্রিকার পক্ষ থেকে লাহোর প্রস্তাবের্কি বিরোধিতা ও অপপ্রচার সম্ভেও কায়েদে আজম মুহাম্মদ আলী জিন্নাহ লাহোর প্রস্তাবের উপর অবিচল থাকেন। তিনি বলেন, আমি এখনো আশা করি, বিবেকবান হিন্দুগণ আমাদের প্রস্তাব গতীরতাবে বিবেচনা করে দেখবেন। কারণ এর মধ্যেই স্কল্প সমদ্রে স্বাধীনতা লাভের সম্ভাবনা নিহিত আছে। এ স্বাধীনতা আমরা শান্তিপূর্ণতাবে দেশের অভ্যন্তরে ও বাইরে ধরে রাখতে পারবো।

ছারিশে মে, ১৯৪০ বোমে প্রাদেশিক মুসলিম লীগ সমেলন অনুষ্ঠিত হয়। কায়েদে আজম কংগ্রেসের মিধ্যা প্রচারণার উল্লেখ করে বলেন ঃ

এ অত্যন্ত বিশ্বয়কর যে মিঃ পাদ্ধী ও মিঃ রাজা গোপালাচারিয়ার মতো লোক লাহোর প্রস্তাবকে 'ভারতের অংগছেল' (Vivisection of India) এবং 'শিশুকে দুখতে কর্তিত করার' নামে আখ্যায়িত করছেন। ভারত অবশ্য প্রকৃতি কর্তৃকই বিভক্ত। ভারতের ভৌগোলিক মানচিত্রে মুসলিম ভারত এবং হিন্দুভারত স্থান লাভ করে আছে। তাহলে এ হৈ চৈ কেন তা আমি বুরতে পারিনা। সে দেশ কোথায়, যা বিভক্ত করা হছে? কোথায় সে লাভি যা দিধাবিভক্ত ও দ্বিখভিত করা হছে? কোথায় সে কেন্দ্রীয় সরকার ঘার হকুম শাসন লংঘন করা হছে? ভারত বৃটিশের শাসনাধীন থাকার ফলে অখন্ড ভারত ও একটি একক কেন্দ্রীয় সরকারের ধারণা সৃষ্টি করা হয়েছে। ভারতীয় জাতি এবং কেন্দ্রীয় সরকার বলে কিছু ছিলনা। এ কংগ্রেস হাই কমান্ডের খোশখেয়াল মাত্র। · · · জামানের জানর্গ ও সংগ্রাম কারো খার্থে আখাত দেয়ার জন্যে নয়, বরঞ্চ নিজেনের আরক্ষার জন্যে।

—(Justice Syed Shanneem Husain Kadir: Creation of Pakistan, pp. 193-94) উল্লেখ শাহোর প্রস্তাবে 'পাকিস্তান' শব্দের উল্লেখ না থাকলেও হিন্দু তারতই একে পাকিস্তান প্রস্তাব নামে অভিহিত করে। আর এটাই ছিল যথার্থ। বহু দিন পূর্বে চৌধুরী রহমত আলীর দেয়া নামটাই সার্থক হলো।

### পাকিস্তানের চিম্ভাভাবনা

পাকিজালের চিত্রাতাবনা অথবা পরিকানা কোন শুনিব রাজনৈতিক দর্শন নর। এ শব্দটির প্রকৃত মর্ম হলো ইসলামী রাষ্ট্র ব্যবস্থা। তাই কায়েদে আজম মুহামল খালী জিলাই বলেন, পাকিজানের সূচনা তথন থেকে হয় যথন মুহামল বিন কাসিম বিজ্ঞারীর বেলে সিদ্ধৃতে প্লাপণ করেন। খতঃপর এ উপদ্ধাদেশে করেপ' বছর ইসলামী রাষ্ট্র ব্যবস্থা কর্মবং থাকে। বৃটিশ শাসনের শেষের দিকে পুনরার বৃটিশ তারতে মুসলিম জাতির হাজ্রে ও রাষ্ট্র প্রতিষ্ঠার চিত্তাতাবনা ও প্রচেটা শুক্র হয়। উপমহালেশের উত্তর-পশ্চিম ও দক্ষিণ-পূর্ব অঞ্চলগুলোতে মুসলিম সংখ্যাপরিষ্ঠতা রাজনৈতিক চিত্তাশীলনের সৃষ্টি এভায়নি। তাই বিশ্ব ইনলামী ঐক্যের অগ্রন্থত সাইয়েল জামালুদ্দীন আফগানী মধ্য এশিয়ার সোসালির রিপাবলিকসমূহ, আফগানিস্তান এবং উপমহালেশের উত্তর-পশ্চিমাঞ্জল নিয়ে একটি মুসলিম রিপাবলিক গঠনের সঞ্জাকনা সম্পর্কে প্রথম চিত্তাতাবনা করেন, এটাকে অনেকে প্যানইসলামিজয় নামে অভিহিত করেন।

টোধুরী রহমত আলী ১৯১৫ লালে 'বজ্মে শিবলী' জনুষ্ঠানে ভাষণ লিভে
গিয়ে দাবী করেন যে, উত্তর ভারত মুসলিম অধ্যুষিত বলে ভাকে মুসলিম দেশ হিসাবেই গল্য করা হবে। অধু ভাই নর, তিনি বলেন, "এটাকে আমরা মুসলিম রাষ্ট্রে পরিণত করব। এটা ভবনই সম্ভব যখন আমরা এবং আমাদের উত্তরাজ্ঞল ভারতীয় হওয়া পরিহার করব। এটা পূর্বশর্ত। অতএব যতো শীন্ত আমরা ভারতীয়তা (Indianism) পরিহার করব, ততোই আমাদের ও ইসলামের জন্য মংগলকর হবে। (I. H. Qureshi: The Struggle for Pakistan, pp.

জতঃপর ১৯১৭ সালে ডাঃ আবদুল জাব্বার থাইরী এবং জধ্যাপক আবদুস সান্তার খাইরী তৌরা খাইরী আতৃদয় নামে পরিচিত) উক্তক্তমে জনুষ্ঠিত সম্মেলনে ভারত বিভাগের পরিকল্পনার প্রস্তাব উত্থাপন করেন। (Syed Sharifuddin Pirzada: Evolution of Pakistan, (Lahore, 1963 pp. 68-90)

বাদাউনের 'যুলকারনাইন' পত্রিকায় ১৯২০ সালের মার্চ-এপ্রিলে জনৈক আবনুল কাদির বিলগ্রামীর শব্দ থেকে মিঃ গান্ধীর নামে থোলা চিঠি প্রকাশিত হয়। এ চিঠিগুলাতে তিনি উপমহাদেশ বিভাগের যুক্তি পেশ করেন। এ বিভাগের জনো তিনি মুসলিম অধ্যুক্তি জেলাগুলোর একটি তালিকাও পেশ করেন—যা প্রতিষ্ঠিত পাকিস্থানের উভয় অংশের ভৌগোলিক সীমার সাথে প্রায় সামজস্মশীল। যেহেতু এ চিঠিগুলাতে উল্লেখ্য বিষয় অনেকের দৃষ্টি আকর্ষণ করে সে জন্যে তা দু'বার পুক্তিকাকারে প্রকাশিত হয়। দিতীয় সংস্করণ প্রকাশিত হয় ১৯২৫ সালে। (Muhammad Abdul Qadir Bilgrami: Hindu Muslim Intehad par Khula Khat Mahatma Gandhi ke nam Aligarh, 1925)

প্রথম বিশ্বযুদ্ধের প্রথম দিকে টাইমস খব ইন্ডিয়ার সম্পাদক লোডাই ফ্রেন্সার চেইলী এক্সপ্রেস অব লন্ডনে একটি মানচিত্র প্রকাশ করেন যাতে কলটান্টিনোপল থেকে ভারতের সাহরানপুর-এর লিকে একটি তীর অংকিত করা হয়। এতে মুসলিম সংখ্যাগরিষ্ঠ অঞ্চলগুলার দিকে এক মুসলিম করিভোর দেখালো হয়েছে। (I. H. Qureshi: The Muslim Community of the Indo-Pakistan Subcontinent, pp. 295-96)

হিন্দু মহাসভার সভাপতি সাভারকার প্রায় উল্লেখ কর্তেন যে, হিন্দু ও মুসলমান দু'টি পৃথক জাতি। কংগ্রেস এবং হিন্দু মহাসভার খনা এক নেতা দালা দাজলাত রায় ১৯২৪ সালে ভারত বিভাগের প্রভাব দেন। (LH. Qureshi: The Struggle for Pakistan, p. 116; Richard Symionds: The Making of Pakistan, 1950, p. 59)

ভেরা ইসমাইল খান জেলার সরনার মুহামদ গুল খান ১৯২৩ সালে ফ্রন্টিয়ার ইন্কোয়ারী কমিটির কাছে হিন্দু ও মুনলমানদের মার্থে ভারত বিতাপের সগক্ষে যুক্তি প্রদর্শন করেন। পেশাওর থেকে আগ্রা পর্যন্ত অঞ্চল মুনলমানদের গুনে। নিধারণ করার দাবী জানান। (I. H. Qureshi : The Struggle for Pakistan, p. 116-17)

আগা খান ১৯২৮ সালে কোপকাতায় অনুষ্ঠিত সকল দলীয় কন্তেনশনে প্রতোক প্রদেশের স্বাধীনতার দাবী উত্থাপন করেন। উক্ত গ্রন্থ।

ভঃ মুখ্যদা ইকবাল ১৯৩০ সালে এলাহাবাদে জনুষ্ঠিত মুসলিম লীগ বার্ষিক সম্মেলনে ভারতের বিভিন্ন সমস্যা আলোচনার পর বৃটিশ সাম্রাজ্যের মধ্যেই অথবা বাইরে মুসলমানদের একটি স্বাধীন রাষ্ট্র গঠনের প্রস্তাব উত্থাপন করেন।

ভঃ ইকবাদ তাঁর প্রতাবিত মুসদিম রাষ্ট্রের কোন নাম দেননি। এ কাছটি করেছেন চৌধুরী রহমত খলী। ১৯৩৩ সালের জানুয়ারী মাসে, চৌধুরী রহমত খাদী এবং তাঁর ক্যান্তিজের তিনজন সহকর্মী নাউ জর নেভার (Now or Never) শীর্ষক একটি প্রচারপত্র প্রকাশ করেন।

চৌধুরী রহমত আদী তাঁর প্রচারপত্র ভারতের মুসলিম নেতৃবৃন্ধের কাছে, লন্ডনে জনুষ্ঠিত তৃতীয় গোল টেবিল বৈঠকে যোগদানকারী মুসলিম ভেলিপেটদের কাছে এবং ইংলন্ডের প্রথম সারির রাজনৈতিক নেতৃবৃন্ধের নিকটে প্রেরণ করেন। একখানি পত্রসহ প্রচারপত্র পাঠানো হয়। তাতে বলা হয় আমি এডদুসহ পাকিস্তানের তিন কোটি মুসলমানের পক্ষ থেকে একটি আবেদন আপনাদের সামনে পেশ করছি, যাঁরা ভারতের উত্তরাঞ্চলে পাঁচটি প্রদেশে বাস করে, যখা পাঞ্জাব, উত্তর পচিম সীমান্ত প্রদেশ, কাশ্রীর, সিদ্ধু ও বেশুচিন্ডান।\*

মুসলমানদের এক জীবন মরণ সন্ধিক্ষণে এ আবেদন করা হয়। বলা হয়, তারত একটি জাতির দেশ নয়, বরঞ্চ বহু জাতির দেশ। · · · অমাদের ধর্ম ও সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহা, জামাদের সামাজিক রীতি–নীতি ও অর্থনৈতিক ব্যবস্থা, আমাদের উত্তরাধিকার ও বিবাহ সম্পর্কিত আইন তারতে বসবাসকারী জন্যানা লাতির থেকে মূলতঃ পৃথক। আমরা একরে আহার করিনা, পরম্পর বৈবাহিক সম্পর্ক স্থাপন করিনা। আমাদের জাতীয় রীতি–নীতি ও প্রতাপকৃতি এবং বর্ম, মাস ও দিন পঞ্জিকা পূথক। এমনকি আমাদের আহারানি ও পোশাক পরিজ্ঞান সম্পূর্ণ আলানা। · · · যদি আমরা, পাকিতানের মুসলমানকে আমাদের জাতীয়তার সুম্পন্ধ বৈশিষ্টাসহ প্রতারিত করে প্রভাবিত ভারতীয়

ফেডারেশনের অন্তর্ভুক্ত করা হয়, তাংগে আমাদেরকে সংখ্যালঘুতে পরিণত করা হবে। এ প্রভাব আমাদের জাতির মৃত্যুফটারই অনুরূপ। — (G. Allama : Muslim Political Thought Through the Ages : 1562-1947, pp. 295-300)

এ কথা নিঃসন্দেহে বলা যায় যে, 'পাকিস্তান' নামটি চৌধুরী রহমত অপীরই উদ্ধাবন—যা লাহোর প্রস্তাবের মাধ্যমে ভারতের রাঞ্জনৈতিক অংগনে প্রতিষ্ঠা লাভ করে এবং প্রায় সাত বছর পর তা বাস্তব সতো পরিণত হয়।

সাইয়েদ শরীফুন্দীন পীরঞ্জাদা তার Evolution of Pakistan প্রস্থে বলেন এ এসব প্রস্তাব ও পরমেশ যা স্যার আবদুরাহ হারুন, ডঃ লতিফ, স্যার সেকেনার হায়াত থান, জনৈক পঞ্জোবী, ডঃ কানেরী, মাওলানা মওদুনী, চৌধুরী খালিকুজ্জামান প্রমুখ ব্যক্তিগণ উপস্থাপন করেন তা সবই এক অর্থে পাকিস্তান সৃষ্টিরই পথ নির্দেশক ছিল।

সৰ্বশেষে ১৯৪০ সালে মুসদিম দীগ কৰ্তৃক দ্বাৰ্থহীন ভাষায় লাহোৱ প্ৰস্তাব তথা পাকিস্তান প্ৰস্তাব সৰ্বসন্ধতিক্ৰমে গৃহীত হয়।

উল্লেখ্য টোধুরী রহমত আদী উপরোক্ত পাঁচটি প্রদেশ নিয়ে একটি মুসলিম রাষ্ট্র গঠনের লাজী কল্লেন হার নাম তিনি 'পাকিজান' দেন।

#### यष्ठ ज्यभाषा

### পাকিস্তান আন্দোলনের বিরোখিতা

পাকিস্তান তথা ভারত বিভাগের প্রস্তাব হিন্দুরা তাদের স্বার্থের পরিপন্থী মনে করে মেনে নিতে পারেনা এবং ভাই তারা তীব্র বিরোধিতা শুরু করে। পভিত লগুহালাল নেহরু ৬ই মে পুনাতে বলেন, হিন্দু মহাসতা এবং মুসলিম লীগের কোন ইতিবাচক কর্মসূচী নেই। তিনি পাকিস্তান প্রস্তাবকে নির্বৃদ্ধিতা বলে কাখ্যায়িত করে বলেন, এ চরিশ ঘন্টার অধিককাল টিকে থাকবেনা। হিন্দু মহাসতা ১৯শে মে পাকিস্তান প্রস্তাবকে হিন্দু বিরোধী এবং জাতীয়তা বিরোধী বলে উক্রেখ করে।

কংশ্রেস ও হিন্দুজাতির চরম বিরোধিতা ও প্রতিবন্ধকতা সত্ত্বেও পাকিস্তান আন্দোলন চলতে থাকে এবং হিন্দুদের বিরোধিতা ও অপপ্রচার মুসলমানদের ঐক্য মুদুঢ় করতে থাকে।

পাকিন্তান আন্দোলনকৈ জনপ্রিয় ও শক্তিশালী করার লক্ষ্যে ব্যাপক প্রচারণার জন্যে মুসলিম ভারতের ইভিহাসে সর্বপ্রথম যে সর্বাস্ত্রক প্রচেষ্টা চালানো হয়, তা এই যে আলীগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের জামিলুনীন আহমদকে আহবারক করে একটি লেখক কমিটি গঠন করা হয়। প্রখ্যাত প্রবন্ধকারগণ বিভিন্ন প্রচারপত্র রচনা করেন এবং সেগুলো পাকিস্তান সাহিত্য অনুক্রমা (Pakistan Literature Series) নামে লাহোরের শেখ মুহামদ আশরাফ কর্তৃক প্রকাশিত হয়। আমিলুনীন আহমদ বলেন, স্বাধীন পাকিস্তান এবং স্বাধীন হিনুন্তান বন্ধুত্বপূর্ণ ও ভ্রাতৃত্বপূর্ণ পরিবেশে অবস্থান করতে থাকবে। ভারতীয় ঐক্য এক অলীক কলনা বিলাস এবং ঐতিহাসিক সত্যের পরিপন্থী। (I. H. Qureshi: The Struggle for Pakistan, p. 136)

পয়লা ঝুলাই, ১৯৪০, কায়েদে আমম শিমলা অবস্থানকালে ভাইস্রপ্রের নিকটে কছেকটি প্রস্তাব পেশ করেন এবং প্রস্তাবগুলোকে "পরীক্ষামূলক" বলে টিহিন্ত করেন। প্রস্তাবগুলো নিমারূপ : ভারত বিভাগ এবং উত্তর পশ্চিম ও পূর্বাঞ্চলে মুসলিম রাষ্ট্র গঠনের থে লাহোর প্রভাব গৃহীত হয়, ভার মূলনীতির সাথে সাংখ্যাক কোন বিবৃতি সরকারের পক্ষ থেকে প্রকাশ করা যাবে না।

ভারতের মুসলমানদেরকে সরকারের পক্ষ থেকে সুস্পন্ন নিক্ষয়তা দান করতে হবে যে, মুসলিম ভারতের জনুমতি ব্যতিরেকে কোন অন্তর্বতীকালীন অথবা চূড়ান্ত সাংবিধানিক স্কীম গঠন করা হবে না। ইউরোপে যেতারে পরিস্থিতির ক্রুত পরিবর্তন ঘটছে এবং ভারত বিপদের সম্মুখীন হক্ষে ভাতে আমরা পুরোপুরি উপপন্ধি করছি যে, যুক্ত প্রচেষ্টা তীর্তর করা উচিত। ভারতের সকল উপায় উপকরণ ভার প্রতিরক্ষার জনো নিয়োজিত করা উচিত যাতে আভ্যন্তরীশ নিরাপালা ও শান্তি পৃংখলা নিক্তিত করা যায় এবং বহিরাক্রমণ প্রতিরোধ করা যায়। কিন্তু এসর কিছু পাভ করা সম্ভব যদি বৃটিশ সরকার কেন্দ্রীয় এবং প্রাদেশিক সরকারসমূহে দেশ পরিচালনার ক্ষেত্রে মুসলিম নেতৃত্বকে সমান অংশীদার হিসাবে গ্রহণ করতে প্রস্তুত হন।

সাময়িকভাবে এবং যুদ্ধকালীন অবস্থায় নিম্নোক্ত পদক্ষেপ গ্রহণ করতে হবে যাতে সরকারের অধিকার এখতিয়ারে সমান অংশীদারিত্বের ভিত্তিতে সরকারের সাথে সহযোগিতার ফরমুলা মেনে চলা যায় ঃ

ক, বর্তমান সাংবিধানিক আইনের আওতায় ভাইস্রয়ের এক্সিকিউটিঙ্ কাউপিল সম্প্রসারিত করতে হবে। আলোচনার গরই অতিরিক্ত সংখ্যা নির্ধারিত হবে। কিন্তু মুসলিম প্রতিনিধিত্ব অবশ্যাই হিন্দুর সমসংখ্যক হতে হবে যদি কংগ্রেস যোগদান করেন। অন্যথায়, অতিরিক্ত সদস্যদের অধিকাংশ মুসলমান হতে হবে। কারণ প্রধান গুরুলায়িত্ব মুসলমাননেরকেই বহন করতে হবে।

থ, যে সকল প্রদেশে আইনের ১৩ ধারা কলবৎ, সেখানে নন-অফিসিয়াল উপদেষ্টা নিয়োগ করতে হবে। আলোচনার পর সংখ্যা নির্ধারিত হবে। তবে উপদেষ্টাগর্ণের সংখ্যাগরিষ্ঠতা মুসলিয় প্রতিনিবিগণের হবে। কিন্তু যেসব প্রদেশে কোয়ালিশন সরকার আছে, সেখানে সংশ্লিষ্ট দলগুলোর দায়িত্ত্ব হবে আলোচনার ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ করা।

গ, প্রেসিডেন্টসহ পনেরো জনের একটি সমর কাউন্সিল (War Council) হবে। তাইস্রয় সভাপতিত্ব করবেন। · · · এখানেও মুসলমানের সংখ্যা হিন্দুর সমান হবে যদি কংগ্রেস যোগদান করে। সর্বশেষ কথা এই যে, সমর কাউন্সিলে, ভাইস্রয়ের কার্যকরী কাউন্সিলে (Executive Council) এবং গভর্ণরের নন-অফিসিয়াল উপদেষ্টাদের মধ্যে যাঁরা মুসলিম প্রতিনিধি হবেন, তালেরকে বেছে নেবে মুসলিম লীগ।

পয়লা জুলাই সূভাসচন্দ্র বোস গ্রেফভার হন এবং ডেসরা জুলাই মিঃ গান্ধী বৃটেনের প্রতিটি নাগরিকের কাছে অহিংস নীতি অবলহন করে অস্ত্র পরিহারের আবেগন জানান। সাথে সাথেই দিল্লীতে অনুষ্ঠিত কংগ্রেস ভয়ার্কিং কমিটির সভায় ভারতের পূর্ণ স্বাধীনতা ঘোষণার পুনর্নাবী করা হয়। সেইসাথে কেন্দ্রে একটি জাতীয় সরকার গঠনের দাবীও জানানো হয়।

মিঃ জিল্লাহ ভাইস্রয়ের নিকটে তার যে পরীক্ষামূলক (Tentative) প্রস্তাব পেশ করেন, সে সম্পর্কে ভাইস্রয় ৬ই জুলাই তারিখে লিখিত তাঁর পত্রে তাঁর দৃষ্টিভংগী মিঃ জিল্লাহকে জানিয়ে দেন। তিনি তাঁর কাউন্দিল সম্প্রসারণে সম্মত হন কিন্তু তার মধ্যে মুসলিম অংশীলারিত্বে অসম্মতি জানান। কাউন্দিলের মুসলিম সদস্যাগণকে মুসলিম লীগ নমিনেশন দেবে এ দাবী মানতেও তিনি রাজী নন। কারণ, তিনি বলেন, এটা ভারত সচিবের অধিকার এবং কাউন্দিল সদস্যগণ রাজনৈতিক পলের মনোনীত হবেন না। প্রাদেশিক গভর্গরদের নন-অফিসিয়াল উপদেষ্টা নিরোগও তিনি মেনে নিতে পারেন না। প্রয়ার কাউন্দিল (War Council) গঠনের বিষয়টি শুরাত্বপূর্ণ। এর বিস্তারিত খুটিনাটি বিষয়গুলো নির্ধারিত করা হবে।

মিঃ জিন্নাহর পরীক্ষামূলক প্রস্তাবের পর্তাবলী প্রত্যাখ্যান করা হলো। কিন্তু স্নতিজ্ঞ রাজনীতিক মিঃ জিন্নাহ দমে যাজ্ঞার পাত্র ছিলেন না। তিনি তাঁর আলাপ আলোচনা অব্যাহত রাখেন।

#### সপ্তম অখ্যায়

# ব্রিটিশ সরকারের আগস্ট প্রস্তাব

ব্রিটিশ সরকার কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে মতানৈকা এবং কংগ্রেস—
লীগ ও বড়োলাটের মধ্যে মতবিরোধের কারণে হতাশ হয়ে পড়েননি। ১৯৪০
সালের ৮ই আগস্ট ব্রিটিশ সরকার যে ঘোষণা দেন তা আগস্ট প্রস্তাব নামে
অতিহিত করা হয়। এ ঘোষণায় কিছু নতুন ধারণা দেয়া হয়। প্রথমতঃ
ইলোব্রিটিশ ইতিহাসে এই প্রথমবার ভারতীয়দের নিয়ে একটি গণপরিষদ
গঠনের প্রতিশ্রুতি দেয়া হয়। এ যাবত ব্রিটিশ পার্গামেন্টের ইঙ্গাই ছিল চূড়ান্ত
এবং তারত সরকার আইন ১৯৩৫ এ প্রাধান্য অনুমোদন করতো। এখন তারতীয়
গণপরিষদের ধারণা শুধু সমর্থনই করা হলোনা, বরক্ষ তা গঠনের প্রতিশ্রুতিও
দেয়া হলো। দ্বিতীয়তঃ গণপরিষদ সম্পর্কে কংগ্রেসের ধারণা প্রত্যাখ্যান করা হয়।
একথাও সুস্পষ্ট করে বলা হয় যে, গণপরিষদ এমন কিছু পদক্ষেপ গ্রহণ
করবেনা যার দারা সংখ্যালভূদের অধিকার ক্ষুশ্ল করা হয়। ভৃতীয়তঃ ভমিনিয়দ
স্কৌসকেই তারতের লক্ষ্য মনে করা হয়। এসব ব্যবস্থা গৃহীত হবে যুক্ধ শেষ
হওয়ার পর। আগস্ট প্রস্তাবের কিছু মল দিকও ছিল যা লীগ ও কংগ্রেসের
প্রস্তাবে তলে ধরা হয়।

মিঃ জিনাহ ১২ই ও ১৪ই আগস্ট উপরোক্ত প্রস্তাব নিয়ে মতবিনিময় করেন।
তবে পারলা ও দুসরা সেপ্টেররে বোষাইরে অনুষ্ঠিত মুসলিম লীগ ওয়ার্কিং
কমিটিতে চ্ভান্ত সিদ্ধান্ত গৃহীত হয়। দেশের তবিবাৎ শাসনতক্র মুসলিম লীগের
অনুমোলন ব্যতীত প্রণীত হবে না এ দাবী মেলে নেয়ায় মুসলিম লীগের পক্ষ
থেকে সন্তোব প্রকাশ করা হয়। সেইসাথে ওয়ার্কিং কমিটি এ কথা ঘোষণা করা
যথার্থ মনে করে বে, কমিটি লাহোর প্রস্তাব ও তার শর্ভাবলীর মূলনীতির উপর
অবিচল আছে এবং তা এই যে, তারতের মুসলমান একটি জাতি এবং তাদের
ভবিষাৎ ভাগ্য নির্ধারণের অধিকারী তারাই। মধ্যবর্তী ব্যবস্থার জন্যে সরকারের
প্রস্তাব ক্ষমন্তোবজনক। মুসলিম লীগ ওয়ার্কিং কমিটির ১৬ই জুনের লাবীগুলি
মেনে নেয়া হয়নি। নির্মাণিতিক কারণে সরকারের আগস্ট প্রস্তাব মেনে নেয়া যায়
না বলে মুসলিম লীগের পক্ষ থেকে ঘোষণা করা হয় ঃ

- বড়োলাটের প্রন্ধিকিউটিত কাউলিলের সদস্য সংখ্যার যে প্রস্তাব করা।
   হয়, সে সম্পর্কে লীগ সভাপতি অথবা ভয়াবিং কমিটির সাথে কোন
  আলাল আলোচনা করা হয়নি।
- কাউনিল কিভাবে গঠিত হবে তার ধরন দাপরে ভয়ার্কিং কমিটিকে
  অবহিত করা হয়নি।
- জন্য কোন্ দলের সাথে কাল করতে দীগকে ভাকা হবে এ দম্পর্কে গুয়ার্কিং কমিটি অবহিত নয়।
- কাউন্দিলের নতুন সদস্যদের কোনু কোনু পদ (Portfolio) নেয়া হবে, সে সম্পর্কে নীগের কোন ধারণা নেই।
- মৃদ্ধ উপদেয়। পরিষদ (War Advisory Council) সম্পর্কে যে প্রস্তাব দেয়া হয়েছে তা অম্পষ্ট ও দুর্বোধা।

মুসলিম লীপ গুয়াকিং কমিটি ভার সভাপতিকে এ ক্ষমতা দান করে থে, তিনি প্রভাবিত শাসনতন্ত, যুদ্ধ উপদেষ্টা পরিষদের গঠন পদ্ধতি ও দায়িত্ব কর্তব্য এবং বড়োলাটের এজিকিউটিভ্ কাউন্সিপের কলেবর বৃদ্ধি সম্পর্কে বড়োলাটের কাছে ব্যাখ্যা দাবী করবেন।

মিঃ জিন্নাছ ২০শে সেপ্টেম্বর বড়োলাটের সাথে সাক্ষাৎ করেন এবং পরদিন বড়োলাট দীশের উত্থালিত প্রপ্রক্তির জবাব দেন। ২৮শে সেপ্টেম্বর নয়া নির্মীতে অনুষ্ঠিত দীগা ওয়ার্কিং কমিটির অধিবেশনে বড়োলাটের জবাব সম্পর্কে আলোচনা হয়। বড়োলাটের ব্যাখ্যা সম্ভোষজনক নয় বলে কমিটি অভিমত ব্যক্ত করে।

সরকারের আগস্ত প্রস্তাব সম্পার্ক কংগ্রেসের প্রতিক্রিয়া ছিল অত্যন্ত জীর। কংগ্রেস সভাপতি মাওলানা আবৃদ কালাম আজান ১০ই আগস্ত বড়োলাটের সাথে সাক্ষাৎ করতে অধীকৃতি জানান। কংগ্রেস প্রস্তাবটি প্রত্যাখ্যান করে। বলা হয়, সরকার ক্ষমতা ছাড়তে রাজী নন এবং প্রস্তাবটি সরসেরি ছল্ব সংগ্রামে ইস্কন্ যোগাছে। সংখ্যালঘুদের বিষয়টি ভারতের উন্নতির পথে এক অনংখ্য প্রতিবন্ধক। কংগ্রেসতে প্রত্যাক্ষ সংগ্রাম করতে হবে বলে ভীতি প্রনর্শন করা হয়।

সরকারের আগন্ত প্রস্তাব রাজনৈতিক দল কর্তৃক গৃহীত হয়নি। কিন্তু এতে
মুসলমাদদের কিছু লাত হয়েছে। তবিষাৎ শাসনতান্ত্রিক ব্যবস্থার, তা মধ্যবর্তী
হোক অথবা চূড়াত, মুসলমাদদের সঙ্গোকজনক জনুমোদন লাত করা হবে বলে
সরকার প্রতিপ্রতি দান করেন। যুদ্ধ শুনুষ্ণ হতয়ার এক বছরের মধ্যে এবং লাহোর

প্রভাবের পর পাঁচ যাসের মধ্যে সরকারের এ ধরনের ছার্থহীন ঘোষণা মুসলিম লীগের কম কৃতিত্ব নয়। মুসলমানদের প্রতি কংপ্রেসের আচরণের ফলেই এ কৃতিত্ব লাভ হয়। কংপ্রেসের হাতে মুসলমানদের ভাগা ছেড়ে নেয়া সরকার সমীচীন মনে করেননি।

# কংগ্রেসের অসহযোগ আন্দোলন ও মুসলমান

মিঃ গান্ধী বড়োলাট লভ লিন্লিগ্লোর সাথে ২৭শে ও ৩০শে সেপ্টেমর
সাক্ষাৎ করেন ও তার তবিষ্যৎ কর্মসূচী সম্পর্কে বড়োলাটকে অবহিত করেন।
কংগ্রেস নেতা মনে করেন যে, সকল ভারতীয়দের এ অধিকার আছে যে তারা
দেশবাসীকে এ আহ্বান জানাবে যে তারা যুদ্ধ প্রচেষ্টা থেকে দুরে থাকবে।
বড়োগাট তাঁর এ লুষ্টিভংগী মেনে নিতে পারেননি। তিনি বলেন, একজন বিবেকবান বিরন্ধবাদী যুদ্ধ করতে না পারেন, তিনি জনগণের কাছে তাঁর
লুষ্টিভংগী পেশ করতে পারেন। কিন্তু তাঁকে এ অনুমতি দেয়া যেতে পারেনা যে,
তিনি অন্যতে যুদ্ধ বাধা দান করার জন্যে উচ্চুক্ক করবেন। ১১ই অক্টোবর কংগ্রেস
তয়ার্কিং কমিটিতে সত্যাগ্রহ শুক্ক করার দিক্ষান্ত গৃহীত হয়।

গান্ধীজির নির্দেশে সর্বপ্রথম বিনোবা ভাবে প্রেফতারীর জন্যে নিজেকে পেশ করেন। রাজা গোপালাচারিয়া এবং আবুল কালাম আজাদও কারাবরণ করেন। ক্ষয়েসপদ্ধীদের ব্যাপক কারাবরণ সাধারণ মানুষের মধ্যে কোল তারাবেগ সৃষ্টি করতে পারেনি। বিশেষ করে মুসলিম প্রদেশগুলিতে এ সত্যাগ্রহ মানুষকে আতৃষ্ট করতে পারেনি। বারা ভারতের মধ্যে উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশে নবচেয়ে জ্বীপ সাড়া পাওয়া যায়। প্রথম দিকে ভাঃ খান এ আন্দোলনে যোগদান করতে জনীহা প্রকাশ করেন। কিন্তু ১৪ই ভিসেষর তার প্রেফতারী জনমতের শান্ত পরিবেশের উপর সামান্য ভরংগ্র সৃষ্টি করে মাত্র।

একচরিশের এপ্রিলে মিঃ গান্ধী সকল কংগ্রেমীর জন্যে সত্যাগ্রহ উন্মুক্ত করে লেন। তার ফলে প্রায় ২০,০০০ লোক বেচ্ছায় কারাবরণ করেন। কংগ্রেসের জনো এ সংখ্যা খুবই নগা।। আন্দোলন ক্রমশঃ স্তিমিত হয়ে জাসে।

কংগ্রেসের সত্যগ্রাহ আন্দোলন মুসলমানগণ মেনে নিতে পারেননি। কারণ কংগ্রেসের দূরতিসন্ধি তাঁর। বুকতে পারেন। ১৯৪০ সালের নতেমর মাসে মিঃ কিন্তাহ নির্মীতে প্রদন্ত তাঁর এক ভাষণে কংগ্রেসের নাবীর প্রতি উপহাস করে বলেন যে, কংগ্রেস আন্দোলন করছে বাধীনতার জন্যে। তাঁর কাছে এবং ব্রিটিশ সরকারের কাছে এ কথা পরিষ্কার যে, কংগ্রেস সরকারকে তাঁতি প্রদর্শন করে এ স্বীকৃতি আদায় করতে চান্ন যে কংগ্রেস ভারতবাসীর একমাত্র প্রতিনিধিত্বশীল সংগঠন। কংগ্রেসের মনোতাব হলো ঃ 'মুসলমান ও অন্যান্য সংখ্যালঘুনের দাবী প্রত্যাখ্যান করে আমাদের দাবী মেনে নাও।' কংগ্রেস ক্ষমতা লাভ করতে চান্ন এবং চান্ন অন্যান্য সম্প্রদায়ের প্রতি বলপ্রয়োগের ক্ষমতা। ক্ষমতা হস্তান্তরের জন্যে বিটিশ সরকারের প্রতি বলপ্রয়োগ করতে চান্ন।

একচছিশের ফেব্রুয়ারী মাসে অনুষ্ঠিত মুসলিম লীগ কাউন্সিপ অধিবেশনে এবং এপ্রিলে অনুষ্ঠিত মাদ্রাজ মুসলিম লীগের বার্ষিক অধিবেশনে মিঃ জিন্নাহর ভাষণের সমর্থনে গৃহীত প্রস্তাবে বলা হয় যে, সরকার যদি তাঁদের বিভিন্ন সময়ে প্রদস্ত প্রতিপ্রতি ভংগ করে কংগ্রেসের দাবী মেনে নেয় তাহলে উত্তুত পরিস্থিতি মুকাবিলা করার জন্যে মুসলিম লীগ যে কোন পদক্ষেপ গ্রহণে প্রস্তুত থাকবে। (The Struggle for Pakistan, Ishtiaq Hussain Qureshi, pp. 163-64)

### লিবারাল পার্টি প্রস্তাব-১৯৪১

দৃটি প্রধান দল কংগ্রেস ও মুসলিম লীগের নীতি পলিসি আলোচনার পর দেখা যাক ন্যাশনাল লিবারাল ফেডারেশন কি মনোভাব পোষণ করছে। আইন সভায় তাঁদের একটি ক্ষুদ্র দল আছে। তবে তাঁদের মধ্যে স্যার তেন্ধ বাহাদূর সঞ্জে, স্যার চিমনলাল শিতলবল এবং স্যার প্রী নিবাস শাস্ত্রীর মতো অভিক্ষ ও যোগ্যতাসম্পন্ন লোকও আছেন। তাঁদের দৃষ্টিভংগী ও মনোভাব ল্লানারও প্রয়োজন আছে। চক্তিশের ডিসেম্বরে কোলকাতায় অনুষ্ঠিত তাঁদের বার্ষিক অধিবেশনে লিবারালগণ তাঁদের রান্ধনৈতিক কুর্মপদ্ধতির মূলনীতি ঘোষণা করেন এবং তা সম্মাধানের ভিত্তি হিসাবে গৃহীত হবে বলে তাঁরা মনে করেন। এ বিষয়ে তাঁরা যে প্রতাব করেন তা নিইরূপ ই

- ১ যুদ্ধ প্রচেষ্টার প্রতি পূর্ণ সহায়তা দান।
- যুদ্ধ শেষ হওয়ার দৃ'বছরের মধ্যে ব্রিটিশ সরকারের ঘোষণা করা উচিত
  হে ভারত একটি ডমিনিয়ন হবে।

- কেন্দ্রীয় সরকারকে পুনর্গঠিত করতে হবে যাতে ভাইস্বয় একটি
  পরিপূর্ণ জাতীয় সরকারের শাসনতান্ত্রিক প্রধান হতে পারেন।
- ভারত বিভাগ প্রত্যাখ্যান করতে হবে এবং সাম্প্রদায়িক নির্বাচন প্রধা ক্রমশঃ রহিত করতে হবে।
- ৫, কংগ্রেসের অসহযোগ আন্দোলন দুঃখজনক।

একচল্লিশের মার্চে লিবারালগন বোষাইয়ে এক নির্নলীয় সম্পেলনে মিলিত হন। সমেলনকে নির্নলীয় বলা হলেও তা ছিল হিলুমহাসতা প্রতাবিত। এতে তিন চারজন মুসলমান অংশ্যাহণ করলেও তাঁরা মুসলিম খার্থে কোন কথা বলতে পারেননি। হিন্দু মহাসতার তিনজন নেতৃত্বানীয় ব্যক্তি—সাভারকার, জাঃ মুপ্তেও ডাঃ শ্যামাপ্রমাদ মুখার্জি সম্পেলনে যোগদান করেন। তেজ বাহানুর সম্পেলতাপতিত্ব করেন এবং স্যার নূপেন্দ্র নাথ সরকার কতিশয় প্রভাব পেশ করেন যা পৃথীত হয়। প্রভাবগুলি সরকার কর্তৃক প্রত্যাখ্যাত হয়। এতে তথাকথিত লিবারালগণ উন্ধা প্রকাশ করেন এবং ২৯শে জুন পুনায় ন্যাশনাল লিবারাল ফেডারেশনের কাউলিল অধিবেশন অনুষ্ঠিত হয়। সংকট নিরসনের জন্যে তাঁদের উথাপিত প্রভাব প্রত্যাখ্যান করার জন্যে সরকারের তীব্র সমালোচনা করা হয়। মুসলিম দীগের সন্ধতি ব্যতিরেকে কোন পদক্ষেপ গ্রহণে ভারত সচিবের অধীকৃতি জ্ঞাপনের জন্যে ক্ষোবিত বিতাগ প্রতিরোধের জন্যে সকল ভারতবাসীর প্রতি আহবান জানানো হয়।

সাক্র প্রস্থাব বা সুপারিশের উপর প্রতিক্রিয়া ব্যক্ত করতে গিয়ে কায়েদে আখম
মুহামন আলী জিল্লাহ বলেন, কেন্দ্রে একটি জাতীয় সরকার গঠনের যে দাবী
কংগ্রেসের পক্ষ থেকে করা হয়েছে সাক্র প্রস্তাব তাই সমর্থন করে। এ প্রস্তাব
মেনে নেয়া হলে তা হবে ব্রিটিশ সরকারের আগস্ট প্রস্তাব রহিত করার শামিল।

ভারত সচিব এক্ এম আমেরী ২২শে এপ্রিল ১৯৪১, হাউস্ অব্ কমপে এ
সম্পর্কে বক্তব্য রাখতে পিয়ে বলেন, ভারতে যে শাসনতান্ত্রিক অচলাবস্থা বিরাজ
করছে তা এ জন্যে নয় যে, বৃটিশ ভারতের স্বাধীনতা দিতে রাজী নয়, বরঞ্চ এ
জন্যে যে ভারত তার দাবীতে একমত হতে পারেনি। অধিকতর ক্ষমতাসম্পর
নতুন ধরনের যে এক্সিকিউটিতের প্রস্তাব করা হয়েছে, তা হিন্দু মুসলিম অনৈক্য
প্রশমিত না করে অধিকতর বর্ধিত করবে, আমি সাপ্রন্ম মতো লোকের কাছে এ

আবেদন রাখব যে, তাঁরা যেন কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে ঐক্য প্রতিষ্ঠার চেষ্টা করেন।

### গাদীর প্রতিক্রিয়া

ভারত সচিবের বক্তব্যের তীব্র প্রতিবাদ করেন মিঃ গান্ধী। তিনি বলেন, অনৈকোর জনো ভারতের স্বাধীনতা বিদ্বিত হচ্ছে এ কথা বলে আমেরী ভারতীয় জ্ঞানবৃদ্ধির (Indian intelligence) প্রমাননা করেছেন। ভারতের শ্রেণী বিভেদের জন্যে ব্রিটিশ রাজনীতিকগণই দায়ী। যতোদিন ব্রিটিশ অন্তার মাধ্যমে ভারতকে পদানত রাখবে ততোদিন এ বিভেদ মতানৈক্য চলতে থাকবে। আমি শীকার করি যে, কংগ্রেস ও মুসলিম শীগের মধ্যে দুর্ভাগ্যক্রমে এক দুর্গংঘ্য ব্যবধান রয়েছে। ব্রিটিশ রাজনীতিকগণ কেন স্বীকার করেন না যে এ একটি ঘরোয়া বিবাদ (Domestic quanel)? তারা ভারত ছেভে চলে যাকনা, ভারপর আমি ওয়াদা করছি, কংগ্রেস, লীগ এবং অন্যান্য দল তাদের নিজেদের স্বার্থেই একত্রে মিলিত হয়ে ভারত সরকার গঠনের সমাধান বের করবে। · · · বাইরের কোন হস্তক্ষেপ আহবান না করতে যদি আমরা একমত হই তাহলে সম্ভবতঃ এ সংকট এক পক্ষকাল বিদ্যমান থাকবে। জন্য কথায় ব্রিটিশ ক্ষমতা ছেড়ে চলে গেলে, হিন্দুই যথেষ্ট শক্তিশালী হবে- সংখ্যালঘূদের, বিশেষ করে মুসলমানদের জ্ঞান ফিরিয়ে আনার জন্যে। গাছীজির এ কথা কারো বঝতে বাকী থাকার কথা নয়। ১৯৪৭-এর জুলাই পর্যন্ত তিনি তাঁর এ কথার পুনরাবৃত্তি করতে থাকেন। মুসলিম জাতির অন্তিত্ব সহ্য করতে না পারা এবং উপরোক্ত অশোতন উক্তি পাকিস্তান প্রতিষ্ঠাকে তরাহিত করে।

# প্রতিরক্ষা পরিষদ (Defence Council) গঠন

একচল্লিশের ২০শে জুলাই বোষাই—এর গভর্ণর স্যার রঞ্জার লিউমলী মিঃ
জিল্লাহর নিকটে এ মর্মে ভাইস্রয়ের এক বাণী পৌছিয়ে দেন যে, ব্রিটিশ
সরকারের অনুমোদনক্রমে ভাইস্রয় তার এক্সিকিউটিভ কাউলিল (Executive
Council) অতিরিক্ত পাঁচটি কোর্ট ফাইলসহ বর্ধিত করার সিদ্ধান্ত করেছেন।
নতুন পদ গ্রহণে যাঁরা সম্মত হয়েছেন তারা হলেন স্যার হোসী মোদী, স্যার
আকবর হায়লরী, আর রাও, এম এস এনী এবং স্যার ফিরোঞ্চ ধান নূন। একই

সাথে ত্রিশ সদস্য বিশিষ্ট একটি প্রতিরক্ষা পরিষদ (Defence Council) গঠনের কথাও বলা হয়। দেশীয় রাজ্য থেকেও দশজন সদস্য গ্রহণ করা হবে। এতে মুসলিম সম্প্রদায়ের প্রতিনিধিত্ব অপরিহার্য বিধায় বাংলা, আসাম, পাঞ্জাব এবং সিন্ধুর প্রধানমন্ত্রীগণকেও তিনি সদস্যপদগ্রহণের আমদ্রণ জানিয়েছেন।

পরের দিন মিঃ জিন্নাহ স্যার রজার লিউমলীর পত্রের জবাবে ভাইস্রয়ের পদক্ষেপের প্রতি তীব্র অসন্তোব প্রকাশ করে বলেন, মুসলিম লীগের সভাপতি ও ওয়ার্কিং কমিটিকে ভিভিয়ে এসব ব্যক্তিকে আমন্ত্রণ জানানো নীতিবহির্ভ্ত হয়েছে। আগস্টের ২৪, ২৫ ও ২৬ তারিখে বোছাইয়ে মুসলিম লীগ ওয়ার্কিং কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। ২৫ তারিখের গৃহীত প্রভাবে পাঞ্জাব, বাংলা ও আসামের প্রধানমন্ত্রী মথাক্রমে স্যার সেকান্দার হায়াত খান, ফজলুল হক ও স্যার সা'দুরাহকে ন্যাশনাল ডিফেল কাউন্সিল থেকে পদত্যাগের নির্দেশ দেয়া হয়।

অটিজন মুসলমান প্রতিরক্ষা পরিষদে যোগদানের আমন্ত্রণ এইণ করেন। তাদের মধ্যে পাঁচ জন সিকান্দার হায়াত, ফজলুল হক, সা'নুল্লাহ, বেগম শাহনওয়াজ এবং ছাতারীর নবাব, লীগের নির্দেশক্রমে পাঞ্জাব, বাংলা ও আসামের প্রধানমন্ত্রীগণ ১১ই সেপ্টেম্বর প্রতিরক্ষা পরিষদ থেকে পদত্যাগ করেন। ছাতারীর নবাব হায়দরাবাদ এক্সিকিউটিভ কাউন্সিলের সভাপতি হওয়ার কারণে পূর্বেই পদত্যাগ করেন। বেগম শাহনওয়াজ এবং স্যার সুলভান আহমদ পদত্যাগ না করার জন্যে পাঁচ বছরের জন্যে লীগ থেকে বহিষ্কৃত হন। লীগ ২৬ ও ২৭ তারিকের দিল্লীর বৈঠকে সেন্ট্রাল এসেম্বলীর গোটা অধিবেশন থেকে বাইরে আসার সিদ্ধান্ত করে। তদনুযায়ী ২৮ তারিখে মুসলিম লীগ দল হাউস থেকে ওয়াকআউট করে। তারা অভিযোগ করেন যে, ব্রিটিশ সরকার কেন্দ্রে এবং প্রদেশে লীগকে তার সভ্যিকার দায়িত্ব ও অধিকারের অংশীদারিত্ব প্রদানে অধীকার করেন (The Struggle for Pakistan : I. H. Qureshi, pp. 169-191)

অটোবরের মাঝামাঝি ভাইস্রয়ের এক্সিকিউটিভ কাউন্সিলের সম্প্রসারণ সম্পন্ন করা হয়। একই দিনে অসহযোগ আন্দোলনে সংশ্লিষ্ট বহু কংগ্রেসীকে কারাগার থেকে মুক্ত করে দেরা হয়। কংগ্রেসের একটি অংশ প্রস্তাব করে যে, প্রদেশে আবার ক্ষমতাগ্রহণ করা হোক। কিন্তু মিঃ গান্ধী এতে সম্বত হননি। এদিকে লীগের অবস্থা সংকটমুক্ত ছিলনা। কারণ যেসব দল তাদের স্বার্থ কুর হচ্ছে বলে মনে করে তারা মুসলিম লীগের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়। যদিও বাংলার প্রধানমন্ত্রী এ কে ফজলুল হক প্রতিরক্ষা পরিষদ থেকে এস্কেফা দান করেন, তিনি তা করেছিলেন অনিক্ষাতৃতভাবে। লীগ বিরোধীমহল তাঁকে পরোক্ষতাবে তালের সমর্থনের নিশ্বয়তা দান করে। মুসলিম লীগের একটি দল ফজলুল হক সাহেবের লীগ থেকে বহিষ্কার দাবী করে। অন্যটি নমনীয় হওয়ার পক্ষে ছিল। কায়েদে আয়ম স্বয়ং কিছু অবকাশ দানের পক্ষে ছিলেন যাতে বাংলার প্রধানমন্ত্রী পূর্বের তবস্থায় ফিরে আসতে পারেন। ফজলুল হক দুঃখ প্রকাশ করে যে পত্র দেন তা লীগ ওয়ার্কিং কমিটিতে আলোচনার পর বিষয়টির পরিসমান্তি ঘটে।

কিন্তু বছরের শেষে মিঃ ফজলুল হক এবং তার জনৈক সহকর্মী ঢাকার নবাব, বাংলার আইন পরিষদের লীগ দল থেকে বেরিয়ে কংগ্রেস এবং অনান্য হিন্দু দলের সংগে মিলিত হয়ে কোয়ালিশন সরকার গঠন করেন। পরিষদের ইউরোপিয়ান দলও তাদের সমর্থন ব্যক্ত করে। নতুন কোয়ালিশন সরকার এ কথাই প্রমাণ করে যে, একনিকে কংগ্রেস এবং অপরাদিকে ব্রিটিশ পরকার বাংলায় মুসলিম লীগের প্রভাব বিনষ্ট করতে ঢান। দীগের প্রফ থেকে ফজলুল হক সাহেবের কৈফিয়ৎ তলব করা হলে তিনি গড়িমসি করতে থাকেন। ফলে ১৯৪১ সালের ১১ই ভিসেম্বর ফজলুল হক সাহেবকে লীগ থেকে বহিষ্কার করা হয়। (Creation of Pakistan: Justice Sayed Shameem Husain Kadir, pp. 226-27)

#### व्यंद्वेय व्यथास

ক্রিপ্স্ মিশন

একচন্ত্রিশের শেষ দিকে দ্বিতীয় মহাযুদ্ধ এক ভয়াবহ রূপ ধারণ করে এবং তা ভারত উপমহাদেশের দিকে অগ্রসর হতে থাকে। জ্ঞাপানের হাতে বৃটেন ও তার মিত্রশক্তির দুর্গ সিংগাপুরের পতন ঘটে এবং বার্মার পতনও ছিল আসন্ত্র। কিছু লোকের সহানৃত্তি ছিল জ্ঞাপানের প্রতি। কংগ্রেস নেতাদের অনেকেই বৃটেন ও তার শক্রকে একই চোখে দেখতেন। গান্ধী বলেন, ব্রিটিশ সাম্রাজ্যের দুক্তমের শান্তিস্বরূপ তগবান হিটলারকে পাঠিয়েছেন। কংগ্রেস মনে করতে। যুদ্ধে বৃটেন কোপ্ঠাসা হয়ে পড়লে তার পেকে বেশী বেশী রাজনৈতিক ফায়দা হাসিল করা যাবে।

সাতই মার্চ ১৯৪২, জাপান বার্মা দখল করে। তার মাত্র চার দিন পর ১১ই মার্চ ব্রিটিশ প্রধানমন্ত্রী সারে উইনস্টন চার্চিল হাউস্ অব্ কমন্দে গুরুত্বপূর্ণ বিবৃত্তি দানের পর ওয়ার কেবিনেট (War Cabinet) কিছু সিদ্ধান্তে উপনীত হয়। সিদ্ধান্তগুলো একটি খসড়া ঘোষণায় সন্ধিবেশিত হয়। সেই খসড়া ঘোষণা নিয়ে সার স্টাফোর্ড ক্রিপ্স ২৯শে মার্চ ভারতে আগমন করেন। খসড়ার ভূমিকায় বলা হয় যে, একটি নতুন ভারতীয় ভমিনিয়ন গঠন এ ঘোষণার উদ্দেশ্য।

খসড়া ঘোষণার দারমর্ম নিমন্ত্রপ ঃ

যুদ্ধশেষ ইওয়ার সাথে সাথে সংবিধান রচনার জন্যে ভারতে একটি 'বডি' বা পরিষদ গঠন করা হবে। দেশের প্রাদেশিক শরিষপগুলোর আনুশান্তিক প্রতিনিধিত্বের ভিত্তিতে এ পরিষদ নির্বাচিত করবে। এতে দেশীয় রাজ্যগুলোর প্রতিনিধিত থাকবে।

এ বডি বা পরিষদ কর্তৃক রচিত যে কোন সংবিধান বৃটেন গ্রহণ করবে তিনটি শর্তে ঃ

যে কোন প্রদেশ প্রস্তাবিত ইউনিয়নে যোগদান করা থেকে বিরত
থাকতে পারবে তাদের শাসনতান্ত্রিত মর্যাদাসহ। এ ধরনের প্রদেশগুলো
ইচ্ছা করলে প্রস্তাবিত ইউনিয়নের খনুরূপ নিজেদের পৃথক ইউনিয়নও
গঠন করতে পারবে।

- যেহেত্ ব্রিটিশের হাত থেকে ভারতীয়দের হাতে ক্ষমতা পরিপূর্ণরূপে
  হত্তান্তরিত হতে যাক্ষে, সেজন্য এ সম্পর্কিত যাবতীয় ব্যাপারে বৃটেন
  এবং শাসনতন্ত্র প্রথমনকারী পরিষদের মধ্যে একটি চুক্তি সম্পন্ন হবে।
  এ চুক্তি সংখ্যাকঘুদের স্বার্থ সংস্কর্পের ব্যবস্থা করবে।
- গেনীয় রাজ্যসমূহ যদি শাসনতন্ত্র মেনে না নেয়, তাহলে তাদের চুক্তি
  বাবস্থায় কিছু রদবনগের জন্যে তাদের সাথে আলোচনার প্রয়োজন
  হবে।

স্যার স্টাফোর্ড ক্রিপ্স্ ৩০শে মার্চ বেতার ভাষণের মাধ্যমে থসভা ঘোষণার ঝাখ্যা দান করেন। বেভার ভাষণের পর ক্রিপ্স্ দ্বীমটি গ্রহণ করার জন্যে সকল ভারতবাসীর প্রতি আবেদন জনোন।

## ভারতীয়দের প্রতিক্রিয়া

স্যার স্টাফোর্ড ক্রিপ্স্ ভারতের রাজনৈতিক নেতানের সাথে জালাপ আলোচনা অব্যাহত রাখেন। তিনটি বিষয়কে কেন্দ্র করেই এ আলোচনা চলতে থাকে। (এক) প্রস্তাবিত ভারতীয় ইউনিয়নে প্রদেশের যোগদান না করার স্বাধীনতা। (দুই) শাসনতন্ত্র প্রথমন পরিষদে দেশীয় রাজ্যগুলোর প্রতিনিধিত্ব এবং (তিন) সত্ত্রর একটি দায়িত্বশীল সরকার গঠন।

বসড়া ঘোষণার নন্ এক্সেশন ক্লজে (Non-accession Clause) প্রদেশগুলোকে এ বাধীনতা দেরা হয়েছে যে, ভারতীয় ইউনিয়নে যোগদান করা থেকে তারা বা কোন কোন প্রদেশ বিরত থাকতে পারে। এ সম্পর্কে কংগ্রেসের প্রতিক্রিয়া ছিল ভয়ানক তীব্র। তার ধারণা, এতে ভারতের অবভতার প্রতি চরম আঘাত হানা হবে। তাই তা কিছুতেই মেনে নেয়া যায় না।

দেশীয় রাজ্যগুলোর প্রতিনিধিত্বের প্রশ্নে কংগ্রেসের দাবী হলো যে, যুক্ত
নির্বাচন পছতিতে প্রতিনিধি নির্বাচিত হবে। এতে কংগ্রেসের সৃবিধা এই যে
নির্বাচিত প্রতিনিধিরা সংখ্যাগরিষ্ঠ কংগ্রেসেকে সমর্থন করবে। এ ব্যবস্থা কিন্তু
মুসলিম লীগ মেনে নিতে পারেনা। তৃতীয়তঃ কংগ্রেসের জোর দাবী এই যে
কেন্দ্রে সম্বুর একটি দায়িত্বশীল সরকার গঠন করা হোক। এতে মুসলিম লীগ
কৃদ্র সংখ্যাগগৃতে পরিণত হবে বলে ভারা এ দাবী মেনে নিতে পারেনা।

স্যার স্টাফোর্ড ক্রিপ্সের সাথে কংগ্রেস প্রেসিচেন্টের কিছু দিন যাবত পত্র বিনিময় হয়। কিন্তু কংগ্রেসের দাবী মেনে নেয়া হয়নি বলে ১১ই এপ্রিপ কংগ্রেস ক্রিপুস্ প্রতাব প্রত্যাখ্যান করার ঘোষণা করে।

মুসলিম লীগও ক্রিপ্স্ প্রস্তাব মেনে নিডে পারেনি। মুসলিম লীগের কথা এই যে, যতোক্ষণ না পাকিস্তান স্থীমের মূলনীতি মেনে নেরা হয়েছে এবং মুসলিম তারতের সতিকোর রায় প্রতিফলিত হয় এমন কোন পদ্ধতিতে মুসলিমদের আত্মনীয়ন্ত্রণাধিকার মেনে নেরা না হয়েছে, তবিধাতের কোন স্থীম বা প্রস্তাব মুসলিম লীগ মেনে নিতে পারবে না।

## ক্রিপস মিশনের বার্থতার পর

ক্রিপ্স্ মিশন বার্থ হওয়ার পর হয়ং কংগ্রেস চরম বার্থতা ও নৈরাশ্যের শিকার হয়। কংগ্রেস চেয়েছিল একটি জাতীয় সরকার গঠনের মাধ্যমে উপমহাদেশের উপর তার শাসন কমতা প্রতিষ্ঠিত করতে। এ ছিল ভারতীয় মুসলমানদের পদদলিত করে রাখার এক নির্মম দুরভিসন্ধি। যাহোক ব্রিটিশ সরকার তাঁদের স্বাংগই কংগ্রেসের এ অন্যায় আবদার মেনে নিতে পারেননি।

বৃটেন যুদ্ধে থেরে গেছে এটাকে স্বতঃসিদ্ধ মনে করে গান্ধী ১৯৪০-এর মে
মাসে ভাইস্রয়কে লিখিত এক পত্রে বলেন, "এ নরহত্যা বন্ধ করতে থবে।
ভাষরা ত হেরে যাঙ্গা এর পরও যদি জিন ধরে থাক, তাহলে অধিকতর
রক্তপাত ঘটবে। হিটলার একজন মন্দ লোক নয়। তোমরা আজ যুদ্ধ বন্ধ করলে,
সেও তোমাদের অনুসরণ করবে।" ভাইস্রয় এ ঔদ্ধত্য ও বিশ্বাসধাতকতার
জবাব অতি নম্রতাবে দিয়ে বলেন, আমরা এখন যুদ্ধরত আছি। আমরা আমাদের
সক্ষ্যে পৌছার পূর্বে আমরা নড়চড় করব না। আমাদের জনো আপনার উৎকঠা
বশ্বতে পারছি। তবে সব ঠিক ঠাক হয়ে যাবে।

গান্ধী ভাইস্রয়ের জবাবে তুই না হয়ে ৬ই জুলাই প্রত্যেক ইংগ্ডবাসীর প্রতি এক আবেদনে বলেন, অপ্ত সংবরণ কর। কারণ এ তোমাদের নিজেদেরকে এবং মানবতাকে রক্ষা করতে বার্থ হয়েছে। তোমরা হিটলার ও মুসোলিনিকে ডেকে আনবে এবং তারা তোমাদের সব কিছুই কেড়ে নেবে। ঠিক আছে, তাদেরকে তোমাদের মনোরম অট্রালিকাদিসহ তোমাদের সুন্দর দ্বীপ দখল করতে দাও।

—(The Struggle for Pakistan, I. H. Qureshi; Both the letter are quoted in G.D. Birla in the Shadow of the Mahatma: A Personal Memoir (Bombay, 1953, p. 302)

## ক্রিপ্সের বেতার ভাষণ

স্যার স্থাফোর্ড ক্রিপ্স্ ২৬শে জ্লাই, আমেনিকাবাসীদের জন্যে তাঁর প্রদন্ত বেতার ভাষণে, তাঁর ভারত ভ্রমণের সময় থেকে সর্বশেষ জীতিপ্রদর্শন পর্যন্ত কংমেস রাজনীতির পটভূমি ব্যাখ্যা করেন। তিনি বলেন, কোন দায়িত্বশীল সরকার বংগ্রেসের দাবী বিবেচনা করতে পারেন না। কংগ্রেস আধিপত্যের চরমবিরোধী মুসলমানগণ এবং কয়েক কোটি অনুরত সম্প্রদায়ও এ দাবী মানতে পারে না। গান্ধীর দাবী মেনে নেয়ার অর্থ চরম জরাজকতা ও বিশৃংথলা সৃষ্টি করা।

তিনি অরও বলেন, আমরা একজন কল্পনাপ্রবণকে প্রাচ্যে জাতিসংখের বিজয় প্রচেষ্টাকে ব্যাহত করতে দিতে পারি না, তিনি অতীতে যভোবড়োই স্বাধীনতা সংগ্রামী থাকুন না কেন।

পভিত নেহক উক্ত বেতার ভাষণের প্রতিবাদে স্টাফোর্ড ক্রিপ্সকে 'শয়তানের উকিল' (Devil's advocate) বলে অভিহিত করেন। তিনি বলেন, বৃটেন ভারতের বে অনিষ্ট করেছে এবং এখন ও করছে, তার জন্য তার উচিত ছিল অনুতপ্ত হ'য়ে অতি বিনীতভাবে আমাদের নিকটে আবেদন পেশ করা।

মুসলমানদের কংগ্রেস নাবীর বিরোধিতাকে নেহরু প্রত্যাখ্যান করে বলেন, আমার মুসলমান দেশবাসীকে আমি ন্যার স্থাকোর্ড ক্রিপৃস্ অপেক্ষা তালোতাবে জানি এবং তাদের সম্পর্কে যা বলা হয়েছে তা অপবাদ মান্তঃ (The Suuggle for Pakistan, I.H. Qureshi; Documents on the Indian Situations Since the Cripps Mission, pp 47-48)

'ভারত ছাড়' আন্দোলন (Quit India Movement)

নিখিল ভারত কংগ্রেস কমিটি ১৯৪২ সালের ৮ই আগস্ট বোধাইয়ে অনুষ্ঠিত ভার অধিবেশনে 'ভারত ছাড়' (Quit Inclia) প্রভাব গ্রহণ করে। এর মনস্তাত্ত্বিক কারণ বড়ো দুঃখজনক।

কংগ্রেস নেতৃবৃন্দ মনে করেছিলেন যে যুদ্ধে মিত্র শক্তির পরাজয় অবধারিত।
এই সুযোগে দেশে চরম বিশৃংখলা সৃষ্টি করে সমগ্র দেশের শাসন ক্ষমতা হস্তগত
করা ছিল কংগ্রেসের পরিকন্ধনার অধীন। এতাবেই মুসলমানদের সকল দাবী
দাওয়া প্রত্যাখ্যান করে উপমহাদেশে হিন্দুরাজ প্রতিষ্ঠা করা যাবে। কংগ্রেসের এ
পরিকন্ধনার স্বীকৃতি পাওয়া যায় মাওলানা আবৃল কালাম আযাদ–এর 'ইভিয়া
উইন্সু ফ্রীডম' প্রস্থে। তিনি বলেনঃ

তাঁর মনে এ পরিকল্পনা ছিল যে, যেইমাত্র ভাপানীরা বাংগার গৌছে যাযে এবং ব্রিটিশ সৈন্য বিহারে পিছু হটে জাসবে, কংগ্রেস গোটা দেশের নিয়ন্ত্রণভার গ্রহণ করবে। কিন্তু কংগ্রেসের এ পরিকল্পনা অমূলক ও অবাস্তব প্রমাণিত হয়।

যাহোক, কংগ্রেস ৮ই আগস্টে গৃহীত তার প্রস্তাবে ঘোষণা করে যে, সময়ের দাবী এই যে তারতে ব্রিটিশ শাসন শেষ হতে হবে। তবিষ্যতের কোন প্রতিপ্রতিত্ব কোন উন্ধৃতির কোন উন্ধৃতি সাধন করবেনা। অতএব ঋতি সত্ত্বর তারতের স্বাধীনতার খোষণা দিতে হবে। অতঃপর দেশের প্রধান প্রশান দলগুলার সহযোগিতায় একটি সাময়িক সরকার গঠিত হবে। তার কাজ হবে তারতের প্রতিরক্ষা এবং আগ্রাসন প্রতিরোধ করা। কংগ্রেস কমিটি তারতের শ্বাধীনতার সমর্থনে অহিংস পন্থায় চরম গণআন্দোলন শুরু করার প্রস্তাব অনুমোদন করে। গান্ধী একে প্রকাশ্য বিদ্রোহ (Open rebellion) বলেজভিহিত করেন যা কোন সরকারই বরদাশত করতে পারেনা। অতএব পরনিন ৯ই আগস্ট সকল কংগ্রেস নেতাকে গ্রেকতার করা হয় এবং কংগ্রেসকে বেজাইনী ঘোষণা করা হয়।

এমন তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণের গরও কংগ্রেসের কর্মসূচী ব্যাহত করা সঞ্জব হয়নি। গান্ধী যেটাকে অহিংস বলেন ভাই প্রকৃত পক্ষে সহিংস। অতএব দেখা গোল সকল হিন্দু প্রদেশগুলোতে ব্যাপকহারে বিশৃংখলা ও ধ্বংসাত্ত্বক ক্রিরাকান্ড শুরু হয়েছে। রেশক্টেশন স্থানিয়ে দেয়া, রেল লাইন উৎপাটন, টেনিগ্রাফ তার কেটে দেয়া, পোষ্ট অফিস লুঠন করা ও স্থানিয়ে দেয়া প্রভৃতি 'অহিংস' (?) তৎপরতা পুরা মাত্রায় চলতে থাকে। বহু স্থানে হত্যাকান্ডও সংঘটিত হয়।

মুসলিম লীগ ত দূরের কথা বহু হিন্দু সংগঠনও কংগ্রেসের এহেন হঠকারী কর্মসূচী সমর্থন করতে পারেনি। ডঃ আছেনকার কংগ্রেস অভিযানের তীর সমালোচনা করেন। লিবারালগণ এবং তেজবাহাদুর সাঞ্চ ও জয়াকর বিরূপ মন্তব্য করেন। ইভিয়ান ন্যাশনালিষ্ট লীগ গান্ধীর এ নির্বোধ আচরণের নিন্দা করেন। তারতের কমিউনিষ্ট পার্টিও এ আন্দোলন থেকে দূরে থাকে। ভাই পরমানন্দ, হিন্দু মহাসভার ভাইস্ প্রেসিডেন্ট 'ভারত ছাড়' আন্দোলনের সমালোচনা করেন এবং প্রেসিডেন্ট ভিতি সাভারকার তাঁর অনুসারিদেরকে কংগ্রেস অভিযান সমর্থন না করার নির্দেশ দেন। (The Struggle for Pakistan, I. H. Qureshi, p. 190)

কাষেদে আজম মুহামন আলী জিল্লাহ 'কুইট্ ইন্ডিয়া' আন্দোলনকে বেয়নেটের মুখে বল প্রয়োগে তাদের দাবী মেনে নিতে বাধ্য করার এবং মারাত্মক গৃহযুদ্ধের সমত্লা মনে করেন। সরভারের বিরুদ্ধে এ বিদ্রোহ প্রকৃত পক্ষে মুসলিম লীগ ও জন্যানা জকংগ্রেসী সংগঠনগুলোর বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা। এতে কোন সন্দেহ নেই যে কংগ্রেসের এ আন্দোলন জবৈধ এবং জ্বসাংবিধানিক। কারণ এর উদ্দেশ্য একটি প্রতিষ্ঠিত সরকার উদ্ভেদ করা।

বৃট্টেনবাসী এবং তথাকার বিভিন্ন গত্রপত্রিকা এ আন্দোলনের তীর সমালোচনা করে। ইউরোপ আমেরিকার পত্র পত্রিকাও আগস্ট আন্দোপনের বিরূপ সমালোচনা করে।

বিতীয় মহাযুদ্ধের সংকটপুর্ণ সময়ে ব্রিটিশ সরকারের বিরুদ্ধে কংগ্রেসের বিদ্রোহ ঘোষণার উদ্দেশ্য ছিল তড়িঘড়ি সমগ্র ভারতের ক্ষমতা কুক্ষিগত করা। তার ধন্যে ব্যাপক ধ্বংসাত্মক তৎপরতা পরিচালনা করা হয়। এ কারণেই ক্রিপ্স প্রস্তাব প্রত্যাখ্যান করা হয়।

এ আগন্ট আন্দোলনের আরও একটি কারণ ছিল এই যে যুদ্ধ শেষ হওয়ার পর ক্ষমতা হস্তান্তর বিলম্বিত হলে দেশ বিভাগ তথা পাঞ্জিতান প্রতিষ্ঠা নিষ্ঠিত হয়ে পড়বে। ত্রতএব ভারত বিভাগ ও পাকিস্তান প্রতিষ্ঠা বানচাল করতে হলে ভারতের ক্ষমতা হস্তগত করা ব্যতীত গত্যন্তর নেই। এ ছিল কংগ্রেসের অপরিণামদলী চিন্তা ও পলিসি।

# সি, আর ফর্মলা

উপমহাদেশে মুসলমানদের প্রতি হিন্দুকংগ্রেসের বিদ্বেবাত্মক মনোভাব এবং তাদের নির্মাণ করে অথবা নিদেনপক্ষে পদদলিত করে রেখে রামরাজা প্রতিষ্ঠার দুঃস্বপু কংগ্রেস নেতৃবন্দের ভারসাম্য নষ্ট করে ফেলেছিল। এ কারণে তার জাগাণোড়া পলিসি এই ছিল যে, যে কোন ব্যাপারে যদি দেখা যায় যে মুস্পুমানগণ সামান্য কিছু সুযোগ সুবিধা লাভ করছে, তখন নিজের নাক কেটে পরের যাত্রা ভংগ করার ন্যায় কংগ্রেস তা কিছুতেই হতে দেবে না। ক্রিপুস প্রভাবে কিছুট। পাবিল্ডান বা ভারত বিভাগের গন্ধ স্বাবিষ্কার করে কংগ্রেস তা প্রত্যাখ্যান করে। অতঃপর যুদ্ধে ব্রিটিশের পরাজয় অবধারিত মনে করে 'ভারত ছাড়' (Ouit India) আন্দোলন তথা ভারতের সর্বত্র বিশেষ করে হিন্দু অধ্যুষিত প্রদেশগুলোতে চরম ধ্বংসাতাক কর্মকান্ড শুক্র করে। আশা করেছিল, ভাগানীরা ভারতের একাংশ দখল করে ফেল্লে ব্রিটিশ সরকার কংগ্রেসের দাবী মানতে বাধ্য হবে এবং সারা ভারতে সে ভার আধিপত্য প্রতিষ্ঠিত করতে সক্ষম হবে। কিন্তু ফণটি হয়েছে উল্টো। 'ভারত ছাড়' আন্দোলন কোন মহলই সমর্থন করেনি। এমন কি হিন্দু মহাসতা ও কমিউনিস্ট পার্টি পর্যন্ত এর তীব্র সমালোচনা করেছে। কংগ্রেসকে অবৈধ ঘোষণা করা হয়েছে, গান্ধীসহ সকল নেডাকে গ্রেফভার করে কারাগারে পাঠানো হয়েছে।

অপরদিকে মুসলিম লীগের দুরদৃষ্টিসম্পন্ন পলিনি তার জনপ্রিয়তা ভেতরে বাইরে বর্ধিত করেছে। ১৯৪৩ এবং ১৯৪৪ সালে বাংলা, আসাম, সিন্ধু ও উত্তর পণ্ডিম সীমান্ড প্রদেশে মুসলিম লীগ মন্ত্রীসতা বলবং ছিল। পাঞ্জাবে ইউনিয়নিষ্ট পার্টির মন্ত্রীসতা বলবং থাকলেও তাঁরা মুসলিম লীগ ও তারত বিভাগ সমর্থন করতেন। হলে জনগণের সাথে গতীর যোগাযোগ থাকার কারণে মুসলিম লীগের জমপ্রিষ্টতা বাড্তে থাকে এবং পাকিস্তান আন্দোলনও পক্তিশালী হতে থাকে। এতে করে কংগ্রেস নেতৃতৃল চরম হতাশাগ্রন্ত হয়ে পড়েন।

সাতাশে খুপাই ১৯৪৩, তাইস্রায় শর্ড ওয়াতেলের পাছে পিখিত এক শরে গানী বলেন, অসহযোগ খানোলন প্রত্যাহরে করতঃ যুদ্ধ প্রচেইয়া পূর্ণ সহবোগিতা করার জন্যে কর্তেস ওয়ার্কিং কমিটিকে পরামর্শ নিতে তিনি প্রস্তুত, যনি সত্বে ভারতের স্বাধীনতা ভোষণা করা হয় এবং কেন্দ্রীয় সংসদের নিকটে দার্যী একটি জাতীয় সরকার গঠন করা হয় এ শর্তে যে যুদ্ধ চলাক্তানে সামরিক তৎপরতা যেমন আছে তেমন চলভে থাকবে কিব্ ভারতের উপর কোন আর্থিক বোঝা চাপানো স্ববেনা।

ভাইস্রা এ পত্রের জবাব দেন ১৫ই জাগাই। এতে গান্ধীর প্রভাব প্রত্যাখান করা হয়। বলা হয়, যুদ্ধ শেষ হওয়ার পর সর্বসমত শাসনতন্ত্র প্রদীত হলে বিটিশ সরকার ভারতের স্বাধীনতা খোষণা করতে প্রপুত আছেন। তার পূর্বে বৃট্টেনের সাথে একটি চুক্তিও সম্পানিত হতে হবে। গান্ধীর দাবী অনুষায়ী কেন্দ্রীয় পার্লামেন্টের নিকট দারী একটি জাতীয় সরকার খঠন করতে হলে বর্তমান শাসনতন্ত্র পরিবর্তন করতে হবে। জা এখন কিছুতেই সঞ্জব নয়। তবে ভাইস্বায়ে বলেন, বর্তমান পরিস্থিতিতে প্রচলিত শাসনতন্ত্রের অধীন একটি পরিবর্তনকালীন সরকার (Transitional Gove.) গঠনে সহযোগিতা করার জন্যে সকলের প্রতি আহ্বান জানাছি। সকল দল তবিষ্যুৎ শাসনতন্ত্র প্রণয়নের পত্না পদ্ধতি নিয়ে নীতিগতভাবে একমত হলে প্রভাবিত সর্বায়র তাল কাজ করতে পারবে।

গাছী খাঁর পতাবসুলভ প্রভিত্রিন্যা ব্যক্ত করে বপেন, ব্রিটিশ সরকার ৪০ কোটি মানুষের উপর যে শাসন ক্ষমতা লাভ করে আছেন, তা তভোক্ষণ পর্যন্ত হক্ষমতা করেতে রাজী নন, যতোক্ষণ না ভারতবাসী তা ছিনিছে নেরার ক্ষমতা লাভ করেছে।

মিঃ গান্ধীর এ কথায় আর একটি সহিংস আন্দোলনের হমকি প্রশান ছিল।

খাখেক ভাইস্ররের নিকট থেকে নৈরাশ্যঞ্জনক জ্ববাবে কণ্ডিপম কংগ্রেস নেতা কারেদে আজম মুহাখন অলী জিলাহর সাথে যোগাযোগ করার প্রয়োজনীতা অনুতব করেন। তানের ধারণা, কংগ্রেস তার প্রক্রের সারকারের সাথে একটা সমঝোভায় আসতে পারলে ত ব্বই তালো হতো। কিছু ভা মধন স্থাব নয়, তথন মুসলিম লীগের সাথেই একটি সমকোতা জতাবশাক হয়ে পড়েছে।

ভংগ্রেসের এ ধরনের মনোভার পরিবার্তনের পূর্বে প্রবীণ কংগ্রেসী নেতা রাজা গোপাদাচরিয়া এ সিভাগ্রে উপনীত হন যে, শাসনতান্ত্রিক অচলারস্থার অবসানের জনো ভারত বিভাগ অপরিয়ার্থ। তিনি এ বিষয়ে কংগ্রেস নেতৃবৃদ্ধকে সমত করার অনে জনসভায় তীর মনোভাব বাক্ত করতে থাকেন। তেতান্তিশের এপ্রিল মান্তাজের এক জনসভায় তিনি বলেন, আমি পাকিস্তানের পঞ্চে। কারণ আমি এমন তাই চাই না, যোখানে আমানের হিশু ও মুসলিম উভয়ের কোন মান লয়ান নেই। মুসলমান পাকিস্তান নাত করুক। আমরা সমত হলে দেশটি রক্ষা পাবে। ব্রিটিশ সরকার অসুবিধা সৃষ্টি করলে তার মুক্তাবিলা আমরা করবো। অমি পাকিস্তানের গঞ্চে— তবে আমি মনে করি কংগ্রেস একে রাজী হবে না। (The Struggle for Pakistan, I. H. Qureshi p. 205, Speech in Madras — April., 1943, quoted in Khaliquzzaman, p. 309)

রাজা গোপালাচারিয়া আরও বলেন, আমরা ব্রিটিশ শাসনের অবসান চাই।
বিশ্ব-মুসলমানের রাজনৈতিক মতানৈকাও আমরা মিটাতে চাই। মুসলমানদের
অঠিনিধিত্বশীল হিসাবে মুসলিম লীগকে আমাদের মেনে নিতে হবে। তারা চায়
থে আমরা তানের লাবী মেনে নিই। তানের সবচেয়ে গুরুত্বপূর্ণ দাবী
পাকিস্তান।

-(The Struggle for Pakistan, I. H. Qureshi, pp. 204-205)

রাজা গোণালাচারিয়া তেডাব্লিশ সালে একটি ফর্ম্পা তৈপ্পার করেন যা সি,
মার ফর্ম্পা নামে অভিহিত। ফর্ম্পাটি কংগ্রেস সীগের মধ্যে সমঝোতার ভিত্তি
বিদাবে কান্ধ করবে বলে তিনি মনে করেন। জেলে গান্ধীর জনশনরত জবস্থায়
তীর সারে সাক্ষাৎ করে ফর্মুগাটি তাঁকে নেবানো হয় এবং গান্ধী তা জনুমোনন
করেন। জতঃপার ১০ই জুলাই ১৯৪৩, ফর্মুগাটি সংবাদপত্রে প্রকাশিত হয়।

কংগ্রেস রবং মুসলিম লীগের মধ্যে সমঝোতার ভিত্তিপরণ কর্ম্পাটি মহাগ্রা গান্ধী এবং মিঃ জিল্লাহ মেনে নিয়ে তাঁরা যবাক্রমে কংগ্রেস এবং মুসলিম লীগকে মেনে নেমার জনো চেক্টা চালাকেন। কর্মুলার বিবয়বক্ নিত্রমণ ঃ

- স্বাধীন ভারতের শাসনতন্ত্র সম্পর্কে নিম্নোক্ত শর্ভাবলী সাপেক্তে মুস্পিম পীগ ভারত স্বাধীনভার দাবী সমর্থন করছে এবং পরিবর্তনশীল সময়ে একটি সাময়িক মধাবর্তী সরকার গঠনে কংগ্রেসের সাথে সহযোগিতা করবে।
- ২. ভারতের উত্তর পশ্চিম ও পূর্বাঞ্চলে, ষেখানে মুসলমান নিরংকুশ সংখ্যাগরিষ্ঠ, সেখানে সীমানা নির্ধারণের জন্যে একটি কমিশন নিয়োগ করা হবে। তারপর সে সব অঞ্চলে বয়য়দের ভোটাধিকারের ভিত্তিতে গণভোট অনুষ্ঠিত হবে এবং গণভোট ঘারা ভারত থেকে পূথক হওয়ার বিষয়টি মীমাংসিত হবে। ভারত থেকে পূথক একটি সার্বভৌম রাষ্ট্রের সপক্ষে যদি সংখ্যাগরিষ্ঠ ভোট পাওয়া যায় তাহলে সিদ্ধান্ত কার্যকর হবে। তবে সীমান্তের জেলাগুলোর যে কোন রাষ্ট্রে যোগদানের অধিকার থাকবে।
- ৩, গণঙোট জনুষ্ঠানের পূর্বে সকল দলের বক্তব্য পেশ করার অধিকার থাকবে।
- ভারত থেকে আলাদা হওয়ার সিদ্ধাপ্তের পর প্রতিরক্ষা, ব্যবসাবাণিক্য এবং যোগাযোগ ব্যবস্থার কল্যে পারস্পরিক চুক্তি সম্পন্ন করতে হবে।
- অধিবাসী স্থানান্তর হবে সম্পূর্ণ স্বতঃপ্রবৃত্ত ও ঐক্ছিক।
- ভারত শাসনের জন্যে বৃটেন কর্তৃক সকল ক্ষমতা ও দায়িত্ব হস্তান্তরের বেগায় কর্মূলার শর্তাবলী অবশ্য পালনীয় হবে।

মুসলিম লীগ ওয়ার্কিং কমিটি ফর্মুলাটি পরীকা নিরীক্ষার পর এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব জিলাহর উপর অর্পিত হয়।

বিষয়টি নিয়ে গান্ধী—জিল্লাহর মধ্যে বহু পত্র বিনিমন্ত হয়। জিল্লাহ কতকগুলো প্রপ্ল উত্থাপন করেন। গান্ধী সকল প্রপ্লের সম্ভোষজনক জবাব দিতে ব্যর্থ হন।

# সি, আর ফর্মলার ব্যর্থতার কারণ

রাজা গোপালাচারিয়ার ফর্মুলার ব্যর্থতার কারণ অনুসন্ধান করতে গেলে মনে কতকগুলো প্রপ্লের উদয় হয়। এ নিয়ে গান্ধীর জিন্নাহর সাথে দীর্ঘ পত্র বিনিময়ের উন্দেশ্য কি ছিল? এ ব্যাপারে কংগ্রেসের মনোভাব কি ছিল? অন্যান্য দলের অভিমত কি ছিল?

৪৫০ বাংলার মুসলমানদের ইতিহাস

আপোচনার ব্যর্থতার প্রধান কারণ, গান্ধী মুসলমানদের পাকিন্তান দাবী কিছুতেই মেনে নিতে পারেন নি। টু নেশন থিয়রী তিনি প্রত্যাখ্যান করেন এবং একমাত্র কংগ্রেসকেই তিনি সকল ভারতবাসীর প্রতিনিধিত্বশীল সংগঠন বলে বিশ্বাস করেন। আলোচনার উদ্দেশ্য ছিল বিশ্ববাসীকে দেখানো যে তিনি একটা সমঝোতায় উপনীত হওয়ার চেষ্টা করেছেন।

#### সাঞ্চ প্রস্তাব

দি, আর ফর্মূলা বার্থ হওয়ার পর স্যার তেঞ্চবাহাদুর সাপ্রু কতিপয় প্রস্তাব পেশ করে কংশ্রেস-মুসলিম লীগের মধ্যে সমঝোতা সৃষ্টির চেষ্টা করেন। বিগত ১৯৪১ সালে তিনি একটি নির্দলীর সম্মেদন আহবান করেন। তাতে ফল কিছু হয়নি।

সাঞ্চ নির্দলীয় সম্মেলনের স্ট্যান্ডিং কমিটি ১৯৪৪ সালের ৩রা ডিসেম্বর এলাহাবাদে মিলিত হয় এবং একটি কন্সিলিয়েশন কমিটি গঠন করে। তার সদস্য হলেন, স্যার তেজবাহানুর সাঞ্চ (চেয়ারম্যান), এম, আর জয়াকর (তিনি হাজির হননি), বিশপ্ ফস্ ওয়েস্টকট, এস, রাধাকৃষ্ণন, স্যার হোসি মোদী, স্যার মহারাজ সিংহ, মুহাম্মদ ইউনুস, এন আর সরকার, ফ্রাংক একনী এবং সম্ভ সিংহ।

জতঃপর সাক্র ১০ই ডিসেংর জিল্লাহর নিকটে লিখিত পত্রে কন্সিলিয়েশন বোর্ডের শক্ষা–উদ্দেশ্য বর্ণনা করে সাক্ষাতপ্রার্থী হন।

জিলাহ ১৪ই ভিসেধর পত্তের জবাবে বলেন, তিনি কোন নির্দলীয় সম্মেলন 
অথবা তার স্ট্রান্ডিং কমিটিকে কোনব্রূপ স্বীকৃতি দানে নারাজ। সাক্র্যু পরের 
বছর, ১৯৪৫ সালের ৮ই এপ্রিল তার কন্সিলিয়েশন কমিটির প্রস্তাবগুলির 
ঘোষণা দেন।

কমিটির প্রস্তাবগুলোতে কংগ্রেসের মনোতাবই পরিফুট হয়েছে। প্রস্তাবের প্রথম দফায় তারত বিভাগের দৃঢ়তার সাপে বিরোধিতা করা হয়েছে। পূথক নির্বাচন রহিত করারও প্রস্তাব করা হয়েছে। এ প্রস্তাবগুলো মুসলমানদের নিকটে যে কিছুইতেই গ্রহণযোগ্য হতে পারেনা তা বলার প্রয়োজন করে না। জিল্লাহ এ কমিটিকে কংগ্রেসের গৃহ চাকরানীর সাথে তুলনা করে বলেন, এ কমিটি গান্ধীর সূত্রে সূর মিপিয়েই কথা বলেছে।

# দেশাই-লিয়াকত চুক্তি

নতুন বছর ১৯৪৫ খাগমনের পর নতুন রাজনৈতিক হাওয় প্রবাহিত হতে থাকে। বিগত খাগন্ত আলোলনের অপরাধে তখনও কংগ্রেস নেতৃতৃন্দ কারাগারে। তারতের পত্রপত্রিকায় কংগ্রেস—লীপের মধ্যে চুক্তির খবর বা গুজৰ প্রকাশিত হতে থাকে। কেন্দ্রীয় আইনসভার কংগ্রেস সদস্যগণ কয়েক মাদ ধরে নিয়মিত আইনসভায় যোগদান ভরতে থাকেন এবং আইনসভায় মুসলিম লীগ সদস্যদের সাথে মিলেমিশে কাজ করতে থাকেন। কংগ্রেস পার্লামেন্টারী পার্টির নেতা ভূলাভাই দেশাই লীগ দলের নেতা লিয়কত আলী খানের সাথে পুরোপুরি একমত হয়ে কাজ করছেন বলে শুনা যায়। একটি সাময়িক জাতীয় সরকারের সংবিধান নিয়ে উভয় নেতা একটি সমঝোতায় উপনীত হয়েছেন বলেও শুনা যায়। দেশাই ১৩ই জানুয়ারী ভাইসরয়ের প্রাইভেট সেক্রেটারী স্যায় ইভান জেনকিপের সাথে এবং ২০শে জানুয়ারী ভাইসরয়ের সাথে সাক্ষাৎ করেন। এ সাক্ষাতে দেশাই—লিয়াকতের মধ্যে একটা চুক্তি হয়েছে বলে ভাইসরয়েক অবহিত করা হয়। দেশাই বলেন, এ চুক্তির প্রতি গান্ধীয় সমর্থন আছে। তিনি আরও বলেন যে, লিয়াকত আলীয় সাথে আলোচনার বিষয় সম্পর্কে জিয়াহ অবহিত আছেন এবং তিনি এ কথিত চুক্তি অনুমোলন করেন।

কৰিত চুতিনট ছিল নিমান :

কংগ্রোস এবং লীপ একমত যে তাঁরা কেন্দ্রে একটি মধাবর্তী সরকারে যোগদান করবেন। তা নিম্ন পদ্ধতিতে গঠিত হবেঃ

- কংগ্রেস এবং গীগ সমসংখ্যক সদস্য মনোনয়ন করবে (মনোনীত ব্যক্তিগণের কেন্দ্রীয় আইনসভার সদস্য হওয় জরন্বী নয়)।
- (খ) সংখ্যালপুদের প্রতিনিধি (বিশেষ করে তফ্শিলি সম্প্রদায় এবং শিখ)।
- (প) সামরিক বাহিনী প্রধান।

সরকার গরিত হওয়ার পর তা ভারত সরকার জাইনের (১৯৩৫) জ্বীন কাজ করতে থাকবে। মন্ত্রীসভা যদি কোন বিশেষ কর্মপদ্ধা বা ব্যবস্থা জাইনসভার ভারা পাশ করতে সক্ষম না হয়, তাহশে গভর্ণর জেনারেল বা ভাইসরয়ের বিশেষ ক্ষমভার শরণাপত্র হয়ে তা বলবং করতে যাবেনা। এতে করে তাইসরয়ের প্রভাবস্কু হয়ে স্বাধীনভাবে কাজ করার সুযোগ হবে। এ বিষয়েও কংগ্রেস ও দীর্গের মধ্যে ঐকমত্য হয় যে, এ ধরনের সামন্ত্রিক সরকার গঠিত হলে তার প্রথম কাজ হবে কংগ্রেস ওয়ার্কিং কমিটির সদস্যগণকে কারামুক্ত করা।

এ চুক্তির ভিত্তিতে গভণর জেনারেশকে অনুরোধ করা হবে ভিনি যেন সরকারের নিকটে এ ধরনের প্রস্তাব পেশ করেন যে, কংগ্রেস ও লীগের চুক্তিনা ভিত্তিতে একটি সাময়িক সরকার গঠনে ভিনি অগ্রহী।

গভর্ণর জেনারেল দেশাই-লিয়াকত চুক্তিনা প্রভাবগুলো ভারত সচিবকে জানিয়ে দেন। তিনি এ সম্পর্কে কম্বেকটি প্রশ্ন উথাপন করে তার ব্যাখ্যা দাবী করেন।

গতণর জেনারেল দেশাই ও লিয়াকত জালীর দাথে সাক্ষাৎ করবেন এমন
সময় জিল্লাই এক বিবৃতির মাধ্যমে বলেন, তিনি চুক্তি সম্পর্কে কিছুই জানেন
না। দেশাই হতাশ না হয়ে চুক্তির বৈধতা সম্পর্কে দৃঢ়তা প্রকাশ করতে থাকেন।
গতণর জেনারেল বিষয়টি পরীক্ষা করার জনো বোদাই—এর গতণর স্যার জান
কোলতিরকে জিল্লাহর সাথে দেখা করে জনুরোধ করতে বলেন যে তিনি তার
সাথে লিল্লীতে দেখা করলে খুশী হবেন। জিল্লাই বলেন, তিনি দেশাই—লিয়াকত
চুক্তি সম্পর্কে কিছুই জানেন না এবং এ চুক্তি মুসলিম লীগের জনুমতি
কাতিবেতেই করা হয়েছে।

এনিকে গান্ধীর অনুমোদন থাকলেও কংগ্রেস নেতৃতৃন্দ দেশাই-এর সমালোচনা করেন। কংগ্রেস এবং মুসলিম লীগ উভয়েই চুক্তিটি প্রত্যাখ্যান করে।

#### নৰম অধ্যায়

## ওয়াতেল পরিকল্পনা ১৯৪৫

দেশাই-লিয়াকত চুক্তি ব্যর্থ হওয়ার পর, ব্রিটিশ সরকারের সাথে আলাপ আলোচনার জন্যে তাইসরয় যে মাসে লন্ডন গমন করেন। জতঃপর তিনি সরকারের পঞ্চ থেকে জচলাবস্থা দ্রীকরণের জন্যে একটি প্রস্তাব নিয়ে ভারতে ফিরে আসেন।

ভারত সচিব ১ ৪ই জুন হাউস্ অব্ কমন্দে এক বিবৃতির মাধ্যমে ভারতের ভবিষাৎ শাসনতান্ত্রিক সমস্যার সমাধান করে একটি প্রস্তাব পেশ করেন। প্রস্তাবে বলা হয়, ভাইসরয় তাঁর কার্যকরী কাউন্দিল এমনতাবে পুনর্গাঠিত করবেন যাতে তিনি ভারতীয় রাজনৈতিক দলগুলোর মধ্য থেকে কিছু লোককে তাঁর কাউন্দিলর মনোনীত করতে পারেন। এতে প্রধান সম্প্রদায়গুলোর ভারসাম্যপূর্ণ প্রতিনিধিত্ব থাকবে মুসলমান ও বর্ণহিন্দুর সমানুপাতে। এ কাউন্দিলে ভাইসরয় ও সেনাপ্রধান ব্যতীত সকলে হবেন ভারতীয়। এ কাউন্দিল পুনর্গঠনে সকলের সহযোগিতা পাতের পর সকল প্রদেশ থেকে ১৩ ধারা প্রস্তাহার করা হবে যাতে জনপ্রিয় মন্ত্রীসভা গঠিত হতে পারে।

একই দিনে এ প্রস্তাবের ব্যাখ্যা করে ভাইসরয় লর্ভ ভয়াভেল দিল্লী থেকে এক বেতার ভাষণা দান করেন। খান্ধী এবং কংপ্রেস কাউন্সিলে মুসলমান ও বর্ণহিন্দুর সমসংখ্যক প্রতিনিধিত্ব মেনে নিতে অস্থীকার করেন।

#### श्रियमा সম্মেলন

তাইসরয় তাঁর চেষ্টা অব্যাহত রাখার জন্যে ২৫শে জুন শিমলায় সকল দলের-সম্পোদন আহ্বান করেন। সম্মোদনে কংগ্রেস ও মুসলিম লীগের এবং জন্যান্য দলের একুশ জন যোগদান করেন—যাদের মধ্যে মুসলিম লীগের জিল্লাহ ও লিপ্লাকত জালীসহ ছয় জন ছিলেন। সম্মোদনে কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে চরম মতানৈক্য পরিলক্ষিত হয়।

মাওলানা তাবুল কালাম আজাদ বলেন, এমন কোন ব্যবস্থা, সাময়িক বা স্থায়ী হোক, কংগ্ৰেস মেনে নিতে পারেনা—যা তার জাতীয় মর্যাদা ক্ষুগ্ন করে, এক জাতীয়তাবাদের অর্থগতি বাধাগ্রন্ত করে এবং কংগ্রেসকে একটি সাম্প্রদায়িক প্রতিষ্ঠানে পর্যবসিত করে।

জিল্লাহ বলেন, পাকিস্তান ব্যতীত অন্য কোন কিছুর তিন্তিতে গঠিত শাসনতন্ত্র লীগ মেনে নিতে পারে না। ২৬ এবং ২৭ তারিখেও আলোচনা অব্যাহত থাকে। ইউপি-এর প্রাক্তন প্রধানমন্ত্রী জি বি পত্তের (PANT) সাথে জিল্লাহর আলাগ আলোচনা চলছিল বিধায় ২৭ তারিখের বৈঠক জ্ব সময় পর মূলতবী করা হয়। জতঃপর ২৮ ও ২৯ তারিখে সম্মেলনের অধিবেশন অনুষ্ঠিত হয়। জিল্লাহ-পত্ত আলোচনা ব্যর্থ হয় বলে জানা যায়। তাইসরয় আলোচনার একটা তিল্ল পথ অবলয়ন করে সম্মেলনে যোগদানকারী প্রত্যেক দলকে একটি করে নামের তালিকা দাখিল করতে অনুরোধ করেন যারা হবেন তাইসপ্লয়ের কাউপিলের সদস্য। তিলি আশা প্রকাশ করেন যে কংগ্রেস এবং মুসলিম লীগ উত্তরেরই ৮ জন থেকে ১২ জনের নামের একটি করে তালিকা শেশ করবেন।

তেসরা খুলাই কংগ্রেস তার নামের তালিকা তাইসরয়ের নিকটে প্রেরণ করে। ৬ই খুলাই মুসলিম লীগ ওয়ার্কিং কমিটির সাথে পরামর্শের ভিত্তিতে পরদিন জ্বিনাহ ভাইসরয়–এর কাছে নিম্নোক্ত প্রস্তাব পেশ করেন ঃ

- মুসলিম লীগের পক্ষ থেকে নামের তালিকা গ্রহণ করার পরিবর্তে তাইসরয়-এর সাথে জিরাহর বাজিগত আলোচনার পর কাউলিলের জনো প্রতিনিধি নির্বাচন করা হবে।
- কাউন্সিলের সকল মুসলিম সদস্য মুসলিম লীগ বেছে নেবে।
- কাউন্সিলের সংখ্যাগরিষ্ঠ সদস্যদের সিদ্ধান্ত ধেকে মুসলিম স্বার্থ
  সংরক্ষণের জাল্য ফলপ্রসূ রক্ষাকবচের ব্যবস্থা থাকতে হবে।

শেষবারের মতো ১১ই জুলাই তাইসরয় ও জিন্নাহর মধ্যে আলাপ আলোচনার পর ভাইসরয় বলেন, মুসলিম লীগের পঞ্চ থেকে চারঞ্জন মুসলিম সদস্য কাউন্সিলে নেয়া হবে এবং পঞ্চম ব্যক্তি হবেন একজন অ–লীগ পাঞ্জাবী মুসলমান।

একথার পর জিনাহ বলেন, লীগ সরকারের সাথে কাউন্সিল গঠনে সহযোগিতা করতে পারেনা। অতএব তাইসরয়-এর শিমলা সম্পেলনও ব্যথ হয়।

#### বার্থতার কারণ

শিম্পা সম্মেশনের ব্যর্থতার একই কারণ যা কংগ্রেস-লীগ সম্বোতার সকল প্রচেষ্টা বানচাল করে দিয়েছে। তাওহীদ, রেসালাত ও আথেরাতে বিশ্বাসী মানুষ, তাওহীন, রেসালাত ও অধেরাত অধীকারকারীর সাথে মিলে এক জাতি হতে পারে না কিছুতেই। তাই মুসলমানগণ একটি শ্বতন্ত জাতি—মুসলিমলীপের এ দাবী অকট্য সত্য যা এ উপমহাদেশের বুকে সংঘটিত অসংখ্য ঘটনার দারা প্রমাণিত। অতএব জিল্লাহ যদি দাবী করেন যে, যেহেতু মুসলমানগণ একটা স্বতন্ত্র জাতি, সেহেতু ভাইসরয়-এর কাউপিলে মুসপিম প্রতিনিধি মনোনয়নের অধিকার মুসলিম জাতির প্রতিনিধিত্বীল সংগঠন মুসলিম লীগের, তাহলে তা নীতিগতভাবে সকপের মেনে নেয়া উচিত। আর মুসলমানগণ একটি স্বতন্ত্র জাতি হওয়ার কারণেই তাদের জন্যে পূথক স্বাধীন রাষ্ট্র পাকিস্তানের নাবী করা হয়েছে এবং তার জন্যে সংগ্রাম অব্যাহত আছে। কিন্ত কংগ্রেদের অন্যায় ও অবান্তর দাবী হচ্ছে উপমহাদেশের সকল হিন্-মুসলমান নির্বিশেষে এক জাতি এবং তার প্রতিনিধিত্বকারী কংগ্রেস। দেশের তবিষ্যৎ শাসন ক্ষমতা কংগ্রেস দাবী করে এবং তা হাতে পেলে সংখ্যাগরিষ্ঠ হিন্দু শাসনের অধীনে মুসলমানদের নির্মূল করা যাবে। মুসলমানদের এ জাশংকা ক্থনপ্রসূত নয়, প্রমাণিত সত্য। এ সত্য কংগ্রেস মেনে নিতে রাজী নয়। ভাইসরয় ও কংগ্রেসের দাবীর সমর্থনে জিনাহর প্রভাব প্রত্যাখ্যান হলে সম্মেলন বার্থ হয়।

### সাধারণ নির্বাচন

জাপানের আত্মসমর্পণের পর ১৫ই আগন্ত, ১৯৪৫ বিশ্বযুদ্ধ শেব হয়ে যায়।
তার পূর্বে জুলাইয়ের শেষ দিকে ইংলভের সাধারণ নির্বাচনে দেবার পার্টি বিপুল
সংখ্যাগরিষ্ঠতা লাভ করে। বছ পূর্ব থেকেই লেবার পার্টির সাথে কংশ্রেসের
ঘনিষ্ঠ সম্পর্ক ছিল এবং এবারের নির্বাচনের ফলাফল কংগ্রেসের বুবই উল্লসিত
করে। এর থেকে রাজনৈতিক ফায়দা হাসিলের জন্য কংগ্রেস তৎপরতা শুরু
করে। ব্রিটিশ পলিসিই ছিল ভারতের অখন্ডভার পক্ষে এবং এ ইস্যুটিতে লেবার
পার্টির বেশী বেশী সমর্থন কংগ্রেস লাভ করবে বলে আশা করে। আর এ ইস্যুটিই
কংগ্রেস ও মুসলিম লীপের মধ্যে বিরাট দূরত্ব সৃষ্টি করে রেখেছিল। কংগ্রেসের
দাবী মুসলিম অমুসলিম নির্বিশেষে এক জাতি এবং অখন্ড ভারতে সংখ্যাগরিষ্ঠ

নশের শাসন। পক্ষান্তরে মুসলিম গাঁগের দাবী, মুসলমানগণ একটি সম্পূর্ণ স্বতন্ত্র
জাতি এবং সে কারণেই তাদের জন্যে হতে হবে একটি স্বতন্ত্র স্বাধীন রাষ্ট্র। এ
দুই বিপরীতমুখী দাবীর চূড়ান্ত কয়সালার জন্যে বছরের পেবে শীতের মওসুমে
কেন্দ্রীয় ও প্রাদেশিক জাইনসভার জন্যে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে বলে
সরকারের পক্ষ থেকে ঘোষণা করা হয়।

নির্বাচনে মুসলিম লীধের দাবী পুরোপুরি স্বীকৃতি লাভ করে। কেন্দ্রীয় আইনসভার সকল মুসলিম আসন মুসলিম লীগ লাভ করে। প্রাদেশিক আইন সভাগুলোর ৪৯৫ মুসলিম আসনের মধ্যে মুসলিম লীগ লাভ করে ৪৯৬টি আসন। হিলু প্রধান প্রদেশগুলোতে কংগ্রেস সংখ্যাগরিষ্ঠতা লাভ করে এবং তা ছিল অতি স্বাভাবিক। বাংলায় ১১৯টি মুসলিম আসনের মধ্যে মুসলিম লীগ লাভ করে ১১৩টি। এ, কে, ফজলুল হক মুসলিম লীগ ত্যাগ করার ফলে তাঁর ব্যক্তিগত প্রভাবের কারণে মুসলিম লীগের ছয়টি আসন হাতছাড়া হয়। এখানে হসেন শহীদ সুহরাওয়ালী মন্ত্রীসভা গঠন করেন।

পাঞ্জাবে ৮৬টি মুসলিম আসনের মধ্যে ৭৯টি মুসলিম লীগের হস্তগত হয়।
সিন্ধুতেও মুসলিম লীগ মন্ত্রীসভা গঠিত হয়। সীমান্ত প্রদেশে সীমান্ত গান্ধী নামে
কপিত চরম কংগ্রেসপন্থী আবনুল গাফ্ফার খানের প্রচন্ড প্রভাবের দরুল মুসলিম
লীগ ৩৬টি আসনের মধ্যে ১৭টি গাভ করে এবং ডাঃ খান মন্ত্রীসভা গঠন
করেন।

তবে এ কথা অনস্বীকার্য যে এ সাধারণ নির্বাচনে এ কথা অকাট্যভাবে প্রমাণিত হরেছে যে, একমাত্র মুসলিম লীগই মুসলিম ভারতের প্রতিনিধিত্বশীল রাজনৈতিক প্রতিষ্ঠান। এতে কংগ্রেসের মুসলিম লীগ বিরোধিতা তীব্রতর আকার ধারণ করে। মুসলিম লীগের প্রতিনিধিত্বমূলক বৈশিষ্ট্য মেনে নিয়ে তার সাথে একটা রাজনৈতিক সমকোভায় উপনীত হওয়ার পরিবর্তে কংগ্রেস মুসলমানদের মধ্যে ভাঙন সৃষ্টির পলিনি অবলয়ন করে এবং মুসলমানদের আস্থানীল প্রতিনিধিদের হাতে, এমনকি মুসলিম সংখ্যাগরিষ্ঠ প্রদেশেও রাজনৈতিক ক্ষমতা হস্তান্তরে অস্বীকৃতি জ্ঞাপন করে। এর ফলে সম্প্রদায়িক মততেদ তীব্রতর হয় এবং উত্তরের মধ্যে আপস নিম্পত্তি অসম্ভব হয়ে পড়ে।

পাঞ্জাব সম্পর্কে কংগ্রেসের গৃহীত পলিসি তার বৈরিতাপূর্ণ মানসিকতার উদ্ধান দৃষ্টান্ত। পাঞ্জাবে মুসলিম লীগ ৮৬ মুসলিম আসনের মধ্যে ৭৯টি লাভ করে। শক্তিশালী ইউনিয়নিস্ট পার্টি রুসলিম লীগের নিকটে চরমভাবে পরাঞ্জিত হয়। এ দলে মাত্র দশগুল সদস্য, তার মধ্যে ৩ জন অমুসলিম। কংগ্রেস ৫১, জাকালী শিশ্ব ২২। সর্ববৃহৎ দল মুসলিম লীগেরই মন্ত্রীসতা গঠন করতে পারতো। কিন্তু কংগ্রেসের জন্ধ মুসলিম লিগে মুসলিম লীগ মন্ত্রীসতা গঠন করতে পারতো। কিন্তু কংগ্রেসের জন্ধ মুসলিম বিষেষ এবং শিখদের অপরিণামার্শিতার ফলে তা সম্ভব হয়নি। কংগ্রেস প্রেসিডেন্ট আবুল কালাম আন্ধান এবং বলদের সিংহ, কংগ্রেস এবং আকালী শিখদলের সহযোগিতার মন্ত্রীসতা গঠনের জন্মে ইউনিয়নিস্ট দলের নেতা বিজির হায়াতকে প্ররোচিত ও সম্বন্ধ করেন। এ নীতিহীন জ্যোট গঠন করা হয়েছিল মুসলিম সংখ্যাগরিষ্ঠ পাঞ্জাবে মুসলিম লীগকে ক্ষমতা গ্রহণ থেকে দূরে রাখার উন্দেশ্যে। আবুল কালাম আন্ধান পাঞ্জাবে অমুসলিম লীগ মন্ত্রীসতা গঠন করতে পারায় অত্যন্ত আত্মতৃদ্ধি লাত করেন ও গর্ববাধ করেন। (Maulana Abul Kalam Azad : India Wins Freedom, p. 137)

কংশ্রেসের পাঞ্জাব মন্ত্রীসভায় যোগদানের নিলা করেন জন্তহরলাল নেহর এবং গান্ধী আবুল কলাম আজাদকে সমর্থন করে বলেন, কংগ্রেসের দৃষ্টিতে এর চেয়ে ভালো সমাধান আর কিছু ছিল না। (The Emergence of Pakistan: Choudhury Muhammad Ali, p. 49)

#### লশম অম্যায়

## কেবিনেট মিশন পরিকল্পনা

বৃটিশ সরকার ১৯শে ফেব্রুমারী ১৯৪৬, ঘোষণা করেন যে, ভাইসরয় লর্ড ভয়াতেল এবং ভারতীয় নেতৃবৃদ্দের সাথে আলোচনান্তে শাসনভান্ত্রিক প্রশ্নে একটি সমঝোতায় উপনীত হওয়ার লক্ষ্যে তিনজন কেবিনেট মন্ত্রী সমন্বয়ে একটি বিশেষ মিশন ভারতে প্রেরণ করা হবে।

এ প্রসংশে হাউস অব কমলে ১৫ই মার্চ এক বিতর্ক চলাকালে প্রধানমন্ত্রী এটলী বলেন, বহু জাতি, ধর্ম ও ভাষার দেশ ভারতে যে জাটল অবস্থার সৃষ্টি হয়েছে, তার অপসারণ ভারতীয়দের দ্বারাই হবে। আমরা সংখ্যালঘুদের অধিকার সম্পর্কে সচেতন। · · · তাই বলে আমরা সংখ্যাগুরুর অগ্রগতিতে তেটো প্রদান করার অনুমতি সংখ্যালঘুকে দিতে পারিনা।

প্রধানমন্ত্রীর উক্ত বক্তব্যে কংগ্রেস ভয়ানক উন্নসিত হয়। কিছু এতে লীগ মহলে সংশয় দেখা দেয় এবং জিল্লাহ মাকড়সার জালে মাছির আমন্ত্রণের দৃষ্টান্ত পেশ করে বলেন—If the fly refuses, it is said a veto is being exercised and the fly is intransigent (মাছি মাকড়সার আমন্ত্রণ প্রত্যাখ্যান করলে বলা হয় তেটো প্রদান করা হচ্ছে এবং মাছি আপোসকামী নয়।

—('Cabinet Mission and After, Muhammad Ashraf, p. 1-3, Choudhury Mohammad Ali : Emergence of Pakistan', p. 52)

এর চেয়ে সুন্দর দৃষ্টান্ত জার কিছু হতে পারেনা। সংখ্যাগরিপ্তের একক্ষ্ম প্রাধান্য ও জাধিপত্যের ফাঁলে পা দিতে সংখ্যালঘু রাজী না হলে সেটাকে ভেটোর সমত্ব্য মনে করে বৃটিশ প্রধানমন্ত্রী বলেন, তা করতে দেয়া যাবেনা। এতে এট্লী তথা বৃটিশ সরকারের মনোভাব পরিসফুট হয়ে পড়ে।

যাহোক প্যাথিক নরেন্স (ভারত সচিব), স্যার স্টাঞ্চোর্ড ক্রিপ্স্ (প্রেসিডেন্ট অব দি বোর্ড অব টেডস) এবং মিঃ এ, ডি, আলেকজান্ডারকে ফোস্ট বর্ড অব দি এডমিরান্টি) নিয়ে গঠিত কেবিনেট মিশন ২৪শে মার্চ, ১৯৪৬ নতুন নিল্লী শৌহন।

মিশন সদস্যগণ রাজনৈতিক দলের নেতৃবৃদ্দের সাথে, প্রাদেশিক প্রধানমন্ত্রীদের সাথে এবং আরও বিভিন্ন প্রতিনিধিত্বশীল ব্যক্তির সাথে দেখাসাক্ষাৎ ও মত বিনিময় করেন। দেশীয় রাজ্যের শাসকবৃন্দ ও মন্ত্রীদের সাথেও তারা আলাপ আলোচনা করেন।

কেবিনেট মিশনে ক্রিপ্স আছেন জেনে আবুল কালাম আজাদ গভীর সন্তোষ প্রকাশ করেন। কারণ তিনি ছিলেন কংগ্রেসীদের পুরাতন অন্তরংগ বন্ধু। ক্রিপ্স্ ইতিপূর্বে ভারতে এসে জনৈক ভারতীয় হিন্দু সুধীর চন্দ্র গুঙ্কের আতিখ্যেতা গ্রহণ করেন। (Moulana Abul Kalam Azad : 'India Wins Freedom'. p. 146)

আদ্ধান তেসরা এপ্রিল মিশনের সাথে দেখা করেন। স্বাধীনতাকে ভিত্তি করে তিনি তাঁর যুক্তিতর্কের প্রাসাদ নির্মাণ করে রেখেছিলেন। তাঁর ধারণা ছিল, একটি গণপরিষদ ভবিষাৎ শাসনতন্ত্র তৈরী করবে এবং কংগ্রেসের দাবী ছচ্ছে একটি ফেডারেল সরকার গঠনের মার হাতে থাকবে অন্ততঃ দেশ রক্ষা, যোগাথোগ এবং বৈদেশিক বিভাগ। ভারত বিভাগ কংগ্রেস কিছুতেই মেনে নেবেনা।

জিরাই ৪ঠা এপ্রিল মিশনের সাথে দেখা করেন। ১৭ই এপ্রিল আজাদ পুনরায় সাক্ষাৎ করেন। কংগ্রেস ও মুসলিম লীগ উভয়েই তাদের নিজ নিজ বক্তব্য পেশ করে। মুসলিম লীগের বক্তব্য কংগ্রেস সভাপতিকে জানানো হয়।

কংগ্রোস চায় যে একটি মাত্র গণপরিষদ হবে যা নিখিল ভারত ফেডারাল সরকার এবং আইন সভার জন্যে শাসনতন্ত্র প্রণয়ন করবে। কেন্দ্রীয় ফেডারাল সরকারের হাতে বৈদেশিক বিভাগ, প্রতিরক্ষা, যোগাযোগ, মৌলিক অধিকার, মুদ্রা, কাষ্টম এবং পরিকল্পনা বিভাগ থাকবে।

কেন্দ্রীয় ও প্রাদেশিক আইন সভার মুসলিম লীগ সদস্যদের নিয়ে ৯ই এপ্রিল, ১৯৪৬, যে কন্তেনশন দিল্লীতে জনুষ্ঠিত হয়, তাতে গৃহীত প্রস্তাবে দাবী করা হয় যে উত্তর—পূর্বাঞ্চলে বাংলা ও আসাম এবং পশ্চিমে পাঞ্জাব, সীমান্ত প্রদেশ, সিন্ধু ও বেলুচিস্তান নিয়ে একটি সার্বতৌম স্বাধীন পাকিস্তান রাষ্ট্র গঠন করা হোক এবং পাকিস্তান ও হিন্দুস্থানের লোকদের নিয়ে তাদের নিজ নিজ শাসনতত্ত্ব প্রণয়নের জন্য দৃটি পূথক পূথক গণপরিষদ গঠন করা হোক। এ প্রস্তাব জনুযায়ী মুসলিম লীগ কেবিনেট মিশনের নিকটে প্রস্তাব পেশ করেন যে পাকিস্তান প্রশ্বের হয় প্রদেশের জন্যে একটি এবং হিন্দুস্থান প্রশ্বের ছয় প্রদেশের জন্যে অন্য একটি

গণপরিষদ গঠন করা হোক।

কংশ্রেস ও মুসলিম লীগ একে জণরের প্রস্তাব মেনে নিতে পারেনি। প্রধান বিতর্কিত বিষয় ছিল এই যে উপমহাদেশে একটি মাত্র স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হবে, না নৃটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র। উত্তয় অবস্থাতেই সংখ্যালঘু সমস্যাও রয়েছে। কেবিনেট মিশন উত্যা দলের মতপার্থক্য দূর করতে অপারগ হয়।

জবশেষে কেবিনেট মিশন এবং ভাইসরয় শাসনতান্ত্রিক সমস্যার সমাধান কল্পে ১৬ই মে এক বিবৃতি প্রকাশ করে। তাঁদের বিবৃতির কেন্দ্রীয় বিষয়বস্থ ছিল ভারতে একটিমাত্র রাষ্ট্রের সংরক্ষণ। প্রশাসনিক, অর্থনৈতিক ও সামরিক কারণে বৃটিশ সরকার দৃটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের প্রস্তাব প্রত্যাখ্যান করেন।

কেবিনেট মিশন ২৪শে মার্চ ১৯৪৬, ভারতে আগমন করে এবং তিন মাসাধিক কাল অবস্থান করতঃ ২৯শে জুন ভারত ত্যাগ করে। বৃটিশ সরকারের ভারতে কেবিনেট মিশন প্রেরণের উল্লেশ্য ছিল, উদ্ভূত পরিস্থিতিতে একটি শাসনভাত্তিক সমাধান পেশ করা। কেবিনেট মিশনের সদস্যগণ এ বিষয়ে চেষ্টার ফ্রাটি করেন নি। তবে এ কথা সত্য যে সমস্যা সমাধানে তাঁরা বিশেষ করে সবচেয়ে প্রভাবশালী সদস্য ষ্টাফোর্ড ক্রিপস কংগ্রেসের অন্তরংগ বন্ধু হওয়ার কারণে সমস্যা সমাধানে কংগ্রেস তথা হিন্দুজাতির স্বার্থকে প্রাধান্য দিয়েছেন।

মাওলানা আবৃণ কালাম আজাদ বলেন, কেবিনেট মিশন ২৩ শে মার্চ ভারতে আসেন। পূর্বে একবার স্টাফোর্ড ক্রিপ্স ভারতে আগমন করলে জে, সি, গুঙ তাঁর আতিথেয়তার ভার গ্রহণ করেন। তিনি আমাকে বলেন থে, তিনি ক্রিপ্সের সাথে দেখা করার জন্য দিল্লী যাক্ষেন। আমি তাঁর হাতে পুনরায় ভারতে আসার জন্য ক্রিপ্সকে মুবারকবাদ জানিয়ে একখানি পত্র পাঠাই। (Abul Kalaun Azad: India Wins Freedom, p. 140)

তিনি আরও বলেন, ক্রিপ্সের ভারতে অবস্থান কালে বরাবর তাঁর সাথে আমার পত্রের আদান প্রদান চলতে থাকে। (Abul Kalam Azad : India Wins Freedom, p. 172)

ইশন্তিয়াক হুসেন কোরেশী তাঁর The Struggle for Pakistan ক্রন্থের ২৬৬ পৃষ্ঠার পাদটিকায় উল্লেখ করেছেন— Sudihir Ghosh, Gandhi's Emissary (Bombay 1967) gives a revealing account of the backdoor secret negotiation between the Cabinet Mission and the Congress leaders. There were no such intimate contacts between the Muslim League and the Cabinet Mission, or for that matter between the League and the British government. The intimacy of the Congress-British Government relations worked against Muslim interests at every critical stage. The British had an eye on the future advantages to be reaped from friendship with the largest and more powerful community and were willing to go very far indeed to meet its desires.

পূর্বে উল্লেখ করা হয়েছে যে, যে বিষয়টি কংগ্রেস ও মুসলিম দীদের মধ্যে বিরোধের মূল কারণ তা হলো পাকিস্তান নামে একটি স্বাধীন সার্বভৌম রাষ্ট্র প্রতিষ্ঠার দাবী। এ ছিল উপমহাদেশের মুসলমানদের দাবী যা কংগ্রেস এবং বৃটিশ সরকার মেনে নিতে মোটেই রাজী ছিলনা। কেবিনেট মিশনের পরিকল্পনার ভেতর দিয়ে কংগ্রেস মুসলিম লীগকে ফাঁদে ফেলে তাদের একজ্জ্ব আধিপত্য প্রতিষ্ঠার সকল চেষ্টা করেছে। তাদের ফাঁদে ফেলার এ চক্রান্তটি সৃক্ষদর্শী রাজনীতিবিদ কারেদে আযম মুহাম্মদ আলী জিল্লাহ সম্যক উপলব্ধি করে কেবিনেট মিশনের প্রস্তাব শর্তসাপেক্ষে গ্রহণ করতে সম্মতি জ্ঞাপন করেছেন। কিন্তু কংগ্রেসের হঠকারিতার কারণে সকলই ভেস্তে যায়।

তিন মাসাধিককালবাাণী কেবিনেট মিশনের তৎপরতা, কংগ্রেস, মুসলিম
লীগ ও ভাইসরয়ের সাথে আলোচনার দীর্ঘ ইতিহাস বর্ণনা করে সংক্ষেপে বলতে
চাই যে, একটি আপোসমূলক সিদ্ধান্তে পৌছার ক্ষেত্রে কংগ্রেস বিরাট
প্রতিবন্ধকতার সৃষ্টি করে। কারণ কংগ্রেসের অভিলাব ছিল, তবিষ্যুতের স্বাধীন
ভারতের উপর একচেটিয়া প্রত্ত্ব—কর্তৃত্ব লাভ করা। ক্ষমভার অংশিদারিত্
মুসলিম লীগকে দিতে কংগ্রেস কিছুতেই রাজী ছিলনা। এ সময়ে ক্রিশুসের কাছে
লিখিত পত্রে গান্ধী বলেন, যদি তোমালের সাহস থাকে তাহলে আমি প্রথম
থেকেই যা বলে আসছি তাই কর। ১০০ কংগ্রেস ও মুসলিম লীগের মধ্যে যে
কোন একটি বেছে নাও। (Pyarelal, Mohatma Gandhi: The Last Phase

vol. I, p. 225 Choudhury Muhammad Ali: The Emergence of Pakistan, p. 62)

অবশেষে কেবিনেট মিশন ও তাইসরয়, একটি শক্তিশালী ও প্রতিনিবিত্বমূলক
মধ্যবতী সরকার গঠনের উদ্দেশ্যে বিবৃতি দানের সিদ্ধান্ত গ্রহণ করেন। ১৬ই মে
তাঁদের প্রকাশিত বিবৃতিতে চৌন্দ জনের নাম ঘোষণা করা হয় বাঁদেরকে
তাইস্রয় মধ্যবতী কেবিনেটের সদস্য হিসাবে যোগদান করার আমন্ত্রণ জানান।
তফ্সিলী সম্প্রদায়ের একজনসহ এতে থাকবে কংগ্রেসের ছয়জন, মুসলিম
নীগের পাঁচজন, একজন শিখ, একজন তারতীয় খৃষ্টান এবং একজন
পাশী।

উল্লেখ্য যে ১৬ই মে প্রকাশিত বিবৃতির ৮ বনুচ্ছেদে এ নিচয়তা দেয়া হয়েছিল যে, দৃটি প্রধান দল অথবা দুয়ের যে কোন একটি যদি উপরোক্ত দদ্ধতিতে একটি কোয়ালিশন সরকারে যোগদান করতে রাজী না হয়, তাহলে ভাইসরয় একটি মধ্যবর্তী সরকার গঠনের জন্যে সামনে অপ্রসর হবেন। ১৬ই মে প্রকাশিত বিবৃতি মেনে নিয়ে সরকারে যোগদান করতে যারা রাজী হবে তাদেরকে নিয়ে এ সরকার যধাসম্ভব প্রতিনিধিত্বশীল হবে।

এরপর সঙাহব্যাপী কংগ্রেস নেতৃবৃন্ধ, উচ্চপদস্থ হিন্দু কর্মচারী এবং হিন্দু প্রেসের পক্ষ থেকে কেবিনেট মিশন এবং ভাইসরয়ের বিরুদ্ধে প্রচন্ত শ্বভূ সৃষ্টি করা হয়। গুজব রউনা করা হয় যে, কেবিনেটে মুসদমানদের শূন্য আসনগুলোতে মুসদিম দীপ সদস্যদের নেয়া হবে। কেবিনেটে একজন জাতীয়তাবাদী মুসদমান নেয়া না হলে গান্ধী দিল্লী ত্যাগ করকেন বলে হুমকি প্রদর্শন করেন, হদিও কংগ্রেস সভাপতি আবৃন্ধ কালম আজাদ দিখিতভাবে এ নিশুরভা দান করেন যে, এ নিয়ে গুয়ার্কিং কমিটি কোন জিল করবেনা। গান্ধী ধমক্রের স্বরে বলেন, তাহলে প্রণারিষদ একটি বিদ্রোহী সংস্থায় পরিণত হবে। ক্রিপ্স দৌড়ে গান্ধীর শরণাপ্র হলে তিনি (গান্ধী) বলেন, কেবিনেট মিশনকে দু'দলের যে কোন একটিকে বেছে নিতে হবে, সংখ্রিশ্রণের চেষ্টা চলবেনা।

—(Pyarelal, Mohatma Gandhi: The Last Phase vol. I, p. 234-37, Choudhury Muhammad Ali: The Emergence of Pakistan, p. 62-63) এক সপ্তার মধ্যেই কেবিনেট মিশন গান্ধীর কাছে ছাত্র-সমর্পণ করে। ২২শে জুন ক্রিপ্সের বন্ধু সুধীর ঘোষ গান্ধীকে বলেন যে তিনি ক্রিপ্সের সাথে দেখা করেছেন। তিনি বলেন, কংগ্রেস যোগনান করতে রাজী না হলে, শুধু মুসলিম নীগের উপর নির্তর করা যায় না।

সৃধীর ঘোষ পুনরাম ফ্রিপ্সের সাথে দেখা ফরে পাদ্ধীকে গিয়ে বলেন, কেবিনেট মিশন এ সিদ্ধান্ত নিয়েছেন যে, কংগ্রেস যদি ক্ষমেয়াদী প্রস্তাব প্রত্যাখ্যান করে নীর্থ মেয়াদী পরিক্ছনা মেনে নেয় তাহলে মধ্যবর্তী সরকার গঠনের জন্যে এ যাবং যা কিছু করা হয়েছে তা সবই নাকচ করে নতুনতাবে চেষ্টা করা হথে। তাঁরাগান্ধী এবং প্যাটেলকে দেখা করতে বলেছেন।

গান্ধী প্যাটেল, সেদার বছর ভাই প্যাটেল) এবং সুধীর ঘোষকে নিয়ে কেবিনেট মিশনের সাথে দেবা করতে যান। প্যাটেল প্রেই প্যাথিক লরেশের সাথে কথা বলেছেন। প্যাথিক লরেশ্ গান্ধীকে বলেন, আমি বুঝতে পেরেছি যে আপনি মধ্যবর্তী সরকারের গোটা পরিকল্পনা যা নিয়ে আমরা এ পর্যন্ত অপ্রদর হয়েছি, নাকচ্ করে পরিস্থিতি নতুন করে বিবেচনা করতে চান। বেশ ভালো কথা।

জতঃপর কেবিনেট মিশন ও গান্ধীর মধ্যে যে বৃঝাপড়া হয় তা ওয়ার্তিং কমিটিকে জবহিত করা হয়, জতঃপর ২৫শে জুন কংগ্রেস সভাপতি ভাইসরয়ের নিকটে লিখিত পত্রে জানিয়ে দেন যে, কংগ্রেস জন্তরবর্তী সরকারের প্রস্তাব প্রত্যাখ্যান করে দীর্ঘ মেয়াদী পরিকশ্বনা গ্রহণ করছে।

কংগ্রেসের এবং গান্ধীর এ ধরনের মানসিকতার পরিচয় তারত বিতাপের পূর্ব মুষ্টুর্ত পর্বন্ত পাতস্মা গেছে: উপরের সংক্ষিপ্ত জালোচনায় গান্ধী ও কেবিনেট মিশনের মনের কদর্য চেহারাটা ইতিহানের পাতার পরিষ্টুট হরেছে।

## লীগ প্রতিত্তিয়া

ভারতের শাসনতান্ত্রিক সমদ্যা সমাধানের যে জাশার জালো দেখা গিয়েছিল, তা কেবিনেট মিশন এবং ভাইসরয় কর্তৃক তাঁদের কৃত তন্নাদা ভংগের কারণে নির্বাপিত হয়। এ পরিস্থিতি জালোচনার জন্যে জুলাইয়ের শেষ গঙাহে বোধাইয়ে লীগ কাউন্সিল অধিবেশন অনুষ্ঠিত হয়। এ অধিবেশনে জিলাহ বলেন, মুস্সিম লীগ কেবিনেট মিশনের সাথে আলোচনায় কংগ্রেসতে একটির পর একটি সূবিধা লান করেছে, (made concession after concession)। কারণ আমরা চেয়েছিলাম একটা বন্ধুত্পূর্ণ ও শান্তিপূর্ণ মীমাংসায় উপনীত-হতত বাতে করে শুধু হিন্দু ও মুসলমানই নয়, বরক্ষ উপমহানেশে বসবাসকারী সকল মানুষ স্বাধীনতা লাতের দিকে অগ্রসর হতে পারে। • • কিন্তু কংগ্রেস তাদের নীচতাপূর্ণ বাকচাত্ত্বি ও দরকষাক্ষির দ্বারা ভারতবাসীর বিরাট ক্ষতি করেছে। সমগ্র আলাপ আলোচনায় কেবিনেট মিশন কংগ্রেসের সন্ত্রাস ও ভীতির শিকারে পরিগত হয়। • • এসব কিছু ও কথাই নিঃসলেহে প্রমাণ করে যে, ভারতের সকল সমস্যার সমাধান একমাত্র পাকিপ্রান।

আমি মলে করি আমরা যুক্তি প্রমাণের কিছু বাকী রাখিনি। এখন এমন কোন টিবিউনাল নেই যার শরণাপর আমরা হতে পারি। এখন মুসলিম জাতিই আমাদের একমত্রে ট্রিবিউনাল।

অতঃপর এথিবেশনে গৃহীত প্রস্তাবে কেবিনেট মিশনের প্রস্তাব গ্রহণ প্রত্যাহার করা হয় এবং তারত সচিবকে জানিয়ে দেয়া হয়।

#### একাদশ অধ্যায়

### ডাইরের আকশন

উক্ত অধিবেশনে এ মর্মে আর একটি প্রস্তাব গৃহীত হয় যে, পাকিস্তান হাসিপ করার উদ্দেশ্যে এবং বৃটিশের গোলামী এবং বর্ণহিন্দুর তবিষ্যাৎ প্রাধানা থেকে মৃক্তি লাতের জন্যে মুসলিম জাতির গঙ্গে ডাইরেট আকশন জবগদন করার সমন্ত্র এসেছে। মুসলমানদের সংগঠিত করে প্রয়োজনীয় সময়ে সংগ্রাম করার লক্ষ্যে কর্মসূচী প্রণয়নের অনুরোধ জানানো হয়। উপরস্তু বৃটিশের মনোতাব ও জাচরণের প্রতিবাদে বিদেশী সরকার প্রদণ্ড সকল খেতাব পরিত্যাগ করার জনো সংগ্রিষ্ট ব্যক্তিবর্গের প্রতি আবেদন জানানো হয়।

জিল্লাই ৩১শে বুলাই আহত এক সাংবাদিক সন্ধোনন মার্থহীন কঠে বলেন, ডাইরেট আকশন কারো বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা নয়। তিনি বলেন, একমার্য মুসলিম লীগই সংবিধানের আওতায় থেকে সাংবিধানিক পছায় কান্ত করেছে। কেবিনেট যিশন পরিকল্পনা নিয়ে আলোচনাকালে মুসলিম লীগ বৃটিশ সরকারকে কংগ্রেসের ডয়ে ভীত সন্ধ্রন্ত দেখতে পায়। তাদের ভয় ছিল এই যে, কংগ্রেসকে কংগ্রেসের ডয়ে ভীত সন্ধ্রন্ত দেখতে পায়। তাদের ভয় ছিল এই যে, কংগ্রেসকে কংগ্রেসের তয়ে ভীত সন্ধ্রন্ত দেখতে পায়। তাদের ভয় ছল এই যে, কংগ্রেসকে সক্ষাম অপেন্ধা সহল ভারা এমন এক সক্ষামে অবতীর্ণ হবে য় ১৯৪২ সলেয় সক্ষাম অপেন্ধা সহল ভারে মারাত্রক হবে। বৃটিশের মেনিন গান আছে এবং ইছামতো ব্যবহার করতে পায়। অতএব আমরা এখন আলুরক্ষা ও সংরক্ষকে ভারে সাহিবিধানিক পছা পরিহার করতে বাধ্য হছি। সময়মত সংগ্রামে অবতীর্ণ হতয়ার জন্যে প্রস্তৃতি গ্রহণের সিদ্ধান্ত নিমেছি। (Cabinet Mission and After, Muhammad Ashraf, pp. 311-19; Emergence of Pakistan-Choudhury Mohammad Ali- pp. 69-70)

ভাইরের আকশনের জন্যে ১৬ই আগস্ট নির্ধারিত হয়। তার দুদিন পূর্বে জিনাহ তার প্রদন্ত বিবৃতিতে বলেন, দিনটি ছিল তারতের মুসলিম জনসাধারণের কাছে ২৯শে জুলাই মুসলিম লীগ কাউলিল কর্তৃক গৃহীত প্রস্তাবের ব্যাখ্যা করা, কোন প্রকার প্রত্যক্ষ সংঘর্ষে যাওয়ার জন্যে নয়। অতএব আমি মুসলমানদের প্রতি এ আবেদন জানাই তারা যেন আমাদের নির্দেশ পুরোপুরি মেনে চলেন,

নিজেনেরকে জভ্যন্ত শান্তিপূর্ণ ও সুশংগণভাবে পরিচালিত করেন এবং শব্রুর হাতের খেলনায় পরিণত না হন।

### আবুল কালাম আজ্ঞাদের বক্তব্য

আমি জনসাধারণের মধ্যে এ অনুভৃতি পক্ষা করলাম যে ১৬ই আগস্ট মুসলিম লীগ কংগ্রেসীদের উপর আক্রমণ চালাবে এবং তাদের ধনসম্পদ লুক্তন করবে। - · · ১৬ই আগস্ট ভারতের ইতিহাসে একটি কালো দিবস। · · এ দিনে শত শত মানুষের জীবন হানি হয় এবং কোটি কোটি টাকার ধনসম্পদ লুক্তিত হয়। মুসলিম লীগের মিছিলগুলি লুক্তন ও আগ্নি সংযোগ শুরু করে। (Abul Kalam Azad : India Wins Freedom, p. 168-169)

মাওলানা আঞ্চাদের প্রতি আমার আন্তরিক ও গভীর শ্রদ্ধা থাকা সম্থেও বলবো তিনি হিন্দু কংগ্রেসের মনের কথাই বলেছেন। সেদিন তিনি দিল্লী ছিলেন। অতএব ঘটনা স্বচক্ষে না দেখে অপরের কথা শুনেই উপরোক্ত মন্তব্য করেছেন।

তিনি তার উক্ত গ্রন্থে বলেন, মুসলিম লীগের ডাইরেট্ট আকশন দিবসটি তিন্ন ধরনের বলে মনে হঞ্চিল। কোলকাতায় এ সাধারণ মনোভাব লক্ষ্য করলাম থে, ১৬ই আগস্টে মুসলিম লীগ কংগ্রেসপত্নীদের উপর আক্রমণ চালাবে এবং তাঁদের ধনসম্পদ লুন্ঠন করবে। বাংলার সরকার কর্তৃক ১৬ই আগস্ট সরকারী ছুটি ঘোষণার ফলে অধিক মাত্রায় আতংক ছড়িয়ে পড়ে। বাংলার আইন পরিষদের কংগ্রেস লল এ সিদ্ধান্তের প্রতিবাদ জানায়। প্রতিবাদে কোন ফল না হওয়ায় তাঁরা সংসদ ভবন থেকে ওয়াক অংউট করেন। কোলকাতার জনমনে ভয়ানক উদ্বেগ বিরাজ করছিল এবং সে উদ্বেগ এ কারণে বেড়ে চলেছিল যে মুসলিম লীগ সরকার প্রতিষ্ঠিত ছিল এবং হুসেন শহীদ সোহরাওয়ালী ছিলেন প্রধানমন্ত্রী। (India Wins Freedom by Abul Kalam Azad pp. 168-169)

মাওগানা আবুল কালাম আজাদের উপরোক্ত বক্তব্যে কোলকাতার লোমহর্ষক সাম্প্রদায়িক হানাহানির প্রকৃত কারণ চিহ্নিত হয়েছে। কারণগুলো হচ্ছে—

- বাংলায় মুসলিম লীগ মন্ত্রীসতা প্রতিষ্ঠিত বা হিলুদের জন্য ছিল অসংনীয়।
- প্রধানমন্ত্রী ছিলেন হসেন শহীদ সোহরাওয়ালী থাঁকে হিন্দুগণ মনে করতো থিপুবিছেষী।

৩. ১৬ই আগস্টের ক'দিন পূর্ব থেকেই এ মিখা গুজব ছড়ালো যে মুসলিম লীগ তথা কোলকাতার মুসলমানগণ হিন্দুদের উপর আক্রমণ চালাবে এবং তালের ধনসম্পদ পূর্তন করবে। এ গুজব ছড়ানোর এ উদ্দেশ্য ছিল যেন হিন্দুগণ কোলকাতার শতকরা প্রায় পটিশ তাগ মুসলমান নির্মূল করার জন্য তৈরী হয়।

আমি (অত্র গ্রন্থকার) সে সময়ে গুরুন্থপূর্ণ সরকারী চাকুরীতে নিয়োজিত থাকলেও পাকিন্তান আলোলন মনে প্রাণে সমর্থন করাতাম। মুগলিম লীল মহলের সাপেও যোগাযোগ রক্ষা করে চলতাম। ১৬ই আগস্ট মুসলমাননের শক্ষ থেকে হিন্দুদের উপর আক্রমণ চালানো হবে এরূপ কোন পরিকল্পনার বিন্দু বিসর্গন্ধ কানে আসেনি। আমি তখন ফ্যামিলিসহ কোলকাতায় থাকতাম, বাসায় আমার সাপে আমার স্ত্রী ও চার বছরের কন্যা মাত্রে। গোলযোগের কোন আশংকা থাকলে তাদেরকে একাকী ফেলে ১৬ই আগস্টে মুসলিম লীগের জনসভায় নিভিন্ত মনে কিছতেই যেতে পারতাম না।

গড়ের মাঠে অনুষ্ঠিত জনসভায় আমার মত আরো অনেকেই বোগদান করেন। আমরা জনসভায় উপস্থিত হয়ে দেখগাম রাজা গজনফর আলী বান ইংব্রেজিতে বস্তুতা করছেন।

মুসলিম লীগ কর্মীদের হাতে কোন অগ্র ও দূরের কথা, কোন লাঠি-সোটাও দেখতে গাইনি। তবে পাবিস্তান লাতের আশায় সকলকে হর্ষোৎযুক্ত ও উজ্জীবিত দেখতে পেয়েছিলাম।

রাজা সাহেবের পর সোহরাওয়াদী সাহেব যঞ্চে ওঠার পর মুসলিম শীদ মিছিলের এবং জনসভায় আগমনকারীদের উপর হিশুদের সশস্ত আক্রমণের সংবাদ আসতে থাকলো। অতঃপর আক্রান্ত মুসদমানদের অনেকেই রক্তমাখা জামাকাপড় নিয়ে সভায় হাজির হয়ে হিশুদের সশস্ত হামলার বিবরণ দিতে লাগলো। প্রোভাদের হর্গ বিধাদে পরিপত হলো। ভয়ানক উক্তেজনা, ভীতি ও আশংকা বাড়তে থাকলো। কোলকাভায় শতকরা বিশ থেকে পঁচিশ ভাগ মুসল্মান। প্রায় সকলেই দরিদ্র। তাদের শতকরা প্রায় পাঁচ ভাগ বহিরাগত, বিভিন্ন স্থানে চাকরি করে।

জনসভায় যোগদানকারীখণ কিভাবে নিরাপনে বাড়ি ফিরে যাবে, তাদের অরক্ষিত পরিবারের অবস্থাই বা কি—এমন এক আশংকা সকলের চোঝে মুবে ৪৬৮ বাংলার মুসল্মাননের ইডিহাস দৃশ্যমান হয়ে উঠপো। প্রধানমন্ত্রী বুঝতে পারদেন। তীর বন্ধৃতার কোন কথাই
আমার মনে নেই। তবে জনতাকে সাজুনা দেবার জনো 'হাম্ সব নেখ্ দেখার'—
রলে সকদকে শৃংবলার সাথে ছারে ফিরে খেতে বল্লেন। আমরা কোন রকমে
'জাল্লাহ আল্লাহ' করে বাসায় ফিরলাম। কোদকাতার মুসলিম পল্লী পার্কসাকাসে
থাকতাম বলে বেঁচে গিয়েছি, নতুবা হিন্দুদের জাক্রমণের শিকার জবশাই হতে
হতো।

এ লোমহর্যক ঘটনা সম্পর্কে তৎকালীন কোলকাভার দৈনিক স্টেটস্ম্যান (Statesman) পত্রিকার সম্পাদক— Lan Stephens বাসেন—'সম্বন্ধতঃ প্রথম দিনের মারামারিতে এবং নিভিতরূপে ছিতীয় ও তৃতীয় দিনে— মুসসমানদের জানমাসের সবচেয়ে বেনী ক্ষতি হয়।

(Ian Stephens, Pakistan, London, Ernest Bena, 1963, p. 106; Choudkury Mohammad Ali : The Emergence of Pakistan, p. 76)

এসব ঘটনার দ্বারা এ কথা নিঃসন্দেহে প্রমাণিত হয় যে, ১৬ই আগন্থ হিন্দুদের উপর আক্রমণ করার কোন পরিকলনা মুসলিম লীগের ছিলনা। বরক্ষ দীগের ডাইরেট আকেশনকে নিজেদের হীন সার্থে ব্যবহার করার জনা কংগ্রেস মুসলিম নিধনের নিপুত পরিকলনা তৈরী করে। তবে এর সুফল হয়েছে মুসলমানদের জনো। পাকিস্তান সৃষ্টি তুরানিত হয়েছে—যার সজাবনা কিছুটা কীণ হয়েছিল কেবিনেট মিশনের প্রস্তাবের পর। জিলাহ খোলাবুলি ও অকপটে কোলকাভার নৃশংস ঘটনার তীব্র নিশা করেন এবং নিহত ও ক্ষতিগ্রস্তাদের প্রতি গভীর সমবেদনা আপন করেন।

## মুসলিম লীপের ডাইরের আকশনের পর

কোলগাতার সাক্ষদায়িক সংঘর্ষ এক বিতর্কিত আলোচনার বিষয় হয়ে শড়ে। উপমহাদেশে মাঝে মধ্যে এখানে দেখানে হিন্দু মুদলমানে লাংগাহাংগামা হয়েই থাকে। কিন্তু ১৯৪৬ সালের ১৬ই আগস্টে অনুষ্ঠিত নিষ্ঠুরতা ও নৃশংসভা ছিল তুলনাবিহীন। কোলকাতার মুদলমানদের নির্মূল করার এক সুচিত্তিত পরি-কম্বনার অধীনে এ হত্যাকান্ড অনুষ্ঠিত হয়েছিল।

তাইস্বেয় ২৪শে আগন্ট মধ্যবতী সরকারের সদস্যদের নাম ঘোষণা করেন।

বাংগার মূলপমাননের ইতিহাস ৪৬৬

তাদেরকে দুসরা সেপ্টেম্বর দায়িত্ব গ্রহণ করতে হবে।

উপ্রেখ্য যে, ভাইসরয় ৬ই আগস্ট নেহরুকে মধ্যবর্তী সরকার গঠনের আহবান জানান। ৭ই আগস্ট কংগ্রেস গুয়ার্কিং কমিটি সরকার গঠনে সম্পতি দান করে। ১৭ই আগস্ট নেহরু ভাইসরয়কে বলেন বে তিনি মুসলিম আসনগুলো লীগ বহির্ভূত লোকদের দারা পূরণ করে একটি শক্তিশালী সরকার গঠন করতে চান। তাইস্রয় এতে ভিন্নমত পোষণ করে বলেন যে আপাততঃ কিছু সময়ের জন্যে মুসলিম আসনগুলো উন্যুক্ত রাখা হোক। নেহরু এ প্রস্তাবে রাজী না হয়ে তার নিজের প্রস্তাবে অবিচল থাকেন।

একথাটি পরে প্রকাশ হয়ে পড়ে যে কংগ্রেপী মধ্যবর্তী সরকারের শপধ 
গ্রহণের প্রাক্তাপে ডাইসরয় ব্রিটিশ সরকারকে বলেন যে, মুসলিম লীগ সরকারে 
ধ্যোগদান করতে রাজী না হওয়া পর্যন্ত শপথ অনুষ্ঠান মূলতবী রাখা হোক।
প্রধানমন্ত্রী এট্লী ভাইসরয়ের যুক্তি প্রভ্যাধ্যান করে বলেন যে, এখন যে কোন 
বিশ্বকরণ প্রক্রিয়া কংগ্রেস নেতাদের মেজান্ধ ভিক্ততর করবে এবং কংগ্রেস ও 
ব্রিটিশ সরকারের মধ্যে ভাঙন সৃষ্টি করবে। অতঃপর নিল্লী থেকে জারীকৃত এক 
সরকারী ইশ্ভাহারে বলা হয় যে, নতুন ভাউলিল দুসরা সেপ্টেম্বর কার্যভার 
গ্রহণ করবে।

নতুন কাউণিলে (The New Executive Council) যোগদানকারী সদস্যগণ ছিপেন ঃ নেহরু, প্যাটেগ, রাজা গোপালাচারিয়া, রাজেন্দ্র প্রসাদ, আসম্ভ আলী, শরংচন্দ্র বোস, জন ম্যাথাই, বলদেব দিং, ম্যার শাফায়াত আহমদ খান, জগজীবন রাম, আলী ছাহির এবং সি এইচ তবা। দুজন মুসলমান পরে নেয়া হবে। (The Indian Register, 1946, vol. II, P. 228, Ishtiaq Husain Qureshi: The Struggle for Pakistan, pp. 274-275)।

মেজান্ধ প্রকৃতির পরিপন্থী কাজ সমাধা করার পর ভাইসরয় সাম্প্রদায়িক
দাংগায় বিধ্বন্ত কোলকাতা পরিদর্শন করেন। কোলকাতা ভ্রমণের পর তিনি
নিশ্চিত হন যে, কংগ্রেস এবং লীগের মধ্যে কোন সমঝোতা না হলে সমগ্র
ভারত তয়ংকর গৃহযুদ্ধের শিকার হয়ে পড়বে। কোলকাতা থেকে প্রত্যাবর্তনের
পর তিনি কংগ্রেস নেতাদেরকে বুঝাবার চেটা করেন এবং এ উদ্দেশ্যে ২৭শে
আগস্ট গান্ধীর সাথে সাক্ষাৎ করেন। তিনি বাংলায় এবং কেন্তে কোয়ালিশন
সরকার গঠনের প্রস্তাব দেন এবং একটা ফর্মুলা পেশ করেন। ২৮শে আগস্ট
৪৭০ বাংলার চুলস্মাননের ইতিহাস

নেহর তাইসরয়কে জানিয়ে দেন যে ওয়ার্কিং কমিটি ফর্মুলাটি প্রস্ত্যাখ্যান করেছে

তাইসরয় লর্ড ওয়াভেল একটি মীমাংসায় পৌছার অপ্রাণ চেষ্টা করে ব্যর্প হন।
তার এ প্রচেষ্টা কংগ্রেস ভিরভাবে গ্রহণ করে। উপমহাদেশের উপর কংগ্রেসের
একচেটিয়া প্রভৃত্ব কর্তৃত্ব প্রতিষ্ঠার পথে ওয়াভেলকে তার প্রতিবন্ধক মনে করেন
এবং তার শান্তি বিধানের জন্য উঠে পড়ে লাগেন। ওয়াতেলের সাথে আলাপ
আলোচনার পর কিরে এসে গান্তী এবং নেহরু উভয়ে পত্র লিখতে বসে যান।
গান্ধী প্রথমে এট্লীর নিকটে এ মর্মে তারবার্তা প্রেরণ করেন যে, তাইসরয়ের
মনের অবস্থা এমন যে শিগ্নির প্রতিকার হওয়া দরকার। তার বিরুদ্ধে অতিযোগ
এই থে কোলকাতার ঘটনায় তিনি মানসিক তারসামা হারিয়ে কেলেছেন। গান্ধী
তার স্থপে একঞ্জন যোগ্যতর ব্যক্তির দাবী জানান। গান্ধী ওয়াভেলকেও পরের
হারা শাসিয়ে দেন যে তিনি ভীতি প্রদর্শন করে কংগ্রেসকে তার হমতে জানতে
চান। তিনি আরও বলেন যে তাইসরয় যদি সাম্প্রদায়িক সম্পর্কের অবনভিতে
ভীত হয়ে পড়েন এবং তা দমন করার জনো শক্তি প্রয়োগ করতে চান, তাহলে
বৃটিশের শিগনির ভারত ত্যাগ করা উচিত এবং ভারতে শান্তি প্রতিষ্ঠার দায়িত্ব
কংগ্রেসের উপর অর্পণ করা উচিত।

অপরদিকে নেহরু বৃটেনে তার কভিপন্ন প্রভাবশালী বন্ধুকে পত্র দ্বারা জানিয়ে লেন যে, তাইসরন্ধ অত্যন্ত দুর্বল লোক এবং মানসিক নমনীয়তা হারিয়ে ফেলেছেন। জিরাহকে খুলী করার জন্যে তিনি ভারতকে বিপদের মুখে ঠেলে দিছেন। তিনি বলেন যে, তাইসরন্ম স্যার ফ্রান্সিস্ মুডি এবং জর্ভ এবেল এর পরামর্শ অনুযায়ী চলছেন এবং নেহরুর মতে এ দুজন হছেন প্রকট মুসলিম মনা (Rabidly pro-Muslim)। নেহরু তাদেরকে ইংলিল মোল্লা বলেও অভিহিত্ত করেন। মোট কথা নেহরুর পত্রাদির মর্ম হছে— 'গুয়াভেলকে যেতেই হবে'।

—(Leonard Mosley- op. cit- pp. 44 - Gandhi's letter to Wavel reproduced in full in Pyarelal's Mahatma Gandhi: The last Phase (Ahmedabad-1956); I. H. Qureshi: The Struggle for Pakistan, p. 276)1

#### धामन अधारा

## একজেকিউটিভ কাউনিলে লীগের যোগদান

অন্তর্গতী সরকার নির্দিষ্ট সময়ে, অর্থাৎ দুসরা সেপ্টেম্ব ১৯৪৬, কার্যকার প্রহণ করেন। কংগ্রেস ব্রই উদ্ধানিত। পটাতি সিভারামিয়া ঘোষণা করেন, ক'বছরের মধ্যেই ভারতে একটি জাতীয় সরকার প্রতিষ্ঠিত হবে। মুসলিম লীম আসুক না আসুক ভাতে কিছু যায় আসে না। কাফেলা চলতেই থাকবে। প্রথম আমালেরকে এ ভ্রভের শাসক মনে করতে হবে। (I. H. Qureshi: The Struggle for Pakistan, p. 277)

ভারতে একদলীয় শাসন প্রতিষ্ঠায় থন্য মুসলিম ভারত এবং বৃটেনের বিজিন্ন রাজনৈতিক পর্যবেক্ষক অত্যন্ত দৃঃখ প্রকাশ করেন। জিন্নাহ ২৫শে আগন্ত অত্যন্ত কঠোর ভাষায় এক বিবৃতি দান করেন। তিনি ভাইসরগ্রের সিদ্ধান্তে দৃঃখ প্রকাশ করে কলেন যে, মুসলিম লীগকে যে মিন্ডমভা দান করা হয়েছিল এবং যে সব প্রতিপ্রতি দেয়া হয়েছিল, ভার সিদ্ধান্ত সে সবের সাথে অসামঞ্জস্মশীল। নতুন সরকার যে দিন কার্যভার গ্রহণ করেন সেদিন মুসলমানগণ সমগ্র ভারতে ভাদের গৃহত্ব ও দোকানে কালো পতাকা উভতীন করেন।

বৃটেলে স্যার উইন্সৌন চার্টিন সরকারী সিদ্ধান্তের তীব্র প্রতিবাদ জানান এবং ইশিয়ারি উচারণ করে বলেন, হিন্দু সংখ্যাগরিষ্টের শাসন প্রতিষ্ঠার চেষ্টা গৃহযুদ্ধ ব্যতীত সফল হবেনা। হিন্দুদের সুযোগ সুবিধা দেয়ার জন্য ক্রিপ্স্ জন্যায়ভাবে তার প্রভাব কাজে লাগিয়েছেন। পরে তিনি বলেন, বর্ণহিন্দু মিঃ নেহরুর উপর তারও সরকারের দায়িত্ব অপণ মৌলিক তৃণ হয়েছে। ১৯৩৫ সালের ভারত শাসন আইনের জন্যতম প্রণেতা লর্ড টেম্পন্ উড় একটি মাত্র সম্প্রদায়ের সহযোগিতায় সরকার গঠনের বিরুদ্ধে ইশিয়ারি উভারণ করেন। লর্ড স্কার করো তবিষ্যন্থাণী করেন যে একটি দলের হাতে জমতা হস্তান্তরের জনো ভারত থেকে বৃটিশ সরকারের উপর তল্পানক চাপ সৃষ্টি করা হবে এবং তিনি জাশ করেন যে তা প্রতিহত করা হবে। লর্ড ক্রাস্বেণ জ্বন মাসে মুস্পমানদের সাথে কৃত ওয়ালা ভংগ করে আগস্তে কংগ্রেসকে সরকার গঠনের জনুমতি দেয়ায় সরকারের তীর সমালোচনা করেন। এভাবে বৃটেনের বিভিন্ন মহল থেকে

ভালের প্রতিক্রিয়া ঝণ্ড করা হয়। (I. H. Qureshi: The Struggle for Pakistan, pp. 277-278)

অন্তর্বার্তী সরকার গঠনের পর এক মাস অভিক্রোপ্ত হতে না হতে মুসলিম দীশ উপলব্ধি করে যে, সরকারের বাইরে অবস্থান মুসলিম স্বার্থের চরমে পরিপন্থী। নীতিগততাবে মুসলিম দীপ সরকারে যোগলান করতে অস্বীকৃতি জানিরেছে। এ নীতি বলবং পাকরে। তবে রাজনৈতিক প্রয়োজন এবং সেইস্যাপে দেশে শক্রতারাপত্র একটি হিন্দু সরকার প্রতিষ্ঠা দীগকে তার নীতি পরিবর্তনে বার। বারো, যতোদিন মুসলিম দীগ বাইরে থাকরে, ততোদিন মুসলমানগণ দুর্গতি তোগ করতে থাকরে। আইন শৃংখলার অবনতি ঘটছে এবং বহ অঞ্চল থেকে মুসলমানদের নির্মূল হওয়ার অলংকা রারছে। কংগ্রেসের কোন মাথা বাথা নেই। হিন্দু সরকার ক্ষমতায় পাকার কারণে দৃষ্কৃতিকারিগণ উৎসাহিত বলে মনে হচ্ছে। অতএব প্রমতাবস্থার মুসলিম তারত রক্ষার উদ্দর্শ্যে মুসলিম দীগকে অবশ্যই সরকারে যোগদান করতে হবে। জিলাহর মতে কোয়ালিশন সরকারের বাইরে থাকার চারা তেতরে থেকে তালোভাবে তিনি পাকিস্তান প্রতিষ্ঠার সংগ্রাম চালাতে পারবেন।

কোয়াপিশন সরকারে মুসলিম লীগকে পাওয়ার জন্যে তাইসারছ বছং বড়ো আগ্রহানিত ছিলেন। কারণ তিনি ভবিবাৎ সংকট সম্পর্কে সচেতন ছিলেন। এ কারণে দীর্ঘ জটিল জালাপ আলোচনা চলতে থাকে একদিকে জিল্লাহ ও নেহকল মধ্যে এবং অপরদিকে জিল্লাহ ও তাইসারলের মধ্যে। অবশেষে ২৫শে অক্টোবর ১৯৪৬, একজেকিউটিভ কাউন্সিল নিজ্জপে পুনর্গঠিত হয়:—

#### কংগ্ৰেস

ৰুত্বৰাৰ নেইক - (External Affairs and Commonwealth Relations)

বক্তত ভাই প্যাটেল – (Home, Information & Broadcasting)
মি, রাজা গোপাশাচারিয়া – (Education & Arts)
আসফ আলী – (Transport & Railway)
জগজীবদ রাম – (Lubour)

## गुमनिय नीश

নিয়াকত আলী খান – (Finance) আই আই চুন্দ্ৰিগড় – (Commerce) আবদুর রব নিশতার – (Communications) গজনম্ব আলী খান – (Health) যোগেন্দ্ৰ নাথ মন্তপ – (Legislative)

## **मश्यालप्**

জন্ ম্যাথাই - (Industries & Supplies)
সি এইচ ভবা - (Works, Mines & Power)
বলবে সিং - (Defence)

নেহরু কোয়াদিশন সরকারে মুসপিম পীগের যোগদান ভালো চোখে দেখেননি। তদুপরি দপ্তর বউনেও তিনি চরম একগুরৈমির পরিচয় দেন। ভাইসরয় চাছিলেন তিনটি ছতি গুরুত্বপূর্ণ দপ্তর যথা External Affairs. Home and Defence—এর যে কোন একটি মুসপিম পীগকে দেয়া হোক। নেহক এর চরম বিরোধিতা করেন। অবশেবে যে পাচটি দপ্তর মুসপিম পীগকে দেয়া হয় ভার মধ্যে ছর্ম্ম(Finance) একটি। কংগ্রেস জর্থ বিভাগের দপ্তরটি মুসপিম পীগকে দিতে এ জন্যে রাজী হয়েছিল যে, তাদের বিশাস ছিল এ দপ্তর চালাতে মুসপিম পীগ জপারগ হবে— বরঞ্চ চালাতে গিয়ে বোকা সাক্ষরে। মাওলানা আবুল কালাম আজান কংগ্রেদের এ সিদ্ধান্তে নৃঃৰ প্রকাশ করে বলেন, ভার সহকর্মীদের এ এক ভূল সিদ্ধান্ত হয়েছে।

আবৃপ কালাম মাজান তাঁর 'India Wins Freedom' গ্রন্থে এ বিষয়ে যে উপভোগ্য আলোচনা করেছেন তা উপভোগ করার জন্য পাঠকবৃন্দের জন্য পরিবেশন করছি।

মাওলানা আজাদ বলেনঃ

ষেহেত্ পীগ সরকারে যোগদান করতে সমত হয়েছে, কংগ্রেসকে সরকার পুনর্গঠিত করতে হবে এবং এতে মুসলিম পীগ প্রতিনিধিদের স্থান করে দিতে হবে। এখন প্রশ্ন কে কে সরকার থেকে সরে দীড়াবেদ। মনে করা হলো যে, শরৎ চন্দ্র বসু, স্যার শাফায়াত আহমদ খান এবং সৈয়দ খালী কাহির লীপ
নমিনীলের স্থান করে দেয়ার জন্যে ইভাফা দেবেন। তাইসরয়ের প্রস্তাব ছিল যে
স্বরাষ্ট্র বিভাগ মুসলিম লীগকে দেয়া হোক। সর্দার প্যাটেল এ প্রস্তাবের তীর
বিরোধিতা করেন। আমার ধারণা মতে আইন শৃংখলা অবশ্যভাবী রূপে একটি
প্রাদেশিক বিষয়। কেবিনেট মিশন পরিকর্মনার যে চিত্রটি সামনে রয়েছে তাতে
এ ব্যাপারে কেন্দ্রের সামান্য কিছুই করার আছে। খতএব নতুন সরকার
কাঠামোতে কেন্দ্রে সামান্য কিছুই করার আছে। খতএব নতুন সরকার
কাঠামোতে কেন্দ্রে স্বরাষ্ট্র মন্ত্রপালয়ের তেমন কোন গুরুত্ব নেই। এ কারণে আমি
লর্ভ ওয়াতেলের প্রস্তাবের পক্ষেই ছিলাম। কিন্তু প্যাটেল একেবারে নাছোড়বালা।
তিনি বল্লেন, আমি বরঞ্চ সরকার থেকে বেরিয়ে যাব কিন্তু স্বরাষ্ট্র মন্ত্রপালয়
ছাড়বনা।

আমরা তথন বিকল্প চিন্তা করলাম। রথি আহমদ কিদওয়াই প্রভাব করেন যে এর্থ মন্ত্রণালয় মুসলিম লীগকে দেয়া হোক। তিনি আরও বলেন, এ অত্যন্ত গুরুত্বপূর্ণ বিভাগ। কিন্তু এ একটি উক্যানের টেক্নিকাল বিষয় এবং মুসলিম লীগের মধ্যে এমন কেউ নেই যে এ বিভাগ ভাগেতোবে পরিচালনা করতে পারবে। কিদওয়াইয়ের ধারণা মুসলিম লীগ এ দপ্তর গ্রহণ করতে স্বায়কৃতি জানাবে। এতে কংগ্রেসের কোন ক্ষতি নেই। সার এ দপ্তর গ্রহণ করণে পরে ভারা ধোকাপ্রমাণিত হবে।

প্যাটেল পাঞ্চ মেরে প্রস্তাবটির প্রতি তার অতি জেরালো সমর্থন জানান (Patel jumped at the proposal and gave it his strongest support)। আমি এ কথা তুলে ধরার চেষ্টা করলাম যে অর্থ মন্থণাপয় হলো একটি সরকারের চাবিকাঠি এবং এ মুসলিম লীগের নিয়ন্ত্রণে থাকলে আমাদেরকে বিরাট অসুবিধার সম্থান হতে হবে। প্যাটেপ আমার বিরুদ্ধাচারণ করে বল্লেন যে, লীগ এ বিভাগ চালাতে পারবেনা এবং এ প্রস্তাব প্রত্যাখ্যান করতে বাধ্য হবে। আমি এ সিদ্ধান্তে বুলী হতে পারিনি। তবে সকলে যথম একমত, আমাকে তা মেনে নিতে হলো।

পর্ত ওয়াতেশ জিল্লাহকে প্রভাবটি সম্পর্কে জবহিত করলে তিনি পরের দিন ধ্ববাব দেবেন বলেন।

জিল্লাহরও সংশয় ছিল যে কেবিনেটে পীগের প্রধান প্রতিনিধি পিয়াকত জাপী এ বিভাগটি চাগাতে পারবেন কিনা। অর্থ বিভাগের কভিপয় মুসলমান অফিসার বাংসার মুসপমানদের ইতিহাস ৪৭৫

৪৭৪ বাংগর মুদলমানদের ইতিহাস

এ বিষয়টি জানার পর জিল্লাহর সাথে দেখা করেন। তারা বলেন যে, কংগ্রেসের এ প্রস্তাব অচিন্তনীয় পাকা ফলের মতো এবং এতে লীগোর বিরাট বিজ্ঞার সৃচিত্ত হয়েছে।... অর্থ বিভাগ নিয়ন্ত্রণের ফলে সরকারের প্রতিটি বিভাগে লীগের কর্তৃত্ব চলবে। তারা জিল্লাহকে এ নিশ্চয়তা দান করেন যে তার তয়ের কোন কারণ নেই। সিয়াকত জালীকে সর্বপ্রকারে সাহায্য সহযোগিতার প্রতিশ্রুতি তারা দেন যাতে যথাযথভাবে তিনি তার দায়িত্ব পালন করতে পারেন।

কংগ্রেস শীয়ই উপলব্ধি করেছিল যে অর্থ বিভাগ লীগকে দিয়ে বিরাট ভূল করা হয়েছে– (Abul Kalam Azad: India Wins Freedom, pp. 177-179)।

এ প্রসঙ্গে চৌধুরী মৃহাব্দে আলী বলেন ঃ

ছন মাসে যখন সর্বপ্রথম একটি অন্তর্বতী সরকার গঠনের সম্বাবনা দেখা দিয়েছিল, তখন কায়েদে আজম লীগের সম্ভাব্য দণ্ডরগুলো সম্পর্কে আমার সাথে আলোচনা করেন। তিনি স্বরাষ্ট্র ও প্রতিরক্ষা (Home & Defence) বিভাগ ত্রহণের ইচ্ছা প্রকাশ করেন। আমি বল্লাম, আইন শৃংখলা ও পুলিশ প্রাদেশিক বিষয় যার উপর কেন্দ্রের কোন নিয়ন্ত্রণ নেই: কংগ্রেস প্রদেশগুলো লীগ স্বরাষ্ট্রমন্ত্রীর কোন পরোয়াই করবেনা। অনুরূপ মুসলিম লীগ প্রাদেশিক সরকারগুলো তার উপদেশ গ্রহণের প্রয়োজন বোধ করবেনা। আমি বল্লাম যে প্রতিরক্ষা দধর অবশাই লাভজনক। কিন্তু যদি সীগ প্রতিটি বিভাগে সরকারের নীতি-পলিসি প্রতাবিত করতে চায়, তাহলে তার কর্ণ বিভাগ নেয়া দরকার। আমি তথন তাকে অর্থ বিভাগের কৌশলগত গুরুত্ব বুঝাতে পারিন। কিন্তু এখন ঘটনাচক্রে অর্থদন্তর লীগের খাড়ে এসে পড়েছে। আমাকে যখন পুনরায় ভেকে পাঠানো হয় তখন অভান্ত কোরালোভাবে আমার পূর্ব পরামর্শের পুনরাবৃত্তি করি। লীগের প্রধান প্রতিনিধি হিসাবে লিয়াকত আলীর উপর অর্থ বিভাগ অর্লিত হওয়ায় তিনি দ্বিধার্মন্ত ছিলেন। আমি সর্বাত্মক সাহাযা সহযোগিতার প্রস্তাব দিলাম এবং কায়েদে আজম ও লিয়াকত আলী খান উভয়কেই সাফ্লাজনক পরিণামের নিচয়তা নান করলাম। আমার প্রস্তাব গৃহীত হলো এবং লিয়াকত বালী অর্থমন্ত্রী হলেন। (Chowdhury Mohammad Ali: The Emergence of Pakistan, p. 84)1

## কোয়ালিশন সরকার গঠনের পর

লীগের প্রতি কংগ্রেসের পূর্ণ জনাস্থা ও বৈরাচরণের কারণে কংগ্রেস চাইছিল নেহরুকে গোটা কেবিনেটের নেতা হিসাবে স্বীকৃতি দিতে। লীগ তা মেনে নিতে অবীকার করে। এক সাংবাদিক সম্পোনে লিয়াকত আলী থান স্পষ্টতাষায় বলেন, নেহরু কেবিনেটে কংগ্রেস দলের নেতা ব্যতীত আর কারো নেতা নন। সাংবিধানিক জর্থে সম্বিলিত দায়িত্ব অস্বীকার করলেও তিনি বলেন, লীগ মন্ত্রীগণ তাদের সহকর্মীদের সাথে মিলেমিশে কাজ করবেন ওধু মুসলমানদের স্বার্থেই নয়, বরঞ্চ ভারতের সকল অধিবাসীদের স্বার্থে।

সাম্প্রদায়িক হানাহানি বেড়েই চলছিল বিধায় ঐক্য ও সহযোগিতার অত্যন্ত প্রয়োজন ছিল। অক্টোবরের দিতীয় সন্তাহে পূর্ব বাংলার নোয়াখালী ও কুমিল্লা জোলায় গোলযোগ গুরু হয় এবং মাস শেষ হবার পূর্বেই পরিস্থিতি নিয়ন্ত্রগে আনা হয়। গণ্ডপর স্যার ফ্রেডারিক বারোজ সরেজমিনে তদন্তের পর এ মন্তব্য করেন যে সেখানে হিন্দুদের বিরুদ্ধে মুসলিম জনসাধারণের কোন আক্রমণাত্মক অভিযান ছিলনা। গুডাপ্রকৃতির লোকদের ছারা এ গোলযোগ সৃষ্টি করা হয়েছিল। লেফট্নাান্ট জেলারেল স্যার ফ্রান্সিস টুকার, জেলারেল অফিসার কম্যাভিং ইন্ টাফ্ কম্যাভ, নিহতের সহখ্যা তিনশতের কম বলেন। কিন্তু বিকারগ্রন্থ হিন্দুপ্রেস ইচ্ছাকৃতভাবে ভয়াবহ ও লোমহর্ষক কল্পকাহিনী রচনা করে তা সারা বিশ্বে ছড়িয়ে দেয়। এসব প্রচারণা বিহার ও ইউপি– র হিন্দুদের মধ্যে প্রতিশোধ প্রহণের উনপ্র লালসা সৃষ্টি করে। [E. W. R. Lumby: The Transfer of Power in India—1945-47 (London George Allen and Unwin, 1954), p. 120: Sir Francis Tuker; While Memory Serves (London-Casell, 1950) p. 176; Choudhury Mohammad Ali: The Emergence of Pakistan, p. 85]।

নবেশরের পশ্বলা হপ্তায় পরিকল্পিত উপায়ে বিহারে মুসলিম নিধনযক্ত শুরু হয়। ছ'চছিশের সকল ভয়ংকর দাংগার মধ্যে বিহারের হত্যাযক্ত ছিল সর্বাপেক্ষা লোমহর্ষক ও বেদনাদায়ক। এর সবচেয়ে কাপুরুষোচিত দিক হচ্ছে এই যে হিন্দু জনতা পরিকল্পনা অনুযায়ী সকল প্রস্তুতিসহ হঠাৎ মুসলমানদের উপর ঝাপিয়ে পড়ে। এসব মুসলমান ও তাদের পূর্বপুরুষ শান্তিপূর্ণতাবে তাদের হিন্দু প্রতিবেশীর সাথে বসবাস করে আসছিল। এ দাংগায় নিহত নারী, পুরুষ ও শিশুর সংখ্যা ছিল

সাত আঁট হাজার। (Sir Francis Tuker: While Memory Serves, pp. 181-82; Choudhury Mohammad Ali: Emergencey of Pakistan, p. 86)।

তাইসরয় এবং কেন্দ্রীয় মন্ত্রীবর্গ হিলু ও মুসলিম উপক্রত অঞ্চল সফর করেন এবং সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তির জন্য আবেদন জানান। বিহারের ঘটনা জানা সংস্তেও গান্ধী নোয়াখালীর পথে তখন কোকাতায় অবস্থান করছিলেন। কংগ্রেসী মুসলমানগণ গান্ধীকে বার বার অনুরোধ করেন বিহার গিয়ে রক্তপিপাসু হিলুদের নিবৃত্ত করার জনো। এতদ্সত্ত্বেও গান্ধী বিহারমুখী না হয়ে নোয়াখালী গমন করে চার মাস অবস্থান করেন।

অবশেষে সাতচল্লিশের মার্চ মানে বিহারে যাওয়ার জন্য গান্ধীকে রাজী করা হয়। এবার গান্ধীর চোখ খুলৈ যায়। প্রদেশের মন্ত্রীসভা হলচাত্রী করে সবকিছু এড়িয়ে চলেন এবং তাদেরকে মোটেই অনুভপ্ত দেখা যায় না। জেনারেল টুকার বলেন, আমাদের অফিসারদের কাছে যেটা সবচেয়ে কিমন্তর্কর মনে হয়েছে তা এই যে, হিন্দু মন্ত্রীগণ নৃশংস হও্যাকান্ডকে কি করে শান্তভাবে গ্রহণ করলেন। তারা বলেন যে তারা যথাসাধ্য চেটা করেছেন। কিছু গান্ধী যখন বলেন যে, এখন পর্বন্ধ কোন তদন্ত কমিশন গঠন করা হয়িন, তখন প্রধানমন্ত্রী প্রীকৃক্ত সিনহা তয় প্রকাশ করে বলেন যে এর থেকে লীগ রাজনৈতিক ফায়দা হাসিল করবে।

বিহার হত্যাযক্তের সাক্ষ্যপ্রমাণ এতো মজবুত যে কারো পক্ষে বিভ্রান্তি সৃষ্টি
সম্বন নয়। পিরারীলাল তার 'মহাত্মা গান্ধী দি লাই ফেল্ক'—গ্রন্থের একটি
অধ্যায়ের শিরোনাম দিয়েছেন— 'The veil lifted, এতে তিনি বলেন যে,
ছেচলিশের বিহারের দাংগা অথক তারতের স্বপুসাধ তেঙে দিয়েছে। এ হত্যাকাক
হিন্দুর সহজাত শান্তিবাদ (Pacifism)—এর প্রতিও গান্ধীর বিশাস তেঙে দিয়েছে।
এ সময় পেকে তার মধ্যে একটা লক্ষণীয় পরিবর্তন সৃচিত হয়েছে। পূর্ববর্তীকালে
প্রতিটি সাম্প্রদায়িক দাংগায় তার প্রধান উদ্বেগ ছিল হিন্দুদের রক্ষা করা। এখন
তিনি মুসলমানদের রক্ষার জন্যেও উদ্বিগ্র হয়ে পড়েন। সময় তারতের উপর
হিন্দুর রাজনৈতিক প্রাধান্য প্রতিষ্ঠা করার চেষ্টা সম্বেও, তিনি রক্তপাত এড়াবার
আপ্রাণ চেষ্টা করেন। তার মানবিক আবেগ জাপ্রত হয়েছিল এবং জীবন দিয়ে
এর মূল্য তাকে দিতে হয়।

বিহার হত্যাকান্ডের কিছুদিন পর ইউপি প্রদেশের গড়মুন্ডেশ্বরে আর একটি
মুসলিম নিধনবঞ্জ অনুষ্ঠিত হয়। এখানে প্রতিবছর হিন্দু মেলা হয়। কিছু সংখ্যক
মুসলমান ব্যবসায়ী মেলায় লোকানপাট খুলে বসে। হঠাৎ তালের উপর হামলা
করা হয়। জেনারেশ টুকার বলেন,

প্রত্যেক মুসলিম নারী, পুরুষ ও শিশুকে নিষ্কুরতাবে হত্যা করা হয়।
হজাকাজের কোন সংবাদ লৌহ যবনিকা তেদ করে বহির্জগতে শৌহতে
পারেনি। প্রাদেশিক সরকার হিন্দু প্রশাসনযন্ত্রের সহযোগিতায় হিন্দুদের এ
হজ্যাকাজকে পদার আড়াল করে রাখেন। হিন্দু পত্র-পত্রিকায় ইচ্ছাকৃতভাবে
ফলাও করে প্রচার করা হয় যে, মুসলমানরা কয়েকগুণে প্রতিশোধ নিয়েছে। এটা
করা হয় হিন্দুদের অপকর্ম ঢাকার জন্য। প্রধানমন্ত্রী পভিত পান্ট ঘোষণা করেন
যে বিচার বিভাগীয় তদন্ত কমিটি করা হবে। কিন্তু কোন কিছুই করা হয়নি। (Sir
Francis Tuker: While Memory Serves: pp. 196-201: Chowdhury
Mohammad Ali—Emergence of Pakistan, p 87)।

#### ত্ৰয়োদশ অধ্যায়

#### গণপরিষদ

ন্দুপাই ১৯৪৬-এর শেষে গণপরিষদের ২৯৬ জন প্রতিনিধি নির্বাচিত হন।
নয়টি আসন ব্যতীত সকল সাধারণ আসনে কংগ্রেস প্রত্রী হয় এবং পাঁচটি আসন
ব্যতীত সকল মুসলিম আসনে লীগ জয়ী হয়। গণ পরিষদের প্রথম অধিবেশন ৯ই
ভিসেরর ১৯৪৬ হওরার কথা। কিছু পীগ এতে অংশগ্রহণে জস্বীকৃতি জানায়।
এমনকি একে বৈধ বলে শ্বীকার করতে রাজী না যতোক্ষণ না কেবিনেট মিশনের
১৬ই মে'র বিবৃতির ১৯ অনুক্ষেদের মুসলিম লীগ কর্তৃক ব্যাখ্যা কংগ্রেস মেনে
নিয়েছে। এ ব্যাখ্যা মেনে নেয়ার জন্য তাইসরয় কংগ্রেসকে জনুরোধ করেন। এ
অনুরোধের প্রক্ষার এভাবে দেয়া হলো যে গান্ধী ও নেহক তাইসরয়কে
অপনারণের জন্য বৃটিশ সরকারের নিকটে তারবার্তা ও পত্র প্রেরণ করেন।
উপায়ান্তর না নেখে তাইসরয় কেবিনেট মিশন পরিকল্পনার অধীন গণপরিষদে
যোগদানের জন্য ২০ শে নবেষর আমন্তণ জ্বানান। সংগ্রেস ক্রেমির প্রদার এটাকে
মারাত্মক ধরনের তুল পদক্ষেপ বলে আখ্যায়িত করেন। তিনি বলেন, তাইসরয়
তয়্থকা পরিস্থিতি ও তার বান্তবতা উপলব্ধি করতে ব্যর্থ হন এবং কংগ্রেসকে
খুশী করার চেটা করছেন। ৯ই ভিসেষর গণপরিষদের অধিবেশনে কোন লীগ
প্রতিনিধি যোগদান করেন নি।

এরপ পরিস্থিতিতে শেষ চেষ্টা করার উদ্দেশ্যে বৃটিশ সরকার দুজন কংগ্রেস এবং দুজন গীগ নেতাকে লন্ডন আমন্ত্রণ জানান। ভাইসরয়ের পরামর্শক্রমে একজন শিখ প্রতিনিধিকেও আমন্ত্রণ জানান হয়।

দুসরা ডিসেরর ১৯৪৭, লর্ড ওয়াতেল নেহরু, জিরাহ, নিয়াকও আলী খান এবং বলদেব সিং সহ লভন যাত্রা করেন। চারদিন যাবত আলাপ আলোচনা চলে।

কংগ্রেস এবং লীগের মধ্যে মৌলিক মতপার্থক্য কেবিনেট মিশনের ১৬ই মে'র বিবৃতির ব্যাখ্যা নিয়ে অর্থাৎ প্রদেশগুলোর গ্রাপীং নিয়ে। কেবিনেট মিশন বরং সে ব্যাখ্যাই করে বা মুসলিম লীগের ব্যাখ্যা। কিন্তু নেহক এ ব্যাখ্যা কিছুতেই মেনে নিতে রাজী হন না। চরম রাজনৈতিক অচলাবস্থা সৃষ্টি হয়।

কংগ্রেমের একপ্রয়েমি ও হঠকারিতার কারণে কোন আপোস মীমাংসা না হওরার ৬ই ডিসেম্বর বৃটিশ সরকার এক বিবৃতি প্রকাশ করেন। বিবৃতির শেষ ৪৮০ বংশার মুশ্লমানদের ইতিহাস জনুজেনে বলা হয়, সর্বসন্মত কার্যধারার তিন্তিতে কোন সিদ্ধান্ত ব্যতীত গণপরিষদের সাফলা আশা করা যায় না। গণপরিষদ যদি এমন কোন সংবিধান রচনা করে যার রচনাকালে তারতবাসীর বিরাট সংখ্যক লোকের কোন প্রতিনিধিত্ব নেই, তাহলে বৃটিশ সরকার এ ধরনের কোন সংবিধান অনিজ্বক জনগোস্ঠীর উপর বলপূর্বক চাপিয়ে দিতে পারেনা।

সরকারের উপরোক্ত বিবৃত্তি এবং কেবিনেট মিশনের ২৫শে মে'র বিবৃত্তি কংগ্রেসের মধ্যে কোনরূপ পরিবর্তন জানতে ব্যর্থ হয়। নেহরু ও বলদেব সিং গণপরিবদে অংশগ্রহণ করার উদ্দেশ্যে তারতে প্রত্যাবর্তন করেন। জিলাই ও লিয়াকত আলী আরও কিছুনিন যুক্তরাজ্যে অবস্থান করেন। লন্ডনে এক সাংবাদিক সম্পোনে জিলাই বলেন, কংগ্রেস যদি ১৬ মে প্রকাশিত বিবৃত্তির বৃত্তিশ সরকারের ব্যাখ্যা ঘার্থহীন ভাষায় মেনে নেয়, তাহলে লীগ কাউলিলকে বিষয়টি পুনবিবেচনার জনসংখ্যা পৃথিবীর যে কোন রাষ্ট্রের জনসংখ্যা অপেক্ষা অধিক। আমরা ভারতের তিন চতুর্থাংশের উপর কংগ্রেসের নিয়ন্ত্রণ মেনে নিছি। পাকিস্তানে মেনে নিতে কংগ্রেসের আগত্তি এ জন্যে যে তারা সমগ্র ভারত চায়। তাহলে আমরা আর থাকি কোগায়ে? এখন সমস্যা এই যে, বৃটিশ সরকার কি তাদের বেয়নেটের বলে হিন্দুসংখ্যাগরিষ্ঠের কাছে ক্ষমতা হস্তান্তর করতে চানঃ তা যদি হয় ভাহলে বলব তোমরা তোমাদের মানসক্রম, ন্যায়পরতা ও সুবিচার ও সাধু আচরণের সর্বশেষ কণাটুকুও হারিয়ে ফেলেছ। [Some Recent

Writings of Mr. Jinnah, Vol II— ed. by Jamiluddin Ahmad. (Lahore, Muhammad Ashraf 1947)— pp. 496-508; Chowdhury Mohammad Ali: The Emergence of Pakistan, pp. 91-92)1

একদিকে ভারতে কংগ্রেস তীব্র কণ্ঠে দাবী করতে থাকে যে লীগ গণপরিষদে যোগদান না করলে তাদেরকে শুন্তবর্তী সরকার থেকে বহিষ্কার করা হোক, অপরদিকে বৃটিশ সরকারের ৬ই ডিসেম্বরের ঘোষণা অদূর তবিষ্যতে এক নতুন রাজনৈতিক গট পরিবর্তনের ইংগিত বহন করে।

কেবিনেট মিশন সেক্রেটারিয়েটের সাথে সংশ্লিষ্ট ই, ভবলিউ, আর লুখী বলেন; বৃটিশ সরকারের পক্ষ থেকে এই প্রথম ঘোষণা যে কেবিনেট মিশন

বাংশার মুদলমানদের ইতিহাস ৪৮১

পরিকল্পনা পরিহার করা হবে। ক্রিপ্স্ প্রস্তাবের পর এটাই ছিল প্রথম সরকারী ঘোষণা যার মধ্যে কোন না কোন প্রকারে পাকিস্তানের ইংগিত আভাস ছিল। হাউস অব কমলে ভাষণ দানকালে ক্রিপ্স্ সরকারী ঘোষণার শেষ অনুদেশে উল্লেখ করে স্পষ্ট ভাষার বলেন, গণপরিষদে ঘোগদানের জন্যে লীগকে যদি সমত করা না যায়, ভাহপে দেশের যে সব অক্সলে ভারা সংখ্যাগরিষ্ঠ সেগুলোকে কোন সিদ্ধান্ত ঘারা বাধ্য করা যাবেনা। (E.W.R. Lumby.op. cit. p. 129; I. H. Qureshi: The Struggle for Pakistan. pp. 184-

এখন একটা প্রশ্ন রইলো এবং তা এই যে কংগ্রেস লীপকে সরকার থেকে বহিষ্কার করে দেয়ার দাবীতে এতো জনমনীয় কেন। এর কারণ কয়েকটি। অন্তর্বতী সরকারকে কংগ্রেস জাতীয় সরকার বলে অভিহিত করতো এবং এর দায়িত্ব ছিল সামাষ্টিক। নেহরুকে এ সরকারের প্রধানমন্ত্রী মনে করা হতো। বৃটেনেও কংগ্রেসপন্থী ও বামপন্থী প্রেসগুলো একই সুরে একই গীত গাইতো। যেমন, দি নিউ ষ্টেট্স্ ম্যান—এ সরকারকে সামাষ্টিক দায়িত্বসম্পন একটি কেবিনেট বলে অভিহিত করে য়ার প্রধানমন্ত্রী নেহরু— (7 September 1946)। ভারতে মাউন্ট ব্যাটেনের চীফ্ অব স্টাফ লর্ড ইস্মে নেহরুকে ভেপুটি প্রাইম মিনিটার বলে উল্লেখ করেন— (The Memoirs of General the Lord Ismay, London, 1960, p. 418)। তার এ উক্তি ছিল অভান্ত হাস্যকর। কারণ নেহরু Dy, Prime Misnister হলে ভাইসরয় কি প্রধানমন্ত্রী ছিলেন।

লীগ কাউনিলারগণ নেহক্রকে অন্তর্বতী সরকারের প্রধান বলে মেনে নিছে অধীকার করেন এমনকি নন-লীগ ব্লকের প্রধানও না। জিরাহ বলেন, অন্তর্বতী সরকার তাইসরদ্রের একজেকিউটিত্ কাউনিল ব্যতীত আর কিছু ছিলনা। রাজনৈতিক দিক দিয়ে এটাকে পুনর্গঠিত করা, হয়। তাইসরয় তার বিশেষ ক্ষমতাসহ ছিলেন এর প্রধান। নেহরু শুধুমাত্র কাউন্সিলের তাইস্ প্রেসিডেক ছিলেন। তার কান্ধ ছিল তাইসরয়ের অনুশস্থিতিতে শুধুমাত্র সভাপতিত্ব করা। কাউনিলারদের অধিক কোন ক্ষমতা ও মর্যাদা তার ছিলেন।

এতে নেহরনর খহমিকা কতবিক্ষত হয় যার জন্যে গীগকে বহিনারের অন্যায় আবদার করতে থাকেন। (1. H. Qureshi: The Struggle for Pakistan, pp. 282-283)।

৪৮২ বাংশার মুসলমানদের ইতিহাস

# চতুৰ্দশ অধ্যায়

## মাউউব্যাটেন মিশন

নতুন বছর, ১৯৪৭-এর প্রারম্ভে তারতের রাজনৈতিক ও শাসনতার্ত্তিক পরিস্থিতি এমন ছিল যে কেন্দ্রে একটি অন্তর্বতী সরকার অর্থবা তাইসরয়ের এক্জেকিউটিত কাউলিল রয়েছে যেখানে কংগ্রেস ও মুসলিম লীগ বিরাট মতলার্থকাসহ অবস্থান করছে। ৯ই ভিসেরর ১৯৪৬ থেকে গণপরিষদের অধিবেশন চপত্রে যা লীগ বয়কট করে চলেছে। তার ফলে কংগ্রেস লীগকে তাইসরয়ের কাউলিল থেকে বহিকারের দাবী জানাছে। ১৩ই ফেব্রুয়ারী নেহরু তাইসরয়কে পত্র হারা লীগকে বহিকারের দাবী জানান। ১৫ই ফেব্রুয়ারী পাাটেল হমকি প্রদর্শন করে বলেন, লীগ সরকার থেকে বেরিয়ে না পেলে কংগ্রেস অন্তর্বতী সরকার ত্যাগ করবে। (The Indian Annual Register 1947, vol. I, p. 35; I. H. Qureshi: The Struggle for Pakistan; p. 287)।

এরপ উত্তপ্ত পরিস্থিতিতে ২০শে কেন্দ্রমারী ১৯৪৭ প্রধানমন্ত্রী এটলী একটি বিবৃতি প্রকাশ করেন। তিনি বলেন, এ ধরনের অনিশ্চিত পরিস্থিতি আর দীর্ঘায়িত হতে দেয়া যায় না। বৃটিশ সরকার পরিষ্কার বলে দিতে চান যে, জুন মাসের তেতরেই দায়িত্বশীল তারতীয়দের হাতে ক্ষমতা হস্তান্তরের প্রয়োজনীয় পদক্ষেপ সরকার গ্রহণ করবে। পূর্ণ প্রতিনিধিত্বশীল গণপরিষদ কর্তৃক সর্বসন্ধত শাসনতন্ত্র এ সময়ের মধ্যে প্রণীত না হলে, সরকার বিবেচনা করবে বৃটিশ তারতে ক্ষমতা কার কাছে যথাসময়ে হস্তান্তর করা হবে—বৃটিশ তারতে কোন্ ধরনের কেন্দ্রীয় সরকারের হাতে অথবা বর্তমান প্রাদেশিক সরকারের অধীনে কোন্ কোন্ অঞ্চলের হাতে অথবা এমন অন্য কোন্ উপায়ে যা অত্যন্ত যুক্তিসংগত বিবেচিত হবে এবং যা তারতীয় ভালগণের স্বার্থের অনুকৃল হবে।

বিবৃতির শেবে এ কথাও ঘোষণা করা হয় যে ওয়াভেলের স্থলে এডমিরাল দি ভাইকাউউ মাউউব্যাটেলকে ভাইসরয় করা হক্ষে।

চারদিন পর ভারত সচিব হাউস অব লর্ড্স্–এ ঘোষণা করেন যে, এ সিদ্ধান্ত নেয়া ংমেছিল ভারতের দায়িত্বীল মহলের পরামর্শে। আর উচ্ছেশ্য ছিল একটি চাপ সৃষ্টি করা যাতে ভারতীয় দলগুলো একটা সমাঝোতায় পৌছে।

এখানে ভারতের নারিত্বশীল মহল বলতে যে গান্ধী নেহরুকে বৃঝানো হয়েছে এবং সমঝোতা বলতে কংগ্রেসের দাবী দীগকে মেনে নেয়া বৃঝানো হয়েছে তা বৃঝাতে কারো কট হওয়ার কথা নয়।

ভারতের রাজনৈতিক চরম মুহুর্তে লর্ড ওয়াভেগকে কেন অপসারণ করা হলো তা জানার ঔৎসুকা পাঠকবর্গের অবশ্যই থাকতে পারে। কংগ্রেসের প্রতি সহানুভূতিশীল এটলী যতো কথাই কনুন, কংগ্রেসকে বিশেষ করে গান্ধী ও নেহরণকে খুণী করার জনাই যে ওয়াতেলের শান্তি হলো, কতিপন্ন ঘটনা তার সাক্ষ্য বহন করে।

প্রধানমন্ত্রী ক্লিমেন্ট এট্লী ও তাঁর কেবিনেটের সাথে লর্ড ওয়াতেলের কি কোন চরম মতপার্থকা হয়েছিল যার মূল্য ওয়াতেলকে দিতে হয়? এর কোন প্রমাণ ইতিহাসে পাওয়া যায় লা। এর কারণ খন্য কিছু। তাই অনুসন্ধান করে দেখা যাক।

উল্লেখ্য যে লর্ড ওয়াতেল প্রথমে কংগ্রেসের অতি প্রিয় ব্যক্তি ছিলেন। ১৯৪৬ এর জুনে মুসলিম লীগ অন্তর্বতী সরকার গঠন করতে চাইলে ওয়াতেল বাধা দেন। পরে আবার তিনি কংগ্রেসকে সরকার গঠনের অনুমতি দেন লীগকে বাদ দিয়েই। পূর্বে তিনি বেশ লৃঢ়তার সাথে এ কথা বলেন যে ভারতের তৌগলিক ঐকা বা অখন্ডতা কিছুতেই অধীকার করা য়য় না। য়য় জন্য লীগ তীব্র ক্ষোভ প্রকাশকরে। পরবর্তীকালে ভাইসরয়—কংগ্রেস সম্পর্কে উষ্ণতা হাস পেতে থাকে। কোলকাতার রক্তক্ষরী দাংগার পর কংগ্রেস ভাইসরয়কে বলেছিল, ১৯৩৫ সালের ভারত শাসন আইনে প্রদন্ত অধিকার ক্ষুপ্ত করে হলেও বাংলার লীগ মন্ত্রীসভা কেন্ডে দিতে। ভাইসরয় তাতে রাজী হননি। এর ফলে তিনি কংগ্রেসের বিরাগভাজন হয়ে পড়েন। তারপর লীগ কাউলিলারদেরকে ভাইসরয়ের Executive Council থেকে বহিষার করার বার বার দাবী জানানোর পরও যখন ভাইসরয় তা মানতে জম্বীকার করলেন তখন সম্পর্কে ভাঙন চূড়ান্তে পৌছলো। তারপর ভাইসরয়রকে অপসারগের জন্য বৃটিশ সরকারের কাছে গানীর তারবার্তা ও পত্রাদি প্রেরণ এবং একই উদ্দেশ্যে বৃটেনে নেহক্ষর বন্ধুবান্ধবকে তার পত্র প্রপ্রাচ্ব ব্যব্দের স্বাচ্ব বাছেল। তারত সচিব এ সবকেই উদ্দেশ্যে বৃটেনে নেহক্ষর বন্ধুবান্ধবকে তার পত্র প্রাচ্ব হেরণ; ভারত সচিব এ সবকেই উদ্দেশ্যে বৃটেনে নেহক্ষর বন্ধুবান্ধবকে তার পত্র প্রত্নে ভারত সচিব এ সবকেই উদ্দেশ্যে বৃটেনে নেহক্ষর বন্ধুবান্ধবকে তার পত্র প্রাচ্ব হ্রন্তন, ভারত সচিব এ সবকেই উদ্দেশ্যে বৃটেনে নেহক্ষর বন্ধ বাছবান্ধবন তার

পরামশে'। ওয়াতেলের অপসারশে এবং মাউন্টব্যাটেনের ভাইসরয় হিসাবে ভারত আগমনে নেহরু অত্যন্ত আনন্দিত হন।

লর্ড মাউউব্যাটেন ২২লে মার্চ দিল্লী পৌছেন। তার নিয়োগ কংগ্রেসকে উল্পাসিত করে। পূর্ব থেকেই নেহরুর সাথে তার সম্পর্ক ছিল। তারতে তিনি কোন অপরিচিত লোক ছিলেন না। কারণ হিতীয় বিশ্বযুদ্ধে তিনি ছিলেন দক্ষিণ পূর্ব এশিয়ার মিত্র বাহিনীর সূপ্রীম কয়াভার। সে কারণে তাঁকে বার বার ভারতে আসতে হতো যা ছিল যুদ্ধের অপারেশন বেস্ (base for operation)। দুবছর পূর্বে মালয়ে নেহরুর সাথে তাঁর সাক্ষাৎ হয় এবং তাঁরা একে অপরের প্রতি আকৃষ্ট হন। তবে তিনি যে কংগ্রেস তক্ত ছিলেন তা জানা য়ায়নি। তাঁর ঘনিষ্ঠ পরামর্শনাতা লর্ড ইস্মে তয় করছিলেন দে— মাউউব্যাটেনকে হিম্মৃতক্ত এবং মুসলিম শীগ বিছেবী হিসাবে গ্রহণ করা হবে। (Cempbell-Johnson, Allan; Mission with Mountbatten, p. 23; Abdul Hamid: Muslim Separatism in India, p. 239)।

নিয়মমাফিক তাইসরয় স্টান্ডের অতিরিক্ত একটি বাক্তিগত সেক্রেটারিয়েট গঠনের অনুমতি মাউন্টব্যাটেনকে দেয়া হয়। সেটা ছিল তাঁর 'কিচেন্ কেবিনেট'। তাঁর সাফল্যের মূলে সবচেয়ে শক্তিশালী বাক্তিত্ব ছিলেন ভি. পি. মেনন।তাইসরয় তাঁকে তাঁর নীতিনিধারণী পরিমভলে টেনে এনেছিলেন। তল্রলোক ১৯৪২ লাল থেকে কেন্দ্রীয় সরকারের সাংবিধানিক পরামর্শদাতা হিসাবে কাল্র করে আসছিলেন। তাঁর প্রশাসনিক যোগ্যতার সাথে রাজনৈতিক বিচক্ষণতাও যথেষ্ট পরিমাণে ছিল। তিনি ছিলেন প্যাটেলের শরণাগত। তাঁর নিজের লিখিত গ্রন্থ 'The Transfer of Power, Calcutta, 1957' পাঠে পরিষ্ঠার জ্বানা যায় যে তিনি তাইসরয়ের ব্যক্তিগত সেক্রেটারিয়েট সংগ্রিষ্ট হওয়ার পূর্বেও সর্বদা লীগের বিরুদ্ধেই তাঁর অভিমত ব্যক্ত করেছেন। এখন তিনি শাসনদভের পেছনে এক বিরাট শক্তি হয়ে পড়লেন।

— (Abdul Hamid: Muslim Separatism in India. p. 239)। মাউন্টব্যাটেন ইংলভ থেকে সযতে ও স্নাবধানতা সহকারে তার স্থাকের লোক বেছে নিয়ে এসেছিলেন। তাঁদের মধ্যে ছিলেন লর্ড ইসমে যিনি ছিতীয় বিশবুদ্ধে চার্চিলের ব্যক্তিগত সাধারণ উপদেক্তা ছিলেন। আরও ছিলেন এরিক সিতিল, লর্ড উইলিংডনের প্রাক্তন প্রাইতেট সেক্রেটারী এবং ৬৪ জর্জের এসিস্ট্যান্ট প্রাইভেট সেক্রেটারী, এ দুজন ছিলেন তাইসরয়ের সাধারণ ও বেসামরিক দিকের প্রধান উপদেষ্টা এবং দর্ভ ইসমে ছিলেন চীন্ড্ অব স্টাফ। তি, পি, মেনন ছিলেন সাংবিধানিক পরামর্শদাতা। প্রায়ই স্টাফের বৈঠক অনুষ্ঠিত হতো। প্রথমতঃ মাঝে মাঝে মেননকে বৈঠকে তাকা হতো। পরে প্রত্যেক বৈঠকে তাঁকে তাকা হতো। তাইসরয় এবং অন্যান্য সকলের জানা ছিল যে মেনন ছিলেন প্যাউলের অত্যন্ত বিশ্বস্ত লোক। এর ফলে তাইসরয়ের কাউলিলের আত্যন্তরীণ সকল গোপন তথ্যই শুধু প্যাটেন জানতেন না, বরঞ্চ তাঁর এ মুখপাত্রকে দিয়ে তিনি ভাইসরয়ের পলিসি প্রতাবিত করতেন। মেননের স্থলে কোন মুসলমান যদি হতেন এবং তিনি জিয়াহর সাথে যোগাযোগ রক্ষা করে চল্যতেন, তাহলে ভাইসরয় এবং কংগ্রেস কারো পক্ষ থেকেই তাঁকে বরদাশত করা হতোনা। এদৈর নিকটে মুসলিম লীপ তথা তারতের মুসলমান সুবিচার আশা করতে পারতো কি?

# তেস্রা জুন পরিকল্পনার ক্রমবিকাশ

কেবিনেট মিশন পরিকল্পনার তিন্তিতে অথন্ড ভারতের জন্য সর্বসম্মত সমাধান প্রচেষ্টার উদ্দেশ্যে মাউন্টব্যাটেনকে ভারতে ভাইসরয় নিযুক্ত করা হয়েছিল। কিন্তু ভারতে পৌঁছার পর ঘটনা প্রবাহ এবং রাজনৈতিক নেতৃবৃদ্দের বিপরীতমুখী দৃষ্টিভংগী গক্ষ্য করার পর সর্বসমত সমাধান এবং অবন্ড ভারতের কোন সম্ভাবনা দেখা যায় না। অভএব প্রধানমন্ত্রীর ২০শে কেব্রুখারীর ঘোষণাকে কেন্দ্র করেই পরিকল্পনা তৈরীর প্রতি ভাইসরয় মনোনিবেশ করেন।

তিনি তাঁর পরামর্শনাতাগণের সাথে পরামর্শের পর ক্ষমতা হস্তান্তরের একটি পরিকল্পনা তৈরী করেন। তার তিন্তি হলো প্রদেশগুলার হাতে, অথবা সেসব প্রদেশগুলার কনফেডারেশনের হাতে যারা বান্তবে ক্ষমতা হস্তান্তরের পূর্বে ক্ষমতা র বিশ্বর হস্তান্তরের পূর্বে ক্ষমতা ও অধিকার হস্তান্তর করা হবে। ১১ই এপ্রিল ইস্মে পরিকল্পনার থস্ডা মেননকে দেন ভার সংশোধনীক্ষর সময়সূচী তৈরীর জন্য। মেনন জাদেশ পালন করেন এবং সেই সাথে তাঁর অভিমত ব্যক্ত করে বলেন, এ একটি মল্প পরিকল্পনা এবং এ কার্যকর হবে না। গভর্গরেদের সক্ষেলনে চূড়ান্ত পরিকল্পনা পেশ করা হয় এবং ভা অনুমোদিত হয়। দুসরা যে লর্ড ইস্মে এবং জর্জ এবেল হোয়াইট হলের জনুমোদিনের জন্য

পরিক্রমনাটি নিয়ে লন্ডন ব্রওয়ানা হন। তাইসরম্ব আশা করছিলেন যে ১০ই মের ভেতরে অনুমোদন পেয়ে বাবেন এবং ১৭ই মে দলীয় নেতাদের প্রতিক্রিয়া জানার জন্য একত্রে মিলিত হওয়ার আবেদন জানাবেন।

অতঃপর মাউন্টব্যাটেন স্যার এরিক সিভিল ও মেননসহ শিমলা গমন করেন।
এখানে মেনন ভাইসরয়ের সাথে নিরিবিলি কথা বলার সুযোগ পান এবং শন্তনে
প্রেরিত পরিক্রমনার বিরুদ্ধে যুক্তি প্রদর্শন করে বলেন, এ কার্যকর হবেনা।
মেননের সকল যুক্তি শুনার পূর্বে হঠাৎ নেহরু এবং কৃষ্ণ মেনন ভাইসরয়ের
সাথে থাকার জন্য ৮ই মে শিমলা পৌছেন। ভাইসরয় মেননকে নেহরুর সাথে
তথা বলতে বলেন। ৯ই মে মেনন নেহরুকে বলেন, ভমিনিয়্বন ষ্টেটাসের
ভিত্তিতে ক্ষমতা দৃটি তারতের কাছে হস্তান্তর করা হবে—প্রদেশগুলো বা তালের
ফনফেভারেশনের কাছে নয়। ১০ই মে ভাইসরয় নেহরু, মেনন ও স্যার এরিক
সিভিলকে নিয়ে পরিক্রমনাটির উপর আলোচনা করেন যা কার্যবিবরণীতে
লিপিবদ্ধ করা হয় এবং ভারত সরকারের রেকর্ডের অংশ হিসাবে পরিগণিত
হয়।

ঐদিনই পন্তন থেকে অনুমোদিত পরিকল্পনা তাইসরের হন্তগত হয় অবশ্য কিছু সংশোধনীসহ। তিনারের পর তাইসরয় নেহরুকে ডেকে পরিকলনাটি দেখান যা অনুমোদিত হয়ে এসেছে। পরিকলনাটি পড়ার পর নেহেরু তয়ানক রেগে গিয়ে বলেন, আমি, কংগ্রেস এবং তারত—কারো কাছেই এ গ্রহণযোগ্য নয়।

মাউন্টব্যাটেন ১১ই মে মেননকে ডেকে নেহক্রর প্রতিক্রিয়া তাঁকে জানান এবং বলেন যে এখন কি করা যায়। মেনন বলেন, ৯ই এবং ১০ই মে জামার যে পরিকল্পনা নিয়ে আলোচনা হয়েছিল তা গ্রহণ করা উচিত। অনুমের্দিত পরিকল্পনা কার্যকর করার ফলে দেশ বহু ইউনিটে বিভক্ত হয়ে পড়বে এবং জামার পরিকল্পনা ভারতের অত্যাবশ্যক ঐক্য বজায় রাখবে। আর যেসব অঞ্চল ভারতের অংশ হিসাবে থাকতে ইচ্ছুক নয় তাদেরকে বিচ্ছিন হওয়ার অনুমতি দেয়া হবে।

তড়িঘড়ি স্টাফ মিটিং আহ্বান করা হয় এবং নেহলকেও আমন্ত্রণ জানানো হয়। ভাইসরয় নেহরুকে জিজ্ঞাস করেন যে মেননের পরিকল্পনা তিনি অনুমোদন করেন কিনা। তা দেখার পর নেহরু অনুমোদন করেন। অভঃপর ভাইসরয় ১৪ই মে দিল্লী প্রত্যাবর্তন করেন এবং ১৮ই মে লন্ডন যাত্রা করেন পরিকল্পনাটি অনুমোদনের উদ্দেশ্যে কেবিনেটকে সদ্ধত করার জন্য। লর্ভ ইসমে এবং জর্জ এবেল মেননের পরিকল্পনার বিরোধিতা করেন। ভাইসরয় জার দিয়ে বলেন, বৃটিশ সরকার এ পরিকল্পনা অনুমোদন না করশে আমি পদত্যাগ করব। কেবিনেট পরিকল্পনাটির একটি 'কমা' পর্যন্ত পরিবর্তন না করে মাত্র পাঁচ মিনিটের মধ্যে অনুমোদন করেন। ভাইসরয় বিজয়ীর বেশে ৩১ মে তাঁর দলসহ ভারতে প্রত্যাবর্তন করেন।

এখন এ কথা দিবাপোকের মতো সত্য যে, যে পরিকল্পনাটি ভারতে বৃটিশ সামাল্যের অবসান তুরাত্বিত করে এশিয়া ও পৃথিবীর মানচিত্রে একটি পরিবর্তন সূচিত করতে যাচ্ছে, তা তৈরী হলো ভাইসরয়ের একজন কংগ্রেসভক্ত হিশু উপদেষ্টার দ্বারা এবং নেহরু ও কৃষ্ণ মেননের সহযোগিতায়। দেশ ও দেশের কয়েত কোটি মানুষের ভাগ্য পরিবর্তনের এ পরিকল্পনা নিয়ে ভাইসরয় একমান্স যাবত তার মৃষ্টিমেয় প্রিয়লন নিয়ে আলাশ আলোচনা কয়লেন, কিন্তু তার কোন এক পর্যায়ে একটি বারের জন্যও জিয়ায়কে ভাকা হলোনা। এর দ্বারা মাউন্টব্যাটেন তথা বৃটিশ সরকারের অতি সংকীর্থ ও চরম মুসলিম বিদেষী মানসিকতাই পরিসফুট হয়েছে। ইতিহাসের পাতায় তা চিরদিন অংকিত থাকবে।

## একটি প্রশ্ন যা মনকে আলোড়িত করে

ভারত বিভাগের পরিকলনা বৃটিশ সরকার কর্তৃক চূড়ান্তভাবে অনুমোদিত হয়েছে। তেস্রা জুন তা সরকারীভাবে ঘোষণা করা হবে। পরিকল্পনাটি সরকার কর্তৃক অনুমোদিত হওয়ার পূর্বেই তার প্রতি নেহরু তার সমতি জ্ঞাপন করেছেন। এখন প্রশ্ন এই যে এটা কি করে সম্বব হলো ? কংগ্রেস, হিন্দুভারত ও তার প্রধান মুখপাত্র গান্ধী, নেহরু ও প্যাটেল কিভাবে ভারতমাতার অংগচ্ছেদে রাজী হলেন ? তারা কি অখন্ড ভারতে রামরাজ্য প্রতিষ্ঠার বহুদিনের সোনালি স্বপ্র পরিহার করলেন ?

জেনারেল টুকার সংখ্যাগরিষ্ঠ হিন্দু প্রতিহিংসা পরায়ণ মনোভাবের উপর আলোকপাত করে বলেন— অবশেষে তারা বক্সেন, আচ্ছা, মুসলিম লীগ যদি পাকিস্তান পেতে চায়, তা ঠিক আছে পেতে দাও। আমরা তাদের অঞ্চলের একটি ইঞ্চি কেটে কেটে নিয়ে নেব যাতে মনে হবে যে আর তা টিকে থাকবে না এবং যতেটিক থাকবে তা আর অর্থনৈতিক দিক দিয়ে চালানো যাবে না। (Sir Francis Tuker: While Memory Serves, London, Cassell, 1950, p. 257; Choudhury Mohammad Ali: The Emergence of Pakistan, p. 123)।

প্যাটেল ১৯৪৯ সালে ভারতের গণপরিষদে যে ভাষণ দেন, তা টুকারের উপরোক্ত মন্তব্যের যথাপতাই ব্যক্ত করে। প্যাটেল তাঁর ভাষণে বলেন, আমি সর্বশেষ উপায় হিসাবে দেশবিভাগে সম্বত হই, যখন আমরা সব হারিয়ে ফেলেছিলাম। মিঃ জিলাহ কাটছাট করা পাকিস্তান চাননি কখনো। কিছু শেষ পর্যন্ত তাই তাঁকে গিলতে হলো। (Quoted in Kewni L. Panjabi. The Indemiable Sardar, Bombay, Bharatiya Vidya Bhaban. 1962. p. 124; Choudhury Mohammad Ali-Ibid. p. 123)।

কংগ্রেসের দেশবিভাগ মেনে নেয়াটা ছিল একটা কৌশলগত পদক্ষেপ। কিন্তু লক্ষ্যস্থল অপরিবর্তিত ছিল: এ লক্ষ্যে পৌছতে হলে প্রয়োজন—

- ইলুস্থান বা ইভিয়ান ইউনিয়নকে ভারতে বৃটিশ সরকারের উত্তরাধিকার হিসাবে স্বীকৃতি দিতে হবে। পাকিস্তানকে মনে করা হবে যে কিছু অঞ্চলসহ বিচ্ছিত্র হয়ে পড়েছে।
- ২। পাকিস্তানের সাথে যেসব এলাকা সংশ্লিষ্ট করা হবে তা হবে অত্যন্ত ক্ষুদ্র এবং তা পূর্ব বাংলা, পশ্চিম পাঞ্জাব, সিন্ধু ও বেলুচিস্তান নিয়ে সীমাবদ্ধ থাকবে। সীমান্ত প্রদেশ পাকিস্তানের বাইরে থাকবে। ফলে পাকিস্তানকে কৌশলগততাবে পরিবেষ্টিত করে রাখা হবে।
